भारत सरकार
GOVERNMENT OF INDIA
राष्ट्रीय पुस्तकालय, कलकत्ता ।
NATIONAL LIBRARY, CALCUTTA.

वर्ग संख्या
Class No. 182.Rd

पुस्तक संख्या
Book No. 913.1

रा० पु०/ N. L. 38.

MGIPC—S4—9 LNL/66—13-12-66—1,50,000.

# সাহিত্যবোধ অভিধান।

ছাত্রবোধ বাঙ্গালা ব্যাকরণ, ব্রিটিস সাম্রাজ্যের ইতিহাস প্রভৃতি
বিবিধ গ্রন্থ প্রণেতা

শ্রীজগদীশচন্দ্র ঘোষ বি, এ,

ও

শ্রীঅখিলচন্দ্র সেন প্রণীত।

NATIONAL LIBRARY
CALCUTTA

এজেন্ট

রায় গুপ্ত এণ্ড কোং

ঢাকা।

রিপণ লাইব্রেরী,
ঢাকা।

ভট্টাচার্য্য এণ্ড সন্স।
৬৫নং কলেজষ্ট্রীট, কলিকাতা।

মুল্য ১৵০ এক টাকা দুই আনা মাত্র।

নবাবপুর, নারায়ণ-মেশিন-প্রেসে
প্রিণ্টার শ্রীরাধাবল্লভ বসাকদ্বারা মুদ্রিত।
১৩১৯ সন।

প্রকাশক—শ্রীঅখিলচন্দ্র সেন।
৮নং কবিরাজের লেন, ঢাকা।

# সাহিত্যবোধ অভিধান।



## অ।

অ, বি, পুং ; বিষ্ণু। যথা,—

"অকারো বিষ্ণুরুদ্দিষ্ট
উকারস্তু মহেশ্বরঃ।
মকার উচ্যতে ব্রহ্মা
প্রণবেন ত্রয়ো মতাঃ॥"

ব্য ; সদৃশ (অব্রাহ্মণ) ; অভাব (অযত্ন) ; ভিন্ন (অসাধু) ; অল্প (অকেশী) ; অপ্রশস্ত (অকাল) ; বিরোধী (অসুর)।

"তৎ সাদৃশ্যমভাবশ্চ
তদন্যত্বং তদল্পতা।
অপ্রাশস্ত্যং বিরোধশ্চ
নঞর্থাঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ॥"

অঋণী, বিণ ; ঋণশূন্য। ন ঋণী, নঞ্‌তৎ।

অংশ, বি, পুং (অন্‌শ্-ভাবে ঘঞ্) ভাগ, বণ্টন। (ঐ-কর্ত্তৃ —অন্) স্কন্ধ, কাঁধ।

অংশভাগী, বিণ ; যে অংশ পাইবার যোগ্য। স্ত্রী,-গিনী।

অংশিত, বিণ (অন্‌শ-কর্ম্ম-ক্ত) বিভক্ত।

অংশী, বিণ (অংশ+ইন্) অংশভাগী। স্ত্রী,-শিনী।

অংশু, বি, পুং (অন্‌শ-কর্ত্তৃ-উ) কিরণ। সূত্রাদির সূক্ষ্মাংশ।

অংশুক, বি, ক্লী (অংশু+ক) বস্ত্র। উত্তরীয় বসন।

অংশুপট্ট, বি, পুং ; উজ্জ্বল রেশমী পাগড়ী। [বৃক্ষ, কলাগাছ।

অংশুমৎফলা, বি, স্ত্রী ; কদলী

অংশুমান্, (মৎ), বি, পুং (অংশু +মতু, অস্ত্যর্থে) সূর্য্য। সূর্য্যবংশীয় অসমঞ্জ রাজার পুত্র।

অংশুমালী, বি, পুং (অংশুমালা +ইন্, অস্ত্যর্থে) সূর্য্য। স্ত্রী,-লিনী। [চাণক্য পণ্ডিত।

অংশুল, বি, পুং (অংশু+ল)

অংস, বি, পুং, ক্লী (অন্‌শ-কর্ত্তৃ-অন্) স্কন্ধ, কাঁধ।

অংসকূট, বি,পুং ; ককুদ, ষাঁড়ের ঝুঁটী। [বলবান্।
অংসল, বিণ (অংশ+ল,অস্ত্যর্থে)
অংহঃ, বি,ক্লী ( অন্‌হ্-কর্ম্ম-অস্ ) পাপ। [চরণ। বৃক্ষমূল।
অংঘ্রি, বি, পুং ( অন্‌হ্-রি ) পদ,
অংঘ্রিপ, বি, পুং (অংঘ্রি=[পাদ] -পা-কর্ত্তৃ-ড ) পাদপ, বৃক্ষ।
অক, বি, ক্লী ( ন+ক=সুখ ) দুঃখ। পাপ।
অকণ্টক, বিণ ( ন+কণ্টক ) নিষ্কণ্টক। নিরুপদ্রব। শত্রু-রহিত। বহুব্রী। [কথা।
অকথা, বি, স্ত্রী ; কুকথা, মন্দ-
অকথ্য, বিণ ( ন+কথ্য ) যাহা বলা উচিত নয়,অবাচ্য। নঞ্‌তৎ
অকপট, বিণ ( ন+কপট ) ছল-শূন্য, সরল। নঞ্‌তৎ। বি,-তা।
অকম্পন, বিণ ( ন+কম্পন ) কম্পন রহিত, স্থির। বহুব্রী।
অকম্পিত, বিণ ( ন+কম্পিত ) কম্পহীন।
অকরুণ, বিণ ( ন+করুণা ) করুণাশূন্য, নির্দ্দয়। বহুব্রী। বি, অকারুণ্য।
অকর্ণ, বিণ ; শ্রবণশক্তিহীন, বধির। সর্প, সর্পের কর্ণ নাই, চক্ষুর্দ্বারা ইহারা শুনিতে পায়, এইরূপ প্রবাদ আছে।
অকর্ণধার, বিণ ; মাঝি হীন ( নৌকা )। অজ্ঞ মাঝি।
অকর্ম্ম, বি, ক্লী ( ন+কর্ম্মন্ ) মন্দকর্ম্ম।
অকর্ম্মণ্য, বিণ ( ন+কর্ম্মণ্য ) কর্ম্মের অযোগ্য। নঞ্‌তৎ। বি,-তা।
অকর্ম্মা, বিণ ( ন+কর্ম্মন্ ) নিষ্কর্ম্মা। কার্য্যে অপটু।
অকলঙ্ক, বিণ ( ন+কলঙ্ক ) কলঙ্কশূন্য, নির্দ্দোষ। বহুব্রী।
অকল্ক, বিণ ; দম্ভরহিত।
অকল্যাণ, বি, ক্লী ( ন+কল্যাণ ) অশুভ, অমঙ্গল। নঞ্‌তৎ।
অকষ্টবন্ধ, বি, ক্লী ; অপ্রতী-কার্য্য আপদ। অতিশয় দুঃখ।
অকস্মাৎ, ব্য, ক্রিবিণ ( ন+কস্মাৎ ) সহসা, হঠাৎ।
অকাট্য, বিণ ; যাহা যুক্তিদ্বারা খণ্ডন করা যায় না।
অকাণ্ড, বি, পুং ; কাণ্ডহীন বৃক্ষাদি। অসময়।
অকাতর, বিণ ( ন+কাতর ) অব্যাকুল। নির্ভয়। ক্রি বিণ, অকাতরে=কাতর না হইয়া, অক্লেশে।
অকারণ, ক্রিবিণ ; অনর্থক, বিনা কারণে। বহুব্রী। বিণ ; কারণ-শূন্য।
অকার্য্য, বি, ক্লী ; অসৎ কার্য্য, দুষ্কর্ম্ম। নঞ্‌তৎ।

অকাল, বি, পুং (ন+কাল) অসময়। অশুভ কাল। দুর্ভিক্ষ। ক্রি বিণ, অকালে = অসময়ে।
অকাল কুসুম, বি,ক্লী; অসময়ের ফুল। (আশ্চর্য্য অর্থে ব্যবহৃত)।
অকাল কুষ্মাণ্ড, বি, ক্লী; অসময়ে জাত কুষ্মাণ্ড (কুমড়া); অকর্ম্মণ্য, দুষ্কর্ম্মান্বিত প্রভৃতি অর্থে প্রচলিত।
অকাল কোকিল, বি, পুং; অসময়ের কোকিল। (আশ্চর্য্য অর্থে ব্যবহৃত)।

"অকাল কোকিল, মরুতল তরু
অনীব দেশের বারি।" হেমচন্দ্র।

অকাল জলদোদয়, বি, পুং; অসময়ে মেঘোদয়। কুয়াসা।
অকালবৃষ্টি, বি, স্ত্রী; অগ্রহায়ণ, পৌষ প্রভৃতি মাসে যে বৃষ্টি হয়।
অকালসহ, বিণ (ন + কালসহ) অসহিষ্ণু, যে সময় প্রতীক্ষা করিতে অক্ষম।
অকিঞ্চন, বিণ; যাহার কিছু নাই, দরিদ্র। ন (নাই) কিঞ্চন (কিছু) যাহার, বহু। বি,-তা।
অকিঞ্চিৎ, বি, ব্য, (ন+কিঞ্চিৎ). কিছুই নয়, তুচ্ছ, সামান্য।
অকিঞ্চিৎকর, বিণ (ন+কিঞ্চিৎ +কর [কৃ-ট]) তুচ্ছ, সামান্য। নঞ্‌তৎ। স্ত্রী,-রী।
অকীর্ত্তি, বি, স্ত্রী (ন+কীর্ত্তি= যশঃ) অযশঃ, অখ্যাতি। নঞ্‌তৎ।
অকীর্ত্তিকর, বিণ (ন+কীর্ত্তি+ কর=[কৃ-ট]) অখ্যাতিজনক। নঞ্‌তৎ। স্ত্রী,-রী।
অকুণ্ঠ, (ন+কুণ্ঠ) }
অকুণ্ঠিত, (ন+কুণ্ঠিত) } বিণ; অসঙ্কুচিত। অক্ষুব্ধ। অব্যাহত। নঞ্‌তৎ।
অকুতোভয়, বিণ; নির্ভয়। ন (নাই) কুতঃ (কোনও স্থান হইতে) ভয় যার, বহু। বি,-তা।
অকুপ্য, বি, ক্লী (ন+কুপ্য) স্বর্ণ। রৌপ্য।
অকুলন, (প্রা) বি; অনটন, অভাব।
অকূপার, বি, পুং; সমুদ্র।
অকূল, বিণ (ন+কূল) যাহার কূল কিনারা নাই, অপার।
অকূলপাথার, (প্রা) (অকূল+ পাথার [পাথস্ শব্দজ]=জল) অতি বিস্তৃত জলরাশি। (ভাবার্থ) মহা বিপদ্।
অকৃতকর্ম্মা, বিণ; যে কোন কার্য্য সম্পন্ন করিতে পারে না, অকর্ম্মণ্য। নঞ্‌তৎ।
অকৃতকার্য্য, বিণ; বিফলমনোরথ। নঞ্‌তৎ।
অকৃতজ্ঞ, বিণ (ন+কৃতজ্ঞ) যে উপকারীর উপকার মনে রাখে না। নঞ্‌তৎ। বি,-তা।
অকৃতদার, বিণ (অকৃত+দার

=স্ত্রী) অবিবাহিত। নঞ্ তৎ।
অকৃত্রিম, বিণ (ন+কৃত্রিম) যাহা মনুষ্য কৃত নহে, স্বাভাবিক। অকপট। বিশুদ্ধ, খাঁটি। নঞ্ তৎ।
অকৃষ্টপচ্য, বিণ; যাহা কর্ষণ বর্জ্জিত ক্ষেত্রে বপন করিলে স্বয়ং জন্মিয়া পক্ক হয়। [নীবার ধান্য প্রভৃতি।]
অকৈতব, বিণ; অকপট, ছলশূন্য।
অক্কা, বি, স্ত্রী; জননী, মাতা।
অক্ত, বিণ (অন্জ-কর্ম্ম-ক্ত) লিপ্ত, মাখান।
অক্রূর, বিণ (ন+ক্রূর), সরল। নঞ্তৎ। বি, পুং; কৃষ্ণের পিতৃব্য। [ভূমূল্য, মহার্ঘ।
অক্রেয়, বিণ (ন+ক্রেয়)
অক্লান্ত, বিণ; ক্লান্তিশূন্য; অশ্রান্ত।
অক্লিষ্ট, বিণ; অশ্রান্ত, ক্লেশ রহিত।
অক্লিষ্টকর্ম্মা, (র্ম্মন্) বিণ; যে অক্লেশে কর্ম্ম সমাধা করে।
অক্ষ, বি, পুং (অশ্-স) পাশক। রুদ্রাক্ষ। চক্র। ইন্দ্রিয়। জ্ঞান। শকট। রথ। রাবণ-পুত্র।
অক্ষক্রীড়া, বি, স্ত্রী; দ্যূতক্রীড়া, পাশা-খেলা।
অক্ষত, বিণ (ন+ক্ষত) আঘাত শূন্য। বি; আতপ তণ্ডুল। যৈ। যব।
অক্ষতযোনি, বিণ; কুমারী, যে বিবাহিতা স্ত্রীর পুরুষ সংসর্গ হয় নাই। [মর্থ, অপারক।
অক্ষম, বিণ (ন+ক্ষম) অস-
অক্ষমা, বি, স্ত্রী (ন+ক্ষমা) ক্রোধ। দ্বেষ।
অক্ষমালা, বি, স্ত্রী; রুদ্রাক্ষমালা। জপমালা। বশিষ্ঠ পত্নী।
অক্ষয়, বিণ (ন+ক্ষয়) যাহার ক্ষয় নাই, চিরস্থায়ী।
অক্ষর, বি, ক্লী (ন+ক্ষর, বা অশ্-সরন্) অকারাদি বর্ণ। ব্রহ্ম। বিণ; অবিনশ্বর।
অক্ষরেক্ষা, বি, স্ত্রী; বিষুব রেখা হইতে সমদূরবর্ত্তী উত্তর ও দক্ষিণ উভয় দিকে যে সকল গোলাকার রেখা গোলকের পূর্ব্ব ও পশ্চিমে ব্যাপ্ত হইয়া আছে। (Lines of Latitude)
অক্ষবাট, বি, পুং; মল্লভূমি, কুস্তির আখড়া।
অক্ষসূত্র, বি, ক্লী; জপমালা।
অক্ষাংশ, বি, পুং; ভূগোলীয় পরিমাণ, (Degree)।
অক্ষি, বি, ক্লী, (অক্ষ-কর্ত্তৃ-ই) চক্ষুঃ। অপভ্রংশে "আঁখি"।
অক্ষিগোলক, বি, ক্লী; চক্ষুর গোলক।
অক্ষিপটল, বি, ক্লী; চক্ষুর পাতা।
অক্ষুণ্ণ, বিণ; অদুঃখিত। অক্ষুব্ধ। পূর্ণ।

অক্ষুব্ধ } বিণ;ক্ষোভশূন্য। ধীর।
অক্ষুভিত }

অক্ষৌহিণী, বি, স্ত্রী; (অক্ষ [শকটাদি] উহ [ সমূহ ] ইন্, ঈপ্ ) ১০৯৩৫০ পদাতি, ৬৫৬১০ অশ্বারোহী,২১৮৭০ হস্ত্যারোহী, ২১৮৭০ রথী,সমুদায়ে ২১৮৭০০ সৈন্য। [ সম্পূর্ণ।

অখণ্ড, অখণ্ডিত,বিণ;খণ্ডরহিত,

অখণ্ডনীয়, বিণ ( ন + খণ্ডনীয় ) অকাট্য, অনিবার্য্য।

অখাত, বি, ক্লী ( ন + খন্-ত ) অকৃত্রিম জলাশয়, দেবখাত।

অখাদ্য, বিণ ( ন + খাদ্য ) খাইবার অনুপযুক্ত, অভক্ষ্য।

অখিল, বিণ ( ন + খিল-ক ) সকল, সমগ্র। ন ( নাই ) খিল ( শূন্য ) যাহাতে, বহু।

অখ্যাতি, বি, স্ত্রী ( ন + খ্যাতি ) অপবাদ, নিন্দা।

অগ, বি, পুং ( ন + গম্-কর্ত্তৃ-ড ) পর্ব্বত। বৃক্ষ। ( অগ-কর্ত্তৃ-অন্ ) সর্প। সূর্য্য।

অগণন, বিণ ( ন + গণনা ) যার গণনা হয়না, অসংখ্য।

অগণিত, বিণ; যাহা গণনা করা হয় নাই।

অগণ্য, বিণ; অসংখ্য। অগ্রাহ্য।

অগতি, বিণ; গতিবিহীন, নিরুপায়।

অগত্যা, ক্রিবিণ; গতি না থাকায়, কাজে কাজেই।

অগদ, বি, পুং; ঔষধ। বিণ; সুস্থ, নীরোগ। [ দুর্গম।

অগম্য, বিণ; গমনের অযোগ্য,

অগম্যা, বি, স্ত্রী; যে স্ত্রীর সংসর্গ করা বিহিত নহে।

অগস্ত্য, বি, পুং ( অগ-স্ত্যৈ-ড ) মিত্রাবরুণের ঔরসে উর্ব্বশী গর্ভজাত প্রসিদ্ধ মুনি। নক্ষত্রবিং। বক পুষ্প।

অগাধ, বিণ ( ন + গাধ ) অতলস্পর্শ,গভীর। প্রগাঢ়,অসাধারণ।

অগার, বি, ক্লী ( অগ + ঋ-ষণ্ ) গৃহ, আগার।

অগুরু, বি, পুং, ক্লী; কৃষ্ণবর্ণ চন্দন। বিণ; (ন + গুরু) লঘু।

অগোচর, বিণ ( ন + গোচর ) অজ্ঞাত, অপ্রত্যক্ষ। নঞ্ তৎ। ক্রি বিণ, অগোচরে = অজ্ঞাতসারে। বহুব্রী।

অগ্নি, বি, পুং ( অগ বা অন্গ-নি ) বহ্নি,আগুন। স্ত্রী, অগ্নায়ী।

অগ্নিকুণ্ড, বি, ক্লী; অগ্নিরাখিবার গর্ত্ত। [ কোণ।

অগ্নিকোণ, বি, পুং; পূর্ব্বদক্ষিণ

অগ্নিক্রীড়া, বি,স্ত্রী; আগুন খেলা, বাজীপোড়ান।

অগ্নিগর্ভ, বি, পুং; সূর্য্যকান্তমণি, আতসী পাথর।

অগ্নিগর্ভা, বি, স্ত্রী ; মহাজ্যোতিষ্মতী লতা, শমী লতা।

অগ্নিচিৎ, বি, পুং ( অগ্নি-চি-কর্ত্তৃ-ক্বিপ্ ) অগ্নিহোত্রীব্রাহ্মণ, সাগ্নিক।

অগ্নিপ্রস্তর, বি, পুং ; চকমকির পাতর।

অগ্নিমান্দ্য, বি ; ক্লী ; অজীর্ণতা, অপাক।

অগ্নিশম্মা, ( র্ম্মন্ ) বিণ ; অতি কোপন।

অগ্নিসংস্কার, বি, পুং ; শবদাহ।

অগ্নিসখা, বি, পুং ; অগ্নির সখা, বায়ু।

অগ্নিহোত্র, বি, পুং, ক্লী; সাগ্নিকের নিত্য হোম।

অগ্নিহোত্রী, বি, পুং ( অগ্নিহোত্র + ইন্ ) সাগ্নিক।

অগ্নীধ্র, বি, পুং ( অগ্নি-ইন্ধ-রক্ ) অগ্নিরক্ষায় নিযুক্ত ব্রাহ্মণ।

অগ্ন্যস্ত্র, বি, ক্লী ; কামান, বন্দুক প্রভৃতি।

অগ্ন্যুৎপাত, বি, পুং ; আগ্নেয় পর্ব্বত হইতে অগ্নিনির্গম। উল্কাপাত।

অগ্র, বিণ ( অনগ-রন্ ) আদ্য, প্রথম। ক্লী; অগ্রভাগ, আগা।

অগ্রগামী, বিণ ( অগ্র-গম-ণিন্ ) যে অগ্রে গমন করে, পুরোগামী। স্ত্রী,-মিনী।

অগ্রগণ্য, বিণ ; অগ্রে গণনীয়, প্রধান।

অগ্রজ, বিণ ( অগ্র-জন্-কর্তৃ-ড ) অগ্রেজাত, জ্যেষ্ঠ।

অগ্রণী, বিণ ( অগ্র-নী-কর্ম্ম-ক্বিপ্ ) যাহাকে অগ্রে করিয়া লইতে হয়, প্রধান।

অগ্রদানী, বি, পুং ( অগ্র + দান + ইন্ ) শ্রাদ্ধের অগ্রদান গ্রহণকারী নিকৃষ্ট ব্রাহ্মণ, পতিত ব্রাহ্মণ।

অগ্রপশ্চাৎ, ক্রিবিণ ; পূর্ব্বাপর, আবহমানকাল।

অগ্রমাংস, বি, ক্লী; বুকের কলিজার অগ্রভাগের মাংস। রোগ বিং।

অগ্রসর, বিণ ( অগ্র-সৃ-ট ) অগ্রগামী। স্ত্রী,-রী।

অগ্রহায়ণ, বি, পুং ; হেমন্ত ঋতুর প্রথম মাস। ( অগ্র = শ্রেষ্ঠ + হায়ণ = ধান্য, অর্থাৎ যে সময়ে শ্রেষ্ঠধান্য উৎপন্ন হয়। )

অগ্রাহ্য, বিণ ; গ্রহণের অযোগ্য, অশ্রদ্ধেয়, হেয়।

অগ্রিম, বিণ ( অগ্র + ডিম ) অগ্রেজাত, প্রথম। অগ্রে দেয়।

অঘ, বি, ক্লী ( অঘ-ভাবে-অল্ ) পাপ। দুঃখ।

অঘটন, বিণ ; যাহা ঘটেনা, অসম্ভব।

অঘাসুর, বি, পুং ; অঘনামক অসুর।

অঘোর, বি, পুং; শিব। বিণ ; ন ( নাই ) ঘোর ( ভয়ানক ) যাহা হইতে, অত্যন্ত ভয়া-

নক, বহু। অথবা ন ঘোর (ভয়ানক), যে ভয়ঙ্কর নহে. শান্ত। নঞ্তৎ। স্ত্রী,-রা, ভাদ্র মাসের কৃষ্ণা চতুর্দ্দশী।

অঘোর পন্থী, (প্রা) শৈব সম্প্রদায় বিং।

অঙ্ক, বি, পুং (অন্ক-কর্ম্ম-অল্) চিহ্ন। ক্রোড়। আঁক। ভূষণ। নাটকের পরিচ্ছেদ বা সর্গ। বিণ, অঙ্কিত।

অঙ্কুর, বি, পুং (অন্ক-কর্ত্তৃ উর) বীজবপন করিলে সর্ব্বাগ্রে যাহা নির্গত হয়, গেড়া। লোম। রক্ত। জল। বিণ,-রিত।

অঙ্কুরিত, বিণ (অঙ্কুর+ইত) যাহার অঙ্কুর জন্মিয়াছে,জাতাঙ্কুর।

অঙ্কুশ (ষ), বি, পুং, ক্লী (অন্ক-করণ-উশ বা উষ) লৌহ নির্ম্মিত সূক্ষ্মাগ্র হস্তি-তাড়নদণ্ড,ডাঙ্গশ।

অঙ্গ, বি, ক্লী (অন্গ কর্ম্ম-অল্) অবয়ব, শরীর। মন। উপায়। ভাগলপুর প্রদেশ। বিণ; অপ্রধান।

অঙ্গগ্রহ, বি, পুং; গাত্রবেদনা।

অঙ্গজ, বি, পুং (অঙ্গ-জন-ড) পুত্র। কন্দর্প। বিণ;শরীরোৎপন্ন।

অঙ্গদ, বি, পুং (অঙ্গ-দৈ-ড) বালিরাজার পুত্র। ক্লী;কেয়ুর,বাজু।

অঙ্গন, বি, ক্লী (অন্গ-আধি-অনট্) আঙ্গিনা, উঠান।

অঙ্গনা, বি, স্ত্রী (অঙ্গ+ন+স্ত্রী আপ্) অঙ্গ সৌষ্ঠবশালিনী রমণী, নারী।

অঙ্গনাপ্রিয়, বি, পুং; অশোক বৃক্ষ। [অশোক পুষ্পের গুচ্ছ দ্বারা স্ত্রীলোকেরা কেশ রচনা করেন, তজ্জন্য ইহা অঙ্গনাপ্রিয় বলিয়া প্রসিদ্ধ।]

অঙ্গন্যাস, বি, পুং; যথাবিহিত মন্ত্রোচ্চারণপূর্ব্বক হৃদয়, মস্তক, শিখা, নেত্র, বাহু ও করতলের স্পর্শন।

অঙ্গপ্রত্যঙ্গ, বি, ক্লী; শরীরের সকল অবয়ব। অঙ্গ=বৃহৎ অঙ্গ,প্রত্যঙ্গ=ক্ষুদ্র অঙ্গ। [যেমন, মস্তক—অঙ্গ, ইহার প্রত্যঙ্গ—চক্ষু,কর্ণ, নাসিকা, দন্ত, জিহ্বা প্রভৃতি।]

অঙ্গরাগ, বি, পুং (অঙ্গ-রন্জ-ঘঞ্) চন্দন কুঙ্কুমাদি সুগন্ধি দ্রব্য দ্বারা গাত্র লেপন। বিলেপন দ্রব্য।

অঙ্গরাজ, বি, পুং (অঙ্গ-রাজন্-ষ) অঙ্গদেশের রাজা, কর্ণ।

অঙ্গরুহ, বি, পুং (অঙ্গ-রুহ-ক), লোম, পশম। পালক।

অঙ্গবিক্ষেপ, বি, পুং; অঙ্গভঙ্গী, নৃত্যাদিকালে অঙ্গ সঞ্চালন।

অঙ্গসৌষ্ঠব, বি, ক্লী; অঙ্গের সৌন্দর্য্য।

অঙ্গসংস্কার, বি, পুং, গাত্রমার্জ্জন। অঙ্গে সুগন্ধি দ্রব্য লেপন।
অঙ্গহীন, বিণ ; বিকলাঙ্গ।
অঙ্গাঙ্গিভাব, বি, পুং; পক্ষপাত। আত্মীয়তা।
অঙ্গার, বি,পুং, ক্লী (অন্গ-কর্তৃ-আরণ্) কয়লা। পুং, মঙ্গলগ্রহ।
অঙ্গারক, বি, পুং, ক্লী ( অঙ্গার + কণ্, স্বার্থে ), কয়লা। পুং; মঙ্গলগ্রহ।
অঙ্গিরা, বি, পুং ( অন্গ-অস্ ) সপ্তর্ষির একজন, ইনি ব্রহ্মার মানসপুত্র।
অঙ্গী, বিণ (অঙ্গ+ইন্), শরীরী। প্রধান। স্ত্রী,-ঙ্গিনী।
অঙ্গীকার, বি,পুং ( অঙ্গ + চ্বি = অঙ্গী-কৃ-ভাবে-ঘঞ্ ) প্রতিজ্ঞা, স্বীকার। বিণ,-কৃত।
অঙ্গুরীয়, অঙ্গুরীয়ক, বি, ক্লী ( অঙ্গুরি + ঈয়, অঙ্গুরীয় + কণ্ ) অঙ্গুলি ভূষণ, আঙ্গটি।
অঙ্গুল, বি, পুং ( অন্গ—করণ —উল ) আঙ্গুল। অষ্ট যবোদর পরিমাণ।
অঙ্গুলি, ( লী ), বি, স্ত্রী ( ঐ— উলি, লী ) আঙ্গুল। ( অঙ্গুষ্ঠ, তর্জ্জনী, মধ্যমা, অনামিকা এবং কনিষ্ঠা, এই পাঁচটী হস্তাঙ্গুলী। )
অঙ্গুলিত্র, অঙ্গুলিত্রাণ, বি, ক্লী; দস্তানা। দরজীর আংস্ত্রা।
অঙ্গুলিমুদ্রা, বি, স্ত্রী ; স্বনামাঙ্কিত অঙ্গুরীয়ক।
অঙ্গুষ্ঠ, বি, পুং ( অঙ্গু [হস্ত]-স্থা-ড ) বৃদ্ধাঙ্গুলি।
অঙ্ঘ্রি, বি, পুং ( অন্ঘ-করণ-রি) চরণ। বৃক্ষমূল। চতুর্থাংশ।
অঙ্ঘ্রিপ, বি, পুং ( অঙ্ঘ্রি-পা-কর্তৃ-ড ) বৃক্ষ।
অচল, বিণ ( ন + চল ) যে চলিতে পারেনা। দৃঢ়, অবিচলিত। বি ; পর্ব্বত।
অচলা, বিণ ; স্থিরা। বি, স্ত্রী ; পৃথিবী।
অচিন্তনীয়, অচিন্ত্য,বিণ (ন চিন্ত কর্ম্ম-অনীয়, য ) চিন্তাতীত।
অচির, বিণ ( ন + চির ) অল্পকাল স্থায়ী। অল্প। ক্রিবিণ ; শীঘ্র। নঞ্তৎ। [ বিদ্যুৎ।
অচিরপ্রভা, অচিরাংশু, বি, স্ত্রী ;
অচিরাৎ, ক্রিবিণ (ন : চিরাৎ= দীর্ঘকাল ) অবিলম্বে, শীঘ্র।
অচেতন, অচৈতন্য, বিণ ( ন+ চেতনা, চৈতন্য ) চেতনাশূন্য, নির্জ্জীব,জড়। সংজ্ঞাহীন,অজ্ঞান।
অচ্ছ, বিণ ( ন-ছো-ড ) নির্ম্মল, পরিষ্কৃত। বি, পুং ; ভল্লুক। স্ফটিক।
অচ্ছত্র, বিণ ( ন + ছত্র ) রাজাশূন্য, অরাজক। বহুব্রী।

অচ্ছিদ্র, বিণ ( ন+ছিদ্র ) ছিদ্র রহিত। নির্দ্দোষ।
অচ্ছিন্ন, বিণ ( ন-ছিদ্-কর্ম্ম-ক্ত ) অখণ্ডিত।
অচ্ছেদ্য, বিণ ( ন-ছিদ্-কর্ম্ম-য ) ছেদনের অসাধ্য।
অচ্ছোদ, বিণ ( অচ্ছ+উদক ) নির্ম্মল জলবিশিষ্ট (তড়াগাদি)। বি; হিমালয় প্রদেশস্থ সরোবর বিং, ইহার জল অতিশয় নির্ম্মল বলিয়া এই নাম হইয়াছে।
অচ্যুত, বি, পুং ( ন-চ্যুত কর্ত্তৃ-ক ), বিষ্ণু। বিণ; বিনাশশূন্য।
অজ, বি, পুং ( ন-জন্-কর্ত্তৃ-ড ) যাহার জন্ম নাই; ব্রহ্মা, বিষ্ণু, শিব। রঘুর পুত্র। ( অজ্-কর্ত্তৃ-অন্ ) যে ঘাস খাইতে গমন করে, ছাগ। মেষ। স্ত্রী,-জা।
অজগর, বি, পুং ( অজ-গৃ-কর্ত্তৃ-অন্ ) ছাগ ভক্ষক বৃহৎ সর্প বিং।
অজপা, বি, স্ত্রী ( ন-জপ-অল্ ) 'হংসঃ', এই মন্ত্র।
অজয্য, বিণ ( ন-জি-য-নিপা ) যাহা জয় করা যায়না, অজেয়।
অজর, বিণ (ন+জরা=বার্দ্ধক্য) বার্দ্ধক্যহীন। বি; দেবতা।
অজস্র, বিণ ( ন-জস্-কর্ত্তৃ-র ) নিরন্তর, সর্ব্বদা।
অজাজীব, বিণ ( অজ+আজীব ) ছাগ ব্যবসায়ী।
অজাতশত্রু, বি, পুং; রাজা যুধিষ্ঠির। অজাত [ জন্মেনাই ] শত্রু যাহার, বহু; অর্থাৎ যিনি জগতে কাহাকেও শত্রু বলিয়া মনে করেন নাই। বিণ; শত্রুহীন।
অজাতশ্মশ্রু, বিণ; অল্প বয়স্ক, যাহার দাড়ি গোঁপ উঠে নাই। অজাত ( জন্মে নাই ) শ্মশ্রু ( দাড়ি ) যাহার, বহু।
অজামিল, বি, পুং; পুরাণোক্ত জনৈক দুষ্ক্রিয়ান্বিত ব্রাহ্মণ।
অজিত, বি, পুং ( ন+জিত ) বিষ্ণু। শিব। বুদ্ধ। বিণ; অপরাজিত।
অজিন, বি, ক্লী ( অজ্—কর্ম্ম ইন্ ) মৃগ চর্ম্ম। পশু চর্ম্ম।
অজির, বি, ক্লী ( অজ-অধি-কির ) প্রাঙ্গন, উঠান।
অজিহ্ম, বিণ ( ন+জিহ্ম ), অবক্র, সরল।
অজীর্ণ, বি, ক্লী, ( ন+জীর্ণ ) অপাক রোগ, উদরাময়। বিণ; যাহা জীর্ণ হয় নাই।
অজেয়, বিণ ( ন+জেয় ) যাহাকে জয় করা যায় না।
অজ্ঞ, বিণ ( ন-জ্ঞা-কর্ত্তৃ-ড ) জ্ঞানহীন, মূর্খ। বি,-তা।
অজ্ঞতা, বি, স্ত্রী ( অজ্ঞ+তা, ভাবার্থে ) মূর্খতা

অজ্ঞাত, বিণ ( ন+জ্ঞাত ) অবিদিত, যাহা জানা যায় নাই বা যে জানিতে প্যারে নাই।

অজ্ঞাতসারে, ক্রিবিণ; অজানিত রূপে। নজ্ঞাত, অজ্ঞাত,নঞতৎ; অজ্ঞাত সার যাহাতে, বহু।

অজ্ঞান, বিণ ( ন+জ্ঞান ) জ্ঞানহীন। বি, ক্লী; জ্ঞানাভাব। মায়া। অবিদ্যা। [ মূর্খতা।

অজ্ঞানতা, বি, স্ত্রী; জ্ঞানহীনতা,

অজ্যেষ্ঠ, বিণ ( ন+জ্যেষ্ঠ ) জ্যেষ্ঠের ন্যায় যাহার আচার নহে।

অঞ্চল, বি, পুং ( অঞ্চ কর্তৃ-অল্ ) বস্ত্রের প্রান্তভাগ, আঁচল। দেশের অংশ, প্রদেশ।

অঞ্চিত, বিণ ( অঞ্চ-কর্ম্ম-ক্ত ) পূজিত। ভূষিত। আকুঞ্চিত।

অঞ্জন, বি, ক্লী ( অন্জ-করণ-অনট্ ) কজ্জল, কাজল। মসী। রসাঞ্জন। ( পুং; কর্তৃ-অন ) পশ্চিমদিগ্ হস্তী। পর্ব্বত বিং। জ্যেষ্ঠী।

অঞ্জনা,বি,স্ত্রী; হনুমানের মাতা।

অঞ্জলি, বি, পুং ( অন্জ-অধি-অলি ) যুক্তপাণিদ্বয়. করপুট।

অঞ্জসা, ব্য ( অন্জ-সো-ক্বিপ্ ) শীঘ্র। যথার্থ, ঠিক।

অঞ্জীর, বি, ক্লী; পেয়ারা।

অটনি, ( নী ), বি, স্ত্রী ( অট-অনি ) ধনুকের অগ্রভাগ।

অটল, বিণ ( ন+টল ) অচঞ্চল, স্থির।

অটবি, ( বী ), বি, স্ত্রী ( অট-অধি-অবি ) অরণ্য, বন।

অট্ট, বি, পুং ( অট্ট-কর্তৃ-অন্ ) অট্টালিকা প্রাসাদোপরিস্থ গৃহ। প্রাকার সন্নিহিত সৈন্য-গৃহ। ক্লী; অন্ন। বিণ; উচ্চ।

অট্টহাস, বি, পুং; উচ্চহাস্য।

অট্টালিকা, বি, স্ত্রী; ইষ্টকাদি নির্ম্মিত উত্তম গৃহ, রাজভবন।

অণিমা, বি, পুং ( অণু+ইমন্ ) অণুত্ব। বিভুর ঐশ্বর্য্য বিং, নিজ দেহকে ইচ্ছানুসারে সূক্ষ্ম করিবার ক্ষমতা।

অণু, বিণ ( অণ-উ ) সূক্ষ্ম, ক্ষুদ্র।

অণুমাত্র, বিণ ( অণু+মাত্রা =পরিমাণ ) অল্প পরিমাণ, কিঞ্চিন্মাত্র।

অণুবীক্ষণ, বি, ক্লী ( অণু-বি-ঈক্ষ্-করণ-অনট্ ) যে যন্ত্রের সাহায্যে অতি সূক্ষ্ম বস্তু বড় দেখায় ( Microscope ).

অণ্ড, বি, ক্লী ( অম্-ড ) ডিম্ব। মুষ্ক। শুক্র।

অণ্ডকোষ, ( শ ) বি, পুং; মুষ্ক, বৃষণ।

অণ্ডজ, বিণ ( অণ্ড-জন্-ড ) ডিম্ব হইতে জাত। বি, পুং

অণ্ডজ প্রাণী—পক্ষী, মৎস্য, সর্প প্রভৃতি ; যথা—
"অণ্ডজাঃ পক্ষিণঃ সর্পাঃ
নক্রাঃ মৎস্যাশ্চ কচ্ছপাঃ" মনু।

অতঃপর, ক্রিবিণ ; ইহার পর।

অতএব, ব্য ( অতঃ+এব ) এই হেতু, এই জন্য।

অতট, বি, পুং ; পর্ব্বতাদির উচ্চ-স্থান। নদী প্রভৃতির আড়ুলি।

অতথ্য, বিণ ( ন+তথ্য ) অসত্য, মিথ্যা।

অতর্কিত, বিণ ( ন+তর্কিত ) অসম্ভাবিত। হঠাৎ।

অতল, বিণ ( ন+তল ) অসীম, পুং ; প্রথম পাতাল।

অতলস্পর্শ, বিণ; যাহার তলস্পর্শ করা যায়না, অগাধ, অতি গভীর। [ অতএব।

অতঃ ( স্ ), ব্য ( ইদম্+তস্ )

অতসী, বি, স্ত্রী ( অত-অসচ্, ঈপ্ ) স্বনামপ্রসিদ্ধ পুষ্পবৃক্ষ।

অতি, ব্য ( অত-ই ) অতিশয়। অতিক্রম। পূজা। প্রশংসা।

অতিকায়, বি, পুং ; রাবণ পুত্র। বিণ ; বৃহৎ দেহ।

অতিক্রম, বিং, পুং ( অতি-ক্রম্-ভাবে অল্ ) উল্লঙ্ঘন। অধিক হওয়া। বিণ,-ক্রান্ত।

অতিক্রমণীয়, বিণ ( ঐ-কর্ম্ম অনীয় ) অতিক্রম করিবার যোগ্য, লঙ্ঘনীয়।

অতিক্রান্ত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) যাহা অতিক্রম করা গিয়াছে, লঙ্ঘিত।

অতিচার, বি, পুং; গ্রহগণের স্বস্ব রাশির ভোগকাল সম্পূর্ণ না হইতেই রাশ্যন্তর গমন।

অতিচ্ছত্র,বি,পুং; বেঙের ছাতা।

অতিথি, বি, পুং ( অত্-কর্ত্তৃ-ইথিন্ ) আগন্তুক ব্যক্তি,অভ্যাগত। ন (নাই) তিথি ( নির্দ্ধারিত দিন ) যাহার, বহু; অর্থাৎ যাহার আগমনের কোন নির্দ্দিষ্ট দিন নাই। অথবা, যে এক তিথি সম্পূর্ণ বাস করেনা।

"যস্য ন জ্ঞায়তে নাম
নচ গোত্রং নচ স্থিতিঃ।
অকস্মাৎ গৃহমায়াতি
সোঽতিথিঃ প্রোচ্যতে বুধৈঃ।"

কুশ রাজার পুত্র।

অতিথিসৎকার, বি, পুং ; অতিথি সেবা। [ ব্যাঘাত।

অতিপাত, বি, পুং ; অতিক্রম।

অতিপাতক, বি, ক্লী ; নববিধ পাপের মধ্যে গুরুতর পাপ। ( পুরুষের পক্ষে ) মাতা, দুহিতা ও পুত্রবধূ অভিগমনরূপ মহাপাতক ; আর ( স্ত্রীলোকের পক্ষে ) পুত্র, পিতা ও শ্বশুর অভিগমনরূপ মহাপাতক।

অতি প্রসঙ্গ, বি, পুং ; বাহুল্য, বিস্তার।
অতিবলা, বি, স্ত্রী ; অস্ত্র বিদ্যা বিং, বিশ্বামিত্র রামচন্দ্রকে যে বিদ্যা দান করেন।
অতিভূমি, বি, স্ত্রী ; আধিক্য। অতি মর্য্যাদা।
অতিমাত্র,বিণ; সাতিশয়,অত্যন্ত।
অতিমান, বি, পুং ; অতিরিক্ত অভিমান।
অতিরথ, বি,পুং ; বীরপুরুষ বিং, যে একাকী অসংখ্য শত্রুর সহিত যুদ্ধ করিতে সমর্থ।
অতিরিক্ত, বিণ ( অতি-রিচ্-ক্ত ) অধিক। শ্রেষ্ঠ। ভিন্ন।
অতিরেক, বি, পুং ( ঐ-ঘঞ্ ) আধিক্য। প্রাধান্য। ভেদ। বিণ,-রিক্ত।
অতিবর্ত্তন, বি, ক্লী ( অতি বৃত-ভাবে-অনট্ ) অতিক্রম। নিন্দা-বাদ। [ অপ্রিয় বাক্য।
অতিবাদ, বি, পুং ; অত্যুক্তি।
অতিবাহন, বি, ক্লী ( অত্য-বাহি-অনট। যাপন, কাটান। বিণ ; হিত। [ ব্যাপন।
অতিব্যাপ্তি, বি, স্ত্রী ; 'অধিক
অতিবৃষ্টি, বি, স্ত্রী ; ক্ষতিকর অধিক বর্ষণ।
অতিবেল, বিণ ; অধিক,অসীম। বেলাকে ( সীমাকে ) অতি ( অতিক্রান্ত ), অর্থাৎ যে সীমা অতিক্রম করিয়াছে, নিত্য।
অতিশয়, বিণ ( অতি-শী অল্ ) অত্যন্ত, অধিক। বি, ক্লী ; আধিক্য।
অতিশয়িত, বিণ (ঐ-ক্ত) অধিক।
অতিশয়োক্তি,বি, স্ত্রী ; অত্যুক্তি। কাব্যালঙ্কার বিং, উপমেয়কে উপমান রূপে নির্দ্দেশ।
অতি ( তী ) সার,বি, পুং ( অতি-সৃ-ভাবে-ঘঞ্ )উদরাময়,পেটের অসুখ।
অতিসৌরভ, বি, পুং ; সুগন্ধ বিশিষ্ট আম্র। বিণ ; অতিশয় সুগন্ধ।
অতীত, বিণ ( অতি-ই-ক্ত ) গত, অতিক্রান্ত।
অতীন্দ্রিয়, বিণ ( অতি + ইন্দ্রিয় ) ইন্দ্রিয়াতীত, চক্ষুঃ কর্ণাদি ইন্দ্রিয়ের অগোচর। ইন্দ্রিয়কে অতি অর্থাৎ অতিক্রান্ত, নিত্য সমাস।
অতীব, ব্য ( অতি + ইব ) নিরতিশয়, অত্যন্ত।
অতুল, বিণ (ন + তুলা = তুলনা); যাহার তুলনা নাই। বহুব্রী।
অতুলিত, বিণ ( ন-তুল্-কর্ম্ম-ক্ত ) তুলনা রহিত।
অত্তা, বি, স্ত্রী ; ( নাট্যে ) মাতা, শ্বশ্রূ, মাসী ও জ্যেষ্ঠা ভগিনী।

অত্যয়, বি, পুং ( অতি-ই-ভাবে-অল্ ) অপচয়। অতিক্রম। বিনাশ।

"কমলিনী মলিনী দিবসাত্যয়ে,
শশিকলা বিকলা ক্ষণদাক্ষয়ে।"

অত্যাচার, বি, পুং ( অতি+আচার ) অন্যায় আচরণ। উপদ্রব।

অত্যারূঢ়,বিণ (অতি-আ-রুহ-কর্ত্তৃ-ক্ত ) প্রবৃদ্ধ, বর্দ্ধিত।

অত্যারূঢ়ি, বি, স্ত্রী ( ঐ-ভাবে-ক্তি ) অতি বৃদ্ধি।

অত্যুক্তি, বি, স্ত্রী ( অতি+উক্তি ) অত্যন্ত বাড়াইয়া বলা।

অত্র, ব্য ( ইদম্+ত্র ) এইস্থানে।

অত্রত্য, বিণ ( অত্র+ত্যন্ ) এখানকার।

অত্রি, বি, পুং ( অদ্-ত্রিপ্ ) সপ্তর্ষির এক ঋষি। ইহাঁর নেত্র হইতে চন্দ্র উৎপন্ন হন।

অথ, ব্য ; অনন্তর। আরম্ভ।

অথচ, ব্য ; আরও, অপিচ।

অথর্ব্ব, ( র্ব্বন্ ) বি, ক্লী ; চতুর্থ বেদ। পুং ; মুনি বিং।

অথবা, ব্য ; পক্ষান্তরে, কিম্বা।

অদন, বি, ক্লী ( অদ্-ভাবে-অনট্ ) ভক্ষণ।

অদর্শন, বি, ক্লী ( ন+দর্শন ) দর্শনাভাব, বিনাশ।

অদস্, ( মূল শব্দ ) ঐ, উহা, উনি, ও।

অদহ্য, বিণ ; অদহনীয়, অদহন-[শীল।

অদিতি, বি, স্ত্রী ; কশ্যপ পত্নী, দেব মাতা।

অদৃশ্য, বিণ ( ন+দৃশ্য ) দৃষ্টির [অগোচর।

অদৃষ্ট, বি, ক্লী ( ন+দৃষ্ট ) ভাগ্য। ধর্ম্মাধর্ম্ম। বিণ ; যাহা দেখা যায় নাই।

অদৃষ্টচর } বিণ ; যাহা পূর্ব্বে
অদৃষ্টপূর্ব্ব } দৃষ্ট হয় নাই।

অদেয়, বিণ ; দিবার অযোগ্য।

অদেশ, বি, পুং ( ন+দেশ ) অস্থান, মন্দস্থান।

অদ্ধা, ব্য ( অৎ-ধা-ক্বিপ্ ) যথার্থ, সত্য।

অদ্ভুত, বিণ, ত্রি ( অৎ=আশ্চর্য্য-ভূ-অধি-ডুত ) আশ্চর্য্যজনক। বি, ক্লী ; আশ্চর্য্য, বিস্ময়। পুং ; কাব্যেরস বিং।

অদ্য, ব্য ; আজ, বর্ত্তমান দিবস।

অদ্যতন, বিণ ( অদ্য+তন ) অদ্য যাহা ঘটিয়াছে, অদ্যকার। স্ত্রী,-তনী।

অদ্যশ্বীন, বিণ, ত্রি ( অদ্য=আজি-শ্বস্=কালি+ঈন ) যাহা আজি কালি হইবে। স্ত্রী,-না।

অদ্যাপি, ব্য ( অদ্য+অপি ) আজিও,আজ পর্য্যন্ত। এখনও।

অদ্য প্রভৃতি } [ আজ হইতে ]
অদ্যাবধি } ব্য(অদ্য+অবধি)

**অদ্রি**, বি, পুং ( অদ্-কর্ত্তৃ-রি ) পর্ব্বত। বৃক্ষ। সূর্য্য।

**অদ্রিজ**, বিণ ( অদ্রি-জন্ ড ) পর্ব্বত হইতে জাত। শিলাজতু। গিরিমাটী।

**অদ্রিতনয়া**, বি, স্ত্রী ; পার্ব্বতী।

**অদ্রিরাজ**, বি, পুং ( অদ্রি+রাজন্ ) গিরিরাজ, হিমালয়।

**অদ্রিসার**, বি, পুং ; লোহ।

**অদ্রোহ**. বি. পুং ( ন+দ্রোহ ) অহিংসা, সদ্ ব্যবহার।

**অদ্বয়**, বিণ ( ন+দ্বয় ) দ্বিতীয় রহিত। ক্লী; ব্রহ্ম। পুং; বৌদ্ধ। ন (নাই) দ্বয় ( দ্বিতীয় ) যাহার, বহু।

**অদ্বয়বাদী**, বিণ ( অদ্বয়-বদ্-ণিন্ ) যে একের অধিক ঈশ্বর মানেনা, একেশ্বরবাদী। পুং ; বৌদ্ধ। স্ত্রী,-দিনী।

**অদ্বিতীয়**, বিণ; দ্বিতীয় রহিত। বি, ক্লী ; ব্রহ্ম। ন ( নাই ) দ্বিতীয় ( সমান ) যাহার, বহু

**অদ্বৈত**, বিণ ( ন+দ্বৈত ) দ্বৈত রহিত। বি, ক্লী ; ব্রহ্ম। ন (নাই) দ্বৈত ( দ্বিতীয়ত্ব ) যাহার বা যাহাতে, বহু।

**অদ্বৈতবাদী** ; অদ্বয়বাদী দেখ।

**অধঃ**, ব্য ( অধর=নিম্ন+অস্। র লোপ ) নিম্নে, পশ্চাৎ।

**অধঃপাত**,. বি, পুং ; অধঃপতন, উচ্ছন্ন যাওয়া। বিণ,-পতিত।

**অধম**, বিণ ( অধ-অম ) নীচ। নিন্দিত।

**অধমর্ণ**. বিণ ( অধম+ঋণ ) যে ঋণ গ্রহণ করে, ঋণী, দেনাদার। অধম ঋণ যাহার, বহু।

**অধর**, বি. পু° ( ন-ধৃ-অল্ ) নিম্ন ওষ্ঠ।

**অধরামৃত**, বি, ক্লী ( অধর+অমৃত ) মুখামৃত, থুতু।

**অধরীকৃত**, বিণ ( অধর+চ্বি=অধরী-কৃ ক্ত) পরাজিত। হীনীকৃত। [ অধর, ঠোঁট।

**অধরোষ্ঠ**, বি, পুং ( অধর+ওষ্ঠ )

**অধর্ম্ম**, বি, পুং, ক্লী. পাপ, দুষ্কৃত।

**অধস্তন**, বিণ ( অধস্+তন ) অধঃস্থ, নিম্নস্থিত। স্ত্রী,-নী।

**অধার্ম্মিক**, বিণ ( অধর্ম্ম+ষ্ণিক ) পাপী। [ অধিকার।

**অধি**, ব্য ; উপরি। আধিক্য।

**অধিক**, বিণ ( অধি-কৈ-ড ) অনেক, অতিরিক্ত।

**অধিকতর**, বিণ ; অপেক্ষাকৃত অধিক।

**অধিকন্তু**, ব্য° ( অধিকম্+তু ) আরও, বেশীর ভাগ।

**অধিকরণ**, বি, ক্লী ( অধি-কৃ-অনট্)আধার,স্থান। কারক বিং।

**অধি, ( ধী ) কার**, বি, পুং ( ত্রৈ-ঘঞ্ ) স্বত্ব, দখল। শাসন।

নিয়োগ। আরম্ভ।

অধিকারী, (রিন্) বিণ (অধিকার+ইন) যাহার অধিকার আছে, স্বামী। স্ত্রী,-রিণী।

অধিকৃত, বিণ (অধি-কৃ-ক্ত) যাহা অধিকার করা হইয়াছে, আয়ত্ত। নিযুক্ত।

অধিক্ষেপ, বি, পুং (অধি-ক্ষিপ্-অল্) তিরস্কার। নিন্দা।

অধিগত, বিণ (অধি গম্-ক্ত) প্রাপ্ত। জ্ঞাত।

অধিগম, বি, পুং (ঐ-অল্) প্রাপ্তি। জানা। স্বীকার।

অধিগম্য, বিণ (ঐ—য) প্রাপ্য। জ্ঞেয়। [ গুণশালী।

অধিগুণ, বিণ (অধি+গুণ)

অধিজ্য, বি, ক্লী (অধি+জ্যা—ধনুকের ছিলা) ছিলাযুক্ত ধনুক।

অধিত্যকা, বি, স্ত্রী (অধি+ত্যকন্,আপ্) পর্ব্বতের উপরিস্থ বিস্তৃত ভূমি। (Tableland).

অধিদেবতা, বি, স্ত্রী; অধিষ্ঠাত্রী দেবতা। অন্তর্যামী পুরুষ।

অধিনায়ক, বিণ; অধ্যক্ষ; প্রধান।

অধিপ
অধিপতি } বি, পুং (অধি-পা-ড, ডতি) রাজা। প্রভু। স্বামী।

অধিমাস, বি, পুং; মল মাস।

অধিরাজ, বি, পুং (অধি+রাজন্) মহারাজ, সম্রাট। অধি (অধিক) রাজা, নিত্য সং।

অধিরূঢ়, বিণ (অধি-রুহ-কর্ত্তৃ-ক্ত) যে আরোহণ করিয়াছে, আরূঢ়।

অধিরোপণ, বি, ক্লী (অধি-রুহ-ণিচ-অনট্) আরোহণ করান। ধনুকে শরসংযোগ।

অধিরোহণ, বি, ক্লী (অধি-রুহ-অনট্) আরোহণ। বিণ,-রূঢ়।

অধিরোহণী, বি, স্ত্রী (অধি রুহ-করণ-অনট্, ঈপ্) আরোহণী, কাষ্ঠ বা ইষ্টকাদি নির্ম্মিত সোপান, সিঁড়ি।

অধিবাস, বি, পুং; (অধি-বস্-ঘঞ্) নিবাস। (অধি-বাসি-ঘঞ্) গন্ধ মাল্যাদি দ্বারা সংস্কার। বিণ, অধ্যুষিত।

অধিবাসন, বি, ক্লী; (ঐ-অনট্) অধিবাস। বিণ,-সিত।

অধিবাসী, (সিন্) বিণ (অধি-বস-ণিন্) যে বাস করে, নিবাসী। স্ত্রী,-সিনী।

অধিবিন্না, বি, স্ত্রী (অধি-বিদ্-কর্ম্ম-ক্ত, আপ্) দ্বিতীয়বার বিবাহিত পুরুষের জীবিতা প্রথমা স্ত্রী।

অধিবেত্তা, (বেত্তৃ) বি, পুং (ঐ-তৃন্) স্ত্রী বিদ্যমান থাকিতে যে পুনরায় বিবাহ করে।

**অধিবেদন**, বি, ক্লী ( ঐ-অনট্ ) স্ত্রীসত্ত্বে পুনর্ব্বার বিবাহ করণ।

**অধিবেশন**, বি, ক্লী ( অধি-বিশ্-অনট্ ) অধিষ্ঠান, উপবেশন।

**অধিশ্রয়**, বি, পুং ( অধি-শ্রি-অল ), **অধিশ্রয়ণ**, বি, ক্লী (ঐ-অনট্) পাক করণ, রন্ধন। পাকের নিমিত্ত চুল্লীতে স্থালী-স্থাপন।

**অধিশ্রয়ণী**, বি, স্ত্রী ( ঐ-অনট্ + স্ত্রী ঈপ্ ) চুল্লী, উনন।

**অধিষ্ঠাতা**, ( তৃ ) বিণ (অধি-স্থা-তৃন্ ) যে অধিষ্ঠান করে। স্ত্রী,-ত্রী।

**অধিষ্ঠাত্রী**,বিণ ; অধিষ্ঠানকারিণী। আশ্রয়দাত্রী।

**অধিষ্ঠান**, বি, ক্লী ( ঐ-অনট্ ) উপবেশন। অবস্থিতি। নগর। বিণ,-ষ্ঠিত।

**অধিষ্ঠিত**, বিণ ; ( ঐ-ক্ত ) অবস্থিত। স্থাপিত।

**অধীত**, বিণ ( অধি-ই-ক্ত ) পঠিত। বি, অধ্যয়ন।

**অধীতি**,বি,স্ত্রী (ঐ-ক্তি) অধ্যয়ন।

**অধীন**, বিণ (অধি [ অধিগত ] + ইন = প্রভু) অনুগত,বশতাপন্ন। বি,-তা।

**অধীনতা**, বি, স্ত্রী ( অধীন + তা ) পরের বশ্যতা।

**অধীয়ান**, বিণ ( অধি-ই-শান ) যে অধ্যয়ন করে, ছাত্র।

**অধীর**, বিণ ( ন + ধীর ) অস্থির, ধৈর্য্য বিহীন। বি,-রতা ও অধৈর্য্য। স্ত্রী,-রা।

**অধীশ**, **অধীশ্বর**, বি, পুং ( অধি + ঈশ, ঈশ্বর ) অধিপতি। সম্রাট। প্রভু। অধি ( অধিক ) ঈশ বা ঈশ্বর নিত্য সং। স্ত্রী,-শা, রী।

**অধুনা**, ব্য ; বর্ত্তমান সময়ে, সম্প্রতি, ইদানীং।

**অধুনাতন**, বিণ ( অধুনা + তন ) আধুনিক,ইদানীন্তন। স্ত্রী,-নী।

**অধৃষ্য**, বিণ ( ন + ধৃষ্য ) যাহাকে সহজে বশীভূত করা যায় না। দুর্গম।

**অধৈর্য্য**, বি, ক্লী ( ন + ধৈর্য্য ) ধৈর্য্যের অভাব। বিণ ; ধৈর্য্য-হীন, অস্থির।

**অধোংশুক**, বি, ক্লী ( অধস্ + অংশুক ) পরিধেয় বস্ত্র।

**অধোক্ষজ**, বি, পুং ( অধস্-অক্ষ-জন্-কর্ত্তৃ-ড ) বিষ্ণু।

**অধোগতি**, বি, স্ত্রী ( অধস্-গম-ক্তি ) নীচ গতি, অপকৃষ্ট দশা-প্রাপ্তি। নরক গমন।

**অধোদৃষ্টি**,বি,স্ত্রী; নিম্নদিকে দৃষ্টি।

**অধোভুবন**,বি, ক্লী; পাতাল দেশ।

**অধোমুখ**, **অধোবদন**, বিণ ; নত-মুখ। স্ত্রী,-খী,-না।

অধ্যক্ষ, বিণ ; ( অধি + অক্ষ = ইন্দ্রিয় ) ইন্দ্রিয় গ্রাহ্য। পুং ; পরিদর্শক কর্ম্মচারী,তত্ত্বাবধায়ক। বি,-তা।
অধ্যক্ষতা, বি, স্ত্রী ; কর্ত্তৃত্ব, তত্ত্বাবধায়কতা।
অধ্যয়ন, বি, ক্লী (অধি-ই-অনট্ ) পাঠ। বিণ, অধীত।
অধ্যবসায়, বি, পুং ( অধি-অব-সো-ঘঞ্ ) স্থির যত্ন, অবিচলিত উৎসাহ, কার্য্য সাধনে পুনঃ পুনঃ চেষ্টা। বিণ,-য়ী।
অধ্যাত্ম, ব্য ; ( অধি + আত্মন্ ) আত্মাকে অধিকার করিয়া যাহা হয়, আত্ম বিষয়ক। দেহ বিষয়ক।
অধ্যাপক, বিণ ( অধি-ই-ণিচ্-ণক ) শিক্ষক। স্ত্রী-পিকা।
অধ্যাপন, বি, ক্লী ( ঐ অনট্ ) অধ্যয়ন করান, পড়ান।
অধ্যায়, বি, পুং (অধি ই-ঘঞ্ ) গ্রন্থের পরিচ্ছেদ, সর্গ, বর্গ, পর্ব্ব, স্কন্ধ, কাণ্ড, অঙ্ক, স্তবক প্রভৃতি।
অধ্যাস, বি, পুং ( অধি-অস-ঘঞ্ ) এক বস্তুতে অন্য বস্তু জ্ঞান, আরোপ।
অধ্যাসন, বি, ক্লী (অধি + আসন) অধিষ্ঠান। উপবেশন। বিণ,-সিত।
অধ্যাসিত, বিণ ( অধি + আসিত ) অধিষ্ঠিত। উপবিষ্ট।
অধ্যাসীন, বিণ (অধি + আসীন) অধিষ্ঠিত। উপবিষ্ট। স্ত্রী,-না।
অধ্যাহার, ঘি, পুং ( অধি-আ-হৃ-ঘঞ্ ) অসম্পূর্ণ বাক্যের পূরণার্থ পদান্তর যোজনা, উহ। বিণ,-হার্য্য।
অধ্যুষিত, বিণ ( অধি + উষিত বা অধি-বস্-ক্ত ) অধিষ্ঠিত। উপবিষ্ট। বি ; অধিবাস।
অধ্যেষণ, বি, ক্লী ( অধি-ইষ্-অনট্ ) বিনয় পূর্ব্বক জিজ্ঞাসা। সবিনয় প্রবর্ত্তন।
অধ্ব ( ন্ ), বি,পুং (অদ-ক্বনিপ্ ) পথ। উপায়।
অধ্বগ, (অধ্বন্-গম্-ড )
অধ্বনীন (অধ্বন্ + ঈন) বিণ;পথিক,পর্য্যটক। স্ত্রী,-গা,-না।
অধ্বর, বি, পুং ( অধ্বন্-রা কর্ত্তৃ-ড ) যে স্বর্গ পথ দান করে, যজ্ঞ।
অনক্ষর, বিণ ( ন + অক্ষর ) বর্ণজ্ঞানহীন, মূর্খ।
অনঘ, বিণ ( ন + অঘ ) পাপশূন্য। নির্ম্মল।
অনঙ্গ, বিণ ( ন + অঙ্গ ) অঙ্গহীন। বি, পুং ; কন্দর্প, মদন। ( কথিত আছে যে, মদন হরের ধ্যানভঙ্গ করাতে হর-কোপানলে ভস্মীভূত হন,

তজ্জন্য ইহাঁর নাম অনঙ্গ )।

**অনটন**, বি, ক্লী ( ন + অটন ) অভাব, অপ্রতুল।

**অনড্বান্** ( অনডুহ্ ) বি, পুং ; ( অনস্-বহ-ক্বিপ ) বৃষ। স্ত্রী, অনডুহী, অনড্বাহী = গবী।

**অনধিকার**, বি, পুং ; অধিকার না থাকা।

**অনধিকারচর্চ্চা**, বি, স্ত্রী ; যে বিষয়ে অধিকার নাই তাহাতে হস্তক্ষেপ করা।

**অনধিকারপ্রবেশ**, বি, পুং ; নিবারিত হইয়াও অন্যের অধিকৃত স্থানে যাওয়া।

**অনধ্যায়** বি, পুং ( ন + অধ্যায় ) হিন্দু শাস্ত্র মতে অধ্যয়নের নিষিদ্ধকাল।

**অননুভূত**, বিণ ( ন + অনুভূত ) যাহা অনুভব করা হয় নাই। নঞ্ তৎ।

**অননুভূত পূর্ব্ব**, বিণ ; যাহা পূর্ব্বে অনুভব করা হয় নাই। ন অনুভূত পূর্ব্ব, নঞ্ তৎ ; অনুভূতপূর্ব্ব = অনুভূত হইয়াছে পূর্ব্বে যাহা, বহু।

**অনন্ত**, বিণ (ন + অন্ত) অন্তহীন। বি, পুং ; বিষ্ণু। বলরাম। বাসুকি সর্প। মেঘ। ক্লী ; ব্রহ্ম। আকাশ।

**অনন্তর**, ক্রি বিণ ( ন + অন্তর = ব্যবধান ) পশ্চাৎ, পরে। বিণ ; অন্তর রহিত।

**অনন্তব্রত**, বি, ক্লী ; ভাদ্র শুক্লা চতুর্দ্দশীতে করণীয় ব্রত।

**অনন্তা**, বি, স্ত্রী (অনন্ত + আপ্) পৃথিবী। দুর্গা। দূর্ব্বা।

**অনন্য**, বিণ ( ন + অন্য ) অন্য সম্পর্ক শূন্য। অভিন্ন।

**অনন্যকর্ম্মা**, বিণ ( ন + অন্য + কর্ম্মন্ ) যাহার অন্য কার্য্য নাই অর্থাৎ কোন বিশেষ কার্য্য সাধন জন্য যে অন্য সকল কর্ম্ম পরিত্যাগ করিয়াছে। ন (নাই) অন্য (অপর) কর্ম্ম যাহার, বহু।

**অনন্যগতি**, বিণ ; যাহার অন্য গতি নাই, নিরুপায়। ন (নাই) অন্য গতি (উপায়) যাহার, বহু।

**অনন্যমনাঃ** (মনস্) বিণ ; যাহার অন্য কোনও দিকে মন নাই, একাগ্রচিত্ত। ন ( নাই ) অন্য ( অপর বিষয়ে ) মনঃ যাহার, বহু।

**অনন্যবৃত্তি**, বিণ ; যে একরূপ কার্য্য করিয়া জীবিকা নির্ব্বাহ করে। একাগ্রচিত্ত।

**অনন্যসাধারণ** বিণ ; যাহা অন্যের সহিত সমান নয়, অসাধারণ।

**অনন্বিত**, বিণ ( ন + অন্বিত ), অসংলগ্ন, অসঙ্গত।

**অনপত্য**, বিণ ( ন + অপত্য ),

সন্তানবিহীন। ন (নাই) অপত্য যাহার,বহু। স্ত্রী,-ত্যা। বি,-ত্যতা।
অনপায়ী, বিণ (অনপায়+ইন্) অপায় রহিত, অবিনাশী। স্ত্রী, -য়িনী।
অনভিজাত, বিণ, (ন+অভি জাত) যে ভদ্র বংশে জন্মে নাই।
অনভিজ্ঞ, বিণ, (ন+অভিজ্ঞ) যার অভিজ্ঞতা জন্মে নাই। নঞ্‌তৎ। বি,-তা।
অনর্গল, বিণ (ন+অর্গল), অর্গলহীন, বাধাশূন্য।
অনর্থ, বি, পুং (ন+অর্থ) অশুভ, অনিষ্ট।
অনর্থক, বিণ (ন+অর্থ+ক আগম) বৃথা। ন (নাই) অর্থ (প্রয়োজন) যাহাতে, বহু।
অনর্থপাত, বি,পুং; অনিষ্ট ঘটনা।
অনর্হ, বিণ (ন+অর্হ) অযোগ্য।
অনল, বি, পুং (অন্ [বাঁচা]-করণ-অল্) যাহাদ্বারা বাঁচা যায়, অগ্নি।
অনলস, বিণ (ন+অলস) আলস্যশূন্য।
অনবদ্য, বিণ (ন+অবদ্য) অনিন্দনীয়; নির্দ্দোষ; নঞ্‌তৎ।
অনবধান, বিণ (ন+অবধান=মনোযোগ) অমনোযোগী। বি,-তা। [যোগিতা।
অনবধানতা, বি, স্ত্রী; অমনো-

অনবরত, ক্রিবিণ; সতত, নিরন্তর। ন (নাই) অবরতি (বিরাম) যাহাতে, বহু।
অনবস্থা, বি, স্ত্রী (ন+অবস্থা =স্থিরতা) অস্থিরতা। বিণ, -স্থিত।
অনবহিত, বিণ (ন+অবহিত) অমনোযোগী।
অনশন, বি, ক্লী (ন+অশন) অনাহার, উপবাস। নঞ্‌তৎ।
অনসূয়, বিণ (ন+অসূয়া) অসূয়াশূন্য, যে পরের গুণে দোষারোপ করেনা।
অনসূয়া, বি, স্ত্রী; অত্রিপত্নী। শকুন্তলার সখী।
অনাকুল, বিণ (ন+আকুল) শোক দুঃখাদি ঘটিলে যে অস্থির হয়না, অব্যাকুল।
অনাগত, বিণ (ন+আগত) অনুপস্থিত। ভাবী।
অনাঘ্রাত, বিণ (ন+আঘ্রাত) যাহার ঘ্রাণ লওয়া হয় নাই। নঞ্‌তৎ।
অনাচার, বি, পুং (ন+আচার) কদাচার। বিণ; আচারভ্রষ্ট।
অনাচারী, বিণ (অনাচার+ইন্) কদাচারী। স্ত্রী,-রিণী।
অনাতপ, বি, পুং (ন+আতপ) রৌদ্রহীনতা, ছায়া।
অনাথ, বিণ, (ন+নাথ) অস

হায়, নিরাশ্রয়। স্ত্রী,-থা।

অনাথ-নিবাস। বি, পুং; মাতা
অনাথাশ্রম } পিতৃহীন বালকদের আশ্রয় স্থান। ৬ষ্ঠীতৎ।

অনাথিনী, বি, স্ত্রী; অনাশ্রিতা পতিহীনা স্ত্রী।

অনাদর, বি, পুং, (ন+আদর) অযত্ন, অবজ্ঞা। বিণ,-দৃত।

অনাদৃত, বিণ (ন+আদৃত) অবমানিত, উপেক্ষিত।

অনাদি, বিণ (ন+আদি) যাহার আদি নাই, পরমেশ্বর।

অনাময়, বি, ক্লী (ন+আময় - রোগ) আরোগ্য।

অনামা } বি, স্ত্রী, কনিষ্ঠার
অনামিকা } নিকটস্থ অঙ্গুলি; ইহার দ্বারা ব্রহ্মার মস্তকচ্ছেদন হওয়ায়, ইহার নাম গ্রহণাযোগ্য বলিয়া ইহাকে অনামিকা বলা হয়। [অবশীভূত, অবাধ্য।

অনায়ত্ত, বিণ (ন+আয়ত্ত)

অনায়াস, ক্রি বিণ (ন+আয়াস) অক্লেশে, বিনা পরিশ্রমে। বহুব্রী। বিণ; আয়াসশূন্য।

অনারত, ক্রিবিণ (ন+আরত) নিরন্তর। [অভদ্র, নীচ।

অনার্য্য, বিণ (ন+আর্য্য)

অনাবিদ্ধ, বিণ (ন+আবিদ্ধ) অপরিক্ষত।

অনাবিল, বিণ (ন+আবিল) যাহা ঘোলা নয়, নির্ম্মল।

অনাবিষ্ট, বিণ (ন+আবিষ্ট) অমনোযোগী।

অনাবৃত, বিণ (ন+আবৃত) অনাচ্ছাদিত, খোলা।

অনাবৃষ্টি, বি, স্ত্রী (ন+আ- সম্যক+বৃষ্টি) বর্ষণাভাব।

অনাবেশ, বি, পুং (ন+আবেশ) অমনোযোগ।

অনাশ্রয়, বিণ; আশ্রয়হীন, অনাথ।

অনাস্থা, বি, স্ত্রী (ন+আস্থা) অযত্ন, অনাদর।

অনাহার, বি, পুং (ন+আহার) অনশন, উপবাস। বিণ,-রী।

অনাহূত, বিণ (ন+আহূত) অনিমন্ত্রিত।

অনিত্য, বিণ (ন+নিত্য) অস্থায়ী, নশ্বর।

অনিমি(মে)ষ, বিণ; নিমেষশূন্য, স্থির। বহুব্রী।

অনিয়ত, বিণ (ন+নিয়ত) অস্থির, অনিশ্চিত।

অনিরুদ্ধ, বি, পুং (ন+নিরুদ্ধ) কন্দর্পের পুত্র। বিণ; অপ্রতিরুদ্ধ।

অনির্ভিন্ন, বিণ (ন+নির্ভিন্ন) অপ্রকাশিত, গূঢ়।

অনির্ব্বচনীয়, বিণ (ন+নির্ব্বচনীয়) যাহা বাক্যে বলা যায় না, বচনাতীত। নঞ্তৎ।

অনির্ব্বাণ, বিণ ( ন+নির্ব্বাণ ) নির্ব্বাণ রহিত। অস্নাত।

অনির্ব্বিণ্ণ, বিণ ( ন+নির্ব্বিণ্ণ ) যাহা হইতে দুঃখী আর নাই, অতি দুঃখী। ন (নাই) নির্ব্বিণ্ণ ( দরিদ্র ) যাহা হইতে, বহু।

অনিল, বি, পুং ( অন্ [ বাচা ]-করণ-ইন্ ) যাহা দ্বারা বাচা যায়, বায়ু, বাতাস। [ অগ্নি।

অনিল সখ, বি, পুং; বায়ুর সখা,

অনিবার, ক্রিবিণ; সতত। বিণ, অনিবার্য্য।

অনিবার্য্য, বিণ ( ন+নিবার্য্য ) নিবারণের অযোগ্য, দুর্নিবার।

অনিশ, ক্রিবিণ ( ন+নিশা ) সতত, সর্ব্বদা।

অনিষ্ট, বি, ক্লী ( ন+ইষ্ট ) অপকার। বিণ; অনাভিলষিত।

অনীক, বি, পুং ( অন্-করণ-ঈক ) সৈনিক পুরুষ। সৈন্য। সমূহ। যুদ্ধ।

অনীকিনী, বি, স্ত্রী ( অনীক+ইন্, ঈপ্ ), পদাতি ১০৯৩৫, অশ্ব ৬৫৬১, হস্তী ২১৮৭, রথ ২১৮৭, সমুদায়ে ২১৮৭০ সেনা। কেবলসেনা অর্থেও ব্যবহৃত হয়।

অনু, ব্য ( অন-উ ) পশ্চাৎ। সদৃশ। সমীপ। সহিত।

অনুকম্পা, বি, স্ত্রী ( অনু-কম্প্-অ ) দয়া, অনুগ্রহ।

অনুকরণ, বি, ক্লী; ( অনু-কৃ-অনট্ ) সদৃশীকরণ, নকল।

অনুকল্প, বি, পুং; ন্যূনকল্প। গৌণকল্প।

অনুকূল, বিণ, সহায়, হিতকারী। উপযুক্ত। অনুরক্ত অব্যয়া, অনু ( সমীপ ) কূল যেরূপ, অর্থাৎ জলে নিমজ্জমান ব্যক্তির পক্ষে সমীপবর্ত্তী কূল যেরূপ সহায়। স্ত্রী,-লা।

অনুকৃত, বিণ ( অনু-কৃ-ক্ত ) যে বিষয়ের অনুকরণ করা হইয়াছে। [ অকথিত।

অনুক্ত, বিণ ( ন+উক্ত )

অনুক্রম, বি, পুং ( অনু-ক্রম্-অল্ ) পর পর, যথাক্রম।

অনুক্রমণিকা, বি, স্ত্রী ( ঐ-অনট্-ক ) গ্রন্থের ভূমিকা, মুখবন্ধ।

অনুক্রোশ, বি, পুং ( অনু-ক্রুশ-ঘঞ্ ) দয়া। [ স্তর।

অনুক্ষণ, ক্রি বিণ, সর্ব্বদা, নির-

অনুগ, বিণ ( অনু-গম-কর্ত্তৃ-ড ) পশ্চাদ্গামী। [ মতানুবর্ত্তী।

অনুগত, বিণ ( ঐ-ক্ত ) আশ্রিত,

অনুগমন, বি, ক্লী ( ঐ-ভাবে -অনট্ ) পশ্চাৎগমন।

অনুগামী, বিণ ( ঐ-কর্ত্তৃ-ণিন্ ) পশ্চাদ্গামী। স্ত্রী,-মিনী।

অনুগৃহীত, বিণ ( অনু-গ্রহ-কর্ম্ম-ক্ত ) যাহাকে অনুগ্রহ করা

গিয়াছে।
অনুগ্রহ, বি, পুং ( ঐ-ভাবে-অল্ ) কৃপা,দয়া। বিণ,-গৃহীত।
অনুগ্রাহক, বিণ ( ঐ-কর্ত্তৃ-ণক ) যে অনুগ্রহ করে। স্ত্রী,-হিকা।
অনুগ্রাহ্য, বিণ ( ঐ-কর্ম্ম-ঘ্যণ্ ) অনুগ্রহের পাত্র।
অনুচর, বিণ (অনু-চর-কর্ত্তৃ-অন্ ) অনুগামী। ভৃত্য। স্ত্রী,-রী।
অনুচিকীর্ষা, বি, স্ত্রী ( অনু-কৃ-সন্-ভাবে-অ-আপ্ ) অনুকরণেচ্ছা। বিণ,-র্ষু।
অনুচিত, বিণ ( ন+উচিত ) অসঙ্গত, অযুক্ত।
অনুজ, বিণ ( অনু—[ পশ্চাৎ ]-জন্-ড) যে পশ্চাৎ জন্মিয়াছে, কনিষ্ঠ। স্ত্রী,-জা।
অনুজীবী, বিণ ( অনু জীব-ণিন্ ) আশ্রিত; পোষ্য। স্ত্রী,-বিনী।
অনুজ্ঞা, বি, স্ত্রী ( অনু-জ্ঞা-ঙ ) অনুমতি।
অনুজ্ঞাত, বিণ ( ঐ-ক্ত ) অনুমতি প্রাপ্ত, আদিষ্ট।
অনুতপ্ত, বিণ ( অনু-তপ্-ক্ত ) কোনরূপ কার্য্য করিয়া পশ্চাৎ দুঃখিত, অনুতাপযুক্ত।
অনুতাপ,বি,পুং(ঐ-ঘঞ্)পশ্চাত্তাপ, অনুশোচনা,কোনও অন্যায়কার্য্য করিয়া তজ্জন্য পশ্চাৎ খেদ।
অনুত্তম, বিণ ( ন+উত্তম ) অধম। নঞ্‌তৎ। অত্যুত্তম। ন ( নাই ) উত্তম যাহা হইতে, বহু। [ প্রতিদিন।
অনুদিন, ক্রিবিণ; দিন দিন,
অনুদ্দিষ্ট, বিণ ( ন+উদ্দিষ্ট ), যাহার উদ্দেশ নাই।
অনুদ্দেশ, বি, পুং ( ন+উদ্দেশ ) উদ্দেশ না হওয়া।
অনুদ্রুত, বিণ ( অনু-দ্রু-কর্ত্তৃ-ক্ত ) পশ্চাৎ ধাবিত, অনুগত।
অনুধাবন,বি,ক্লী (অনু-ধাব্-অনট্) পশ্চাৎ দৌড়ান। মনোযোগ।
অনুধ্যান, বি,ক্লী (অনু-ধ্যৈ-অনট্) মঙ্গল চিন্তা। প্রগাঢ় চিন্তা।
অনুনয়, বি, পুং ( অনু-নী-অন্ ) বিনয়, প্রার্থনা।
অনুনাসিক, বি, পুং ( অনু=সহিত+নাসিকা ) নাসিকা সহযোগে উচ্চারিত বর্ণ, যথা—ঙ, ঞ, ণ, ন, ম।
অনুপদ,বা;অনন্তর,পশ্চাৎ। শীঘ্র।
অনুপপত্তি, বি, স্ত্রী ( ন+উপপত্তি ) অসংলগ্নতা। অসঙ্গতি।
অনুপম, বিণ ( ন+উপমা ) উপমারহিত,অত্যুৎকৃষ্ট। স্ত্রী,-মা।
অনুপাত, বি, পুং ( অনু-পত্ ঘঞ্ ) পশ্চাৎ পতন। (গণিতে) একরাশির সহিত অন্য এক রাশির যে সম্বন্ধ।
অনুপান, বি, ক্লী; ঔষধের সহিত

বা পশ্চাৎ পানীয় রসাদি।
অনুপ্রবেশ,বি,পুং;অন্তঃ প্রবেশ। প্রতিবিম্বরূপে পতন।
অনুপ্রাস, বি, পুং (অনু-প্র-অস্-ঘঞ্) শব্দালঙ্কার বিং। একরূপ ব্যঞ্জন বর্ণের বারংবার বিন্যাস।
অনুভব, বি, পুং (অনু-ভূ-অল্) জ্ঞান, বোধ।
অনুভাব, বি, পুং (ঐ-ঘঞ্) প্রভাব, মহিমা। মনেরভাব প্রকাশক ভ্রূভঙ্গী প্রভৃতি।
অনুভূত, বিণ (ঐ-ক্ত) উপলব্ধ, জ্ঞাত। [অনুভব, জ্ঞান।
অনুভূতি, বি, স্ত্রী (ঐ-ক্তি)
অনুমত, বিণ (অনু-মন-ক্ত) অনুমতি প্রাপ্ত। অনুমোদিত।
অনুমতি, বি, স্ত্রী (ঐ-ক্তি) অনুজ্ঞা, সম্মতি। পূর্ণিমাবিং, যে পূর্ণিমাতে এক কলাহীন চন্দ্র উদয় হন।
অনুমরণ, বি, ক্লী (অনু [সহ]+ মরণ) সহমরণ। মৃত স্বামীর পাদুকাদি লইয়া স্বামীর জ্বলন্ত চিতায় পত্নীর জীবন বিসর্জ্জন। বিণ,-মৃতা।
অনুমান, বি, ক্লী (অনু-মা-অনট্) হেতু দ্বারা বস্তু নির্ণয়। বোধ। বিণ,-মিত।
অনুমেয়, বিণ (ঐ-য) অনুমানের দ্বারা যাহা জানা যায়।
অনুমোদন, বি, ক্লী (অনু-মুদ-অনট্)সম্মতি দান.উচিত বলিয়া স্বীকার করা। বিণ,-মোদিত।
অনুমোদিত, বিণ (ঐ-ণ্ডি-ক্ত) যে বিষয়ের অনুমোদন করা হইয়াছে।
অনুযায়ী, বিণ (অনু-যা-ণিন্) অনুগামী। অনুরূপ। স্ত্রী,-য়িনী।
অনুযোগ, বি, পুং (অনু-যুজ্-ঘঞ্) জিজ্ঞাসা। আক্ষেপ প্রকাশ। মিষ্টভর্ৎসনা।
অনুরক্ত, বিণ (অনু রন্জ-ক্ত) অনুরাগ বিশিষ্ট, আসক্ত।
অনুরঞ্জন, বি, ক্লী (ঐ-ণ্ডি-অনট্) প্রীতিসম্পাদন। অনুরাগ জন্মান। রঙ্করা।
অনুরাগ, বি, পুং (অনু-রন্জ-ঘঞ্) প্রীতি, স্নেহ। আসক্তি। আদর, যত্ন। প্রবৃত্তি।
অনুরাগী, বিণ (অনুরাগ+ইন্) অনুরাগ বিশিষ্ট, আসক্ত। স্ত্রী,-গিনী।
অনুরুদ্ধ, বিণ (অনু-রুধ্-ক্ত) যাহাকে অনুরোধ করা গিয়াছে।
অনুরূপ, বিণ; তুল্য, সদৃশ। অনুযায়ী। স্ত্রী.-পা।
অনুরোধ, বি, পুং, (অনু-রুধ্-ঘঞ্) খাতির, সুপারিস।
অনুলিপ্ত, বিণ (অনু লিপ্-ক্ত)

যাহা লেপন করা হইয়াছে।
**অনুরঞ্জিত**। বি,-লেপ।
**অনুলেপন**, বি, ক্লী (ঐ-অনট্) চন্দনাদিদ্বারা লেপন। চন্দনাদি গন্ধ দ্রব্য।
**অনুলোম**, বি, পুং; অনুক্রম, যথাক্রম। বিণ; অনুকূল।
**অনুলোমজ**, বিণ (অনুলোম-জন্-কর্ত্তৃ-ড) যথাক্রমে জাত। উত্তম বর্ণের ঔরসে অধমবর্ণার গর্ভজাত; যথা-ব্রাহ্মণের ঔরসে ক্ষত্রিয়ার গর্ভ জাত ইত্যাদি।
**অনুবর্ত্তন**-বি, ক্লী (অনু-বৃত-অনট্) অন্যের মতানুসারে চলা। অনুগমন।
**অনুবর্ত্তী**, বিণ (ঐ-ণিন্) যে অন্যের মতানুসারে চলে। অনুগামী। স্ত্রী,-র্ত্তিনী।
**অনুবাদ**,বি, পুং (অনু-বদ্-ঘঞ্) ভাষান্তর করণ, তরজমা। পশ্চাৎ কথন।
**অনুবাদক**, বিণ (ঐ-ণক) অনুবাদ কারী। স্ত্রী,-দিকা।
**অনুবাদ্য**, বিণ (অনুবাদ+য) অনুবাদের যোগ্য।
**অনুবিদ্ধ**, বিণ (অনু-ব্যধ ক্ত) যুক্ত। খচিত। গ্রথিত।
**অনুবেল**, ব্য, (অনু=প্রতি, বেলা=সময়) প্রতি সময়, সর্ব্বদা। (অনু=সমীপ,বেলা=কূল) কূলসমীপে, উপকূলে।
**অনুশাসন**, বি, ক্লী (অনু-শাস্-অনট্) আজ্ঞা, আদেশ। উপদেশ। বিণ,-শিষ্ট। [উপদিষ্ট।
**অনুশিষ্ট**, বিণ (ঐ-ক্ত) আদিষ্ট।
**অনুশীলন**, বি, ক্লী (অনু-শীল্-অনট্) চর্চ্চা, আলোচনা, অভ্যাস।
**অনুশীলনী**, বি, স্ত্রী; যাহাকে অবলম্বন করিয়া অনুশীলন করা হয়, প্রশ্নাবলী।
**অনুশোচন**, (না) বি, ক্লী (অনু-শুচ্-অনট্) পশ্চাত্তাপ। শোক।
**অনুষঙ্গ**, বি, পুং (অনু-সন্জ-ঘঞ্) প্রসঙ্গ। সম্বন্ধ, সম্পর্ক।
**অনুষ্টুপ্** (ষ্টুভ্) বি, স্ত্রী, (অনু-ষ্টুভ্-ক্বিপ্) অষ্টাক্ষরচ্ছন্দো বিং।
**অনুষ্ঠাতা** (তৃ) বিণ (অনু-স্থা-কর্ত্তৃ-তৃন্) অনুষ্ঠানকারী। স্ত্রী,-ত্রী।
**অনুষ্ঠান**, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) আরম্ভ। সম্পাদন।
**অনুষ্ঠিত**, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) আরব্ধ। সম্পাদিত।
**অনুসন্ধান**, বি, ক্লী (অনু-সম্-ধা-অনট্) অন্বেষণ।
**অনুসন্ধায়ী**, বিণ (ঐ-ণিন্) যে অনুসন্ধান করে। স্ত্রী,-য়িনী।
**অনুসন্ধিৎসা**, বি, স্ত্রী (ঐ-সন্-অ-স্ত্রীআপ্) অনুসন্ধান করিবার ইচ্ছা। বিণ,-সু।

অনুসন্ধিৎসু, বিণ (ঐ-সন্-উ) অনুসন্ধান করিতে ইচ্ছুক।
অনুসন্ধেয়, বিণ (ঐ-ধা-য) অনুসন্ধানের যোগ্য।
{ অনুসরণ, বি, ক্লী (অনু-সৃ-অনট্)
{ অনুসার, বি, পুং (ঐ-ঘঞ্) অনুগমন। অনুকরণ।
অনুসূচনা, বি, স্ত্রী ; আন্দোলন।
অনুস্যূত, বিণ (অনু-সিব্-ক্ত) গ্রথিত। সম্বদ্ধ।
অনুস্বর } বি, পুং (অনু-
অনুস্বার } স্বৃ-ঘঞ্) একবিন্দু মাত্র বর্ণ, "ং"।
{ অনুহরণ, বি, ক্লী (অনু-হৃ-অনট্)
{ অনুহার, বি, পুং (ঐ-ঘঞ্) সদৃশীকরণ।
অনূঢ়, বিণ (ন+উঢ=বিবাহিত) অবিবাহিত। স্ত্রী,-ঢ়া।
অনূঢ়া, বিণ ; অবিবাহিতা।
অনূদিত, বিণ (অনু-বদ-কর্ম্ম-ক্ত) পশ্চাৎ কথিত। ভাষান্তরিত।
অনূন, বিণ (ন+উন) সম্পূর্ণ, সমগ্র।
অনূপ, বিণ (অনু অপ্-অ, নিপা) জলময় (দেশ)।
অনৃণী, বিণ (ন+ঋণী) ঋণশূন্য।
অনৃত, বিণ (ন+ঋত=সত্য) অসত্য, মিথ্যা। নঞ্তৎ।
{ অনৃতভাষী, বিণ (অনৃত-ভাষ্-ণিন)
{ অনৃতবাদী, (ঐ-বদ-ণিন্) মিথ্যাবাদী। স্ত্রী,-ষিণী,-দিনী
অনেক, বিণ (ন+এক) একনয়, বহু, নানা।
অনৈক্য, বি, ক্লী (ন+ঐক্য) ঐক্যের অভাব, মিল না থাকা
অনৌচিত্য, বি, ক্লী (ন+ঔচিত্য) ন্যায়বিরুদ্ধতা। বিণ, অনুচিত।
অন্ত, বি, পুং (অম্-তন্) নাশ। শেষ, সীমা। অবয়ব। নিশ্চয়। ক্লী ; স্বরূপ। বিণ ; নিকটস্থ। সুন্দর।
অন্তঃ (অন্তর্) ব্য (অন্ত-রা-অধি ক্বিপ্) মধ্যে। চিত্তে।
অন্তঃকরণ, বি, ক্লী ; অন্তরিন্দ্রিয়, মন। অন্তর্ (মধ্যস্থিত) করণ (ইন্দ্রিয়), কর্ম্মধা।
অন্তঃপাতী, বিণ (অন্তর্-পত ণিন্) মধ্যবর্ত্তী। স্ত্রী, তিনী।
অন্তঃপুর, বি, ক্লী ; স্ত্রী-গৃহ, অন্দর-মহল। পুরের অন্তঃ, ৬ষ্ঠীতৎ।
অন্তঃপুরিকা, বি, স্ত্রী ; অন্তঃপুর-চারিণী স্ত্রী, কঞ্চুকী।
অন্তঃশত্রু, বি, পুং; কাম ক্রোধাদি রিপুগণ।
অন্তঃসত্ত্বা, বিণ; গর্ভবতী। অন্তর্ (মধ্যে) সত্ত্ব (জীব) যাহার, বহু।
অন্তঃসলিল বাহিনী, বিণ, স্ত্রী ; যে নদীর জল ভূগর্ভ দিয়া প্রবাহিত হয়।

**অন্তঃস্থ, অন্তস্থ,** বিণ ; মধ্যবর্ত্তী। বি, পুং ; য র ল ব-বর্ণ।

**অন্তক,** বি, পুং ( অন্তি-ণক ) যম। বিণ ; নাশক।

**অন্তকাল,** বি, পুং ; চরম সময়, মৃত্যুকাল।

**অন্তগ,** বিণ ( অন্ত-গম্-ড ) প্রান্তবর্ত্তী। পারগামী। মৃত।

**অন্ততঃ,** ব্য ( অন্ত+তস্ ) ন্যূনকল্পে।

**অন্তর্,** ব্য (অম-অরন্) ভিতর। মধ্য। দূর।

**অন্তর,** বি, ক্লী (অন্ত-রা-ড) মধ্য। ব্যবধান। অবকাশ। প্রভেদ। অন্য, অপর। অন্তর্দ্ধান। ছিদ্র। সদৃশ।

**অন্তরঙ্গ,** বিণ ( অন্তর+অঙ্গ ) আত্মীয়, স্বজন। অন্তর ( সদৃশ ) অঙ্গ যাহার, বহু।

**অন্তরা,** ব্য ; মধ্যে। গীতাদির মধ্যবর্ত্তী পদ। [অন্তঃকরণ।

**অন্তরাত্মা,** বি, পুং ; জীবাত্মা।

**অন্তরাপত্যা,** বিণ, স্ত্রী ( অন্তর+অপত্য ) গর্ভবতী।

**অন্তরায়,** বি, পুং ( অন্তর-ই বা অয়-ঘঞ্ ) প্রতিবন্ধ, বিঘ্ন।

**অন্তরাল,** বি, ক্লী (অন্তরা-ল-ড) মধ্য। ব্যবধান, আড়াল।

**অন্তরিক্ষ,** বি, ক্লী ; আকাশ। অন্তর্ ( মধ্যে ) ঋক্ষ ( নক্ষত্র ) যাহার, বহু।

**অন্তরিত,** বিণ ( অন্তর+ইত ) ব্যবহিত। লুক্কায়িত।

**অন্তরীক্ষ,** বি, ক্লী ( অন্তর-ঈক্ষ্-ঘঞ্ ) যাহা সূর্য্যমণ্ডল ও পৃথিবীর মধ্যে দৃষ্ট হয়, আকাশ।

**অন্তরীপ,** বি, ক্লী (অন্তর+অপ্=জল-অ ) সাগর মধ্যে প্রবিষ্ট সূক্ষ্মভূভাগ, ( Cape )।

**অন্তরীয়,** বি, ক্লী ( অন্তর+ঈয় ) পরিধান বস্ত্র।

**অন্তর্গত,** বিণ;মধ্যগত। মনোগত।

**অন্তর্জল(লী),** বি,ক্লী,মুমর্ষু ব্যক্তিকে জলে-স্থলে রাখা। [জ্বালা।

**অন্তর্দাহ,** বি, পু ; শরীরের ভিতর

**অন্তর্দ্বার,** বি,ক্লী ; বাটীর মধ্যবর্ত্তী গুপ্ত দ্বার।

**অন্তর্দ্ধান,** বি,ক্লী (অন্তর্-ধা-অনট্) অদৃশ্য হওয়া, তিরোধান। বিণ,-হিত।

**অন্তর্ভূত,** বিণ ( অন্তর্-ভূ-ক্ত ) অন্তর্গত, মধ্যবর্ত্তী।

**অন্তর্যামী ( মিন্ )** বি,পুং (অন্তর্-যামি-কর্ত্তৃ-ণিন্ ) জীবের প্রবৃত্তি নিবৃত্তির নিয়ামক, ঈশ্বর। বিণ ; যিনি অন্তরের কথা জানিতে পারেন। স্ত্রী,-মিনী।

**অন্তর্ব্বত্নী,** বি, স্ত্রী ( অন্তর্+বতু, অস্ত্যর্থে+স্ত্রীঈপ্,নিপা)গর্ভবতী।

**অন্তর্ব্বর্ত্তী,** বিণ ( অন্তর্ বৃত-ণিন্ )

অন্তর্গত, অন্তঃপাতী। স্ত্রী,-র্ত্তিনী।
অন্তর্হিত, বিণ ( অন্তর্-ধা-ক্ত ) তিরোহিত, অদৃষ্ট।
অন্তশয্যা, বি, স্ত্রী ; মৃত্যুকালে ভূমিশয্যা। মৃত্যু। শ্মশান।
অন্তিক, বিণ (অন্ত+ইক) সমীপস্থ, নিকট। বি, ক্লী; সমীপ।
অন্তিকা, বি, স্ত্রী ; চুল্লী। নাটকে জ্যেষ্ঠা ভগিনী। [ চরম।
অন্তিম, বিণ (অন্ত+ডিম) শেষ,
অন্তেবাসী, বিণ ( অন্তে-বস্-কর্ত্তৃ-ণিন্ ) শিষ্য, ছাত্র। চণ্ডাল। নীচ। সমীপবর্ত্তী। স্ত্রী,-সিনী।
অন্ত্য, বিণ ( অন্ত+য ) অন্তস্থিত, শেষবর্ত্তী। নীচ, জঘন্য। ক্লী; সংখ্যা বিং।
অন্ত্যজ, বিণ( অন্ত্য জন্ ড ) নীচকুলজাত। বি; শূদ্র। নীচজাতি।
অন্ত্যবর্ণ, বি, পুং ; শেষ অক্ষর। শূদ্র।
অন্ত্যেষ্টি, বি, স্ত্রী ( অন্ত্য+ইষ্টি =যাগ ) চরম সংস্কার, দাহাদি কার্য্য। [ নাড়ীভুঁড়ি।
অন্ত্র, বি, ক্লী (অম্-ক্ত্র ) আঁতোড়,
অন্দর ( প্রা ) বি ; অন্তঃপুর।
অন্দু } বি, স্ত্রী ; হস্তি পাদ-
অন্দুক } বি, পুং; বন্ধন শৃঙ্খল। স্ত্রীলোকের পাদভূষণ, মল, পঞ্চম ইত্যাদি।
অন্ধ, বিণ ( অন্ধ-কর্ত্তৃ-অন ) দৃষ্টিহীন, দুই চক্ষু হীন।
অন্ধক, বি, পুং ( অন্ধ-কণ্, স্বার্থে ) মুনি বিং। দেশ বিং। বিণ; দৃষ্টিহীন।
অন্ধকার, বি, পুং, ক্লী ( অন্ধ-কৃ-ষণ্ ) তিমির, আঁধার। অন্ধ ( দৃষ্টিহীন ) করে যে, উপপদ।
অন্ধকূপ, বি, পুং ; অন্ধকারময় কূপ। নরক বিং।
অন্ধিসন্ধি ( প্রা ) বি ; ছিদ্র, প্রবেশ পথ। অনুসন্ধান।
অন্ন বি, ক্লী (অদ্-কর্ম্ম ক্ত)ওদন, ভাত। খাদ্য দ্রব্য।
অন্নদা, বি, স্ত্রী (অন্ন-দা-ড) ভগবতী। বিণ; অন্নদাত্রী।
অন্নপূর্ণা, বি, স্ত্রী ; ভগবতী, কাশীর বিশ্বেশ্বরী।
অন্নপ্রাশন, অন্নাশন, বি, ক্লী ; শিশুর প্রথম অন্নভক্ষণরূপ সংস্কার।
অন্য, বিণ, ( অন্-য ) ভিন্ন, অপর।
অন্যতম, বিণ ( অন্য+তম ) বহুর মধ্যে এক। [ মধ্যে এক।
অন্যতর, বিণ ( ঐ+তর ) দুয়ের
অন্যত্র ব্য ( ঐ+ত্র ) অন্যস্থানে, অন্যদিকে। [ নতুবা।
অন্যথা, ব্য(ঐ+থাচ্)অন্যপ্রকারে।
অন্যদীয়, বিণ (অন্যৎ+ঈয়)অন্যের
অন্যপুষ্ট, বি, পুং; পরভৃৎ, কোকিল। অন্য কর্ত্তৃক। অর্থাৎ কাকের

দ্বারা ) পুষ্ট ( পালিত ) তস্মাতৎ। বিণ; অন্যদ্বারা পালিত। স্ত্রী,-ষ্টা।

**অন্যপূর্ব্বা**, বি, স্ত্রী ; যে বাগ্‌দত্তা কন্যার বিবাহের পূর্ব্বে বরের মৃত্যু হয়।

**অন্যভৃৎ** ( অন্য-ভৃ-কর্ত্তৃ-ক্বিপ্ )
**অন্যভৃত** (ঐ-কর্ম্ম-ক্ত) বিং,পুং ; কোকিল।

**অন্যমনাঃ** ( নস্ )
**অন্যমনস্ক** বিণ ; যাহার মনঃ অন্যদিকে আছে।

**অন্যবিধ**, বিণ ( অন্যা + বিধা = প্রকার ) অন্যপ্রকার।

**অন্যাদৃক্**, **অন্যাদৃশ**, বিণ ( অন্য-দৃশ্ ক্বিপ্, টক্ ) অন্য প্রকার।

**অন্যান্য** বিণ; (অন্য + অন্য) অপরাপর, আর আর।

**অন্যায়**, বি, পুং ( ন + ন্যায় ) অবিচার, অনৌচিত্য। বিণ ; অনুচিত।

**অন্যায্য**, বিণ ( ন + ন্যায্য ) ন্যায়-বিরুদ্ধ, অনুচিত।

**অন্যূন**, বিণ ( ন + ন্যূন ) যাহা ন্যূন নহে, সমগ্র।

**অন্যোন্য**, ক্রি, বিণ ( অন্য + অন্য, নিপা ) পরস্পর।

**অন্বয়**, বি, পুং ( অনু-ই-অল্ ) বংশ। পদের পরস্পর সম্বন্ধ।

**অন্বয়ব্যতিরেক** বি, পুং; পরস্পর নিত্য-সম্বন্ধ ; যাহা থাকিলে কিছু থাকে, যাহা না থাকিলে কিছু থাকেনা, এইরূপ সম্বন্ধবিং।

অন্বর্থ, বিণ (অনু + অর্থ ) প্রকৃত অর্থযুক্ত, যথার্থ।

অন্বাচয়, বি, পুং ( অনু-আ-চি-অল্ ) আনুষঙ্গিকতা, এক উদ্দেশ্যের সহিত অন্য অনুদ্দেশ্য বিষয়ের সিদ্ধি।

অন্বিত, বিণ ( অনু-ই-ক্ত ) যুক্ত, বিশিষ্ট। মিলিত। অন্বয়বিশিষ্ট।

অন্বিষ্ট, বিণ (অনু-ইষ-ক্ত) যাহার অন্বেষণ করা গিয়াছে।

অন্বেষক, বিণ ( ঐ-ণক ) যে অন্বেষণ করে। স্ত্রী,-ষিকা।

অন্বেষণ, বি, ক্লী ( ঐ-অনট্ ) অনুসন্ধান। বিণ,-ন্বিষ্ট।

অন্বেষিত, বিণ , যাহার অন্বেষণ করা হইয়াছে, অন্বিষ্ট।

অপ্, বি, স্ত্রী (আপ্-ক্বিপ্) জল :

অপ, ব্য ( ন-পা-ড ) অপকৃষ্ট ; হীন। বিরুদ্ধ। কুৎসিত।

অপকর্ম্ম, বি, ক্লী ; কুকর্ম্ম, অসৎ কার্য্য।

অপকর্ষ, বি, পুং (অপ কৃষ অল্ ) অপকৃষ্টতা, হীনতা।

অপকলঙ্ক, বি, পুং ; মিথ্যা অপবাদ, দুর্নাম।

অপকার, বি,পুং ( অপ-কৃ-ঘঞ্ ) অনিষ্ট, ক্ষতি।

অপকারক, অপকারী, বিণ ( ঐ-

ণক, ণিন্ ) অনিষ্টকারী। স্ত্রী,-রিকা,-রিণী।
অপকীর্ত্তি, বি, স্ত্রী; অখ্যাতি, কলঙ্ক।
অপকৃত, বিণ (অপ-কৃ-ক্ত) যার অপকার ঘটিয়াছে।
অপকৃষ্ট, বিণ (অপ-কৃষ্-ক্ত) মন্দ, অধম, নীচ।
অপক্রম } বি,পুং (অপ-ক্রম-অল্)
অপক্রমণ } বি, ক্লী (ঐ-অনট্) পলায়ন।
অপক্রান্ত,বিণ (ঐ-ক্ত) পলায়িত।
অপক্রিয়া, বি, স্ত্রী (অপ-কৃ-শ) অপকার।
অপক্ব, বিণ (ন+পক্ব) অপরিণত, কাঁচা।
অপক্ষয়, বি,পুং; বিনাশ,ধ্বংস।
অপগত, বিণ (অপ-গম-ক্ত) দূরীভূত। পলায়িত। বিনষ্ট। রহিত।
অপগম, বি, পুং (ঐ-অল্) প্রস্থান। বিনাশ।
অপঘাত, বি,পুং (অপ-হন্-ঘঞ্) অপমৃত্যু। প্রাণনাশক আঘাত।
অপঘাতক, বিণ (ঐ-ণক্) অপঘাতকারী
অপচয়, বি, পুং (অপ-চি অল্) ক্ষতি, হানি। বিণ,-চিত।
অপচার, বি,পুং (অপ চর-ঘঞ্) অহিতাচরণ। কুপথ্য সেবা। স্বধর্ম্ম ব্যতিক্রম।
অপচিকীর্ষা, বি, স্ত্রী (অপ-কৃ-সন্ অ) অপকার করিবার ইচ্ছা।
অপচিত, বিণ (অপ-চি-ক্ত) যার অপচয় হইয়াছে।
অপচ্ছায়, বিণ (অপ+ছায়া) ছায়াশূন্য।
অপচ্ছায়া, বি, স্ত্রী; অপ্রশস্ত ছায়া, আবছায়া।
অপটু, বিণ (ন+পটু) অনিপুণ। অক্ষম। রোগী।
অপত্য, বি, ক্লী (ন-পত-য) যদ্দ্বারা বংশের পতননিবারণ হয়, সন্তান।
অপত্যস্নেহ, বি, পুং; সন্তানের প্রতি স্বাভাবিক ভালবাসা।
অপত্রপ, বিণ (অপ+ত্রপা=লজ্জা) নির্লজ্জ।
অপথ, বি, ক্লী (ন+পথিন্) কুপথ, মন্দপথ।
অপথ্য, বিণ (ন+পথ্য) কুপথ্য।
অপদস্থ, বিণ (ন+পদস্থ) পদচ্যুত। অবমানিত।
অপদার্থ, বিণ; অসার,অকর্ম্মণ্য।
অপদেবতা, বি, স্ত্রী; অপকৃষ্ট দেবতা, ভূতপ্রেতাদি।
অপদেশ, বি, পুং (অপ-দিশ-ঘঞ্) ছল। লক্ষ্য। স্থান।
অপনয় } বি, পুং(অপ-নী-অল্)
অপনয়ন } বি, ক্লী (ঐ-অনট্)

নিবারণ দূরীকরণ। খণ্ডন। বিণ,-নীত।
অপনীত, বিণ (নী-ক্ত) দূরীকৃত। খণ্ডিত।
অপনোদন, বি ক্লী (অপ-নুদ-অনট্) নিবারণ। দূরীকরণ।
অপপ্রয়োগ, বি, পুং; অশুদ্ধ প্রয়োগ, ব্যাকরণ বিরুদ্ধ পদের প্রয়োগ। [ ইতর ভাষা।
অপভাষা, বি, স্ত্রী; অপকৃষ্টভাষা,
অপভ্রংশ, বি, পুং (অপ-ভ্রন্শ-ঘঞ্) অধঃপতন। অপভাষা।
অপমান, বি, ক্লী (অপ মন্ ঘঞ্) মানহানি, অনাদর, অবজ্ঞা। বিণ,-নিত।
অপমানিত, বিণ (অপমান+ইত) অনাদৃত, অবজ্ঞাত।
অপমার্গ, বি,পুং (অপ-মৃজ্ ঘঞ্) পরিক্রিয়া, অঙ্গমার্জ্জন।
অপমৃত্যু, বি, পুং; রোগ ব্যতিরেকে সর্পদংশনাদিকারণেমৃত্যু।
অপযশঃ, বি, ক্লী; অখ্যাতি,নিন্দা।
অপযান, বি, ক্লী; (অপ-যা-অনট্) পলায়ন। প্রস্থান।
অপর, বিণ; অন্য। প্রতিকূল। বি, ক্লী; হস্তীর পশ্চাদ্ভাগ বা পদ। [ অপিচ।
অপরঞ্চ, ব্য (অপরম্+চ)আরও,
অপরক্ত, বিণ (অপ-রন্জ-ক্ত) বিরক্ত।
অপরত্র, ব্য (অপর+ত্র,৭মীতে) পরকালে। অন্যত্র।
অপরপক্ষ, বি, পুং; কৃষ্ণপক্ষ।
অপররাত্র, বি, পুং (অপর+রাত্রি) শেষ রাত্রি। রাত্রির অপর (শেষ ভাগ) ৬ষ্ঠীতৎ।
অপরা, বি, স্ত্রী; পশ্চিমদিক্। জরায়ু। [ বিরাগ, বিদ্বেষ।
অপরাগ, বি,পুং (অপ-রন্জ-ঘঞ্)
অপরাজিত, বিণ (ন+পরাজিত) অপরাভূত।
অপরাজিতা, বি, স্ত্রী; দুর্গা। দূর্ব্বা। স্বনামপ্রসিদ্ধ লতা।
অপরাধ, বি, পুং (অপ-রাধ্-অল্) দুষ্কর্ম্ম জন্য দোষ, পাপ।
অপরাধী, বিণ (অপরাধ+ইন্) দোষী। স্ত্রী,-ধিনী।
অপরান্ত, বি,পুং (অপরা+অন্ত) পশ্চিমদিগন্ত। বিণ; পশ্চিম দেশীয়।
অপরাহ্ণ, বি, পুং (অপর+অহন্+ষ) বৈকাল বেলা। অহনের (দিনের) অপর (শেষভাগ), ৬ষ্ঠীতৎ; পূর্ব্বপদের পরনিপাত।
অপরিগ্রহ, বি,পুং; গ্রহণাভাব। অস্বীকার। বিণ; পত্নীরহিত।
অপরিচ্ছন্ন, বিণ; অপরিষ্কৃত, মলিন। নঞ্তৎ।
অপরিচ্ছিন্ন, বিণ; ইয়ত্তারহিত, অসীম। নঞ্তৎ।

অপরিণত, বিণ, অপক্ব, কাঁচা।

অপরিণামদর্শী, বিণ, যে ভবিষ্যৎ চিন্তা না করিয়া কার্য্য করে, অবিবেচক। স্ত্রী,-র্শিনী। বি, -র্শিতা।

অপরিমিত, বিণ; প্রচুর, যথেষ্ট।

অপরিসর, বিণ; অপ্রশস্ত, সঙ্কীর্ণ।

অপরিসীম, বিণ (ন+পরিসীমা) যাহার সীমা নাই, অসীম, অনন্ত। বহুব্রী।

অপরিহার্য্য, বিণ; (ন+পরিহার্য্য) যাহা পরিত্যাগের যোগ্য নহে, অপরিত্যাজ্য। নঞ্‌তৎ।

অপরূপ, বিণ; অদ্ভুত, আশ্চর্য্য।

অপর্ণা, বি, স্ত্রী; দুর্গা, পার্ব্বতী। ন (ভুক্ত নয়) পর্ণ (বৃক্ষপত্র) যৎ কর্তৃক, বহু।

কথিত আছে যে, পার্ব্বতী মহাদেবকে পতিরূপে প্রাপ্ত হইবার জন্য তপস্যায় প্রবৃত্ত হইয়া প্রথমে বৃক্ষপত্র ভোজন করিতেন, পরে তাহাও পরিত্যাগ করিয়াছিলেন। তজ্জন্য পার্ব্বতীর এক নাম অপর্ণা।

অপর্য্যাপ্ত, বিণ (ন+পর্য্যাপ্ত) পর্য্যাপ্তাধিক, প্রচুর, যথেষ্ট। অসম্পূর্ণ। ন (নাই) পর্য্যাপ্ত (প্রচুর) যাহা হইতে, বহু।

অপলাপ, বি, পুং; (অপ লপ্-ঘঞ্) গোপন। অস্বীকার।

অপবর্গ, বি, পুং (অপ-বৃজ্-ঘঞ্) মুক্তি, মোক্ষ।

অপবাদ, বি,পুং (অপ বদ্-ঘঞ্) অখ্যাতি, নিন্দা।

অপবাদক, বিণ (ঐ-ণক) নিন্দাকারী। স্ত্রী,-দিকা।

অপবারণ, বি, ক্লী (অপ-বারি-অনট্) ব্যবধান। বর্জ্জন। অন্তর্ধান। বিণ,-রিত।

অপবাহিত, বিণ (অপ-বাহি-ক্ত) যাহাকে সরাইয়া দেওয়া হইয়াছে।

অপবিত্র, বিণ (ন+পবিত্র) অশুচি, অশুদ্ধ। নঞ্‌তৎ। বি,-ত্রতা।

অপবিদ্ধ, বিণ; পরিত্যক্ত। প্রক্ষিপ্ত। নিরস্ত।

বি, পুং; দ্বাদশবিধ পুত্র মধ্যে এক প্রকার পুত্র।

অপব্যয়, বি,পুং; অসৎকর্ম্মে ব্যয়।

অপব্যয়ী, বিণ (অপব্যয়+ইন্) যে অপব্যয় করে। স্ত্রী,-য়িণী।

অপশব্দ, বি, পুং; ইতরশব্দ, ব্যাকরণ দুষ্ট শব্দ।

অপসরণ, বি, ক্লী (অপ-সৃ-অনট্) সরিয়া যাওয়া, স্থানান্তর গমন। বিণ,-সৃত।

অপসর্প, বি, পুং (অপ-সৃপ্-অন্) গুপ্তচর।

অপসর্পণ বি, ক্লী (ঐ-অনট্) স্থানান্তর গমন।

অপসারণ, বি, ক্লী (অপ-সারি-

অনট্) সরাইয়া দেওয়া। বিণ,-রিত। [ কৃত, বহিস্কৃত।
অপসারিত, বিণ ( ঐ-ক্ত ) দূরী-
অপস্থত, বিণ ( অপ-সৃ-কর্ত্তৃ-ক্ত ) অপগত। [ মৃগী রোগ।
অপস্মার, বি, পুং (অপ-স্মৃ-ঘঞ্)
অপহরণ, বি, ক্লী (অপ-হৃ-অনট্) চুরি। বিণ,-হৃত।

{ অপহর্ত্তা (অপ-হৃ-তৃন্); স্ত্রী,-র্ত্রী,
অপহারক (ঐ-ণক্); স্ত্রী,-রিকা,
অপহারী ( ঐ-ণিন্ ); স্ত্রী -রিণী,
বিণ; যে অপহরণ করে, চোর।

অপহৃত, বিণ (ঐ-ক্ত) যাহা অপহরণ করা হইয়াছে।
অপহ্নব, বি, পুং ( অপ-হ্নু-অল্ ) অপলাপ। চৌর্য্য। স্নেহ।
অপহ্নুতি, বি, স্ত্রী ( ঐ-ক্তি ) অপলাপ। কাব্যালঙ্কার বিং।
অপাঙ্গ, বি,পুং (অপ+অঙ্গ)চক্ষুর প্রান্তভাগ। তিলক। কটাক্ষ।
অপাঙ্গদর্শন, বি,ক্লী; আড়চোকে তাকান, কটাক্ষপাত।
অপাত্র, বি, ক্লী; অসৎপাত্র।
অপাদান, বি,ক্লী (অপ+আদান) কারক বিং।
অপান, বি,পুং, (অপ-অন-ঘঞ্) গুহ্যদ্বার। গুহ্যদেশস্থ বায়ু।
অপায়, বি, পুং ( অপ-ই-ঘঞ্ ) বিনাশ। অপগম। বিশ্লেষ।
অপার, বিণ ( ন+পার ) যাহার পার নাই, অকূল। অসীম। বহুব্রী। [ অক্ষম, অশক্ত।
অপারক, বিণ ( ন+পারক )
অপি, ব্য (ন-পি-ক্বিপ্) সম্ভাবনা। নিশ্চয়। সন্দেহ। সমুচ্চয়। প্রশ্ন।
অপিচ, ব্য; আরও।
অপিতু, ব্য; কিন্তু। যদি।
অপুত্র, অপুত্রক, বিণ; পুত্রহীন।
অপুনরাবৃত্তি, বি, স্ত্রী; পুনর্ব্বার না আসা। পুনর্জন্ম না হওয়া।
অপূপ, বি, পুং পিষ্টক, পিঠা।
অপূর্ব্ব, বিণ, ( ন+পূর্ব্ব ) যাহা পূর্ব্বে হয় নাই, নূতন। আশ্চর্য্য।
অপৃক্ত, বিণ; অমিশ্রিত। অসম্বদ্ধ।
অপেক্ষা, বি, স্ত্রী ( অপ-ঈক্ষ-অ-আপ্ ) প্রতীক্ষা। আকাঙ্ক্ষা। তুলনা। সম্বন্ধ। অনুরোধ। যত্ন।
অপেক্ষণীয়, বিণ (ঐ-অনীয়) অপেক্ষাযোগ্য।
অপেক্ষাকৃত, বিণ; পূর্ব্বের অপেক্ষা অধিক বা অল্প।
অপেক্ষিত, বিণ; প্রতীক্ষিত। আকাঙ্ক্ষিত।
অপেত, বিণ ( অপ-ই ক্ত ) অপগত। চ্যুত।
অপেয়, বিণ ( ন+পেয় ) পানের অযোগ্য।
অপোগণ্ড, বিণ ( অপ-গম্ ড ) শিশু, অপ্রাপ্ত বয়স্ক। বিকলাঙ্গ।

অপৌরুষ, বি, ক্লী; পুরুষকার না থাকা। অযশ।

অপ্রকাশ, বি, পুং; অনুদয়। গোপন। বিণ; প্রকাশ রহিত।

অপ্রকাশ্য, বিণ; প্রকাশের অযোগ্য, গোপনীয়।

অপ্রতি(তী)কার্য্য, বিণ; প্রতীকারের অযোগ্য।

অপ্রতিভ, বিণ (ন+প্রতিভা) অপ্রস্তুত, লজ্জিত। দীপ্তিহীন। বহুব্রী।

অপ্রতিম, বিণ (ন+প্রতিমা) তুলনারহিত, নিরুপম।

অপ্রতিরথ, বিণ; যাহার সমকক্ষ যোদ্ধা নাই।

অপ্রতিবিধেয়, বিণ; প্রতীকারের অযোগ্য।

অপ্রতিষ্ঠ, বিণ, প্রতিষ্ঠাহীন, যশোহীন।

অপ্রতিহত, বিণ; ব্যাঘাত শূন্য. নির্বাধ।

অপ্রতুল, বি, ক্লী (ন+প্র+তুলা =পরিমাণ) অভাব। অসঙ্গাত।

অপ্রত্যক্ষ,বিণ (ন+ পতি+অক্ষ) অতীন্দ্রিয়, ইন্দ্রিয়ের অগোচর।

অপ্রত্যয়, বি, পুং; অবিশ্বাস।

অপ্রমত্ত, বিণ; সতর্ক, সাবধান।

অপ্রমেয়, বিণ; অপরিমেয়, যাহার পরিমাণ করা অসাধ্য।

অপ্রশস্ত, বিণ; মন্দ। সঙ্কীর্ণ।

অপ্রস্তুত,বিণ; অপ্রতিভ,লজ্জিত।

অপ্রহত, বিণ; যাহা প্রহত অর্থাৎ মাড়ান হয় নাই। অক্ষুণ্ণ, কর্ষণ রহিত।

অপ্রাকৃত, বিণ; অস্বাভাবিক। অসাধারণ।

অপ্রাপ্তবয়স্ক, বিণ; যে পৈতৃক সম্পত্তি অধিকার করিবার উপযুক্ত বয়স প্রাপ্ত হয় নাই। অর্থাৎ যাহার বয়স ১৫ বৎসর উত্তীর্ণ হয় নাই, নাবালক।

অপ্রাপ্তব্যবহার,বিণ; যে ব্যবহার যোগ্য বয়স প্রাপ্ত হয় নাই, নাবালক।

অপ্রাপ্য, বিণ (ন+প্রাপ্য) দুষ্প্রাপ্য, দুর্লভ।

অপ্রিয়, বিণ (ন+প্রিয়) যাহার প্রতি অনুরাগ নাই,অপ্রীতিকর।

অপ্রিয়ভাষী(অপ্রিয়-ভাষ্-ণিন্)
অপ্রিয়বাদী (ঐ-বদ্-ণিন্); বিণ; যে অপ্রিয় কথা বলে, কটুভাষী। স্ত্রী,-ষিণী,-দিনী।

অপ্সরা, বি, স্ত্রী (অপ্-সৃ-কর্তৃ-অন্-স্ত্রী আপ্) স্বর্গবেশ্যা।

অফেন, বি, ক্লী; অহিফেন। বিণ; ফেনারহিত।

অভদ্র, বিণ; যাহার আচার ব্যবহার ভাল নয়, নিন্দিত। বি,-তা। [ভয়শূন্যতা।

অভয়, বিণ; ভয়শূন্য। বি, ক্লী;

**অভয়া**, বি, স্ত্রী ; দুর্গা। হরীতকী।

**অভব্য**, বিণ ; অসভ্য, যে শিষ্টাচার জানে না। বি,-তা।

**অভাজন**, বিণ ( ন+ভাজন=পাত্র ) অপাত্র, অযোগ্য।

**অভাব**, বি, পুং ( ন+ভাব ) না থাকা, অবিদ্যমানতা।

**অভাবনীয়**, বিণ ( ন+ভূ বি-কর্ম্ম-অনীয় ) অচিন্তনীয়। অসম্ভাবনীয়।

**অভি**, ব্য (ন-ভা-কি) আভিমুখ্য সাদৃশ্য। সমন্তাৎ। নিকট। বীপ্সা। অভিলাষ। উৎকর্ষ।

**অভিখ্যা**, বি, স্ত্রী ( অভি-খ্যা ঙ ) খ্যাতি। কীর্ত্তি। নাম। শোভা।

**অভিগমন**, বি, ক্লী ; সম্মুখে গমন, প্রত্যুদ্গমন। আশ্রয়।

**অভিঘাত**, বি, পুং ; আঘাত। প্রতিঘাত।

**অভিঘার**, বি, পুং অভি-ঘৃ-ঘঞ্ ) হোম। ঘৃত।

**অভিচার**, বি, পুং ( অভি-চর্ ভাবে-ঘঞ্ ) তন্ত্রশাস্ত্রোক্ত হিংসাত্মক কার্য্য। ইহা ছয় প্রকার ; যথা,—মারণ, মোহন, স্তম্ভন, বিদ্বেষণ, উচ্চাটন, বশীকরণ।

**অভিজন**, বি, পুং ; বংশ। পরিবার। স্বদেশ। কুলশ্রেষ্ঠ।

**অভিজাত**, বিণ ; সদ্বংশজাত। পণ্ডিত। সুন্দর। ন্যায্য।

**অভিজ্ঞ**, বিণ ( অভি-জ্ঞা-ড ) জ্ঞানী, বহুদর্শী। বি,-তা।

**অভিজ্ঞতা**, বি স্ত্রী (অভিজ্ঞ+তা) অনেক দেখিয়া শুনিয়া যে জ্ঞান জন্মে।

**অভিজ্ঞান**, বি, ক্লী ( অভি-জ্ঞা-অনট্ ) স্মৃতিজনক চিহ্ন।

**অভিজ্ঞানপত্র**, বি, ক্লী ; ব্যক্তি বিশেষের পরিচয় জ্ঞাপক পত্র, সার্টিফিকেট্।

**অভিতপ্ত**, বিণ ; তাপযুক্ত। দুঃখিত।

**অভিধা**, বি, স্ত্রী ( অভি-ধা-ঙ ) নাম। শব্দের শক্তি বিং।

**অভিধান**, বি, ক্লী ( ঐ-অনট্ ) নাম। কথন। শব্দার্থ নিরূপণ গ্রন্থ বিং। [ বি, শব্দের অর্থ।

**অভিধেয়**, বিণ ( ঐ-য ) বক্তব্য।

**অভিধ্যা**, বি, স্ত্রী ( অভি-ধ্যৈ ঙ-আপ্ ) পরধন ইচ্ছা। চিন্তা।

**অভিনন্দন** বি, ক্লী ( অভি-নন্দ্-অনট্ ) স্বয় আনন্দিত হইয়া অন্যকে আনন্দিত করা। প্রশংসা করা।

**অভিনয়**, বি, পুং (অভি-নী-অল্) অঙ্গভঙ্গি, বাক্য অথবা বেশ বিন্যাসাদিদ্বারা কোন ব্যক্তি, বস্তু বা ব্যাপারের অনুরূপকরণ। বিণ, নীত।

**অভিনব,** বিণ ( অভি-নু-অল্ ) নূতন। স্ত্রী,-বা।

**অভিনিবিষ্ট,** বিণ ( অভি-নি-বিশ-ক্ত) অত্যন্ত মনোযোগী। অন্তঃ-প্রবিষ্ট। বি,-নিবেশ।

**অভিনিবেশ,** বি, পুং ( ঐ-ঘঞ্ ) অত্যন্ত মনোযোগ। অন্তঃ প্রবেশ।

**অভিনীত,** বিণ ( অভি-নী-ক্ত ) যে বিষয়ের অভিনয় করা হইয়াছে।

**অভিনেতা,** ( তৃ ) বিণ ( ঐ-তৃন্ ) অভিনয় কারী। নট। স্ত্রী,-ত্রী।

**অভিনেয়,** বিণ (ঐ-য) অভিনয়ের যোগ্য। [ নয়, এক।

**অভিন্ন,** বিণ ( ন+ভিন্ন ) ভিন্ন

**অভিপন্ন,** বিণ ( অভি-পদ-ক্ত ) অপরাধী। বিপন্ন। শরণাগত। স্বীকৃত।

**অভিপ্রণীত,** বিণ ; সম্যক্‌রচিত। মন্ত্রসংস্কৃত।

**অভিপ্রায়,** বি, পুং ( অভি-প্র-ই-অল্ ) ইচ্ছা, মনোগত ভাব। মত। বিণ,-প্রেত।

**অভিপ্রেত,** বিণ (ঐ-ক্ত) বাঞ্ছিত, অভীষ্ট।

**অভিভব,** বি, পুং (অভি-ভূ-অল্) পরাজয়। বিণ,-ভূত।

**অভিভাবক,** বিণ ( ঐ-ণক ) রক্ষক, প্রতিপালক। স্ত্রী,-বিকা।

**অভিভূত,** বিণ ( ঐ-ক্ত ) পরাজিত। আচ্ছন্ন। বিহ্বল।

**অভিমত,** বি,ক্লী ( অভি-মন ক্ত ) মত, অভিপ্রায়। বিণ ; সম্মত, অনুমত। অভীষ্ট। অভিপ্রেত।

**অভিমন্যু,** বি, পুং (অভি+মন্যু) অর্জ্জুনের ঔরসে সুভদ্রার গর্ভজাত পুত্র।

**অভিমর্শ** ( র্ষ ), বি, পুং ( অভি-মৃশ্(ষ্)-ঘঞ্) স্পর্শ। অবমাননা।

**অভিমান,** বি, পুং ( অভি-মন্-ঘঞ্ ) অহঙ্কার। জ্ঞান। অল্প কারণেই দুঃখ বা অপমান বোধ করা।

**অভিমানী,** বিণ (অভিমান+ইন, অস্ত্যর্থে) যার অভিমান আছে। স্ত্রী,-নিনী।

**অভিমুখ,** বি, ক্লী ; সম্মুখ। বিণ ; সম্মুখবর্ত্তী। স্ত্রী, খী,-খা।

**অভিমুখীন,** বিণ ( অভিমুখ+ঈন ) সম্মুখবর্ত্তী। স্ত্রী,-না।

**অভিযান,** বি, ক্লী ( অভি-যা অনট্ ) আক্রমণ। যুদ্ধযাত্রা।

**অভিযুক্ত,** বিণ ( অভি-যুজ-ক্ত ) যাহার নামে অভিযোগ অর্থাৎ নালিশ করা হইয়াছে, প্রতিবাদী। আক্রান্ত।

**অভিযোক্তা,** বিণ (ঐ তৃন্ ) অভিযোগকারী, বাদী। স্ত্রী,-ক্ত্রী।

**অভিযোগ,** বি, পুং ( ঐ-ঘঞ্ )

অভয়া, বি, স্ত্রী ; দুর্গা। হরীতকী।
অভব্য, বিণ ; অসভ্য, যে শিষ্টাচার জানে না। বি,-তা।
অভাজন, বিণ ( ন+ভাজন= পাত্র ) অপাত্র, অযোগ্য।
অভাব, বি, পুং (ন+ভাব) না থাকা, অবিদ্যমানতা।
অভাবনীয়, বিণ ( ন+ভ বি-কর্ম্ম-অনীয় ) অচিন্তনীয়। অসম্ভাবনীয়।
অভি, ব্য (ন-ভা-কি) আভিমুখ্য। সাদৃশ্য। সমন্তাৎ। নিকট। বীপ্সা। অভিলাষ। উৎকর্ষ।
অভিখ্যা, বি, স্ত্রী ( অভি-খ্যা-ঙ ) খ্যাতি। কীর্ত্তি। নাম। শোভা।
অভিগমন, বি, ক্লী ; সম্মুখে গমন, প্রত্যুদ্গমন। আশ্রয়।
অভিঘাত, বি, পুং ; আঘাত। প্রতিঘাত।
অভিঘার, বি, পুং ( অভি-ঘৃ-ঘঞ্ ) হোম। ঘৃত।
অভিচার, বি, পুং ( অভি-চর্-ভাবে-ঘঞ্ ) তন্ত্রশাস্ত্রোক্ত হিংসাত্মক কার্য্য। ইহা ছয় প্রকার ; যথা,—মারণ, মোহন, স্তম্ভন, বিদ্বেষণ, উচ্চাটন, বশীকরণ।
অভিজন, বি, পুং ; বংশ। পরিবার। স্বদেশ। কুলশ্রেষ্ঠ।
অভিজাত, বিণ ; সদ্বংশজাত। পণ্ডিত। সুন্দর। ন্যায্য।
অভিজ্ঞ, বিণ ( অভি-জ্ঞা-ড ) জ্ঞানী, বহুদর্শী। বি,-তা।
অভিজ্ঞতা, বি স্ত্রী (অভিজ্ঞ+তা) অনেক দেখিয়া শুনিয়া যে জ্ঞান জন্মে।
অভিজ্ঞান, বি, ক্লী ( অভি-জ্ঞা-অনট্ ) স্মৃতিজনক চিহ্ন।
অভিজ্ঞানপত্র, বি, ক্লী ; ব্যক্তি বিশেষের পরিচয় জ্ঞাপক পত্র, সার্টিফিকেট্।
অভিতপ্ত, বিণ ; তাপযুক্ত। দুঃখিত।
অভিধা, বি, স্ত্রী ( অভি-ধা-ঙ ) নাম। শব্দের শক্তি বিং।
অভিধান, বি, ক্লী ( ঐ-অনট্ ) নাম। কথন। শব্দার্থ নিরূপণ গ্রন্থ বিং। [ বি ; শব্দের অর্থ।
অভিধেয়, বিণ ( ঐ-য ) বক্তব্য।
অভিধ্যা, বি, স্ত্রী ( অভি-ধ্যৈ-ঙ-আপ্ ) পরধন ইচ্ছা। চিন্তা।
অভিনন্দন, বি, ক্লী ( অভি-নন্দ্-অনট্ ) স্বয়ং আনন্দিত হইয়া অন্যকে আনন্দিত করা। প্রশংসা করা।
অভিনয়, বি, পুং (অভি-নী-অল্) অঙ্গভঙ্গি, বাক্য অথবা বেশ বিন্যাসাদিদ্বারা কোন ব্যক্তি, বস্তু বা ব্যাপারের অনুরূপকরণ। বিণ,-নীত।

অভিনব, বিণ ( অভি-নু-অল্ ) নূতন। স্ত্রী,-বা।
অভিনিবিষ্ট, বিণ ( অভি-নি-বিশ-ক্ত) অত্যন্ত মনোযোগী। অন্তঃ-প্রবিষ্ট। বি,-নিবেশ।
অভিনিবেশ, বি, পুং ( ঐ-ঘঞ্ ) অত্যন্ত মনোযোগ। অন্তঃপ্রবেশ।
অভিনীত, বিণ ( অভি-নী-ক্ত ) যে বিষয়ের অভিনয় করা হইয়াছে।
অভিনেতা, ( তৃ ) বিণ ( ঐ-তৃন্ ) অভিনয় কারী। নট। স্ত্রী,-ত্রী।
অভিনেয়, বিণ (ঐ-য) অভিনয়ের যোগ্য। [ নয়, এক।
অভিন্ন, বিণ ( ন+ভিন্ন ) ভিন্ন
অভিপন্ন, বিণ ( অভি-পদ-ক্ত ) অপরাধী। বিপন্ন। শরণাগত। স্বীকৃত।
অভিপ্রণীত, বিণ ; সম্যক্‌রচিত। মন্ত্রসংস্কৃত।
অভিপ্রায়, বি, পুং ( অভি-প্র-ই-অল্ ) ইচ্ছা, মনোগত ভাব। মত। বিণ,-প্রেত।
অভিপ্রেত, বিণ (ঐ-ক্ত) বাঞ্ছিত, অভীষ্ট।
অভিভব, বি, পুং (অভি-ভূ-অল্) পরাজয়। বিণ,-ভূত।
অভিভাবক, বিণ ( ঐ-ণক ) রক্ষক, প্রতিপালক। স্ত্রী,-বিকা।
অভিভূত, বিণ ( ঐ-ক্ত ) পরাজিত। আচ্ছন্ন। বিহ্বল।
অভিমত, বি,ক্লী ( অভি-মন ক্ত ) মত, অভিপ্রায়। বিণ ; সম্মত, অনুমত। অভীষ্ট। অভিপ্রেত।
অভিমন্যু, বি, পুং (অভি+মন্যু) অর্জ্জুনের ঔরসে সুভদ্রার গর্ভজাত পুত্র।
অভিমর্শ ( র্ষ ), বি, পুং ( অভি-মৃশ্(ষ্)-ঘঞ্)স্পর্শ। অবমাননা।
অভিমান, বি, পুং ( অভি-মন্-ঘঞ্ ) অহঙ্কার। জ্ঞান। অল্প কারণেই দুঃখ বা অপমান বোধ করা।
অভিমানী, বিণ (অভিমান+ইন, অস্ত্যর্থে) যার অভিমান আছে। স্ত্রী,-নিনী।
অভিমুখ, বি, ক্লী ; সম্মুখ। বিণ ; সম্মুখবর্ত্তী। স্ত্রী, খী,-খা।
অভিমুখীন, বিণ ( অভিমুখ+ঈন ) সম্মুখবর্ত্তী। স্ত্রী,-না।
অভিযান, বি, ক্লী ( অভি-যা অনট্ ) আক্রমণ। যুদ্ধযাত্রা।
অভিযুক্ত, বিণ ( অভি-যুজ-ক্ত ) যাহার নামে অভিযোগ অর্থাৎ নালিশ করা হইয়াছে, প্রতিবাদী। আক্রান্ত।
অভিযোক্তা, বিণ (ঐ তৃন্ ) অভিযোগকারী, বাদী। স্ত্রী,-ক্ত্রী।
অভিযোগ, বি, পুং ( ঐ-ঘঞ্ )

নালিশ। যুদ্ধার্থ আহ্বান।
অভিরাম, বিণ (অভি-রম ঘঞ্) রমণীয়, সুন্দর।
অভিরুচি, বি, স্ত্রী, (ঐ-রুচ্ কি) ইচ্ছা, অভিলাষ।
অভিরূপ, বিণ; রমণীয়, বিদ্বান্।
অভিলষণীয়,বিণ (অভি-লষ্ অনীয়) বাঞ্ছনীয়।
অভিলষিত,বিণ (ঐ-ক্ত) বাঞ্ছিত। অভীষ্ট।
অভিলাষ, বি, পুং (ঐ-ঘঞ্) ইচ্ছা,বাঞ্ছা। বিণ,-লষিত,-লাষী।
অভিলাষী,বিণ (ঐ-ণিন্) ইচ্ছুক, স্ত্রী,-ষিণী।
অভিবাদক, বিণ (অভি-বাদি-ণক্) যে অভিবাদন করে, বন্দনাকারী। স্ত্রী,-দিকা।
অভিবাদন, বি, ক্লী (ঐ-অনট্) বন্দনা, নমস্কার।
অভিবাদ্য, বিণ (ঐ-য) অভিবাদন যোগ্য।
অভিব্যক্ত, বিণ (অভি-বি-অন্জ্-ক্ত) স্পষ্ট, প্রকাশিত।
অভিব্যক্তি, বি, স্ত্রী (ঐ-ক্তি) প্রকাশ। [ব্যাপ্তি।
অভিব্যাপ্তি, বি, স্ত্রী; সর্ব্বতোভাবে
অভিশপ্ত, বিণ (অভি-শপ্-ক্ত) অভিশাপ গ্রস্ত।
অভিশাপ, বি, পুং (ঐ-ঘঞ্) কাহারও প্রতি কুপিত হইয়া তাহার অনিষ্ট প্রার্থনা, অভিসম্পাত। বিণ,-শপ্ত।
অভিষিক্ত, বিণ (অভি-সিচ্ ক্ত) স্নাত। যাহার অভিষেক করা হইয়াছে।
অভিষেক, বি, পুং (ঐ-ঘঞ্) স্নান। শান্তির জন্য বা রাজ্যাধিকার প্রাপ্তির নিমিত্ত মস্তকে যথাবিধি জল প্রক্ষেপ। প্রতিষ্ঠাদি কার্য্য বিশেষে দেব মূর্ত্তির স্নান। বিণ,-ষিক্ত।
অভিষ্যন্দ, বি,পুং (অভি-স্যন্দ্-অ) আধিক্য। অতিশয় উন্নতি।
অভিসন্ধি, বি, পুং (অভি-সম্-ধা-কি) উদ্দেশ, অভিপ্রায়।
অভিসম্পাত,বি,পুং (-পত্ ঘঞ্) অভিশাপ।
অভিসার, বি,পুং (অভি-সৃ-ঘঞ্) নায়ক নায়িকাদের সঙ্কেত স্থানে গমন।
অভিসারিকা, বি, স্ত্রী (ঐ-ণক, আপ্) যে নায়িকা নায়কের সহিত মিলিত হইবার জন্য সঙ্কেত স্থানে গমন করে।
অভিহত, বিণ (অভি-হন্-ক্ত) আহত, আঘাত প্রাপ্ত।
অভিহিত, বিণ (অভি-ধা-ক্ত) কথিত, উক্ত।
অভীপ্সিত,বিণ (অভি+ঈপ্সিত) অভিলষিত, বাঞ্ছিত।

অভীষ্ট, বিণ ( অভি-ইষ্-ক্ত ) বাঞ্ছিত, প্রিয়।
অভীষ্টসিদ্ধি, বি, স্ত্রী ; ইষ্ট লাভ, বাঞ্ছাপূর্ণ হওয়া।
অভুক্ত, বিণ ( ন+ভুক্ত ) যাহা ভোজন বা ভোগ করা হয়নাই।
অভূতপূর্ব্ব, বিণ (ন+ভূতপূর্ব্ব) যাহা পূর্ব্বে কখন হয়নাই,নূতন।
অভেদ, বি, পুং ; ভেদ না থাকা, ঐক্য। বিণ; অভিন্ন।
অভেদ্য, বিণ (ন-ভিদ্-য) ভেদের অযোগ্য।
অভ্যঙ্গ, বি, পুং ( অভি-অন্জ-ঘঞ্ ) সর্ব্বাঙ্গে তৈলাদি মর্দ্দন।
অভ্যন্তর, বি,ক্লী (অভি+অন্তর) ভিতর, মধ্য।
অভ্যন্তরীণ, বিণ ( অভ্যন্তর+ ঈন ) মধ্যবর্ত্তী।
অভ্যর্থনা, বি, স্ত্রী ( অভি-অর্থ-অন ) প্রার্থনা। অভ্যাগত ব্যক্তির সমাদর।
অভ্যর্থিত, বিণ (ঐ-ক্ত) প্রার্থিত। সমাদৃত।
অভ্যসন,বি,ক্লী (অভি-অস-অনট্) পুনঃ পুনঃ আবৃত্তি, অভ্যাস।
অভ্যস্ত, বিণ(ঐ-ক্ত)যাহা অভ্যাস করা হইয়াছে। শিক্ষিত। বি,-ভ্যাস।
অভ্যাগত,বি,পুং (অভি+আগত) অতিথি। বিণ ; সম্মুখাগত।
অভ্যাস,বি,পুং(অভি-অস্-ঘঞ্)। আবৃত্তি, পুনঃ পুনঃ আলোচনা। বিণ,-ভ্যস্ত। [জল সেচন।
অভ্যুক্ষণ, ক্লী ( অভি+উক্ষণ )
অভ্যুত্থান,বি,ক্লী (অভি+উত্থান) উদয়। উন্নতি। প্রতিকূলে উত্থান। বিণ,-ত্থিত।
অভ্যুত্থিত, বিণ (অভি+উত্থিত) উদিত। উন্নত। প্রতিকূলে উত্থিত।
অভ্যুৎপতন, বি, ক্লী (অভি-উৎ-পত-অনট্ ) আক্রমণ।
অভ্যুদয়, বি, পুং (অভি+উদয়) উত্থান। উন্নতি। মঙ্গল।
অভ্র, বি, ক্লী (ন-ভৃ-ক) আকাশ। (অপ্-ভৃ ক) মেঘ। ( অভ্র-অন্) অভ্রক ধাতু।
অভ্রংলিহ, বিণ ( অভ্র-লিহ্-খ ) গগনস্পর্শী, অত্যুচ্চ। স্ত্রী,-হা।
অভ্রক, বি, ক্লী ( অভ্র-কৈ-ড ) স্বনামখ্যাত ধাতু বিং।
অভ্রঙ্কষ, বিণ ( অভ্র-কষ-খ ) গগনস্পর্শী, অত্যুচ্চ। [শূন্য।
অভ্রান্ত, বিণ ( ন+ভ্রান্ত ) ভ্রম
অভ্রি, বি, স্ত্রী ; নৌকার মল ঘর্ষনার্থ কাষ্ঠময় কুদ্দাল।
অম, বি, পুং ( অম-ভাবে ঘঞ্ ) রোগ। বিণ; অপক।
অমঙ্গল, বি, ক্লী ; অশুভ। বিণ ; মঙ্গল শূন্য।

অমত, বি, ক্লী (ন + মত) অসম্মতি।
অমনি (প্রা) তখনি। বিনামূল্যে।
অমন্দ, বিণ (ন + মন্দ) পণ্ডিত। ভীষণ। অতি গভীর।
অমর, বি, পুং (ন-মৃ-অন্) দেবতা। বিণ; যার মৃত্যু নাই। স্ত্রী,-রা,-রী।
অমরা, বি, স্ত্রী; দেবনগরী। দূর্ব্বা।
অমরত্ব, বি, ক্লী (অমর + ত্ব, ভাবার্থে) দেবত্ব। মরণাভাব।
অমরাদ্রি, বি, পুং (অমর + অদ্রি) সুমেরু পর্ব্বত। [স্বর্গ।
অমরালয়, বি, পুং (অমর + আলয়)
অমরাবতী, বি, স্ত্রী (অমর + বতু) ইন্দ্রপুরী, স্বর্গ। [অমর।
অমর্ত্ত্য, বি, পুং (ন + মর্ত্ত্য) দেবতা,
অমর্ষ, বি, পুং (ন-মৃষ্-ঘঞ্) অক্ষমা। ক্রোধ।
অমর্ষণ, বিণ (ঐ-অন্) ক্রুদ্ধ। অসহিষ্ণু। ক্লী; ক্রোধ। অক্ষমা।
অমল, বিণ (ন + মল) পরিষ্কৃত। শুভ্র। স্ত্রী,-লা। [আমলকী।
অমলা, বি, স্ত্রী; লক্ষ্মী। ভূমি
অমা, ব্য (ন-মা-ক্বিপ্) সহিত। নিকট। স্ত্রী; অমাবস্যা। চন্দ্রের ষোড়শী কলা।
অমাত্য, বি, পুং (অমা[সহ] অত্-য) মন্ত্রী।
অমানুষ, / অমানুষিক, বিণ; অলৌকিক, অসাধারণ। নঞ্-তৎ। স্ত্রী,-ষী।

অমাবসী, অমামসী, অমাবাসী, অমামাসী, বি, স্ত্রী; অমাবস্যা দেখ।
অমাবস্যা, অমাবাস্যা, বি, স্ত্রী (অমা [সহ]-বস্ অধি-ঘ্যণ্-আপ্) যে তিথিতে পৃথিবী চন্দ্র ও সূর্য্যের সহিত সমসূত্রে অবস্থিতি করে, কৃষ্ণপক্ষের শেষ তিথি।
অমায়িক, বিণ (ন + মায়া + ষ্ণিক) কপটতাশূন্য, সরল। নঞ্-তৎ। বি,-কতা। স্ত্রী,-কী। [হার।
অমায়িকতা, বি, স্ত্রী; সরল ব্যব-
অমিত, বিণ (ন + মিত) অপরিমিত, অসীম।
অমিততেজা, বিণ; অপরিমিত শক্তিশালী। অমিত (অপরিমিত) তেজঃ যাহার, বহু। [শত্রু।
অমিত্র, বি, পুং (ন + মিত্র)
অমিয়, অমীয় (প্রা) অমৃত, সুধা।
অমিয় নিমাই চরিত, বি, ক্লী; শিশিরকুমার ঘোষ বিরচিত গৌরাঙ্গ মহা পভুর লীলাসম্বলিত বৈষ্ণব গ্রন্থ বিং।
অমিশ্র, বিণ (ন + মিশ্র) বিশুদ্ধ, খাঁটি। [বর্ত্তে প্রযুক্ত হয়।
অমুক, বিণ যাহা নামের পরি-
অমুত্র, ব্য (অদস্ + ত্র) পরলোক।
অমূলক, বিণ (ন + মূল + ক) যাহার মূল নাই। মিথ্যা। স্ত্রী,-লিকা।

অমূল্য, বিণ ; মূল্য দিয়াও যাহা পাওয়া যায় না ; যেমন-বিদ্যা।

অমৃত, বি, ক্লী ( ন-মৃ-ক্ত ), যাহা পান করিলে মৃত্যু হয় না, সুধা। জল। মুক্তি।

অমৃতায়মান, বিণ ( অমৃত+ক্যঙ্=অমৃতায়+শান ) অমৃত তুল্য। স্ত্রী,-না।

অমেধ্য, বিণ (ন+মেধ্য) অপবিত্র। বি, ক্লী ; বিষ্ঠা।

অমেয়, বিণ ( ন+মেয় ) যার পরিমাণ করা যায় না, অপরিমেয়।

অমোঘ, বিণ (ন+মোঘ) অব্যর্থ।

অম্বক, বি, ক্লী ( অম্ব-ণক ) চক্ষুঃ। [ আকাশ। বস্ত্র।

অম্বর, বি, ক্লী ( অম্ব-রা-ড )

অম্বরীষ, বি, ক্লী ; তণ্ডুলাদি ভর্জ্জনপাত্র, ভাজনা খোলা। পুং ; সূর্য্যবংশীয় নৃপ বিং।

অম্বষ্ঠ, বি, পুং ( অম্ব-স্থা-ড ) বৈদ্য জাতি। [ মাতা। দুর্গা।

অম্বা, বি, স্ত্রী ( অম্ব-ঘঞ্, আপ্ )

অম্বালিকা, বি, স্ত্রী, পাণ্ডুরাজ মাতা।

অম্বিকা, বি, স্ত্রী ( অম্বা [ মাতা ] +কণ্, আপ্ ) দুর্গা। ধৃতরাষ্ট্র মাতা। [ -কর্ত্তৃ-উ ) জল।

অম্বু, বি, ক্লী ( অম্ব [ শব্দকরা ]

অম্বুজ, বি, ক্লী ( অম্বু [জল] জন-ড ) পদ্ম। শঙ্খ। বিণ;জলজাত।

অম্বুদ, বি, পুং ( অম্বু-দা-ড ) জলদ, মেঘ।

অম্বুধর, বি, পুং ( অম্বু-ধৃ-অন্ ) মেঘ। [ কি ) সমুদ্র।

অম্বুধি, বি, পুং ( অম্বু-ধা অধি-

অম্বুনিধি, বি, পুং (অম্বু-নি-ধা-অধি -কি ) সমুদ্র।

অম্বুরাশি, বি, পুং ; জলধি, সমুদ্র।

অম্বুরুহ, বি, ক্লী (অম্বু-রুহ্ ক) পদ্ম।

অম্বুবাচি ( চী ) বি, স্ত্রী ( অম্বু-বচ্ -কর্তৃ ণি) রজস্বলা-ভূমি। তিথি-ঘটিত যোগ বিং।

অম্বুবাহ, বি, পুং ( অম্বু-বহ ষণ্ ) মেঘ। [ জল।

অম্ভঃ, বি, ক্লী (অন্ভ-কর্ত্তৃ-অস্)

অম্ভোজ, বি, ক্লী ( অম্ভস্-জন্-ড ) পদ্ম।

অম্ল, বি, পুং ( অম্-ক্ল ) টকরস। বিণ ; অম্লরসযুক্ত।

অম্লান, বিণ ( ন+ম্লান ) বিমল। প্রফুল্ল। [ লৌহ।

অয়ঃ ( য়স্ ) বি, ক্লী ( ই-অস্ )

অযথা, ব্য, অন্যায়রূপে। বিণ ; অসত্য, অমূলক।

অয়ন, বি, ক্লী ( অয়-অনট্ ) গমন, গতি, সূর্য্যের উত্তর ও দক্ষিণ দিকে গতি, যেমন, উত্তরায়ণ ও দক্ষিণায়ন। পথ। আশ্রয়। স্থান।

অয়স্কান্ত, বি, পুং, ( অয়স্+কান্ত ) চুম্বক পাথর।

**অযাচিত,** বিণ; যাহা যাচ্ঞা করা যায় নাই, অপ্রার্থিত।
**অয়ি,** ব্য ( ই-ই ) কোমল সম্বোধন। [ চিত।
**অযুক্ত,** বিণ; যুক্তিবিরুদ্ধ, অনু-
**অযুগ্ম,** বিণ; বিযোড়, বিষম।
**অযুত,**বিণ; দশ সহস্র। অসংযুক্ত।
**অযোধ্যা,** বি, স্ত্রী ( ন+যোধ্যা ) যে রাজধানী যুদ্ধদ্বারা শত্রু-পক্ষের আক্রমণীয় নহে, দশ-রথের রাজধানী।
**অযোনি,** বিণ; জন্মরহিত। ন ( নাই ) যোনি ( উৎপত্তি-স্থান ) যাহার, বহু।
**অযোনিসম্ভবা,** বি, স্ত্রী; সীতা। ন যোনিঃইতি অযোনি, নঞ্‌তৎ; অযোনি হইতে সম্ভব ( জন্ম ) যাহার, বহু। [ বি, তা।
**অযৌক্তিক,** বিণ; যুক্তি বিরুদ্ধ।
**অর,** বি, ক্লী ( ঋ-অল্ ) চাকার পাখি। ক্রি বিণ; শীঘ্র।
**অরঘট্ট,** বি, পুং; গভীর কূপ। কূপ হইতে জল তুলিবার যন্ত্র।
**অরঘট্ট-ঘাটিকা,** বি স্ত্রী; কূপের পাড়। কূপে উঠিবার নামিবার পথ, ধাপ্।
**অরণি,** বি, স্ত্রী ( ঋ-অনি ) যে কাষ্ঠ ঘর্ষণ করিলে অগ্নি উৎপন্ন হয়। / [ নি ) মহাবন।
**অরণ্যানী,** বি স্ত্রী ( অরণ্য+ঈপ্,
**অরত্নি,** বি, পুং; মুষ্টি, কীল, ঘুসী।
**অররু,** বি পুং ( ঋ [ বধকরা ] -কর্ত্তৃ-অরু ) শত্রু।
**অরবিন্দ,**বি ক্লী (অর-বিদ্-কর্ত্তৃ-শ, পদ্ম।
**অরাজক,** বিণ ( ন+রাজন্ ) যে থানে রাজা বা রাজশাসন নাই।
**অরাতি,** বি পুং (ন-রা-তি) শত্রু।
**অরি,** বি পুং ( ঋ-ই ) শত্রু।
**অরিত্র,** বি, ক্লী ( ঋ-করণ-ইত্র ) হাইল। দাঁড়।
**অরিন্দম,** বিণ ( অরি-দম্-খ ) শত্রু দমনকারী।
**অরিষ্ট,** বি, ক্লী ( ন+রিষ্ট ) সূতি-কা গৃহ। অশুভ।
**অরুচি,** বি, স্ত্রী ( ন+রুচি ) অনিচ্ছা।
**অরুণ,** বি, পুং (ঋ-উনন্ ) সূর্য্য। সূর্য্যসারথি। লাল রং। বিণ; রক্তবর্ণ। [ রক্তিমা।
**অরুণিমা,** বি, পুং (অরুণ+ইমন্)
**অরুণোদয়,** বি, পুং; সূর্য্যোদয়ের পূর্ব্ব চারিদণ্ড।
**অরুন্তুদ,** বিণ ( অরুস্-[মর্ম্মস্থান-] তুদ্-খশ্ ) মর্ম্মপীড়া দায়ক।
**অরুন্ধতী,** বি, স্ত্রী; বশিষ্ঠ পত্নী। সূক্ষ্ম নক্ষত্র বিং।
**অরুঃ** ( রুস্ ) বি, ক্লী ( ঋ-উস্ ) মর্ম্মস্থান।
**অরে, অরেরে,** ব্য; নীচ সম্বোধন।

অরোচক, বিণ; অপ্রীতিকর। বি; অরুচি রোগ।

অর্ক, বি,পুং ( অর্চ্চ্-কর্ম্ম-ঘঞ্ ) সূর্য্য। আকন্দগাছ।

অর্গল, বি, ক্লী ( অর্জ্জ-কলট্ ) খিল, হুড়্কা। প্রতিবন্ধক।

অর্গলিকা, অর্গলী, বি, স্ত্রী; ক্ষুদ্র অর্গল।

অর্ঘ, বি, পুং ( অর্ঘ-অল্ ) মূল্য। পূজার উপচার।

অর্ঘ্য, বি, ক্লী ( অর্ঘ+ষ্ণ্য, বা অর্ঘ-য) দেবতা বা পূজ্য ব্যক্তির পূজার নিমিত্ত দুর্ব্বা, পুষ্প, চন্দন ও আতপ তণ্ডুল প্রভৃতি মিশ্রিত জল। পূজার উপচার। বিণ; পূজ্য।

অর্চ্চক, বিণ (অর্চ্চি ণক) পূজক।

{ অর্চ্চন, বি, ক্লী (ঐ ভাবে-অনট্)
{ অর্চ্চনা, অর্চ্চা, বি, স্ত্রী (ঐ-অন, অ ) পূজা।

অর্চ্চি, অর্চ্চিঃ, বি, স্ত্রী (ঐ-ই, ইস্) অগ্নিশিখা। দীপ্তি।

অর্চ্চিত, বিণ (অর্চ্চ-ক্ত, পূজিত।

অর্জ্জন, বি, ক্লী ( অর্জ্জ-অনট্) উপার্জ্জন, লাভ।

অর্জ্জিত, বিণ (ঐ-ক্ত) উপার্জ্জিত।

অর্জ্জুন, বি, পুং ( ঐ-উনন্) তৃতীয় পাণ্ডব।

মহাভারতে বিরাট্তনয় উত্তরের নিকটে অর্জ্জুন স্বীয় নামের এইরূপ অর্থ করিয়াছিলেন যে, আমি এই সসাগরা পৃথিবীতে সর্ব্বদা নির্ম্মল কর্ম্ম করিয়া থাকি, সেই হেতু সকলে আমাকে অর্জ্জুন বলিয়া থাকে। কার্ত্তবীর্য্য। বৃক্ষ বিং। শ্বেতবর্ণ।

অর্ণব, বি,পুং ( অর্ণস্=জল+ব, অস্ত্যর্থে ) সমুদ্র।

{ অর্ণবতরি, বি, স্ত্রী;
{ অর্ণবপোত, অর্ণবযান, বি ক্লী; জাহাজ। [ জল।

অর্ণঃ ( স্ ), বি, ক্লী ( ঋ-অস্ )

অর্ত্তি, বি, স্ত্রী (অদ্দ-ক্তি) পীড়া। ধনুকের অগ্রভাগ।

অর্থ, বি, পুং ( অর্থ-অল্ ) ধন। প্রয়োজন। উদ্দেশ্য। অভিধেয়। বস্তু। হেতু।

অর্থকর, বিণ (অর্থ-কৃ-ট) যাহাতে অর্থলাভ হয়। স্ত্রী,-রী।

অর্থকৃচ্ছ্র, বি, ক্লী; ধনকষ্ট।

অর্থগৃধ্নু, বিণ ( অর্থ-গৃধ্ [ লোভ করা ]-কর্ত্তৃ-ক্নু ) অর্থলোলুপ, ধনলোভী।

অর্থপিশাচ, বিণ; অত্যন্ত ধনলোভী। স্ত্রী,-চী। [ প্রশংসা।

অর্থবাদ, বি, পুং স্তুতিবাদ,

অর্থশাস্ত্র, বি, ক্লী; নীতিশাস্ত্র।

অর্থাগম, বি, পুং (অর্থ+ আগম) ধনলাভ, আয়।

অর্থী, বিণ ( অর্থ-কর্ত্তৃ-ণিন্ ) যাচক। বাদী। ধনী। স্ত্রী,-র্থিনী।

অর্দ্দন, বি, ক্লী ( অর্দ্দ-অনট্ ) যাচ্ঞা। বধ। পীড়া।

অর্দ্ধ, বিণ ( ঋধ্-অল্ ) আধখানা দ্বিখণ্ডিত। পুং; অংশ। ক্লী; সমানভাগ।

অর্দ্ধচন্দ্র, বি, পুং; চন্দ্রের অর্দ্ধ ভাগ। বাণ বিং। গলা ধাক্কা। ৬ষ্ঠীতৎ। [ স্বররূপ।

অর্দ্ধনারীশ্বর, বি, পুং; উমামহে-

অর্দ্ধমানবক, বি, পুং; ১২ নরযুক্তমালা।

অর্দ্ধরাত্র, বি, পুং; রাত্রির অর্দ্ধ-ভাগ, নিশীথ। ৬ষ্ঠীতৎ।

অর্দ্ধস্ফুট, বিণ; আধফুটন্ত। আধ আধ। কম্মধা।

অর্দ্ধহার, বি, পুং; ৬৪ নরযুক্ত মালা।

অর্দ্ধাঙ্গ, বি, ক্লী; শরীরের অর্দ্ধ-ভাগ। পত্নী। ৬ষ্ঠীতৎ।

অর্দ্ধাশন, বি,ক্লী ( অর্দ্ধ+অশন ) অর্দ্ধ-ভোজন। কম্মধা।

অর্দ্ধেন্দু, বি, পুং; অর্দ্ধচন্দ্র।

অর্দ্ধোক্তি, বি, স্ত্রী (অর্দ্ধ+উক্তি) অর্দ্ধ কথন।

অর্দ্ধোদয়, বি, পুং (অর্দ্ধ+উদয়) মাঘ মাস, অমাবস্যা, রবিবার, শ্রবণা নক্ষত্র, ব্যতীপাত যোগ এইগুলির সংযোগে যোগ বিং। অর্দ্ধের ( সমৃদ্ধ পুণ্যের ) উদয় যাহাতে, বহু।

অর্পণ বি, ক্লী ( অর্পি-অনট্ ) দান। স্থাপন। বিণ,-র্পিত।

অর্পিত, বিণ ( ঐ-ক্ত ) দত্ত। স্থাপিত। [ ওষধি। ছাত্র।

অর্ভ, বি, পুং ( ঋ-ভন্ ) বালক।

অর্ভক, বি, পুং ( ঋধ-বুন্; ধ= ভ ) শিশু। শাবক। মূর্খ।

অর্য্য, বিণ ( ঋ-য ) শ্রেষ্ঠ। বি, পুং; বৈশ্য। স্বামী। স্ত্রী,-র্য্যা।

অর্য্যমা, বি,পুং (অর্য্য-মা-কানন্) সূর্য্য।

অর্ব্বা, বি, পুং ( ঋ-বনিপ্ ) ঘোটক। ইন্দ্র। স্ত্রী,-র্ব্বতী।

অর্ব্বাচীন, বিণ ( অর্ব্বাচ্+ঈন্ ) পশ্চাদ্বর্ত্তী অধম। অনভিজ্ঞ। স্ত্রী,-না। [ রোগ বিং।

অর্ব্বুদ, বি, ক্লী; দশকোটি।

অর্শ, বি, ক্লী ( ঋ-শ ) রোগ বিং।

অর্হ, বিণ ( অর্হ কর্ত্তৃ-অন্ ) যোগ্য, উপযুক্ত। পূজ্য।

অলক, বি, পুং, ক্লী ( অল্-অক ) চূর্ণ কুণ্ডল, ঝাঁপ্টা।

অলকনন্দা, বি, স্ত্রী, ভূতলচারিণী গঙ্গা। কুমারী।

অলকা, বি, স্ত্রী, কুবেরপুরী। ৮-১০ বর্ষ বয়স্কা বালিকা।

অলক্ত, অলক্তক. বি, পুং, ক্লী ( ন+রক্ত, র=ল; ক স্বার্থে ) আল্তা। ন ( নাই ) রক্ত ( রক্তবর্ণ ) যাহা হইতে, বহু।

অলক্ষিত, বিণ ( ন+লক্ষিত ) অজ্ঞাত। অদৃষ্ট। অতর্কিত।

অলক্ষ্মী, বি, স্ত্রী; লক্ষ্মীর বিরোধিনী দেবী। দুর্ভাগ্য।

অলঙ্করণ, বি, ক্লী ( অলম্-কৃ-অনট্ ) ভূষণ। ভূষিত করা।

অলঙ্কর্ত্তা, বিণ ( ঐ-তৃন্ ) যে ভূষিত করে। স্ত্রী,-ত্রী।

অলঙ্কার, বি, পুং ( ঐ-ঘঞ্ ) ভূষণ। শাস্ত্রবিং।

অলঙ্কৃত, বিণ ( ঐ-ক্ত ) ভূষিত।

অলঙ্ক্রিয়া, বি, স্ত্রী ( ঐ-শ ) ভূষিত করা।

অলঙ্ঘ্য, বিণ ( ন+লঙ্ঘ্য ) যাহা লঙ্ঘন করা যায় না।

অলম্, ব্য, ভূষণ। সামর্থ্য। প্রাচুর্য্য। নিষেধ।

অলর্ক, বি,পুং (অলন্-অর্ক-ঘঞ্ ) উন্মত্ত কুকুর। শ্বেত আকন্দ।

অলস, বিণ, ( ন-লস-অন্ ) শ্রমকাতর, কুঁড়ে।

অলাত, বি,ক্লী (ন-লা-ত) অঙ্গার।

অলাবু ( বূ ), বি, স্ত্রী, ক্লী ( ন-লন্ব-উ, ঊ ) লাউ।

অলি, বি, পুং, ( অল্-কর্ত্তৃ-ই ) ভ্রমর। বৃশ্চিক।

অলিঞ্জর, বি, পুং ( অলি-জৄ-অন্ ) মৃণ্ময় জলাধার।

অলিন্দ, বি, পুং ( অল-কিন্দ ) বারাণ্ডা।

অলীক, বিণ ( অল-কীকন্ ) মিথ্যা।

অলোক-সামান্য,বিণ, অসাধারণ।

অলৌকিক, বিণ, অসাধারণ, লোকাতীত। স্ত্রী,-কী। বি,-তা।

অল্প, বিণ; ( অল্-প ) ক্ষুদ্র। কিঞ্চিৎ।

অল্পপ্রাণ, বিণ, ক্ষীণজীবী, যাহার সামর্থ্য বা ক্ষমতা অল্প।

অল্পশঃ, ব্য ( অল্প+শস্ ) অল্পে অল্পে।

অল্পায়ুঃ বিণ ( অল্প+আয়ুস ) অল্পকাল জীবী।

অব, ব্য; নিশ্চয়। অনাদর। ন্যূনতা। ব্যাপ্ত। নিম্নতা।

অবকর্ষণ, বি, ক্লী; নিম্নভাগে আকর্ষণ।

অবকাশ, বি, পুং ( অব-কাশ্-ঘঞ্ ) অবসর, ছুটী। ফাঁক।

অবকীর্ণ, বিণ ( -কৄ-ক্ত ) ব্যাপ্ত। চূর্ণিত। [ নয়, অবাচ্য।

অবক্তব্য, বিণ; যাহা বলা উচিত

অবক্ষেপ, বি, পুং ( অব-ক্ষিপ-অল্ ) অধোনিক্ষেপ। তিরস্কার।

অবগণিত, বিণ ( -গণ-ক্ত ) অবজ্ঞাত।

অবগত, বিণ ( -গম্-ক্ত ) জ্ঞাত।

অবগতি, বি, স্ত্রী (ঐ-ক্তি) জ্ঞান, বোধ।

অবগাহন, বি, ক্লী ( অব-গাহ্-

অনট্) জলে নামিয়া স্নান। মজ্জন।

অবগীত, বিণ (অব-গৈ-ক্ত) নিন্দিত।

অবগুণ্ঠন, বি, ক্লী (অব-গুণ্ঠ-অনট্) মুখাচ্ছাদন বস্ত্র, ঘোমটা।

অবগুণ্ঠিকা, বি, স্ত্রী (ঐ-ণক) ঘোমটা। যবনিকা, পর্দ্দা।

অবগুণ্ঠিত, বিণ (ঐ-ক্ত) আচ্ছাদিত।

অবগ্রহ, অবগ্রাহ, বি, পুং (-গ্রহ অল্, ঘঞ্) অনাবৃষ্টি। প্রতিবন্ধ। নিগ্রহ।

অবঘাত, বি, পুং (-হন্-ঘঞ্) গুরুতর প্রহার। অপমৃত্যু।

অবচয়, বি, পুং; চয়ন। অপব্যয়। বিণ,-চিত।

অবচ্ছিন্ন, বিণ (অব-ছিদ্-ক্ত) বিশিষ্ট, যুক্ত।

অবচ্ছেদ, বি, পুং (ঐ ঘঞ্) সীমা। বিরাম। খণ্ড। পারচ্ছেদ। বিণ,-চ্ছিন্ন।

অবচ্ছেদাবচ্ছেদ, বি, পুং; প্রভেদ নিবারণ পূর্ব্বক সাম্য স্থাপন।

অবজ্ঞা, বি, স্ত্রী, (অব-জ্ঞা-ঙ) অনাদর, হেয়জ্ঞান। বিণ,-জ্ঞাত।

অবজ্ঞাত, বিণ (ঐ-ক্ত) অবমানিত, অনাদৃত।

অবতংস, বি, পুং, ক্লী (অব-তন্স-ঘঞ্) কর্ণ ভূষণ। শিরোভূষণ।

অবতরণ, বি, ক্লী (-তৃ-অনট্) নীচে নামা। উৎপত্তি। বিণ,-তীর্ণ।

অবতরণিকা, বি, স্ত্রী (অবতরণ + কণ্) ভূমিকা। সিঁড়ি।

অবতার, বি, পুং, (অব তৃ-ঘঞ্) পৃথিবীতে দেবতার আবির্ভাব। অবতরণ। উৎপত্তি।

অবতারণ, বি, ক্লী (-তারি অনট্) নীচে নামান। প্রস্তাবন। বিণ,-রিত।

অবতীর্ণ, বিণ (-তৃ-ক্ত) আবির্ভূত। উত্তীর্ণ। স্ত্রী,-র্ণা।

অবদংশ, বি, পুং; সুরাপানানুষঙ্গিক চর্ব্বণ দ্রব্য, চাটনী।

অবদাত, বিণ (অব-দৈ-ক্ত) শুভ্র। সুন্দর।

অবদান, বি, ক্লী (-দা-অনট্) মহৎকার্য্য, প্রশংসনীয় কার্য্য।

অবদ্য, বিণ, (ন-বদ্-য) অকথ্য। নিন্দনীয়।

অবধান, বি, ক্লী (অব-ধা-অনট্) মনোযোগ। বিণ,-হিত।

অবধারণ, বি, ক্লী (অব-ধারি-অনট্) নির্ণয়। বিণ,-রিত।

অবধারিত, বিণ (ঐ-ক্ত) স্থিরীকৃত।

অবধি, বি, পুং, (অব-ধা-কি) সীমা। সময়। ব্য; পর্য্যন্ত। হইতে।

অবধূত, বিণ ( অব-ধূ-ক্ত ) কম্পিত। তিরস্কৃত। সন্ন্যাসী বিং।

অবধ্য, বিণ ( ন+বধ্য ) বধের অযোগ্য।

অবনত, বিণ ( অব-নম-ক্ত ) নম্রীভূত, প্রণত। বি,-তি।

অবনতি, বি, স্ত্রী (ঐ-ক্তি) নমন। হীনতাপ্রাপ্তি। পতন।

অবনি ( নী ) বি, স্ত্রী ( অব-কর্ত্তৃ-অনি ) পৃথিবী।

অবন্তি, বি, পুং ( অব্-অন্তি ) মালবদেশ। স্ত্রী ; উজ্জয়িনী।

অবন্তী, বি, স্ত্রী ; উজ্জয়িনী নগরী।

অবভৃথ, বি, পুং, (অব-ভৃ-কথন্) যজ্ঞান্তে স্নান।

অবমাননা, বি, স্ত্রী (অব-মানি-অন) অপমান, অনাদর। বিণ,-নিত।

অবমানিত, বিণ ( ঐ-ক্ত ) অবজ্ঞাত। স্ত্রী,-তা। বি,-ননা।

অবয়ব, বি, পুং ( অব-যু-অল্ ) অঙ্গ, হস্ত পদাদি। অংশ।

অবয়বী, বিণ ( অবয়ব+ইন্ ) অঙ্গ বিশিষ্ট, শরীরী।

অবর, বিণ ( ন+বর ) নিকৃষ্ট। কনিষ্ঠ।

অবরজ, বি, পুং ( অবর-জন্-ড ) কনিষ্ঠ ভ্রাতা। শূদ্র। (স্ত্রী-জা) কনিষ্ঠা ভগিনী।

অবরুদ্ধ, বিণ ( অব-রুধ-ক্ত ) বদ্ধ। বেষ্টিত। বি,-রোধ।

অবরোধ, বি, পুং ( -রুধ-ঘঞ্ ) আটক। বেষ্টন। অন্তঃপুর। বিণ,-রুদ্ধ।

অবরোধক, বিণ (ঐ-ণক ) অবরোধকারী। স্ত্রী,-ধিকা।

অবরোহ, বি, পুং ( -রুহ্-অল্ ) লম্বমান শাখারূঢ় শিকড়, ঝুরি। অবতরণ।

অবরোহণ, বি, ক্লী ( ঐ-অনট্ ) অবতরণ, নামা।

অবলম্ব, বি, পুং (অব-লন্ব-ঘঞ্)
অবলম্বন, বি, ক্লী ( ঐ-অনট্ ) আশ্রয়।

অবলম্বিত, বিণ (ঐ-ক্ত) আশ্রিত। লম্বমান।

অবলম্বী, বিণ ( ঐ-ণিন্ ) আশ্রয়কারী। স্ত্রী,-ম্বিনী।

অবলা, বি, স্ত্রী (ন+বল+আপ্) নারী। বিণ ; বলহীনা।

অবলিপ্ত, বিণ ( অব-লিপ্-ক্ত ) প্রলিপ্ত। গর্ব্বিত। বি,-লেপ।

অবলীঢ়, বিণ ( -লিহ-ক্ত ) আস্বাদিত। বি,-লেহন।

অবলীলা, বি, স্ত্রী ; অনায়াস, সহজ।

অবলীলাক্রমে, ক্রিবিণ ; অনায়াসে, সহজে।

অবলুণ্ঠন, বি, ক্লী ( অব-লুণ্ঠ্-অনট্ ) ভূমিতে লোটা। বিণ,-ষ্ঠিত।

অবলেপ, বি, পুং (অব লিপ্ ঘঞ্) লেপন। গর্ব্ব।

অবলেপন, বি, ক্লী ( ঐ-অনট্ ) প্রলেপন, মাখা। বিণ,-লিপ্ত।

অবলেহ, বি, পুং ( অব-লিহ-কর্ম্ম-অল্ ) যাহা চাটিয়া খাইতে হয়, লেহ্য ঔষধাদি।

অবলেহন, বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্ ) আস্বাদন, চাটা।

অবলোকন, বি, ক্লী (অব-লোকি-অনট্ ) দর্শন। বিণ,-কিত।

অবলোকিত, বিণ ( ঐ-ক্ত ) দৃষ্ট।

অবশ, বিণ (ন + বশ) অবশীভূত, অনায়ত্ত।

অবশিষ্ট, বিণ ( অব-শিষ্-ক্ত ) যাহা শেষ থাকে, বাকী।

অবশেষ, বি, পুং ( ঐ-ঘঞ্ ) পরিশেষ, অন্ত।

অবশ্য, বিণ ( ন + বশ্য ) যে বশীভূত নয়, অবাধ্য।

অবশ্য (ম্) ব্য; নিঃসন্দেহ, নিশ্চয়।

অবশ্যম্ভাবী, বিণ ( অবশ্যম্-ভূ-ণিন্ ) যাহা নিশ্চিত ঘটিবে। স্ত্রী, বিনী।

অবসন্ন, বিণ (অব সদ-ক্ত) ক্লান্ত, বলহীন। বি,-ন্নতা।

অবসর, বি, পুং ( -সৃ-অল্ ) অবকাশ, সময়।

অবসাদ, বি, পুং ( -সদ-ঘঞ্ ) ক্লান্তি, দৌর্ব্বল্য। বিষাদ। বিণ,-সন্ন।

অবসান, বি, ক্লী ( -সো-অনট্ ) শেষ, সমাপ্তি। মৃত্যু। বিণ,-সিত

অবসিত, বিণ ( ঐ-ক্ত ) সমাপ্ত।

অবস্থা, বি স্ত্রী ( অব-স্থা-ঙ ) দশা। প্রকার। স্থিতি।

অবস্থাপিত, বিণ ( -স্থাপি-ক্ত ) স্থাপিত। নির্দ্ধারিত।

অবস্থান, বি, ক্লী ( ঐ-অনট্ ) স্থিতি, থাকা। আবাস। বিণ,-স্থিত।

অবস্থান্তর, বি, ক্লী ( অবস্থা + অন্তর ) ভিন্ন অবস্থা।

অবস্থিত, বিণ ( অব-স্থা-ক্ত ) স্থিত। স্থির।

অবস্থিতি, বি, স্ত্রী ( ঐ-ক্তি ) থাকা। বাস।

অবহিত, বিণ ( অব-ধা-ক্ত ) সাবধান, মনোযোগী।

অবহিত্থা, বি, স্ত্রী ( ন + বহিস্-স্থা-ড ) মনের হর্ষাদিভাব গোপন।

অবহেলন, বি, ক্লী ( অব-হেড়্-অনট্ )।

অবহেলা, বি, স্ত্রী ( ঐ-অল্ ) অনাদর, অবজ্ঞা।

অবাক্, বিণ ( ন + বাচ্ ) বাক্য-রহিত। হতবুদ্ধি।

অবাঙ্মুখ, বিণ ( অবাচ্ + মুখ ) অধোমুখ। [ দক্ষিণদিক্।

অবাচী, বি, স্ত্রী (অব-অন্চ-ক্বিপ্)

অবাচ্য, বিণ ( ন + বাচ্য ) অবক্তব্য, অকথ্য।

অবাধ, বিণ ( ন + বাধা ) বাধা শূন্য। ক্রিবিণ ; নির্ব্বিঘ্নে।

অবাধ্য, বিণ ( ন + বাধ্য ) যে বশীভূত নয়। বি,-ধ্যতা।

অবান্তর, বিণ ( অব + অন্তর ) প্রধানের অঙ্গভূত।

অবার, বি, ক্লী ; নদীর নিকট-বর্ত্তীতীর। অপরতীর।

অবারিত, বিণ ( ন + বারিত ) বাধারহিত, অনিষিদ্ধ।

অবাস্তব অবাস্তবিক,বিণ ; অসত্য, অযথার্থ।

অবিকল, বিণ ( ন + বিকল ) অঙ্গহীননয়, ঠিক।

অবিকৃত, বিণ ( ন + বিকৃত ) যাহা বিকৃত হয় নাই, প্রকৃত।

অবিচলিত, বিণ (ন + বিচলিত ) স্থির, দৃঢ়।

অবিচার,বি, পুং ; অন্যায় বিচার।

অবিচ্ছিন্ন, বিণ ; বিচ্ছেদ রহিত, ধারাবাহিক। বি,-চ্ছেদ।

অবিচ্ছেদ, ক্রিবিণ ; অবাধে, ক্রমান্বয়ে।

অবিতথ, বিণ ; যথার্থ, সত্য।

অবিদ্যা, বি, স্ত্রী ; অজ্ঞান, মায়া। প্রকৃতি। বেশ্যা।

অবিধি, বি, পুং ; অনিয়ম। বিণ ; নিয়ম-বিরুদ্ধ।

অবিধেয়, বিণ ( ন + বিধেয় ) অনুচিত।

অবিনয়, বি, পুং ; বিনয়াভাব, ঔদ্ধত্য।

অবিনশ্বর, বিণ ( ন + বিনশ্বর ) নাশহীন, অবিনাশী।

অবিনীত, বিণ ; অশিষ্ট, উদ্ধত।

অবিমৃষ্য, বিণ ( ন + বি-মৃষ্-যপ্ অবিবেচক।

অবিমৃষ্যকারিতা, বি, স্ত্রী ( অবি-মৃষ্য-কৃ-কর্ত্তৃ-ণিন্ + তা,ভাবার্থে) পূর্ব্বাপর বিবেচনা না করিয়া) কার্য্য করা।

অবিমৃষ্যকারী, বিণ ( অবিমৃষ্য + কৃ-কর্ত্তৃ-ণিন্ ) যে পূর্ব্বাপর বিবেচনা না করিয়া কার্য্য করে। স্ত্রী,-রিণী।

অবিমৃষ্যভাষী,-বাদী, বিণ ; যে পূর্ব্বাপর বিবেচনা না করিয়া কথা বলে। স্ত্রী,-ষিণী,-দিনী।

অবিরত, বিণ ( ন + বিরত ) যাহার বিরাম নাই। ক্রিবিণ ; নিরন্তর।

অবিরল, বিণ ( ন + বিরল ) নিবিড়, ঘন।

**অবিরাম,** বিণ; অবিশ্রান্ত, ক্রমিক। বহুব্রী।

**অবিলম্ব,** ক্রিবিণ; ত্বরিত, শীঘ্র।

**অবিবেক,** বি, পুং (ন+বিবেক) বিবেচনা রাহিত্য। বিণ; বিবেচনা শূন্য।

**অবিবেকী,** বিণ; বিবেচনা শূন্য।

**অবিশ্রান্ত,** ক্রিবিণ; অবিরত, নিরন্তর।

**অবিসংবাদিত,** বিণ; অবিরোধিত। নঞতৎ। [ নঞতৎ।

**অবিসংবাদী,** বিণ; অবিরোধী।

**অবীরা,** বিণ (ন+বীরা [ পতি পুত্রবতী ]) পতিপুত্রবিহীনা।

{ **অবেক্ষণ,** বি, ক্লী (অব-ঈক্ষ-অনট্)
**অবেক্ষা,** বি, স্ত্রী (ঐ+অ) দর্শন। আলোচনা। অনুসন্ধান।

**অবেক্ষিত,** বিণ (ঐ-ক্ত) দৃষ্ট। আলোচিত।

**অবৈধ,** বিণ (ন+বৈধ) বিধি-বিরুদ্ধ, অনুচিত। বি,-ধতা।

**অবোধ,** বিণ (ন+বোধ) নির্ব্বোধ।

**অব্জ,** বি, ক্লী, (অপ্-জন্-কর্ত্তৃ-ড) পদ্ম। পুং; চন্দ্র। পুং ক্লী; শঙ্খ।

**অব্দ,** বি, পুং; মেঘ। বৎসর।

**অব্ধি,** বি, পুং (অপ্-ধা-অধি-কি) সমুদ্র। [ মেঘ। ধাতু বিং।

**অব্ভ্র,** বি, ক্লী (অপ্-ভৃ-ক)

**অব্যক্ত,** বিণ (ন+ব্যক্ত) অস্পষ্ট, অপ্রকাশিত।

**অব্যয়,** বিণ (ন+ব্যয়) অক্ষয়, নিত্য। ব্রহ্ম। যে সকল শব্দের উত্তর বিভক্তি থাকে না।

"সদৃশং ত্রিষু লিঙ্গেষু সর্ব্বাসু চ বিভক্তিষু।
বচনেষু চ সর্ব্বেষু যন্নব্যেতি তদব্যয়ং॥"

**অব্যর্থ,** বিণ (ন+ব্যর্থ) যাহা বৃথা হয় না, সফল।

**অব্যবস্থা,** বি, স্ত্রী; অবিধি, অনিয়ম। অস্থিরতা।

**অব্যবস্থিত,** বিণ; নিয়ম রহিত। অস্থির, চঞ্চল। [ অযোগ্য।

**অব্যবহার্য্য,** বিণ; ব্যবহারের

**অব্যবহিত,** বিণ (ন+ব্যবহিত) ব্যবধান বিরহিত, সন্নিহিত। নঞ্তৎ। বি,-ধান।

**অব্যাক্ষেপ,** বি, পুং (ন+ব্যাক্ষেপ) অবিলম্ব।

**অব্যাজ,** বি, পুং; অকপটতা, সারল্য। বিণ; অকপট। শীঘ্র।

**অব্যাহত,** বিণ; ব্যাঘাতশূন্য। অব্যর্থ। [ মোচন।

**অব্যাহতি,** বি, স্ত্রী; অব্যাঘাত।

**অব্রাহ্মণ,** বি, পুং (ন+ব্রাহ্মণ) অপকৃষ্ট ব্রাহ্মণ, ভাট প্রভৃতি।

**অব্রুবাণ,** বিণ, (ন+ব্রূ-কর্ত্তৃ-শান) বাক্‌শক্তিহীন। শিশু।

**অব্যূঢ়,** বিণ (ন+ব্যূঢ়) অনূঢ় অবিবাহিত।

**অব্যূঢ়ান্ন,** বি, ক্লী (অব্যূঢ়+অন্ন) আইবুড়ো ভাত।

অশক্ত, বিণ (ন+শক্ত) অক্ষম।
অশক্য, বিণ (ন+শক্য) অসাধ্য।
অশন, বি ক্লী (অশ্-অনট্) ভোজন। খাদ্য বস্তু।
অশনায়া, বি, স্ত্রী; ভোজনেচ্ছা।
অশনি, বি, পুং (অশ-অনি) বজ্র। বিদ্যুৎ।
অশরণ, বিণ (ন+শরণ) নিরাশ্রয়, অনাথ।
অশরীরী, বিণ; শরীর বিহীন, নিরাকার। [ দুরন্ত।
অশান্ত, বিণ (ন+শান্ত) চঞ্চল,
অশাস্ত্র, বি, ক্লী; অবিধি। বিণ; শাস্ত্রবিরুদ্ধ।
অশিক্ষিত, বিণ; মূর্খ। অসভ্য।
অশিব, বি, ক্লী (ন+শিব) অমঙ্গল।
অশিষ্ট, বিণ (ন+শিষ্ট) অশান্ত, দুরন্ত। বি,-ষ্টতা।
অশীত, বিণ; শীতাভাবযুক্ত।

"অশীতাস্তরবো মাঘে
ফাল্গুনে পশুপক্ষিণো।
চৈত্রে জলচরাঃ সর্ব্বে
বৈশাখে নর বানরো॥"

অশীতি, বি, স্ত্রী (অষ্ট+দশন্+তি) আশি, ৮০।
অশুচি, বিণ (ন+শুচি) অশুদ্ধ, অপবিত্র। বি,-শৌচ।
অশুদ্ধ, বিণ (ন+শুদ্ধ) অপবিত্র। ভুল যুক্ত। বি,-দ্ধি।
অশুভ, বি, ক্লী (ন+শুভ) অমঙ্গল। বিণ; অমঙ্গলজনক।
অশেষ, বিণ; যার শেষ নাই, অসীম। সমুদায়।
অশেষবিধ, বিণ (অশেষা+বিধা) সর্ব্বপ্রকার।
অশোক, বি, পুং; স্বনামখ্যাত বৃক্ষ; এই বৃক্ষতলে তপস্যা করিতে করিতে গৌরী অভীষ্ট লাভ পূর্ব্বক হৃতশোকা হইয়াছিলেন বলিয়া ইহার নাম অশোক। বিণ; শোকহীন।
অশোচনীয়, অশোচ্য, বিণ; শোকের অযোগ্য।
অশৌচ, বি, ক্লী (অশুচি+ষ্ণ) জনন মরণাদি জন্য অশুদ্ধি।
অশ্ম, অশ্মন্, বি, পুং (অশ-ম, মন্) প্রস্তর।
অশ্র, বি, ক্লী (অশ্-রক্) চক্ষুর জল।
অশ্রদ্ধা, বি, স্ত্রী (ন+শ্রদ্ধা) অভক্তি, ঘৃণা।
অশ্রদ্ধেয়, বিণ; শ্রদ্ধার অযোগ্য।
অশ্রান্ত, বিণ (ন+শ্রান্ত) শ্রম রহিত, অক্লান্ত। ক্রিবিণ; অনবরত।
অশ্রাব্য, বিণ (ন+শ্রাব্য) শ্রবণের অযোগ্য, শ্রুতিকটু।
অশ্রু, বি, ক্লী (অশ্-রু বা ন-শ্রি-ডুন্) চক্ষুর জল।
অশ্রুতপূর্ব্ব, বিণ (ন+শ্রুত+

পূর্ব্ব) যাহা পূর্ব্বে কখনও শুনা যায় নাই। নঞ্‌-তৎ।

**অশ্লীল**, বিণ (ন + শ্লীল [শ্রী + ল] শ্রীযুক্ত। র = ল) বিশ্রী, লজ্জাজনক। [স্ত্রী,-শ্লা।

**অশ্ব**, বি, পুং (অশ-কন্‌) ঘোটক।

**অশ্বতর**, বি, পুং (অশ্ব + তর, অল্পার্থে) ঘোটকের ঔরসে গর্দ্দভীর গর্ভজাত, অথবা গর্দ্দভের ঔরসে ঘোটকীর গর্ভজাত পশু, খচ্চর। স্ত্রী,-রী।

**অশ্বত্থ**, বি, পুং (ন-শ্বস্‌-স্থা-ড) স্বনামখ্যাত বৃক্ষ।

**অশ্বত্থামা**, (মন্‌) বি, পুং (অশ্ব-স্থা-কর্ত্তৃ-মন্‌) দ্রোণাচার্য্যের পুত্র, ইনি জন্মকালে অশ্বের ন্যায় শব্দ করিয়াছিলেন বলিয়া এই নাম হইয়াছে।

**অশ্বপাল**, বি, পুং (অশ্ব-পালি-অন) ঘোটক রক্ষক, সহিস্‌।

**অশ্বমেধ**, বি, পুং; যজ্ঞ বিং, যে যজ্ঞে অশ্ব নিহত হয়।

**অশ্বসাদী** (দিন্‌) বি, পুং (অশ্ব-সদ্‌-কর্ত্তৃ-ণিন্‌) অশ্বারোহী, ঘোড়-সোয়ার।

**অশ্বারোহী** (হিন্‌) বিণ (অশ্ব + আরোহী) অশ্বারূঢ়।

**অশ্বিনী**, বি, স্ত্রী; ১ম নক্ষত্র।

**অশ্বিনীকুমার**, বি, পুং; স্বর্গবৈদ্য।

**অষ্ট** বিণ (অশ-কনিন্‌) আট, ৮।

**অষ্টক**, বি, ক্লী (অষ্টন্‌ + কণ্‌) অষ্ট অধ্যায় বিশিষ্ট বা অষ্ট শ্লোকাত্মক গ্রন্থ। বিণ; অষ্ট সংখ্যক।

**অষ্টদিক্‌পাল**, বি, পুং; আট-দিকের পালন কর্ত্তা; যথা— ইন্দ্র, বহ্নি, পিতৃপতি, নৈঋত, বরুণ, মরুৎ, কুবের এবং ঈশ।

**অষ্টধাতু**, বি, ক্লী; স্বর্ণ, রৌপ্য, তাম্র, সীসা, কান্তিলৌহ, রাঙ্গ, লৌহ, ইস্পাত।

**অষ্টনাগ**, বি, পুং; অনন্ত, বাসুকি, পদ্ম, মহাপদ্ম, তক্ষক, কুলীর, কর্কট, শঙ্খ, এই আট প্রকার সর্প।

**অষ্টনায়িকা**, বি, স্ত্রী; মঙ্গলা, বিজয়া, ভদ্রা, জয়ন্তী, অপরাজিতা, নন্দিনী, নারসিংহী, কৌমারী, এই আট প্রকার দেবীমূর্ত্তি।

**অষ্টপাদ**, বি, পুং; মাকড়সা, লূতা। বহুলী।

**অষ্টম**, বিণ (অষ্টন্‌ + মট্‌) আটের পূরণ। স্ত্রী,-মী – তিথি বিং।

**অষ্টমঙ্গল**, বি, ক্লী; সিংহ, বৃষ, হস্তী, জলকুম্ভ, ব্যজন, পতাকা, শঙ্খ ও দীপ, এই অষ্ট প্রকার মঙ্গল দ্রব্য। ব্রাহ্মণ, গো, অগ্নি, সুবর্ণ, ঘৃত, সূর্য্য, জল, রাজা। যথা—

"মৃগরাজো বৃষোনাগঃ
কলসো ব্যজনংতথা।
বৈজয়ন্তী তথা ভেরী
দীপ ইত্যষ্ট মঙ্গলম্॥"
"লোকেহস্মিন্ মঙ্গলান্যষ্টৌ
ব্রাহ্মণো গৌর্হুতাশনঃ
হিরণ্যং সর্পিরাদিত্য
আপো রাজা তথাষ্টমঃ।"
শুদ্ধিতত্ত্ব।

অষ্টমূর্ত্তি, বি, পুং ; শিব। পৃথিবী, জল, অগ্নি, বায়ু, আকাশ, যজমান, চন্দ্র ও সূর্য্য এই আটটি শিবের মূর্ত্তি। যথা—

"পৃথিবী সলিলং তেজো
বায়ুরাকাশ মেবচ।
সূর্য্যা-চন্দ্রমসৌ যাজী
রষ্টৌ শঙ্কর মূর্ত্তয়ঃ॥"

অষ্টবসু, বি, পুং ; আপ, ধ্রুব, সোম, অনল, অনিল, ধর, প্রত্যূষ, প্রভাব, এই আট।

অষ্টসিদ্ধি, বি, স্ত্রী ; অণিমাদি অষ্টপ্রকার সিদ্ধি, যথা—

'অণিমা লঘিমা প্রাপ্তিঃ
প্রাকাম্যং মহিমা তথা।
ঈশিত্বঞ্চ বশিত্বঞ্চ
তথা কামাবসায়িতা॥"

অষ্টাঙ্গপ্রণাম, বি, পুং ; জানু, পদ, হস্ত, বক্ষঃস্থল, বুদ্ধি (অর্থাৎ মন), মস্তক, বাক্য ও দৃষ্টি, এই অষ্টাঙ্গকৃত প্রণাম। যথা—

"জানুভ্যাঞ্চ তথা পদ্ভ্যাং
পাণিভ্যামুরসাধিয়া।
শিরসা বচসা দৃষ্ট্যা
প্রণামোঽষ্টাঙ্গ ঈরিতঃ॥"

অষ্টাঙ্গযোগ, বি, পুং ; যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা ও সমাধি, এই অষ্ট প্রকার যোগ।

অষ্টাঙ্গার্ঘ্য, বি, ক্লী ; জল, দুগ্ধ, কুশাগ্র, দধি, ঘৃত, তণ্ডুল, যব ও শ্বেতসর্ষপ, এই আট বস্তু দ্বারা সজ্জিত পূজোপকরণ। যথা—

"আপঃ ক্ষীরং কুশাগ্রাণি
দধিসর্পিঃ সতণ্ডুলাঃ।
যবাঃসিদ্ধার্থকা শ্চৈব
অষ্টাঙ্গার্ঘ্যঃপ্রকীর্ত্তিতঃ।" তন্ত্র।

অষ্টাদশ, বিণ ( অষ্টাদশন্ + ডট্ ) আঠার সংখ্যার পূরণ।

অষ্টাদশ (ন্) বি,পুং (অষ্টাধিক + দশ ) আঠার সংখ্যা। বিণ ; তৎসংখ্যা বিশিষ্ট।

অষ্টাপদ, বি, পুং, ক্লী ; স্বর্ণ। মৃগ বিং।

অষ্টাবক্র, বি, পুং ; মুনি বিং।

অষ্টি, বি, স্ত্রী ( অস্+ক্তি ) আটি। ষোড়শাক্ষর ছন্দো বিং।

অসংখ্য, বিণ ( ন + সংখ্যা ) সংখ্যাতীত, অগণ্য।

অসংযত, বিণ ( ন + সংযত ) বন্ধনবিহীন। অনিয়মিত। অদমিত।

অসংযম, বি, পুং ( ন + সংযম )

ইন্দ্রিয় সমূহের ও কামক্রোধাদি রিপুগণের দমনাভাব।
অসংলগ্ন, বিণ ; সম্বন্ধ বিরহিত। অসঙ্গত।
অসংবৃত, বিণ ; অনাচ্ছাদিত।
অসংশয়, বি, ক্লী ( ন + সংশয় ) সন্দেহাভাব। ক্রিবিণ ; নিঃসন্দেহ।
অসংসাহসিক, বিণ ( অসংসাহস + ষ্ণিক ) দুঃসাহসিক।
অসঙ্গ, বিণ ( ন + সঙ্গ ) সঙ্গরহিত। বি, পুং ; বৈরাগ্য।
অসঙ্গত, বিণ ( ন + সঙ্গত ) অনুচিত। অসংলগ্ন।
অসঙ্গতি, বি, স্ত্রী ; অসংলগ্নতা। অপ্রতুল।
অসৎ, বিণ ( ন + সৎ ) অসাধু, মন্দ। অবিদ্যমান। স্ত্রী,-তী।
অসতী, বিণ ; ভ্রষ্টা, দুশ্চরিত্রা।
অসত্য, বিণ (ন + সত্য) অলীক, মিথ্যা।
অসদ্ভাব, বি, পুং ( ন + সদ্ভাব ) অপ্রণয়। অভাব।
অসভ্য, বিণ ( ন + সভ্য ) সভার অনুপযুক্ত, অভদ্র। স্ত্রী,-ভ্যা।
অসম, বিণ ; যার সমান নাই, অতুল।
অসমক্ষ, ক্রি বিণ ( ন + সমক্ষ ) অসাক্ষাতে।
অসমতা, বি, স্ত্রী ; বিভিন্নতা।
অসময়, বি, পুং ; অযোগ্যকাল। দুঃসময়।
অসমর্থ, বিণ (ন + সমর্থ) অশক্ত, [ অক্ষম।
অসমীক্ষ্যকারী, বিণ (ন + সমীক্ষ্য [ বিবেচনা করিয়া] + কৃ-ণিন্) যে বিবেচনা না করিয়া কর্ম্ম করে। বি,-রিতা। স্ত্রী,-রিণী।
অসম্বদ্ধ, বিণ ( ন + সম্বদ্ধ ) সম্বন্ধ শূন্য।
অসম্ভব, বিণ ; যাহা ঘটিতে [ পারেনা।
অসম্ভ্রম, বি, পুং , অপমান।
অসম্মত, বিণ ( ন + সম্মত ) অস্বীকৃত, অনিচ্ছুক।
অসম্মতি, বি, স্ত্রী ; সম্মতির অভাব, অমত।
অসবর্ণ, বিণ ( ন + সবর্ণ ) ভিন্ন জাতীয়। স্ত্রী,-র্ণা।
অসহন, বিণ ( স-সহ্-অন ) অস- [ হিষ্ণু।
অসহিষ্ণু, বিণ; ধৈর্য্যহীন। বি,-তা।
অসহ্য, বিণ ( ন + সহ্য ) যাহা সহ্য যায়না, অসহনীয়, দুঃসহ।
অসাধারণ, বিণ ( ন + সাধারণ ) যাহা সকলের নাই, অসামান্য। স্ত্রী,-ণী।
অসাধু, বিণ; অসচ্চরিত্র। স্ত্রী,-ধ্বী।
অসাধ্য, বিণ ( ন + সাধ্য ) সাধ্যাতীত।
অসাময়িক, বিণ ; যাহা সময়ের উপযুক্ত নহে।
অসামান্য, বিণ ( ন + সামান্য )

অসাধারণ। স্ত্রী,-ণা।

অসার, বিণ; সারহীন, অপদার্থ।

অসি, বি, পুং (অস-কর্ম্ম-ইন্) খড়্গ, করবাল।

অসিত, বিণ (ন+সিত) কৃষ্ণবর্ণ-যুক্ত, কাল। বি, পুং; কৃষ্ণ-পক্ষ। কৃষ্ণবর্ণ।

অসিদ্ধ, বিণ (ন+সিদ্ধ) সফ-লতাশূন্য। অপ্রামাণিক। অপক্ক। বি,-দ্ধি,-দ্ধতা।

অসিদ্ধি, বি, স্ত্রী; অনিষ্পত্তি। সফলতা রাহিত্য।

অসিপত্র, বি, পুং; ইক্ষুবৃক্ষ। খড়্গকোষ।

অসীম, বিণ (ন+সীমা) যার সীমা নাই, অনন্ত।

অসু, বি, পুং (অস-করণ-উ) প্রাণ। [পীড়া।

অসুখ, বি, ক্লী (ন+সুখ) দুঃখ।

অসুর, বি, পুং (ন+সুর) সুর-বিরোধী, দৈত্য। স্ত্রী,-রা,-রী।

অসূয়া, বি, স্ত্রী (অসূ-ক্য-ভাবে-অ-আপ্) পরের গুণে দোষা-রোপ করা, দ্বেষ।

অসূর্য্যম্পশ্য, বিণ (ন+সূর্য্য-দৃশ্-কর্তৃ-খশ্) সূর্য্যকে না দেখে যে অর্থাৎ যাহার গাত্রে সূর্য্যের কিরণ পতিত হয় না, অতিশয় গুপ্ত। ন সূর্য্য ইতি অসূর্য্য, নঞ্‌তৎ; অসূর্য্যকে দেখে যে ইতি উপপদ। স্ত্রী,-শ্যা।

অসূর্য্যম্পশ্যরূপা, বিণ, স্ত্রী (অ-সূর্য্যম্পশ্য+রূপ) যে স্ত্রীর রূপ সূর্য্যের মুখ দেখেনা অর্থাৎ যে স্ত্রী কখনও গৃহের বাহির হনা। অসূর্য্যম্পশ্য রূপ যাহার, বহু।

অসৃক্ (জ্), বি, ক্লী (ন সৃজ্-ক্বিপ্) রক্ত।

অসেচনক, বিণ (ন-সিচ-অনট্-কণ্) যাহাকে পুনঃ পুনঃ দেখি-য়াও আকাঙ্ক্ষা মিটেনা, অতি প্রিয়দর্শন।

অস্ত, বি, পুং (অস্-অধি-ক্ত) পশ্চিমাচল। ক্লী; (ঐ-ভাবে-) চন্দ্রসূর্য্যাদির অদর্শন। মৃত্যু।

অস্তগত, বিণ (অস্ত-গম্-ক্ত) অদর্শনপ্রাপ্ত।

অস্তাগার, অস্তাচল, বি, পুং; সূর্য্যের অস্তগমনের পর্ব্বত, পশ্চিমাচল। [অস্তগত। বিলুপ্ত।

অস্তমিত, বিণ (অস্তম্-ই-ক্ত)

অস্তি, ব্য (অস্-তি) বিদ্যমানতা।

অস্তিত্ব, বি, ক্লী (অস্তি+ত্ব, ভাবার্থে) স্থায়িত্ব, বিদ্যমানতা।

অস্তু, ব্য; (অস্-তু) হউক, অনুজ্ঞা।

অস্ত্র, বি, ক্লী (অস-কর্ম্ম-ত্র) খড়্গাদি প্রহরণ।

অস্ত্রবিৎ, বিণ (অস্ত্র-বিদ্-ক্বিপ্) অস্ত্রবিদ্যায় পারদর্শী।

অস্ত্রী, বিণ (অস্ত্র + ইন্) অস্ত্রধারী।
অস্থান, বি, ক্লী; অযোগ্য স্থান, কুস্থান।
অস্থায়ী, বিণ ( ন-স্থা-ণিন্ ) যাহা চিরদিন থাকেনা, নশ্বর।
অস্থাবর, বিণ, ( ন + স্থাবর ) যাহা একস্থানে নিবদ্ধ থাকেনা, জঙ্গম। [ হাড়।
অস্থি, বি, ক্লী ( অস-কথিন্ )
অস্থিপঞ্জর, বি, পুং; কঙ্কাল। পঞ্জরের (পিঞ্জরের) ন্যায় অস্থি, উপমিত সং।
অস্থির, বিণ ( ন + স্থির ) চঞ্চল। অস্থায়ী। অনিশ্চিত।
অস্থিসার, বি, পুং; মজ্জা। বিণ; রক্তমাংসশূন্য।
অস্পৃশ্য, বিণ(ন + স্পৃশ্-কর্ম্ম-ক্যপ্) স্পর্শের অযোগ্য, অশুচি।
অস্ফুট, বিণ ( ন + স্ফুট ) অস্পষ্ট, অব্যক্ত। অবিকাসত।
অস্মদ্, সর্ব্ব, ত্রি ( অস্-কর্ত্তৃ-মদ্ ) উত্তমপুরুষ, আমি।
অস্মদীয়, বিণ ( অস্মদ্ + ঈয় ) আমাদিগের সম্বন্ধীয়।
অস্মি, ব্য ( অস্-মি ) অহম্, আমি।
অস্র, বি, পুং (অস্-রক্ ) চক্ষুর জল। রক্ত। গৃহাদির কোণ।
অস্বামিক, বিণ ( ন + স্বামিন্ ) স্বামিহীন।
অস্বাস্থ্য, বি, ক্লী ( ন + স্বাস্থ্য ) অসুস্থতা। উপদ্রব।
অস্বীকার, বি, পুং; অসম্মতি প্রকাশ।
অস্বীকৃত, বিণ; অসম্মত।
অহঙ্কার, বি, পুং(অহম্-কৃ-ঘঞ্ )
অহঙ্কৃতি, বি, স্ত্রী ( ঐ-ক্তি ) আপনাকে বড় জ্ঞান করা, গর্ব্ব।
অহঙ্কারী, অহঙ্কৃত, বিণ ( ঐ-ণিন্, ক্ত ) গর্ব্বিত।
অহন্, বি, ক্লী ( ন + হা-কণিন্) দিন, দিবস।
অহম্, ব্য ( অহ-অম্ ) অহঙ্কার।
অহমহমিকা, বি, স্ত্রী (অহম্ + অহম্ + কন্) 'আমিই বড়', 'আমিই বড়' বলিয়া পরস্পর গর্ব্ব করা।
অহমিকা বি, স্ত্রী ( অহম্ + কন্ + আপ্ ) অহঙ্কার।
অহম্মুখ, ( প্রা ) বিণ; নির্ব্বোধ, বোকা।
"অপশিক্ষিত অহম্মুখ যুবজনেরা" ( প্রভাত চিন্তা )।
অহরহঃ, ক্রিবিণ ( অহঃ + অহঃ) প্রতিদিন। সর্ব্বদা।
অহর্নিশ, ক্রিবিণ ( অহঃ + নিশা ) দিবারাত্র।
অহর্পতি, বি, পুং (অহঃ + পতি) সূর্য্য। [ পত্নী।
অহল্যা, বি, স্ত্রী; গৌতম ঋষির

ইনি স্বীয় পতি গৌতমের অভিশাপে পাষাণী হইয়াছিলেন, পরে শ্রীরামচন্দ্রের পাদস্পর্শে মানবী হন। মতান্তরে, তিনি শাপগ্রস্তা হইয়া বহুকাল কঠোর তপশ্চারণা করেন,পরে শ্রীরামচন্দ্রের আগমনে তাঁহার আতিথ্য সৎকার করিয়া শাপমুক্ত হয়েন। (বাল্মীকি রামায়ণ, ৪৮,৪৯ সর্গ, আদি কাণ্ড)।

অহি,বি,পুং (আ-হন্-ডিন্) সর্প।

অহিংসক, বিণ; হিংসাবর্জ্জিত।

অহিংসা, বি, স্ত্রী (ন+হিংসা) হিংসার অভাব, কাহাকেও পীড়া না দেওয়া। বিণ,-সিত।

অহিত,বি,পুং (ন+হিত) অনিষ্ট।

অহিতুণ্ডিক, বি, পুং (অহিতুণ্ড +ষ্ণিক) সর্প খেলক, সাপুড়ে।

অহি নকুলতা, বি, স্ত্রী; সাপে বেজির ন্যায় চির শত্রুতা।

অহিফেন, বি,পুং, ক্লী; আফিং।

অহিভুক্ (জ্), বি, পুং, (অহি-ভুজ্-ক্বিপ্) নকুল। ময়ূর। গরুড়।

অহে, ব্য; সম্বোধন।

অহেতুক, বিণ (ন+হেতু+ক) হেতুশূন্য, অকারণ। স্ত্রী,-কী।

অহো, ব্য; আশ্চর্য্য। প্রশংসা অনুতাপ। শোক।

অহোরাত্র, বি, পুং (অহঃ+রাত্রি) দিবারাত্র।

---

# আ।

আ, ব্য; ঈষৎ। সম্যক্। ব্যাপ্তি। সীমা।

আংটী, (প্রা) বি; অঙ্গুরীয়।

আংশিক, বিণ (অংশ+ষ্ণিক) একদেশ সম্বন্ধীয়। কতক।

আঃ, ব্য; সুখদুঃখ বিরক্তিসূচক শব্দ।

আই, (প্রা) বি; মাতামহী।

আইআই, (প্রা) ব্য; ছিছি।

আই বড়, (প্রা) বিণ;অবিবাহিত।

আওতা, (প্রা) বি; আবরণ, আচ্ছাদন।

আঁক, (প্রা) বি; চিহ্ন, দাগ। অঙ্ক।

আঁকুষি, (প্রা) বি; যদ্দ্বারা ফল পুষ্পাদি আকর্ষণ করিয়া পাড়া যায়, নগা। [ধরা।

আঁকড়ান, (প্রা) বি; জড়াইয়া

আঁখি, (প্রা) বি; চক্ষু। (সংস্কৃত অক্ষি শব্দের অপভ্রংশ।)

আঁচ, (প্রা) বি; উত্তাপ,উষ্ণতা।

আঁচড়, (প্রা) বি; দাগ।

আঁচড়ান, (প্রা) কেশ সংস্কার।

আঁচল, (প্রা) বি; বস্ত্রের প্রান্ত

ভাগ, অঞ্চল।
আঁচিল, (প্রা) বি; শরীরস্থিত চিহ্ন বিং।
আঁজল, (প্রা) বি; অঞ্জলি, করপুট।
আঁতুড়, (প্রা) বি; সূতিকাগার।
আঁত, আঁতুড়ী (প্রা), বি; অন্ত্র, নাড়ী ভুঁড়ি।
আঁধার, (প্রা) বি; অন্ধকার।
আঁশ, (প্রা) বি; সূক্ষ্ম সূত্র। ফলাদির অভ্যন্তরস্থ সূত্রবৎ একরূপ বস্তু।
আকজ, (প্রা) বি; দ্বন্দ্ব, শত্রুতা।
আকণ্ঠ, ক্রিবিণ; কণ্ঠ পর্য্যন্ত, গলায় গলায়।
আকম্প, বি, পুং; } ঈষৎকম্প।
আকম্পন, বি, ক্লী, } বিণ,-ম্পিত।
আকম্পিত, বিণ; ঈষৎকম্পিত।
আকর, বি, পুং (আ-কৃ-অল্) খনি।
আকরিক, বিণ (আকর+ষ্ণিক) খনিজাত। খনিতে নিযুক্ত।
আকর্ণ, ক্রিবিণ; কর্ণ পর্য্যন্ত।
আকর্ণন, বি, ক্লী (আ-কর্ণি-অনট্) শ্রবণ।
আকর্ষ, বি, পুং (আ-কৃষ্-অল্) আকর্ষণ। আঁকুষি।
আকর্ষক, বিণ (ঐ-ণক) যে আকর্ষণ করে। স্ত্রী,-র্ষিকা।
আকর্ষণ, বি, ক্লী (ঐ-অনট্) টানিয়া লওয়া।
আকর্ষণী, বি, স্ত্রী (ঐ-স্ত্রীঈপ্) আঁকুষি। বিণ; আকর্ষণকারিণী।
আকষ, বি, পুং (আ-কষ্ অল্) কষ্টি পাথর।
আকস্মিক, বিণ (অকস্মাৎ+ষ্ণিক) হঠাৎ যাহা ঘটে। স্ত্রী,-কী।
আকাঙ্ক্ষা, বি, স্ত্রী (আ-কাঙ্ক্ষ-অ-আপ্) ইচ্ছা, অভিলাষ। প্রার্থনা। বিণ,-ঙ্ক্ষিত।
আকাঙ্ক্ষিত, বিণ (ঐ-ক্ত) অভিলষিত। প্রার্থিত।
আকাঙ্ক্ষী, বিণ (ঐ-ণিন্) যে আকাঙ্ক্ষা করে, অভিলাষী। স্ত্রী,-ঙ্ক্ষিণী।
আকার, বি, পুং (আ-কৃ-ঘঞ্) আকৃতি, মূর্ত্তি। ইঙ্গিত।
আকাল (প্রা), বি; দুর্ভিক্ষ।
আকালিক, বিণ (অকাল+ষ্ণিক) অকাল জাত।
আকাশ, বি, পুং, ক্লী (আ-কাশ্ অন্) গগন, শূন্যস্থান।
আকাশ প্রদীপ, বি, পুং; লক্ষ্মীনারায়ণের উদ্দেশে কার্ত্তিক মাসে আকাশে যে প্রদীপ দেওয়া হয়।
আকাশবাণী, বি, স্ত্রী; দৈববাণী।
আকিঞ্চন, বি, ক্লী (অকিঞ্চন+ষ্ণ) দীনতা। যত্ন, চেষ্টা।

আকীর্ণ, বিণ (আ-কৄ-ক্ত) ব্যাপ্ত। বিক্ষিপ্ত।

আকুঞ্চন, বি, ক্লী ( আ-কুন্‌চ্‌-অনট্‌ ) সঙ্কোচন, কোঁকড়ান। ঈষৎ বক্র করণ। বিণ,-ঞ্চিত।

আকুঞ্চিত, বিণ ( ঐ-ক্ত ) সঙ্কোচিত। ঈষৎ বক্রীকৃত।

{ আকুল, ( আ-কুল্‌-ক )
{ আকুলিত,(ঐ-ক্ত)বিণ; ব্যাকুল। বিহ্বল। পূর্ণ।

আকৃতি, বি, স্ত্রী ( আ-কৃ-ক্তি ) আকার, মূর্ত্তি।

আকৃষ্ট, বিণ (আ-কৃষ-ক্ত) যাহাকে আকর্ষণ করা হইয়াছে। বশীকৃত।

{ আক্রম, বি, পুং (আ-ক্রম্‌-অল্‌)
{ আক্রমণ, বি, ক্লী ( ঐ-অনট্‌ ) বল পূর্ব্বক ধারণ। অভিভব। অতিক্রম।

আক্রা ( প্রা ) বিণ; অক্রেয়, দুর্ম্মূল্য।

আক্রান্ত, বিণ ( আ-ক্রম্‌-ক্ত ) বল পূর্ব্বক ধৃত। অভিভূত। অতিক্রান্ত।

আক্রীড়, বি, পুং ( আ-ক্রীড়-অধি-অ ) রাজকীয় উদ্যান, উপবন।

আক্রোশ, বি, পুং ( আ-ক্রুশ্‌-অল্‌ ) ভর্ৎসনা। ক্রোধ। দ্বেষ। বিণ,-ক্রুষ্ট।

আক্লান্ত, বিণ ; অতিশয় ক্লান্ত।

আক্ষেপ, বি, পুং ( আ-ক্ষিপ্‌-অল্‌ ) মনস্তাপ। আকর্ষণ। হাত-পা খেঁচা।

আখড়া ( প্রা ) বি ; আশ্রম। গানের বা কুস্তির আড্ডা।

আখণ্ডল, বি, পুং (আ-খণ্ড-ডল) যিনি বজ্র দ্বারা পর্ব্বত ভাঙ্গেন, ইন্দ্র।

আখ্যা, বি, স্ত্রী ( আ-খ্যা-ঙ ) নাম। কথন।

আখ্যাত, বিণ (ঐ-ক্ত) কথিত।

আখ্যান, বি, ক্লী ( ঐ-অনট্‌ ) গল্প, বৃত্তান্ত। কথন।

আখ্যায়ক, বিণ (ঐ-ণক) কথক।

আখ্যায়িকা, বি, স্ত্রী ( ঐ-স্ত্রী আপ্‌ ) আখ্যান, বৃত্তান্ত।

আগ্‌ড়া,(প্রা) বি; শস্যহীন ধান্য।

আগত, বিণ ( আ-গম্‌-ক্ত ) উপস্থিত। প্রাপ্ত।

{ আগন্তু, ( আ-গম্‌-তুন্‌ )
{ আগন্তুক,(আগন্তু+কণ্‌) বি, পুং ; অতিথ,অভ্যাগত ব্যক্তি।

আগম, বি, পুং ( আ-গম্‌-অল্‌ ) লেখ্যাদি প্রমাণ। উপদেশ। আগমন। তন্ত্রশাস্ত্র। যথা—

"আ-গতং শিব বক্ত্রেভ্যঃ,
গ-তঞ্চ গিরিজা শ্রুতৌ।
ম-তঞ্চ বাসুদেবস্য,
তস্মাদাগম উচ্যতে।"

আগম শিবের মুখ হইতে বহির্গত হইয়া পার্ব্বতীর কর্ণকুহরে প্রবিষ্ট হইল, এবং তাহা বিষ্ণুর অভিপ্রেত হইল, সেই হেতু ইহা আগম নামে কথিত হইয়া থাকে।

**আগমন**, বি, ক্লী (ঐ-অনট্) আসা, উপস্থিতি।

**আগাছা** (প্রা) বি, যাহা গাছের মধ্যে গণ্য নহে।

**আগামী**, বিণ (আ-গম্-ণিন্) যাহা আসিবে বা হইবে, ভবিষ্যৎ। [গৃহ।

**আগার**, বি, ক্লী (আ-গৃ-ঘঞ্)

**আগুয়ান**, (প্রা) বিণ, অগ্রসর।

**আগুরী**, (প্রা) বি; শূদ্রার গর্ভে ক্ষত্রিয়ের ঔরসজাত জাতি।

**আগ্নেয়**, বিণ (অগ্নি+ঞ্চেয়) অগ্নি সম্বন্ধীয়। অগ্নিজনক। অগ্নিগত।

**আগ্নেয়াগার**, বি, পুং, যে পর্ব্বত হইতে সময়ে সময়ে অগ্নি ও ধাতুনিঃস্রব প্রভৃতি নির্গত হয়।

**আগ্নেয়াস্ত্র**, বি, ক্লী (আগ্নেয়+অস্ত্র) যে সকল অস্ত্র অগ্নি উদ্গীরণ করে, যথা—কামান, বন্দুক প্রভৃতি।

**আগ্নেয়ী**, বি, স্ত্রী; অগ্নিপত্নী, স্বাহা। অগ্নিকোণ।

**আগ্রহ**, বি, পুং (আ-গ্রহ্-অল্) অতি যত্ন বা ব্যগ্রতা। গ্রহণ।

**আঘাত**, বি, পুং (আ-হন্-ঘঞ্) প্রহার, মারা।

**আঘ্রাণ**, বি, ক্লী (আ-ঘ্রা-অনট্) নাসিকাদ্বারা গন্ধ গ্রহণ। বিণ,-ঘ্রাত।

**আঘ্রাত**, বিণ (ঐ-ক্ত) যার ঘ্রাণ লওয়া হইয়াছে।

**আঙটী** (প্রা) বি; অঙ্গুরীয়।

**আঙ্গিনা** (প্রা) বি; চত্বর, উঠান।

**আঙ্গিরস**, বি, পুং (অঙ্গিরস+ষ্ণ) বৃহস্পতি।

**আচমন**, বি, ক্লী (আ চম্-অনট্) পূজাদির পূর্ব্বে জলদ্বারা বিধি পূর্ব্বক দেহ-শোধন। ভোজনান্তে হস্তমুখ প্রক্ষালন।

**আচমনীয়**, বি, ক্লী (ঐ-অনীয়) আচমনের জল।

**আচম্বিত** (প্রা) ব্য, হঠাৎ, অকস্মাৎ।

**আচরণ**, বি, ক্লী (আ-চর-অনট্) ব্যবহার। অনুষ্ঠান। বিণ,-রিত।

**আচরিত**, বিণ (ঐ-ক্ত) ব্যবহৃত। অনুষ্ঠিত।

**আচার**, বি, পুং (ঐ-ঘঞ্) আচরণ। রীতি।

**আচার্য্য**, বি, পুং (আ-চর-কর্তৃ-ঘ্যণ্) বেদাধ্যাপক। শিক্ষাগুরু। স্ত্রী,-র্য্যা। দৈবজ্ঞ ব্রাহ্মণ। স্ত্রী,-র্য্যানী।

**আচ্ছন্ন**, বিণ (আ-ছাদি ক্ত) আবৃত, ঢাকা। অভিভূত।

আচ্ছা, ( প্রা ) ব্য ; হাঁ, স্বীকার বাক্য।

আচ্ছাদক, বিণ ( আ-ছাদি-ণক ) যে আচ্ছাদন করে। স্ত্রী,-দিকা।

আচ্ছাদন, বি, ক্লী ; ( ঐ-অনট্ ) আবরণ। আচ্ছাদন বস্ত্র। ঢাকনি।

আচ্ছাদিত, বিণ ( ঐ-ক্ত ) আবৃত, ঢাকা। [ পূর্ব্বক গৃহীত।

আচ্ছিন্ন, বিণ ( আ-ছিদ-ক্ত ) বল-

আজন্ম, ক্রিবিণ ( আ + জন্মন্ ) জন্মাবধি। যাবজ্জীবন।

আজব, ( প্রা ) বিণ; অদ্ভুত, আশ্চর্য্য। "আজব কোমলতার পুতুল হয়েন না" ( ভারতী, অচ্যুতানন্দ )

আজানু, ব্য ; জানুপর্য্যন্ত। অব্যয়ীভাবসং।

আজানুলম্বিত, বিণ ; জানুদেশ পর্য্যন্ত লম্বমান। প্রথমে অব্যয়ী, পরে ২য়াতৎ। [ ব্য ; অগ্ন।

আজি, বি, স্ত্রী ( অজ-ইন্ ) যুদ্ধ।

আজীব, বি, পুং ( আ জীব-অল্ ) জীবিকা।

আজীবন, বি, ক্লী ( ঐ-অনট্ ) জীবিকা। ক্রিবিণ; যাবজ্জীবন।

আজ্ঞপ্ত, বিণ ( আ-জ্ঞপি-ক্ত ) আদিষ্ট। [ আদেশ, অনুমতি।

আজ্ঞা, বি, স্ত্রী ( আ-জ্ঞা-ঙ-আপ্ )

আজ্ঞাকারী, বিণ ( আজ্ঞা-কৃ-কর্তৃ -ণিন্ ) অন্যের আদেশানুসারে কার্য্যকারী।

আজ্ঞাধীন, আজ্ঞানুবর্ত্তী বিণ ; আদেশানুবর্ত্তী, আজ্ঞাকারী। ৬ষ্ঠীতৎ। স্ত্রী,-না,-র্ত্তিনী।

আজ্ঞাবর্ত্তী, ( আজ্ঞা-বৃত-ণিন্ ) আজ্ঞাবহ, ( ঐ-বহ্-অন্ ) বিণ; আদেশ প্রতিপালক। স্ত্রী,-র্ত্তিনী, -হা।

আজ্য, বি, ক্লী ( আ-অন্জ-ক্যপ্ ) ঘৃত।

আঞ্জনেয়, বি, পুং ( অঞ্জনা + ঢেয় ) অঞ্জনাপুত্র, হনুমান্।

আটক, ( প্রা ), বি ; আবরণ। বাধা।

আটকাল ( প্রা ) বি ; আন্দাজ।

আটবিক, বিণ ( অটবী + ষ্ণিক ) বনজাত, বন্য।

আটা, ( প্রা ) বি ; গোধূমচূর্ণ।

আটোপ, বি, পুং ( আ-তুপ্-ঘঞ্ ) গর্ব্ব। আড়ম্বর।

আঠা, ( প্রা ) বি ; বৃক্ষের রস।

আঠি, ( প্রা ) বি ; বীজ, বীচি।

আড়কাঠা, ( প্রা ) বি ; গৃহের উপরিস্থ প্রস্থকাষ্ঠ, কড়িকাঠ।

আড়ং, ( প্রা ) বি ; বিক্রয়ার্থ যেখানে ধান্যাদি রাখা হয়, গঞ্জ।

আড়ম্বর, বি, পুং, ( আ-ডম্ব-অর ) সমারোহ, ধূমধাম। হস্তি গর্জ্জন। মেঘধ্বনি। বাদ্যধ্বনি।

আড়াল, ( প্রা ) বি ; অন্তরাল, ব্যবধান।

আড়ুলি. ( প্রা ) বি ; নদী প্রভৃতির তটস্থিত উচ্চস্থান, ধার।

আঢ়ক, বি, পুং, ক্লী ( আ-ঢৌক্-অন্ ) ধান্যাদির পরিমাণ পাত্র বিং, আড়ি।

আঢ্য, বিণ (আ-ধ্যৈ-ড) ধনশালী। যুক্ত, বিশিষ্ট। স্ত্রী,-ঢ্যা।

আণবিক, বিণ ( অণু + ষ্ণিক ) অণুসম্বন্ধীয়।

আতঙ্ক,বি, পুং (আ-তন্ক-ঘঞ্ ) শঙ্কা, ভয়। বিণ,-ঙ্কিত।

আতত, বিণ(আ-তন্-ক্ত) বিস্তৃত। আরোপিত।

আততায়ী ( য়িন্ ), বিণ (আতত-ঈ-কর্ত্তৃ-ণিন্ ) অগ্নিদাতা, বিষদাতা, শস্ত্রপাণি (অর্থাৎ শস্ত্রদ্বারা প্রাণঘাতক ), ধনাপহারী, ভূম্যপহারী এবং স্ত্রী অপহারী, এই ছয় প্রকার শত্রু। বি,-য়িতা। স্ত্রী,-য়িনী।

"অগ্নিদোগরদশ্চৈব
শস্ত্রপাণির্ধনাপহঃ।
ক্ষেত্রদারাপহারীচ
ষড়েতে আততায়িনঃ॥"

আতপ, বি. পুং, ( আ-তপ্-কর্ত্তৃ-অন্ ) রৌদ্র।

আতপত্র, বি, ক্লী ( আতপ-ত্রৈ-কর্ত্তৃ-ড ) আতপ হইতে ত্রাণ করে যে, ছত্র, ছাতা।

আতর, বি, পুং, ( আ-তৃ-অল্ ) নদী পার হইবার নৌকাভাড়া।

পুষ্পনির্য্যাস।

আতিথেয়, বিণ (অতিথি + ষ্ণেয়) অতিথি সেবক। স্ত্রী,-য়ী। বি,-য়তা।

আতিথ্য, বি, ক্লী ( ঐ + ষ্ণ্য ) অতিথি-সেবা।

আতিশয্য, বি, ক্লী ( অতিশয় + ষ্ণ্য ) আধিক্য।

আতুর, বিণ ( আ-তুর্-কর্ত্তৃ-ক ) রোগী। কাতর। স্ত্রী,-রা।

আতৃপ্য, বি, ক্লী ( আ-তৃপ্-য ) আতাফল। পুং ; আতা গাছ।

আতোদ্য, বি, ক্লী (আ-তুদ্-কর্ম্ম-ঘ্যণ্) বীণাবংশাদি চতুর্বিধ বাদ্য।

আত্ত, বিণ ( আ-দা-ক্ত ) গৃহীত। প্রাপ্ত।

আত্মগত, বিণ ; আত্মনিষ্ঠ। ক্রি-বিণ ; স্বগত, মনে মনে।

আত্মগ্লানি, বি, স্ত্রী ; অসৎ কর্ম্মের অনুষ্ঠান জন্য আত্মার তিরস্কার, অনুতাপ।

আত্মঘাতী, বিণ ( আত্মন্-হন্-ণিন্ ) আত্মহত্যাকারী। স্ত্রী,-তিনী।

আত্মজ, বি, পুং (আত্মন্-জন্-ড) পুত্র। [কন্যা।

আত্মজা, বি, স্ত্রী ( ঐ স্ত্রীআপ )

আত্মদর্শ, বি, পুং ( আত্মন্-দৃশ্-অধি-ঘঞ্ ) আদর্শ, দর্পণ।

আত্মদর্শন, বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্ ) স্বীয় দোষ গুণের প্রতি দৃষ্টি স্থাপন।

আত্মদ্রোহ, বি, পুং ; নিজের অনিষ্টাচরণ। ৬ষ্ঠীতৎ।

আত্মদ্রোহী, বিণ ( আত্মন্-দ্রুহ্-ণিন্ ) আত্মঘাতী। আত্মপীড়নকারী। বি,-হিতা।

আত্মনীন, বিণ ( আত্মন্+নীন ) আত্মহিতকারী। আত্মসংক্রান্ত। স্ত্রী,-না।

আত্মপ্রসাদ, বি, পুং ; সৎকর্ম্মের অনুষ্ঠান জন্য আত্মার সন্তোষ।

আত্মভূ, বি, পুং (আত্মন্-ভূ ক্বিপ্) ব্রহ্মা। বিষ্ণু। শিব। কন্দর্প।

আত্মম্ভরি, বিণ ( আত্মন্-ভৃ খি ) যে কেবল নিজোদর পূর্ণ করে, স্বার্থপর। বি,-তা।

আত্মযোনি, বি, পুং ; ব্রহ্মা। বিষ্ণু। শিব। কন্দর্প।

আত্মবৎ, ব্য ( আত্মন্+চৃৎ ) আত্মসদৃশ, নিজেরমত।

আত্মবিচ্ছেদ, বি, পুং ; আপনা-আপনি লোকের মধ্যে অপ্রণয়। ৭মী তৎ।

আত্মবিস্মৃতি, বি, স্ত্রী ; আপনাকে ভুলিয়া যাওয়া।

আত্মশ্লাঘা, বি, স্ত্রী ; আপনাকে প্রশংসা করা। ৬ষ্ঠীতৎ।

আত্মসংযম, বি, পুং ; ইন্দ্রিয়াদির নিগ্রহ। ৬ষ্ঠীতৎ। বিণ,-যমী।

আত্মসাৎ, ব্য ( আত্মন্+চসাৎ ) আপনার আয়ত্ত, নিজের হস্তগত।

আত্মসার, বিণ ; স্বার্থপর।

আত্মা ( ত্মন্ ) বি, পুং (আ-অত্ কর্ত্তৃ-মন্ ) জীব। স্বভাব। মনঃ। হৃদয়। দেহ। স্বরূপ। ব্রহ্ম। বুদ্ধি। স্বয়ং, আপনি।

আত্মাদর, বি, পুং ; আপনার মান অপমানের প্রতি দৃষ্টি রাখা।

আত্মারাম, বিণ ; যে ব্রহ্মজ্ঞান বশতঃ মনে সর্ব্বদা আনন্দ অনুভব করে।

আত্মীয়, বিণ ( আত্মন্+ণীয় ) আত্মসম্পর্কীয়। স্বজন, বন্ধু। স্ত্রী,-য়া। বি,-তা।

আত্মীয়তা, বি, স্ত্রী ( আত্মীয়+তা, ভাবার্থে ) বন্ধুত্ব।

আত্মোৎসর্গ, বি, পুং ; ( আত্মন +উৎসর্গ )
আত্মোৎসর্জ্জন, বি, ক্লী ( ঐ+উৎসর্জ্জন ) পরার্থে জীবন দান। ৬ষ্ঠীতৎ।

আত্যন্তিক, বিণ ( অত্যন্ত+ষ্ণিক ) অত্যন্ত অধিক, যৎ-পরোনাস্তি। স্ত্রী,-কী।

আত্রেয়, বি,পুং ( অত্রি+ঢেয় ) অত্রিমুনির পুত্র—চন্দ্র,দুর্ব্বাসা।

আত্রেয়ী, বি, স্ত্রী ; অত্রিবংশীয়া।

নদী বিং।

**আদর,** বি, পুং (আ-দৃ-অল্) সম্মান। অনুরাগ। স্নেহ। বিণ,-দৃত।

**আদরণীয়,** বিণ (ঐ+অনীয়) আদরের যোগ্য।

**আদর্শ,** বি, পুং (আ-দৃশ্-অল্) দর্পণ। নমুনা। প্রতিপুস্তক।

**আদান,** বি, ক্লী (আ-দা-অনট্) গ্রহণ।

**আদান প্রদান,** বি, ক্লী ; দেওয়া লওয়া, লেন দেন।

**আদায়,** (প্রা) বি ; গ্রহণ, লওয়া।

**আদি,** বি, পুং (আ-দা-কি) প্রথম। মূল। আরম্ভ। প্রভৃতি। বিণ,-দিম,-দ্য।

**আদি কবি,** বি, পুং ; ব্রহ্মা। বাল্মীকি।

**আদিতেয়,** বি, পুং (অদিতি+ ষ্ণেয়) দেবতা।

**আদিত্য,** বি, পুং (ঐ+ষ্ণ্য) সূর্য্য। দেবতা।

**আদিদেব,** বি,পুং; নারায়ণ,বিষ্ণু।

**আদিপুরুষ,** বি, পুং ; বিষ্ণু। যাহা হইতে বংশের গণনা আরম্ভ হয়। [পূর্ব্বতন।

**আদিম,** বিণ (আদি+ম) প্রথম,

**আদিষ্ট,** বিণ (আ-দিশ-কর্ম্ম-ক্ত) আজ্ঞাপ্রাপ্ত। কথিত। বি,-দেশ।

**আদৃত,** বিণ (আ-দৃ-কর্ম্ম-ক্ত) আদরপ্রাপ্ত। সম্মানিত।

**আদেশ,** বি, পুং (আ-দিশ্-অল্) আজ্ঞা। কথন। বিণ,-দিষ্ট।

**আদেষ্টা,** (ষ্টৃ) বিণ (ঐ-তৃন্) আদেশকারী। স্ত্রী,-ষ্ট্রী।

**আদৌ,** ক্রিবিণ ; অগ্রে, প্রথমে।

**আদ্দাশ,** (প্রা) বি ; নালিশ। নিবেদন। [পূর্ব্ব।

**আদ্য,** বিণ (আদি+ষ্ণ্য) প্রথম,

**আদ্যন্ত,** (আদি+অন্ত)।
**আদ্যোপান্ত,** (আদ্য+উপান্ত) ক্রিবিণ ; প্রথম হইতে শেষ পর্য্যন্ত, আগাগোড়া।

**আধ,** (প্রা) বিণ ; আধা, অর্দ্ধ।

**আধান,** বি, ক্লী (আ-ধা-অনট্) বন্ধক দেওয়া। স্থাপন। আধার। সঞ্চার। সম্পাদন।

**আধার,** বি, পুং (আ-ধৃ-ঘঞ্) পাত্র। আশ্রয়।

**আধি,** বি, পুং (আ-ধা-কি) মনঃ-পীড়া। বিপদ। বন্ধক দেওয়া।

**আধিক্য,** বি, ক্লী (অধিক+ষ্ণ্য) আতিশয্য।

**আধিদৈবিক,** বিণ (অধিদেব+ ষ্ণিক) দৈবঘটিত, ভূকম্প, বজ্রপাতাদি জনিত (দুঃখ)।

**আধিপত্য,** বি, ক্লী (অধিপতি+ ষ্ণ্য) প্রভুত্ব।

**আধিভৌতিক,** বিণ (অধিভূত+ ষ্ণিক) ভূত অর্থাৎ ব্যাঘ্র সর্পাদি

প্রাণী হইতে জাত ( দুঃখ )।
আধুনিক, বিণ ( অধুনা + ষ্ণিক, ভবার্থে ) ইদানীন্তন, নব্য। স্ত্রী,-কী। [ কম্পিত।
আধূত, বিণ ( আ-ধূ-ক্ত ) ঈষৎ
আধেয়, বিণ (আ-ধা-য) আধারস্থ। উৎপাদ্য। বন্ধক রাখার যোগ্য।
আধোরণ, বি, পুং ( আ-ধোর কর্ত্তৃ-অন ) মাহুত, হস্তিপক।
আধ্মান, বি, ক্লী ( আ-ধ্মা-অনট্ ) শব্দকরা। স্ফীত হওয়া। বিণ,-ধ্মাত।
আধ্যাত্মিক, বিণ ( অধ্যাত্ম + ষ্ণিক ) আত্ম সম্বন্ধীয়। শারীরিক ও মানসিক। স্ত্রী, কী।
আন্, ( প্রা ) ( পদ্যে ) অন্যথা।
আনত, বিণ (আ-নম্-ক্ত) অবনত, নম্র। [ মুখ।
আনন, বি, ক্লী ( আ-অন-অনট্ )
আনন্দ, বি, পুং ( আ-নন্দ্-অল ) হর্ষ, আহ্লাদ। ব্রহ্ম। "সত্যং জ্ঞানমানন্দং ব্রহ্ম" শ্রুতি। বিণ,-ন্দিত।
আনন্দ কানন, বি, ক্লী ; কাশী-ক্ষেত্র।
আনন্দিত, বিণ ( আ-নন্দ্-ক্ত ) হৃষ্ট, আহ্লাদিত। স্ত্রী,-তা। বি,-নন্দ।
আনয়ন, বি, ক্লী (আ-নী-অনট্) আনা। বিণ,-নীত।
আনর্ত্ত, বি, পুং ( আ-নৃৎ-অল্ ) নৃত্য স্থান। [আসা।
আনাগোনা ( প্রা ) বি ; যাওয়া
আনাজ ( প্রা ) বি ; তরকারী।
আনাড়ী (প্রা) বিণ; যাহার নাড়ী জ্ঞান নাই, মূর্খ।
আনায়, বি, পুং ( আ-নী-ঘঞ্ ) জাল, ফাঁদ।
আনীত, বিণ ( ঐ-ক্ত ) যাহা আনা হইয়াছে।
আনুকূল্য, বি, ক্লী ( অনুকূল + ষ্ণ্য ) সাহায্য।
আনুগত্য, বি, ক্লী ( অনুগত + ষ্ণ্য ) অনুগতভাবে থাকা।
আনুপূর্ব্বিক, বিণ ( অনুপূর্ব্ব + ষ্ণিক ) যথাক্রম, পর পর।
আনুমানিক, বিণ ( অনুমান + ষ্ণিক ) অনুমান সিদ্ধ।
আনুরক্তি, বি, স্ত্রী ( অনুরক্ত + ষ্ণি ) অনুরাগ।
আনুষঙ্গিক, বিণ ( অনুষঙ্গ + ষ্ণিক ) যাহা অন্য একটি প্রধান বিষয়ের সঙ্গে ঘটে।
আনৃণ্য, বি, ক্লী ( অনৃণ + ষ্ণ্য ) ঋণ-শূন্যতা।
আনৃশংস্য বি, ক্লী ( অনৃশংস + ষ্ণ্য ) অক্রূরতা, অনিষ্ঠুরতা।
আনেতা (তৃ) বিণ ( আ-নী-তৃন্ ) আনয়নকারী। স্ত্রী,-ত্রী।
আন্তরিক, বিণ ( অন্তর + ষ্ণিক )

মনোগত।

**আন্দোলন** বি, ক্লী ( আন্দোল্-অনট্ ) আলোচনা। কম্পন। বিণ,-লিত।

**আন্দোলিত,** বিণ ঐ ক্ত) আলোচিত। কম্পিত।

**আন্বীক্ষিকী,** বি, স্ত্রী (অন্বীক্ষা+ষ্ণিক+ঈপ্ ) তর্কবিদ্যা।

**আপ,** বি, ক্লী ( অপ্ [জল]+ষ্ণ, সমূহার্থে ) জলরাশি।

**আপঃ,** বি,ক্লী ( আপ্-অস্ )জল।

**আপগা,** বি, স্ত্রী ( আপ [জলরাশি]-গম্-ড+আপ্ ) নদী।

**আপণ,** বি, পুং ( আ পণ-অধি-অল্ ) ক্রয় বিক্রয় স্থান,বাজার।

**আপণিক,** বিণ ( আপণ+ষ্ণিক) দোকানী।

**আপতিত,** বিণ ( আ-পত্-ক্ত ) পতিত। আগত।

**আপত্তি,** বি, স্ত্রী ( আ পদ-ক্তি ) বাধা দেওয়া। অসম্মতি। আপদ্। প্রাপ্তি।

**আপদ্,** বি, স্ত্রী ( ঐ-কিপ্ ) বিপদ্, দুর্ঘটনা। বিণ, পন্ন।

**আপনি** (প্রা) বি ; স্বয়ং।

**আপন্ন,** বিণ ( আ-পদ-ক্ত ) বিপদ্‌গ্রস্ত। প্রাপ্ত।

**আপন্নসত্ত্বা,** বি, স্ত্রী ; গর্ভবতী।

**আপাত,** বি, পুং ( আ-পত্-ষঞ্ ) পতন। আগমন। তৎকাল, প্রথম সময়।

**আপাততঃ,** ব্য ( আপাত+তস্ ) প্রথমতঃ। সংপ্রতি।

**আপাতমধুর,** বিণ ; প্রথমতঃ মধুময়। এক্ষণে মিষ্ট,কিন্তু পরিণামে দুঃখকর, আপাততঃ মধুর, ৭মী তৎ।

**আপাদমস্তক,** ব্য ; পা হইতে মাথা পর্য্যন্ত।

**আপান,** বি, ক্লী ( আ-পা-অনট্ ) সুরাপানের আড্ডা। সুরা বিক্রয় স্থান।

**আপামর,** বিণ ; পামর অর্থাৎ নীচজাতি পর্য্যন্ত। অব্যয়ী সং।

**আপিঙ্গল,**বিণ ; ঈষৎ পিঙ্গলবর্ণ।

**আপীন,** বি, ক্লী ( আ-প্যায়্-ক্ত ) গবাদির স্তন। পুং ; কূপ। বিণ ; ঈষৎ স্থূল।

**আপেক্ষিক,** বিণ ( অপেক্ষা+ষ্ণিক ) অপেক্ষাকৃত। স্ত্রী,-কী।

**আপ্ত,** বিণ ( আপ্-ক্ত ) বিশ্বস্ত। অভ্রান্ত।

**আপ্যায়িত,**বিণ ( আ-প্যায়্-ক্ত ) প্রীত, সন্তুষ্ট। বর্দ্ধিত।

**আপ্লুত,** বিণ ( আ-প্লু-ক্ত ) স্নাত, সিক্ত।

**আভরণ,** বি, ক্লী ( আ-ভৃ-অনট্ ) অলঙ্কার, ভূষণ।

**আভা,** বি, স্ত্রী ( আ ভা-ঙ ) দীপ্তি। শোভা। সাদৃশ্য।

আভাষণ, বি, ক্লী ( আ-ভাষ্-অনট্ ) আলাপ। কথন।
আভাস, বি, পুং ( আ-ভাস্-অল্ ) দীপ্তি। সাদৃশ্য। অভিপ্রায়। প্রতিবিম্ব।
আভাসমান, বিণ ( ঐ-শান ) দীপ্যমান। প্রতীয়মান।
আভাস্বর, বিণ; সম্যক্ দীপ্তি-যুক্ত। স্ত্রী,-রা।
আভিজাত্য, বি, ক্লী ( অভিজাত + ষ্ণ্য ) কৌলীন্য, বংশমর্য্যাদা।
আভিধানিক, বিণ ( অভিধান + ষ্ণিক ) অভিধান হইতে প্রাপ্ত। অভিধানবেত্তা।
আভিমুখ্য, বি, ক্লী ( অভিমুখ + ষ্ণ্য) সম্মুখীন হওয়া। আনুকূল্য।
আভীর, বি, পুং ( আ-ভী-রা-ড ) গোপ। স্ত্রী,-রী।
আভুগ্ন বিণ (আ-ভুজ-ক্ত) ঈষদ্বক্র।
আভ্যন্তরীণ, বিণ ( অভ্যন্তর + ষ্ণীন ) মধ্যগত, ভিতরের।
আভ্যুদয়িক, বিণ ( অভ্যুদয় + ষ্ণিক ) মাঙ্গলিক।
আম, বি, পুং ( আ-অম্ ঘঞ্ ) রোগ। অজীর্ণরোগ। বিণ; অপক্ক, কাঁচা।
আমর্দ্দ, বি. পুং; আকর্ষণ।
আমদানী, ( প্রা ) বি; স্থানান্তর হইতে বাণিজ্য দ্রব্যের আনয়ন।
আমন্ত্রণ, বি, ক্লী ( আ মন্ত্র অনট্ ) আহ্বান। নিমন্ত্রণ। সংবর্দ্ধনা। সম্বোধন। বিণ,-ন্ত্রিত।
আমন্ত্রিত, বিণ ( ঐ-ক্ত ) ... নিমন্ত্রিত।
আময়, বি, পুং ( আম যা-ড ) রোগ, পীড়া।
আমর্শ, বি, পুং, ( আ মৃশ্ অল্ ) স্পর্শ। ভক্ষণ। পরামর্শ।
আমর্ষ, বি, পুং ( আ-মৃষ্ অল্ ) ক্রোধ।
আমলক, বি, ক্লী; আমলকী ফল।
আমলকী, বি, স্ত্রী; আমলকীবৃক্ষ।
আমাশয়, বি, পুং (আম + আশয়) পাকস্থলী। রোগ বিং।
আমিক্ষা, বি, স্ত্রী ( আ-মিষ্-সক্, আপ্ ) দুগ্ধ বিকার, ছানা।
আমিষ, বি, ক্লী ( আ-মিষ ক ) মাংস। ভোগ্যবস্তু। উৎকোচ।
আমিষাশী, বিণ ( আমিষ-অশ্-ণিন্ ) মাংস ভোজী।
আমুক্ত, বিণ ( আ-মুচ্-ক্ত ) পরিহিত। পরিত্যক্ত।
আমূল, ক্রিবিণ; মূল পর্য্যন্ত, আগা গোড়া।
আমোদ, বি, পুং ( আ-মুদ-অল্ ) আনন্দ। দূরগামী সুগন্ধ। বিণ,-দিত।
আমোদজনক, বিণ; আনন্দ-দায়ক। ৬ষ্ঠীতৎ।
আমোদিত, বিণ (আমোদ + ইত)

আনন্দিত। সুগন্ধযুক্ত।
আম্র, বি, পুং ( অম্র+ষ্ণ ) আম গাছ। ক্লী; আম।
আম্রকূট, বি, পুং; স্বনামখ্যাত পর্ব্বত বিং।
আম্রাতক, বি, পুং ( আম্র-অত্-ণক ) আমড়া গাছ। ক্লী; আমড়া।
আয়, বি, পুং ( আ-ই বা অয়-ঘঞ্ ) ধনাগম। লাভ।
আয়ত, বিণ ( আ-যম্-ক্ত ) দীর্ঘ। বিস্তৃত। আকৃষ্ট।
আয়তন, বি, ক্লী (আ-যত-অনট্) বিস্তার। পরিমাণ। যজ্ঞস্থান। গৃহ।
আয়তি, বি, স্ত্রী ( আ-যা-ডতি বা যম্-ক্তি ) উত্তরকাল। দৈর্ঘ্য। সধবাবস্থা।
আয়ত্ত, বিণ ( আ-যত্-ক্ত ) অধীন, বশীভূত।
আয়স, বি, ক্লী ( অয়স্+ষ্ণ ) লৌহ। বিণ; লৌহনির্ম্মিত।
আয়সী, বি, স্ত্রী; বর্ম্ম, লৌহ-নির্ম্মিত কবচ।
আয়াত, বিণ (আ-যা-ক্ত) আগত। ক্লী; আগমন।
আয়াম, বি, পুং ( আ-যম্-ঘঞ্ ) দৈর্ঘ্য, লম্বতা।
আয়াস, বি, পুং ( আ-যস্-ঘঞ্ ) শ্রম। ক্লেশ। অতি যত্ন।
আয়ু, বি, পুং ( আ-ই-উণ্ ) জীবিতকাল।
আয়ুঃ, বি,ক্লী ( ঐ-ণুস্ ) জীবিত-কাল। [ অন্ন।
আয়ুধ, বি, ক্লী (অ যুধ-করণ-ক)
আয়ুর্ব্বেদ, বি, পুং ( আয়ুস্-বিদ্-করণ-ঘঞ্ ) চিকিৎসা শাস্ত্র।
আয়ুষ্কর, বিণ ( আয়ুস্-কৃ-ট ) আয়ুর্বৃদ্ধিকারক। স্ত্রী,-রী।
আয়ুষ্মান্, ( ষ্মৎ ) বিণ ( আয়ুস্ +মৎ ) দীর্ঘজীবী। স্ত্রী,-ষ্মতী।
আয়োজন, বি, ক্লী ( আ-যুজ্-অনট্ ) উদ্যোগ। সংগ্রহ।
আয়োজিত,বিণ(ঐ-ক্ত)সংগৃহীত।
আযোধন, বি, ক্লী (আ-যুধ্-অনট্) যুদ্ধ। যুদ্ধক্ষেত্র।
আরক্ত, বিণ ( আ-রন্জ-ক্ত ) ঈষৎ রক্তবর্ণ।
আরণি, বি, পুং ( আ-ঋ-অনি ) জলাবর্ত্ত, ঘূর্ণিতজল।
আরণ্য, আরণ্যক, বিণ ( অরণ্য +ষ্ণ, কণ্ ) অরণ্য জাত। বনবাসী।
আরতি, বি, স্ত্রী ( অ-রম্-ক্তি ) নিবৃত্তি। প্রতিমার সম্মুখে দীপাদির আবর্ত্তন।
আরব্ধ, বিণ ( আ-রভ্-ক্ত ) যাহা আরম্ভ করা হইয়াছে, অনুষ্ঠিত। বি,-রম্ভ।
আরম্ভ, বি, পুং ( ঐ-ঘঞ্ )

উদ্যোগ। অনুষ্ঠান। বিণ,-রক।
আরশি, বি (আদর্শশব্দজ) দর্পণ. আয়না।
আরসুলা, (প্রা) বি; তেলাপোকা।
{ আরাধন, বি, ক্লী (আ-রাধ্-অনট্)
{ আরাধনা, বি, স্ত্রী (ঐ-অন) উপাসনা, সেবা।
আরাধিত, বিণ (ঐ-ক্ত) উপাসিত, সেবিত।
আরাধ্য, বিণ (ঐ-য) উপাস্য, সেব্য। স্ত্রী,-ধ্যা।
আরাম, বি, পুং (আ-রম্ ঘঞ্) বিশ্রাম। উপবন।
আরাব, আরব, বি, পুং, (আ-রু-ঘঞ্, অল্) শব্দ।
আরূঢ়, বিণ (আ-রুহ-ক্ত) যে আরোহণ করিয়াছে।
আরোগ্য, বি, ক্লী (অরোগ + ষ্ণ্য) রোগাভাব, স্বাস্থ্য।
আরোপ, বি, পুং (আ-রোপি-ঘঞ্) অন্য বস্তুতে অন্য ধর্ম্মের স্থাপন। কল্পনা।
আরোপণ, বি, ক্লী (ঐ-অনট্) আরোপ করণ। আরোহণ করান।
আরোপিত, বিণ (ঐ-ক্ত) যাহা আরোপ করা হইয়াছে। কল্পিত।
আরোহণ, বি, ক্লী (আ-রুহ অনট্) উপরে উঠা। [ সিঁড়ি।
আরোহণী, বি, স্ত্রী (ঐ-স্ত্রী ঈপ্)
আরোহী, বিণ (ঐ-ণিন্) যে আরোহণ করে। স্ত্রী,-হিণী।
আর্জব, বি, ক্লী (ঋজু + ষ্ণ সরলতা।
আর্ত্ত, বিণ (আ-ঋ-ক্ত) পীড়িত।
আর্ত্তনাদ, বি, পুং; কাতরধ্বনি।
আর্ত্তব, বি, ক্লী (ঋতু + ষ্ণ) স্ত্রীরজঃ। বিণ; স্ত্রীরজঃ সম্বন্ধীয়।
আর্থিক, বিণ (অর্থ + ষ্ণিক) অর্থ সম্বন্ধীয়। অর্থগ্রাহী।
আর্দ্র, বিণ (অর্দ্দ রক) ভিজা। দ্রবীভূত। বি,-তা। [ আদা।
আর্দ্রক, বি, ক্লী (আর্দ্র + কণ্)
আর্য্য, বিণ ঋ [গমন ক্র]-কর্ম্ম-ঘ্যণ্) সংকুলোদ্ভব। মান্য, পূজ্য। শ্রেষ্ঠ। গুরু। স্ত্রী,-র্য্যা।

ঋ ধাতু গমনার্থক বলিয়া জ্ঞানার্থক ও প্রাপ্তার্থক। যেহেতু, "সর্ব্বে গত্যর্থাঃ ধাতবঃ জ্ঞানার্থাঃ প্রাপ্তার্থাশ্চ।" অতএব, (পূজ্যব্যক্তি বলিয়া) লোক সকল যাঁহাদের নিকট গমন করে; বা যাঁহারা প্রতিষ্ঠা প্রাপ্ত হন। ইহাই ব্যুৎপত্তি লভ্য অর্থ।

"কর্ত্তব্যমাচরন্ যস্তু,
অকর্ত্তব্যমনাচরন্।
তিষ্ঠতি প্রকৃতাচারে,
সবৈ আর্য্যইতিস্মৃতঃ॥" মনু০।

আর্য্যক, বি, পুং (আর্য্য + কণ্) পিতামহ। মাতামহ বিণ,-মান্য।
আর্য্যপুত্র, বি, পুং; গুরুপুত্র, স্বামী।
আর্য্যা, বি, স্ত্রী; ভগবতী। ছন্দোবিং। বিণ,-মাননীয়া।

আর্য্যাবর্ত্ত, বি, পুং ( আর্য্য+আবর্ত্ত) আর্য্যজাতির বাসস্থান, হিমালয় ও বিন্ধ্যপর্ব্বতের মধ্যবর্ত্তী দেশ।

আর্ষ, বিণ ( ঋষি+ষ্ণ ) ঋষিসম্বন্ধীয়। ঋষিপ্রণীত।

আলঙ্কারিক, বিণ ( অলঙ্কার+ষ্ণিক ) অলঙ্কার শাস্ত্রজ্ঞ।

আলম্ব, বি, পুং ( আ-লম্ব ঘঞ্ )
আলম্বন, বি, ক্লী ( ঐ অনট্ ) অবলম্বন, আশ্রয়। বিণ, ম্বিত।

আলম্বিত, বিণ ( ঐ-ক্ত ) অবলম্বিত।

আলয়, বি, পুং ( আ-লী-অল্ ) গৃহ।

আলবাল, বি, ক্লী ( আ লূ-আল) বৃক্ষমূলে বেষ্টিত জলাধার।

আলস্য, বি, ক্লী ( অলস+ষ্ণ্য ) সামর্থ্য সত্ত্বেও কার্য্যে অনুৎসাহ, কুড়েমী।

আলান, বি, ক্লী ( আ-লী-অনট্ ) গজবন্ধন স্তম্ভ বা রজ্জু। বন্ধন।

আলাপ, বি, পুং (আ-লপ্-ঘঞ্) কথোপকথন।

আলাপী, বিণ (ঐ-গিন্) আলাপপ্রিয়।

আলি ( লী ), বি, স্ত্রী ( আ-অল্-ই, ঈ ) ক্ষেত্রের আল। শ্রেণী। সখী।

আলিঙ্গন, বি, ক্লী ( আ-লিন্গ-অনট্ ) কোলাকুলি।

আলিঙ্গিত, বিণ ( ঐ-ক্ত ) যাহাকে আলিঙ্গন করা হইয়াছে।

আলিপনা, ( প্রা ) বি, পিটুলি দিয়া চিত্র করণ।

আলিম্পন, বি, ক্লী ( আ-লিপ্-অনট্) আলিপনা, পিটুলি দিয়া দেবতাদির স্থানে চিত্র করণ।

আলীঢ়, বিণ ( আ-লিহ্-ক্ত ) আস্বাদিত। অস্ত্র-ক্ষত। বি,ক্লী; শরক্ষেপাদি সময়ে উপবেশনবিং।

আলুথালু, বিণ; ইতস্ততঃ বিক্ষিপ্ত, এলোথেলো।

আলুলায়িত, বিণ ( আ-লুল্-ক্যঙ্-ক্ত ) উন্মুক্ত, আলুথালু।

আলেখ্য, বি, ক্লী (আ-লিখ্-ঘ্যণ্) চিত্রপট। চিত্রকার্য্য।

আলেপন, বি,ক্লী (আ লিপ্ অনট্) আলিপনা।

আলেয়া, ( প্রা ) বি; অগ্নিমুখ জন্তু বিং।

আলোক, বি, পুং ( আ-লোক্-ঘঞ্ ) দীপ্তি, আলো। দর্শন। বিণ,-কিত।

আলোকিত, বিণ ( ঐ-ক্ত ) আলোকবিশিষ্ট, দীপ্তিমান্। দৃষ্ট।

আলোচন,বি,ক্লী(আ লোচ্-অনট্)
আলোচনা, বি, স্ত্রী ( ঐ-অন ) চর্চ্চা, অনুশীলন। বিণ,-চিত।

আলোচিত, বিণ (ঐ-ক্ত) আন্দো-

লিত।
আলোড়ন, বি, ক্লী ( আ-লুড়্-অনট্ ) মন্থন, ঘোঁটা। বিণ,-ড়িত।
আলোড়িত, বিণ ( ঐ-ক্ত ) মথিত। সঞ্চালিত।
আবদ্ধ, বিণ ( আ-বন্ধ-ক্ত ) বদ্ধ। রুদ্ধ।
আবরক, বিণ ( আ-বৃ-অক ) আচ্ছাদক। স্ত্রী,-রিকা।
আবরণ, বি, ক্লী ( ঐ-অনট্ ) আচ্ছাদন। ঢাকনি।
আবর্জ্জনা, ( প্রা ) বি ; জঞ্জাল, ওঁচলা।
আবর্জ্জিত, বিণ ( আ-বর্জ্জি-ক্ত ) আনমিত, নম্রীকৃত। দত্ত।
আবর্ত্ত, বি, পুং ( আ-বৃত্-অল্ ) জলের পাক, ঘূর্ণি জল। ঘূর্ণন। মেঘ বিং।
আবর্ত্তন, বি, ক্লী ( ঐ অনট্ ) আলোড়ন। ফিরিয়া আসা।
আবর্ত্তিত, বিণ ( আ-বর্ত্তি-ক্ত ) বিলোড়িত। গুণিত। অভ্যস্ত।
আবলি ( লী ), বি, স্ত্রী ( আ-বল্-ই ) শ্রেণী, সারি।
আবল্য, বি, ক্লী ( অবল+ষ্ণ্য ) দুর্ব্বলতা।
আবশ্যক, বিণ ( অবশ্যম্+ষ্ণ= আবশ্য+কণ্ ) প্রয়োজনীয়। বি,ক্লী ; প্রয়োজন। বি,-কতা।
আবসথ, বি, পুং, ক্লী ( আ-বস্-অথ ) বাসস্থান। আশ্রম।
আবসথ্য, বি, পুং ; হোমাগ্নি।
আবহ, বিণ ( আ-বহ-অন্ ) বহনকারী। জনক, কারক। স্ত্রী, হা।
আবহমান, বিণ ( ঐ-শান ) যাহা বরাবর চলিয়া আসিতেছে, চিরাগত।
আবাল, বি, ক্লী ; আলবাল। ব্য ; বাল্যাবধি।
আবালবৃদ্ধ, ব্য ; বালক ও বৃদ্ধ পর্য্যন্ত। দ্বন্দ্ব ও অব্যয়ী।
আবালবৃদ্ধ বনিতা, ব্য ; বালক, বৃদ্ধ ও বনিতা পর্য্যন্ত। দ্বন্দ্ব ও অব্যয়ী।
আবাস, বি, পুং ( আ-বস্-ঘঞ্ ) গৃহ। বাসস্থান।
আবাহন, বি,ক্লী ( -বাহি-অনট্ ) দেবতার আহ্বান।
আবির্ভাব, বি, পুং ( আবিস্-ভূ-ঘঞ্ ) প্রকাশ। অধিষ্ঠান। বিণ,-ভূ‍ত।
আবির্ভূত, বিণ ( ঐ-ক্ত ) প্রকাশিত। অধিষ্ঠিত। অবতীর্ণ।
আবিল, বিণ ( আ-বিল্-ক ) ঘোলা। আকুল। বি,-লতা।
আবিষ্কার, বি, পুং, ( আবিস্-কৃ-ঘঞ্ )
আবিষ্ক্রিয়া, বি, স্ত্রী ( ঐ-শ,

আপ্‌) নূতন প্রকাশ। বিণ,-স্কৃত।

আবিষ্কৃত, বিণ ( ঐ ক্ত ) নূতন প্রকাশিত।

আবিষ্ট, বিণ ( আ-বিশ্‌-ক্ত ) অত্যন্ত মনোযোগী। অধিষ্ঠিত। প্রবিষ্ট। বি,-বেশ।

আবীর, ( প্রা ; বি ; রঞ্জন দ্রব্য বিং, ফাগ।

আবৃত, বিণ ( আ-বৃ-ক্ত ) আচ্ছাদিত। বেষ্টিত।

আবৃতি, বি, স্ত্রী ( ঐ-ক্তি ) আবরণ। বেষ্টন।

আবৃত্ত, বিণ ( আ-বৃত্‌-ক্ত ) পঠিত, অভ্যস্ত। প্রত্যাগত।

আবৃত্তি, বি, স্ত্রী ( ঐ-ক্তি ) পঠন, অভ্যাস। প্রত্যাগমন।

আবেগ, বি, পুং ( আ-বিজ্‌-ঘঞ্‌) চিত্তের ব্যাকুলতা। শীঘ্রতা।

আবেদন, বি, ক্লী ( আ-বেদি অনট্‌ ) প্রার্থনা। বিজ্ঞাপন।

আবেদিত, বিণ (ঐ-ক্ত) প্রার্থিত। বিজ্ঞাপিত।

আবেশ, বি, পুং ( আ-বিশ্‌-ঘঞ্‌) অভিনিবেশ। সঞ্চার। অধিষ্ঠান। প্রবেশ। বিণ,-বিষ্ট।

আশংসা, বি, স্ত্রী ( আ-শন্‌স-অ) আশা। ইচ্ছা। সম্ভাবনা।

আশংসিত, বিণ ( ঐ-ক্ত ) অভিলষিত। প্রার্থিত। সম্ভাবিত।

আশঙ্কা, বি, স্ত্রী ( আ শঙ্ক্‌-অ, আপ্‌ ) ভয়। সন্দেহ। সঙ্কোচ। বিণ,-ঙ্কিত।

আশয়, বি, পুং ( আ-শী অল্‌ ) অভিপ্রায়, ইচ্ছা। আধার। তাৎপর্য্য। "এই অপূর্ব্ব মহাশ্লোকের প্রকৃত আশয় যিনি হৃদয়ঙ্গম করিতে পারেন" (ভারতী, অচ্যুতানন্দ)

আশা, বি, স্ত্রী ( আ-অশ্‌-অ, আপ্‌ ) আকাঙ্ক্ষা। দিক্‌।

আশাস্য, বিণ ( আ-শাস্‌-ঘ্যণ্‌ ) অভিলষণীয়।

আশীঃ ( শিস্‌ ) বি, স্ত্রী (আ-শাস্‌-ক্বিপ ) শুভাকাঙ্ক্ষা।

আশী, বি, স্ত্রী ( আ-শ-ক্বিপ্‌ ) সর্প দন্ত।

আশীর্ব্বচন, বি, ক্লী ( আশিস্‌-বচ্‌ ভাবে-অনট্‌ )
আশীর্ব্বাদ, বি,পুং (ঐ-বদ্‌-ঘঞ্‌) শুভাকাঙ্ক্ষাসূচক বাক্য।

আশীর্ব্বাদক, বিণ ; যে আশীর্ব্বাদ করে। স্ত্রী,-দিকা।

আশীবিষ, বি, পুং ; সর্প। আশীতে (দন্তে) বিষ যাহার,বহু।

আশু, ক্রিবিণ ( অশ্‌-উণ্‌ ) শীঘ্র। পুং, ক্লী ; আউস ধান্য।

আশুগ, বিণ (আশু-গম্‌-ড) শীঘ্রগামী। পুং ; বাণ। বায়ু।

আশুগতি, বি, পুং ; বায়ু।

আশুতোষ, বি, পুং (-তুষ্‌-অন্‌)

শিব। বিণ; যে শীঘ্র সন্তুষ্ট হয়।
আশ্চর্য্য, বি, ক্লী (আ-চর-ঘ্যণ্) বিস্ময়। বিণ; বিস্ময়জনক।
আশ্রম, বি, পুং (আ-শ্রম্-অল্) ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ, ভৈক্ষ্য—এই চতুর্ব্বিধ অবস্থা। মুনিদের বাসস্থান। মঠ।
{ আশ্রমিক, (আশ্রম+ষ্ণিক)
আশ্রমী, (ঐ+ইন্) বিণ; আশ্রমে স্থিত। ব্রহ্মচর্য্যাদি আশ্রমাবলম্বী। স্ত্রী,-মিকী,-মিনী।
আশ্রয়, বি, পুং (আ-শ্রি-অল্) অবলম্বন। আধার। বাসস্থান। স্থিতি। সহায়। বিণ,-শ্রিত।
আশ্রয়ণীয়, বিণ (ঐ-অনীয়) অবলম্বনীয়।
আশ্রয়াশ, বি, পুং (আশ্রয়-অশ্-অন্) অগ্নি। বিণ; যে আশ্রয় নষ্ট করে।
আশ্রিত, বিণ (আ-শ্রি-ক্ত) আশ্রয় প্রাপ্ত। শরণাগত। স্থিত।
আশ্লিষ্ট, বিণ (আ-শ্লিষ্-ক্ত) আলিঙ্গিত। সংলগ্ন। ব্যাপ্ত।
আশ্লেষ, বি, পুং (ঐ-ঘঞ্) আলিঙ্গন। মিলন। একদেশ।
আশ্বসিত, আশ্বস্ত, বিণ (আ-শ্বস্-ক্ত) আশ্বাস প্রাপ্ত।
আশ্বাস, বি, পুং (ঐ-ঘঞ্) সান্ত্বনা। আশাদান। উৎসাহ দান। বিণ,-শ্বস্ত।
আশ্বাসিত, বিণ (আ-শ্বাসি-ক্ত) যাহাকে আশ্বাস দেওয়া গিয়াছে। [ ৬ষ্ঠ মাস।
আশ্বিন, বি, পুং (আশ্বিনী+ষ্ণ)
আশ্বিনী, বি, স্ত্রী (অশ্বিনী+ষ্ণ, ঈপ্) আশ্বিন মাসের পূর্ণিমা।
আষাঢ়, বি, পুং (আষাঢ়ী+ষ্ণ) ৩য় মাস। পলাশ-দণ্ড।
আষাঢ়ী, বি, স্ত্রী; আষাঢ় মাসের পূর্ণিমা।
আসক্ত, বিণ (আ-সন্জ্-ক্ত) অনুরক্ত। সংলগ্ন।
আসক্তি, বি, স্ত্রী (ঐ-ক্তি) অনুরাগ। ভোগাভিলাষ।
আসঙ্গ, বি, পুং (ঐ-ঘঞ্) মিলন, সহবাস। সংসর্গ।
আসঙ্গলিপ্সা, বি, স্ত্রী; সহবাস-স্পৃহা, মিলন-বাঞ্ছা।
আসত্তি, বি, স্ত্রী (আ-সদ্-ক্তি) নৈকট্য। প্রাপ্তি।
আসন, বি, ক্লী (আস্-অনট্) যাহাতে বসা যায়। উপবেশন। হস্তিস্কন্ধ। শত্রু ও জিগীষুর পরস্পর কাল-প্রতীক্ষার্থ অবস্থান। পদ্মাসনাদি উপবেশন বিং। বিণ,-সীন।
আসন্ন, বিণ (আ-সদ্-ক্ত) উপস্থিত, নিকটবর্ত্তী।
আসন্নকাল, বি, পুং; মৃত্যু সময়। বিপৎকাল।

আসমুদ্র, ক্রিবিণ ; সমুদ্র পর্য্যন্ত।
আসব, বি, ক্লী ( আ-সু-অল্ ) মদ্য। মধু। তাড়ি।
আসাদন, বি, ক্লী ( আ-সাদি ভাবে অনট্) প্রাপ্তি। সন্নিধান। স্থাপন। বিণ,-দিত।
আসাদিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) প্রাপ্ত। নিকটীকৃত। বি,-দন।
আসার, বি, পুং (আ-সৃ-ঘঞ্) জলকণা। ধারাসম্পাত। মিত্র রাজার সৈন্য। শত্রুকে বেষ্টন।
আসিধার, বি, ক্লী (অসিধারা+ ষ্ণ) যুবক যুবতীর অবিকৃত চিত্তে একত্রে অবস্থানরূপ ব্রত।
আসীন, বিণ ( আস্-শান ) উপবিষ্ট। স্ত্রী,-না।
আসুর, আসুরিক, বিণ ; অসুর সম্বন্ধীয়, অসুরের মত। স্ত্রী,-রী,-রিকী।
আসেধ, বি, পুং ( আ-সিধ্-ঘঞ্) বিচারকের আদেশানুসারে অপরাধীর অবরোধ।
আস্কন্দন, বি ক্লী ( আ-স্কন্দ্-অনট্ ) যুদ্ধ। আক্রমণ। আস্ফালন। তিরস্কার।
আস্কন্দিত, বিণ (ঐ-ক্ত) আক্রান্ত। তিরস্কৃত। বি, ক্লী ; অশ্বের গতি বিং, প্লুতগতি।
আস্তর, বি, পুং ( আ-স্তৃ-অল্ )
আস্তরণ, বি, ক্লী ( ঐ-অনট্) } বিছানার চাদর। কম্বলাদি আসন। হস্তি-পৃষ্ঠস্থ কম্বলাদি।
আস্তিক, বিণ ( অস্তি+ষ্ণিক ) যে ঈশ্বর ও পরলোকের অস্তিত্ব স্বীকার করে। পুং ; মনসাদেবীর পুত্র। বি,-কতা, ক্য।
আস্তিকতা, বি, স্ত্রী
আস্তিক্য, বি, ক্লী } ঈশ্বর ও পরলোকে বিশ্বাস। বেদোক্ত ধর্ম্ম কার্য্যে শ্রদ্ধা।
আস্তীক, বি, পুং (অস্তি [আছে] +ষ্ণীক ) মুনি বিং, জরৎকারু মুনির ঔরসে মনসাদেবীর গর্ভজাত।

কথিত আছে যে, মনসাদেবী স্বামী জরৎকারুর নিকট পুত্র প্রার্থনা করিলে তিনি "অস্তি" ( অর্থাৎ আমার ঔরসে তোমার গর্ভসঞ্চার হইয়াছে ) এই উত্তর দিয়া প্রস্থান করিয়াছিলেন। "অস্তি" এই কথা বলিয়াছিলেন বলিয়া, জরৎকারুর পুত্র আস্তীক নামে অভিহিত হন।

আস্তীর্ণ, আস্তৃত বিণ ( আ-স্তৄ, স্তৃ-ক্ত ) ছড়ান, বিস্তীর্ণ।
আস্থা, বি, স্ত্রী ( আ-স্থা-ঙ ) শ্রদ্ধা। আদর, যত্ন।
আস্থান, বি, ক্লী ( ঐ অনট্ ) সভা। অবস্থিতি।
আস্পদ, বি, ক্লী ( আ-পদ-ঘঞ্) স্থান। পাত্র। পদ। প্রতিষ্ঠা। প্রভুত্ব। কার্য্য।

আস্পর্দ্ধা, বি, স্ত্রী ( আ-স্পর্দ্ধ্-অ, আপ্ ) অসম্ভব গর্ব্ব প্রকাশ, আস্ফালন। অভিভবেচ্ছা।

আস্ফালন, বি, ক্লী ( আ-স্ফালি-অনট্ ) গর্ব্বপ্রকাশ। তাড়না। চালনা। লম্ফন।

আস্ফোটন, বি, ক্লী ( আ-স্ফুট্-অনট্) মল্লদিগের তাল ঠোকা।

আস্য, বি, ক্লী ( অস্-অধি-ঘ্যণ্ ) যাহাতে ভক্ষ্য বস্তু নিক্ষেপ করা হয়, মুখ।

আস্বাদ, বি, পুং ( আ স্বদ্-ঘঞ্ ) স্বাদ গ্রহণ। মধুরাদি রস।

আস্বাদন, বি, ক্লী (-স্বাদি-অনট্) স্বাদগ্রহণ, চাকা। বিণ,-দিত।

আস্বাদিত, বিণ ( ঐ-ক্ত , যাহার স্বাদগ্রহণ করা হইয়াছে।

আহত, বিণ ( আ-হন্-ক্ত ) আঘাত প্রাপ্ত।

আহরণ, বি, ক্লী ( আ-হৃ-অনট্ ) সংগ্রহ। আনয়ন। আয়োজন। বিণ,-হৃত।

আহর্ত্তা, ( র্ত্তৃ ) বিণ ( ঐ-তৃন্ ) যে আহরণ করে।

আহব, বি, পুং ( আ-হ্বে-অল্ ) যুদ্ধ। ( ঐ-হু-অল্ ) যজ্ঞ।

আহরণীয়, বি, পুং (আ-হৃ-অনীয়) যজ্ঞাগ্নি বিং। [ শব্দ।

আহা, অব্য ; খেদ বা হর্ষ সূচক

আহার, বি, পুং ( আ-হৃ-ঘঞ্ ) ভোজন। ভক্ষ্য বস্তু।

আহার্য্য, বিণ ( ঐ-ঘ্যণ্ ) আহারের যোগ্য। আহরণীয়। আরোপিত।

আহিত, বিণ ( আ-ধা-ক্ত ) স্থাপিত। অর্পিত।

আহিতাগ্নি, বি, পুং ( আহিত + অগ্নি ) অগ্নিহোত্রী।

আহিতুণ্ডিক, বি, পুং ( অহিতুণ্ড [ সর্পমুখ ] + ষ্ণিক ) যে সর্পমুখ দ্বারা খেলা করে, সাপুড়ে।

আহিরী, (প্রা) বি, পুং ; আভীর, গোপ, গোয়ালা। স্ত্রী,-রিণী।

আহুত, বিণ ( আ-হু-ক্ত ) যাহা আহুতি দেওয়া গিয়াছে। বি,-তি

আহুতি, বি, স্ত্রী ( ঐ-ক্তি ) হোম।

আহূত, বিণ ( আ-হ্বে-ক্ত ) যাহাকে আহ্বান করা গিয়াছে, নিমন্ত্রিত।

আহৃত, বিণ ( আ-হৃ-ক্ত ) যাহা আহরণ করা গিয়াছে, সঞ্চিত।

আহ্নিক, বিণ ( অহন্ + ষ্ণিক ) দৈনিক। বি, ক্লী ; দৈনিক করণীয় সন্ধ্যা-বন্দনাদি কার্য্য।

আহ্লাদ, বি, পুং ( আ-হ্লাদ্-ঘঞ্ ) আনন্দ। বিণ,-দিত।

আহ্লাদিত, বিণ (ঐ-ক্ত) আনন্দিত

আহ্বান, বি, ক্লী (আ-হ্বে-অনট্) আমন্ত্রণ, ডাকা। সম্বোধন। বিণ,-হূত।

# ই।

ই, বি, পুং ; তৃতীয় স্বরবর্ণ। কন্দর্প। খেদ। নিন্দা। বিস্ময়। কেবল, মাত্র, এই অর্থে ; যথা— আমিই, তিনিই ইত্যাদি।

ইংরেজ, ( প্রা ) বি ; ইংলণ্ড দেশীয় জাতি বিং।

ইকর, ( প্রা ) বি ; তৃণ বিং, বন-তৃণ।

ইক্ষু, বি, পুং ( ইষ্-কৃস্ ) আক।

ইক্ষুরস, বি, পুং ; আকের রস।

ইক্ষুসার, বি, পুং ; আকের গুড়।

ইক্ষ্বাকু, বি, পুং ( ইক্ষু-আ-কু-ড়ু ) সূর্য্যবংশীয় রাজা বিং।

ইঙ্গন, বি, ক্লী ( ইন্‌গ-অনট ) গমন। কম্পন। চেষ্টা। সঙ্কেত।

ইঙ্গিত, বি, ক্লী ( ইঙ্গ-ক্ত ) ইসারা, ঠার। চেষ্টা।

ইঙ্গুদ, বি. পুং ( ইঙ্গু [রোগ] দো-ড )

ইঙ্গুদী, বি, স্ত্রী ; তাপস-তরু, পূর্ব্বকালে ঋষিরা ইহার ফলজাত তৈল ব্যবহার করিতেন।

ইচড়, (প্রা) বি, কাঁচা কাঁটাল।

ইচ্ছা, বি, স্ত্রী ( ইষ্-ভাবে-অ ) অভিলাষ, বাঞ্ছা। বিণ,-চ্ছু, -চ্ছুক।

ইচ্ছানুরূপ, বিণ (ইচ্ছা + অনুরূপ) ইচ্ছামত। ঙ্গীতং।

ইচ্ছু, ইচ্ছুক, বিণ ( ইষ্-উ, ইচ্ছু + কণ্, স্বার্থে) অভিলাষী।

ইজার, ( যা ) বি ; পাজামা।

ইজারা, (যা) বি ; নির্দ্দিষ্ট মিয়াদে নির্দিষ্ট জমায় হাট ও ঘাট প্রভৃতি বন্দোবস্ত করিয়া দেওয়া।

ইজ্য, বি, পুং ( যজ্-ক্যপ্ ) বৃহস্পতি। বিণ ; পূজ্য।

ইজ্যা, বি, স্ত্রী ( যং-ক্যপ্ + আপ্ ) দান। যজ্ঞ পূজা।

ইট, ( প্রা ), বি ; ইষ্টক।

ইট খোলা, ( প্রা ) বি ; পাঁজা-খোলা।

ইড়া, বি, স্ত্রী ( ইড়-অ ) বাম পার্শ্বস্থ রক্তবাহিকানাড়ী।

ইতর, বিণ ( ই-তৃ-অল্ ) নীচ, অধম। অন্য, অপর।

ইতর প্রাণী, বি, পুং ; মনুষ্য ভিন্ন অন্যান্য জীব।

ইতরবিশেষ, বি, পুং, প্রভেদ, তারতম্য।

ইতরেতর, বিণ ( ইতর + ইতর ) পরস্পর।

ইতঃ ( তস্ ), ব্য ( ইদম্ + তস্ ) ইহা হইতে। ইহাতে। এদিকে।

ইতস্ততঃ ( তস্ ), ব্য ( ইতঃ + ততঃ) চতুর্দ্দিকে, এদিক্‌ওদিক্।

ইতঃপর, ব্য ; ইহার পর।

ইতঃপূর্ব্বে, ব্য ; ইহার পূর্ব্বে।
ইতি, ব্য ( ই-ক্তি ) ইহা। সমাপ্তি সূচক শব্দ। [বাক্য।
ইতি কথা, বি, স্ত্রী ; অর্থহীন
ইতি কর্ত্তব্য, বিণ ; ইহা করা উচিত। প্রধান কার্য্যের আনুষঙ্গিক কর্ত্তব্য।
ইতিকর্ত্তব্যতা, বি, স্ত্রী ( ইতি কর্ত্তব্য + তা,ভাবার্থে ) ঔচিত্য, "ইহাই কর্ত্তব্য" এইরূপ জ্ঞান।
ইতিমধ্যে, ব্য ; ইহার মধ্যে, এই সময়ে।
ইতিবৃত্ত, বি, ক্লী ; অতীত বৃত্তান্ত, ইতিহাস।
ইতিহ, ব্য;পরম্পরাগত উপদেশ।
ইতিহাস, বি, পুং ( ইতিহ [ পরম্পরাগত উপদেশ ]-অস্-অধি-ঘঞ্)যে গ্রন্থে পরম্পরাগত উপদেশ থাকে, পুরাবৃত্ত,ইতিবৃত্ত।
ইতোমধ্যে, ব্য ; ইহার মধ্যে।
ইত্যবসরে, ক্রিবিণ ( ইতি+অবসরে ) এই সময়ে, এই সুযোগে।
ইত্যাদি, ব্য ; প্রভৃতি, আদি।
ইথে, ( পদ্যে ) ব্য ; ইহাতে। এবিষয়ে।
ইদম্, (মূলশব্দ); এই, ইহা,ইনি।
ইদানীং ( ম্ ), ব্য ( ইদম্+দানীম্ ) অধুনা, সম্প্রতি।
ইদানীন্তন, বিণ (ইদানীম্+তন) অধুনাতন,এখনকার। স্ত্রী,-নী।
ইন, বি, পুং ( ই-কর্ত্তৃ-নক্ ) প্রভু। পতি। সূর্য্য।
ইনাম, (যা) বি;বক্শিষ,পুরস্কার।
ইনি, (প্রা) সর্ব্ব ; এই ব্যক্তি।
ইন্দারা,(প্রা) বি; প্রশস্তকূপ বিং।
ইন্দি(ন্দী),বি,স্ত্রী (ইন্দ্-ই)লক্ষ্মী।
ইন্দিরা, বি, স্ত্রী ( ইন্দ্-কর্ত্তৃ-ইর-আপ্ ) লক্ষ্মী।
ইন্দীবর, বি,ক্লী;নীলপদ্ম। ইন্দীর (লক্ষ্মীর) বর (প্রিয় ), ৬ষ্ঠীতৎ।
ইন্দু, বি, পুং ( ইন্দ্ = প্রভুত্বকর্ত্তৃ-উ ) অথবা ( উন্দ্ = আর্দ্র করা-কর্ত্তৃ-উ ; উ = ই ) যিনি নক্ষত্রগণ মধ্যে আধিপত্য করেন ; অথবা যিনি সুধাবর্ষণদ্বারা ভুবনকে আর্দ্র করেন, চন্দ্র। কর্পূর। [মণি।
ইন্দুকান্ত, বি, পুং ; চন্দ্রকান্ত
ইন্দু-নিভানন, বিণ ; চন্দ্রবদন। ইন্দুনিভ ( চন্দ্র সদৃশ ) আনন ( মুখ ) যাহার, বহু। স্ত্রী,-ননা, -ননী।
ইন্দুমতী, বি, স্ত্রী ( ইন্দু+মতু+ঙীপ্ ) পূর্ণিমা।
ইন্দুমুখী, বিণ, স্ত্রী ; চন্দ্রবদনা। অজরাজার পত্নী।
ইন্দুমৌলি, বি, পুং ; শিব। ইন্দু ( চন্দ্র ) মৌলিতে ( মস্তকে ) যাঁহার, বহু।

**ইন্দুর,** বি, পুং ( উন্দ্-উর ) মূষিক।

**ইন্দুরেখা,** ইন্দুলেখা, বি স্ত্রী ; চন্দ্রকলা। ৬ষ্ঠীতৎ।

**ইন্দ্র,** বি, পুং ( ইন্দ্ [ আধিপত্য করা ]-কর্ত্তৃ-র ) যিনি স্বর্গে আধিপত্য করেন, দেবরাজ। ( শব্দের পরবর্ত্তী হইলে ) শ্রেষ্ঠ; যথা,—যোগীন্দ্র, মুনীন্দ্র। স্ত্রী,-ন্দ্রাণী।

**ইন্দ্রক,** বি, ক্লী ; সভাগৃহ।

**ইন্দ্রকীল,** বি, পুং ; পর্ব্বত বিং।

**ইন্দ্রচাপ,** বি, পুং ক্লী ; ইন্দ্রধনু। ৬ষ্ঠীতৎ।

**ইন্দ্রজাল,** বি, ক্লী ; ভোজবাজী। ইন্দ্রগণের ( ইন্দ্রিয়গণের ) জাল ( আবরক ) ৬ষ্ঠীতৎ।

**ইন্দ্রজালিক,** বিণ ( ইন্দ্রজাল + ষ্ণিক ) বাজীকর স্ত্রী,-কী।

**ইন্দ্রজিৎ,** বি, পুং ( ইন্দ্র-জি-কর্ত্তৃ-কিপ্ ) ইন্দ্রকে জয় করিয়াছে যে, রাবণ পুত্র, মেঘনাদ।

**ইন্দ্রত্ব,** বি, ক্লী ( ইন্দ্র + ত্ব ) স্বর্গের আধিপত্য।

**ইন্দ্রদ্যুম্ন,** বি, পুং ; সূর্য্যবংশীয় রাজা বিং। ইন্দ্রের ন্যায় দ্যুম্ন ( ধন ) যাহার, বহু।

**ইন্দ্রধনুঃ,** বি, ক্লী ; রামধনু। ৬ষ্ঠীতৎ। বৃষ্টির জলকণায় সূর্য্য কিরণ পতিত হইলে গগনমণ্ডলে যে ধনুকাকার উৎপন্ন হয়।

**ইন্দ্রনীল,** বি, পুং ; নীলকান্ত মণি।

**ইন্দ্রপ্রস্থ,** বি,পুং ; প্রাচীন দিল্লী।

**ইন্দ্রাণী.** বি, স্ত্রী (ইন্দ্র + স্ত্রী ঈপ্) ইন্দ্রপত্নী, শচী।

**ইন্দ্রযব,** বি, পুং, ক্লী ; কুটজের বীজ।

**ইন্দ্রানুজ,** ইন্দ্রাবরজ বি, পুং ; বামনদেব, বিষ্ণু। ইন্দ্রের অনুজ বা অবরজ, ৬ষ্ঠীতৎ।

**ইন্দ্রায়ুধ,** বি, ক্লী ( ইন্দ্র + আয়ুধ) ইন্দ্রধনু, রামধনু। ৬ষ্ঠীতৎ।

**ইন্দ্রিয়,** বি, ক্লী ( ইন্দ্র + ইয় ) যাহা দ্বারা পদার্থের জ্ঞান জন্মে। ইন্দ্রিয় দুই প্রকার ; যথা-জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয়। চক্ষু কর্ণ, নাসিকা জিহ্বা ও ত্বক্ এই পাঁচটী জ্ঞানেন্দ্রিয় ; বাক, পাদ, পাণি, পায়ু ও উপস্থ, এই পাঁচটী কর্ম্মেন্দ্রিয়। মন অন্তরিন্দ্রিয়, মোট এই একাদশ ইন্দ্রিয়।

**ইন্দ্রিয়গোচর,** বিণ ; ইন্দ্রিয়গ্রাহ্য, জ্ঞানপথবর্ত্তী। ৬ষ্ঠীতৎ।

**ইন্দ্রিয়গ্রাহ্য,** বিণ, ইন্দ্রিয়দ্বারা গ্রহণীয়, জ্ঞানগম্য। তয়াতৎ।

**ইন্দ্রিয়নিগ্রহ,** বি, পুং ; ইন্দ্রিয় সংযম, জিতেন্দ্রিয়তা।

**ইন্দ্রিয়পরবশ,**বিণ; ইন্দ্রিয়ের বশী-ভূত, অজিতেন্দ্রিয়। ৬ষ্ঠীতৎ।

**ইন্দ্রিয়পরায়ণ,** বিণ ; ইন্দ্রিয়াসক্ত ভোগ সুখে রত। বহুব্রী।

ইন্দ্রিয়সংযম, বি, পুং ; ইন্দ্রিয়ের দমন, জিতেন্দ্রিয়তা। ৬ষ্ঠীতৎ।
ইন্দ্রিয়ার্থ, বি, পুং ; ইন্দ্রিয়ের ভোগ্য বিষয়।
ইন্ধন, বি, ক্লী (ইন্ধ্-করণ অনট্) জ্বালানি কাষ্ঠ।
ইভ, বি, পুং ( ই-ভক্ ) হস্তী। স্ত্রী,-ভী।
ইমারত, ( যা ) বি ; ইষ্টকালয়, [দালান।
ইয়ৎ, বিণ ( ইদম্ + বতু ) এই পরিমিত। স্ত্রী,-তী।
ইয়ত্তা, বি, স্ত্রী ( ইয়ৎ + তা ) সীমা। পরিমাণ।
ইরম্মদ, বি, পুং (ইরা [জল]-মদ্-কর্ত্তৃ-খশ্) যে জল বা মেঘের সহিত ক্রীড়া করে, বজ্রাগ্নি। বাড়বাগ্নি। হস্তী।
ইরা, বি, স্ত্রী ( ই-রক্ ) জল। কশ্যপপত্নী বিং।
ইরাবান্, বি, পুং ( ইরা [জল]+ বতু, অস্ত্যর্থে। সমুদ্র। মেঘ।
ইলা, বি, স্ত্রী ( ইল্-ক ) বৈবস্বত মনুর কন্যা, বুধের পত্নী। পৃথিবী।
ইলাবৃত, বি, ক্লী ; জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষ বিং।
ইলীশ, বি, পুং ; মৎস্য বিং।
ইলেক, (প্রা) বি; রেখা, ভিকারী।
ইশীকা, বি, স্ত্রী ; কাশ-তৃণ, কেশে।

ইষিকা, ইষীকা, বি, স্ত্রী ( ইষ্-ইকন্, ঈকন্ ) কাশতৃণ। তুলি। হস্তীরনেত্রগোলক।
ইষু, বি, পুং, স্ত্রী ( ইষ্-কু ) শর, বাণ।
ইষুধি, বি, পুং স্ত্রী ( ইষু-ধা-অধি-কি ) যাহাতে বাণ থাকে, তূণ।
ইষ্ট, বিণ ( ইষ্-ক্ত ) বাঞ্ছিত। প্রিয়। ক্লী ( যজ্-ক্ত ) যাগ।
ইষ্টক বি, পুং (ইষ্-তকন্) ইট।
ইষ্টদেব, বি, পুং } উপাস্য
ইষ্টদেবতা, বি, স্ত্রী } দেবতা। মন্ত্রদাতাগুরু। কর্ম্মধা।
ইষ্টাপত্তি, বি,স্ত্রী ( ইষ্ট + আপত্তি) ইষ্টসিদ্ধি। উপকার।
ইষ্টাপূর্ত্ত, বি, ক্লী ( ইষ্ট + পূর্ত্ত, আ-আগম ) জলাশয় খনন ও দেবালয় স্থাপনাদি সৎকার্য্য।
ইষ্টালাপ, বি, পুং (ইষ্ট + আলাপ) সদালাপ। কর্ম্মধা।
ইষ্টি, বি, স্ত্রী ( যজ্-ভাবে-ক্তি ) যজ্ঞ। (ইষ্-ভাবে-ক্তি) অভিলাষ।
ইষ্বসন, বি, ক্লী ( ইষু-অস-করণ-অনট্ ) }
ইষ্বাস, বি, পুং ( ঐ-ঘঞ্ ) } যাহারদ্বারা বাণ-নিক্ষেপ করা হয়, ধনুক।
ইসাদী, ( যা ) বি ; সাক্ষী।
ইসারা, ( প্রা ) বি ; ইঙ্গিত।
ইস্তক, ( যা ) অবধি, পর্য্যন্ত।

ইস্তিহার, (যা) ; বিজ্ঞাপন, ঘোষণাপত্র। [ পরিত্যাগ।
ইস্তাফা, ইস্তিয়াফা, (যা) বি ;
ইস্ত্রি, (প্রা) বি ; ধোপাদের বস্ত্রাদি পাইট করিবার যন্ত্র বিং।
ইস্পাত, (প্রা) বি ; লৌহ বিং।
ইহ, ব্য ( ইদম্+হ, ৭মী ) এই স্থানে, এই সময়ে ইত্যাদি।
ইহকাল, বি, পুং বর্ত্তমান কাল, এই জন্ম।
ইহলোক, বি, পুং ; এই সংসার, পৃথিবী।

---

# ঈ।

ঈ, বি, পুং ; চতুর্থ স্বরবর্ণ। কন্দর্প। স্ত্রী ( অ=বিষ্ণু+ঈ, পত্নী অর্থে ) লক্ষ্মী।
ঈক্ষণ, বি, ক্লী ( ঈক্ষ-ভাবে-অনট্) দর্শন। (ঐ-করণ) চক্ষুঃ। বিণ,-ক্ষিত। [ দেখা।
ঈক্ষা, বি, স্ত্রী ( ঈক্ষ-অ ) দর্শন,
ঈক্ষিত, বিণ ( ঐ-ক্ত ) দৃষ্ট।
ঈতি, বি, স্ত্রী ( ঈ-কর্ম্ম-ক্তি ) অতিবৃষ্টি, অনাবৃষ্টি, পতঙ্গ, মূষিক, পক্ষী এবং নিকটস্থ শত্রুরাজা, শস্যের এই ছয় প্রকার বিঘ্ন ; যথা,—

"অতিবৃষ্টিরনাবৃষ্টিঃ
শলভা মূষিকা খগাঃ।
প্রত্যাসন্নাশ্চ রাজানঃ
ষড়েতে ঈতয়ঃ স্মৃতাঃ॥" (স্মৃতিঃ)।

{ ঈদৃক্, ( ইদম্-দৃশ্-কর্ম্ম-ক্বিপ্)
ঈদৃশ, (ঐ-টক্) বিণ ; এইরূপ। স্ত্রী,-শী।

ঈপ্সা, বি, স্ত্রী ( আপ্-সন্-ভাবে অ+আপ্ ) পাইবার ইচ্ছা, বাঞ্ছা। [ বাঞ্ছিত।
ঈপ্সিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত )
ঈপ্সু, বিণ ( ঐ-কর্ত্তৃ-উ) ইচ্ছুক, পাইতে অভিলাষী।
ঈরণ, বি, ক্লী (ঈর্-ভাবে-অনট্) প্রেরণ।
ঈর্ষা, ঈর্ষ্যা, বি, স্ত্রী (ঈর্ষ্য-ভাবে-অ-আপ্) পরশ্রীকাতরতা। দ্বেষ।
ঈর্ষ্যাপরবশ, বিণ ; ঈর্ষ্যান্বিত। ঈর্ষ্যার পরবশ (অধীন), ৬ষ্ঠীতৎ।
ঈর্ষ্যালু, বিণ ( ঈর্ষ্যা+আলু, যুক্তার্থে ) পরশ্রীকাতর, হিংসাযুক্ত।
ঈর্ষ্যী, বিণ (ঈর্ষ্যা+ইন্, অস্ত্যর্থে) ঈর্ষ্যাযুক্ত। স্ত্রী,-র্ষিণী।
ঈশ, বি, পুং ( ঈশ্ [আধিপত্য

করা ]-কর্ত্তৃ-ক ) ঈশ্বর। শিব। বিণ ; স্বামী। শ্রেষ্ঠ।

ঈশান, বি, পুং (ঐ-শান) শিব। স্ত্রী,-নী।

ঈশানী, বি, স্ত্রী ; ভগবতী, দুর্গা।

ঈশিত্ব, বি, ক্লী ; ঈশ্বরত্ব। অণিমাদি অষ্ট ঐশ্বর্য্যের অন্তর্গত ঐশ্বর্য্য বিং।

ঈশ্বর, বি, পুং ( ঈশ্-কর্ত্তৃ-বর ) ব্রহ্ম। শিব। বিণ ; স্বামী। শ্রেষ্ঠ। স্ত্রী,-রী।

ঈশ্বরী, বি, স্ত্রী ; দুর্গা। লক্ষ্মী। সরস্বতী।

ঈষৎ, ব্য ( ঈষ্-কর্ত্তৃ-অৎ ) অল্প, কিঞ্চিৎ। [ কর্ম্মধা।

ঈষদুষ্ণ, বিণ ; সামান্য গরম।

ঈষদূন, বিণ ( ঈষৎ+ঊন ) কিছুকম। ঈষৎ যে ঊন, কর্ম্মধা। [ দণ্ড।

ঈষা, বি, স্ত্রী ( ঈষ্-ক ) লাঙ্গল-

ঈষিকা, ঈষীকা, বি, স্ত্রী ( ঈষ্-ইকন্, ঈকন্ ) তূলি। কাশ-তৃণ। অস্ত্রবিং।

ঈহা, বি, স্ত্রী ( ঈহ্-অ ) চেষ্টা। ইচ্ছা।

ঈহামৃগ, বি, পুং ; নেকড়ে বাঘ।

ঈহিত, বিণ ( ঈহ্-ক্ত ) চেষ্টিত। বাঞ্ছিত।

---

# উ।

উ, পঞ্চম স্বরবর্ণ। বি, পুং ; শিব।

উই, ( প্রা ) বি ; কীট বিং, বল্মীক।

উঁচু, ( প্রা ) বিণ ; উন্নত, উচ্চ।

উঁচোট, ( প্রা ) বি ; চলিবার সময় হঠাৎ পায়ে আঘাত লাগা।

উঁকি, (প্রা ) বি, উদ্গার। বমির উপক্রম। গোপনে থাকিয়া দৃষ্টি করণ।

"তাঁহারা বাহির হইতে উঁকি মারিয়া যৎকিঞ্চিৎ যাহা দেখিতে পান," ( প্রভাতচিন্তা )।

উকিল, ( যা ) বি ; আইন ব্যবসায়ী, ব্যবহারাজীব।

উকুণ, ( প্রা ) বি ; কেশকীট, উৎকুণ। [ বি,-ক্তি।

উক্ত, বিণ ( বচ্-ক্ত ) কথিত।

উক্তি, বি, স্ত্রী (ঐ-ক্তি ) কথন। বাক্য। [ সেচন।

উক্ষণ, বি, ক্লী ( উক্ষ্-অনট্ )

উক্ষা, বি, পুং স্ত্রী ( ঐ-কনিন্ ) বৃষ। গবী।

**উখলি,** ( প্রা ) বি ; উদূখল। হামান দিস্তা।

**উগরণ,** ( প্রা ) বি ; উদ্গিরণ, বমন।

**উগ্র,** বিণ ( উচ্-রক্ ) ক্রুদ্ধ। উৎকট। ভয়ানক। বি পুং ; শিব। স্ত্রী,-গ্রা। বি,-তা।

**উগ্রচণ্ডা,** বি, স্ত্রী ; চণ্ডিকা দেবী, ভগবতীর অষ্টাদশ ভুজা মূর্ত্তি। অতি কোপনা নারী।

**উগ্রমূর্ত্তি,** বি, স্ত্রী ; ভয়ঙ্কর আকৃতি। উগ্র যে মূর্ত্তি, কর্ম্মধা। বিণ ; ভয়ানক চেহারা যুক্ত। উগ্র হইয়াছে মূর্ত্তি যার, বহু।

**উগ্রসেন,** বি, পুং ; কংসের পিতা।

**উচাটন,** ( প্রা ) বি ; চাঞ্চল্য। উৎকণ্ঠা। বিণ ; ব্যস্ত, চঞ্চল।

**উচিত,** বিণ ( উচ্-ক্ত ) ন্যায্য। যোগ্য। অভ্যস্ত। বি, ঔচিত্য।

**উচু,** (প্রা) বিণ ; উন্নত, উচ্চ।

**উচ্চ,** বিণ ( উৎ-চি-কর্ম্ম-ড ) উন্নত। বি,-তা।

**উচ্চতা,** বি, স্ত্রী ( উচ্চ+তা, ভাবার্থে। উচ্চেরভাব, তুঙ্গতা।

**উচ্চণ্ড,** বিণ ( উৎ+চণ্ড ) অতিকোপন।

**উচ্চয়,** বি, পুং ( উৎ-চি-অল্ ) চয়ন। সমূহ।

**উচ্চাটন,** বি, ক্লী (ঐ-চাটি-অনট্) উৎপাটন। চঞ্চলতা। অভিচার কর্ম্ম বিং।

**উচ্চার,** বি, পুং (উৎ-চারি-ঘঞ্) উচ্চারণ। বিষ্ঠা।

**উচ্চারণ,** বি, ক্লী ( ঐ-অনট্ ) কথন। বিণ,-রিত।

**উচ্চারিত,** বিণ (ঐ-ক্ত ) কথিত।

**উচ্চাবচ,** বিণ (উদক্=উৎকৃষ্ট+অবাক্=নিকৃষ্ট, নি) ভালমন্দ। নানাবিধ।

**উচ্চৈঃ** (স্ ) ব্য ; উন্নত, উচ্চ।

**উচ্চৈঃশ্রবা,** বি, পুং ; ইন্দ্রের অশ্ব। বিণ ; বধির। উচ্চৈঃ (উন্নত) শ্রবস্ (কর্ণ) যাহার,বহু।

**উচ্চৈঃস্বর,** বি, পুং ; উচ্চশব্দ, চীৎকার।

**উচ্ছন্ন,** বিণ ( উৎ-ছাদি-কর্ম্ম-ক্ত) উৎসন্ন, নষ্ট।

**উচ্ছলিত,** বিণ ( ঐ-শল্-কর্ত্তৃ-ক্ত) যাহা উথলিয়া উঠিয়াছে।

**উচ্ছিন্ন,** বিণ ( ঐ-ছিদ্-কর্ম্ম-ক্ত ) উৎপাটিত। বিনাশিত। বি, -চ্ছেদ।

**উচ্ছিষ্ট,** বিণ ( ঐ-শিষ্-কর্ত্তৃ-ক্ত ) ভুক্তাবশিষ্ট, এঁটো। (ঐ-কর্ম্ম-) পরিত্যক্ত।

**উচ্ছূন,** বিণ ( ঐ-শ্বি-কর্ত্তৃ-ক্ত ) বর্দ্ধিত।

**উচ্ছৃঙ্খল,** বিণ ; বিশৃঙ্খল। যথেচ্ছাচারী। উৎ ( উদ্গত ) হই-

রাছে শৃঙ্খলা যাহার, বদ্ধ। বি,-তা।

উচ্ছেদ, বি,পুং (উৎ-ছিদ্-ভাবে-ঘঞ্) উৎপাটন, বিনাশ।

উচ্ছেদক, বিণ (ঐ-কর্ত্তৃ-ণক) উচ্ছেদকারী। বিনাশক। স্ত্রী,-দিকা।

উচ্ছ্রয়, উচ্ছ্রায়, বি, পুং (ঐ-শ্রি-ভাবে-অল্, ঘঞ্) উচ্চতা। বৃদ্ধি। উৎকর্ষ। বিণ,-চ্ছ্রিত।

উচ্ছ্রিত, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) উদিত। বর্দ্ধিত। উৎপন্ন। উন্নত।

"ন্যায়ের বিচার-দণ্ড পরকালে তোমারঐপুষ্টদেহ এবং উচ্ছ্রিত মস্তক-কেও স্পর্শ করিবে।" (নিভৃত চিন্তা)

উচ্ছ্বসিত, বিণ (উৎ-শ্বস্-কর্ত্তৃ-ক্ত) স্ফীত। প্রফুল্ল। উজ্জীবিত। বি,-চ্ছ্বাস।

উচ্ছ্বাস, বি, পুং (ঐ-ভাবে-ঘঞ্) স্ফীততা। বিকাশ। নিশ্বাস। গ্রন্থের পরিচ্ছেদ। বিণ,-চ্ছ্বসিত।

উছট, উছোট, (প্রা) বি; চলিবারকালে পায়ে হঠাৎ আঘাত লাগা, ঠোকর।

উজন, উজান, (প্রা); স্রোতের বৈপরীত্য।

উজল, (প্রা,পদ্যে) বিণ; উজ্জ্বল।

উজাড়, (প্রা), বি; সমূলে বিনাশ। শূন্য, খালি।

"মূল্য দিতে গেলে চীন জাপান উজাড় করে দিতে হয়" (রবীন্দ্র)।

উজির, (যা) বি; মন্ত্রী, সচিব।

উজ্জয়িনী, বি, স্ত্রী (উৎ [অতিশয়] + জয়িনী [যে জয় করে]) যে সৌন্দর্য্য-দ্বারা সমস্ত নগরীকে জয় করিয়াছে, বিক্রমাদিত্যের রাজধানী।

উজ্জীবন, বি, ক্লী, (উৎ-জীব্-ভাবে-অনট্) বাঁচিয়া উঠা। বিণ,-বিত।

উজ্জীবিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) পুনর্জ্জীবন প্রাপ্ত।

উজ্জ্বল, বিণ (ঐ-জ্বল্-কর্ত্তৃ-অন্) দীপ্তিবিশিষ্ট। নির্ম্মল। বি,-লতা, ঔজ্জ্বল্য।

উজ্জ্বলতা, বি, স্ত্রী (উজ্জ্বল + তা, ভাবার্থে), দীপ্তি, প্রভা।

উঞ্ছ, বি,পুং (উন্ছ-ভাবে-ঘঞ্) উপেক্ষিত ধান্যাদি খুঁটিয়া লওয়া।

উঞ্ছবৃত্তি, বি, স্ত্রী; শস্য ক্ষেত্রাদিতে গৃহীতাবশিষ্ট পতিত ধান্যাদি খুঁটিয়া লওয়ারূপ জীবিকা।

উঞ্ছশিল, বি, ক্লী; জীবিকা বিং। (উঞ্ছবৃত্তি দেখ।)

উট, (প্রা) বি; উষ্ট্র। তৃণপত্র।

উটজ, বি, পুং (উট [তৃণপত্র] জন্-কর্ত্তৃ-ড) কুটীর, পর্ণশালা।

উঠান, (প্রা) বি; আঙ্গিনা। উত্তোলন।

উড়ন, (প্রা) বি; আকাশে গমন। [লোক।

উড়িয়া, (প্রা) বি; উড়িষ্যার

উড়ী, (প্রা) বি; ধান্য বিং।

উড়ুপ, উড়ূপ, বি, ক্লী; ভেলা, মাড়।

উড়ুম্বর, বি, পুং; যজ্ঞডুমুর গাছ।

উড্ডয়ন, বি, ক্লী (উৎ-ডী-অনট্) আকাশ-পথে গমন, উড়া।

উড্ডয়মান, বিণ (ঐ-শান) যে উড়িতেছে।

উড্ডীন, বিণ (ঐ-ক্ত) যে উড়িয়াছে, নভোগত।

উড্ডীয়মান, বিণ (ঐ-শান) যে উড়িতেছে।

উতথ্য, বি, পুং; মুনি বিং।

উতরণ, (প্রা, পদ্যে) বি; উত্তরণ, পৌঁছন। পার হওয়া।

উতালা, (প্রা) বিণ; ব্যস্ত। চঞ্চল।

উৎ, (দ্) ব্য; ঊর্দ্ধ। উচ্চতা। অতিশয়। বৈপরীত্য।

উৎকট, বিণ; তীব্র। অত্যধিক। বিষম।

উৎকণ্ঠা, বি, স্ত্রী (উৎ-কণ্ঠ্-ভাবে-অ) উদ্বেগ। ঔৎসুক্য। বিণ, -ণ্ঠিত।

উৎকণ্ঠিত, বিণ (উৎকণ্ঠা+ইত) উদ্বিগ্ন। স্ত্রী, -তা।

উৎকণ্ঠিতা, বি, স্ত্রী; সঙ্কেতস্থানে অবস্থিতা যে নায়িকা, নির্দ্দিষ্ট সময়ে নায়কের অনাগমনে উদ্বিগ্না হয়, তাহাকে উৎকণ্ঠিতা বলে।

উৎকর্ষ, বি, পুং (উৎ-কৃষ্-ভাবে-অল্) শ্রেষ্ঠতা। আধিক্য। উন্নতি। বিণ, -কৃষ্ট।

উৎকল, বি, পুং; উড়িষ্যা দেশ।

উৎকলিকা, বি, স্ত্রী (উৎ-কল্-অক) উৎকণ্ঠা।

উৎকীর্ণ, বিণ (উৎ-কৃ-ক্ত) ইতস্ততঃ বিক্ষিপ্ত। ক্ষোদিত।

উৎকীর্ত্তন, বি, ক্লী (ঐ-কীর্ত্ত-অনট্) বর্ণন। ঘোষণা।

"ভীষ্মের লোকোত্তর চরিত্রের গুণোৎকীর্ত্তনে।" (রজনী গুপ্ত।)

উৎকুণ, বি, পুং (ঐ-কুণ-ক) উকুণ।

উৎকৃষ্ট, বিণ (ঐ-কৃষ্-ক্ত) শ্রেষ্ঠ। উত্তম। বি, -কর্ষ, -কৃষ্টতা।

উৎকোচ, বি, পুং (ঐ-কুচ্-করণ-ঘঞ্) ঘুষ।

উৎক্রম, বি, পুং (ঐ-ক্রম্-ভাবে-অল্) ব্যতিক্রম, অন্যথা। নিঃসরণ।

উৎক্রান্ত, বিণ (ঐ-ক্রম্-কর্ত্তৃ-ক্ত) উদ্গত। (কর্ম্ম-ক্ত) অতিক্রান্ত।

উৎক্রোশ, বি, পুং (ঐ-ক্রুশ্-কর্ত্তৃ-অন্) কুররপক্ষী।

**উৎক্ষিপ্ত**-বিণ ( ঐ-ক্ষিপ্-কর্ম্ম-ক্ত ) ঊর্দ্ধে নিক্ষিপ্ত।

**উৎক্ষেপ**, বি,পুং (ঐ-ক্ষিপ্-ভাবে-অল্ ) ঊর্দ্ধে নিক্ষেপ।

**উৎখাত**, বিণ ( ঐ-খন্-কর্ম্ম-ক্ত ) উৎপাটিত। বিদারিত।

**উত্তপ্ত**, বিণ ( উৎ-তপ্-কর্ত্তৃ-ক্ত ) উষ্ণ। দগ্ধ। বি,-তাপ।

**উত্তম**, বিণ ( ঐ-তম্-কর্ত্তৃ-অন ) উৎকৃষ্ট। বি, পুং ; সুরুচিগর্ভজাত উত্তানপাদরাজ-পুত্র।

**উত্তমর্ণ**, বিণ ; ঋণদাতা। উত্তম ( প্রধান ) হইয়াছে ঋণ যাহার, বহু।

**উত্তমাঙ্গ**, বি, ক্লী (উত্তম + অঙ্গ) মস্তক।

**উত্তর**, বি, ক্লী ( উৎ-তৃ-অল্ ) জবাব। পুং ; বিরাট রাজপুত্র। উত্তরদিক্। বিণ ; শ্রেষ্ঠ। উত্তম ; যথা—লোকোত্তর।

"লোকোত্তর রামচরিত"
( সীতার বনবাস। )

ভাবী, ভবিষ্যৎ, যথা,—উত্তরকাল। ক্রিবিণ ; অনন্তর, পশ্চাৎ ; যথা,—শ্রবণোত্তর।

**উত্তরকাল**, বি, পুং, ভবিষ্যৎ সময়। উত্তর ( ভবিষ্যৎ ) যে কাল, কর্ম্মধা।

**উত্তরকোশলা**, বি, স্ত্রী ; অযোধ্যা নগরী।

**উত্তরচ্ছদ**, বি, পুং ; আস্তরণবস্ত্র, বিছানার চাদর।

**উত্তরণ**, বি, ক্লী ( উৎ-তৃ-ভাবে-অনট্ ) পার হওয়া।

**উত্তরমেরু**, বি, পুং ; পৃথিবীর উত্তর প্রান্ত।

**উত্তর-সাধক**, বিণ ; সাহায্যকারী। স্ত্রী,-ধিকা।

**উত্তরা**, বি,স্ত্রী; বিরাটরাজকন্যা। উত্তরদিক্।

**উত্তরাধিকারী**, বিণ ; পরে যাহার অধিকার হইবে। স্ত্রী,-রিণী।

**উত্তরায়ণ**, বি,ক্লী (উত্তর + অয়ন =গতি ) সূর্য্যের উত্তর দিকে গমন। মাঘাদি ছয় মাস।

**উত্তরী**, (প্রা) বি ; পৈতার ন্যায় ধৃত বস্ত্র, দোছোট।

**উত্তরীয়**, বি, ক্লী ( উত্তর + ঈয় ) চাদর, উড়ানী।

**উত্তরোত্তর**, ক্রিবিণ ( উত্তর + উত্তর ) ক্রমশঃ।

**উত্তান**, বিণ ( উৎ-তন্-ঘঞ্ ) ঊর্দ্ধমুখ, চিৎ।

**উত্তানপাদ**, বি, পুং ; নৃপবিং, ধ্রুবের পিতা।

**উত্তাপ**, বি,পুং ( উৎ-তপ্-ভাবে-ঘঞ্ ) তাপ, উষ্ণতা। বিণ, —তপ্ত।

**উত্তাপিত**,বিণ (ঐ-তাপি-কর্ম্ম-ক্ত) উত্তাপ যুক্ত, সন্তাপিত।

**উত্তাল**, বিণ (ঐ-তল্-কর্ত্তৃ-ঘঞ্) উন্নত। উৎকট। ভয়ানক।

**উত্তিষ্ঠমান**, বিণ (ঐ-স্থা-কর্ত্তৃ-শান) উত্থানশীল, উন্নতির জন্য যত্নশীল।

**উত্তীর্ণ**, বিণ (ঐ-তৄ-কর্ত্তৃ-ক্ত) পারগত। অতিক্রান্ত। কৃতকার্য্য। নিষ্কৃতি প্রাপ্ত।

**উত্তুঙ্গ**, বিণ (উৎ [অতিশয়] + তুঙ্গ [উচ্চ]) অতিশয় উচ্চ।

**উত্তেজক**, বিণ (উৎ-তেজি-ণক) উত্তেজনাকারী। স্ত্রী,-জিকা।

{**উত্তেজন**, বি, ক্লী (ঐ-অনট্)
**উত্তেজনা**, বি, স্ত্রী (ঐ অন) তীক্ষ্ণী করণ। উদ্দীপন। উৎসাহ দান।

**উত্তেজিত**, বিণ (ঐ-ক্ত) তীক্ষ্ণীকৃত। উদ্দীপিত। উৎসাহিত।

**উত্তোলন**, বি, ক্লী (উৎ-তুল্-ভাবে-অনট্) উত্থাপন, তোলা।

**উত্তোলিত**, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) উত্থাপিত। যাহা তোলা হইয়াছে।

**উত্ত্যক্ত**, বিণ (উৎ-ত্যজ্-ক্ত) পরিত্যক্ত। উৎক্ষিপ্ত। বিরক্ত।

**উত্থ**, বিণ (ঐ-স্থা-ড) উত্থিত। জাত।

**উত্থান**, বি, ক্লী (ঐ-অনট্) উদয়। উঠা। উন্নতি। উদ্যম। বিণ, -খিত।

**উত্থাপক**, বিণ (ঐ-স্থাপি-ণক) যে উত্থাপন করে। স্ত্রী,-পিকা।

**উত্থাপন**, বি, ক্লী (ঐ-অনট্) উত্তোলন, উঠান।

**উত্থাপিত**, বিণ (ঐ-ক্ত) যাহাকে উঠান গিয়াছে। প্রস্তাবিত।

**উত্থিত**, বিণ (ঐ-স্থা-ক্ত) যাহা উঠিয়াছে, উদ্গত।

**উৎক্ষিপ্ত**, বিণ (ঐ-ক্ষিপ্-ক্ত) ঊর্দ্ধোনিক্ষিপ্ত। বি,-ক্ষেপ।

**উৎপতন**, বি ক্লী (ঐ-পত্-অনট্) উড্ডয়ন, উড়া।

**উৎপতিত**, বিণ (ঐ-ক্ত) উড্ডীন। উদিত।

**উৎপত্তি**, বি, স্ত্রী (উৎ-পদ্-ক্তি) জন্ম। বিণ,-পন্ন।

**উৎপথ**, বি, পুং (উৎ + পথিন্) কুপথ।

"উৎপথবর্ত্তী পাপাত্মারই অনুবর্ত্তন করিতেছে।" (রজনীগুপ্ত)।

**উৎপদ্যমান**, বিণ (উৎ-পদ্-শান) যাহার উৎপত্তি হইতেছে।

**উৎপন্ন**, বিণ (ঐ-ক্ত) জাত। বি,-ত্তি।

**উৎপল**, বি, ক্লী (উৎ-পল্-অন্) পদ্ম। জলপুষ্প।

**উৎপাটন**, বি, ক্লী (ঐ-পাটি-অনট্) উন্মূলন, উপড়ান।

**উৎপাটিত**, বিণ (ঐ-ক্ত) উন্মূলিত।

উৎপাত, বি, পুং ( উৎ-পত্-ঘঞ্ ) উপদ্রব।

উৎপাদক, বিণ ( উৎ-পাদি-কর্ত্তৃ-ণক ) উৎপত্তি কারক।

উৎপাদন, বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্) উৎপত্তি করণ, জন্মান। বিণ,-দিত।

উৎপাদিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) যাহা উৎপন্ন করা হইয়াছে, জনিত।

উৎপাদ্য, বিণ ( ঐ-কর্ম্ম-য ) উৎপাদনযোগ্য।

উৎপীড়ন, বি, ক্লী ( উৎ-পীড়্-ভাবে-অনট্) পীড়া দেওয়া, ক্লেশ দেওয়া। বিণ,-ড়িত।

উৎপীড়িত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) উপদ্রুত। উত্তেজিত।

উৎপ্রেক্ষা, বি, স্ত্রী ( উৎ-প্র-ঈক্ষ্-ভাবে-অ ) অনুমান। সম্ভাবনা। অর্থালঙ্কার বিং।

উৎপ্লবন, বি, ক্লী ( উৎ-প্লু-অনট্) উল্লম্ফন। সন্তরণ। ভাসা।

উৎফুল্ল, বিণ ( উৎ-ফুল্ল-কর্ত্তৃ-ক্ত ) প্রফুল্ল, বিকসিত।

উৎস, বি, পুং ( উন্দ্-কর্ত্তৃ-স ) প্রস্রবণ।

উৎসঙ্গ, বি, পুং ( উৎ-সন্জ-ঘঞ্ ) ক্রোড়। উরুদেশ।

উৎসন্ন, বিণ ( ঐ-সদ্-ক্ত ) বিনষ্ট।

উৎসর্গ, বি, পুং ( উৎ-সৃজ্-ভাবে ঘঞ্ ) দেবোদ্দেশে দান। ত্যাগ।

উৎসর্জ্জন, বি, ক্লী ( ঐ-অনট্ ) দান। ত্যাগ। বিণ,-সৃষ্ট।

উৎসব, বি, পুং ( উৎ-সু-অল্ ) আনন্দজনক ব্যাপার।

উৎসাদন, বি, ক্লী ( উৎ-সাদি-ভাবে-অনট্ ) বিনাশ।

উৎসাদিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) বিনাশিত।

উৎসারণ, বি, ক্লী ( উৎ সারি-ভাবে-অনট্ ) দূরীকরণ।

উৎসারিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) দূরীকৃত।

উৎসাহ, বি, পুং ( উৎ-সহ-ভাবে-ঘঞ্ ) উদ্যম। স্থির যত্ন। বিণ,-হিত,-হী।

উৎসাহিত, বিণ ( ঐ-সাহ-কর্ম্ম-ক্ত ) উৎসাহযুক্ত। উত্তেজিত।

উৎসুক, বিণ ( ঐ-সু-কর্ত্তৃ-কক্ ) অভীষ্ট কার্য্যে ব্যগ্র। উৎকণ্ঠিত। বি, ঔৎসুক্য।

উৎসৃষ্ট, বিণ (উৎ-সৃজ্-কর্ম্ম-ক্ত) উৎসর্গীকৃত। পরিত্যক্ত।

উৎসেধ, বি, পুং ( ঐ-সিধ্-ভাবে-অল্ ) উচ্চতা। ঔদ্ধত্য।

উথলন, (প্রা) বি; উচ্ছলিত হওন, উথলে উঠা।

উদ ( প্রা ) বি; উদ্বিড়াল।

উদক, বি, ক্লী ( উন্দ্-কর্ত্তৃ-ণক ) জল।

**উদক-ক্রিয়া**, বি, স্ত্রী ; তর্পণ, মৃতব্যক্তির উদ্দেশে জলদান।

**উদগ্র**, বিণ (উৎ+অগ্র) উন্নত। মহৎ।

**উদঙ্মুখ**, বিণ (উদচ্+মুখ) উত্তর মুখ। ঊর্দ্ধমুখ। স্ত্রী,-খী।

**উদচ্**, ব্য ; উত্তর দিক্।

**উদধি**, বি, পুং ( উদক-ধা-অধি-কি ) সমুদ্র।

**উদন্যা**, বি, স্ত্রী (ঐ-ক্য-ভাবে-অ) পিপাসা।

**উদয়**, বি, পুং ( উৎ-ই-ভাবে অল্ ) প্রকাশ। উৎপত্তি। ( ঐ-অপা ) উদয়াচল। বিণ, -দিত।

**উদয়ন**, বি, পুং ; বৎসরাজ। কুসুমাঞ্জলি প্রভৃতি গ্রন্থ প্রণেতা উদয়নাচার্য্য।

**উদয়মান**, বিণ ( উৎ-অয়-শান ) যাহা উদিত হইতেছে।

**উদয়াস্ত**, বি, ক্লী ; উদয় হইতে অস্ত পর্য্যন্ত সময়।

**উদয়োন্মুখ**, বিণ (উদয়+উন্মুখ) যার উদয় হইবার উপক্রম হইয়াছে। স্ত্রী,-খী।

**উদর**, বি, ক্লী (উৎ-ঋ-কর্ত্তৃ-অন্) জঠর, পেট। [স্ত্রী,-ণী।

**উদরপরায়ণ**, বিণ ; পেটুক।

**উদরপূর্ত্তি**, বি, স্ত্রী ; উদরের পূর্ণতা। ষষ্ঠীতৎ।

**উদরম্ভরি**, বিণ ( উদর-ভৃ-কর্ত্তৃ-খি) পেটুক। স্বার্থপর। বি,-তা।

**উদর সর্ব্বস্ব**, বিণ ; পেটুক।

**উদরস্থ**, বিণ ( উদর-স্থা-ড ) উদরস্থিত।

**উদরাময়**, বি, পুং ( উদর+আময় ) পেটের পীড়া।

**উদরাবর্ত্ত**, বি, পুং ; নাভি।

**উদরী**, বি, স্ত্রী ; রোগ বিং।

**উদর্ক**, বি, পুং ( উৎ-অর্চ্চ-ঘঞ্) ভাবী ফল।

**উদাত্ত**, বি, পুং ( উং+আত্ত ) উচ্চস্বর বিণ; উন্নত। বিখ্যাত।

**উদান**, বি, পুং ( উৎ-অন্-ঘঞ্ ) কণ্ঠস্থ বায়ু।

**উদাম**, ( পা ) বিণ ; অনাবৃত, খোলা।

**উদার**, বিণ উৎ-আ-রা-কর্ত্তৃ-ড ) মহৎ। দাতা। সরল। উচ্চ। বি,-তা, ঔদার্য্য।

**উদারনৈতিক**, বিণ ( উদারনীতি +ষ্ণিক ) উচ্চনীতি সম্বন্ধীয়। যে ব্যক্তি বা যে সম্প্রদায় লোক-হিতার্থে নানারূপ নূতন নিয়ম বিধিবদ্ধ করিতে যত্নশীল ( Liberal ). Parliament এ ( ইংলণ্ডের মহাসভার ) দুইটা সম্প্রদায় আছে· একটির নাম Liberal Party ( উদার নৈতিক সম্প্রদায় ) এবং অপরটীর নাম Conservative Party ( রক্ষণশীল সম্প্রদায় )। এই দুই সম্প্রদায় পর্য্যায়ক্রমে

রাজ্যশাসনকার্য্য সম্পন্ন করিয়া থাকেন।

উদারমতি, বিণ; প্রশস্ত চিত্ত। উদার (উৎকৃষ্ট) হইয়াছে মতি (অভিলাষ) যাহার, বহু।

উদারসত্ত্ব, বিণ; শূর, বলবান্। উদার (মহৎ) হইয়াছে সত্ত্ব (বল) যাহার, বহু।

উদাবর্ত্ত, বি, পুং, মলমূত্র বায়ু রোধক রোগ বিং।

উদাস, বি, পুং (উৎ-আস্-অল্) ঔদাস্য। বৈরাগ্য। বিণ,-সীন।

উদাসী, বিণ (উদাস+ইন্) সংসার বিরাগী।

উদাসীন, বিণ (উৎ-আস্-কর্ত্তৃ-শান) সংসারত্যাগী। বি, ঔদাসীন্য।

উদাহরণ, বি, ক্লী (উৎ-আ-হৃ-ভাবে-অনট্) দৃষ্টান্ত। বিণ,-হৃত।

উদাহৃত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) দৃষ্টান্তরূপে উল্লিখিত।

উদিত, বিণ (উৎ-ই-কর্ত্তৃ-ক্ত) উত্থিত। প্রকাশিত। (ঐ-বদ্-কর্ম্ম-ক্ত) উক্ত, কথিত। বি,-দয়।

উদীচী, বি, স্ত্রী (উদচ্ [উত্তর] +ঈপ্) উত্তরদিক্।

উদীচীন, (উদীচী+নীন্) উদীচ্য, (ঐ+ষ্য) বিণ; উত্তরদিক্ সম্বন্ধীয়।

উডুম্বর, বি, পুং; যজ্ঞডুমুর গাছ। ক্লী; তাহার ফল।

উদূখল, বি, ক্লী (উৎ-খ-লা-ড) ধান্যাদি কণ্ডনার্থ কাষ্ঠনির্ম্মিত পাত্র বিং, উখলি।

উদ্গত, বিণ (উৎ-গম্-কর্ত্তৃ-ক্ত) উৎপন্ন। উত্থিত। বি,-দ্গম।

উদ্গম, বি, পুং (ঐ-ভাবে-অল্) উৎপত্তি। উঠা। বিণ,-দ্গত।

উদ্গার, বি, পুং (উৎ-গৄ ভাবে-ঘঞ্) উদ্গিরণ, বি, ক্লী (ঐ-অনট্) বমন। উচ্চারণ। ঢেকুর। বিণ, উদ্গীর্ণ।

উদ্গীর্ণ, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) বমিত। উচ্চারিত। নির্গত।

উদ্‌ঘাটক, বিণ (উৎ-ঘাটি-ণক) যে উদ্‌ঘাটন করে। বি; কূপের জল তুলিবার যন্ত্র বিং। স্ত্রী, -টিকা।

উদ্‌ঘাটন, বি, ক্লী (ঐ-অনট্) উন্মোচন, খোলা।

উদ্‌ঘাটিত, বিণ (ঐ-ক্ত) উন্মোচিত। প্রকাশিত।

উদ্‌ঘোষণ, বি, ক্লী (উৎ-ঘুষ্-অনট) সাধারণ্যে প্রচার। বিণ,-ষিত।

উদ্দাম, বিণ (উৎ+দামন) বন্ধন রহিত। উৎকট।

উদ্দিষ্ট, বিণ (উৎ-দিশ্-কর্ম্ম-ক্ত) অভিপ্রেত। উপদিষ্ট। বি,-দ্দেশ।

উদ্দীপক, বিণ (উৎ দীপি-কর্ত্তৃ-

ণক ) যে উদ্দীপন করে। স্ত্রী, -পিকা।

উদ্দীপন(না), বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্ ) উত্তেজন। প্রজ্বলন। প্রবল করণ। বিণ,-পিত, -দীপ্ত।

উদ্দীপিত, বিণ ( ঐ-কর্ম্ম ক্ত ) উত্তেজিত। প্রজ্বলিত। বর্দ্ধিত। বি,-পন।

উদ্দীপ্ত বিণ ( ঐ-কর্ত্তৃ-ক্ত ) প্রদীপ্ত। প্রজ্বলিত।

উদ্দেশ, বি. পুং, ( উৎ দিশ্-ভাবে-অল্ ) অভিপ্রায়। অনুসন্ধান। বিণ,-দিষ্ট।

উদ্দেশ্য, বি, ক্লী ( ঐ-কর্ম্ম-ঘ্যণ্ ) অভিপ্রায়। তাৎপর্য্য। বিণ; অভিপ্রেত। লক্ষ্য।

উদ্ধত, বিণ ( উৎ-হন-কর্ত্তৃ-ক্ত ) অবিনীত। অহঙ্কত। বি,-ঔদ্ধত্য।

উদ্ধব, বি, পুং ( উৎ-ধু-অল্ ) শ্রীকৃষ্ণের সখা। উৎসব।

উদ্ধার, বি, পুং ( উৎ-হৃ-ভাবে-ঘঞ্ ) মোচন, মুক্তি। উত্তোলন। বিণ,-দ্ধৃত।

উদ্ধূত, বিণ ( উৎ-ধূ-কর্ত্তৃ-ক্ত ) উৎপাটিত। উৎকম্পিত। উৎক্ষিপ্ত।

উদ্ধৃত, বিণ ( উৎ-ধৃ-কর্ম্ম-ক্ত ) উত্তোলিত। ( ঐ-হৃ-ক্ত ) মোচিত। বি,-দ্ধার।

উদ্ভট, বিণ ( উৎ-ভট্-অন্ ) প্রসিদ্ধ। উৎকৃষ্ট। গ্রন্থবহির্ভূত।

উদ্ভব, বি, পুং ( ঐ-ভূ-ভাবে-অল্ ) উৎপত্তি। বিণ ( ঐ-কর্ত্তৃ-অন্ ) উৎপন্ন।

উদ্ভাবন, বি, ক্লী (ঐ-ভাবি-ভাবে-অনট্ ) কল্পনা। অজ্ঞাত বিষয় প্রকাশ করণ।

উদ্ভাবিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) কল্পিত। উৎপাদিত।

উদ্ভাসিত, বিণ ( উৎ-ভাস্-কর্ত্তৃ-ক্ত ) দীপ্তিযুক্ত। শোভিত। বি,-দ্ভাস।

উদ্ভিজ্জ, ( উদ্ভিদ্-জন্-কর্ত্তৃ-ড )
উদ্ভিদ্, ( উৎ-ভিদ্-কর্ত্তৃ-ক্বিপ্ )
উদ্ভিদ, ( ঐ-অন্ ) বিণ; যাহা মৃত্তিকা ভেদ করিয়া জন্মে, তরুলতা গুল্মাদি। ( বিশেষ্য-রূপেও ব্যবহৃত হয় )।

উদ্ভিন্ন, বিণ ( উৎ-ভিদ্-ক্ত ) উৎপন্ন। উত্থিত।

উদ্ভূত, বিণ ( ঐ-ভূ-ক্ত) উৎপন্ন, জাত। বি,-দ্ভব।

উদ্ভেদ, বি, পুং ( ঐ-ভিদ্-ঘঞ্ ) উদ্গম। উৎপত্তি।

উদ্ভ্রান্ত, বিণ ( ঐ-ভ্রম্-ক্ত ) ভ্রান্ত। হতবুদ্ধি। আঘূর্ণিত। বি,-ভ্রম।

উদ্যত, বিণ ( উৎ-যম্-কর্ত্তৃ-ক্ত ) প্রবৃত্ত। উদ্যুক্ত। উত্থিত।

উদ্যম, বি, পুং ( ঐ-ভাবে-অল্ ) উৎসাহ। উদ্যোগ। বিণ,-স্থত।

উদ্যান, বি, ক্লী ( উৎ-যা-আধি-অনট্ ) উপবন, বাগান।

উদ্যানপাল, বি, পুং; উদ্যান রক্ষক, মালী। ৬ষ্ঠীতৎ। স্ত্রী,-লিকা।

উদ্‌যাপন, বি, ক্লী ( উৎ-যাপি-ভাবে-অনট্ ) আরব্ধ ব্রতাদির সমাপন।

উদ্‌যাপিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত সমাপিত।

উদ্‌যুক্ত, বিণ ( উৎ-যুজ্-কর্ত্তৃ-ক্ত ) উৎসাহিত। প্রবৃত্ত।

উদ্‌যোগ, বি, পুং ( ঐ-ভাবে-ঘঞ্ ) উৎসাহ। যত্ন, চেষ্টা।

উদ্‌যোগী. বিণ ( উদ্‌যোগ + ইন্, অস্ত্যর্থে ) উৎসাহী। যত্নশীল। স্ত্রী,-গিনী।

উদ্রিক্ত, বিণ ( উৎ-রিচ্-কর্ম্ম-ক্ত ) উত্তেজিত। অতিশয়িত। বি,-দ্রেক।

উদ্রেক, বি, পুং ( ঐ-ভাবে-ঘঞ্ ) উদয়। উত্তেজন। আধিক্য। বিণ,-দ্রিক্ত।

উদ্বন্ধন, বি, ক্লী (উৎ-বন্ধ্-ভাবে-অনট্ ) ফাঁসী দেওন, গলায় দড়ি দেওয়া।

উদ্বর্ত্ত, বি, পুং ( ঐ-বৃত্-অল্ ) আধিক্য। বিণ,-দ্বৃত্ত।

উদ্বাহ, বি, পুং ( উৎ-বহ্-ভাবে-ঘঞ্ ) পরিণয়, বিবাহ।

উদ্বিগ্ন, বিণ ( উৎ-বিজ্-কর্ত্তৃ-ক্ত ) চিন্তিত, উৎকণ্ঠিত।

উদ্বিড়াল, বি, পুং; ভূচর ও জলচর জন্তু বিং, জলমার্জ্জার।

উদ্বুদ্ধ, বিণ ( উৎ-বুধ্-কর্ত্তৃ-ক্ত ) জাগরিত। বিকসিত।

উদ্বৃত্ত, বিণ ( ঐ-বৃত্-কর্ত্তৃ-ক্ত ) অতিরিক্ত, ব্যয়াবশিষ্ট।

উদ্বেগ, বি, পুং ( ঐ-বিজ্-ভাবে-ঘঞ্ ) উৎকণ্ঠা। চাঞ্চল্য।

উদ্বেজিত, বিণ ( ঐ-বেজি-কর্ম্ম-ক্ত ) ক্লেশিত। উত্ত্যক্ত।

উদ্বেল, বিণ; কূলাতিক্রান্ত। উচ্ছলিত। বেলাকে উৎ ( অতিক্রান্ত ), অব্যয়ী।

উদ্বোধ, বি, পুং ( উৎ-বুধ্-অল্ ) জাগরণ। বিস্মৃত বিষয়ের হঠাৎ স্মরণ। কিঞ্চিৎ বোধ।

"তদায় অমানুষী ক্ষমতার উদ্‌বোধ হয় না।" ( রজনী গুপ্ত )

উদ্বোধন, বি, ক্লী ( ঐ-বোধি-অনট্ ) বোধোৎপাদন, জ্ঞাপন।

উধার, ( প্রা ) বি; ধার, কর্জ্জ।

উনন, উনান, ( প্রা ) বি; চুল্লী, আখা।

উনি, ( প্রা ) সর্ব্ব; ঐ ব্যক্তি।

উম্বুই, ( প্রা ) বি; ঝরণা। ফোয়ারা।

**উন্দুর, উন্দুরু,** বি, পুং ( উন্দ্-উর, উরু ) মূষিক।

**উন্নত,** বিণ ( উৎ-নম্-কর্ত্তৃ-ক্ত ) উচ্চ। গৌরবান্বিত। বি,-তি।

**উন্নতানত,** বিণ (উন্নত+আনত) উচ্চ-নীচ, বন্ধুর।

**উন্নতি,** বি, স্ত্রী ( উৎ-নম্-ভাবে-ক্তি) শ্রীবৃদ্ধি। উচ্চতা। গৌরব।

**উন্নমন,** বি, ক্লী (ঐ-নমি-অনট্ ) উত্তোলন, উঠান।

**উন্নমিত,** বিণ (ঐ-ক্ত) উত্তোলিত।

**উন্নয়ন,** বি, ক্লী ( উৎ-নী-অনট্ ) উত্তোলন। অনুমান।

**উন্নিদ্র,** বিণ ( উৎ+নিদ্রা ) নিদ্রাহীন। প্রফুল্ল।

**উন্নীত,** বিণ ( উৎ-নী-ক্ত ) উন্নতি প্রাপ্ত।

**উন্মগ্ন,** বিণ ( উৎ-মস্‌জ-কর্ত্তৃ-ক্ত ) জলাদি হইতে উত্থিত।

**উন্মজ্জন,** বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) জলাদি হইতে উত্থান।

**উন্মত্ত,** বিণ ( উৎ-মদ্-কর্ত্তৃ-ক্ত ) উন্মাদগ্রস্ত, পাগল। বাহ্যজ্ঞান শূন্য। বি,-ত্ততা।

**উন্মনাঃ** (নস্), বিণ ; উৎকণ্ঠিত। অন্যমনস্ক। উৎ ( উৎকণ্ঠিত ) হইয়াছে মনঃ যাহার, বহু।

**উন্মাদ,** বি, পুং ( উৎ-মদ্-ঘঞ্ ) বায়ুরোগ। বুদ্ধিভ্রংশ।

**উন্মাদিনী,** বিণ ; উন্মাদযুক্তা, উন্মত্তা।

**উন্মার্গ,** বি, পুং ( উৎ=অসৎ+মার্গ=পথ ) অসৎপথ। কর্ম্মধা। বিণ ; কুপথগামী। বহুব্রী।

**উন্মার্গগামী,** বিণ ( উন্মার্গ-গম্-কর্ত্তৃ-ণিন্ ) কুপথগামী, ভ্রষ্টাচারী। স্ত্রী,-মিনী।

**উন্মিষিত,** বিণ ( উৎ-মিষ্-কর্ত্তৃ-ক্ত ) বিকসিত। বি, উন্মেষ।

**উন্মীলন,** বি, ক্লী ( উৎ-মীল-ভাবে-অনট্ ) বিকাস। (চক্ষু) খোলা। বিণ,-লিত।

**উন্মীলিত,** বিণ ( ঐ-কর্ত্তৃ-ক্ত ) বিকসিত। বি,-লন।

**উন্মুক্ত,** বিণ ( ঐ-মুচ্-কর্ম্ম-ক্ত ) মুক্ত, যাহা খুলিয়া গিয়াছে। বি,-ন্মোচন।

**উন্মুখ,** বিণ ( উৎ+মুখ ) ঊর্দ্ধমুখ। উৎসুক। স্ত্রী,-খী।

**উন্মূলন,** বি, ক্লী ( উৎ-মূলি-অনট্ ) উৎপাটন। বিণ,-লিত।

**উন্মূলিত,** বিণ ( ঐ-ক্ত ) উৎপাটিত। বিনাশিত।

**উন্মেষ,** বি, পুং ( উৎ-মিষ্-ভাবে-অল্) বিকাশ। বিণ,-ন্মিষিত।

**উন্মোচন,** বি, ক্লী ( উৎ-মুচ্-ভাবে-অনট্ ) খুলিয়া দেওয়া। বিণ,-মুক্ত।

**উন্মোচিত,** বিণ ( ঐ-মোচি-কর্ম্ম-ক্ত ) মুক্ত। বি,-ন্মোচন।

উপ,ব্য ; সমীপ। সদৃশ। উপরি। হীন। প্রতিনিধি। পশ্চাৎ।

উপকণ্ঠ, বিণ ; সমীপ। বি, ক্লী ; গ্রামান্ত।

উপকথা,বি, স্ত্রী ; গল্প,উপন্যাস।

উপকরণ, বি, ক্লী (উপ-কৃ-অনট্) সামগ্রী, আনুষঙ্গিক দ্রব্য, যথা—ভোজনে ব্যঞ্জনাদি, পূজাতে পুষ্পাদি।

উপকার, বি,পুং (ঐ-ঘঞ্) হিত। সাহায্য। ফল। বিণ,-কৃত

উপকারক, বিণ (ঐ-ণক) যে উপকার করে। স্ত্রী,-রিকা।

উপকারী, বিণ (ঐ-ণিন্) উপকারক। হিতকারী। স্ত্রী,-রিণী। বি,-রিতা।

উপকূল, বি, ক্লী (উপ=সমীপ +কূল) বেলাভূমি। সমুদ্রতীরবর্ত্তী ভূভাগ।

উপকৃত, বিণ (উপ-কৃ-ক্ত) উপকার প্রাপ্ত। বি,-কার, -কৃতি।

উপকৃতি, বি, স্ত্রী (ঐ-ক্তি) উপকার।

উপক্রম, বি, পুং (উপ-ক্রম্-ভাবে-অল্) আরম্ভ। উদ্যম। বিণ,-ক্রান্ত।

উপক্রমণিকা, বি, স্ত্রী (উপক্রমণ +কন্) ভূমিকা. প্রথম সূত্রপাত।

উপক্রান্ত, বিণ (উপ-ক্রম্-কর্ম্ম-ক্ত) আরব্ধ। বি,-ক্রম।

উপক্রোশ, বি,পুং(উপ-ক্রুশ্-অল্) নিন্দা।

উপগত, বিণ (ঐ-গম্-ক্ত) স্বীকৃত। প্রাপ্ত। উপস্থিত।

উপগম, বি, পুং (ঐ-গম্-অল্) স্বীকার। প্রাপ্তি। জ্ঞান। উপস্থিতি।

উপগূঢ়, বিণ (ঐ-গুহ্-ক্ত) গুপ্ত। আলিঙ্গিত।

উপগ্রহ, বি, পুং ; প্রধান গ্রহের চতুর্দ্দিকে ভ্রমণকারী ক্ষুদ্র গ্রহ। যেমন, চন্দ্র পৃথিবীর উপগ্রহ।

উপচয়, বি, পুং (উপ-চি-ভাবে-অল্) উন্নতি। বৃদ্ধি। সংগ্রহ। সমূহ। (জ্যোতিষে) লগ্ন হইতে ৩য়, ৬ষ্ঠ, ১০ম ও ১১শ স্থান। বিণ,-চিত।

উপচর্য্যা, বি,স্ত্রী (ঐ-চর্-ভাবে-ক্যপ্) সেবা। চিকিৎসা।

উপচার, বি, পুং (ঐ-ভাবে-ঘঞ্) উপকরণ। সেবা। চিকিৎসা। মিথ্যা। বিণ,-চরিত।

উপচিকীর্ষা, বি, স্ত্রী (উপ-কৃ-সন্-ভাবে-অ) উপকার করিবার ইচ্ছা। বিণ,-র্ষু

উপচিকীর্ষু, বিণ (ঐ কর্ত্তৃ-উ) উপকার করিতে ইচ্ছুক। বি,-র্ষা।

**উপচিত,** বিণ ( উপ-চি-কর্ম্ম-ক্ত) বৃদ্ধিপ্রাপ্ত। সঞ্চিত। বি,-চয়।
**উপচীয়মান,** বিণ ( ঐ-কর্ত্তৃ-শান) বর্দ্ধনশীল। সঞ্চীয়মান।
**উপজ,** ( প্রা,পদ্যে ) ক্রি ; উৎপন্ন হওয়া। উপজে,উপজিল ইত্যাদি।
**উপজ,** বিণ ; অনুজ, কনিষ্ঠ।
**উপজাপ,** বি, পুং ( উপ-জপ্-ঘঞ্ ) বিরোধ ঘটান, বিচ্ছেদ।
**উপজীবিকা,** বি, স্ত্রী (উপ-জীব্-করণ-ণক+আপ্ ) জীবনোপায়, বৃত্তি।
**উপজীবী,** বিণ ( ঐ-কর্ত্তৃ-ণিন্ ) আশ্রিত। স্ত্রী,-বিনী।
**উপজীব্য,** বিণ ( ঐ-কর্ম্ম-ঘ্যণ্ ) অবলম্বনীয়, আশ্রয়।
**উপজোষম্,** ব্য ( উপ-জুষ্-অম্ ) আনন্দ। মৌনাবলম্বন।
**উপজ্ঞা,** বি, স্ত্রী ( উপ-জ্ঞা-ভাবে-ঙ+আপ্ ) প্রথম জ্ঞান, উপদেশ ব্যতিরেকে জ্ঞান।
**উপঢৌকন,** বি, ক্লী (উপ-ঢৌক্-করণ-অনট্ ) উপহার, ভেট।
**উপতাপ,** বি,পুং উপ-তপ্-ঘঞ্ ) সন্তাপ। দুঃখ। পীড়া। বিণ, -তপ্ত।
**উপত্যকা,** বি,স্ত্রী (উপ+ত্যকন্) পর্ব্বতের নিকটস্থ ভূমি।
**উপদংশ,** বি, পুং ( উপ-দন্‌শ-অল্ ) গরমিরোগ। মদ্যপায়ীদের চাট্‌নি।
**উপদিষ্ট,** বিণ (উপ-দিশ্-কর্ম্ম-ক্ত) উপদেশপ্রাপ্ত। আদিষ্ট। কথিত। বি,-দেশ।
**উপদেবতা,**বি,স্ত্রী; ভূত প্রেতাদি।
**উপদেশ** বি, পুং ( উপ-দিশ্-ভাবে-অল্ ) শিক্ষাবাক্য। শিক্ষাদান। সৎপরামর্শ দান। মন্ত্রদান। আদেশ।
**উপদেশ্য,** উপদেষ্টব্য, বিণ ( ঐ-কর্ম্ম-য, তব্য ) উপদেশ দিবার যোগ্য।
**উপদেষ্টা** ( ষ্টৃ ), বিণ ( ঐ-কর্ত্তৃ-তৃন্ ) উপদেশকারী, শিক্ষক। স্ত্রী,-ষ্ট্রী।
**উপদ্রব,** বি, পুং ( উপ-দ্রু-অল্ ) অত্যাচার,দৌরাত্ম্য। বিণ,-দ্রুত।
**উপদ্রুত,**বিণ(ঐ-ক্ত)উৎপাতগ্রস্ত।
**উপদ্বীপ,** বি, পুং, ক্লী ; যে ভূমির প্রায় চতুর্দ্দিকে জল, ক্ষুদ্রদ্বীপ।
**উপধা,** বি, স্ত্রী ; ( ব্যাকরণে ) অন্ত্যবর্ণের পূর্ব্ব বর্ণ।
**উপধান,** বি, ক্লী ( উপ-ধা-অধি-অনট্ ) শিরোধান, বালিশ।
**উপধায়ক,** বিণ ( উপ-ধা-ণক্ ) উৎপাদক, জনক। উপযোগী। স্ত্রী,-য়িকা।
**উপধি,** বি, পুং ( ঐ-কি ) ছল, কপটতা। রথচক্র।

**উপনয়ন**, বি, ক্লী (উপ-নী-ভাবে-অনট্) যজ্ঞসূত্রধারণ সংস্কার বিং। বিণ,-নীত।

**উপনিবেশ**, বি, পুং (উপ-নি-বিশ্-অধি-অল্) কৃষি-বাণিজ্যাদির নিমিত্ত যে দূরদেশে বসতি স্থাপন করা যায়।

**উপনিষদ্**, বি, স্ত্রী (উপ-নি-সদ্-করণ-কিপ্) যাহাদ্বারা ব্রহ্ম ও আত্মার অভিন্ন ভাব হয়, বেদান্তশাস্ত্র।

**উপনীত**, বিণ (উপ-নী-ক্ত) উপস্থিত। যাহার উপনয়ন-সংস্কার হইয়াছে।

**উপনেত্র**, বি, ক্লী (উপ [সদৃশ] +নেত্র) চশমা।

**উপন্যাস**, বি, পুং (উপ-নি-অস্-ঘঞ্) উপকথা। বাক্যারম্ভ।

**উপপতি**, বি, পুং; অধর্ম্মপতি, জার।

**উপপত্তি**, বি, স্ত্রী (উপ-পদ্-ক্তি) উৎপত্তি। যুক্তি। সিদ্ধি। সঙ্গতি। সিদ্ধান্ত।

"সে বিষয়ে একটা যৌক্তিক উপপত্তি করিবার সময় হইয়া থাকিলেও" (নিভৃতচিন্তা)।

**উপপত্নী**, বি, স্ত্রী; অধর্ম্ম পত্নী, রক্ষিতা স্ত্রী।

**উপপদ**, বি, ক্লী; পদের নিকটস্থ পদ। পূর্ব্বপদ। উপাধি।

**উপপন্ন**, বিণ (উপ-পদ্-ক্ত) যুক্তি যুক্ত। প্রমাণিত। সিদ্ধ।

**উপপাতক**, বি, ক্লী; গোবধাদি পাপ বিং।

**উপপাদক**, বিণ (উপ-পাদি-ণক) নির্ব্বাহক। মীমাংসক। স্ত্রী, -দিকা

**উপপাদন**, বি, ক্লী (ঐ-অনট্) সম্পাদন। মীমাংসা।

**উপপাদিত**, বিণ (ঐ-ক্ত) সম্পাদিত। মীমাংসিত।

**উপপাদ্য**, বিণ (ঐ-য) মীমাংসা-যোগ্য। সম্পাদ্য।

**উপপুরাণ**, বি, ক্লী; অষ্টাদশ ক্ষুদ্র পুরাণ।

**উপপ্লব**, বি, পুং (উপ-প্লু-অল্) উল্কাপাতাদি উপদ্রব। চন্দ্র-সূর্য্যের গ্রহণ। প্রভুশক্তির প্রতিকূলে প্রজাবর্গের অভ্যুত্থান। বিপদ্। বিণ,-প্লুত।

**উপপ্লুত**, বিণ (ঐ-ক্ত) উপদ্রুত। বিপদ্গ্রস্ত। রাহুগ্রস্ত। বি,-প্লব।

**উপভুক্ত**, বিণ (উপ-ভুজ্-ক্ত) যাহার উপভোগ করা গিয়াছে, ভক্ষিত।

**উপভোগ**, বি, পুং (উপ-ভুজ্-ভাবে-ঘঞ্) সুখাদি ভোগ। ব্যবহার। বিণ,-ভুক্ত।

**উপভোগ্য**, বিণ (ঐ-কর্ম্ম-ঘ্যণ্) উপভোগের যোগ্য।

**উপমা**, বি, স্ত্রী (উপ-মা-ভাবে-ঙ) তুলনা, সাদৃশ্য।

**উপমাতা**, (তৃ) (উপ-মা-কর্ত্তৃ-তৃন্) যে উপমা দেয়। বি, স্ত্রী (উপ=সদৃশ+মাতা) ধাত্রী। মাতৃতুল্যা।

উপমাতা ছয় প্রকার ; যথা—
মাতৃঃস্বসা মাতুলানী
পিতৃব্যস্ত্রী পিতৃস্বসা।
শ্বশ্রূঃ পূর্ব্বজপত্নী চ
মাতৃতুল্যাঃপ্রকীর্ত্তিতাঃ॥ স্মৃতিঃ।

**উপমান**, বি, ক্লী (ঐ-করণ-অনট্) যাহার সহিত উপমা দেওয়া যায়।

**উপমিত**, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) অন্যের সহিত যাহার তুলনা করা গিয়াছে।

**উপমিতি**, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) উপমা। সাদৃশ্যজ্ঞান।

**উপমেয়**, বিণ (ঐ-কর্ম্ম-য) যার উপমা দেওয়া যায়।

**উপযাচক**, (উপ-যাচ্-কর্ত্তৃ-ণক্) যে নিজে কাহারও নিকট প্রার্থনা করে। স্ত্রী,-চিকা।

**উপযাচিত**, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) প্রার্থিত।

**উপযুক্ত**, বিণ (উপ-যুজ্-কর্ত্তৃ-ক্ত) ন্যায্য, যোগ্য। বি,-তা।

**উপযোগ**, বি, পুং (ঐ-ভাবে-ঘঞ্) উপযোগিতা। ভোজন।

**উপযোগিতা**, বি, স্ত্রী (উপযোগিন্+তা, ভাবার্থে) কার্য্যকারিতা। উপযুক্ততা।

**উপযোগী**, বিণ (উপ-যুজ্-কর্ত্তৃ-ঘিন্) উপযুক্ত, যোগ্য। বি,-গিতা। স্ত্রী,-গিনী।

**উপরত**, বিণ (উপ-রম্-ক্ত) নিবৃত্ত। মৃত।

**উপরতি**, বি, স্ত্রী (ঐ-ক্তি) নিবৃত্তি। মৃত্যু। বৈরাগ্য।

**উপরাগ**, বি, পুং (উপ-রন্জ-ঘঞ্) চন্দ্রসূর্য্যের গ্রহণ।

**উপরি**, ব্য (ঊর্দ্ধ+রি) ঊর্দ্ধে, উপরে।

**উপরিতন**, বিণ (উপরি+তন) উপরিস্থ।

**উপরুদ্ধ**, বিণ (উপ-রুধ্-ক্ত) অনুরুদ্ধ। প্রতিরুদ্ধ। বি,-রোধ।

**উপরোধ**, বি, পুং (ঐ-অল্) অনুরোধ। প্রতিবন্ধ।

**উপর্য্যুপরি**, ব্য ; উপরি উপরি।

**উপল**, বি, পুং (উপ-লা-কর্ত্তৃ-ড) প্রস্তর। রত্ন।

**উপলক্ষ**, বি, পুং (উপ-লক্ষ্-অল্) উদ্দেশ্য। অবলম্বন।

**উপলক্ষণ**, বি, ক্লী (ঐ-অনট্) লক্ষণাদ্বারা অধিকার্থবোধকশব্দ বিং। অনুমান।

**উপলক্ষিত**, বিণ (ঐ-ক্ত) অনুমিত। সূচিত। বিশিষ্ট।

**উপলব্ধ,** ( উপ-লভ্-কর্ম্ম-ক্ত ) অনুভূত। প্রাপ্ত। বি,-ব্ধি।

**উপলব্ধি,** বি স্ত্রী ( ঐ-ভাবে-ক্তি ) অনুভব। প্রাপ্তি। বিণ,-লব্ধ।

**উপলম্ভ,** বি, পুং (উপ-লভ্-ঘঞ্) উপলব্ধি, অনুভব।

**উপলা,** বি,স্ত্রী ; প্রস্তরময়ী ভূমি। শর্করা।

**উপবন,** বি, ক্লী ( উপ = সদৃশ + বন ) কৃত্রিম বন, উদ্যান।

**উপবাস,** বি, পুং (উপ-বস্-ভাবে-ঘঞ্) অনাহার।

**উপবাসী,** বিণ ( ঐ-কর্ত্তৃ-ণিন্ ) অনাহারী। স্ত্রী,-সিনী।

**উপবিষ্ট,** বি ( উপ-বিশ্ কর্ত্তৃ-ক্ত ) যে বসিয়াছে, আসীন। বি, -বেশন।

**উপবীত,** বি, ক্লী ( উপ-বী-কর্ত্তৃ-ক্ত ) যজ্ঞসূত্র, পৈতা।

**উপবেদ,** বি, পুং ; আয়ুর্ব্বেদ, ধনুর্ব্বেদ, গান্ধর্ব্ববেদ ও স্থাপত্য বেদ।

**উপবেশন,** বি, ক্লী ( উপ-বিশ্-ভাবে-অনট্ ) আসন গ্রহণ, বসা। বিণ,-বিষ্ট।

**উপশম,** বি,পুং ( উপ-শম্-ভাবে-অল্ ) শান্তি, নিবৃত্তি। বিণ,-মিত,-শান্ত।

**উপশমিত,** বিণ ; যাহার উপশম হইয়াছে, নিবৃত্ত।

**উপশান্ত,** বিণ ( উপ-শম্-ক্ত ) উপশমপ্রাপ্ত, নিবৃত্ত।

**উপশল্য,** বি, ক্লী ; গ্রামের প্রান্ত ভাগ।

**উপষ্টম্ভ,** বি, পুং ( উপ স্তন্ভ-ভাবে-অল্ ) আরম্ভ। উপলক্ষ, নিমিত্ত। স্তম্ভন।

**উপসংহার,** বি, পুং ( উপ-সম-হৃ-ভাবে-ঘঞ্ ) সমাপন। বিণ, -হৃত।

**উপসর্গ,** বি,পুং (উপ-সৃজ্-ঘঞ্) উপদ্রব। বিঘ্ন। রোগবিকার। ( ব্যাকরণে ) প্র, পরা প্রভৃতি অব্যয়।

**উপসর্পণ,** বি, ক্লী ( উপ-সৃপ্-অনট্ ) উপাসনা। অনুগ্রহ লাভ প্রত্যাশায় অন্যের নিকট যাওয়া।

**উপসাগর,** বি, পুং ; যে সাগরাংশের প্রায় চতুর্দ্দিকে স্থল।

**উপস্থ,** বি, পুং ( উপ-স্থা-ড ) পুং চিহ্ন, শিশ্ন। স্ত্রীচিহ্ন, যোনি। ক্রোড়।

**উপস্থাপন,** বি, ক্লী ( উপ-স্থাপি-অনট্ ) উপস্থিত করা। বিণ, -পিত।

**উপস্থাপিত,** বিণ (ঐ-ক্ত) প্রস্তাবিত। আনীত।

**উপস্থিত,** বিণ ( উপ-স্থা-কর্ত্তৃ-ক্ত) আগত। বিদ্যমান। বি,-স্থিতি।

**উপস্থিতি**, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) আগমন। বিদ্যমানতা।

**উপস্বত্ব**, বি, ক্লী; ভূমি প্রভৃতি সম্পত্তি হইতে যাহা পাওয়া যায়, আয়।

**উপহত**, বিণ (উপ-হন্-ক্ত) আহত। অভিভূত।

**উপহসিত**, বিণ (উপ-হস্-ক্ত) যাহাকে উপহাস করা গিয়াছে। বি,-হাস।

**উপহার**, বি, পুং (উপ-হৃ-ঘঞ) উপঢৌকন।

**উপহাস**, (উপ-হস্-ঘঞ) পরিহাস, ঠাট্টা। বিণ,-হসিত।

**উপহাস্য**, বিণ (ঐ-ঘ্যণ্) উপহাসের যোগ্য।

**উপহৃত**, বিণ (ঐ-হৃ-ক্ত) যাহা উপহার দেওয়া হইয়াছে। দত্ত। আনীত।

**উপাংশু**, ব্য; নির্জ্জন। গোপনীয়রূপে।

**উপাংশুহত্যা**, বি,স্ত্রী; গুপ্তহত্যা, (assassination).

"তাহাদিগের মধ্যে সম্মুখ সংগ্রাম অপেক্ষা উপাংশুহত্যা অধিক প্রচলিত," (প্রভাতচিন্তা)।

**উপাংশুবাসী** (সিন্), বিণ; যে নির্জ্জন স্থানে বাস করে।

**উপাখ্যান**, বি, ক্লী (উপ-আ-খ্যা-অনট্) বৃত্তান্ত।

**উপাঙ্গ**, বি, ক্লী; অঙ্গের অঙ্গ, প্রত্যঙ্গ।

**উপাচার্য্য**, বি, পুং (উপ+আচার্য্য) সহকারী আচার্য্য।

**উপাত্ত**, বিণ (উপ-আ-দা-কর্ম্ম-ক্ত) গৃহীত। স্বীকৃত। প্রাপ্ত।

**উপাদান**, বি, ক্লী (ঐ-করণ-অনট্) মূলকারণ, যে বস্তুতে অন্য কোনও বস্তু প্রস্তুত হয়, সেই বস্তু তাহার উপাদান; যেমন,—ঘটের উপাদান মৃত্তিকা; বস্ত্রের উপাদান সূত্র। (ঐ-ভাবে) গ্রহণ।

**উপাদেয়**, বিণ (ঐ-কর্ম্ম-য) উৎকৃষ্ট। গ্রহণযোগ্য।

**উপাধান**, বি, ক্লী (উপ-আ-ধা-আধ-অনট্) শিরোধান, বালিশ।

**উপাধি**, বি, পুং (ঐ-করণ-কি) জাতি বংশ বিদ্যা প্রভৃতির পরিচায়ক শব্দ, পদবী। আধার। ধর্ম্মচিন্তা।

**উপাধ্যায়**, বি, পুং, (উপ-অধি-ই-অপা-ঘঞ) অধ্যাপক। স্ত্রী, -য়া,-য়ী [অধ্যাপিকা]. স্ত্রী, -য়ানী [উপাধ্যায়-পত্নী]।

**উপানৎ**, বি, স্ত্রী (উপ-আ-নহ্-ক্বিপ্) চর্ম্মপাদুকা, জুতা।

**উপানৎকার**, বি, পুং (উপানৎ-কৃ-কর্ত্তৃ-ষণ্) জুতা প্রস্তুতকারক।

উপান্ত, বি, পুং (উপ+অন্ত) নিকট। প্রান্ত। শেষ।
উপায়, বি, পুং (উপ-অয়্-ঘঞ্) সাম, দান, ভেদ, দণ্ড—রাজাদিগের এই চতুর্ব্বিধ সাধন। উপার্জ্জন। গতি।
উপায়ন, বি, ক্লী (ঐ-অনট্) উপঢৌকন, ভেট।
"বিবিধ বহু মুল্য উপায়ন দিয়া"
(রজনী গুপ্ত)।
উপার্জ্জন, বি, ক্লী (উপ-অর্জ্জি-ভাবে-অনট্) অর্থলাভ। সঞ্চয়। বিণ,-র্জ্জিত।
উপার্জ্জিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) অর্জ্জিত। সঞ্চিত।
উপালম্ভ, বি, পুং (উপ-আ-লভ্-অল্) তিরস্কার।
উপাসক, বিণ (উপ আস্-ণক) যে উপাসনা করে। স্ত্রা,-সিকা।
উপাসনা, বি, স্ত্রী (ঐ-অন) আরাধনা, সেবা।
উপাস্য, বিণ (ঐ-ঘ্যণ্) আরাধ্য।
উপেক্ষণীয়, বিণ (উপ-ঈক্ষ্-কর্ম্ম-অনীয়) অবহেলার যোগ্য।
উপেক্ষা, বি, স্ত্রী (ঐ-ভাবে-অ) অনাদর, তাচ্ছীল্য। বিণ,-ক্ষিত।
উপেক্ষিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) অনাদৃত, অবজ্ঞাত।
উপেত, বিণ (উপ-ই-ক্ত) সমীপাগত। যুক্ত, মিলিত।
"যদি ন্যায়োপেত হয়, তবে উহারও শেষ সাফল্য পরকালে।" (নিভৃতচিন্তা)
উপেন্দ্র, বি, পুং (উপ+ইন্দ্র) ইন্দ্রানুজ, বিষ্ণুর বামনাবতার।
উপোষ, বি, পুং (উপ-উষ্-ভাবে-অল্) উপবাস, অনাহার। বিণ,-ষিত। [অনাহারী।
উপোষিত, বিণ (উপ-বস্-কর্ত্তৃ-ক্ত)
উপ্ত, বিণ (বপ্-কর্ম্ম-ক্ত) যাহা বপন করা হইয়াছে। বি,-বপন, উপ্তি। [দুই।
উভ, বিণ (উভ্-অন্) উভয়,
উভচর, বিণ (উভ-চর্-টক্) যাহারা জলস্থল উভয় স্থানে বাস করে, যথা—হংস প্রভৃতি।
উভয়, বিণ (উভ+অয়ট্) দুই।
উভয়তঃ, ব্য (উভয়+তস্) দুইদিকে।
উভয়ত্র, ব্য (উভয়+ত্র, ৭মী স্থানে) দুই স্থানে।
উভয়থা, ব্য (উভয়+থা) দুই প্রকারে।
"উহা মনুষ্য ভক্তি হইতে প্রকৃতি ও গতি উভয়থাই পৃথক্।" (প্রভাত চিন্তা)।
উভরায়, (প্রা, পদ্যে) ক্রিবিণ; উচ্চৈস্বরে।
উমা, বি, স্ত্রী (উ+মা) শিবপত্নী, দুর্গা। 'উ'র (শিবের) মা (লক্ষ্মী), ৬ষ্ঠীতৎ। অথবা 'উ'

(অয়ি দুর্গে!) 'মা' (না, অর্থাৎ তপস্যা করিওনা), এই কথা মেনকা ভগবতীকে কহিয়াছিলেন, তজ্জন্য দুর্গার এক নাম "উমা" হইয়াছে।
উমেদার, (যা) বিণ; কর্ম্মপ্রার্থী।
উম্মী, (যা) বিণ; নির্ব্বোধ, বোকা।
উমেশ, বি, পুং (উমা+ঈশ) শিব।
উর, উরহ, (পদ্যে) ক্রি; আবির্ভূত হও।
উরঃ(স্), বি, ক্লী (ঋ-কর্ত্তৃ-অস্) বক্ষঃস্থল।
উরগ, উরঙ্গম, বি, পুং (উরস্-গম্-কর্ত্তৃ-ড) উরস্ (বক্ষঃ) দ্বারা গমন করে যে, সর্প।
উরগাশন, বি, পুং (উরগ+অশন) গরুড়। ময়ূর। নকুল।
উরশ্ছদ, বি, পুং (উরস্-ছাদি-অ) বর্ম্ম, সাঁজোয়া।
উরসিজ, বি, পুং (উরসি=বক্ষে-জন্-ড) কুচ, স্তন।
উরস্ত্রাণ, বি, ক্লী (উরস্+ত্রৈ-করণ-অনট্) বর্ম্ম, সাঁজোয়া।
উরু, বিণ (উর্ণু-কু) বড়, মহৎ।
উর্ণনাভ, বি, পুং; মাকড়সা। উর্ণা (সূত্র)নাভিতে যাহার,বহু।
উর্ণা, বি, স্ত্রী; (উর্ণ-অ) মেষাদি পশুর লোম।
উর্ব্বর, বিণ (উরু-ঋ-কর্ত্তৃ-অন্) যে স্থানে ভালরূপ শস্য জন্মে। স্ত্রী,-রা।
উর্ব্বশী, বি, স্ত্রী (উরু-বশ্-কর্ত্তৃ-অন্-ঈপ্) স্বর্গবেশ্যা বিং।
উর্ব্বী, বি, স্ত্রী, (উরু+ঈপ্) পৃথিবী।
উলঙ্গ, (প্রা) বিণ; বিবস্ত্র।
উলু, (প্রা) বি; স্ত্রীলোকের হুলুধ্বনি, জয়কার। তৃণ বিং।
উলূক, বি, পুং (বল-কর্ত্তৃ-উক) পেচক। উলুখড়। ইন্দ্র।
উলূখল, বি, ক্লী; ধান্যাদি কাঁড়াইবার কাষ্ঠ নির্ম্মিত পাত্র বিং, উদূখল।
উলূপী, বি, স্ত্রী; নাগকন্যা, অর্জ্জুন-পত্নী। পুং; শুশুক নামক জলজন্তু বিং।
উল্কা, বি, স্ত্রী (উষ্-কর্ত্তৃ-কক্, ষ=ল) আকাশ হইতে পতিত উজ্জ্বল পদার্থ। অগ্নি-শিখা।
উল্কামুখী, বি, স্ত্রী, যে শৃগালীর মুখে রাত্রিকালে উল্কার ন্যায় উজ্জ্বল পদার্থ দৃষ্ট হয়। আলেয়া।
উল্কি, (প্রা) বি; কপালের চিহ্ন বিং, গোদানী।
উল্টা, (প্রা) বিণ; বিপরীত।
উল্টান, (প্রা) বি; বিপরীতকরণ।
উল্লঙ্ঘন, বি, ক্লী (উৎ-লঙ্ঘ-ভাবে-অনট্) অতিক্রম। বিণ, -ঙ্ঘিত।

উল্লম্ফন, বি, ক্লী ( উৎ-লম্ফ-ভাবে-অনট্ ) লাফান।
উল্লসিত, বিণ (উৎ-লস্-কর্ত্তৃ-ক্ত) আহ্লাদিত। বি,-ল্লাস।
উল্লাস, বি, পুং ( ঐ-ভাবে-ঘঞ্ ) আহ্লাদ। গ্রন্থের পরিচ্ছেদ।
উল্লাসিত, বিণ ( উল্লাস+ইত ) আনন্দিত।
উল্লিখিত, বিণ ( উৎ-লিখ্-কর্ম্ম-ক্ত ) পূর্ব্বোক্ত, কথিত। উপরি লিখিত। চিত্রিত।
উল্লুণ্ঠন, বি, ক্লী ( উৎ-লুন্ঠ-অনট্ ) উলট্‌পালট্।
উল্লেখ, বি, পুং ( উৎ-লিখ্-ভাবে-অল্ ) কথন। খনন। বিণ, উল্লিখিত।
উল্বণ, বিণ ( উৎ-ল্বী-অন ) স্ফুট, ব্যক্ত। তীক্ষ্ণ। বি, ক্লী; রোগবিং।
উশনাঃ, ( নস্ ), বি, পুং ( বশ্-কর্ত্তৃ-অনস্ ) শুক্রাচার্য্য।
উশীর, বি, পুং, ক্লী ( বশ্-কর্ম্ম-ঈর ) বেণারমূল।
উষর্বুধ, বি, পুং ( উষস্ [প্রভাত] -বুধ্ [জানা]-অ ) যাহাকে প্রভাতের ন্যায় বোধ হয় অর্থাৎ যে প্রভাত সদৃশ রক্তবর্ণ, অগ্নি।
উষা, বি, স্ত্রী ( উষ্-কর্ত্তৃ-ক ) প্রভাত। অনিরুদ্ধ-পত্নী, বাণ রাজার কন্যা।
উষাকল, বি, পুং ( উষা-কল্-কর্ত্তৃ-অল্ ) কুক্কুট।
উষিত, বিণ ( উষ্-কর্ম্ম-ক্ত ) পর্য্যুষিত, বাসি। দগ্ধ। নিবিষ্ট।
উষ্ট্র, বি, পুং ( উষ্ [দগ্ধকৃ]-কর্ত্তৃ-ষ্ট্রন্ ) যে মরুভূমিতে দগ্ধ প্রায় হয়, উট। স্ত্রী,-ষ্ট্রী।
উষ্ণ, বি, পুং ( উষ্-ণক্ ) গ্রীষ্ম-কাল। বিণ; তপ্ত। বি,-তা,-ত্ব।
উষ্ণীষ, বি, পুং, ক্লী ( উষ্ণ=[ তাপ ]-ঈষ্=[ নাশ কৃ ]-কর্ত্তৃ-ক ) যে তাপ নষ্ট করে, শিরস্ত্রাণ, পাগড়ি। কিরীট।
উষ্ম, উষ্মা, বি, পুং ( উষ্-কর্ত্তৃ-মক্, মন্ ) উত্তাপ। গ্রীষ্মকাল।
উস্কান, (প্রা) বি; প্রদীপ্ত করণ।

"ম্লানভাবে কেরোসিন্ জ্বলিতেছিল, আমি তাহা উস্কাইয়া দিলাম" (রবীন্দ্র)

উহ্যমান, বিণ ( বহ্-কর্ম্ম-শান ) যাহাকে বহন করা যাইতেছে।

# ঊ।

ঊ, ৬ষ্ঠ স্বরবর্ণ। বি, পুং ; চন্দ্র। শিব।

ঊঢ়, বিণ ( বহ্-কর্ম্ম-ক্ত ) বিবাহিত। যাহা বহন করা হইয়াছে। স্ত্রী,-ঢ়া।

ঊন, বিণ ( ঊন্-কর্ত্তৃ-ক ) ন্যূন, কম। হীন।

ঊরু, বি, পুং ( ঊর্ণু-কর্ম্ম-কু ) জানুর উপরিভাগ, উরত।

ঊরুস্তম্ভ, বি, পুং উরুদেশে স্ফোটক বিং।

ঊর্জ্জঃ ( স্ ), বি, ক্লী ( ঊর্জ্জ-করণ-অস্ ) তেজ। বল।

ঊর্জ্জস্বল, ( ঊর্জ্জস্ + বল )
ঊর্জ্জস্বী, ( ঊর্জ্জস্ + বিন্ ) বিণ ; তেজস্বী। বলবান্। স্ত্রী,-লা,-স্বিনী।

ঊর্ণনাভ, ঊর্ণনাভি, বি, পুং ; মাকড়সা। ঊর্ণা (সূত্র) নাভিতে যাহার, বহু৷

ঊর্ণা, বি, স্ত্রী ( ঊর্ণু-কর্ত্তৃ-ড ) মেষাদির লোম, পশম।

ঊর্ণায়ু, বি, পুং ( ঊর্ণা + যু ) মেষলোম নির্ম্মিত কম্বল।

ঊর্দ্ধ,ঊর্দ্ধ,বিণ (উৎ-ধ্বন্-ড,হা-ড, উস্থানেঊর্ ) উচ্চ। উপরিস্থ।

ঊর্দ্ধগ,বিণ(ঊর্দ্ধ-গম্-ড)ঊর্দ্ধগামী।

ঊর্দ্ধতন, বিণ ( ঊর্দ্ধ + তন ) উপরিস্থ। স্ত্রী,-নী।

ঊর্দ্ধদৃষ্টি, বিণ ; ঊর্দ্ধদেশে দৃষ্টিক্ষেপকারী, ঊর্দ্ধনেত্র।

ঊর্দ্ধপুণ্ড্র, বি, পুং ; ললাটের লম্বা ফোটা।

ঊর্দ্ধরেতাঃ, বিণ ; শুক্র সংযমকারী। ঊর্দ্ধ,(ঊর্দ্ধগত)হইয়াছে রেতঃ ( শুক্র ) যাহার, বহু। শিব। ভীষ্ম। যোগী।

ঊর্দ্ধশ্বাসে, ক্রিবিণ ; হাঁপাইতে হাঁপাইতে।

ঊর্ম্মি, বি, পুং, স্ত্রী ( ঋ-কর্ত্তৃ-মি ) যে ঊর্দ্ধেগমন করে, ঢেউ, তরঙ্গ। স্রোত। (ঐ-ভাবে-মি) বেগ। দেহের ছয় প্রকার ধর্ম্ম, যথা—শোক, মোহ, জরা, মৃত্যু, ক্ষুধা,পিপাসা। [ষষ্ঠীতৎ।

ঊর্ম্মিমালা, বি, স্ত্রী ; তরঙ্গ সমূহ।

ঊর্ম্মিমালী, বি, পুং ঊর্ম্মিমালা + ইন্ , অস্ত্যর্থে ) সমুদ্র।

ঊর্ম্মিলা, বি,স্ত্রী ( ঊর্ম্মি-লা-কর্ত্তৃ-ড + আপ্ ) লক্ষ্মণ পত্নী, রাজর্ষি জনকের কন্যা। .

ঊর্ম্মিলাবিলাসী,বি, পুং ( ঊর্ম্মিলা + বিলাস + ইন্ ) লক্ষ্মণ।

ঊষর, বিণ ( ঊষ = ক্ষারমৃত্তিকা

+র,অস্ত্যর্থে ) ক্ষারময় (ভূমি)।

উষা, বি,স্ত্রী ( উষ্-কর্ত্তৃ-ক-আপ্ ) অরুণোদয়ের পূর্ব্বক্ষণ,প্রভাত। অনিরুদ্ধ পত্নী, বাণ রাজার কন্যা।

ঊহ, বি, পুং ( ঊহ্-ভাবে-অল্ ) তর্ক। অনুমান। অধ্যাহার।

উহ্য, বিণ ( ঐ-কর্ম্ম-ঘ্যণ্ ) বাক্য পূরণার্থ যে পদের উল্লেখ করিতে হয়।

---

# ঋ।

ঋ, সপ্তম স্বরবর্ণ। বি,পুং ; স্বর্গ। স্ত্রী ; অদিতি। ব্য ; নিন্দা। পরিহাস।

ঋক্ ( চ্ ) বি, স্ত্রী ( ঋচ্-করণ-ক্বিপ্ ) বেদ বিং।

ঋক্থ, বি, ক্লী( ঐ-কর্ম্ম-থক্ ) স্থাবর অস্থাবর সম্পত্তি। উত্তরাধিকার-সূত্রে লব্ধ সম্পত্তি।

ঋক্ষ, বি. পুং ( ঋষ্-কর্ত্তৃ-সক্, ষ্=ক্, স=ষ। ক্ষ=ক্ষ ) ভল্লূক। ক্লী ; নক্ষত্র।

ঋক্ষরাজ, ঋক্ষেশ, বি,পুং ; জাম্বুবান্। চন্দ্র। ষষ্ঠীতৎ।

ঋজু, বিণ ( ঋজ্-কর্ত্তৃ-কু ) সরল, সোজা। বি,-তা (ভাবার্থে তা)।

ঋণ, বি, পুং, ক্লী ( ঋ-কর্ত্তৃ-ক্ত ) কর্জ্জ, দেনা।

ঋণী, বিণ ( ঋণ+ইন্ ) ঋণগ্রস্ত।

ঋত বিণ ( ঋ-কর্ম্ম ক্ত ) পূজিত। পীড়িত।

ঋতু, বি, পুং ( ঋ-কর্ত্তৃ-তুক্ ) যে নিয়মানুসারে আগমন করে ও যায়, গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত, বসন্ত এই ছয় কাল। স্ত্রীরজঃ।

ঋতুমতী, বি স্ত্রী ( ঋতু+মতু+ ঈপ্ ) রজস্বলা, পুষ্পবতী।

ঋতুরাজ, বি, পুং ; বসন্ত কাল।

ঋত্বিক্, বি, পুং ( ঋতু-যজ্-কর্ত্তৃ-ক্বিপ্ ) পুরোহিত।

ঋদ্ধ, বিণ ( ঋধ্-কর্ত্তৃ-ক্ত ) সম্পত্তিশালী। বৃদ্ধিপ্রাপ্ত।

ঋদ্ধি, বি, স্ত্রী ( ঐ-করণ-ক্তি ) সম্পত্তি। বৃদ্ধি।

ঋষভ, বি, পুং (ঋষ্-কর্ত্তৃ-অভক্) বৃষ, ষাঁড়। ( শব্দের পরবর্ত্তী হইলে) শ্রেষ্ঠ অর্থ বুঝায়,যথা— দেবর্ষভ, পুরুষর্ষভ।

ঋষি, বি, পুং ( ঋষ্ বা দৃশ্-কর্ত্তৃ-ইক্ ) মুনি। যিনি সাংসা-

রিক সুখ ত্যাগ করিয়া জ্ঞান-পথে গমন করেন অথবা পরমার্থ বিষয়ে যিনি সম্পূর্ণ দৃষ্টি রাখেন। স্ত্রী,-ষী।

ঋষ্টি, বি, স্ত্রী (ঋষ্-ক্তি) গ্রহ-দোষ,অশুভ। [শ্বেতপাদ হরিণ।

ঋষ্য, বি, পুং (ঐ-কর্ম্ম-ক্যপ্)

ঋষ্যমূক, বি, পুং; পর্ব্বত বিং। এইখানে শ্রীরামচন্দ্র সুগ্রীবের সহিত কিছুদিন বাস করিয়া-ছিলেন। ঋষ্য (মৃগ) হয় মূক (বোবা) যে স্থানে, বহু; অর্থাৎ নির্ভয়ত্ব হেতু যেস্থানে মৃগেরা নীরব হইয়া থাকে।

# এ।

এ, একাদশ স্বরবর্ণ। বি, পুং; বিষ্ণু। স্ত্রী; পৃথিবী।

এক, বিণ (ই-কর্ত্তৃ-কন্) এক সংখ্যাবিশিষ্ট। কেবল। কোন। সমান। অদ্বিতীয়।

একক, বিণ (এক+কণ্) একাকী, একলা।

এককালীন, বিণ (এককাল+ঈন্) এক সময়ে যাহা ঘটে।

একগুঁয়া, বিণ; এক রোখা, অবাধ্য।

এক ঘরিয়া, বিণ; সমাজচ্যুত।

এক চক্র, বি, পুং; সূর্য্যের রথ।

একচক্রা, বি, স্ত্রী; নগরী বিং। বনবাসকালে পাণ্ডবেরা এই স্থানে কিছুদিন অবস্থিতি করিয়াছিলেন।

একচিত্ত, বিণ; অনন্যমনাঃ।

এক চেটিয়া, বিণ; যাহাতে অন্যের অধিকার নাই, একায়ত্ত।

একজাই, (প্রা) ব্য; বারবার।

একজাতীয়, বিণ; তুল্য,প্রকার।

একতন্ত্রী, বিণ; এক মতাবলম্বী। বাদ্যযন্ত্র বিং।

একতঃ, ব্য (এক+তস্) এক-দিকে। [মধ্যে এক।

একতম,বিণ(এক+তম)অনেকের

একতর, বিণ; দুয়ের মধ্যে এক।

একতা, বি, স্ত্রী (এক+তা, ভাবার্থে) মিলন, ঐক্য।

একতান, বি, পুং (এক+তান =স্বর,বিষয়) একস্বর, সমলয়। বিণ; একাগ্রচিত্ত।

একতাল, বি পুং; সমান তাল। অবিচ্ছিন্ন স্বর।

একতিল, (প্রা) বিণ; অতিসূক্ষ্ম।

একত্র, ব্য (এক+ত্র) একস্থানে। এক বিষয়ে।এক সঙ্গে।
একত্রিত, (প্রা) বিণ; একস্থানে স্থিত। মিলিত।
একদা, ব্য (এক+দা, কালার্থে) এক সময়ে। [অবয়ব।
একদেশ, বি, পুং; এক অংশ।
একধা, ব্য (এক+ধাচ্) এক প্রকার। [একাকী, একলা।
একল, বিণ (এক-লা-ড)
একশেষ, বি, পুং; চূড়ান্ত। দ্বন্দ্ব সমাস বিং।
একহারা, (প্রা) বিণ; কৃশ।
একা, বিণ; একক, একলা।
একাকী, বিণ (এক+আকিন্ অসহায়ার্থে)একলা।স্ত্রী,-কিনী।
একাগ্র, বিণ (এক+অগ্র= প্রধান) এক বিষয়ে আসক্ত। বি,-তা। [তা) একচিত্ততা।
একাগ্রতা, বি, স্ত্রী (একাগ্র+
একাত্মা (ত্মন্), বিণ (এক+ আত্মন্) অভিন্নহৃদয়,একপ্রাণ।
একাদশ, বিণ (এক+দশন্) এগার সংখ্যার পূরণ। ১১ সংখ্যা। স্ত্রী,-শী।
একাদিক্রমে, ক্রিবিণ; এক হইতে আরম্ভ করিয়া বরাবর, আনুপূর্ব্বিকরূপে।
একাধিপতি, বি, পুং; একমাত্র অধিপতি, সম্রাট্।
একাধিপত্য, বি, ক্লী (একাধিপতি+ষ্ণ্য) একমাত্র প্রভুত্ব।
একান্ত, বিণ; অত্যন্ত। নির্জ্জন।
একান্ন, বিণ (এক+অন্ন) এক পাকভুক্ত। ৫১ সংখ্যা।
একাবলী, বি, স্ত্রী (এক+ আবলী=শ্রেণী) একনর-মালা। ১১ অক্ষরচ্ছন্দো বিং।
একাহ, বি, পুং (এক+অহন্) এক দিন।
একাহারী, বিণ (একাহার+ ইন্) অহোরাত্রে একবার মাত্র ভোজনকারী।
একুন, (প্রা) বিণ; সর্ব্বশুদ্ধ, মোট। [এক একটী।
একৈক, বিণ (এক+এক)
একোদ্দিষ্ট, বি,ক্লী; এক ব্যক্তির উদ্দেশে বার্ষিক শ্রাদ্ধ।
একরার্, (যা) বি; প্রতিজ্ঞা।
একরারনামা,(যা) বি; প্রতিজ্ঞা-পত্র।
এক্ষণে, (প্রা) ব্য; এই সময়ে।
এখন,(প্রা) ব্য; অধুনা,সম্প্রতি।
এড়ান, (প্রা) বি; রক্ষা পাওন। পরিহার করা। দূরে থাকা। "আপনাকে আপনি এড়াইয়া থাকিতে চাহে," (নিভৃত চিন্তা।)
এণ, বি, পুং (ই-ণ) হরিণ। স্ত্রী,-ণী।
এতৎ, সর্ব্ব (ই-তদ্) এই,ইহা।

{ এতাদৃক্, (এতদ্-দৃশ্-কর্ম্ম-ক্বিপ্)
{ এতাদৃশ, (ঐ-টক্) বিণ ; এই প্রকার। স্ত্রী,-শী।
এতাবৎ, বিণ . ( এতদ্+বতু ) এতৎ পরিমিত। স্ত্রী,-তী।
এতাবতা, ব্য ; ইহাদ্বারা।
এতেক, ( প্রা, পদ্যে ) এরূপ। ইহা। এতাবৎ।
এত্তেলা, ( যা ) বি ; সংবাদ।
এমত, (প্রা) বিণ ; এরূপ, এই প্রকার।
এমারৎ, ( প্রা ) বি ; ইষ্টকাদি নির্ম্মিত বাটী।
এয়ো, বিণ ; সধবা ( স্ত্রী )।
এরণ্ড, বি, পুং ; ভেরাণ্ডা গাছ।
এলা, বি, স্ত্রী ( ইল-কর্ম্ম-অল্ ) এলাইচ লতা বা ফল।
এলাকা, (প্রা) বি ; অধিকার।
এলো, (প্রা) বিণ; আল্গা, শিথিল।
এলোকেশী, বি, স্ত্রী ; কালী।
এলোথেলো,(প্রা)বিণ ; অসংলগ্ন।
এব, ব্য ; সাদৃশ্য। নিশ্চয়। বাক্যপূরণ।
এবং(ম্), ব্য ( ই-বম্ ) এই প্রকার। নিশ্চয়। স্বীকার। প্রশ্ন। সংযোজক অব্যয়।
{ এবম্বিধ,(এবম্+বিধা=প্রকার)
{ এবম্ভূত, ( এবম্+ভূত=যে হইয়াছে ) বিণ ; এই প্রকার।
এবে, ( প্রা, পদ্যে ) এক্ষণে।
এষণ, বি, পুং, ( আ-ইষ্-অন্ ) লৌহময় বাণ। ক্লী ; অন্বেষণ।
এষণা, বি, স্ত্রী ; ইচ্ছা, বাঞ্ছা।
এস্রার, (প্রা) বি ; বাদ্যযন্ত্র বিং।

---

# ঐ।

ঐ, দ্বাদশ স্বরবর্ণ। বি, পুং ; শিব। নির্দ্দেশসূচক অব্যয়।
ঐক, বিণ ( এক+ষ্ণ ) একের ভাব।
ঐকতান, বি, ক্লী (একতান+ষ্ণ ) বাদ্য বিং, বিভিন্ন প্রকার বাদ্য-যন্ত্র সমন্বয়ে বাদিত হইলে তাহাকে ঐকতান বলে।
ঐকমত্য, বি, ক্লী (একমত+ষ্ণ্য) মতের ঐক্য, একমত হওয়া।
ঐকবাক্য, বি, ক্লী (এক বাক্য +ষ্ণ্য ) এক বাক্যতা, একমত অবলম্বন।
ঐকাগ্র্য, বি, ক্লী (একাগ্র+ষ্ণ্য) একাগ্রতা।
ঐকান্তিক,বিণ (একান্ত+ষ্ণিক)

দৃঢ়। প্রগাঢ়। নিশ্চিত। স্ত্রী,-কী।
ঐকাহিক, বিণ (এক + অহন্ = দিন + ষ্ণিক) একদিন সম্বন্ধীয়। যাহা একদিন অন্তর হয়। স্ত্রী,-কী।
ঐক্য, বি, ক্লী (এক + ষ্ণ্য) একতা, মিল। বিণ, এক।
ঐতিহাসিক, বিণ (ইতিহাস + ষ্ণিক) ইতিহাস সম্বন্ধীয়। ইতিহাস বেত্তা।
ঐতিহ্য, বি, ক্লী (ইতিহ + ষ্ণ্য) পরম্পরাগত উপদেশ বাক্য।
ঐন্দ্র, বি, পুং (ইন্দ্র + ষ্ণ) ইন্দ্র-পুত্র। ইন্দ্র সম্বন্ধীয়। স্ত্রী,-ন্দ্রী।
ঐন্দ্রজালিক, বিণ (ইন্দ্রজাল + ষ্ণিক) বাজীকর, কুহকী। স্ত্রী,-কী।
ঐরাবত, বি, পুং (ইরাবৎ [সমুদ্র] + ষ্ণ, ভবার্থে) ইন্দ্রহস্তী; মন্থন কালে সমুদ্র হইতে উত্থিত হইয়াছিল বলিয়া ঐরাবত নাম।
ঐশ, (ঈশ + ষ্ণ)
ঐশিক, (ঈশ + ষ্ণিক) } বিণ;
ঐশ্বর (ঈশ্বর + ষ্ণ) ঈশ্বর সম্বন্ধীয়। স্ত্রী,-শী,-কী,-রী।
ঐশী, বিণ; ঈশ্বরসম্বন্ধিনী। ঐশ দেখ।
ঐশ্বর্য্য, বি, ক্লী (ঈশ্বর + ষ্ণ্য, ভাবার্থে) ধন, সম্পত্তি। প্রভুত্ব। অণিমাদি অষ্ট শক্তি; যথা—

> "অণিমা লঘিমা প্রাপ্তিঃ
> প্রাকাম্যং মহিমা তথা।
> ঈশিত্বঞ্চ বশিত্বঞ্চ
> তথা কামাবসায়িতা।"

ঐশীক, বিণ (ইশীকা + ষ্ণ) মহাভারত গ্রন্থের পর্ব্ব বিং।
ঐহিক, বিণ (ইহ + ষ্ণিক) ইহকাল সম্বন্ধীয়। স্ত্রী,-কী।

# ও।

ওঁ, ব্য; ওঙ্কার, প্রণব।
ওঁচলা, (প্রা) বি; অবস্কর। জঞ্জাল।
ওঁছা, (প্রা) বিণ; অপকৃষ্ট, জঘন্য।
ওকঃ, বি, পুং (উচ্-অস্) স্থান, আশ্রয়।
ওগো, ব্য; সম্বোধন সূচক শব্দ।
ওঘ, বি, পুং (উচ্-অল্) সমূহ। প্রবাহ।
ওঙ্কার, বি, পুং (ওম্ + কার) প্রণব।
ওজন, (যা) বি; পরিমাণ। মাপ।

ওজর, ( যা ) বি ; কারণ, ছল।
ওজঃ (স্), বি, ক্লী ( ওজ্-অস্ ) তেজঃ। বল। কাব্যের গুণবিং। দীপ্তি। শোভা। বিণ, ওজস্বী।
ওজস্বল, বিণ ( ওজস্+বল, অস্ত্যর্থে ) তেজস্বী। বলবান্।
ওজস্বী ( স্বিন্ ) বিণ ( ওজস্+বিন্ ) তেজস্বী। বলবান্। ওজোগুণ-বিশিষ্ট। বি,-স্বিতা। স্ত্রী,-স্বিনী।
ওঝা, ( প্রা ) বি ; যে সর্পাদির বিষ ঝাড়ে, সাপুড়ে।
ওড়ম্বা, ( প্রা ) বিণ ; যে কাজ-কর্ম্ম না করিয়া কেবল বেড়িয়া বেড়ায়।
ওত, বিণ (আ-বে-ক্ত) অন্তর্ব্যাপ্ত। বস্ত্রের দীর্ঘতন্তু, টানা।
ওতপ্রোত, বিণ ; সর্ব্বস্থান ব্যাপ্ত।
ওদন, বি, পুং, ক্লী ( উন্দ্-কর্ম্ম-অন্ ) অন্ন, ভাত।
ওয়াড়, ( প্রা ) বি ; লেপাদির আবরণ বস্ত্র।
ওম্, ব্য ( অ=বিষ্ণু+উ=শিব +ম=ব্রহ্মা ) ব্রহ্মা-বিষ্ণু-শিব বোধক বীজমন্ত্র, প্রণব।
ওর, ( প্রা ), বি ; সীমা, শেষ।
ওল, ( প্রা ) বি ; স্বনামখ্যাত মূল বিং।
ওলন্দাজ, ( প্রা ) বি ; হল্যাণ্ড দেশের অধিবাসী।
ওলাউঠা, ( প্রা ) বি ; বিসূচিকা রোগ, কলেরা।
ওষধি, বি, স্ত্রী (ওষ-ধা-অধি-কি) যে সকল লতা রাত্রিকালে দীপ্তি পায়, জ্যোতির্লতা। ফল পাকিলে যে সকল উদ্ভিদ্ মরিয়া যায় ; যেমন—ধান্য প্রভৃতি।
ওষধিপ্রস্থ, বি, পুং, ক্লী ; হিমালয়পুর। এই স্থানে গঙ্গা ব্রহ্মলোক হইতে পতিত হইয়াছিলেন। [চন্দ্র। ষষ্ঠীতৎ।
ওষধীশ, বি, পুং ( ওষধি+ঈশ )
ওষ্ঠ, বি, পুং ( উষ্-কর্ম্ম-থন্ ) উপরের ঠোঁট।
ওষ্ঠাগত, বিণ ; যাহা ওষ্ঠ পর্য্যন্ত আগত হইয়াছে।
ওষ্ঠ্য, বিণ ( ওষ্ঠ+য্য ) ওষ্ঠ দ্বারা উচ্চার্য্য ( বর্ণ )।
ওসার, ( প্রা ) বি ; পরিসর, চৌড়া। [ শব্দ।
ওহে, ( প্রা ) ব্য ;- সম্বোধনার্থক

নৌকার পশ্চাদ্ভাগ। পর্ব্বতের সন্নিহিত সমভূমি।
কচ্ছপ, বি, পুং ( কচ্ছ-পা-কর্ত্তৃ-ড ) কূর্ম্ম, কাছিম। স্ত্রী,-পী।
কজ্জল, বি, ক্লী (কু+জল) অঞ্জন, কাজল। পুং ; মেঘ।
কঞ্চুক, বি, পুং (কন্‌চ-কর্ত্তৃ-উক) বর্ম্ম,সাঁজোয়া। সাপের খোলস। জামা।
কঞ্চুকী, বি, পুং ( কঞ্চুক+ইন্‌ ) অন্তঃপুরের নপুংসক রক্ষক। সর্প। কবচধারী। স্ত্রী,-কিনী।
কঞ্চুলিকা, কঞ্চুলী, বি, স্ত্রী ; কাঁচুলী।
কঞ্জ, বি, ক্লী (কম্ [ জল ]-জন্-ড ) পদ্ম। [ পাখী।
কঞ্জল, বি, পুং (কঞ্জ-লা-ড) ময়না
কট, বি, পুং ( কট্-অন্ ) হস্তীর গণ্ড স্থল। মাদুর। কটিদেশ। অতিশয়।
কটক, বি, পুং, ক্লী ( কট-কর্ত্তৃ-অক ) সৈন্য। শিবির। গিরি-নিতম্ব। বলয়।
কটাক্ষ, বি, পুং ( কট+অক্ষি ) অপাঙ্গদৃষ্টি, আড় চোখে দেখা।
কটাহ, বি, পুং ( কট-আ-হন্-ড ) দুগ্ধাদি জ্বাল দিবার পাত্র বিং, কড়াই।
কটি, কটী, বি, স্ত্রী (কট্-কর্ম্ম-ই) কোমর।
কটিবন্ধ, বি, পুং; যে সূত্রাদিদ্বারা কটি বন্ধন করা যায়, কোমর-বন্ধ।
কটু, বিণ ( কট্-কর্ত্তৃ-উ ) ঝাল। কর্কশ। উগ্র, তীক্ষ্ণ। স্ত্রী,-ট্বী।
কটুভাষী, বিণ ( কটু-ভাষ্-ণিন্ ) কটুবাক্য প্রয়োগকারী। স্ত্রী,-ষিণী। [ দুর্ব্বাক্য, গালি।
কটূক্তি, বি, স্ত্রী ( কটু+উক্তি )
কঠিন, বিণ ( কঠ্-কর্ত্তৃ-ইন ) দৃঢ়, শক্ত। দুর্ব্বোধ। নিষ্ঠুর। বি,-তা, কাঠিন্য।
কঠোর, বিণ ( কঠ্-কর্ত্তৃ-ওরন্ ) কঠিন। দুষ্কর।
কড়কচ, বি, পুং ; বিশুদ্ধ সামুদ্রিক লবণ বিং
কডম্ব, বি, পুং ; শাকের ডাঁটা।
কুঁড়ি। ( প্রা ) বংশের একমাত্র অবলম্বন-স্বরূপ শিশু।
কড়া, ( প্রা ) বি; কটাহ। কপর্দ্দক, কড়ি। লৌহাদি নির্ম্মিত বলয়। বিণ ; কটু, শক্ত।
কড়ার, ( প্রা ) বি ; অঙ্গীকার।
কড়ি, ( প্রা ) বি ; কপর্দ্দক। আড়কাঠ, আড়া।
কণ, বি, পুং ( কণ্-কর্ম্ম-অল্ ) সূক্ষ্মাংশ। স্ত্রী,-ণা।
কণা, বি, স্ত্রী ; সূক্ষ্মাংশ। পিপুল। জীরক। [ মণ্ডপ, তাঁবু।
কণাৎ, কাণাৎ, ( যা ) বি ; পট-

কণাদ, বি, পুং ( কণ-অদ-অন্ ) বৈশেষিক দর্শন প্রণেতা মুনি। স্বর্ণকার।

কণিকা, বি, স্ত্রী ( কণা + কণ্ ) এককণা মাত্র।

কণিত, বি ক্লী ( কণ-ভাবে-ক্ত ) আর্ত্তনাদ।

কণুই, ( প্রা ) বি ; বাহুর অধো গ্রন্থি, কফোণি।

কণ্টক, বি, পুং, ক্লী ( কন্‌ট-কর্ত্তৃ-ণক ) কাঁটা। বিঘ্ন। রোমাঞ্চ। পুং ; ক্ষুদ্র শত্রু।

কণ্টকাশন, বি, পুং ( কণ্টক + অশন ) উষ্ট্র, উট।

কণ্টকিত, বিণ ( কণ্টক্ + ইত, যুক্তার্থে ) কণ্টকযুক্ত। রোমাঞ্চিত।

কণ্টকী, বিণ ( কণ্টক + ইন, অস্ত্যর্থে ) কণ্টক যুক্ত। বি ; কাঁটাল।

কণ্ঠ, বি, পুং, ক্লী ( কণ্-কর্ত্তৃ-ঠ ) গলদেশ। কণ্ঠস্বর।

কণ্ঠকণ্ডূয়ন, বি, ক্লী ; গলার চুলকনি অর্থাৎ বিবাদ করণ।

"কণ্ঠ-কণ্ডূয়নের একমাত্র তৃপ্তির ক্ষেত্র"
( প্রভাত চিন্তা )

কণ্ঠগত, কণ্ঠাগত, বিণ ; কণ্ঠ-পর্য্যন্ত আগত।

কণ্ঠনালী, বি, স্ত্রী ; গলার নলী।

কণ্ঠভূষা, বি, স্ত্রী (কণ্ঠ + ভূষা = অলঙ্কার ) কণ্ঠমালা, হার। ৬ষ্ঠীতৎ। [ মুখস্থ।

কণ্ঠস্থ, বিণ (কণ্ঠ-স্থা-ড) গলস্থিত।

কণ্ঠাগত, বিণ ; কণ্ঠপর্য্যন্ত আগত। ৭মীতৎ।

কণ্ঠ্য, বিণ ( কণ্ঠ + ষ্ণ্য ) কণ্ঠ-দ্বারা উচ্চার্য্য (বর্ণ)। কণ্ঠসম্বন্ধীয়।

কণ্ডন, বি, ক্লী ( কণ্ড-অনট্ ) ধান্যাদি কাঁড়ান।

কণ্ডনী, বি, স্ত্রী ; উদূখল।

কণ্ডু, কণ্ডূ, বি, স্ত্রী ( কণ্ড-উ, কণ্ডূ-ক্বিপ্ ) চুলকানি।

কণ্ডূয়ন, বি, ক্লী ( কণ্ডূ-ঙ্য-ভাবে-অনট্ ) খোষ, পাঁচড়া। চুলকানি।

"যাহার মৃত্যুকামনা ও রণ-কণ্ডূয়ন হইয়া থাকে," ( রজনী গুপ্ত )

কণ্ডোল, বি, পুং ; ধান্যাদি রাখিবার পাত্র বিং, ডোল।

কতক, বি, পুং ; নির্ম্মলীফল, এই ফল ঘর্ষণ করিয়া জলে দিলে জল বিশুদ্ধ ও নির্ম্মল হয়।

কতি, বিণ ( কিম্ + ডতি ) কিয়ৎ, কত।

কতিপয়, বিণ ( কতি + পয় ) কিয়ৎ, কতকগুলি।

কথক, বিণ ( কথ্-কর্ত্তৃ-ণক ) বক্তা। কথোপজীবী। বি, কথন, কথা।

**কথঞ্চিৎ,** ব্য ( কথম্+চিৎ ) কোনওরূপে।

**কথন,** বি, ক্লী (কথ্-ভাবে-অনট্) উক্তি, বলা।

**কথনীয়,** বিণ ( ঐ-কর্ম্ম-অনীয় ) বলিবার যোগ্য।

**কথা,** বি, স্ত্রী ( কথ-ভাবে-ঙ ) বাক্য, উক্তি। উপাখ্যান।

**কথাপ্রসঙ্গ,** বি, পুং ; কথোপ-কথন।

**কথিত,** বিণ ( কথ্-কর্ম্ম-ক্ত ) উক্ত। বর্ণিত।

**কথোপকথন,** বি, ক্লী ( কথা+উপকথন ) উক্তিপ্রত্যুক্তি, পরস্পর কথা কহা। দ্বন্দ্বসং।

**কথ্য,** বিণ ( কথ্-কর্ম্ম-য ) কথনীয়, বলার উপযুক্ত।

**কদক্ষর,** বি, ক্লী ( কু+অক্ষর ) কুৎসিত অক্ষর, খারাপ লেখা।

**কদন্ন** বি ক্লী ( কু+অন্ন ) কুৎসিত অন্ন, জঘন্য খাদ্য।

**কদম,** ( প্রা ) বি ; বৃক্ষ বিং। (যা) অশ্বের গতি বিং।

**কদম্ব,** বি, পুং ( কদ্-কর্ত্তৃ-অম্বচ্) কদমগাছ। ক্লী ; কদম্বপুষ্প। সমূহ।

**কদর্য্য,** বিণ ( কু+অর্য্য ) কুৎসিত। জঘন্য। নীচ। কু ( কুৎসিত ) যে অর্য্য (পূজ্য), কর্ম্মধা। বি,-তা।

**কদলী,** বি, স্ত্রী ( ক-দল্-অল্ ) কলাগাছ। ক্লী ; কলা।

**কদা,** ব্য ( কিম্+দা ) কখন।

**কদাকার,** বিণ ;. বিশ্রী। কু ( কুৎসিত ) হইয়াছে আকার যাহার, বহু।

**কদাচ,** ব্য (কদা+চ ) কখনও।

**কদাচন. কদাচিৎ,** ব্য (কদা+চন, চিৎ ) কখনও, কোনও সময়ে।

**কদাচার,** বি, পুং ; কুৎসিত আচরণ। কু ( কুৎসিত ) যে আচার, কর্ম্মধা। বিণ,-রী।

**কদাচারী,** বিণ ( কদাচার+ইন্) যার আচরণ খারাপ, অসদাচারী। স্ত্রী,-রিণী।

**কদাপি,** ব্য(কদা+অপি) কখনও।

**কনক,** বি, ক্লী ( কন্-কর্ত্তৃ-অক ) স্বর্ণ।

**কনকময়.** বিণ ( কনক+ময়ট্ বিকারার্থে ) সুবর্ণ নির্ম্মিত।

**কনকাচল,** বি, পুং ( কনক+অচল ) সুমেরুপর্ব্বত। কর্ম্মধা।

**কনকাঞ্জলি,** বি, পুং ; কনকপূর্ণ অঞ্জলি। মাঙ্গলিক ক্রিয়া বিং।

**কনখল,** বি, পুং ; কুরু ক্ষেত্রের উত্তরস্থ পর্ব্বত, তীর্থ বিং।

**কনিষ্ঠ,** বিণ ( যুবন্.বা অল্প+ইষ্ঠ ) বয়সে ছোট, অনুজ। অতিক্ষুদ্র। স্ত্রী,-ষ্ঠা।

**কনিষ্ঠা,** বি, স্ত্রী; অনুজা। কনিষ্ঠাঙ্গুলি।

**কনীয়ান্** ( য়স্ ) বিণ ( যুবন্ বা অল্প+ঈয়স্ ) কনিষ্ঠ। অতি ক্ষুদ্র। স্ত্রী, কনীয়সী।

**কনুই,** (প্রা) বি; বাহুর অধোগ্রন্থি।

**কন্থা,** বি, স্ত্রী ( কম্-কর্ম্ম-থন্ ) কাঁথা।

**কন্দ,** বি, পুং, ক্লী ( কন্দ্-অল্ ) মূল, আলু প্রভৃতি।

**কন্দর,** বি, পুং (ক[জল, মস্তক] দৃ-কর্ত্তৃ-খ ) গিরিগুহা। অঙ্কুশ।

**কন্দর্প,** বি, পুং ( কম্-দৃপ্-কর্ত্তৃ-অন্ ) কামদেব, ব্রহ্মার মানস-পুত্র।

**কন্দল,** বি, পুং ( কন্দ্-অল্ ) কলহ, বিবাদ।

**কন্দুক,** বি, পুং (কন্দ্-কর্ত্তৃ-উক) খেলিবার গোলা। ভাঁটা।

**কন্ধর,** বি, পুং ( ক[মস্তক, জল] ধৃ-কর্ত্তৃ-খ) গ্রীবা, কাঁধ। মেঘ।

**কন্ধরা,** বি, স্ত্রী; গ্রীবা, কাঁধ।

**কন্যকা,** (কন্-কর্ত্তৃ-য+কণ্+আপ্)
**কন্যা,** ( কন্-কর্ত্তৃ-য+আপ্ ) বি, স্ত্রী; তনয়া, দুহিতা। দশবর্ষ বয়স্কা কুমারী। অবিবাহিতা কুমারীরা যাহারে ইচ্ছা হয়, তাহারই কামনা করিতে পারে বলিয়া তাহাদিগকে কন্যা বলে।

**কপট,** বি, পুং ( কপ্-অটন্ ) ছল, প্রতারণা।

**কপটী,** বিণ ( কপট+ইন্ ) কপটাচারী, প্রতারক। স্ত্রী,-টিনী।

**কপর্দ্দ,** (ক-পর-দৈ-কর্ত্তৃ-ড)
**কপর্দ্দক,** (কপর্দ্দ+কণ্ ) বি, পুং; কড়ি। শিবের জটা।

**কপর্দ্দী,** বি, পুং ( কপর্দ্দ+ইন্, অস্ত্যর্থে ) শিব। স্ত্রী,-র্দ্দিনী।

**কপাট,** বি, পুং, ক্লী ( ক-পাটি-অন্ ) দ্বারের আবরণ।

**কপাল,** বি,পুং,ক্লী (ক=মস্তক-পালি-কর্ত্তৃ-অন্ ) মাথার খুলি। ললাটদেশ। ঘটাদির অর্দ্ধাংশ। খাপ্‌রা। ভিক্ষাপাত্র।

**কপালমালী,** বি, পুং ( কপাল-মালা+ইন্) শিব। স্ত্রী,-লিনী, দুর্গা।

**কপি,** বি, পুং ( কপ্-কর্ত্তৃ-ই ) [ বানর।

**কপিত্থ,** বি, পুং ( কপি-স্থা-ড ) কয়েত বেলের গাছ। ক্লী; তাহার ফল।

**কপিধ্বজ,** বি, পুং; অর্জ্জুন। কপি হইয়াছে ধ্বজ (রথ-চিহ্ন) যাহার, বহু।

**কপিল,** বি, পুং ( কব্-কর্ত্তৃ-ইল) সাঙ্খ্যদর্শন-প্রণেতা মুনি বিং। পিঙ্গল বর্ণ।

কপিলা, বি, স্ত্রী ; ধেনু। কাম ধেনু।

কপিশ, বি, পুং ( কপি+শ ) কৃষ্ণপীত মিশ্রবর্ণ। বিণ;পাংশু-টেবর্ণ যুক্ত। [ নদী বিং।

কপিশা, বি, স্ত্রী ; মাধবী লতা।

কপীন, ( প্রা ) বি ; কৌপীন।

কপীন্দ্র, বি, পুং ( কপি+ইন্দ্র ) হনুমান্। সুগ্রীব।

কপোত,বি,পুং;পারাবত,পায়রা। 'ক'র (বায়ুর) পোতস্বরূপ, ষষ্ঠীতৎ।

কপোত-পালিকা,-পালী, বি,স্ত্রী ; পায়রার খোপ।

কপোল, বি, পুং ( কপ্-কর্তৃ-ওল ) যে মুখকে বড় করায়, গণ্ডদেশ, গাল।

কপোল-কল্পিত, বিণ ; যার বাস্ত-বিক সত্তানাই, কেবল কল্পনা দ্বারা রচিত।

কফ, বি, পুং ; শ্লেষ্মা।

কফোণি, বি, পুং, স্ত্রী ; বাহুর নিম্নস্থ গ্রন্থি, কনুই।

কভু, ( পদ্যে ) ব্য ; কখনো, কোন সময়ে।

কম্, ব্য ; জল। সুখ। মস্তক নিন্দা। মঙ্গল। ( প্রা ) অল্প।

কমঠ, বি, পুং ( কম্-অঠ ) কচ্ছপ। পুং, ক্লী ; সন্ন্যাসীদের জলপাত্র বিং।

কমণ্ডলু, বি, পুং, ক্লী ( ক= জল+মণ্ড=ভূষণ-লা-কর্তৃ-ডু ) সন্ন্যাসীদিগের জলপাত্র বিং।

কমনীয়, বিণ ( কম্-কর্ম্ম-অনীয় ) মনোহর, সুন্দর। অভিলষণীয়। বি,-তা ( ভাবার্থে তা )।

কমল, বি,ক্লী,(কম্ [জল]-অল্= ভূষিতক্ক-কর্তৃ-অন্ ) জলকে ভূষিত করে যে, পদ্ম। জল।

কমলকোরক, বি, পুং ; পদ্ম-কলিকা, পদ্মের কুঁড়ি।

কমলজ, বিণ ( কমল-জন্-কর্তৃ-ড ) পদ্মজাত। বি, পুং ; ব্রহ্মা।

কমলযোনি, বি, পুং ; পদ্মযোনি, ব্রহ্মা। কমল (বিষ্ণুর নাভিপদ্ম) হইয়াছে যোনি ( জন্মস্থান ) যাঁহার, বহু।

কমলা,বি,স্ত্রী(কমল+অ,অস্ত্যর্থে) যাঁহার করে সর্ব্বদা কমল (পদ্ম) থাকে ; অথবা ক=ব্রহ্মত্ব+ ম = শিবত্ব+লা = যে দান করে, অর্থাৎ ব্রহ্মত্ব ও শিবত্ব পদ যিনি দান করেন, লক্ষ্মী। কমলালেবু।

কমলাকর, বি, পুং, ( কমল+ আকর ) যে সরোবরে অনেক পদ্ম জন্মে।

কমলালয়া, বি, স্ত্রী ( কমল+ আলয়) পদ্মালয়া,লক্ষ্মী। বহুব্রী।

কমলাসন, বি, পুং ; পদ্মাসন,

ব্রহ্মা। কমল ( পদ্ম ) হইয়াছে আসন যাঁহার, বহু।

কমলিনী, বি, স্ত্রী ( কমল+ইন্, সমূহার্থে ) পদ্মের ঝাড়, পদ্মিনী।

কমা, ( প্রা ) বি ; হ্রাস হওয়া।

কম্প, বি, পুং (কম্প-ভাবে-অল্)
কম্পন, বি, ক্লী ( ঐ-অনট্ ) কাঁপনি।

কম্পমান, বিণ ( ঐ-কর্ত্তৃ-শান ) যে কাঁপিতেছে।

কম্পিত, বিণ ( ঐ-ক্ত ) কম্পান্বিত। ভীত।

কম্বল, বি, পুং, (কম্-কর্ম্ম-কল) মেষাদির লোম নির্ম্মিত আসন।

কম্বু, বি, পুং, ক্লী ( কম্ব-কর্ত্তৃ-উ ) শঙ্খ।

কম্বুকণ্ঠ, বি, পুং ( কম্বু [শঙ্খ]+কণ্ঠ) শঙ্খের ন্যায় তিনটী রেখা বিশিষ্ট কণ্ঠ। কর্ম্মধা।

কম্বুকণ্ঠী, বিণ, স্ত্রী ; শঙ্খের ন্যায় রেখাত্রয়যুক্ত কণ্ঠবিশিষ্টা (স্ত্রী)। বহুব্রী।

কম্বুগ্রীবা, বি, স্ত্রী (কম্বু+গ্রীবা) কম্বুকণ্ঠ দেখ। বিণ,-গ্রীব।

কম্বোজ, বি, পুং ( কম্ব-কর্ত্তৃ-ওজ্ ) শঙ্খ বিং। হস্তি বিং।

কম্র, বিণ ( কম্-র ) সুন্দর।

কয়লা, ( প্রা ) বি ; অঙ্গার।

কর, বি, পুং ( কৃ-করণ-অল্ ) হস্ত। হস্তি-শুণ্ড। ( ঐ-কর্ম্ম-) কিরণ। রাজস্ব। শুল্ক। বিণ (পদের পরবর্ত্তী হইলে) জনক, কারক। যেমন, সুখকর।

করকচ, বি ; সামুদ্র লবণ বিং।

করকা, বি, স্ত্রী ( কর+কণ্ ) শিলা।

করঙ্ক, বি, পুং ( কৃ-অধি-অঙ্ক ) কমণ্ডলু। নারিকেল মালা। ভিক্ষাপাত্র। মাথারখুলি। খুঞ্জি, কৌটা।

করঙ্গ, ( প্রা ) বি ; একপ্রকার ঘটী, জলপাত্র বিং।

করঞ্জ, বি, পুং ; করম্চা গাছ। ক্লী ; তাহার ফল।

করট, বি, পুং (কৃ-অটন্) কাক। হস্তীর গণ্ডস্থল।

করণ, বি, ক্লী (ঐ-অনট্) কারণ। ক্রিয়ার প্রধান সাধন। ইন্দ্রিয়। কার্য্য করা।

করণীয়, বিণ ( ঐ-অনীয় ) যাহা করা উচিত।

করণ্ড, বি, পুং ( কৃ-অণ্ডচ্ ) পেটরা, কৌটা, সাজি প্রভৃতি। খড়্গা। মধুচক্র। [তেলো।

করতল, বি, পুং, ক্লী ; হাতের

করতাল, বি, ক্লী ; কাংস্য নির্ম্মিত বাদ্য যন্ত্র বিং, কর্ত্তাল।

করতালী, বি, স্ত্রী ; হাততালী।

করতোয়া, বি, স্ত্রী ; স্বনাম খ্যাত নদী বিং।

করদ, বিণ ( কর-দা-ড ) যে অন্যকে কর দেয়। স্ত্রী,-দা।
করপত্র, বি, ক্লী ; অস্ত্র বিং, করাত।
করপল্লব, বি, পুং, ক্লী ; পল্লব সদৃশ কোমল ও লোহিত আভাযুক্ত সুন্দর হস্ত। কর ( হস্ত ) পল্লব তুল্য, উপমি। অঙ্গুলি।
করপুট, বি, পুং ; যোড়হাত। কর (হস্ত) পুটসদৃশ ( কৌটার ন্যায় ), উপমি।
করপুটে, ক্রিবিণ ; হাত যোড় করিয়া। বহুব্রী।
করভ, বি, পুং ( কৃ-কর্ম্ম-অভচ্ ) করি-শাবক। উষ্ট্রশাবক। (কর-ভা-কর্ত্তৃ-ড ) মণিবন্ধ হইতে কনিষ্ঠাঙ্গুলি পর্য্যন্ত কর-বহির্ভাগ।
করম্ভ,বি,পুং ; দধিমিশ্রিত ছাতু।
কররুহ, বি, পুং ( কর-রুহ-ক ) নখ। অঙ্গুলি।
করলা, ( প্রা ) বি ; তরকারী বিং, লম্বা উচ্ছে।
করবাল, বি, পুং ( কর-বালি-অন্ ) তরবারি, খড়্গ।
করবীর, বি, পুং ; করবী গাছ। ক্লী ; ঐ ফুল। এই গাছের মূল খাইলে ঘোড়া মরিয়া যায়।
করশাখা, বি, স্ত্রী ; অঙ্গুলি।
করশীকর, বি, পুং ; হস্তিশুণ্ড-নির্গত জল-কণা।
করাঘাত, বি, পুং ; চপেটাঘাত। ৩য়াতৎ।
করাতী, (প্রা) বি; কাষ্ঠ বিদারক।
করার,(যা)বি;স্বীকার,অঙ্গীকার।
করাল, বিণ ( কর-অল্-অন্ ) ভয়ঙ্কর। বৃহৎ। উচ্চ।
করিকুম্ভ, বি, পুং ; হস্তীর মস্তকস্থ কুম্ভ। ৬ষ্ঠীতৎ।
করিবর, বি, পুং ; হস্তিশ্রেষ্ঠ।
করী, বি,পুং ( কর=শুণ্ড+ইন্ অস্ত্যর্থে ) হস্তী। স্ত্রী,-রিণী।
করীন্দ্র, বি, পুং ( করিন্+ইন্দ্র) হস্তি শ্রেষ্ঠ।
করীষ, বি, পুং, ক্লী ( কৃ-ঈষন্ ) শুষ্কগোময়, ঘুঁটে।
করুণ, বিণ ( কৃ-কর্ম্ম-উনন্ ) কাতর, শোকার্ত্ত। দয়ালু। বি, পুং ( ঐ-করণ-) রস বিং।
করুণা, বি, স্ত্রী ( করুণ+আপ্ ) দয়া, অনুগ্রহ।
করুণানিদান, বিণ; দয়ার আকর স্বরূপ, দয়ার আধার। ৬ষ্ঠীতৎ।
করুণাময়, বিণ ( করুণা+ময়ট্, অস্ত্যর্থে ) দয়াময়। স্ত্রী,-য়ী= দয়াময়ী। [ স্ত্রী,-ণুকা।
করেণু, বি, পুং (কৃ-এনু) হস্তী।
করোটি, বি, স্ত্রী ( ক-রুট্-ই ) মাথার খুলি।

**কর্কট**, বি, পুং ( কর্ক্-অটন্ ) কাঁকড়া। চতুর্থ রাশি।

**কর্কন্ধু**, বি, পুং, স্ত্রী ; কুলগাছ। কুল।

**কর্কর**, বি, পুং ( কর্ক্-অরন্ ) কাঁকর।

**কর্কশ**, বিণ (কর্ক+শ) কঠিন। শ্রুতিকটু। খশ্‌খশে। নির্দ্দয়। বি, কার্কশ্য।

**কর্কোটক**, বি, পুং ; নাগবিং। কাঁকুড়গাছ।

**কর্জ্জ**, ( যা ) বি ; ঋণ, দেনা।

**কর্ণ**, বি, পুং (কর্ণি-অন ) শ্রবণেন্দ্রিয়। নৌকার হাইল। রেখাবিং। কুন্তীর কানীনপুত্র।

**কর্ণকুহর**, বি, ক্লী ; কর্ণেরছিদ্র। ৬ষ্ঠীতৎ।

**কর্ণগোচর**, বিণ ; শ্রবণগোচর। ৬ষ্ঠীতৎ।

**কর্ণধার**, বি, পুং ( কর্ণ-ধৃ-ণ ) কাণ্ডারি, মাঝি। কর্ণ (হাইল) ধরে যে, উপপ।

**কর্ণপূর**, বি, পুং ; কর্ণ-ভূষণ, কুণ্ডল।

**কর্ণাট**, বি, পুং ( কর্ণ-অট্-ঘঞ) দ্রাবিড়ের উত্তরপশ্চিমস্থ দেশ।

**কর্ণিকা**, বি, স্ত্রী ( কর্ণি-ণক ) পদ্মের বীজকোষ।

**কর্ত্তন**, বি, ক্লী ( কৃৎ-অনট্ ) ছেদন।

**কর্ত্তরিকা**, **কর্ত্তরী**, বি, স্ত্রী ; কাটারি, দা।

**কর্ত্তব্য**, বিণ ( কৃ-কর্ম্ম-তব্য ) করার যোগ্য। উচিত। বি,-তা।

**কর্ত্তা** ( র্ত্তৃ ) বিণ ( কৃ-তৃন্ ) যে করে। প্রভু। স্ত্রী,-র্ত্রী। বি,-র্ত্তৃত্ব।

**কর্ত্তিত**, বিণ ( কর্ত্তি-ক্ত ) যাহা কাটা গিয়াছে, ছেদিত।

**কর্ত্তৃত্ব**, বি, ক্লী ( কর্ত্তৃ+ত্ব ) প্রভুত্ব, আধিপত্য।

**কর্দ্দম**, বি, পুং ( কর্দ্দ্-কর্ত্তৃ-অম) পঙ্ক, কাদা।

**কর্পট**, বি, পুং, ক্লী ; কাপড়। জীর্ণবস্ত্র, নেকড়া।

**কর্পর**, বি, পুং, ক্লী ; মাথার খুলি। খাপ্‌রা।

**কর্পূর**, বি, পুং, ক্লী (কৃপ-করণ-উর) স্বনাম প্রসিদ্ধ গন্ধদ্রব্য বিং।

**কর্ম্ম** ( ন্ ) বি, ক্লী (কৃ-কর্ম্ম-মন্) যাহা করা যায়, কার্য্য। অদৃষ্ট। কারক বিং।

**কর্ম্মকাণ্ড**, বি, পুং, ক্লী ; কর্ম্মসমূহ। বেদাংশ বিং।

**কর্ম্মকার**, বি, পুং ( কর্ম্মন্-কৃ-ষণ্ ) কামার। বিণ ; যে কর্ম্মকরে।

**কর্ম্মক্ষম**, বিণ ; যে কার্য্য করিতে সমর্থ, কর্ম্মঠ।

**কর্ম্মক্ষেত্র**, বি, ক্লী ; কর্ম্মানুষ্ঠানের স্থান, ভোগভূমি। ভারতবর্ষ।

ষষ্ঠীতৎ।
কর্ম্মচারী (রিন্) বিণ (কর্ম্মন্-চর্-কর্ত্তৃ-ণিন্) যে বেতন লইয়া অন্যের কর্ম্ম করে। স্ত্রী,-রিণী।
কর্ম্মঠ, বিণ (কর্ম্মন্+ঠ, কুশলার্থে) কার্য্যক্ষম।
কর্ম্মণ্য, বিণ (ঐ+ষ্ণ্য) কার্য্যোপযোগী। বি,-তা।
কর্ম্মফল, বি, ক্লী; স্বকৃত কর্ম্মের ফল, সুখ বা দুঃখ। [ভোগ।
কর্ম্মভোগ, বি, পুং; কর্ম্মের ফল
কর্ম্মভূমি, বি, স্ত্রী; কর্ম্মক্ষেত্র। ভারতবর্ষ। ষষ্ঠীতৎ।
কর্ম্মিষ্ঠ, বিণ (কর্ম্মিন্+ইষ্ঠ) অতিশয় কর্ম্মকুশল।
কর্ম্মী (র্ম্মিন্), বিণ (কর্ম্মন্+ইন্) কার্য্যদক্ষ। কর্ম্মকারী।
কর্ব্বুর, কর্ব্বূর, বি, পুং (কর্ব্ [গমনকৃ, দর্পকৃ]-কর্ত্তৃ-উর, উব) রাক্ষস। [কর্ষণ।
কর্ষ, বি, পুং, ক্লী (কৃষ্-অল্)
কর্ষক, বিণ (ঐ-ণক) কর্ষণকারী, কৃষক। স্ত্রী,-র্ষিকা।
কর্ষণ, বি, ক্লী (ঐ-অনট্) কৃষি কর্ম্ম, চাষ। বিণ,-কৃষ্ট।
কর্ষিত, বিণ (কৃষি-ক্ত) যাহা কর্ষণ করা হইয়াছে।
কল, বি, পুং (কল্-অল্) অব্যক্ত মধুর ধ্বনি। ক্লী; শুক্র।
কলকণ্ঠ, বি, পুং; কোকিল। কপোত। হংস। কল (মধুরধ্বনি) আছে কণ্ঠে যার, বহু। বিণ; সুস্বর-বিশিষ্ট। স্ত্রী,-ণ্ঠী।
কলকল, বি, পুং (কল—দ্বিরুক্তি) কোলাহল।
কলকলায়মান, বিণ (কলকল+ক্যঙ্=কলকলায়-শান) কলকল শব্দ করিতেছে এরূপ।
'সবযব কলকলায়মান সলিল রাশি"
কলঙ্ক, বি, পুং; চিহ্ন, দাগ। অখ্যাতি, দুর্নাম। বিণ,-ঙ্কী, -ঙ্কিত।
কলঙ্কিত, কলঙ্কী, বিণ (কলঙ্ক+ইত,ইন্) কলঙ্কযুক্ত। স্ত্রী,-তা, -ঙ্কিনী। [ভার্য্যা।
কলত্র, বি, ক্লী (কল-ত্রৈ-কর্ত্তৃ-ড)
কলধৌত, বি, ক্লী; স্বর্ণ। রৌপ্য।
কলভ, বি, পুং (কল-অধি-অভচ্) উষ্ট্রশাবক। করিশাবক।
কলম, বি, পুং (কল্-অম) ধান্য বিং। লেখনী। (প্রা) বৃক্ষাদির শাখা হইতে জাত চারাগাছ।
কলমদান, (যা) বি; কলম রাখিবার আধার।
কলম্ব, বি, পুং (কড়্-অম্বচ্) বাণ। স্ত্রী,-ম্বী=কলমী শাক।
কলল, বি, পুং, ক্লী (কল-কর্ম্ম-অল) জরায়ু। ভ্রূণ।

**কলশ**, ( কল-শো-ড )
**কলস**, (ক [জল]-লস্-অন্) বি, পুং ; কলশি দেখ।

**কলশি(শী)**, (কল্-শো-ই, ঈপ্)
**কলসি (সী)**, (ক-লস্-ই, ঈপ্) বি, স্ত্রী ; ধাতু বা মৃত্তিকা নির্ম্মিত বৃহৎ জলপাত্র, ঘট।

**কলহ**, বি, পুং, ক্লী ( কল-হন্-কর্ত্তৃ-ড ) বিবাদ। যুদ্ধ।

**কলহংস**, বি, পুং ( কল=মধুর শব্দ+হংস) সুস্বর বিশিষ্টহংস, রাজহংস।

**কলহপ্রিয়**, বিণ ; যে সর্ব্বদা বিবাদ করিতে ভালবাসে। বহুব্রী।

**কলহান্তরিতা**, বি, স্ত্রী ; নায়কের সহিত কলহ করিয়া যে নায়িকা পশ্চাৎ অনুতপ্তা হয়।

**কলহাস্য**, বি, ক্লী ; মৃদুস্বর বিশিষ্ট হাস্য।

"নির্ঝরের শতধারার মত সকৌতুক কলহাস্যের সহিত" ( রবীন্দ্র )

**কলা**, বি, স্ত্রী ( কল্-কর্ম্ম-অন+আপ্ ) চন্দ্রের ষোড়শাংশ। অংশ। কাল পরিমাণ বিং। নৃত্যগীতাদি ৬৪ বিদ্যা। সুদ। নৌকা। (প্রা) বি ; রম্ভা, কদলী।

**কলাই**, ( প্রা ) বিং শস্য বিং।

**কলান**, ( প্রা ) বি ; অঙ্কুরিত হওয়া, গজান।

**কলানিধি**, বি, পুং ; চন্দ্র।

**কলাপ**, বি, পুং ( কলা-আপ্-কর্ত্তৃ-ষণ্ ) সমূহ। ময়ূরপুচ্ছ। ভূষণ। চন্দ্রহার।

**কলাপক**, বি, পুং ( কলাপ+কণ্ ) হস্তীর গলদেশস্থ রজ্জু। ক্লী ; একটি বাক্য সমাপ্তির জন্য চারিটী শ্লোক।

**কলাপী**, বি, পুং ( কলাপ+ইন্ ) ময়ূর। স্ত্রী,-পিনী।

**কলায়**, বি, পুং ( কল-অয়-অন্ ) কলাই। কড়াই।

**কলাবতী**, বি, স্ত্রী ( কলাবৎ+স্ত্রীঈপ্ ) শ্রীরাধিকার মাতা, বৃষভানুরাজ-পত্নী। বীণা বিং।

**কলাবিদ্যা**, বি, স্ত্রী ; নৃত্যগীতাদি ৬৪ বিদ্যা।

**কলাভৃৎ**, বি, পুং ( কলা-ভৃ-কর্ত্তৃ-ক্বিপ্ ) চন্দ্র। শিব। শিল্পী।

**কলি**, বি, পুং ( কল-কর্ত্তৃ-ই ) ৪র্থ যুগ। স্ত্রী ; কোরক।

**কলিকা**, বি, স্ত্রী ( কলি+কণ্ ) অস্ফুট পুষ্প, কোরক।

**কলিজা**, ( প্রা ) বি ; বক্ষঃস্থলের গ্রন্থি বিং।

**কলিত**, বিণ ( কল-ক্ত ) গণিত। গৃহীত।

**কলিদ্রুম**, বি, পুং ; বিভীতক বৃক্ষ।

**কলিন্দ**, বি, পুং ; পর্ব্বত বিং। সূর্য্য।

কলিল বিণ ( কল-কর্ম্ম-ইল ) গহন, দুষ্প্রবেশ্য কাননাদি। মিশ্রিত।

কলু, ( প্রা ) বি; তৈলিক, তৈলকার জাতি। স্ত্রী,-নী।

কলুষ, বি, ক্লী ( কল্-কর্ত্তৃ-উষন্ ) পাপ। বিণ; মলিন।

কলুষিত, বি, ক্লী ( কলুষ+ইত ) পাপযুক্ত। দূষিত।

কলেবর, বি, ক্লী ( কলে=[শুক্রেতে]-বৃ-কর্ত্তৃ-অন্ ) শরীর, দেহ।

কল্ক, বি, পুং, ক্লী ( কল্-ক ) খইল। মল। ঘৃততৈলাদি পাকে দেয় ওষধিদ্রব্য।

কল্কি (ল্কী), বি, পুং; ভগবানের ভাবী অবতার, কলিযুগের শেষে শম্ভল গ্রামস্থ বিষ্ণুযশা নামক ব্রাহ্মণের গৃহে জন্মগ্রহণ করিবেন।

কল্প, বি, পুং ( কৢপ্-অল্ ) ব্রহ্মার একদিন, আমাদের ৪৩২ কোটি বৎসরে ব্রহ্মার একদিন হয়। বেদাঙ্গ শাস্ত্র বিং। সঙ্কল্প; "রাজা কহিলেন, এ উত্তম কল্প।" ( শকুন্তলা ) নিয়ম। অভিপ্রায়; যেমন, কল্পবৃক্ষ। পক্ষ; "উপাসনাদি উচ্চ-কল্পের অনুষ্ঠান" (প্রভাতচিন্তা)। ( কোন শব্দের পরবর্ত্তী হইলে) তৎসদৃশ; যেমন, সোদর-কল্প।

কল্পতরু,-দ্রুম, বি, পুং; অভীষ্ট ফলপ্রদ স্বর্গীয় বৃক্ষ।

কল্পনা, বি, স্ত্রী ( কল্পি-অন ) রচনা। যে বিষয়ের বাস্তবিক সত্তা নাই তাহার সত্তা ঘটাইয়া দেওয়া, উদ্ভাবন। সম্ভাবনা। মনন।

কল্পনাশক্তি, বি, স্ত্রী; যে শক্তি-প্রভাবে কবিগণ নব নব বিষয় সকল উদ্ভাবিত করেন।

কল্পান্ত. বি, পুং ( কল্প+অন্ত ) প্রলয়।

কল্পিত, বিণ ( কল্পি-ক্ত ) রচিত। উদ্ভাবিত।

কল্মষ, বি, ক্লী (কর্ম্ম-সো-ড)পাপ। 'তপোবলে ধৃতকল্মষা অহল্যা ভগবান্ রামচন্দ্রের দর্শন পাইয়া" ( ভারতী, ভূতনাথ )। বিণ; মলিন।

কল্মাষ, বি, পুং; কৃষ্ণবর্ণ। শ্বেতকৃষ্ণ মিশ্রিত বর্ণ। অগ্নি বিং। নাগ বিং। বিণ; বিচিত্র বর্ণে রঞ্জিত।

কল্য, বি, ক্লী ( কল্-কর্ম্ম-য ) প্রাতঃকাল। গত বা আগামী দিন।

কল্যবর্ত্ত, বি, পুং; প্রাতর্ভোজন।

কল্যাণ, বি,ক্লী (কল্য=সুস্থ-অণ্-কর্ম্ম-অল্ ) মঙ্গল। সুখ।

**কল্যাণকর**, বিণ ( কল্যাণ-কৃ-ট ) মঙ্গলদায়ক।

**কল্যাণীয়**, বিণ ( কল্যাণ+ঈয় ) মঙ্গলাস্পদ।

**কল্লোল**, বি, পুং (কল্ [ অব্যক্ত শব্দকৃ ]-কর্ত্তৃ-ওল্ ) মহাতরঙ্গ। আনন্দ।

**কল্লোলিনী**, বি, স্ত্রী ( কল্লোল=তরঙ্গ+ইন্, অস্ত্যর্থে+ঈপ্ ) নদী।

**কবচ**, বি, পুং, ক্লী (কু=শব্দকৃ-অচ ) বর্ম্ম, সাঁজোয়া।

**কবন্ধ**, বি,পুং, ক্লী ( ক=মস্তক-বন্ধ্-কর্ত্তৃ-অল্ ) ক্রিয়াযুক্ত মস্তকহীন দেহ। পুং ; রাহু। রাক্ষস বিং।

**কবর**, বি, পুং ( ক=মস্তক-বৃ-অন্ ) কেশ-বিন্যাস। ( যা ) সমাধি।

**কবরী**, বি, স্ত্রী (কবর+স্ত্রীঈপ্) কেশ-বিন্যাস, খোঁপা।

**কবল**, বি, পুং ( ক-বল্-অন্ ) গ্রাস। বিণ,-লিত।

**কবলিত**, বিণ ( কবল+ইত ) গ্রস্ত, ভক্ষিত।

**কবাট**, বি, পুং, ক্লী ( ক-বট্-ঘণ্ ) কপাট।

**কবি**, বি, পুং (কু-কর্ত্তৃ-ইন্) যে কাব্য রচনা করে। পণ্ডিত। বাল্মীকি। শুক্রাচার্য্য। ব্রহ্মা।

**কবিকা**, বি, স্ত্রী ; লাগাম।

**কবিতা**, বি, স্ত্রী ( কবি+তা, ভাবার্থে ) শ্লোক। কবিত্ব।

**কবিত্ব**, বি, ক্লী ( কবি+ত্ব, ভাবার্থে ) কবির ভাব বা গুণ, কবিতা।

**কবিরাজ**, বি, পুং ; বৈদ্য চিকিৎসক।

**কবুতর** ( প্রা ) বি ; কপোত, পায়রা।

**কবোষ্ণ**, বিণ ( কু [ ঈষৎ ] + উষ্ণ ) ঈষদুষ্ণ।

**কশা**, বি, স্ত্রী ( কশ্-অন্ ) চাবুক। (প্রা) বিণ ; ব্যয়কুণ্ঠ।

**কশ্মল**, বি, ক্লী ( কশ্ (স্) -মলচ্ ) মূর্চ্ছা। পাপ। বিণ ; মলিন। [ পাথর।

**কষ**, বি, পুং ( কষ্-অল্ ) কষ্টি

**কষায়**, বি, পুং, ক্লী ( কষ্-আয় ) রস বিং। ক্বাথ। নির্য্যাস। বিণ ; রক্তপীত মিশ্রিত বর্ণ।

**কষায়িত**, বিণ ; রক্তপীতবর্ণে রঞ্জিত।

**কষিত**, বিণ ( কষ্-ইত ) কষ্টি পাথরে পরীক্ষিত। [ দুঃখ।

**কষ্ট**, বি, ক্লী ( কষ্-ক্ত ) ক্লেশ,

**কষ্টি**, বি, স্ত্রী ( কষ্-ক্তি ) কষণ-প্রস্তর।

**কসরৎ**, **কসলৎ**, ( যা ) বি ; পরিশ্রম, মেহানৎ।

কস্তূরী, বি, স্ত্রী ; মৃগনাভি।
কস্মিন্‌কালে, ব্য ; কোন সময়ে।
কহ্লার, বি,ক্লী (ক=জল-হ্লাদ্-কর্ত্তৃ-অন্) শ্বেতপদ্ম, সুঁদি।
কাই, কাইট (প্রা) বি ; ময়লা। মণ্ড, লেই।
কাংস্য, বি, ক্লী (কংস+ষ্ণ্য) তাম্ররঙ্গ মিশ্রিত ধাতু, কাঁসা।
কাংস্যকার, বি, পুং ; কাসারি।
কাঁক, (প্রা) বি ; কক্ষপক্ষী। কক্ষদেশ।
কাঁকই, (প্রা) বি ; চিকণী।
কাঁকড়া, (প্রা) বি ; কুলীরক, কর্কট। [কঙ্কর।
কাঁকর, (প্রা)বি; প্রস্তর কণা বিং,
কাঁকরোল, (প্রা) বি; তরকারী বিং। [গিরগিটী।
কাঁকলাস, (প্রা) বি ; কৃকলাস,
কাকালি, (প্রা) বি ; কটি দেশ।
কাঁকুড়, (প্রা) বি ; অপক্ক ফুটি।
কাঁচলি, কাঁচুলি, (প্রা) বি ; স্ত্রীলোকের অঙ্গরক্ষণী, স্তনাচ্ছাদক বস্ত্র বিং।
কাঁড়ি, (প্রা) বি ; স্তূপ, রাশি।
কাঁচা, (প্রা) বিণ ; অপরিণত, অপক্ক।
কাঁচী, (প্রা) বি ; কাস্তে, ছেদনী।
কাঁজি, (প্রা) বি ; আমানি, পান্তাভাতের জল। [পনস।
কাঁটাল, (প্রা) বি ; কণ্টকীফল,
কাঁড়ন, (প্রা) বি ; খণ্ডন, নিস্তুষ করণ।
কাঁথা, (প্রা) বি ; জীর্ণ বস্ত্র-রচিত আস্তরণ, কন্থা।
কাঁদী, (প্রা) বি ; ছড়া, গুচ্ছ।
কাঁধ, (প্রা) বি ; স্কন্ধ দেশ।
কাঁসা, (প্রা) বি ; রাঙ্ ও তামা মিশ্রিত ধাতু বিং।
কাঁসারি, (প্রা) বি; কাংস্য বণিক্।
কাক, বি, পং (কৈ-কন্) বায়স।

"লক্ষ্যৈকদৃষ্টিতাং ধার্ষ্ট্যং
কালে কালে চ সংগ্রহম্।
অপ্রমাদমনালস্যং
পঞ্চ শিক্ষেত বায়সাৎ॥" চাণক্য।

কাকতন্দ্রা, বি, স্ত্রী ; কাকের ন্যায় অতি সতর্ক নিদ্রা।
কাকতালীয় (ন্যায়), বি, ক্লী ; কাকের উপস্থিত তালপতনের কারণ, এইরূপ অমূলক কার্য্য-কারণ ভাব কল্পনা।
কাকপুষ্ট, বি, পু ; কোকিল। প্রসিদ্ধি আছে যে, কোকিলা স্বীয় ডিম্ব স্ফোটন করিতে অসমর্থ হওয়ায় কাকের বাসায় ডিম্ব প্রসব করে, এবং কাক উহা আপনার ডিম্ব মনে করিয়া সযত্নে পালন করে।
কাকবন্ধ্যা, বি, স্ত্রী ; একমাত্র সন্তান প্রসাবনী, একগর্ভা। কথিত আছে যে, কাকী যাবজ্জীবনে একবার মাত্র, ডিম্ব প্রসব করে।

কাকলি ( লী ) বি, স্ত্রী ( কু= ঈষৎ-কল্-কর্তৃ-ইন্) সূক্ষ্ম মধুরা-স্ফুট ধ্বনি।

কাকা, (প্রা) বি; পিতার কনিষ্ঠ ভ্রাতা, খুড়া। স্ত্রী, কাকী।

কাকাতুয়া, ( প্রা ) বি; স্বনাম খ্যাত পক্ষী বিং।

কাকু, বি, স্ত্রী, ( কক্-উন্ ) ভয় শোকাদিদ্বারা বিকৃত কণ্ঠস্বর।

কাকুতি, (প্রা) বি; কাতরোক্তি ( কাকূক্তি শব্দজ )।

কাকুৎস্থ, বি, পুং, ( ককুৎস্থ+ ষ্ণ ) সূর্য্যবংশীয় রাজা। ককুৎ-স্থের পরবর্ত্তী শ্রীরামচন্দ্রাদি।

কাকূক্তি, বি, স্ত্রী (কাকু+উক্তি) কাতর বচন।

কাকোদর, বি, পুং ( কাক= বক্রগামী+উদর ) সর্প, সর্প উদরদ্বারা বক্রভাবে গমন করে বলিয়া এই নাম হইল।

কাকোল, বি, পুং; দাঁড়কাক। শূকর বিং। সর্প বিং। কুলাল।

কাগজ, ( যা ) বি; লিখন পত্র।

কাঙ্ক্ষণীয়, বিণ ( কাঙ্ক্ষ্-অনীয়) বাঞ্ছনীয়।

কাঙ্ক্ষা, বি, স্ত্রী ( ঐ-ঙ ) বাঞ্ছা।

কাঙ্ক্ষিত, বিণ (ঐ-ক্ত) বাঞ্ছিত।

কাঙ্গাল, কাঙ্গালি, ( প্রা ) বিণ; দরিদ্র।

কাচ, বি, পুং ( কচ্=দীপ্তি-পাওয়া-করণ-ঘঞ ) বালি ও কোলগাছের ক্ষার-সংযোগে উৎপন্ন স্বচ্ছ বস্তু বিং।

কাছারী, ( প্রা ) বি, ধর্ম্মাধি-করণ, বিচারালয়।

কাছিম, (প্রা) বি; কচ্ছপ, কূর্ম্ম।

কাজ, কায, ( প্রা ) বি; ক্রিয়া, কার্য্য।

কাজল, ( প্রা ) বি; কজ্জল, [অঞ্জন।

কাজি, ( যা ) বি; যবন জাতীয় বিচারক।

কাঞ্চন, বি, ক্লী ( কন্‌চ=দীপ্তি পাওয়া-কর্ত্ত-অন ) স্বর্ণ। পুষ্প. বিং। বিণ; স্বর্ণনির্ম্মিত।

কাঞ্চী ( ঞ্চি ), বি, স্ত্রী (কন্‌চ-ই) চন্দ্রহার।

কাঞ্জিক, বি, ক্লী; কাঁজি, [আমানি।

কাটান, ( প্রা ) বি; যাপন, ক্ষেপণ।

কাটারি, ( প্রা ) বি; দাত্র, দা।

কাঠ, ( প্রা ) বি; কাষ্ঠ, দারু।

কাঠগড়া, ( প্রা ) বি; কাষ্ঠাদি রচিত বেড়া, কাষ্ঠবৃতি।

কাঠবিড়াল, ( প্রা ) বি; বিড়াল জাতীয় ক্ষুদ্র জন্তু বিং। ইহাদের গাত্রে চারিটী কৃষ্ণবর্ণ ডোরা চিহ্ন আছে। এরূপ প্রবাদ আছে যে,—লঙ্কাগমনোদ্দেশে যৎকালে সমু-দ্রোপরি সেতু নির্ম্মিত হইতেছিল, সেই সময়ে কতকগুলি কাঠবিড়াল সাগর-

তীরবর্ত্তী বালুকা-রাশির উপর পুনঃ পুনঃ লুণ্ঠিত হইয়া সেতুর উপর আগমন পূর্ব্বক স্বস্ব গাত্রসংলগ্ন বালুকা ক্ষেপণ করিতে থাকে। সেতু নির্ম্মাণের সাহায্য-কল্পে ইহাদিগকে এইরূপ যথাসাধ্য চেষ্টা করিতে দেখিয়া শ্রীরামচন্দ্র প্রীত হন ও ইহাদিগের গাত্রে স্বীয় পদ্মহস্ত বুলাইয়া দেন; তদবধি উক্তরূপ সুন্দর চিহ্ন উৎপন্ন হইয়াছে।

**কাঠরা**, (প্রা) বি; কাষ্ঠ নির্ম্মিত গৃহ, বেষ্টিত স্থান।

**কাঠরিয়া**, **কাঠুরিয়া**, (প্রা) বি; কাষ্ঠচ্ছেদক।

**কাঠা**, (প্রা) বি; ভূমির পরিমাণ বিং। ধান্যাদির পরিমাণ পাত্র।

**কাঠাম** (প্রা) বি; বংশাদি নির্ম্মিত ঠাট।

**কাঠিন্য**, বি, ক্লী (কঠিন+ষ্ণ্য) কঠিনতা, দৃঢ়তা।

**কাড়ন**, (প্রা) বি; বলপূর্ব্বক গ্রহণ। "যশ ও প্রতিষ্ঠার মুকুট কাড়িয়া নিয়াছে," (প্রভাত চিন্তা)

**কাড়া**, (প্রা) বি; বাদ্যযন্ত্র বিং।

**কাণ**, (প্রা) বি; কর্ণ, শ্রুতি।

**কাণা**, (প্রা) বি; এক চক্ষু হীন।

**কাণাৎ**, (প্রা) বি; পট মণ্ডপ, তাঁবু।

**কাণেড়া**, (প্রা) বি; রাগিণী বিং।

**কাণ্ড**, বি, পুং, ক্লী (কণ্-কর্ত্তৃ-ড) গাছের গুঁড়ি। গুচ্ছ। বোঁটা। গ্রন্থ-পরিচ্ছেদ। ঘটনা। প্রকরণ।

**কাণ্ডজ্ঞান**, বি, ক্লী; সাধারণ জ্ঞান, হিতাহিত জ্ঞান। [মাঝী।

**কাণ্ডারী**, (প্রা) বি; কর্ণধার,

**কাতর**, বিণ.(কু=ঈষৎ-তৃ-অন) দুঃখিত। ভীত। ব্যাকুল। বিহ্বল। বি,-তর্য্য,-তা।

**কাতল**, বি, পুং; মৎস্যবিং।

**কাত্যায়নী**, বি,স্ত্রী (কাত্যায়ন+ঈপ) দুর্গা।

**কাদম্ব**, বি, পুং (কাদি-অম্বচ্) কলহংস, বালিহাঁস। বাণ। কদম্বরক্ষ। ক্লী; তৎপুষ্প।

**কাদম্বর**, বি, ক্লী; দধিরসর। ইক্ষুগুড়। মদ্য বিং।

**কাদম্বরী**, বি, স্ত্রী; সরস্বতী। কোকিলা। বাণভট্টকৃত গ্রন্থ বিং। সুরা।

**কাদম্বিনী**, বি, স্ত্রী (কাদম্ব=কদম্বফুল+ইন সমতার্থে+ঈপ্) মেঘমালা। কবিগণ শ্বেতবর্ণ কদম্ব পুষ্পের সহিত মেঘের তুলনা করেন বলিয়া এই নাম হইয়াছে।

**কানন**, বি, ক্লী (কানি-কর্ম্ম-অনট্) অরণ্য, বন।

**কাননগো**, (যা) বি; ভূমির জরিপাদি কার্য্যের অধ্যক্ষ।

**কানীন**, বি, পুং (কন্যা [অনূঢ়া বালিকা]+ীন, অপত্যার্থে) অনূঢ়ার গর্ভজাত সন্তান।

কানুন, ( যা ) বি ; রাজবিধি, আইন।
কান্ত, বিণ ( কম্ = বাঞ্ছাক্-কর্ম্ম-ক্ত) মনোহর। প্রিয়। বি, পুং ; স্বামী। [ আপ্ ) স্ত্রী।
কান্তা, বি, স্ত্রী ( কান্ত + স্ত্রী
কান্তার, বি, পুং, ক্লী ( কান্ [কাহাদিগকে]-তারি-কর্ত্ত-অন্ ) যে কাহাদিগকেও যাইতে দেয় না, দুর্গম পথ। মহারণ্য।
কান্তি, বি, স্ত্রী ( কম্-ভাবে-ক্তি ) দীপ্তি, শোভা। লাবণ্য। ইচ্ছা।
কান্তিমতী, বিণ, স্ত্রী ; শোভা-শালিনী। পুং,-মান্।
কান্যকুব্জ, বি, পুং ( কন্যাকুব্জ + ষ্ণ ) কনোজ দেশ।
কাপট্য, বি, ক্লী ( কপট + ষ্ণ ) কপটতা, শঠতা।
কাপড, ( প্রা ) বি ; বস্ত্র, বসন।
কাপালিক, বি, পুং ( কপাল + ষ্ণিক ) হিন্দুদিগের জাতি বিং। শৈব সম্প্রদায় বিং। স্ত্রী,-কী।
কাপাস, (প্রা) বি ; কার্পাসতুলা।
কাপুরুষ, বি, পুং (কু = কুৎসিত + পুরুষ, কু = কা ) ভীরু বা সাহসহীন ব্যক্তি। কর্ম্মধা। বি,-ত্ব,-তা।
কাফের, ( যা ) বি ; বিধর্ম্মী।
কাম, বি, পুং (কম্-ঘঞ্) ইচ্ছা। সম্ভোগ লালসা। ( কামি-ঘঞ্ ) কন্দর্প।
কামচারী, বিণ ( কাম-চর্-ণিন্ ) স্বেচ্ছাচারী। লম্পট স্বভাব। স্ত্রী,-রিণী।
কামদুঘা, ( কাম = ইচ্ছা-দুহ্-কর্ত্তৃ-ক + স্ত্রীআপ্ )
কামধেনু, ( কাম = কামদা + ধেনু ) বি, স্ত্রী ; অভীষ্ট প্রদায়িনী গবী।
কামনা, বি, স্ত্রী ( কামি-অনট্ + স্ত্রী আপ্ ) বাসনা, ইচ্ছা।
কামরূপ, বি, পুং ; দেশ বিং। বিণ ; সুন্দর।
কামলা, বি, স্ত্রী ; পিত্ত-বৈগুণ্য জনিত রোগ বিং, পাণ্ডুরোগ। ( প্রা ) পুং ; শ্রমজীবী, মজুর।
কামাই, (প্রা) বি ; অর্থোপার্জ্জন। বিণ ; অনুপস্থিত।
কামাতুর, কামান্ধ, বিণ ( কাম + আতুর, অন্ধ ) কামের নিতান্ত বশীভূত।
কামার, ( প্রা ) বি ; কর্ম্মকার।
কামাবশায়িতা, বি, স্ত্রী ; সর্ব্ব কামনা পূর্ণ করিবার ক্ষমতা, ঈশ্বরের ঐশ্বর্য্য বিং।
কামিনী, বি, স্ত্রী ( কাম + ইন, অস্ত্যর্থে + স্ত্রীঈপ্ ) নারী, রমণী। স্বনামখ্যাত পুষ্প বৃক্ষ বিং। ঐ পুষ্প।
কামী, বিণ (কাম + ইন্) কামুক।

কামুক, বিণ ( কম্-উক ) রমণাভিলাষী। স্ত্রী,-কা,-কী।
কাম্য, বিণ ( কামি-য ) ভোগ্য। অভিলষণীয়।
কায়, বি, পুং, ক্লী ( চি-কর্ম্ম-ঘঞ ) দেহ, শরীর।
কায়স্থ, বি, পুং ( কায়-স্থা-কর্তৃ-ড ) শ্রেষ্ঠ জাতি বিং।
কায়া, ( প্রা, পদ্যে ) বি ; দেহ, শরীর।
কায়িক, বিণ ( কায় + ষ্ণিক ) শারীরিক।
কারক, বিণ ( কৃ-ণক ) যে করে, কর্ত্তা। বি ; ক্রিয়ার সহিত অন্বিতপদ, কর্ত্তা, কর্ম্ম, করণ প্রভৃতি। স্ত্রী,-রিকা।
কারণ, বি, ক্লী ( কারি-অনট্ ) যাহা হইতে কার্য্য উৎপন্ন হয়, হেতু, নিমিত্ত।
কারণা, বি, স্ত্রী ( কারি-অন ) নরক ভোগ, অসহ্য যন্ত্রণা।
কারণ্ডব, বি, পুং (করণ্ড + ষ্ণ = কারণ্ড ; কারণ্ড = জল-বা-কর্তৃ-ড ) হংস বিং।
কারবার, (প্রা ) বি ; ব্যবসায়।
কারা, বি, স্ত্রী ( কৃ [ নিক্ষেপকৃ] -আধ-ঘঞ্ )।
কারাগার, বি, ক্লী ( কারা = বন্ধন + আগার = গৃহ ) বন্ধনালয়, জেলখানা।
কারাবাস, বি, পুং (কারা + বাস) কারাগারে রুদ্ধ হইয়া থাকা। ( কারা + আবাস ) কারাগার।
কারি, বি, স্ত্রী ( কৃ-কর্ম্ম-ণি ) শিল্পকার্য্য।
কারিকর, বি, পুং ( কারি = শিল্পকার্য্য + কর = যে করে ) যে শিল্পকার্য্যকরে।
কারু, বিণ ( কৃ-কর্তৃ-উণ্ ) শিল্পকর, শিল্পী।
কারুকার্য্য, বি, ক্লী ; শিল্পকার্য্য।
কারুণিক, বিণ (করুণা + ষ্ণিক) দয়ালু।
কারুণ্য, বি, ক্লী ( ঐ + ষ্ণ্য, স্বার্থে ) করুণা, দয়া।
কার্কশ্য, বি, ক্লী ( কর্কশ + ষ্ণ্য ) কঠিনতা। নির্দ্দয়তা।
কার্ত্তিক, বি, পুং ( কার্ত্তিকী = কৃত্তিকানক্ষত্রযুক্ত পূর্ণিমা + ষ্ণ ) মাস বিং। ( কৃত্তিকা + ষ্ণ, অপত্যার্থে ) ষড়ানন।
কার্ত্তিকেয়, বি, পুং ( কৃত্তিকা + ষ্ণেয়, অপত্যার্থে, কৃত্তিকার স্তনদুগ্ধে পালিত ) ষড়ানন।
কার্পণ্য, বি, ক্লী ( কৃপণ + ষ্ণ্য ) কৃপণতা, ব্যয়কুণ্ঠতা।
কার্পাস, বি, পুং ; কাপাস গাছ। ক্লী ; ঐ তুলা।
কার্ম্মুক, বি, ক্লী ( কর্ম্মন্ + উকঞ্ ) ধনুক।

কার্য্য, বি, ক্লী ( কৃ-কর্ম্ম-ঘ্যণ্ ) কর্ম্ম। হেতু। উপকার। বিণ ; কর্ত্তব্য।
কার্য্যকুশল, বিণ ; কার্য্য দক্ষ।
কার্য্যক্ষম, বিণ ; কার্য্য সম্পাদনে সমর্থ।
কার্য্যনির্ব্বাহক, বিণ ; কার্য্য সম্পাদক। স্ত্রী,-হিকা।
কার্শ্য, বি, ক্লী ( কৃশ+ষ্ণ্য ) কৃশতা, ক্ষীণতা।
কাল, বি, পুং ( কাল্-কর্ত্তৃ-অন্ ) সময়। যম। মৃত্যু। ( কু-অল্-অন্ ) কৃষ্ণবর্ণ।
কালক্ষেপ, বি, পুং ; সময় কর্ত্তন, কাল কাটান।
কালকূট, বি, পুং, ক্লী ( কাল-কূট্-অন্ ) স্থাবর বিষ বিং।
কালক্রমে, ক্রিবিণ ; সময়ের গতিতে, কিছুকাল গত হইলে।
কালগ্রাস, বি, পুং ; মৃত্যু।
কালধর্ম্ম, বি, পুং ; কালের স্বভাব ; যেমন, গ্রীষ্মকালে উত্তাপ, বর্ষাকালে বৃষ্টি ইত্যাদি।
কালপুরুষ, বি, পুং ; পুরুষাকৃতি নক্ষত্র সমূহ। যমের সহকারী।
কালরাত্রি, বি, স্ত্রী ; সংহার রাত্রি। ভগবতীর শক্তি বিং।
কালবেলা, বি, স্ত্রী ; অশুভ সময় বিং।
কালসর্প, বি, পুং ; কৃষ্ণসর্প, কেউটে সাপ।
কালা, ( প্রা ) বিণ ; বধির। কৃষ্ণবর্ণ। ( পদ্যে ) শ্রীকৃষ্ণ।
কালাগ্নি, বি, পুং ; প্রলয়াগ্নি।
কালাতিপাত, বি, পুং ; সময় ক্ষেপণ। ৬ষ্ঠীতৎ।
কালাত্যয়, বি, পুং ( কাল+অত্যয় ) সময় ক্ষয়। ৬ষ্ঠীতৎ।
কালাশৌচ, বি, ক্লী ; সংবৎসর ব্যাপী অশৌচ বিং।
কালি,(প্রা) বি ; মসী। (ব্য)কল্য।
কালিকা, বি, স্ত্রী ; চণ্ডিকা, কালী।
কালিন্দী, বি,স্ত্রী (কলিন্দ [পর্ব্বত বিং]+ষ্ণ,ভবার্থে+ঈপ্) যমুনা নদী।
কালিমা, বি, পুং ( কাল+ইমন, ভাবার্থে ) কৃষ্ণত্ব, মলিনতা।
কালিয়, বি, পুং ; কালিন্দী হ্রদে স্থিত সহস্রফণা বিশিষ্ট সর্প বিং।
কালিয়দমন, বি, পুং ; শ্রীকৃষ্ণ।
কালী, বি, স্ত্রী ; কালিকাদেবী। মসী। [ কাল সম্বন্ধীয়।
কালীন, বিণ ( কাল+ঈন )
কাল্পনিক, বিণ ( কল্পনা+ষ্ণিক ) কল্পনাসম্ভূত, মিথ্যা।
কাবু, ( প্রা ) বিণ ; বশীভূত।* কাতর।
কাব্য, বি, ক্লী ( কবি+ষ্ণ্য ) রসাত্মক বাক্য, কবিত্ব।

কাব্য দুইপ্রকার—দৃশ্যকাব্য ও শ্রব্যকাব্য। পুং; শুক্রাচার্য্য।

কাশ (স) বি,ক্লী (কাশ্=দীপ্তি পাওয়া-অল্) কেশে ফুল। পুং; কেশেতৃণ। কাস রোগ।

কাশী, বি, স্ত্রী; বারাণসী।

কাশীনাথ, বি, পুং; শিব।

কাশ্যপ, বি, পুং (কশ্যপ+ষ্ণ) গোত্র বিং। কশ্যপবংশীয়। মুনি বিং।

কাশ্যপেয়, বি, পুং (কশ্যপ+ষ্ণেয়, অপত্যার্থে) সূর্য্য। গরুড়।

কাষায়, বিণ (কষায়+ষ্ণ) অনুজ্জ্বল রক্তবর্ণে রঞ্জিত।

কাষ্ঠ, বি, ক্লী (কাশ্=দীপ্তি পাওয়া-কর্ত্তৃ-কৃথন্) যাহার দ্বারা অগ্নি দীপ্তি পায়, কাঠ।

কাষ্ঠপাদুকা, বি, স্ত্রী; খড়ম।

কাষ্ঠফলক, বি, ক্লী; কাষ্ঠনির্ম্মিত ফলক, বোর্ড প্রভৃতি।

কাষ্ঠাসন, বি,ক্লী (কাষ্ঠ+আসন) কাষ্ঠ নির্ম্মিত আসন, চেয়ার, বেঞ্চ প্রভৃতি।

কাষ্ঠিকা, বি,স্ত্রী; ক্ষুদ্র কাষ্ঠখণ্ড।

কাহন, (প্রা) বি; ষোল পণ।

কাহিনী, (প্রা) বি; কথা,বিবরণী।

কাহিল, (যা) বিণ; দুর্ব্বল,ক্ষীণ।

কিংকর্ত্তব্যবিমূঢ়, বিণ; কর্ত্তব্যাবধারণে অসমর্থ, কি করা উচিত তাহা বুঝিতে অক্ষম। কিং-কর্ত্তব্য বিষয়ে বিমূঢ়, ৭মীতৎ। বি,-তা।

কিংখাব, (যা) বি; কাস্‌দার কাপড়।

কিংবদন্তি (ন্তী), বি, স্ত্রী (কিম্=কোন-বদ্-অন্তি) জনশ্রুতি, লোক পরম্পরাগত কথা।

কিংবা, ব্য (কিম্+বা) বা, অথবা, পক্ষান্তর বোধক শব্দ।

কিংশুক, বি, পুং (কিং=কি+শুক=পক্ষি বিং) পলাশ বৃক্ষ। ইহার পুষ্প শুকতুণ্ডের ন্যায় দেখায় বলিয়া "ইহা কি শুক পক্ষী হইবে" এই বিতর্ক হেতু ইহার নাম কিংশুক হইল। ক্লী; ঐ পুষ্প।

কিঙ্কর, বি, পুং (কিং=কিঞ্চিৎ+কর=যে করে) ভৃত্য, পরিচারক। স্ত্রী,-রী।

কিঙ্করী, বি, স্ত্রী; দাসী, পরিচারিকা।

কিঙ্কিণি (ণী), বি, স্ত্রী (কিং=অনুকরণ শব্দ-কিণ্=শব্দকৃ-ইন্) ক্ষুদ্র ঘণ্টিকা। ঘুঙুর। কটিভূষণ।

কিঙ্কির, বি, পুং; কোকিল। ভ্রমর। অশ্ব।

কিঙ্কিরাত, বি, পুং, (কিঙ্কির-অত্-অন্) কোকিল। শুকপক্ষী। রক্তাশোক বৃক্ষ।

**কিঞ্চ,** ব্য ( কিম্+চ ) আরও, আরও কিছু। আরম্ভ। সম্ভাবনা।

**কিঞ্চন,** কিঞ্চিৎ, ব্য (কিম্+চন, চিৎ ) অল্প, কিছু। [ কিঞ্চিৎ।

**কিঞ্চিন্মাত্র,** ব্য ; অত্যল্প, যৎ-

**কিঞ্চুলুক,** বি, পুং ; কেঁচুয়া। মহীলতা।

**কিঞ্জল,** কিঞ্জল্ক, বি, পুং (কিং= কিঞ্চিৎ-জল্=আচ্ছাদনক্র-অন, ক ) কেশর। ফুলের পাবড়ি। পুষ্পরেণু।

"প্রকৃত মনুষ্যজীবন কুসুম কোরকের অন্তঃস্থ কিঞ্জল্কের ন্যায় পটলের পর পটলে আবৃত থাকে।" (প্রভাতচিন্তা)

**কিণ,** বি, পুং ( কণ্-অন ) ঘর্ষণ চিহ্ন, দাগ, কালশিটে।

**কিতব,** বিণ ( কিত-বা-ড ) ধূর্ত্ত, প্রতারক। জুয়ারি।

**কিনারা,** ( প্রা ) বি ; নদীর কূল। পার্শ্ব।

**কিন্তু,** ব্য (কিম্+তু) প্রথমোক্তের সঙ্কোচ বোধক শব্দ, পরন্তু।

**কিন্নর,** বি, পুং ( কিম্+নর ) দেবযোনি বিং। স্বর্গীয় গায়ক। কিম্ (কুৎসিত) যে নর, কর্ম্মধা। ইহাদের অশ্বের ন্যায় মুখ ও মনুষ্যের ন্যায় শরীর বলিয়া কিন্নর নাম হইল। স্ত্রী,-রী।

**কিন্নরেশ,** বি, পুং ( কিন্নর+ ঈশ=পতি, প্রভু ) যক্ষরাজ, কুবের।

**কিম্,** ব্য ; কুৎসিত। নিন্দা। সংশয়। প্রশ্ন। বিতর্ক। নিষেধ।

**কিম্,** সর্ব্ব ; কে, কি।

**কিম্ভূত,** বিণ ( কিম্=কি-ভূ -ক্ত ) কীদৃশ কি প্রকার।

**কিয়ৎ,** বিণ ( কিম+বতু ) কি পরিমাণ, কত। কিঞ্চিৎ,কিছু।

**কিরণ,** বি, পুং কৃ=বিক্ষেপক্র-কর্ম্ম-অন ) যে আলো বিক্ষেপ করে, অংশু, রশ্মি।

**কিরণমালী,** বি, পুং ; ( কিরণ-মালা+ইন্, অস্ত্যর্থে ) সূর্য্য।

**কিরাত,** বি, পুং ( কির=প্রান্ত-ভাগ-অত্-কর্ত্তৃ-অন্ ) যাহারা গ্রামের প্রান্তভাগে বাস করে, ব্যাধ, বন্যজাতি। স্ত্রী,-তী।

**কিরীচ্,** ( যা ) বি ; অস্ত্র বিং।

**কিরীট,** বি, পুং,ক্লী ( কৃ-বিক্ষেপ ক্র কর্তৃ-কীটন্ ) সুবর্ণময় বা রত্নখচিত বলিয়া যে রশ্মি ক্ষেপণ করে, শিরোভূষণ, মুকুট।

**কিরীটী,** বি, পুং ( কিরীট+ইন্, অস্ত্যর্থে ) অর্জ্জুন। বিণ ; কিরীটধারী। স্ত্রী,-টিনী।

**কিল,** ব্য ; প্রসিদ্ধি। নিশ্চয়। বার্ত্তা। মিথ্যা। হেতু। সম্ভাবনা। তিরস্কার। ( প্রা ) বদ্ধ মুষ্টি।

কিল্লা, কেল্লা, ( যা ) বি; সৈন্যাবাস, দুর্গ।
কিশ (স) লয়, বি,পুং, ক্লী (কিম্-শল্-কর্ত্তৃ-কয়ন্) নব পল্লব।
কিশোর, বিণ, বি ( কিম্-শৃ-কর্ত্তৃ-ওরন্ ) শিশু। ১১—১৫ বৎসর পর্য্যন্ত বয়স্ক বালক। নবযুবা। অশ্ব-শাবক। স্ত্রী,-রী
কিশ্ মিশ্, ( যা ) বি; মধুপক্ক আঙ্গুর ফল।
কিস্কিন্ধ্যা ( ন্ধ্যা ), বি, স্ত্রী; বালি নামক বানর রাজের রাজধানী। পার্ব্বতীয় দেশ বিং।
কীকট, বি, পুং; অশ্ব। বিণ; দরিদ্র। কৃপণ।
কীকশ, বি পুং; চণ্ডাল।
কীচক, বি, পুং ( চীক্=শব্দকৃ-কর্ত্তৃ-ণক; চীক্=কীচ ) বায়ু সংযোগে শব্দ কারক বাঁশ। বিরাটরাজ-শ্যালক।
কীট, বি, পুং ( কীট্-অল ) কৃমি, পোকা।
কীটজ, বি, ক্লী ( কীট-জন-ক্ত ) রেশম।
কীটাণু, বি, পুং ( কীট+অণু ) চক্ষুর অগোচর অতি ক্ষুদ্র কীট।
কীদৃক্(শ), ( কিম্-দৃশ-কর্ম্ম-ক্বিপ্ )
কীদৃশ, ( ঐ-টক্ ) বিণ; কি-প্রকার, কেমন। স্ত্রী,-শী।
কীর্ণ, বিণ (কৄ-কর্ম্ম-ক্ত) বিক্ষিপ্ত। ব্যাপ্ত।
কীর্ত্তন, বি, ক্লী ( কীর্ত্তি-অনট্ ) বর্ণন, গুণ কথন। কৃষ্ণলীলা বিষয়ক সঙ্গীত। বিণ.-র্ত্তিত।
কীর্ত্তি, বি, স্ত্রী ( ঐ-ক্তি ) যশঃ, সুখ্যাতি।
কীর্ত্তিত, বিণ ( ঐ-ক্ত ) বর্ণিত। কথিত।
কীর্ত্তিমান, বিণ,পুং (কীর্ত্তি+মতু, অস্ত্যর্থে ) কীর্ত্তি বিশিষ্ট। স্ত্রী,-মতী।
কীর্ত্তিস্তম্ভ, বি, পুং; স্মরণার্থে নির্ম্মিত স্তম্ভাদি, স্মৃতি-মন্দির। কর্ম্মধা।
কীল, কীলক, বি, পুং; খিল, হুড়কা। গোঁজ।
কীলাল, বি, ক্লী ( কীল-অল্-কর্ত্তৃ-অন্ ) জল। রক্ত। অমৃত। মধু। পুং; পশু।
কু, বিণ; কুৎসিত, মন্দ। ঈষৎ। বি; পৃথিবী।
কুঁচ ( প্রা ) বি; গুঞ্জা। গুঞ্জা-পরিমাণ।
কুঁচ্‌কি, ( প্রা ) বি; উরু [ সন্ধিস্থান।
কুঁজ, ( প্রা ) বি; বক্রপৃষ্ঠ। বিণ; যারপৃষ্ঠ বক্র, কুব্জ।
কুঁজা, (প্রা) বি; জল পাত্র বিং।
কুঁড়ি, ( প্রা ) বি; কলিকা, মুকুল।

কুঁড়ে, (প্রা) বি; পত্রাদি নির্ম্মিত গৃহ, কুটীর। বিণ; অলস।

কুঁদ, ( প্রা ) বি; সূত্রধরের অস্ত্র বিং, ভ্রমিযন্ত্র।

কুকুন্দর বি. ক্লী; নিতম্বের উপরিস্থ আবর্ত্তাকার গর্ত্তদ্বয়।

কুকূল, বি, পুং; তুষানল। ক্লী; শঙ্কুদ্বারা সঙ্কীর্ণ গর্ত্ত। বর্ম্ম।

কুক্কুট, বি, পুং (কুক্-কুট্-কর্ত্তৃ-ক) কুঁক্‌ড়া, মোরগ। স্ত্রী,-টী।

কুক্কুটের নিকট চারিটী বিষয় শিক্ষণীয়; যথা—

"যুদ্ধং চ প্রাতরুত্থানং
ভোজনং সহ বন্ধুভিঃ।
স্ত্রিয়মাপদ্গতাং রক্ষেৎ
চতুঃ শিক্ষেত কুক্কুটাৎ॥" চাণক্য।

কুক্কুভ, বি, পুং ( কুক্-কু-ভ ) বন্য কুক্কুট।

কুক্কুর, বি, পুং ( কুক্-কুর্-কর্ত্তৃ-ক ) কুকুর, কুত্তা স্ত্রী,-রী।

কুক্কুরের ছয়টী গুণ—

"বহ্বাশী স্বল্পসন্তুষ্টঃ
সুনিদ্রঃ শীঘ্রচেতনঃ।
প্রভুভক্তশ্চ শূরশ্চঃ
জ্ঞাতব্যাঃ ষট্ শুনোগুণাঃ॥"
চাণক্য।

কুক্রিয়া, বি, স্ত্রী; অসৎকার্য্য, দুষ্কর্ম্ম।

কুক্ষি, বি, পুং, (কুষ্-ক্সি) উদর-গহ্বর। অভ্যন্তর।

কুঙ্কুম, বি, ক্লী (কুক্-কর্ম্ম-উমক্) কাশ্মীর দেশজ গন্ধদ্রব্য বিং।

কুচ, বি. পুং (কুচ্-কর্ত্তৃ-ক) যুবতীর স্তন।

কুচক্র, বি, ক্লী; ষড়যন্ত্র, কুমন্ত্রণা।

কুজ, বি, পুং (কু=পৃথিবী-জন্-ড) মঙ্গলগ্রহ।

কুজ্ঝটি, কুজ্ঝটিকা, বি, স্ত্রী (কু=জল+উৎ=ঊর্দ্ধ+ঝট্=মিলিত হওয়া-কর্ত্তৃ-ই; কুজ্ঝটি+কণ+স্ত্রী আপ্) যে জল বাষ্প রূপে উত্থিত হইয়া ঊর্দ্ধে মিলিত হয়, কুয়াসা।

কুঞ্চন, বি, ক্লী ( কুঞ্চ্-অনট্ ) সঙ্কোচন, কোঁকড়ান।

কুঞ্চিকা, বি, স্ত্রী ( ঐ-ণক ) কুঁচে মাছ। কুঁচ। চাবি।

কুঞ্চিত, বিণ ( ঐ-ক্ত ) সঙ্কুচিত। বক্রীকৃত।

কুঞ্জ, বি, পুং, ক্লী ( কু-জন-ড ) লতাগৃহ। হস্তিদন্ত। হস্তিশুণ্ড।

কুঞ্জর, বি, পুং ( কুঞ্জ+র, অস্ত্যর্থে ) হস্তী। ( শব্দের পরে থাকিলে ) শ্রেষ্ঠ। কেশ। স্ত্রী, -রা,-রী।

কুঞ্জরাশন, বি, পুং; অশ্বত্থবৃক্ষ। কুঞ্জরের (হস্তীর) অশন (ভক্ষ্য), ৬ষ্ঠীতৎ।

কুট, বি, পুং ( কুট-কর্ত্তৃ-ক ) দুর্গ। পর্ব্বত। বৃক্ষ।

কুটজ, বি, পুং ( কুট=পর্ব্বত-জন্‌-কর্ত্তৃ-ড ) গিরিমল্লিকা।

কুটিল, বিণ ( কুট্‌-কর্ত্তৃ-ইল্‌ ) বক্র। অসাধু। স্ত্রী,-লা। বি,-তা

কুটীর, বি, পুং, ক্লী (কুট+ঈরন্‌) পর্ণশালা, কুঁড়েঘর।

কুটুম্ব,বি,পুং (কুটুম্ব্‌=পোষণকৃ-কর্ত্তৃ-অন্‌) জ্ঞাতি। পরিবার, পোষ্যবর্গ।

কুটুম্বিতা, বি, স্ত্রী; কুটুম্ব-সম্বন্ধ।

কুটুম্বিনী, বি, স্ত্রী ( কুটুম্ব+ইন্‌ ) গৃহিণী।

কুট্টন, বি, ক্লী ( কুট্ট-অনট্‌ ) ছেদন। কোটা।

কুট্টনী, বি, স্ত্রী; দূতী, কুটনী।

কুট্টিম, বি, পুং, ক্লী ( কুট্ট-ডিম ) পাকা মেজে।

কুট্মল, কুড্মল, বি, পুং,ক্লী ( কুট্‌ বা কুড্‌-কর্ত্তৃ-ম্মলন্‌ ) ফুলের কুঁড়ি, মুকুল।

কুঠরী, (প্রা) বি; গৃহ, কামরা।

কুঠার, বি, পুং (কুঠ্‌=ছেদনকৃ-কারন্‌) যদ্দ্বারা ছেদন করা যায়, কুড়াল। বাইস

কুঠি, ( প্রা ) বি; অট্টালিকা। বাণিজ্যালয়।

কুড্য, বি, ক্লী ( কুড্‌-কর্ম্ম-ক্যপ্‌ ) দেওয়াল। বিলেপন।

কুড়ান, (প্রা), বি; সঞ্চয় করণ।

কুড়াল, (প্রা) বি; কুঠার, পরশু।

কুণপ, বি, পুং, ক্লী ( কুণ-কর্ত্তৃ-কপন্‌ ), দুর্গন্ধ। অস্ত্র বিং। শব। স্ত্রী,-পী=বিট্‌ শারিকা, গুয়ে শালিক।

কুণ্ঠ, কুণ্ঠিত, বিণ ( কুণ্ঠ-কর্ত্তৃ-অন, ক্ত ) জড়। সঙ্কুচিত। অক্ষম। কাতর।

কুণ্ড, বি, ক্লী ( কুন্‌ড-অল্‌ ) দেব জলাশয়। অগ্নিস্থাপনের গর্ত্ত। পুং; পতিসত্ত্বে জারজ পুত্র। স্ত্রী,-ণ্ডা।

কুণ্ডল, বি, ক্লী ( কুন্‌ড কলচ্‌ ) কর্ণ ভূষণ। বলয়াকৃতি বেষ্টন।

কুণ্ডলী, বিণ ( কুণ্ডল+ইন্‌ ) কুণ্ডলধারী। বি; সর্প। স্ত্রী, -লিনী।

কুতঃ, ব্য ( কিম্‌+তস্‌, ৫মী বা ৭মী স্থানে ) কোথা হইতে। কোথায়। কিজন্য।

কুতূহল, বি, ক্লী (কুতূ-হল্‌-কর্ত্তৃ-অন্‌) কোন নূতন বিষয় দেখিবার, শুনিবার বা জানিবার জন্য আগ্রহ। বিণ; আশ্চর্য্যজনক।

কুতূহলী, বিণ ( কুতূহল+ইন্‌ ) যার কুতূহল জন্মিয়াছে। স্ত্রী, -লিনী।

কুত্র, ব্য ( কিম্‌+ত্র ) কোথায়, কোন্‌ স্থানে।

কুত্রাপি, ব্য ( কুত্র+অপি ) কোথাও, কোন স্থানেই।

কুৎসা, বি, স্ত্রী (কুৎস-অ) নিন্দা।
কুৎসিত, বিণ ( ঐ-ক্ত) নিন্দিত। বিশ্রী। জঘন্য।
কুন্ত, বি, পুং ; অস্ত্রবিং, কোঁচ। পক্ষবিশিষ্ট বাণ।
কুন্তল, বি, পুং ( কুন্ত-লা-কর্তৃ-ড) কেশ। লাঙ্গল। পানপাত্র।
কুন্দ, বি, পুং, ক্লী ( কু-দন্ ) কুঁদ ফুল। পুং ; ভ্রামযন্ত্র।
কুপথ, বি, পুং ( কু+পথিন ) অসৎপথ।
কুপথগামী, বিণ (কুপথ-গম্-কর্তৃ-ণিন্ ) অসৎ পথাবলম্বী। স্ত্রী,-মিনী।
কুপথ্য, বি, ক্লী; অহিতকর পথ্য।
কুপিত, বিণ ( কুপ্-কর্তৃ-ক্ত ) ক্রুদ্ধ, রুষ্ট।
কুমড়া, (প্রা) বি ; তরকারী বিং, কুষ্মাণ্ড।
কুমার, বি, পুং (কুমার্=ক্রীড়াকৃ-কর্তৃ-অন্ ) ক্রীড়া করে যে অথবা কু ( কুৎসিত ) হইয়াছে মার ( কন্দর্প ) যাহা হইতে অর্থাৎ নিতান্ত সুন্দর, এই অর্থে, পঞ্চমবর্ষীয় বালক। কার্ত্তিকেয়। যুবরাজ। পুত্র। স্ত্রী,-রী।
কুমারিকা, বি, স্ত্রী ( কুমারী+কণ্ ) কুমারী। ভারতবর্ষের দক্ষিণস্থ অন্তরীপ বিং।
কুমারী, বি, স্ত্রী (কুমার+স্ত্রীঈপ্) বালিকা। কন্যা। দ্বাদশবর্ষীয়া অবিবাহিতা কন্যা।
কুমীর, (প্রা) বি ; কুম্ভীর, নক্র।
কুমুদ, বি, ক্লী (কু=পৃথিবী-মুদ্-কর্তৃ-ক) শ্বেতোৎপল, সুঁদি।
কুমুদবান্ধব, বি, পুং ; চন্দ্র। শশীতৎ।
{ কুমুদিনী, (কুমুদ+ইন্+স্ত্রীঈপ্)
{ কুমুদ্বতী, (কুমুদ+বতু+স্ত্রীঈপ্) বি, স্ত্রী ; কুমুদের ঝাড়।
কুমেরু, বি, পুং ; পৃথিবীর দক্ষিণ কেন্দ্র।
কুম্ভ, বি, পুং (ক=জল-উন্ভ=পূরণকৃ-অন্ ) ঘট, কলস। গজ-কুম্ভ। রাশি বিং।
কুম্ভক, বি, পুং ( কুম্ভ+কণ্) মুখ ও নাসারন্ধ্র বন্ধ করিয়া নিশ্বাস রোধ। [ ষণ্ ) কুমার।
কুম্ভকার, বি, পুং (কুম্ভ-কৃ-কর্তৃ-
কুম্ভযোনি, বি, পুং ; অগস্ত্যমুনি। দ্রোণাচার্য্য। বশিষ্ঠ।
কুম্ভীপাক, বি, পুং ; নরক বিং।
কুম্ভী, বি, পুং ; হস্তী। মৎস্যবিং।
কুম্ভীর, বি, পুং ( কুম্ভিন্=মৎস্যাদি-রা-কর্তৃ-ড ) কুমীর।
কুয়া, (প্রা) বি ; কূপ। ইঁদারা।
কুয়াসা, ( প্রা ) বি ; কুজ্ঝটিকা।
কুরঙ্গ, বি, পুং (কুর্-কর্তৃ-অঙ্গচ্ ) হরিণ।
কুরঙ্গনয়না, বিণ ; মৃগনেত্রা,

হরিণের ন্যায় আয়তলোচনা।

কুরঙ্গম, বি, পুং ( কু-রঙ্গ-মা-কর্ত্তৃ-ড ) হরিণ।

কুরণ্ড, বি, পুং ( কুর্-অণ্ডচ্ ) কোষবৃদ্ধি।

কুরর, বি, পুং ( কুর্=ছেদনকৃ-অরন্) যে করুণাধ্বনি দ্বারা ধৈর্য্য নষ্ট করে, কুরল পাখী, উৎক্রোশপক্ষী। স্ত্রী,-রী।

কুরবক, কুরুবক, বি, পুং ; ঝাঁটী ফুলের গাছ।

কুরু, বি, পুং ( কুর্=ছেদনকৃ-উ ) যিনি অন্যান্য রাজাদের ক্ষমতা নষ্ট করেন, চন্দ্রবংশীয় নৃপবিং। দেশবিং।

কুরুক্ষেত্র, বি, ক্লী ; কুরুপাণ্ডবের যুদ্ধস্থল, থানেশ্বর। কুরুরাজ এইস্থান কর্ষণ করিয়াছিলেন বলিয়া ইহা কুরুক্ষেত্র নামে প্রসিদ্ধ।

কুরুম্ব, বি, ক্লী ; কমলালেবু।

কুরুবিন্দ, বি, পুং ( কুরু-বিদ্-কর্ত্তৃ-শ ) পদ্মরাগমণি। হিঙ্গুল। দর্পণ। মুস্তা, মুতা।

কুরুবৃদ্ধ, বি, পুং ( কুরু+বৃদ্ধ ) ভীষ্ম। ৬ষ্ঠীতৎ।

কূর্দ্দন, কুর্দ্দন, বি, ক্লী ( কূর্দ্দ-অনট্ ) ক্রীড়া। আস্ফালন, কুঁদুনি।

কু(কূ)র্পর, বি, পুং ( কুর্-পর ) কণুই। জানু।

কুল, বি, ক্লী ( কুল্-কর্ত্তৃ-ক ) বংশ। গোষ্ঠী। সমূহ। সজাতীয়।

কুলকামিনী, বি, স্ত্রী ; সদ্বংশ-জাতা কন্যা।

কুলকুণ্ডলিনী, বি, স্ত্রী ; তন্ত্রশাস্ত্র প্রসিদ্ধা শক্তি বিং।

কুলক্ষণ, বি, ক্লী ; মন্দচিহ্ন। বিণ ; মন্দচিহ্ন বিশিষ্ট।

কুলক্ষয়, বি, পুং ; বংশনাশ। বংশের গৌরবনাশ। ৬ষ্ঠীতৎ।

কুলজ, বিণ ( কুল-জন্-ড ) সদ্বংশজাত।

কুলটা. বি, স্ত্রী ( কুল-অট্=গমনকৃ-অন্ ) যে কুল হইতে গমন করে, অসতী স্ত্রী।

কুলতন্তু, বি, পুং ; বংশধর, সন্তান।

কুলতিলক, বিণ ; বংশের গৌরব স্বরূপ। কুলের তিলক ( শ্রেষ্ঠ ), ৬ষ্ঠীতৎ।

কুলত্থ, বি, পুং ; কলায় বিং।

কুলধর্ম্ম, বি, পুং ; বংশানুক্রমে আচরিত আচার বা ক্রিয়ানুষ্ঠান। ৬ষ্ঠীতৎ।

কুলপতি, বি, পুং ; কুলশ্রেষ্ঠ। যিনি অন্নদান করিয়া দশ সহস্র শিষ্যের অধ্যাপনা করেন। ৬ষ্ঠীতৎ।

কুলপর্ব্বত, বি, পুং ; মহেন্দ্র, মলয় প্রভৃতি ৭টী পর্ব্বত।

কুলপ্রদীপ, বি, বংশোজ্জ্বলকারী সৎপুত্র। কুলের প্রদীপ স্বরূপ, উপমি।

কুলমর্য্যাদা, বি, স্ত্রী ; বংশ-গৌরব।

কুললক্ষণ, বি, ক্লী ; বল্লালসেন প্রবর্ত্তিত কৌলীন্যের নববিধ লক্ষণ, যথা—আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, বৃত্তি, তপস্যা, দান।

"আচারোবিনয়োবিদ্যা
প্রতিষ্ঠা তীর্থদর্শনং।
নিষ্ঠাবৃত্তিস্তপোদানং
নবধা কুললক্ষণম্॥"

কুলবতী, কুলবধূ, কুলবালা, কুলস্ত্রী } বি, স্ত্রী ; যে স্ত্রী বংশের নিয়মানুসারে চলে, কুল-কামিনী, সাধ্বী স্ত্রী।

কুলা, ( প্রা ) বি ; শূর্প।

কুলাঙ্গার, বিণ ( কুল + অঙ্গার ) যাহা হইতে কুলের কলঙ্ক হয়। উপমিত কর্ম্মধা।

কুলাচার, বি, পুং ( কুল + আচার ) কুলের নিয়মানুযায়ী কর্ম্ম।

কুলাচার্য্য, বি, পুং ( কুল + আচার্য্য ) কুলগুরু। কুল-পুরোহিত। ঘটক।

কুলাদর্শ, বি, পুং ; বংশপরি-চায়ক শাস্ত্র।

কুলান, (প্রা) বি ; নির্ব্বাহ হওয়া।

কুলায়, বি, পুং (কুল-অয়্-অধি-অল্ ) যেখানে পক্ষিকুলের বৃদ্ধি হয়, পক্ষীর বাসা, নীড়।

কুলাল, বি, পুং ( কু = মৃত্তিকা লাল্-কর্ত্তৃ-অন্ ) কুম্ভকার।

কুলিশ, বি, পুং, ক্লী ( কুলিন্ = পর্ব্বত-শো-কর্ত্তৃ-ড) ইন্দ্রেরবজ্র।

কুলীন, বিণ ( কুল্ + ঈন ) সদ্বংশজাত।

কুলীর, বি, পুং ( কুল-ঈরক্ ) কাঁকড়া।

কুলুপ, ( প্রা ) বি ; তালা।

কুল্যা, বি, স্ত্রী ; কৃত্রিম ক্ষুদ্রনদী, গড়খাই।

কুবল, বি, ক্লী ( কু-বল্-কর্ত্তৃ-অন্ ) উৎপল। মুক্তাফল। বদরীফল।

কুবলয়, বি, ক্লী ( কু + বলয় ) পদ্ম। শ্বেতপদ্ম। নীলপদ্ম। 'কু'র ( পৃথিবীর ) বলয়স্বরূপ উপমি। অথবা কু ( কুৎসিত ) বলয় ( পত্রবেষ্টন ) যার, বহু।

কুবিন্দ, বি, পুং ; (কু-বিন্দ্-কর্ত্তৃ-শ ) তন্তুবায়, তাঁতি।

কুবের,বি, পুং (কুন্ব-কর্ত্তৃ-এরক্) স্তুতিকরে ধনকে যে, ধনাধিপ, যক্ষরাজ।

কুব্জ, বিণ ( কু=ঈষৎ-উব্জ্=ঋজুহ-অন্ ) যাহার ঈষৎ ঋজুতা আছে, উন্নত পৃষ্ঠ, কুঁজো। স্ত্রী,-ব্জা।
কুশ, বি, পুং, ক্লী ( কু=পৃথিবী-শী-কর্ত্তৃ-ড ) স্বনামখ্যাত তৃণ বিং। পুং; শ্রীরামচন্দ্রের পুত্র। দ্বীপ বিং।
কুশণ্ডিকা, বি, স্ত্রী; অগ্নিসংস্কার ক্রিয়া বিং।
কুশল, বি, ক্লী ( কুশ্-কলন্ ) কল্যাণ, মঙ্গল। বিণ; ( কুশ-লা-ড ) দক্ষ, নিপুণ। [ সূক্ষ্ম।
কুশাগ্রীয়, বিণ; কুশাগ্রের ন্যায়
কুশাসন, বি, ক্লী (কুশ+আসন) কুশনির্ম্মিত আসন। কর্ম্মধা।
কুশীদ, কুসীদ, বি, ক্লী (কুশ-ঈদ) বৃদ্ধিজীবিকা, সুদ।
কুশীদজীবী, কুশীদিক, } বিণ; বৃদ্ধিজীবী, যে টাকার সুদের দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। স্ত্রী,-বিনী।
কুশীদব্যবহার, বি, পুং; সুদকষা। সুদলইয়া টাকা ধার দেওয়া।
কুশীলব, বি, পুং; নট, নর্ত্তক। কুশ ও লব নামে শ্রীরামচন্দ্রের পুত্রদ্বয়। দ্বন্দ্ব।
কুশূল, বি, পুং ( কুশ্-কুলচ্ ) ধান্যাদি রাখিবার গোলা। তুষের আগুন।
কুশেশয়, বি, ক্লী ( কুশে=জলে-শী-কর্ত্তৃ-অন্ ) পদ্ম।
কুষ্ঠ, বি, ক্লী ( কুষ্-কথন্ ) রোগ বিং, মহাব্যাধি।
কুষ্মাণ্ড, বি, পুং ( কু+উষ্মন্+অণ্ড ) কুমড়া।
কুসংস্কার, বি, পুং; সমুচিত বিবেচনা না করিয়া সিদ্ধান্ত করা। বিপরীত সংস্কার।
কুসুম, বি, ক্লী ( কুস্=দীপ্তিপা-কর্ত্তৃ-উমক্ ) পুষ্প। স্ত্রীরজঃ।
কুসুমমালিকা, বি, স্ত্রী; ছন্দো বিং
কুসুমাকর, কুসুমাগম, বি, পুং; বসন্তকাল।
কুসুমাঞ্জলি, বি, স্ত্রী; পুষ্পাঞ্জলি।
কুসুমায়ুধ, বি, পুং ( কুসুম+আয়ুধ ) কন্দর্প। বহুব্রী।
কুসুমিত, বিণ ( কুসুম+ইত ) পুষ্পিত।
কুসুমেষু, বি, পুং (কুসুম+ইষু) কন্দর্প।
কুসুম্ভ, বি, ক্লী; কুসুম ফুল।
কুহক, বি, ক্লী ( কুহ্-কর্ত্তৃ-ণক) ইন্দ্রজাল। মায়া। ছল।
কুহকী, বিণ ( কুহক+ইন্ ) ঐন্দ্রজালিক। মায়াবী। স্ত্রী,-কিনী।
কুহন, বি, পুং ( কুহ-অনট্ ) মূষিক। চোর। ᐟর্প। ক্লী; কাচপাত্র। মৃণ্ময় ভাণ্ড।

কুহর, বি, ক্লী ( কুহ-রা-ড ) গহ্বর। ছিদ্র। কণ্ঠধ্বনি।

কুহরিত, বিণ ( কুহর + ইত ) ধ্বনিত।

কুহু, কুহূ, বি, স্ত্রী ( কুহ্ + কু, উপ্ ) কোকিল-ধ্বনি। অমাবস্যা।

কুহুকণ্ঠ, বি, পুং ; কোকিল। বহুব্রী।

কুহুরব, বি, পুং ; কুহুধ্বনি। কোকিল। বহুব্রী।

কুহেলিকা, বি, স্ত্রী ; কুজ্ঝটিকা, কুয়াসা।

কূকুদ, বি, পুং ; অলঙ্কৃতা কন্যাকে যে ব্যক্তি বিধি পূর্ব্বক সৎপাত্রে দান করে।

কূজন, বি, ক্লী (কূজ্-ভাবে-অনট্) পক্ষি-ধ্বনি। অব্যক্ত শব্দ।

কূজিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) ধ্বনিত। বি, ক্লী ( ঐ-ভাবে-ক্ত ) পক্ষিধ্বনি।

কূট, বি, ক্লী ( কূট্-অন্ ) গিরিশৃঙ্গ। মৃগাদির বন্ধনযন্ত্র, ফাঁদ। কপট। সমূহ। পুং ; গৃহ। বিণ ; মিথ্যা।

কূটস্থ, বিণ ; যে একভাবে চিরকাল থাকে, উদাসীন, নির্ব্বিকার, অটল, স্থির; যেমন, —পরমাত্মা, আকাশ ইত্যাদি।

কূটার্থ, বি, পুং ; কঠিনার্থ। বিরুদ্ধ বা গুপ্ত অর্থ।

কূপ, বি, পুং ( কূ=শব্দকৃ-পক্ ) ভেকেরা যাহাতে শব্দ করে, পাৎকূয়া। গর্ত্ত।

কূপমণ্ডূক, বি, পুং ; কূয়ার বেঙ্। ৬ষ্ঠীতৎ। বিণ ; অদূর-দর্শী, অল্পজ্ঞ। যাহার জ্ঞান ও অভিজ্ঞতা কূপস্থ ভেকের ন্যায় সীমাবদ্ধ।

কূর্চ্চ, বি, পুং, ক্লী ; ভ্রূদ্বয়ের মধ্যস্থান। শ্মশ্রু।

কূর্চ্চিকা, বি, স্ত্রী ; তূলি। পেন্‌-সিল্। শলাকা। কুঁচী।

কূর্দ্দন, কুর্দ্দন দেখ। "অশিক্ষিত সমাজে গীতের নাম চীৎকার, কি কণ্ঠ-কূর্দ্দন ;" ( প্রভাত চিন্তা )

কূর্পর, বি, পুং ; কনুই, হাঁটু।

কূর্ম্ম, বি, পুং ; কচ্ছপ। কু ( কুৎসিত ) ঊর্ম্মি ( বেগ যার, বহু।

কূল, বি, ক্লী ( কূল্-কর্ত্তৃ-ক ) নদী প্রভৃতির তীর। সমূহ।

কূলঙ্কষ, বি, পুং ( কূল-কষ্-কর্ত্তৃ-খ ) সমুদ্র। স্ত্রী,-ষা, নদী।

কৃকলাস(শ), বি, পুং ( কৃক= গলদেশ-লস্ ( শ্ )-কর্ত্তৃ-ষণ্ ) সরীসৃপ বিং, কাঁকলাস।

কৃচ্ছ্র, বি, ক্লী ( কৃৎ-কর্ত্তৃ-রক্ ) কষ্ট। বিণ ; কষ্টদায়ক।

কৃচ্ছ্রসাধন, বি, ক্লী ; কঠোর ব্রতাদি অবলম্বন।

কৃত, বিণ ( কৃ-কর্ম্ম-ক্ত ) রচিত। সম্পাদিত। শিক্ষিত। উপযুক্ত। ক্লী ( ঐ-ভাবে ) সত্যযুগ। কার্য্য। প্রয়োজন। ফল।

কৃতক, বিণ ( কৃত+কণ্ ) কৃত্রিম, কল্পিত।

কৃতকর্ম্ম (র্ম্মন্), বিণ; কৃতকার্য্য। কার্য্যক্ষম। কৃত হয় বা হইয়াছে কর্ম্ম যৎকর্ত্তৃক, বহু।

কৃতকার্য্য, বিণ; সিদ্ধমনোরথ, চরিতার্থ। কৃত হইয়াছে কার্য্য যৎকর্ত্তৃক, বহু। বি,-তা।

কৃতকৃত্য, বিণ; কৃতকার্য্য। কৃতার্থ। বিদ্বান্। কৃত হইয়াছে কৃত্য ( কার্য্য ) যাহার বা যৎ কর্ত্তৃক, বহু।

কৃতঘ্ন, বিণ ( কৃত-হন্-কর্ত্তৃ-টক্ ) যে উপকার না করিয়া বরং উপকারীর অপকার করে, অ-কৃতজ্ঞ, নেমকহারাম। স্ত্রী,-ঘ্নী। বি,-তা। ( ভাবার্থে তা )।

কৃতজ্ঞ, বিণ ( কৃত-জ্ঞা-কর্ত্তৃ-ড ) যে উপকার স্বীকার করে। বি, -তা। ( ভাবার্থে তা )।

কৃতদার, বিণ (কৃত+দার=স্ত্রী) বিবাহিত।

কৃতদাস, বি, পুং; বিশেষ নিয়মে আবদ্ধ ভৃত্য।

কৃতনিশ্চয়, বিণ; স্থির সঙ্কল্প। বহুব্রী।

কৃতবিদ্য, বিণ; বিদ্বান্, কোন বিষয়ে সুপণ্ডিত। কৃত হইয়াছে বিদ্যা যাহার, বহু।

কৃতহস্ত, বিণ; ক্ষিপ্রহস্ত। কার্য্যদক্ষ।

কৃতাঞ্জলি, বিণ ( কৃত+অঞ্জলি) যুক্তকর, বদ্ধাঞ্জলি। বহুব্রী। বি স্ত্রী; যোড়হাত।

কৃতাঞ্জলিপুটে, ক্রিবিণ; যোড়-হস্তে। অঞ্জলির পুট, ৬ষ্ঠীতৎ; কৃত হইয়াছে অঞ্জলিপুট যাহাতে, বহু।

কৃতান্ত, বি, পুং ( কৃত+অন্ত ) যম। দৈব। কৃতের ( সৃষ্টবস্তুর ) হয় অন্ত ( নাশ ) যাহা হইতে, বহু।

কৃতার্থ, বিণ চরিতার্থ। কৃত ( সিদ্ধ ) অর্থ ( প্রয়োজন ) যাহার, বহু। বি,-তা।

কৃতার্থম্মন্য, বিণ ( কৃতার্থ-মন্-কর্ত্তৃ-খ্য ) যে আপনাকে কৃতার্থ বোধ করে।

"কৃতার্থম্মন্য চিত্তে শকুন্তলাকে উদ্দেশ করিয়া"। ( শকুন্তলা )।

কৃতি, বি, স্ত্রী ( কৃ-ক্তি ) কার্য্য। যত্ন। রচনা।

কৃতিত্ব, বি, ক্লী ( কৃতিন্+ত্ব ) দক্ষতা, কৃতকার্য্যতা।

কৃতী ( তিন্ ), বিণ ( কৃত+ইন্, অস্ত্যর্থে ) পণ্ডিত। পুণ্যবান্।

কার্য্যদক্ষ। উপযুক্ত। বি, কৃতিত্ব।

কৃত্ত, বিণ ( কৃৎ-কর্ম্ম-ক্ত ) ছিন্ন, খণ্ডিত।

কৃত্তি, বি, স্ত্রী ( ঐ-ক্তি ) চর্ম্ম।

কৃত্তিবাস, বি, পুং ; শিব। কৃত্তি ( চর্ম্ম ) হইয়াছে বাস ( বস্ত্র ) যাঁহার, বহু।

কৃত্য, বি, ক্লী ( কৃ-কর্ম্ম-ক্যপ্ ) কার্য্য। বিণ; কর্ত্তব্য।

কৃত্রিম, বিণ ( কৃ-ত্রিমক্ ) ক্রিয়া দ্বারা নিষ্পন্ন। কল্পিত, অযথার্থ।

কৃৎস্ন, বিণ ( কৃৎ-স্নক্ ) সকল। সম্পূর্ণ।

কৃন্তন, বি, ক্লী (ঐ-অনট্) ছেদন।

কৃপ, বি, পুং ( কৃপ্-কর্ত্তৃ-ক ) •শরদ্বান্ মুনির পুত্র, কৃপাচার্য্য।

কৃপণ, বিণ ( ঐ-অনক্ ) ব্যয়কুণ্ঠ। কাতর বি,-তা, কার্পণ্য।

কৃপা, বি, স্ত্রী ( কৃপ্-ভাবে-ঙ ) দয়া। বিণ,-লু।

কৃপাণ, বি, পুং ( কৃপা-নুদ্-কর্ত্তৃ-ড ) খড়্গ, তরবারি।

কৃপালু, বিণ ( কৃপা+আলু, শীলার্থে ) দয়ালু।

কৃপীট, বি, ক্লী (কৃপ্-কর্ত্তৃ-কীটন্) জল। কাষ্ঠ। বন। উদর।

কৃমি, বি, পুং ( ক্রম্-কর্ত্তৃ-ই ) কীট, পোকা। [ তাঁত।

কৃবি, বি, পুং ( কৃ-করণ-ক্বিন্ )

কৃশ, বিণ (কৃশ্-কর্ত্তৃ-ক্ত) ক্ষীণ। ক্ষুদ্র। অল্প। বি,-তা। স্ত্রী,-শা।

কৃশাঙ্গ, বিণ (কৃশ+অঙ্গ) ক্ষীণ-দেহ। বহুব্রী। স্ত্রী,-ঙ্গী।

কৃশানু, বি, পুং ( কৃশ্-আনুক্ ) অগ্নি।

কৃষক, বি, পুং ( কৃষ্-কর্ত্তৃ-অক ) যে কৃষিকার্য্য করে, চাষা।

কৃষাণ, ( প্রা ) বি ; বেতনভোগী কৃষক, চাষা।

কৃষি, বি, স্ত্রী ( কৃষ্-ভাবে-ইক্ ) কৃষিকার্য্য, চাষ।

কৃষিকর্ম্ম, বি, ক্লী ; ক্ষেত্র কর্ষণাদি কার্য্য।

কৃষিজীবী, বিণ ( কৃষি-জীব্-ণিন্ ) কৃষি ব্যবসায়ী। কৃষিদ্বারা জীবী, ৩য়াতৎ। স্ত্রী,-বিনী।

কৃষীবল, বি, পুং (কৃষি+বলচ্) কৃষক।

কৃষ্ট, বিণ ( কৃষ্-ক্ত ) যাহা কর্ষণ-করা হইয়াছে। আকৃষ্ট।

কৃষ্ণ, বি, পুং (কৃষ্=আকর্ষ+কৃ-কর্ত্তৃ-ণক্ ) যিনি মনুষ্যের মন আকর্ষণ করেন, শ্রীভগবানের অবতার, বাসুদেব। বিণ; কালবর্ণ। [ ক্লিশিষ্ট।

কৃষ্ণকায়, বিণ ; কৃষ্ণবর্ণ দেহ

কৃষ্ণকেলি, বি, পুং ; স্বনাম প্রসিদ্ধ পুষ্প বৃক্ষ বিং। ক্লী ; ঐ পুষ্প।

কৃষ্ণচূড়া, বি, স্ত্রী ; পুষ্প বৃক্ষ বিং। ক্লী, ঐ পুষ্প।
কৃষ্ণপক্ষ, বি, পুং ; যে পক্ষে চন্দ্রকলার ক্ষয় হয়।
কৃষ্ণসার, বি, পুং ; কালসার মৃগ। কৃষ্ণ হইয়াছে সার যাহার, বহু। [ দ্রৌপদী।
কৃষ্ণা, বি, স্ত্রী (কৃষ্ণ + স্ত্রীআপ্)
কৃষ্ণাগুরু, বি, ক্লী ( কৃষ্ণ + অগুরু ) কৃষ্ণবর্ণ চন্দন।
কৃষ্ণাজিন, বি, ক্লী ( কৃষ্ণ + অজিন ) কৃষ্ণসার মৃগচর্ম্ম।
কৃষ্ণায়স, বি, ক্লী (কৃষ্ণ + অয়স্) চুম্বক লোহ। কর্ম্মধা।
কৃষ্য, বিণ ( কৃষ্-ক্যপ্) কর্ষণ যোগ্য।
কেকয়ী, কৈকেয়ী, বি, স্ত্রী ; দশরথ রাজপত্নী, ভরতের মাতা।
কেকর, বিণ ; যাহার চক্ষু বক্র, টেরা।
কেকা, বি, স্ত্রী ( কে-কৈ-কর্ত্তৃ-ড ) ময়ূরের শব্দ।
কেঁচো, ( প্রা ) বি ; কেচুয়া, মহীলতা।
{ কেতক, বি, পুং (কিত্-কর্ত্তৃ-ণক)
কেতকী, বি, স্ত্রী ( কেতক + ঈপ্ ) কেয়াফুলের গাছ। ক্লী ; ঐ ফুল।
কেতন, বি, ক্লী ( কিত্-অনট্ ) ধ্বজা, পতাকা। চিহ্ন। গৃহ।
কেতু, বি, পুং ; নবম গ্রহ। ধ্বজা। চিহ্ন।
কেদার, বি, পুং ( কে-দারি-অন্ ) শিব। ক্ষেত্র। ক্ষেত্রের আলি। পর্ব্বত বিং।
কেননা, ব্য ; যেহেতু, কারণ।
কেন্দ্র; বি, ক্লী ; সূর্য্য হইতে গ্রহাদির দূরত্ব। পৃথিবীর উত্তর দক্ষিণ প্রান্ত। বৃত্তাদির ঠিক মধ্যস্থল। ( centre শব্দজ )।
কেয়ূর, বি, ক্লী ( কে-যু-উর ) অঙ্গদ, বাজু।
কেয়ূরবন্ধ, বি, পুং ; অঙ্গদ ( বাজু ) পরিধানের স্থান।
কেরল, বি, পুং ; মালবার দেশ।
কেলি, বি, পুং স্ত্রী ( কিল্ = ক্রীড়াকু-ভাবে-ই ) ক্রীড়া। পরিহাস।
কেবল, বিণ ( কেব্-কলচ্ ) একমাত্র।
কেশ, বি, পুং ( কে = মস্তকে-শী-ড ) চুল।
কেশপাশ, বি, পুং ; কেশগুচ্ছ। ভূষিত কেশ।
কেশর, কেসর, বি, পুং ক্লী (কে = জলে-শৃ বা সৃ-কর্ম্ম-অল্ ) পুষ্পের মধ্যস্থলে যে কেশের মত সূক্ষ্ম পদার্থ থাকে, কিঞ্জল্ক। পুং ; সিংহ প্রভৃতির ঘাড়ের চুল।

কেশরী, বি, পুং (কেশর+ইন্, অস্ত্যর্থে) সিংহ। স্ত্রী,-রিণী। (শব্দের পরে থাকিলে) শ্রেষ্ঠ।
কেশব, বি, পুং (ক=ব্রহ্মা+ঈশ=শিব-বা-কর্ত্তৃ-ড) বিষ্ণু।
কেশবিন্যাস, বি, পুং; কেশ-রচনা, কবরী বন্ধন। ৬ষ্ঠীতৎ।
কৈকয়ী, (কেকয়+ষ্ণ, অপত্যার্থে+স্ত্রীঈপ্)
কৈকেয়ী, (কৈকেয়+ষ্ণ, অপত্যার্থে+স্ত্রী ঈপ্) বি, স্ত্রী; দশরথ রাজার মধ্যমাপত্নী, ভরতের মাতা।
কৈটভ, বি, পুং; দৈত্য বিং।
কৈতব, বি, ক্লী (কিতব+ষ্ণ) ছল, শঠতা। দ্যূতক্রীড়া।
কৈরব, বি, ক্লী (কেরব=হংস+ষ্ণ) কুমুদ। স্ত্রী,-বী।
কৈরবী, বি, স্ত্রী; কৌমুদী, জ্যোৎস্না।
কৈলাস, বি, পুং (কৈল=[কেলিসমূহ, সুখ]-আস্-অধি-ঘঞ্) পর্ব্বত বিং, হিমালয়ের উত্তর শিখর। [কুবের।
কৈলাসনাথ, বি, পুং; শিব।
কৈবর্ত্ত, বি, পুং (কেবর্ত্ত+ষ্ণ) ধীবর, জেলে।
কৈবল্য, বি, ক্লী (কেবল+ষ্ণ্য, ভাবার্থে) মোক্ষ, সংসার-মুক্তি।
কৈশোর, বি, ক্লী (কিশোর+ষ্ণ) বাল্যাবস্থা, দশম বর্ষ হইতে পঞ্চদশ বর্ষ পর্য্যন্ত।
কোঁকড়ান, (প্রা) বি; কুঞ্চন, বক্রকরা। বিণ; কুঞ্চিত।
কোঁচা, (প্রা) বি; পরিহিত বস্ত্রের কুঞ্চিত অগ্রভাগ।
কোক, বি, পুং, চক্রবাক।
কোকনদ, বি. ক্লী (কোক=চক্রবাক-নদি-কর্ত্তৃ-অন্) রক্ত পদ্ম। চক্রবাক সন্ধ্যাকালে রক্তপদ্ম দেখিয়া চক্রবাকী ভ্রমে শব্দকরে, তজ্জন্য রক্তপদ্মের নাম কোকনদ।
কোকিল, বি, পুং (কুক্=গ্রহণকু-কর্ত্তৃ-ইল) যে কুহু ধ্বনি করিয়া মন হরণ করে, স্বনাম প্রসিদ্ধ পক্ষী, পিক। স্ত্রী,-লা।
কোকিলকণ্ঠী, বিণ, স্ত্রী; কো-কিলের ন্যায় মধুর কণ্ঠস্বর বিশিষ্টা (স্ত্রী)। বহুব্রী।
কোচ, বি, পুং; নীচজাতি বিং।
কোজাগর, বি, পুং; আশ্বিনী পূর্ণিমা।
কোটর, বি, পুং, ক্লী (কোট-রা-কর্ত্তৃ-ড) বৃক্ষ-গহ্বর, গাছের খোঁড়ল।
কোটাল, (যা) বি; প্রহরী, চৌকীদার।
কোটি (টী), বি, স্ত্রী; অস্ত্রা-দির প্রান্তভাগ। ধনুকের

অগ্রভাগ। শতলক্ষ সংখ্যা। রেখা বিং।

কোঠা, (প্রা) বি ; ইষ্টকময় গৃহ। কামরা।

কোণ, বি, পুং (কুণ্-ঘঞ্) গৃহাদির প্রান্ত। যে স্থানে দুই-রেখা মিলিত হয়।

কোদণ্ড, বি, পুং, ক্লী (কুণ্ = শব্দকৃ-কর্ত্তৃ-অণ্ডচ্) ধনুক।

কোন্দল, (প্রা) বি ; ঝগড়া, বিবাদ। [ক্রোধ।

কোপ, বি, পুং (কুপ্-ঘঞ্)

কোপন, বিণ (ঐ-অন্) ক্রুদ্ধ স্বভাব। স্ত্রী,-না।

কোপন স্বভাব, বিণ ; যে সহজে রাগিয়া উঠে। বহুব্রী। স্ত্রী,-বা।

কোপিত, বিণ (কোপি-ক্ত) যাহার ক্রোধ জন্মাইয়া দিয়াছে।

কোমল, বিণ (কম = ইচ্ছাকৃ-কর্ম্ম-কল) মৃদু, নরম। মধুর। মনোহর, সুন্দর। বি,-তা (ভাবার্থে তা)।

কোমলাঙ্গ, বিণ (কোমল + অঙ্গ) সুকুমার-দেহ। বহুব্রী। স্ত্রী,-ঙ্গী।

কোরক, বি, পুং, ক্লী (কুর্-কর্ত্তৃ-ণক) মুকুল, কুঁড়ি।

কোল, বি, পুং (কুল্-ঘঞ্) শূকর। অঙ্ক, ক্রোড়। আলিঙ্গন।

কোলম্বক, বি, পুং ; তন্ত্রী ভিন্ন বীণার সমুদায় অবয়ব।

কোলাকুলি, (প্রা) বি ; পরস্পর আলিঙ্গন।

কোলাহল, বি, পুং (কোল-আ-হল্-কর্ম্ম-অল্) কলকল ধ্বনি, গোল।

কোবিদ, বি, পুং (কো-বিদ্-ক) পণ্ডিত ব্যক্তি। দক্ষ।

"ক্ষত-প্রতীকার-কোবিদ ও শল্যোদ্ধরণ কুশল চিকিৎসকগণ"

(রজনী গুপ্ত)

কোবিদার, বি, পুং ; রক্তকাঞ্চন। মন্দার। পারিজাত।

কোশ, কোষ, বি, পুং, ক্লী (কুশ্ (ষ্)-ঘঞ্) খড়্গাদির খাপ। ধনাগার। অভিধান। কুট্মল, কুঁড়ি। ডিম্ব। অণ্ডকোষ। কাঁটালের কোয়া। মঞ্জুষা।

কোশ (স) ল, বি, পুং (কুশ্ = দীপ্তি পা-অল) অযোধ্যা।

কোশী (ষী), বি, স্ত্রী ; ক্ষুদ্র কোষা।

কোষা, (প্রা) বি ; তাম্রময় জলাধার, পূজাপাত্র বিং।

কোষাধ্যক্ষ, বি, পুং (কোষ + অধ্যক্ষ) ধনরক্ষক।

কোষ্ঠ, বি, পুং (কুষ্-থন্) গৃহ-মধ্য। উদর-মধ্য। শস্যাগার। মল, বিষ্ঠা।

কোষ্ঠশুদ্ধি, বি, স্ত্রী ; মলশোধন।

কোষ্ঠী, (প্রা) বি ; জন্ম-পত্রিকা।
কৌটা, ( প্রা ) বি ; কাষ্ঠাদি নির্ম্মিত ক্ষুদ্র পাত্র বিং, কুটই।
কৌটিল্য, বি, পুং (কুটিল + ষ্ণ্য) কুটিলতা। চাণক্য।
কৌতুক, বি, ক্লী ( কুতুক + ষ্ণ) কুতূহল। পরিহাস। আনন্দ। নৃত্যগীতাদি। হস্ত-সূত্র।
কৌতুকী, বিণ (কৌতুক + ইন্) যার কৌতুক জন্মিয়াছে। যে কৌতুক করে।
কৌতূহল, বি, ক্লী ( কুতূহল + ষ্ণ, স্বার্থে ) কোন নূতন বিষয় জানিবার জন্য আগ্রহ, ঔৎসুক্য।
কৌতূহলী, বিণ ( ঐ + ইন্, অস্ত্যর্থে ) উৎসুক।
কৌন্তেয়, বি, পুং (কুন্তী + ষ্ণেয়) কুন্তিপুত্র, যুধিষ্ঠিরাদি।
কৌপীন, বি, ক্লী ( কূপ + ঈন) চীরবসন, কপ্‌নি।
কৌমার, বি, ক্লী ( কুমার + ষ্ণ ) বাল্যকাল। জন্মাবধি ৫ম বর্ষ পর্য্যন্ত। ( তন্ত্রমতে ) ১৬শ বর্ষ পর্য্যন্ত।
কৌমুদ, বি, পুং ; কার্ত্তিকমাস।
কৌমুদী, বি, স্ত্রী ( কুমুদ = শুক্ল-পদ্ম + ষ্ণ + স্ত্রীঈপ্ ) জ্যোৎস্না। কার্ত্তিকী পূর্ণিমা।
কৌমোদকী, বি,স্ত্রী ; বিষ্ণুর গদা।
কৌরব, কৌরব্য, কৌরবেয়, বিণ ( কুরু + ষ্ণ, ষ্ণ্য, ষ্ণেয়, অপত্যার্থে ) কুরুবংশীয়।
কৌলিক, বিণ ( কুল + ষ্ণিক ) কুল ক্রমাগত। বামাচারী।
কৌলীন, বি, ক্লী (কুলীন + ষ্ণ) প্রধান ও প্রসিদ্ধ বংশে জন্ম। জনাপবাদ।
কৌলীন্য, বি,ক্লী (কুলীন + ষ্ণ্য) বংশ-মর্য্যাদা। [ নৈপুণ্য।
কৌশল, বি, ক্লী ( কুশল + ষ্ণ)
কৌশল্যা, বি, স্ত্রী ( কোশল + ষ্ণ্য, অপত্যার্থে + স্ত্রী আপ্ ) কোশল রাজার কন্যা, শ্রীরাম চন্দ্রের মাতা।
কৌশিক, বি, পুং ( কুশিক + ষ্ণ্য,অপত্যার্থে) বিশ্বামিত্র ঋষি।
কৌশিক, কৌষিক, বি, পুং (কোশ + ষ্ণিক) ইন্দ্র। সাপুড়ে। বেজী। পেচক। কোষাধ্যক্ষ। বিণ ; রেশমী।
কৌশেয়, কৌষেয়, বিণ ( কোশ (ষ) + ষ্ণেয় ) রেশমীবস্ত্রাদি।
কৌস্তুভ, বি, পুং ( কুস্তুভ = সমুদ্র + ষ্ণ) শ্রীকৃষ্ণের বক্ষঃস্থিত মণি।
ক্রকচ, বি, পুং, ক্লী ( ক্র-কচ-অন্ ) করাৎ। [ যন্ত্র।
ক্রতু, বি, পুং ( কৃ-কর্ম্ম-কতু )
ক্রথ কৈশিক, বি, পুং ; বিদর্ভ দেশ।

ক্রন্দন, বি, ক্লী ( ক্রন্দ্-ভাবে-অনট্ ) রোদন।

ক্রম, বি, পুং ( ক্রম্=গমনকৃ-ভাবে-অল্ ) যার পর যা এইরূপ নিয়ম, পরে পরে, অনুক্রম, পর্য্যায়। প্রণালী। পাদ-বিক্ষেপ।

ক্রমশঃ, ব্য ( ক্রম+চশস্, ব্যাপ্তি অর্থে ) ক্রমে ক্রমে।

ক্রমাগত, বিণ ; ক্রমে আগত। ধারাবাহিক।

ক্রমান্বয়ে, ক্রি, বিণ; ক্রমে ক্রমে।

ক্রমিক, বিণ ( ক্রম+ষ্ণিক ) ক্রমাগত, ধারাবাহিক।

ক্রমুক, বি, পুং ; সুপারি গাছ। ক্লী ; সুপারি।

ক্রমেল ( ক্রম-এল )
ক্রমেলক ( ক্রমেল+ক, স্বার্থে ) উষ্ট্র।

ক্রয়, বি, পুং ( ক্রী-ভাবে-অল্ ) মূল্যদিয়া বস্তু গ্রহণ।

ক্রব্য, বি, ক্লী ( কৃপ্-ব ) মাংস।

ক্রব্যাদ, বি, পুং ( ক্রব্য-অদ্-অন্ ) মাংসাশীজন্তু। রাক্ষস।

ক্রান্ত, বিণ ( ক্রম্-ক্ত ) আক্রান্ত। ব্যাপ্ত। সংক্রান্ত। অতিক্রান্ত।

ক্রান্তি, বি, স্ত্রী ( ঐ-ক্তি ) আক্রমণ। গতি। রাশিচক্রের মধ্য-রেখা। প্রা; কড়ার তৃতীয়াংশ।

ক্রিয়মাণ, বিণ ( কৃ-কর্ম্ম-শান ) যাহা করা যাইতেছে, অনুষ্ঠীয়মান।

ক্রিয়া, বি, স্ত্রী ( কৃ-ভাবে-শ+স্ত্রী আপ্ ) কার্য্য, অনুষ্ঠান। ধাতুর অর্থবোধকপদ।

ক্রিয়ান্বিত, বিণ (ক্রিয়া+অন্বিত) সৎকর্ম্মশীল।

ক্রিয়াবান্, বিণ ( ক্রিয়া+বতু ) ক্রিয়াযুক্ত। স্ত্রী,-বতী।

ক্রীড়ন, বি, ক্লী ( ক্রীড়্-অনট্ ) ক্রীড়া।

ক্রীড়নক, বি, ক্লী ( ক্রীড়ন+কণ্ ) খেলনা।

ক্রীড়া, বি, স্ত্রী (ক্রীড়্-ভাবে-অ) খেলা।

ক্রীত, বিণ ( ক্রী-কর্ম্ম ক্ত ) যাহা ক্রয় করা গিয়াছে।

ক্রীতদাস, বি, পুং ; কেনা গোলাম। কর্ম্মধা।

ক্রুঞ্চ্, বি, পুং, স্ত্রী ( ক্রুন্চ্-ক্বিপ্ ) কোঁচবক।

ক্রুদ্ধ, বিণ (ক্রুধ্-কর্ত্তৃ-ক্ত) কুপিত, রুষ্ট। বি, ক্রোধ।

ক্রূর, বিণ ( কৃত্-কর্ত্তৃ-রক্ ) নিষ্ঠুর। খল। বি,-তা।

ক্রূর কর্ম্মা ( র্ম্মন্ ) বিণ ; নিষ্ঠুর। নৃশংস। ঘাতক। বহুব্রী।

ক্রেতব্য, ক্রেয়, বিণ ( ক্রী-তব্য, য) ক্রয়ের যোগ্য বা বিষয়ীভূত।

ক্রেতা (তৃ), বিণ ( ক্রী-তৃন্ ) যে ক্রয় করে। খরিদ্দার। স্ত্রী,-ত্রী।

ক্রোড়, বি, ক্লী (ক্রুড্-অন্) অঙ্ক, কোল।
ক্রোড়পত্র বি, ক্লী; পত্রিকার অন্তর্গত অতিরিক্ত পত্র।
ক্রোধ, বি, পুং (ক্রুধ্-ভাবে-অল্) কোপ, রাগ। বিণ,-ন,-ধী, ক্রুদ্ধ।
ক্রোধন, বিণ (ক্রুধ অন) কোপন, ক্রুদ্ধস্বভাব।
ক্রোধান্ধ, বিণ (ক্রোধ+অন্ধ) ক্রোধে হিতাহিত জ্ঞানশূন্য।
ক্রোধী, বিণ (ক্রোধ+ইন্) ক্রুদ্ধ-স্বভাব, রাগী।
ক্রোর, বি; শতলক্ষ, কোটি।
ক্রোশ, বি, পুং (ক্রুশ্-ঘঞ্) রোদন। ৮০০০ হাত, (অধুনা) ২ মাইল।
ক্রৌঞ্চ, বি, পুং (ক্রুঞ্চ+ষ্ণ, স্বার্থে) কোঁচবক। পর্ব্বতবিং। স্ত্রী,-ঞ্চী।
{ ক্লম, বি, পুং (ক্লম্-ভাবে-অল্)
ক্লান্তি, বি, স্ত্রী (ঐ-ক্তি) শ্রম, পরিশ্রম জন্য দেহের অবসন্নতা। বিণ, ক্লান্ত।
ক্লান্ত, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) ক্লান্তি-যুক্ত, অতিশয় শ্রান্ত।
ক্লিন্ন, বিণ (ক্লিদ্-কর্ত্তৃ-ক্ত) আর্দ্র, ভিজা। ক্লেদযুক্ত।
ক্লিশিত, ক্লিষ্ট, বিণ (ক্লিশ্-কর্ত্তৃ-ক্ত) ক্লেশযুক্ত। বি, ক্লেশ।
ক্লীব, বি, পুং, ক্লী (ক্লীব্-কর্ত্তৃ-ক) নপুংসক। বিণ; অক্ষম। পুরুষত্বহীন। বি, ক্লৈব্য,-তা।
ক্লেদ, বি, পুং (ক্লিদ্-ভাবে-অল্) মলযুক্তজল, পূযাদি।
ক্লেশ, বি, পুং (ক্লিশ্-ভাবে-অল্) দুঃখ, কষ্ট। বিণ, ক্লিষ্ট।
ক্লৈব্য, বি, ক্লী (ক্লীব+ষ্ণ্য) ক্লীবত্ব, পৌরুষহীনতা।
ক্বচিৎ, ব্য (ক্ব+চিৎ) কোথাও। কদাচিৎ, প্রায়ই না।
{ ক্বণ, বি, পুং (ক্বণ্-শব্দকৃ-ভাবে-অল্)
ক্বণন, বি, ক্লী (ঐ-অনট্) বীণাদির ধ্বনি। ধ্বনি।
ক্বণিত, বিণ (ঐ-ক্ত) শব্দায়মান, ধ্বনিত। বি, ক্লী; ধ্বনি।
ক্বাথ, বি, পুং (ক্বথ্-ভাবে-ঘঞ্) সিদ্ধ করা বস্তুর সারভাগ, নির্য্যাস।
ক্ষণ, বি, পুং (ক্ষণ্-অন্) কালের অতি সূক্ষ্ম অংশ। অবসর। উৎসব। পর্ব্ব।
ক্ষণজন্মা (ন্মন্) বিণ; শুভক্ষণে যার জন্ম হইয়াছে, অসাধারণ ক্ষমতাশালী। ক্ষণে (শুভক্ষণে) হইয়াছে জন্ম যাহার, বহু।
"তাদৃশ অনন্যসাধারণ ক্ষণজন্মা পুরুষদিগের..." (প্রভাত চিন্তা)
ক্ষণদা, বি, স্ত্রী (ক্ষণ-দা-কর্ত্তৃ-ড+আপ্) রাত্রি।
ক্ষণধ্বংসী, বিণ; অত্যল্পকাল

মধ্যে বিনাশশীল।

**ক্ষণপ্রভা**, বি, স্ত্রী ; বিদ্যুৎ। ক্ষণ (ক্ষণ স্থায়িনী) প্রভা যার, বহু।

**ক্ষণভঙ্গুর**, বিণ ( ক্ষণ + ভঙ্গুর = ভঙ্গশীল ) যে বস্তু অল্প সময়ের মধ্যে নষ্ট হয়, ক্ষণস্থায়ী।

**ক্ষণিক**, বিণ ( ক্ষণ + ষ্ণিক ) ক্ষণকাল স্থায়ী।

**ক্ষত**, বিণ ( ক্ষণ্-ক্ত ) আহত। বিদ্ধ। দষ্ট। বি, ক্লী ; আঘাত। ব্রণ, ঘা।

**ক্ষতবিক্ষত**, বিণ ; সর্ব্বশরীরে আঘাত-প্রাপ্ত।

**ক্ষতজ**, বি, ক্লী ( ক্ষত-জন্-ড ) রক্ত। পুঁয।

**ক্ষতি**, বি, স্ত্রী ( ক্ষণ্-ভাবে-ক্তি) অপচয়, হানি। ক্ষয়।

**ক্ষত্তা**, বি, পুং ( ক্ষদ্-কর্ত্তৃ-তৃণ্ ) সারথি। দ্বারপাল। শূদ্রের ঔরসে বৈশ্যার বা ক্ষত্রিয়ার গর্ভজাত সন্তান। বিদুর।

**ক্ষত্র**, ক্ষত্র, বি, পুং ( [ক্ষদ্-ক্বিপ্] ক্ষৎ = অস্ত্রাঘাত-ত্রৈ-কর্ত্তৃ-ড ) যে অস্ত্রাঘাত হইতে লোক-দিগকে রক্ষা করে, ক্ষত্রিয়। ক্ষত্রিয় জাতি।

**ক্ষত্রধর্ম্ম**, বি, পুং ; ক্ষত্রিয়ের ধর্ম্ম, সাহস, পুরুষকার প্রভৃতি। ৬ষ্ঠীতৎ।

**ক্ষত্রিয়**, বি, পুং ( ক্ষত্র + ইয়, স্বার্থে ) দ্বিতীয় বর্ণ, ব্রাহ্মণের পরবর্ত্তী প্রসিদ্ধ আর্য্য জাতি। স্ত্রী-য়া,-য়াণী,-য়ী।

**ক্ষন্তব্য**, বিণ ( ক্ষম্-তব্য ) ক্ষমার যোগ্য। [ নির্লজ্জ।

**ক্ষপণ**, বিণ ( ক্ষপ্-কর্ত্তৃ-অন )

**ক্ষপণক**, বি, পুং ; উলঙ্গ বৌদ্ধ সন্ন্যাসী। নবরত্নের অন্যতম রত্ন ( নবরত্ন দেখ )।

**ক্ষপা**, বি, স্ত্রী ( ক্ষপ্-কর্ত্তৃ-অন + আপ্ ) রাত্রি।

**ক্ষপাকর**, বি, পুং (ক্ষপা-কৃ-কর্ত্তৃ-ট ) চন্দ্র।

**ক্ষপাট**, বি, পুং ( ক্ষপা-অট্-অ ) নিশাচর, রাক্ষস।

**ক্ষম**, বিণ (ক্ষম্-কর্ত্তৃ অন্) সমর্থ। উপযুক্ত। সহিষ্ণু।

**ক্ষমতা**, বি, স্ত্রী ( ক্ষম + তা, ভাবার্থে ) শক্তি। যোগ্যতা।

**ক্ষমতাপন্ন**, বিণ ; ক্ষমতাশালী। ক্ষমতাকেআপন্ন(প্রাপ্ত),২য়াতৎ।

**ক্ষমা**, বি, স্ত্রী ( ক্ষম-ভাবে-ঙ ) সহিষ্ণুতা। মার্জ্জনা। তিতিক্ষা। শান্তি। বিণ, ক্ষমী।

ক্ষমার লক্ষণ—

"পরৈস্তাবিতস্তাপিতস্তাড়নসমর্থস্য চিত্তে ক্ষোভানুৎপত্তিঃ ক্ষমা।" ( কাশ্যপগীতা )

শত্রু কর্ত্তৃক নিপীড়িত হইয়াও শত্রুর পীড়া সম্পাদনে সমর্থ ব্যক্তির চিত্তে যে ক্ষোভের অভাব হয়, তাহারই নাম ক্ষমা।

ক্ষমাবান্, বিণ ( ক্ষমা + বতু, অস্ত্যর্থে ) ক্ষমাশীল। সহিষ্ণু। স্ত্রী,-বতী।
ক্ষমাশীল, বিণ; ক্ষমাপরায়ণ। ক্ষমা হইয়াছে শীল যাহার, বহু। স্ত্রী,-লা।
ক্ষমী, বিণ (ক্ষমা + ইন্, অস্ত্যর্থে) ক্ষমাশীল।
ক্ষম্য, বিণ (ক্ষম্-য) ক্ষমারযোগ্য।
ক্ষয়, বি, পুং ( ক্ষি-ভাবে-অল্ ) হ্রাস। নাশ। বিণ, ক্ষীণ।
ক্ষর, বি, পুং ( ক্ষর্ = ফোঁটা ফোঁটা পড়া-ভাবে-অল্ ) ক্ষরণ, স্যন্দন।
ক্ষরণ, বি, ক্লী ( ঐ-অনট্ ) নিঃসরণ, গলন।
ক্ষরিত বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) নিঃসৃত, গলিত। যাহা চুঁইয়া পড়িয়াছে।
ক্ষবথু, বি, পুং ( ক্ষু-অথু ) হাঁচি। কাসি। [ সম্বন্ধীয়।
ক্ষাত্র, বিণ ( ক্ষত্র + ষ্ণ ) ক্ষত্রিয়-
ক্ষান্ত, বিণ ( ক্ষম্-ক্ত ) বিরত, নিবৃত্ত। ক্ষমাশীল।
ক্ষান্তি, বি, স্ত্রী ( ঐ-ক্তি ) নিবৃত্তি। ক্ষমা। [ দুর্ব্বল।
ক্ষাম, বিণ ( ক্ষৈ-কর্ত্তৃ-ক্ত ) ক্ষীণ,
ক্ষার, বি, পুং ( ক্ষর্-কর্ত্তৃ-ণ ) লবণরস। ভস্ম, ছাই।
ক্ষালন, বি, ক্লী ( ক্ষালি-অনট্ ) ধৌত করণ।

ক্ষালিত, বিণ ( ঐ-ক্ত ) ধৌত। শোধিত। [ পৃথিবী।
ক্ষিতি, বি, স্ত্রী ( ক্ষি-অধি-ক্তি )
ক্ষিতীশ, ক্ষিতীশ্বর, বি, পুং; রাজা। ক্ষিতির ঈশ, ঈশ্বর, ৬ষ্ঠীতৎ।
ক্ষিপ্ত, বিণ ( ক্ষিপ্-ক্ত ) নিক্ষিপ্ত। উন্মত্ত। [ শীঘ্র।
ক্ষিপ্র, বিণ ( ক্ষিপ্-কর্ত্তৃ-রক্ )
ক্ষিপ্রকারী, বিণ ( ক্ষিপ্র-কৃ-ণিন্) যে শীঘ্র শীঘ্র কর্ম্ম সমাধা করে। স্ত্রী,-রিণী। বি,-রিতা।
ক্ষিপ্রহস্ত, বিণ; যাহার হাত শীঘ্র শীঘ্র চলে, লঘুহস্ত।
ক্ষীণ, বিণ ( ক্ষি-কর্ত্তৃ ক্ত ) কৃশ, শীর্ণ। সূক্ষ্ম। বি, ক্ষয়।
ক্ষীণজীবী, বিণ ( ক্ষীণ-জীব্-ণিন্ ) অল্পেই যাহার প্রাণ নাশ হইতে পারে। স্ত্রী,-বিনী।
ক্ষীণতা, বি, স্ত্রী ( ক্ষীণ + তা ভাবার্থে ) কৃশতা।
ক্ষীণবল, ক্ষীণশক্তি, বিণ; হীনবল, দুর্ব্বল।
ক্ষীয়মাণ, বিণ; যাহার ক্ষয় হইতেছে।
ক্ষীর, বি, ক্লী ( ঘস্-কর্ম্ম-ঈরন্ ) দুগ্ধ। আঠা। ( প্রা ) খুব ঘন করিয়া জ্বাল দেওয়া দুধ।
ক্ষীরকণ্ঠ, বিণ; যার গলা টিপিলে দুধ বাহির হয়, স্তন্যপায়ী শিশু।

**ক্ষীরবৃক্ষ**, বি, পুং ; অশ্বত্থ বৃক্ষ।

**ক্ষীরশর**, বি, পুং ; দুগ্ধের অগ্র-ভাগ, দুধের শর।

**ক্ষীরসার**, বি, পুং ; নবনীত। ছানা।

**ক্ষীরাব্ধি**, বি, পুং ( ক্ষীর+অব্ধি =সমুদ্র ) ক্ষীর সমুদ্র।

**ক্ষীরোদ**, বি. পুং ; ক্ষীর সমুদ্র। ক্ষীর হইয়াছে উদ জল) যার, বহু। [ আহত। দুঃখিত।

**ক্ষুণ্ণ**,বিণ (ক্ষুদ্-কর্ম্ম-ক্ত) চূর্ণীকৃত।

**ক্ষুৎ**, বি, স্ত্রী ( ক্ষুধ্-ভাবে-কিপ্ ) ভোজনেচ্ছা, ক্ষুধা।

**ক্ষুৎক্ষাম**, বিণ ; ক্ষুধায় কাতর। ক্ষুৎ (ক্ষুধা) দ্বারা ক্ষাম (ক্ষীণ), ৩য়াতৎ।

**ক্ষুৎপিপাসা**, বি, স্ত্রী ; ক্ষুধা ও তৃষ্ণা। দ্বন্দ্বসং।

**ক্ষুদ**, ( প্রা ) বি ; তণ্ডুল কণা।

**ক্ষুদ্র**, বিণ (ক্ষুদ্-কর্তৃ-রক্) ছোট। নীচ। অল্প।

**ক্ষুদ্রপ্রাণ**, বিণ ; অল্পপ্রাণ, সঙ্কীর্ণ হৃদয়। সহজেই যার প্রাণ নাশ হইতে পারে। বহুব্রী।

**ক্ষুদ্রাশয়**, বিণ ; ক্ষুদ্রান্তঃকরণ. ছোট নজর বিশিষ্ট। ক্ষুদ্র হইয়াছে আশয় যাহার, বহু। বি,-তা।

**ক্ষুধা**, বি, স্ত্রী ( ক্ষুধ্-আপ্ ) ভোজনেচ্ছা।

**ক্ষুধাতুর**, বিণ ; ক্ষুধায় পীড়িত। ক্ষুধা দ্বারা আতুর ( কাতর ), ৩য়াতৎ।

**ক্ষুধার্ত্ত**, বিণ ; অত্যন্ত ক্ষুধিত। ক্ষুধা দ্বারা ঋত বা আর্ত্ত ( পীড়িত ), ৩য়াতৎ।

**ক্ষুধিত**, বিণ ( ক্ষুধ্-কর্তৃ-ক্ত ) ভোজনেচ্ছু। বি, ক্ষুধা।

**ক্ষুন্নিবৃত্তি**, বি, স্ত্রী (ক্ষুৎ+নিবৃত্তি) ক্ষুধাশান্তি। ক্ষুতের নিবৃত্তি, ৬ষ্ঠীতৎ।

**ক্ষুভিত**, ক্ষুব্ধ, বিণ ( ক্ষুভ্-কর্তৃ-ক্ত ) ক্ষোভ প্রাপ্ত। দুঃখিত। বিচলিত। বি, ক্ষোভ।

**ক্ষুর**, বি, পুং ( ক্ষুর্-রক্ ) নাপি-তাস্ত্র। অশ্বগবাদির পায়ের ক্ষুর।

**ক্ষুরপ্র**, বি, পুং ; অর্দ্ধচন্দ্রাকৃতি-বাণ। খুরপো।

**ক্ষেত্র**, বি, ক্লী ( ক্ষি-অধি-ষ্ট্রন্ ) ভূমি, ক্ষেত। ভার্য্যা। সিদ্ধ স্থান।

**ক্ষেত্রজ**, বি, পুং ( ক্ষেত্র-জন্-কর্তৃ-ড ) স্বীয় স্ত্রীতে অন্য পুরু-ষের দ্বারা উৎপাদিত সন্তান। বিণ ; ক্ষেত্রজাত।

**ক্ষেত্রতত্ত্ব**, বি, ক্লী ; ক্ষেত্রসমূহের প্রকৃতি ও পরিমাণ নিরূপক শাস্ত্র, জ্যামিতি।

**ক্ষেপ**, বি, পুং (ক্ষিপ্-ভাবে-ঘঞ্) নিক্ষেপ। যাপন,কাটান

ক্ষেপক, বিণ ( ঐ-কর্ত্তৃ-ণক ) যে ক্ষেপণ করে। স্ত্রী,-পিকা।
ক্ষেপণ, বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্ ) ক্ষেপ ( দেখ )।
ক্ষেপণি ( ণী ), বি, স্ত্রী (ঐ-কর্ম্ম-অনট+স্ত্রী ই, ঈপ্) দাঁড। ক্ষেপলা জাল। বাঁটুল, ঢিল প্রভৃতি নিক্ষিপ্ত হইলে যে বক্রপথে গমন করে।
ক্ষেপণীয়, বিণ ( ক্ষিপ্-কর্ম্ম-অনীয় ) ক্ষেপণ যোগ্য।
ক্ষেম, বি, পুং, ক্লী ( ক্ষি-কর্ত্তৃ-ম ) কুশল, শুভ।
ক্ষেমঙ্কর, বিণ ( ক্ষেম-কৃ কর্ত্তৃ-খ ) মঙ্গল জনক। স্ত্রী,-রী।
ক্ষোদ, বি, পুং ( ক্ষুদ্-অল্ ) ক্ষুদ, চূর্ণ। পেষণ, চূর্ণ করা।
ক্ষোদন, বি, ক্লী ( ঐ-অনট্ ) চূর্ণন। অক্ষরাঙ্কন। খোদাই করা।
ক্ষোদিত, বিণ ( ক্ষোদি-ক্ত ) যাহা ক্ষোদা গিয়াছে। চূর্ণিত।
ক্ষোভ, বি, পুং ( ক্ষুভ্-ভাবে-অল্) দুঃখ, মনস্তাপ। চাঞ্চল্য।
ক্ষোভিত, বিণ ( ক্ষোভি-কর্ম্ম-ক্ত ) আলোড়িত। চালিত।
ক্ষৌণি ( ণী ), বি, স্ত্রী ( ক্ষু-কর্ত্তৃ-নি ) পৃথিবী।
ক্ষৌদ্র, বি, ক্লী (ক্ষুদ্র=মধুমক্ষিকা +ষ্ণ ) মধু।
ক্ষৌম, বি, পুং, ক্লী ( ক্ষুমা+ষ্ণ) দুকূল, রেশমী বস্ত্র। ক্লী; পট্টবস্ত্র।
ক্ষৌর, বি, ক্লী ( ক্ষুর+ষ্ণ ) ক্ষুর-কর্ম্ম, কামান।
ক্ষ্বেড়, বি, পুং ( ক্ষ্বিড-কর্ত্তৃ-অন্ ) বিষ। সিংহনাদ। খেঁউড়।

---

## খ।

খ, বি, ক্লী ; আকাশ। স্বর্গ। সুখ। শরীর। ইন্দ্রিয়। পুং; সূর্য্য।
খই, (প্রা) বি ; ভৃষ্টধান্য, লাজ।
খইল, (প্রা) বি ; তিলাদির কল্ক। কর্ণমল।
খএর, খয়ের, (প্রা) বি ; খদির।
খগ, বি, পুং ( খ-গম্-কর্ত্তৃ-ড ) যে আকাশে গমন করে, পক্ষী।
খগপতি, খগরাজ, খগেন্দ্র, খগেশ্বর } বি, পুং ; পক্ষিরাজ, গরুড়। খগগণের (পক্ষিগণের) পতি, রাজ, ইন্দ্র, ঈশ্বর ( শ্রেষ্ঠ ), ৬ষ্ঠীতৎ।

**খগোল**, বি, পুং ; আকাশমণ্ডল।

**খচিত**, বিণ (খচ্-কর্ম্ম-ক্ত) রচিত। যোজিত। মিশ্রিত। অন্তর্নিহিত। ব্যাপ্ত।

**খঞ্জ**, বিণ (খন্জ্-কর্তৃ-অন্) বিকলপদ, খোঁড়া।

{ **খঞ্জন**, (খন্জ-কর্তৃ-অন্)
**খঞ্জরীট**, (খঞ্জ-ঋ-কর্তৃ-কীটন্) বি, পুং ; স্বনাম প্রসিদ্ধ পক্ষী। স্ত্রী,-নী।

**খট্টাশ**, বি, পুং ; খাটাশ।

**খট্বা**, বি, স্ত্রী (খট্-কর্ম্ম-ব-আপ্) খাট, পর্য্যঙ্ক।

**খট্বারূঢ়**, বিণ (খট্বা+আরূঢ়) খট্বায় শয়িত। অসাবধান। অলস।

**খট্বিকা**, বি, স্ত্রী (খট্বা+কণ্) ক্ষুদ্র খাট। খাটিয়া।

**খড়**, বি, ক্লী (খড়্-কর্ম্ম-অল্) তৃণ বিং।

**খড়ম**, (প্রা) বি ; কাষ্ঠ পাদুকা।

**খড়ি**, (প্রা) বি; গিরিমাটি বিং।

**খড়্খড়ে** (প্রা) বি; ক্ষুদ্র কপাট বিং

**খড়্গ**, বি, পুং (খড়্-করণ-গন্) খাঁড়া। গণ্ডারের শৃঙ্গ।

**খড়্গপাণি, খড়্গহস্ত**, বিণ ; খড়্গধারী। প্রহারোদ্যত। বহুব্রী।

**খণ্ড**, বি, পুং, ক্লী (খণ্ড্-অল্) অংশ। টুক্‌রা। গ্রন্থের ভাগবিং।

**খণ্ডন**, বি,ক্লী (ঐ-অনট্) ছেদন। ভঞ্জন। নিরাকরণ।

**খণ্ডপ্রলয়**, বি, পুং ; ক্ষুদ্র প্রলয়।

**খণ্ডা**, (প্রা) বি ; খড়্গ, খাঁড়া।

**খণ্ডিত**, বিণ (খণ্ড্-কর্ম্ম-ক্ত) বিভক্ত। ছিন্ন। নিরাকৃত।

**খণ্ডিতা**, বি, স্ত্রী ; স্বামীর প্রতি ঈর্ষ্যাযুক্তা স্ত্রী।

**খৎ**, (যা) বি ; ঋণ লেখ্য। অঙ্গীকার পত্র।

**খতম**, (যা) বি ; শেষ, সম্পন্ন করা।

**খতিয়ান**, (যা) বি ; হিসাবের খাতা বিং।

**খদির**, বি, পুং (খদ্-কর্তৃ-ইর) খয়ের গাছ। ক্লী ; খয়ের।

**খদ্যোত**, বি, পুং (খ=আকাশ-দ্যুত্-কর্তৃ-অন্) যে আকাশে দীপ্তি পায়, জোনাকি পোকা।

**খনক**, বিণ (খন্-কর্তৃ-ষক) যে খনন করে। স্ত্রী,-কী।

**খনন**, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) খাত করণ,খোঁড়া। বিণ, খাত।

**খনা**, বি, স্ত্রী ; মিহিরের পত্নী।

**খনি (নী)**, বি, স্ত্রী (খন্-কর্ম্ম-ইন্) আকর, স্বর্ণাদির উৎপত্তি স্থান।

**খনিত্র**, বি, ক্লী (খন্-করণ-ইত্র) খনন করা যায় যাহা দ্বারা, খননাস্ত্র, খন্তা।

**খন্দ**, (প্রা) বি ; শস্যাদি। ফলমূলাদি।

খমক, (প্রা) বি ; বাদ্যযন্ত্র বিং।
খয়রাৎ, ( যা ) বি ; দান।
খর, বিণ (খ-রা-ড) তীক্ষ্ণ। উষ্ণ। কর্কশ। কঠিন। বি, পুং ; গর্দ্দভ। অশ্বতর। রাক্ষস বিং।
খরগোশ, বি, পুং ; স্বনামখ্যাত জন্তু বিং।
খরচ, (যা) বি ; ব্যয়।
খরতর, বিণ ; অতি তীক্ষ্ণ।
খরধার, বিণ; তীক্ষ্ণধার। বহুব্রী।
খরশান, বিণ ; তীক্ষ্ণ, ধারাল।
খর্জ্জন, বি, ক্লী ( খর্জ্জ্-অনট্ ) চুল্‌কন।
খর্জ্জূর, বি, পুং, স্ত্রী ( ঐ-উর ) খেজুর গাছ। ক্লী ; ঐফল।
খর্পর, বি, পুং ( ক্লপ্-কর্ত্তৃ-অরন্) মাথার খুলি। খাপরা। চোর। ধূর্ত্ত।
খর্ব্ব, বিণ (খর্ব্ব্-কর্ত্তৃ-অন্) খাট। বি, ক্লী ; সংখ্যা বিং।
খল, বিণ ( খল্-কর্ত্তৃ-অন্ ) কুটিল। হিংসক। (প্রা) বি ; ঔষধ মর্দ্দন-পাত্র। বি,-তা।
খলস্বভাব, বিণ ; কুটিল চরিত্র। খল হইয়াছে স্বভাব যার, বহু।
খলতা, বি, স্ত্রী ( খল+তা ) কুটিলতা।
খলি, বি, পুং ( খল্-ইন্ ) তৈলাদির সিটে।
খলিফা, (যা) বি ; সূচাকর্ম্মকার।
খলিশা, (প্রা) বি ; মৎস্য বিং।
খলীন, বি, পুং, ক্লী ; লাগাম।
খলু, ব্য ( খল্-কর্ত্তৃ-উ ) জিজ্ঞাসাদি অর্থে ব্যবহার্য্য সংস্কৃত অব্যয়।
খল্ল, বি, পুং ; ঔষধ মাড়িবার পাত্র, খল।
খল্লী, বি,স্ত্রী; হাত পায়ে খালধরা।
খবর, ( যা ) বি ; সংবাদ।
খবরদার, (যা) বিণ ; সাবধান।
খসন, (প্রা) বি ; স্খলন পতন।
খসম, (যা) বি ; স্বামী। [লিপি।
খসড়া, (প্রা) বি ; মুসাবিদা,পাণ্ডু-
খস্‌খসিয়া (প্রা) বি ; বেণার মূল।
খাই, ( প্রা ) বি ; গভীরতা। আকাঙ্ক্ষা। [কাইট।
খাইদ, খাদ, ( প্রা ) বি ; মলা,
খাঁচা, (প্রা) বি ; পিঞ্জর।
খাঁড়া, (প্রা) বি ; খাণ্ডা, অসি।
খাঁড়ি, (প্রা) বি ; সাগর শাখা।
খাঁদা, ( প্রা ) বিণ ; যার নাক চেপ্টা।
খাগর, ( প্রা ) বি ; শর, নল।
খাঙ্গরা, (প্রা) বি ; ঝাঁটা, সম্মার্জ্জনী।
খাজাঞ্চী, ( যা ) বি ; ধনরক্ষক।
খাট, (প্রা) বিণ ; খর্ব্ব, ছোট।
খাটন, (প্রা) বি ; পরিশ্রম করণ।
খাটান, (প্রা) বি ; কর্ম্মে নিয়োগ করা, কাজে লাগান।

**খাটি,খাটী,** (প্রা) বিণ; অকৃত্রিম। অমিশ্র, শুদ্ধ।
**খাড়ু,** (প্রা) বি ; পায়ের মল।
**খাণ্ডব,** বি, পুং ; ইন্দ্রপ্রস্থ নগর সন্নিহিত বন বিং।
**খাণ্ডবপ্রস্থ,** বি, পুং; ইন্দ্রপ্রস্থ, দিল্লী।
**খাত,** বি, ক্লী (খন্-কর্ম্ম-ক্ত) পুষ্করিণী, খাই। খনন। বিণ; খনিত।
**খাতক,** বি, পুং ; যে ঋণ গ্রহণ করে, অধমর্ণ। [বহি।
**খাতা,** (প্রা) বি ; হিসাব পত্রাদির
**খাতির,** (যা) বি ; প্রণয়।
**খাতিরজমা,** (যা) বিণ ; নিশ্চিন্ত।
**খাদক,** বিণ (খাদ্-কর্ত্তৃ-ণক) ভক্ষক। স্ত্রী,-দিকা।
**খাদিত,** বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) ভক্ষিত।
**খাদ্য,** বিণ (ঐ-ঘ্যণ্) খাওয়ার যোগ্য, ভক্ষ্য। বি ; ভক্ষ্যদ্রব্য।
**খানসামা,** (যা) বি; ভৃত্য, নফর।
**খানা,** (যা) বি ; খাদ্যবস্তু।
**খাপ,** (প্রা) বি ; অসিকোষ, পিধান।
**খাপ্পা,** (প্রা) বিণ ; ক্রোধান্বিত।
"স্বার্থ হানির আশঙ্কায় মহা খাপ্পা হইয়া উঠেন"—(ভাবতী)।
**খামার,** (প্রা) বি ; শস্যমর্দ্দন-স্থান।
**খারিজ,** (যা) বিণ ; বর্জ্জিত।
**খাল,** (প্রা) বি ; নালা, কৃত্রিম ক্ষুদ্র নদী।
**খালাস** (যা) বি ; মুক্তি।
**খালাসী,** (যা) বি ; নাবিক।
**খালিত্য,** বি, ক্লী ; টাক।
**খালী,** (যা) বিণ ; শূন্য, রিক্ত।
**খাসি,** (যা) বি; ছিন্নমুষ্ক ছাগ মেষাদি।
**খাস্তা,** (যা) বিণ; কোমল। উত্তম।
**খিচন,** (প্রা) বি ; আকর্ষণ।
**খিচুড়ি,** (প্রা) বি ; চালডাল মিশ্রিত পক্কান্ন বিং।
**খিট্‌খিটে,** (প্রা) বিণ ; বিরক্ত স্বভাব। [জানালা।
**খিড়্‌কী,** (প্রা) বি ; বাতায়ন,
**খিদির,** বি, পুং ; চন্দ্র।
**খিদ্যমান,** বিণ (খিদ্-কর্ত্তৃ-শান) যে খেদ করিতেছে। [অলস।
**খিন্ন** বিণ (ঐ-ক্ত) দুঃখিত। শ্রান্ত।
**খিল,** বিণ; অকৃষ্ট, অপ্রহত। পতিত (ভূমি)। [পান।
**খিলী,** (প্র) বি ; সজ্জীকৃত
**খুজন,** (প্রা) বি; অন্বেষণ, তালাস।
**খুঁটন,** (প্রা) বি; কুড়াইয়া লওয়া।
**খুঁটী,** (প্রা) বি, স্তম্ভ, থাম।
**খুঁত,** (প্রা) বি; দোষ, কলঙ্ক, দাগ।
**খুকী,** (প্রা) বি ; ক্ষুদ্র দুগ্ধপোষ্যা বালিকা।
**খুঙ্গী,** (প্রা) বি ; ক্ষুদ্র পেটিকা।
**খুড়া,** (প্রা) বি; পিতৃব্য, পিতার কনিষ্ঠ ভ্রাতা।
**খুড়ী,** (প্রা) বি ; পিতৃব্য পত্নী।
**খুদ,** (প্রা) বি ; তণ্ডুল-কণা।
**খুন,** (যা) বি ; হত্যা, বধ।
**খুর্পা, খুর্পী,** (প্রা) বি ; ঘাস কাটি-

বার অস্ত্র বিং।
খুলন, (প্রা) বি ; বন্ধন মোচন।
খুল্লতাত, বি, পুং ( খুল্ল=ছোট +তাত)পিতৃব্য,খুড়া। কম্মধা।
খেঁউর, ( প্রা ) বি ; পাঁচালী বিং, ইতর কবিতা।
খেঁকশিয়াল,(প্রা)বি; শৃগাল বিং।
খেচর,বিণ ( খে [ আকাশে-চর্-কর্ত্তৃ-টক্ ] ) আকাশে বিচরণ-কারী। বি,পুং; পক্ষী। স্ত্রী, রী।
খেদ, বি, পুং ( খিদ্-ভাবে-অল্ ) বিলাপ। দুঃখ প্রকাশ। ক্লান্তি।
খেদান, ( প্রা ) বি ; তাড়ান, দূরীকরণ। [ যোগ্য।
খেয়, বিণ ( খন্-য ) খনন
খেয়াল, ( যা ) বি ; মনোযোগ।
{খেলন,বি,ক্লী(খেল্-ভাবে-অনট্)
খেলা,বি,স্ত্রী(ঐ ভ-আপ্)ক্রীড়া।
খেলা, ( প্রা ) বি; ক্রীড়া করা। পরিচালিত হওয়া।

"বুদ্ধি আমার খেলেনাক।"
( রবীন্দ্র )।

খেসারত,(প্রা)বি ; ক্ষতি, হানি।
খেসারী, (প্রা) বি ; কলাই বিং।
খৈ, ( প্রা) বি ; লাজ, ভৃষ্ট ধান্য।
খোঁড়ন, ( প্রা ) বি ; খোদন, খনন।
খোঁড়া, ( প্রা ) বিণ ; পঙ্গু।
খোপা, ( প্রা ) বি ; বদ্ধকেশ, কবরী।
খোকা, ( প্রা ) বি ; দুগ্ধ পোষ্য শিশু।
খোজন, ( প্রা ) বি ; অন্বেষণ।
খোদ, (যা) বি ; স্বয়ং, আপনি।
খোদন, ( প্রা ) বি ; খনন।
খোদা, ( যা ) বি ; পরমেশ্বর।
খোপ, ( প্রা) বি ; ক্ষুদ্র কুঠরী। পারাবত গৃহ।
খোয়া, ( প্রা ) বি ; ইষ্টকাদির খণ্ড। হারাণ। [ স্থান।
খোয়াড়, ( প্রা ) বি ; পশুরক্ষণ
খোরাক, ( যা ) বি ; খাদ্য বস্তু।
খোল, ( প্রা ) বি ; মৃদঙ্গ। ক্রি ; উন্মোচন কর।
খোলন, ( প্রা ) বি ; উন্মোচন করণ।
খোলস, (প্রা) বি ; সর্প-কঞ্চুক।
খোলা, ( প্রা ) বিণ ; উন্মুক্ত। বি ; মুক্ত করণ, খসান।
খোস,(প্রা) বি ; কণ্ডূ, চুলকান।
খোসা, ( প্রা ) বি ; ত্বক্, ছাল।
খ্যাত, বিণ ( খ্যা-কর্ম্ম-ক্ত ) বিখ্যাত, প্রসিদ্ধ।
খ্যাতি, বি, স্ত্রী ( ঐ-ভাবে-ক্তি) সুখ্যাতি, যশঃ।
খ্যাপন, বি, ক্লী ( খ্যাপি-অনট্) জ্ঞাপন, ঘোষণা, প্রচার।

# গ।

গ, বি, পুং; গণেশ। গগন। গন্ধর্ব্ব। যে গমন করে. গামী, এই অর্থে ইহা শব্দের পরে প্রযুক্ত হয়; যথা—ভুজগ।

গগন, বি, ক্লী (গম্=ব্যাপা-অন; ম=গ) যে বিশ্বকে ব্যাপে, আকাশ। (বানীর, গগন, ফেন ও উন ইহারা দন্ত্য নকার যুক্ত। কোন কোন পণ্ডিতের মতে গগন শব্দ মূর্দ্ধন্য ণকার যুক্ত হয়। অপরমতে, "ফাল্গুনে গগনে ফেনে ণত্বমিচ্ছন্তি বর্ব্বরাঃ।)

গগনমণ্ডল, বি, ক্লী; নভোমণ্ডল। ৬ষ্ঠীতৎ।

গঙ্গা, বি. স্ত্রী (গোশব্দের ২য়ার একবচনে গাং [ পৃথিবীকে ]-গম্-কর্ত্তৃ-ড-স্ত্রীআপ্) যিনি (লোকদিগকে পবিত্র করিবার জন্য ব্রহ্মলোক হইতে) পৃথিবীতে গমন করিয়াছেন, স্বনাম প্রসিদ্ধানদী, ভাগীরথী।

গঙ্গাক্ষেত্র, বি, ক্লী; গঙ্গার উত্তর তীর হইতে দুই ক্রোশ দূর পর্য্যন্ত স্থান।

গঙ্গাধর, বি, পুং (গঙ্গা-ধৃ-কর্ত্তৃ-অন্) শিব। গঙ্গাকে ধারণ করেন যিনি, উপপ।

গঙ্গাপ্রাপ্তি, বি, স্ত্রী; মৃত্যু, সজ্ঞানে গঙ্গাগর্ভে প্রাণ ত্যাগ।

গঙ্গাযাত্রা, বি, স্ত্রী; মুমূর্ষু ব্যক্তির প্রাণত্যাগার্থ গঙ্গাতীরে গমন।

গঙ্গাসাগর, বি, পুং; যে স্থানে গঙ্গা সাগরের সহিত মিলিত হইতেছেন, তীর্থ বিং।

গঙ্গাসুত, বি, পুং; ভীষ্ম।

গচ্ছিত, (প্রা) বিণ; ন্যস্ত। নিক্ষিপ্ত। গছান।

গছন,গছা, (প্রা) বি; গ্রহণকরা।

গজ, বি, পুং (গজ্=শব্দকৃ-কর্ত্তৃ-অন্) হস্তী। দুই হস্ত পরিমাণ।

গজকুম্ভ, বি, পুং; হস্তীর মস্তক-স্থিত কুম্ভসদৃশ মাংসপিণ্ড।

গজদন্ত, বি, পুং; হাতীর দাঁত। গণেশ।

গজপতি, গজরাজ, বি, পুং; গজেন্দ্র, শ্রেষ্ঠ হস্তী। ৬ষ্ঠীতৎ।

গজমুক্তা, বি স্ত্রী; হস্তিকুম্ভজাত মুক্তা।

গজাজীব, বি, পুং (গজ+আজীব) যে গজদ্বারা জীবিকা নির্ব্বাহকরে, হস্তিপক, মাহুত।

গজান, (প্রা) বি; অঙ্কুরিত হওন।

গজানন, বি, পুং; গণেশ।

গজের ন্যায় আনন (মুখ) যাঁহার, বহু।

গজারি, বি, পুং, সিংহ। বৃক্ষবিং। গজের অরি (শত্রু), ৬ষ্ঠীতৎ।

গজেন্দ্র, বি, পুং (গজ+ইন্দ্র) গজরাজ, করিশ্রেষ্ঠ। ৬ষ্ঠীতৎ।

গজেন্দ্রগামিনী, বিণ; গজরাজের ন্যায় সুন্দর মন্থরগতি শালিনী।

গঞ্জ, বি, পুং, ক্লী; যে স্থানে অধিক পরিমাণে বাণিজ্য দ্রব্যাদি ক্রয় বিক্রয় হয়।

গঞ্জন, বি, স্ত্রী (গন্‌জ-ভাবে-অনট্) ভৎ র্সনা। বিণ (ঐ-কর্ত্তৃ-অন) যে তিরস্কার করে।

গঞ্জনা, (প্রা) বি; ভৎর্সনা, বাক্য-যন্ত্রণা।

গঞ্জিত, বিণ; ভৎর্সিত, তিরস্কৃত।

গঠন, বি, ক্লী; নির্ম্মাণ, গড়া।

গঠিত, বিণ; নির্ম্মিত, রচিত।

গড়, বি, পুং; পরিখা। দুর্গ।

গড়খাই, (প্রা) বি; পরিখা।

গড়ন, গড়ান, (প্রা) বি; গঠন।

গড়াগড়ি, (প্রা) বি; অবলুণ্ঠন।

গড়ানিয়া (প্রা) বিণ; ক্রম নিম্ন, ঢালু।

গড্ডর (ল), বি, পুং (গড়্-ডর, ডল) মেষ, গাড়ল।

গড্ডরিকা (লিকা), বি, স্ত্রী (গড্ডর=মেষ+কণ্+আপ্) পালের অগ্রবর্ত্তী ভেড়ী অর্থাৎ যে ভেড়ীর পশ্চাৎ পশ্চাৎ ভেড়ার পাল গমন করে।

গড্ডলিকা প্রবাহ, বি, পুং; গড্ডলিকা যে দিকে যায় সেই দিকে পালের অন্যান্য মেষের গমন অর্থাৎ নিজে কিছুমাত্র বিবেচনা না করিয়া সকলের দেখাদেখি কার্য্য করা।

গণ, বি, পুং (গণ্‌-অল্) সমূহ। দল। [ স্ত্রী,-ণী।

গণক, বি, পুং (ঐ-ণক) দৈবজ্ঞ।

গণতা, (প্রা) বি; পক্ষপাত।

গণৎকার, (প্রা) বি; জ্যোতিষী, দৈবজ্ঞ।

গণদেবতা, বি, স্ত্রী; ১২শ আদিত্য, ১০ বিশ্ব, ৮ বসু, ৩৬ তুষিত, ৬৪ আভাস্বর, ২২০ মহারাজিক, ১২ সাধ্য, ১১ রুদ্র, ৪৯ বায়ু, এই সকল দেবগণ।

গণন, বি, ক্লী (গণ্‌-ভাবে-অনট্)

গণনা, বি, স্ত্রী (ঐ-অন-আপ্) সংখ্যা করা, গণা। গ্রাহ্য করা। নির্দ্দেশ। [ গ্রাহ্য।

গণনীয়, বিণ (গণ্‌-অনীয়) গণ্য।

গণনাথ, গণপতি, বি, পুং; গণেশ। ৬ষ্ঠীতৎ।

গণিকা, বি, স্ত্রী (গণ+ষ্ণিক+আপ্) বেশ্যা।

গণিত, বিণ (গণ্‌-ক্ত) সংখ্যাত। ক্লী; অঙ্কশাস্ত্র।

গণিতজ্ঞ বিণ ; অঙ্কশাস্ত্রবেত্তা।
গণেশ, বি, পুং (গণ+ঈশ) গজানন।
গণ্ড, বি, পুং (গণ্ড-কর্ম্ম-অল্) কপোল, গাল। ফোড়া। বিণ; প্রধান। যেমন-গণ্ডগ্রাম।
গণ্ডক, বি, পুং (গণ্ড+কন্) গণ্ডার। সংখ্যা বিং, গণ্ডা।
গণ্ডকী, বি, স্ত্রী; নদী বিং, ইহারই একদেশে শালগ্রামস্থল।
গণ্ডগোল, (প্রা) বি; গোলযোগ। বিবাদ।
গণ্ডগ্রাম, বি, পুং; বৃহৎগ্রাম। গণ্ড (প্রধান) যে গ্রাম, কর্ম্মধা।
গণ্ডদেশ, বি, পুং; গণ্ডস্থল, গাল। কর্ম্মধা।
গণ্ডমালা বি, স্ত্রী; গলার ফোড়া সমূহ।
গণ্ডমূর্খ, বিণ; অতিশয় নির্ব্বোধ, ঘোরমূর্খ। গণ্ড (প্রধান) যে মূর্খ, কর্ম্মধা।
গণ্ডস্থল, বি, ক্লী; গণ্ডদেশ, গাল।
গণ্ডা, (প্রা) বি; চারি কপর্দ্দক।
গণ্ডার, বি, পুং; স্বনাম প্রসিদ্ধ জন্তু বিং।
গণ্ডী, (প্রা) বি; রেখাদি দ্বারা সীমাবদ্ধ স্থান।
গণ্ডূষ, বি, পুং (গণ্ড-উষন্) এক কোষ জল. গোকর্ণাকৃতি হস্তে যত জল ধরে। করি-শুণ্ডাগ্র। [গ্রাহ্য।
গণ্য, বিণ (গণ্-কর্ম্ম-য) গণনীয়।
গত, বিণ (গম্-ক্ত) যে গিয়াছে। যাহা হইয়া গিয়াছে। প্রাপ্ত।
গতক্লম, বিণ; যার শ্রান্তি দূর হইয়াছে। বহুব্রী।
গতঘৃণ, বিণ; ঘৃণা রহিত। গত হইয়াছে ঘৃণা যাহার, বহু।
গতাগত, বি, ক্লী (গত+আগত) যাতায়াত।
গতানুগতিক, বিণ; যে কেবল অন্যের দেখাদেখি কার্য্য করে।
গতানুশোচনা, বি, স্ত্রী; অতীত বিষয়ের জন্য অনুতাপ। গতর নিমিত্ত অনুশোচনা, ৪র্থী তৎ।
গতায়াত, বি, ক্লী (গত+আয়াত) গমনাগমন। দ্বন্দ্ব।
গতায়ুঃ, বিণ; যাহার পরমায়ুঃ শেষ হইয়াছে। গত হইয়াছে আয়ুঃ যাহার, বহু।
গতার্থ, বিণ (গত+অর্থ) যার পয়োজন নিবৃত্ত হইয়াছে।
গতাসু, বিণ; মৃত। গত হইয়াছে অসু (প্রাণাদি পঞ্চ বায়ু) যাহার, বহু।
গতি, বি, স্ত্রী (গম্-ক্তি) গমন। অবস্থা। উপায়। আশ্রয়।
গতিক, বি, পুং (গতি+কণ্,

স্বার্থে) অবস্থা। উপায়। প্রকার।

গতিবিধি, বি, পুং ; যাতায়াত।

গত্যন্তর, বি,ক্লী (গতি + অন্তর) অন্যগতি, উপায়ান্তর। কর্ম্মধা।

গদ, বি, পুং ( গদ্ অল্ ) রোগ। কথন। শ্রীকৃষ্ণের কনিষ্ঠ ভ্রাতা।

গদা, বি, স্ত্রী ; লৌহাদি নির্ম্মিত মুদ্গর। [অন্) শ্রীকৃষ্ণ।

গদাধর, বি, পুং ( গদা-ধৃ-কর্ত্তৃ-

গদি, (প্রা) বি ; তুলাদি পূর্ণ স্থূল শয্যাবিং। আসন। ব্যবসায়ীদিগের লেখাপড়ার স্থান।

গদিয়ান, (প্রা) বি ; গদির অধ্যক্ষ।

গদগদ, বি, পুং ( গদ্ = অব্যক্ত-শব্দ-গদ্ = বলা-অন্ ) হর্ষশোকাদিজনিত অস্পষ্ট ধ্বনি। বিণ ; অস্পষ্ট ধ্বনিযুক্ত।

গদ্য, বি, ক্লী ( গদ্-কর্ম্ম-য ) ছন্দোরহিত বাক্য।

গন্তব্য, বিণ ( গম্-কর্ম্ম-তব্য ) গমন যোগ্য, গমনীয়।

গন্ধ, বি, পুং ( গন্ধ্-কর্ত্তৃ-অন্ ) ঘ্রাণেন্দ্রিয় গ্রাহ্য পদার্থ। সুগন্ধি দ্রব্য। লেশ। সম্পর্ক।

গন্ধক, বি, পুং ( গন্ধ + কণ্ ) উপধাতু বিং।

গন্ধ গোকুল, (প্রা) বি ; গন্ধ মার্জ্জার, খাটাশ।

গন্ধনকুল, গন্ধমুষিক, বি, পুং ; ছুঁচা। কর্ম্মধা।

গন্ধপুষ্প, বি, ক্লী ; দেবোদ্দেশে প্রদত্ত চন্দন মিশ্রিত পুষ্প।

গন্ধমার্জ্জার, বি, পুং ; খট্টাস, খাটাশ।

গন্ধমাদন, বি, পুং ( গন্ধ-মাদি [মত্তকৃ]-অন ) পর্ব্বত বিং।

গন্ধমৃগ, বি, পুং ; কস্তূরী মৃগ।

গন্ধরাজ, বি, ক্লী ( গন্ধ + রাজন্ ) পুষ্প বিং। চন্দন।

গন্ধর্ব্ব, বি, পুং ( গান + ধর্ম্ম, নি) স্বর্গ গায়ক। গান হইয়াছে ধর্ম্ম যাহার, বহু। ঘোটক।

গন্ধর্ব্ববিবাহ, বি, পুং ; স্ত্রী ও পুরুষের পরস্পর সম্মতিতে যে বিবাহ হয়।

গন্ধর্ব্ববেদ, বি, পুং ; সঙ্গীত-বিদ্যা।

গন্ধবণিক, বি, পুং ; হিন্দু জাতি বিং।

গন্ধবহ, গন্ধবাহ, বি, পুং ( গন্ধ-বহ্-কর্ত্তৃ-অন্, ষণ্ ) বায়ু।

গভস্তিমান্, বি, পুং ( গভস্তি [কিরণ] + মতু, অস্ত্যর্থে ) সূর্য্য।

গভীর, বিণ ( গম্-কর্ম্ম-ঈরন্ ) গম্ভীর, অগাধ। নিবিড়। প্রগাঢ়।

গম, (প্রা) বি; শস্য বিং, গোধুম।

গমন, বি, ক্লী (গম্-ভাবে-অনট্) গতি, যাওয়া।

গমনাগমন, বি, ক্লী ; যাতায়াত। দ্বন্দ্ব।
গম্ভীর, বিণ ( গম-কর্ত্তৃ-ঈরন্ ) গভীর দেখ। বি,-তা,-ত্ব।
গম্ভীরতা, বি, স্ত্রী (গম্ভীর+তা, ভাবার্থে) গভীরতা, গাম্ভীর্য্য।
গম্য, বিণ ( গম্-কর্ম্ম-য ) গমন যোগ্য। প্রাপ্য। ভোগ্য।
গয়, বি, পুং ; অসুর বিং।
গয়া,বি, স্ত্রী ; প্রসিদ্ধ তীর্থস্থান।
গয়ার, ( প্রা ) বি ; শ্লেষ্মা, কফ।
গয়াসুর, বি, পুং ; স্বনাম ধন্য অসুর বিং, ত্রিপুরাসুরের পুত্র।
গর, বি, পুং ; বিষ।
গরজ্, ( যা ) বি ; স্বেচ্ছা।
গরদ, বিণ ; বিষপ্রদানকারী। ( প্রা ) বি ; রেশমী বস্ত্র।
গরম, ( যা ) বিণ ; উষ্ণ।
গরল, বি, ক্লী ( গৃ-অলচ্ ) সর্প-বিষ।
গরিমা, বি, পুং ( গুরু+ইমন্, ভাবার্থে)গুরুত্ব। গৌরব। গর্ব্ব।
গরিষ্ঠ,বিণ (গুরু+ইষ্ঠ,অনেকের মধ্যে একের উৎকর্ষার্থে) উৎ-কৃষ্টতম, অতিমহান্। স্ত্রী,-ষ্ঠা।
গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক—যে রাশি দ্বারা একাধিক রাশিকে ভাগ করিলে মিলিয়া যায় সেই রাশি শেষোক্ত রাশিগুলির সাধারণ গুণনীয়ক ; সাধারণ গুণনীয়কগুলির মধ্যে যেটি সর্ব্বাপেক্ষা বড় তাহা গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক। যেমন,— ২, ৩, ৬ এই তিনটী ৩০ ও ১৮ এর সাধারণ গুণনীয়ক ; ৬ উহাদের গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক। ('গুণনীয়ক' দেখ)।
গরীয়ান্, বিণ পুং (গুরু+ঈয়স্, দুয়ের মধ্যে একের উৎকর্ষার্থে, গুরু স্থানে গর্।) উৎকৃষ্টতর, অতিমহান্। স্ত্রী,-য়সী।
গরীয়সী, বিণ,স্ত্রী ; উৎকৃষ্টতরা। গরীয়ান্ দেখ।
গরু (প্রা) বি ; গো, গাভী, বৃষ
গরুড়, বি, পুং ( গরুৎ=পক্ষ-ডী-কর্ত্তৃ-ড ; অথবা গর=বিষ-হন্-অ, নি ) যে পক্ষীর ন্যায় উড়ে অথবা যে বিষ নষ্ট করে, পক্ষিরাজ, বিষ্ণুর বাহন।
গরুড়ধ্বজ, বি, পুং ; শ্রীকৃষ্ণ।
গরুৎ, বি, পুং ( গৃ-কর্ত্তৃ-উৎ ) পক্ষ, পাখা।
গরুত্মতী,বিণ,স্ত্রী ; পক্ষবিশিষ্টা। পাইল যুক্তা (নৌকা)। গরুত্মান্ দেখ।

"নির্ভয়ে, চলিলা যথা গরুত্মতী তরি"
( মেঘনাদ বধ। )

গরুত্মান্ ( ত্মৎ ), বিণ, (গরুৎ= পক্ষ+মতু, অস্ত্যর্থে) পক্ষ-বিশিষ্ট। বি, পুং ; গরুড়।

পক্ষী।
গর্গ, বি, পুং ; মুনি বিং।
গর্গরী, বি, স্ত্রী ( গর্গ-রা-ড + স্ত্রীঈপ্ ) গাগরী, কলসী।
গর্জ্জন, গর্জ্জিত, বি, ক্লী (গর্জ্জ্-ভাবে-অনট্, ক্ত) মেঘ ও সিংহ প্রভৃতির শব্দ। [শব্দিত।
গর্জ্জিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত,
গর্ত্ত, বি, পুং (গৃ-কর্ত্তৃ-তন্) ছিদ্র। গহ্বর।
গর্দ্দভ, বি,পুং (গর্দ্দ্-কর্ত্তৃ-অভচ্) গাধা। স্ত্রী,-ভী।

গর্দ্দভের নিকট তিনটী বিষয় শিক্ষণীয়, যথা—
"অবিশ্রামং বহেদ্ভার
শীতোষ্ণঞ্চ ন বিন্দতি।
সসন্তোষস্তথা নিত্যং
ত্রীণি শিক্ষেত গর্দ্দভাৎ॥" চাণক্য।

গর্দ্দান, ( যা ) বি ; গলা।
গর্ভ বি, পুং ( গৃ-ভন্ ) গর্ভাশয়গত শুক্রশোণিতময় পিণ্ড, ভ্রূণ। উদর। অভ্যন্তর। বর্ষাকালে নদীর যে স্থান পর্য্যন্ত জল উঠে।
গর্ভকেশর, বি, পুং ; পুষ্পের কেশরের মধ্যে যেটি সর্ব্বাপেক্ষা স্থূল।
গর্ভগৃহ, বি, ক্লী ; ভিতরের ঘর।
গর্ভদোহদ, বি, ক্লী ; গর্ভ কালে কোন-কিছু খাইবার ইচ্ছা।
গর্ভধারিণী, বি, স্ত্রী ( গর্ভ-ধৃ-কর্ত্তৃ-ণিন্ ) যিনি গর্ভে ধারণ করেন, জননী।
গর্ভপাত, বি, পুং, গর্ভস্রাব।
গর্ভবতী, বিণ স্ত্রী ( গর্ভ + বতু, অস্ত্যর্থে + স্ত্রীঈপ্ ) গর্ভিণী, অন্তঃসত্ত্বা।
গর্ভশয্যা, বি, স্ত্রী ; গর্ভাশয়।
গর্ভস্রাব, বি, পুং ; গর্ভপাত।
গর্ভাঙ্ক, বি, পুং ; নাটকের অঙ্কের অন্তর্গত ক্ষুদ্র অঙ্ক।
গর্ভাধান, বি, ক্লী ( গর্ভ + আধান = স্থাপন, উৎপাদন ) গর্ভসঞ্চার, গর্ভে শুক্রশোণিতের সমবায়।
গর্ভাশয়, বি, পুং (গর্ভ + আশয়) গর্ভের আধার, জরায়ু।
গর্ভিণী, বিণ, স্ত্রী ( গর্ভ + ইন্ + ঈপ্ ) গর্ভবতী।
গর্ব্ব, বি, পুং ( গর্ব্ব্-ভাবে-অল্ ) অহঙ্কার, দর্প।
গর্ব্বিত,বিণ (গর্ব্ব + ইত,যুক্তার্থে) অহঙ্কৃত।
গর্হণ, বি,ক্লী (গর্হ্-ভাবে-অনট্)
গর্হা, বি, স্ত্রী (ঐ-অ) নিন্দা।
গর্হিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) নিন্দিত। জঘন্য।
গল, বি, পুং ; কণ্ঠ, গলা।
গলকম্বল, বি, পুং ; গরুর গললম্বিত কম্বলাকার মাংস।

গলগণ্ড, বি, পুং ; রোগ বিং।
গলগ্রহ, বি, পুং (গল-গ্রহ্-অন্) গলার বোঝা, অকারণে যাহার ভরণ পোষণের ভার লইতে হয়।
গলৎ, বিণ (গল্-কর্ত্তৃ-শতৃ) যাহা গলিয়া পড়িতেছে।
গলদ (প্রা) বি ; ভুল, ভ্রান্তি।
গলদ্‌ঘর্ম্মকলেবরে, ক্রিবিণ ; ঘর্ম্ম-যুক্ত শরীরে। গলদ্ যে ঘর্ম্ম, কর্ম্মধা ; গলদ্‌ঘর্ম্ম কলেবর যাহাতে, বহু।
গলদশ্রু, বিণ (গলৎ+অশ্রু) যাহা হইতে অশ্রু গলিত হইতেছে এরূপ (চক্ষু)। গলৎ অশ্রু যাহা হইতে, বহু।
গলদশ্রুলোচনে, ক্রিবিণ ; অশ্রু-পূর্ণনেত্রে। গলৎ যে অশ্রু, কর্ম্মধা ; গলদশ্রু লোচন যাহাতে, বহু।
গলদেশ, বি. পুং ; কণ্ঠ, গ্রীবা।
গলন. বি, ক্লী (গল্-ভাবে-অনট্) গলিয়া যাওয়া। ক্ষরণ। বিণ,-লিত।
গললগ্নীকৃতবাস, বিণ ; যে গল-দেশে বস্ত্র সংলগ্ন করিয়াছে, যে গলায় কাপড় লইয়াছে। গলে লগ্নীকৃত ইতি গললগ্নীকৃত, ৭মীতৎ ; গললগ্নীকৃত হইয়াছে বাস (বস্ত্র) যৎকর্ত্তৃক, বহু।
গলহস্ত, বি, পুং ; গলাধাক্কা।
"এ তোমার অনুকূল গলহস্ত।"
(শকুন্তলা।)
গলা, (প্রা) বি ; গলদেশ, কণ্ঠ। গলন।
গলাধঃকরণ, বি, ক্লী ; গিলন, অধঃকরণ।
গলাসী, (প্রা) বি ; গো প্রভৃতির গলবন্ধন রজ্জু।
গলি, (প্রা) বি ; সঙ্কীর্ণ পথ।
গলিত. বিণ (গল্-কর্ত্তৃ-ক্ত) দ্রবীভূত। [অগ্রভাগ।
গলুই, (প্রা) বি ; নৌকাদির
গল্প, (প্রা) বি ; উপকথা। কথোপকথন।
গবয়, বি, পুং (গু-কর্ত্তৃ-অয়চ্) গলকম্বল হীন গোসদৃশ পশুবিং।
গবল, বি, পুং ; বন্য মহিষ।
গবাক্ষ, বি, পুং (গো+অক্ষ) জানালা। গোব (গরুর) অক্ষি (চক্ষু) তুল্য, উপমি। পূর্ব্ব-কালে গো-চক্ষুসদৃশ জানালা রাখা হইত বলিয়া গবাক্ষ নাম। অথবা (গো=কিরণ-অক্ষ্=বিস্তৃতক্ক-ঘঞ্) যে কিরণ বিস্তার করে, অর্থাৎ ইহার ভিতর দিয়া কিরণ আইসে, এই অর্থে।
গবী, বি, স্ত্রী (গো+ঈপ্) গাভী।
গবেষণা, বি, স্ত্রী (গবেষ্=অন্বে-

ষণক্ষ-ভাবে-অন্+স্ত্রীআপ্ ) কোন বিষয়ের তত্ত্বানুসন্ধান। বিণ,-ষিত।

গব্য, বিণ ( গো+ষ্ণ্য ) গো সম্বন্ধীয় ( ঘৃত দুগ্ধাদি )।

গব্যূতি, বি, স্ত্রী; দুইক্রোশ পরিমাণ।

গহন, বিণ (গাহ্-অনট্) নিবিড়। দুর্গম। দুর্ব্বোধ। বি, ক্লী; বন।

গহনা, ( প্রা ) বি; অলঙ্কার।

গহ্বর, বি, ক্লী (গাহ্-কর্ত্তৃ-হ্বরচ্) পর্ব্বত গুহা। গর্ত্ত।

গা, (প্রা) বি; গাত্র, শরীর।

গাই, (প্রা) বি; গাভী, গবী।

গাং, (প্রা) বি; গঙ্গা। নদী।

গাঁ, (প্রা) বি; পল্লী, গ্রাম।

গাঁইট, (প্রা) বি; গিরা, গ্রন্থি। বস্তা।

গাঁজা,(প্রা) বি; মাদক দ্রব্য বিং।

গাঁঠরি, ( প্রা ) বি; পুঁটলি, বোচ্‌কা।

গাঁথন, (প্রা) বি; গঠন, রচনা।

গাগরী, ( হি ) বি; গর্গরী ক্ষুদ্র কলসী, ঘট।

গাঙ্গ, বিণ ( গঙ্গা+ষ্ণ ) গঙ্গা-সম্বন্ধীয়।

গাঙ্গায়নি, গাঙ্গেয়, বি, পুং ( গঙ্গা +ষ্ণায়নি, ষ্ণেয়, অপত্যার্থে ) ভীষ্ম।

গাছ, ( প্রা ) বি; বৃক্ষ, তরু।

গাছড়া, ( প্রা ) বি; উদ্ভিদ্।

গাজন, ( প্রা ) বি; চৈত্রসংক্রা-ন্তিতে করণীয় উৎসব বিং।

গাজর, ( প্রা ) বি; মূল বিং।

গাড়ন, ( প্রা ) বি; পোতা।

গাড়ল, ( প্রা ) বি; ভেড়া।

গাড়ী, ( প্রা ) বি; চক্রবিশিষ্ট যান, শকট।

গাড়ু, (প্রা) বি; জলপাত্র বিং, ঝারি।

গাঢ়, বিণ ( গাহ্-কর্ত্তৃ-ক্ত ) ঘন। দৃঢ়। প্রগাঢ়, গভীর।

গাণপত্য, বিণ ( গণপতি+ষ্ণ্য ) গণেশের উপাসক।

গাণ্ডিব, গাণ্ডীব, বি, পুং, ক্লী ( গাণ্ডি=গ্রন্থি+ব,অস্ত্যর্থে ) অর্জ্জুনের ধনুক।

গাণ্ডীবী(বিন্), বি, পুং ( গাণ্ডীব +ইন্, অস্ত্যর্থে ) অর্জ্জুন।

গাত্র, বি, ক্লী ( গম্-কর্ত্তৃ-ষ্ট্রন্ ) শরীর।

গাথক, বিণ ( গৈ-কর্ত্তৃ-থক ) গায়ক। স্ত্রী,-থিকা।

গাথা, বি, স্ত্রী ( গৈ কর্ম্ম-থন+আপ্ ) শ্লোক, কবিতা। গীত। ( ঐ-ভাবে থন্ ), বর্ণন।

গাদ, ( প্রা ) বি; মলা, কাইট।

গাদা, ( প্রা ) বি; রাশি, স্তূপ।

গাদাগাদি, (প্রা) বি; ঠাসাঠাসি।

গাধ, বি, পুং ( গাধ্-অচ্ )

তলস্পর্শ।
গাধা, ( প্রা ) বি; গর্দ্দভ।
গাধেয়, বি, পুং ( গাধি + ঢেয় ) বিশ্বামিত্র।
গান, বি, ক্লী ( গৈ-ভাবে-অনট্ ) গীতি। বিণ,-গীত।
গান্ধর্ব্ব, বিণ (গন্ধর্ব্ব + ষ্ণ) গন্ধর্ব্ব সম্বন্ধীয়। বিবাহ বিং, এই বিবাহে বরকন্যা পরস্পরের প্রতি অনুরক্ত হইয়া পরিণয়-পাশে আবদ্ধ হয়।
গান্ধার, বি, পুং; দেশ বিং, কান্দাহার। স্বর বিং।
গান্ধারী, বি, স্ত্রী ( গান্ধার + ষ্ণ, ভবার্থে + স্ত্রীঈপ্ ) দুর্য্যোধনাদির মাতা।
গাপ, (প্রা) বি; গোপন, ছাপান।
গাভী, ( প্রা ) বি; গবী, ধেনু।
গামী, বিণ ( গম্-ণিন্ ) যে গমন করে। স্ত্রী,-মিনী।
গাম্ভারী, ( প্রা ) বি; বৃক্ষ বিং।
গাম্ভীর্য্য, বি, ক্লী ( গম্ভীর + ষ্ণ্য ) অল্প কারণে ব্যাকুল বা চঞ্চল না হওয়া, প্রগাঢ়তা।
গামলা, ( প্রা ) বি; পাত্র বিং।
গায়ক, বিণ ( গৈ-কর্ত্তৃ-ণক ) যে গান করে। স্ত্রী,-য়িকা।
গায়ত্রী, বি, স্ত্রী; ত্রিপাদ মন্ত্র বিং। বেদমাতা।
গায়ন, বিণ ( গৈ-কর্ত্তৃ-অনট্ ) গায়ক।
গারুড়, বিণ (গরুড় + ষ্ণ) গরুড় সম্বন্ধীয়।
গারুত্মত, বি, ক্লী ( গরুত্মৎ = গরুড় + ষ্ণ, ভবার্থে ) মরকত মণি, এই মণি গরুড়ের মুখ-নিঃসৃত শ্লেষ্মা হইতে উৎপন্ন হইয়াছে এইরূপ প্রসিদ্ধি আছে।
গার্হপত্য, বি, পুং ( গৃহপতি + ষ্ণ্য) যজ্ঞাগ্নি বিং, সাগ্নিক গৃহস্থ লোকের, চিরকাল অবিচ্ছেদে যে অগ্নি গৃহে রাখে।
গার্হস্থ, গার্হস্থ্য, বিণ ( গৃহস্থ + ষ্ণ, ষ্ণ্য ) গৃহস্থ সম্বন্ধীয়। বি, ক্লী; গৃহস্থ ধর্ম্ম।
গাল, ( প্রা ) বি; গণ্ডস্থল, কপোল।
গালন, ( প্রা ) বি; দ্রবীকরণ, গলান।
গালা, ( প্রা ) বি; লাক্ষা, জতু।
গালি, (লী) বি, স্ত্রী (গল্-ইঞ্ + ঈপ্) কটু বাক্য, ভৎর্সনা। শাপ।
গালিগালাজ, (প্রা) বি; তিরস্কার, ভৎর্সনা।
গালিচা, ( প্রা ) বি; মেষাদির লোম নির্ম্মিত আসন বিং।
গালিম ( যা ) বি; শত্রু। দস্যু।
গিধড, ( প্রা ) বি; শৃগাল, শিয়াল। গৃধ্র পক্ষী।

গিন্নী, (প্রা) বি ; গৃহিণী, বাটীর কর্ত্রী। ভার্য্যা।

গির্, গিরা, বি, স্ত্রী ( গৃ-কিপ্ ) বাক্য, সরস্বতী।

গির্‌গিটী, ( প্রা ) বি ; জন্তু বিং, কৃকলাশ।

গির্‌জা, ( যা ) বি ; খৃষ্টানদিগের ধর্ম্ম মন্দির। [পর্ব্বত।

গিরি, বি, পুং ( গৃ-কর্ত্তৃ-কি )

গিরিকা, বি, স্ত্রী ; ক্ষুদ্র মূষিক।

গিরিজা, বি, স্ত্রী ( গিরি=হিমালয় পর্ব্বত-জন্-কর্ত্তৃ-ড+আপ্) পার্ব্বতী, দুর্গা।

গিরিতরঙ্গিণী, বি, স্ত্রী ; পার্ব্বত্য-নদী। গিরিপ্রবাহিতা তরঙ্গিণী, কর্ম্মধা।

গিরিদুর্গ, বি, ক্লী ; গিরিরূপ দুর্গ। পর্ব্বত মধ্যস্থ দুর্গ।

গিরিশ, বি, পুং (গিরি=কৈলাস পর্ব্বত-শী-কর্ত্তৃ-ড ) গিরিতে শয়ন করে যে, শিব। [চূড়া।

গিরিশৃঙ্গ, বি, পুং ; পর্ব্বতের

গিরিসঙ্কট, বি, ক্লী ; পর্ব্বত শ্রেণীর মধ্যস্থিত সঙ্কীর্ণ পথ।

গিরীন্দ্র, বি, পুং ( গিরি+ইন্দ্র ) পর্ব্বতশ্রেষ্ঠ,হিমালয়। ৭মীতৎ।

গিরীশ, বি, পুং ( গিরি+ঈশ ) শিব।

গিলন, বি, ক্লী (গৃ-অনট্) গ্রাস-করণ, ভক্ষণ। বিণ,-লিত।

গিলিত, বিণ (গ্রৈ-ক্ত) ভক্ষিত।

গীঃ, বি, স্ত্রী ; বাণী, সরস্বতী।

গীত, বি, ক্লী ( গৈ-ভাবে-ক্ত ) গান। বিণ ; বর্ণিত। উচ্চারিত।

গীতা, বি, স্ত্রী (গীত+স্ত্রীআপ্) উপদেশ গর্ভ গ্রন্থ বিং, ভগবদ্-গীতা ইত্যাদি।

গীতি, বি, স্ত্রী ( গৈ-ভাবে-ক্তি ) সঙ্গীত, গান।

গীর্ব্বাণ, বি, পুং (গির্=বাক্য+বাণ ) দেবতা।

গীষ্পতি, বি, পুং ( গির্+পতি ) বৃহস্পতি। পণ্ডিত।

গুঁড়া, ( প্রা ) বি ; চূর্ণ।

গুঁড়ি, ( প্রা ) বি ; তণ্ডুলাদি চূর্ণ। গাছের গুঁড়ি।

গুগ্‌গুল, বি, পুং ; সুগন্ধি বৃক্ষ-নির্য্যাস বিং।

গুচ্ছ, বি, পুং ( গুধ্-কর্ত্তৃ-ছক্ ) স্তবক। তৃণাদির গোছা।

গুঞ্জ, বি, পুং ; গুচ্ছ, স্তবক। কুঞ্জ।

গুঞ্জন, গুঞ্জিত, বি, ক্লী ( গুঞ্জ্-ভাবে-অনট্, ক্ত ) ভ্রমরাদির গুন্‌গুন্ ধ্বনি।

গুঞ্জা, বি, স্ত্রী ; কুঁচ। পরিমাণ বিং। মধুরধ্বনি।

গুটান,(প্রা) বি ; সঙ্কুচিত করা।

গুটিকা,গুটী, বি ; স্ত্রী ; বটিকা। গুলি। ঘুঁটী। পোকারগুটী।

**গুটিপোকা**,(গ্রা) বি ; তন্তু কীট।

**গুড়**, বি, পুং (গুড্-অক্) ইক্ষুরসাদি জাত মিষ্ট দ্রব্য বিং।

**গুড়মুড়া**, (গ্রা) বি ; পাদমূল, গুল্‌ফ।

**গুড়াকেশ**, বি, পুং (গুড়া = সিজ গাছ + কেশ ) অর্জ্জুন। শিব।

**গুড়ুচী**, বি, স্ত্রী ; লতাবিং, গুলঞ্চ।

**গুণ**, বি,পুং (গুণ্-অল্ ) উৎকর্ষ। বৃদ্ধি। ত্যাগ। গুণন। ইন্দ্রিয়। ধনুকের ছিলা। রজ্জু। শুক্ল, কৃষ্ণ; পীত; তিক্ত, মধুর প্রভৃতি। দ্রব্যের শক্তি—যথা, —ঔষধের গুণ। (ন্যায়ে) রূপ, রসাদি চতুর্ব্বিংশতি।(অলঙ্কারে) ওজঃ প্রসাদাদি। (দণ্ডনীতিতে) সন্ধি, বিগ্রহ, যান, আসন,দ্বৈধ, আশ্রয় রাজার এই ছয়গুণ। বিদ্যাবিনয়াদি। সত্ত্ব, রজঃ ও তমঃ, প্রকৃতির এই তিন গুণ।

দেহে আসক্ত জীবাত্মা স্বরূপতঃ অবিকারী হইলেও প্রকৃতিজনিত সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনগুণে আবদ্ধ হয়েন। সত্ত্বগুণের লক্ষণ—সুখাসক্তি ও জ্ঞানাসক্তি, রজঃগুণের লক্ষণ—কর্ম্মাসক্তি, তমোগুণের লক্ষণ—অজ্ঞানতা বা মোহ। যিনি এই ত্রিবিধ অবস্থা হইতে মুক্ত অর্থাৎ যিনি সুখদুঃখে উদাসীন,প্রবৃত্তি-নিবৃত্তিহীন, কেবল মাত্র সাক্ষিরূপে অবস্থিত,তিনিই গুণাতীত। গুণাতীত না হইলে মুক্তি হয়না। সত্ত্বগুণ শান্ত, নির্ম্মল, জ্ঞানময় হইলেও উহা বন্ধনের কারণ, কেননা উহাতেও সুখাসক্তি থাকে এবং 'আমি জ্ঞানী' এই জ্ঞান থাকে।

**গুণক**, বি, পুং ( ঐ-ণক ) যে অঙ্ক দিয়া গুণ করে।

**গুণগ্রাম**, বি, ক্লী ; গুণসমূহ।

**গুণগ্রাহিতা**, বি, স্ত্রী ( গুণ-গ্রাহিন্ + তা ) অন্যের গুণ-গ্রহণের শক্তি বা প্রবৃত্তি, গুণজ্ঞতা।

**গুণগ্রাহী**, বি(গুণ-গ্রহ্-কর্ত্তৃ-ণিন্ ) অন্যের গুণগ্রহণে অর্থাৎ বুঝিতে সক্ষম, গুণজ্ঞ। বি,-হিতা।

**গুণজ্ঞ**, বিণ (গুণ জ্ঞা-ড ) 'গুণ-গ্রাহী' দেখ। বি,-জ্ঞতা।

**গুণধর**, বিণ ; গুণশালী।

**গুণন**, বি, ক্লী ( গুণ-অনট্ ) পূরণ, এক অঙ্ক দিয়া অন্য অঙ্ককে গুণ করণ।

**গুণনিধি**, বিণ ; গুণের আধার স্বরূপ, প্রভূত গুণসম্পন্ন।

**গুণনীয়**, বিণ ; যাহাকে গুণ করিতে হইবে।

**গুণনীয়ক**, বি, যে রাশি দ্বারা অপর কোন রাশিকে ভাগ করিলে কিছুই অবশিষ্ট থাকে না তাহা ঐ দ্বিতীয় রাশির গুণ-নীয়ক ; যেমন, দুই বা তিন ছয়ের গুণনীয়ক।

গুণপনা, (প্রা) বি ; নৈপুণ্য ।

গুণপ্রকর্ষ, বি, পুং ; সদ্‌গুণ ।

গুণবতী, বিণ, স্ত্রী (গুণ + বতী, অস্ত্যর্থে + স্ত্রীঈপ্ ) গুণশালিনী, পুং,-বান্ ।

গুণবত্তা, বি, স্ত্রী (গুণবৎ + তা, ভাবার্থে ) গুণশালিতা ।

গুণবন্ত, (প্র) বিণ ; (গুণ + বন্ত অস্ত্যর্থে ) গুণবান্ ।

গুণবান্, বিণ, পুং ( গুণ + বতী অস্ত্যর্থে) গুণশালী । স্ত্রী,-বতী । বি,-বত্তা । [ মাস্তল ।

গুণবৃক্ষ (ক), বি,পুং ; নৌকাদির

"বড বড গুণবৃক্ষকের অগ্রভাগে"
অক্ষয় দত্ত

গুণশালিতা, বি, স্ত্রী ; গুণবত্তা ।

গুণশালী, বিণ, পুং ( গুণ + শালিন্ , গুণবান্ অস্ত্যর্থে ) স্ত্রী,-লিনী । বি,-লিতা ।

গুণাকর, বিণ;অতিশয় গুণসম্পন্ন ।

গুণাতীত, বিণ ; সত্ত্ব, রজঃ,তমঃ এই তিন গুণেব অতীত (' গুণ' শব্দ দেখ ) ।

'কোন গুণ নাই তার কপালে আগুন'
অন্নদামঙ্গল ।

কোন গুণ নাই, অর্থাৎ গুণাতীত ।

গুণাধার, বিণ ; গুণালয়, অতিশয় গুণসম্পন্ন ।

গুণান্বিত, বিণ ; গুণশালী ।

গুণানুবাদ, বি, পুং ( গুণ + অনুবাদ ) গুণবর্ণন ।

গুণিত, বিণ ( গুণ্-ক্ত) যাহাকে গুণকরা হইয়াছে ।

গুণী ( ণিন্ ) বিণ (গুণ + ইন্ ) গুণবান্ । স্ত্রী,-ণিনী ।

গুণ্ঠন, বি, ক্লী ( গুণ্ঠ্-ভাবে-অনট্ ) আবরণ । বিণ,-ণ্ঠিত ।

গুণ্ঠিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) আবৃত, আচ্ছাদিত । [ চূর্ণ ।

গুণ্ড,বি, পুং ( গুণ্ড্-অল্) গুঁড়া,

গুণ্য, বিণ ( গুণ্-য ) যে অঙ্ককে গুণ করা যায় ।

গুণোৎকীর্ত্তন, বি, ক্লী ( গুণ + উৎকীর্ত্তন ) গুণবর্ণন ।

গুণগুণ্, (প্রা) বি ; ভ্রমর ধ্বনি

গুদাড়া, ( প্রা ) বি ; খেয়া ।

গুদাম, ( প্রা ) বি ; যে গৃহে দ্রব্যাদি থাকে ।

গুপ্ত, বিণ ( গুপ্-কর্ম্ম-ক্ত ) গূঢ়, লুক্কায়িত । রক্ষিত । সংবৃত । বি,-প্তি, গোপন ।

গুপ্তচর, বি, পুং ; অনুসন্ধানী ।

গুপ্তি, বি, স্ত্রী (গুপ্-ক্তি) গোপন । রক্ষা । পাহারা ।

গুমট, (প্রা) বি ; গ্রীষ্ম, গরমী ।

গুমর, (প্রা) বি ; অহঙ্কার, দম্ভ ।

গুম্ফ, বি, পুং ( গুন্ফ-অল্ ) গ্রন্থন । শ্মশ্রু, গোঁপ ।

গুম্ফন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) গ্রন্থন, গাঁথা । [ গ্রথিত ।

গুম্ফিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত )

গুয়া, (প্রা) বি ; গুবাক,সুপারি।
গুরু,বি, পুং (গৃ-নিগরণ বা উপদেশকৃ-কর্ত্তৃ-কু ) অজ্ঞান সকল নিগরণ বা ধর্ম্ম উপদেশ করেন যিনি, আচার্য্য, শিক্ষাদাতা। পিতা প্রভৃতি। বৃহস্পতি। দ্রোণাচার্য্য। দীর্ঘস্বরবর্ণ। বিণ; পূজ্য। ভারী। উৎকৃষ্ট।কঠিন। অধিক। বৃহৎ। স্ত্রী, গুর্ব্বী, গুরু।
গুরুজন, বি, পুং ; মান্যব্যক্তি, পিতা পিতামহ প্রভৃতি।
গুরুতর, বিণ (গুরু+তর) দুয়ের মধ্যে অধিক গুরু।
গুরুত্ব, বি, ক্লী (ঐ+ত্ব,ভাবার্থে) মহত্ত্ব। গৌরব। আধিক্য। অলঘুতা। ভার।
গুরুদশা বি,স্ত্রী; বৃহস্পতির দশা, মাতা পিতার মৃত্যুর অব্যবহিত পরবর্ত্তী কাল বিং।
গুরুপাক, বিণ ; দুষ্পাচ্য।
গুর্জ্জর, বি, পুং ; গুজরাটদেশ। তদ্দেশবাসী। স্ত্রী,-রী।
গুর্বঙ্গনা, বি, স্ত্রী ( গুরু+অঙ্গনা =পত্নী ) গুরুপত্নী। ৬ষ্ঠীতৎ।
গুর্ব্বিণী, বি স্ত্রী (গুরু=গর্ভস্থসত্ত্ব +ইন্+স্ত্রীঈপ্ ) গর্ভবতী।
গুর্ব্বী, বি, স্ত্রী ( গুরু+স্ত্রীঈপ্ ) গুরুপত্নী। বিণ ; গৌরববতী।
গুলজার, (প্রা) ; বিণ ; জাঁকাল, ঘটাযুক্ত।

"তাহার কারবার আরো গুলজার হইয়া উঠিল,।" (ভারতী, জ্যোতিরিন্দ্র)

গুলঞ্চ, ( প্রা ) বি ; লতা বিং।
গুলা, গুলি, গুলিন, (প্রা) ব্য ; বহুত্ব বোধক প্রত্যয়।
গুলিকা, বি, স্ত্রী ; গুটিকা। গুলি।
গুল্‌ফ, বি, পুং ( গুড়্-ফক্ ) পায়ের গোড়ালী।
গুল্ম, বি, পুং ( ঐ-কর্ত্তৃ-মক্ ) প্লীহা। উদরমধ্যস্থ রোগ বিং। তৃণাদির ঝাড়। ছোটগাছ।
গুবাক, বি, পুং ( গু-আক ) সুপারি।
গুহ, বি, পুং (গুহ্-কর্ত্তৃ-ক ) কার্ত্তিকেয়। চণ্ডাল বিং।
গুহক, গুহ, বি, পুং ; শ্রীরামের মিত্র নিষাদপতি বিং।
গুহা, বি, স্ত্রী ( গুহ্-অধি-ক+স্ত্রীআপ ) পর্ব্বতাদির গহ্বর। গর্ত্ত।
গুহ্য, বিণ (ঐ-কর্ম্ম-ক্যপ্) গোপনীয়। নির্জ্জন। বি, ক্লী, মলদ্বার। [কুবেরানুচর।
গুহ্যক, বি, পুং; দেবযোনি বিং,
গূঢ়, বিণ ( গুহ্-কর্ম্ম-ক্ত ) গুপ্ত। প্রচ্ছন্ন। দুর্ব্বোধ।
গূঢ়োৎপন্ন, বিণ ; গোপনে জাত পুত্র বিং।

গৃঞ্জন, বি, পুং ( গৃঞ্জ্-অনট্ ) গাজর। রসুন ক্লী ; বিষাক্ত পশুমাংস।

গৃধ্নু, বিণ ( গৃধ্=অত্যন্ত আকাঙ্ক্ষ-কর্ত্তৃ-ক্নু ) লোভী, লুব্ধ।

গৃধ্র. বি, পুং ( ঐ-রক্ ) শকুনি পক্ষী।

গৃধ্ররাজ, বি. পু ; জটায়ুপক্ষী।

গৃষ্টি, বি, স্ত্রী ( গ্রহ্-কর্ত্তৃ-ক্তি ) একবার প্রসূতা গাভী।

গৃহ. বি, পুং, ক্লী ( গ্রহ্-কর্ত্তৃ-ক ) ঘর। গৃহস্থাশ্রম। কলত্র।

গৃহচ্ছিদ্র, বি ক্লী ; আপন ঘরের অপবাদ।

গৃহপতি,গৃহস্বামী বি,পুং : বাটীর কর্ত্তা। ৬ষ্ঠীতৎ। স্ত্রী,-মিনী।

গৃহলক্ষ্মী, বি, স্ত্রী : গৃহের লক্ষ্মীস্বরূপাস্ত্রী, সুশীলা সচ্চরিত্রা রমণী।

গৃহবিচ্ছেদ, বি, পুং ; পরিবার বর্গের মধ্যে পরস্পর বিভেদ।

গৃহস্থ, বি, পুং ( গৃহ-স্থা-কর্ত্তৃ-ড ) সংসারী, গৃহী। বিণ; গৃহেস্থিত।

গৃহাগত, বিণ ; গৃহে আগত। ৭মীতৎ বি, পুং ; আগন্তুক। অতিথি।

গৃহিণী, বি, স্ত্রী ( গৃহ+ইন্+ঈপ্ ) পত্নী।

গৃহী ( হিন্ ), বি, পুং ( গৃহ+ইন্, অস্ত্যর্থে ) সংসারী, গৃহস্থ।

গৃহীত, বিণ ( গ্রহ্-কর্ম্ম-ক্ত ) যাহা গ্রহণ করা হইয়াছে। স্বীকৃত। বি, গ্রহণ।

গেয়, বিণ ( গৈ-কর্ম্ম-য ) গাইবার যোগ্য। বি ; ক্লী ; গীতি।

গেহ,বি,ক্লী ( গ-ঈহ্-অল্ ) গৃহ।

গেহিনী, বি, স্ত্রী ( গেহ+ইন্+ঈপ্ ) গৃহিণী। পুং,-হী।

গৈরিক, বি, ক্লী ( গিরি+ষ্ণিক, ভবার্থে ) গিরিমাটী। স্বর্ণ। বিণ ; গিরিজাত।

গোঁজ, ( প্রা ) বি ; কীলক, শঙ্কু, খোঁটা।

গোঁড ( প্রা ) বি ; উচ্চনাভি।

গোঁড়া, ( প্রা ) বি ; স্তাবক। অযৌক্তিকরূপে স্বীয়মতের প্রতি অনুরক্ত।

গোঁড়ামি, (প্রা) বি ; স্তাবকতা। স্বীয়মতে অসঙ্গত আনুরক্তি।

গোঁফ, (প্রা) বি ; মোচ, গুম্ফ।

গোঁসাই ( প্রা ) বি; গোস্বামী। প্রভু।

গো, বি, পুং ( গম্-কর্ত্তৃ-ডো ) বৃষ। পশু। চন্দ্র। সূর্য্য। পুং, স্ত্রী ; স্বর্গ। কিরণ। বাণ। বজ্র। জল। ইন্দ্রিয়। কেশ। দৃষ্টি। স্ত্রী . গবী। বাণী। দিক্। গায়ত্রী। পৃথিবী। মাতা।

গোকর্ণ, বি, পুং ; অশ্বতর। বিতস্তিপরিমাণ। সর্প। তীর্থ বিং।

গোকুল, বি, ক্লী ; যমুনাতীরস্থ গ্রাম বিং। গোষ্ঠ। গোসমূহ।
গোগ্রাস, বি, পুং ; গরুর ন্যায় আহার।
গোচর, বিণ (গো-চর্-কর্তৃ অন্) ইন্দ্রিয় গ্রাহ্য, জ্ঞাতসার। আশ্রিত। বি, পুং ; আশ্রয়। গোচারণ-স্থান।
গোচারণ, বি, ক্লী ; গরু চরান।
গোঠ, (প্রা) বি ; গোচারণ স্থান, গোষ্ঠ। কটীভূষণ।
গোড়া, (প্রা) বি ; মূল, আদি।
গোড়ালী, (প্রা) বি ; গুল্ফ, পাদমূল। [মুনি।
গোতম,বি,পুং, ন্যায়শাস্ত্র প্রণেতা
গোত্র, বি, ক্লী (গো-ত্রৈ ড) বংশ নাম। পথ। বন। পুং ; পর্ব্বত। [বংশোৎপন্ন।
গোত্রজ, বিণ (গোত্র-জন্-ড)
গোত্রভিৎ(দ),বি, পুং, পুং (গোত্র =পর্ব্বত-ভিদ্-কর্তৃ ক্বিপ্)ইন্দ্র।
গোত্রা, বি, স্ত্রী ; পৃথিবী।
গোদাবরী, বি, স্ত্রী (গো=জল-দা-কর্তৃ-কনিপ্=গোদাবন্+ স্ত্রী ঈপ্) যে উৎকৃষ্ট জল দান করে, স্বনামপ্রসিদ্ধা নদী।
গোধন, বি, ক্লী ; গোসমূহ।
গোধা, গোধিকা, বি, স্ত্রী ; গোসাপ।
গোধূম, বি, পুং ; শস্য বিং, গম।
গোধূমচূর্ণ,বি,ক্লী, ময়দা ৬ষ্ঠীতৎ।
গোধূলি, বি,পুং; সন্ধ্যার প্রাক্কাল। সূর্য্যাস্তকালে গরু সকল মাঠ হইতে পথে ধূলি উড়াইয়া আইসে বলিয়া এই সময়কে "গোধূলি" বলে। গোর (গরুর) ধূলি হয় যাহাতে (যে সময়ে), বহু।
গোপ, বি, পুং (গো-পা-কর্তৃ-ড) গোয়ালাজাতি। গোরক্ষক। স্ত্রী,-পী।
গোপন, বি, ক্লী (গুপ্ ভাবে-অনট্) লুকান। বিণ,গুপ্ত।
গোপনীয়, বিণ (ঐ-কর্ম্ম-অনীয়) অপ্রকাশ্য।
গোপবল্লভ, বি, পুং ; শ্রীকৃষ্ণ। গোপ হইয়াছে বল্লভ (প্রিয়) যাঁহার, বহু।
গোপাল, বি, পুং (গো-[গরু, পৃথিবী ]-পালি-কর্তৃ-অন্) শ্রীকৃষ্ণ। গোরক্ষক।
গোপালক, বি,পুং ; গোরক্ষক। স্ত্রী,-লিকা।
গোপাষ্টমী, বি, স্ত্রী (গোপ+ অষ্টমী) কার্ত্তিক মাসের শুক্লাষ্টমী, এইদিনে শ্রীকৃষ্ণ গোপালনে নিযুক্ত হন।
গোপিকা, গোপী, বি, স্ত্রী ; গোপস্ত্রী, গোয়ালিনী।
গোপীবল্লভ, বি, পুং ; শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ।

**গোপীনাথ,** বি, পুং ; শ্রীকৃষ্ণ।

**গোপুচ্ছ,** বি, পুং ; গরুর লেজ।

**গোপুর,** বি, ক্লী ; পুরদ্বার। নগরদ্বার।

**গোপেন্দ্র,** বি, পুং ( গোপ + ইন্দ্র = প্রভু ) শ্রীকৃষ্ণ।

**গোপ্য,** বিণ ( গুপ্-য ) গোপনীয়। বি ; ভৃত্য।

**গোমতী,** বি, স্ত্রী ; নদী বিং।

**গোময়,** বি, পুং, ক্লী ( গো + ময়ট্ ) গোবর।

**গোমসূর্য্যাধান,** বি, ক্লী ( গো + মসূরী + আধান) গোবীজে টীকা দেওয়া।

**গোমস্তা,** ( হি ) বি ; কর্ম্মচারী।

**গোমাতা,** বি, স্ত্রী ; গোসমূহের মাতা, সুরভি।

**গোমায়ু,** বি, পুং ( গো-মা-উণ্ ) [শৃগাল।

**গোমুখী,** বি, স্ত্রী ( গোমুখ + স্ত্রী-ঈপ্ ) হিমালয়ের গোমুখাকার গঙ্গাপাত গুহা।

**গোমূত্র,** বি, ক্লী , গরুর চোনা।

**গোমূঢ়, গোমূর্খ,** বিণ ; গরুর ন্যায় নির্ব্বোধ। গণ্ডমূর্খ।

**গোযান,** বি, ক্লী ; গো-শকট, গরুর গাড়ী। [আভীর,গোপ।

**গোয়ালা,** ( প্রা ) বি ; আহীরী,

**গোঁয়ার**(প্রা)বিণ ; অত্যন্ত রাগী।

**গোয়েন্দা,** ( যা ) বি ; গুপ্তচর।

**গোরক্ষক,** বিণ ; গোপালনকারী, রাখাল।

**গোরস,** বি, পুং ; দধি, দুগ্ধ প্রভৃতি।

**গোরা,** ( প্রা ) বি ; গৌরাঙ্গ। বিণ ; সুন্দরকায়।

**গোরোচনা,** বি, স্ত্রী ; গোমস্তক-লব্ধ উজ্জ্বলপীতবর্ণ দ্রব্য বিং।

**গোল,**বিণ ( গুড্-ঘঞ্ ) মণ্ডলাকার, বর্ত্তুল।

**গোলক,**বিণ(গোল + কণ্) গোল। বি, ক্লী ; যে দারুময় বর্ত্তুলে পৃথিবী ও আকাশের প্রতিরূপ অঙ্কিত আছে (a globe)।

**গোলমাল,** (প্রা) বি ; গণ্ডগোল।

**গোলা** (প্রা) বি ; শস্যাগার। বর্ত্তুলাকার লৌহপিণ্ড বিং।

**গোলাম** (যা) বি ; নফর, ভৃত্য।

**গোলোক** বি, পুং (গো = স্বর্গ + লোক = ভুবন) স্বর্গ , নিত্যধাম, বৈকুণ্ঠ। কর্ম্মধা।

**গোবর্দ্ধন,** বি, পুং ; বৃন্দাবনস্থ পর্ব্বত বিং।

**গোবিন্দ,** বি, পুং ( গো-বিদ্-কর্ত্তৃ-শ ) শ্রীকৃষ্ণ।

**গোশাল,**বি,ক্লী(গো + শালা = গৃহ
**গোশালা,** বি, স্ত্রী ; গোয়াল ঘর। ষষ্ঠীতৎ।

**গোষ্ঠ,** বি, পুং, ক্লী ( গো-স্থা-অধি-ড ) গরু সকল যেখানে থাকে, গোচারণ স্থান, গোঠ।

গোষ্ঠী, বি, স্ত্রী ; সভা। পরিবার। বংশ। জাতি।
গোষ্ঠীপতি, বি, পুং ; পরিবার বা বংশের প্রধানব্যক্তি। সভাপতি।
গোষ্পদ, বি, ক্লী ( গো+পদ, স-আগম ) গরুর খুর পরিমিত স্থান বা গর্ত্ত। গরুর পদ চিহ্ন।
গোস্তনী, বি, স্ত্রী; আঙ্গুর, যে ফলের আকার গরুর স্তনেরমত।
গোস্বামী (মিন্), বি, পুং ; যিনি ধর্ম্ম বিষয়ে উপদেশ দেন, বাচস্পতি। উপাধি বিং।
গোহত্যা, বি, স্ত্রী ; গোবধ।
গৌড়, বি, পুং ; বঙ্গদেশ।
গৌণ, বিণ (গুণ+ষ্ণ) অপ্রধান। ( প্রা ) বি ; বিলম্ব। স্ত্রী,-ণী।
গৌতম, বি, পুং ( গোতম+ষ্ণ, অপত্যার্থে ) মুনি বিং। বুদ্ধ। বিণ ; গোতমবংশীয়। স্ত্রী,-মী।
গৌর, বিণ ( গু-রণ্ ) শ্বেত। পীত। লোহিত। পরিষ্কৃত। স্ত্রী,-রী।
গৌরব, বি, ক্লী ( গুরু+ষ্ণ, ভাবার্থে ) গুরুত্ব। সম্মান। আদর। মহিমা।
গৌরাঙ্গ, বি, পুং ; চৈতন্যদেব। গৌর হইয়াছে অঙ্গ যাঁহার, বহু। বিণ ; সুন্দরকায়।
গৌরী, বি, স্ত্রী (গৌর+স্ত্রীঈপ্) দুর্গা। অষ্টবর্ষীয়া কন্যা। গৌরবর্ণা স্ত্রী।
গ্রথিত, গ্রন্থিত, বিণ (গ্রন্থ্-কর্ম্ম-ক্ত) যাহা গাঁথা হইয়াছে। রচিত। বি, গ্রন্থন।
গ্রন্থ, বি, পুং, ( গ্রন্থ্-কর্ম্ম-অল্ ) সন্দর্ভ। পুস্তক।
গ্রন্থকর্ত্তা, গ্রন্থকার, বি, পুং ; যে গ্রন্থ রচনা করে। স্ত্রী,-র্ত্রী।
গ্রন্থন, বি, ক্লী ( গ্রন্থ্-ভাবে-অনট্ ) গাঁথা। রচনা। বিণ, -থিত।
গ্রন্থি, বি, পুং ( ঐ-ভাবে-ইন্ ) গাঁইট। বন্ধন। সন্ধি।
গ্রন্থিল, বিণ(গ্রন্থি+ল) গাঁইটযুক্ত।
গ্রন্থী, বিণ ( গ্রন্থ+ইন্ ) যাহার অনেক গ্রন্থ আছে। স্ত্রী,-ন্থিনী।
গ্রসন, বি, ক্লী (গ্রস্-ভাবে-অনট্) গ্রাস করা। বিণ, গ্রস্ত।
গ্রস্ত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) গিলিত। আক্রান্ত।
গ্রহ, বি, পুং ( গ্রহ্-অল্ ) সূর্য্য প্রভৃতি নয়টী। যে সকল জ্যোতিষ্ক সূর্য্যের চতুর্দ্দিকে মণ্ডলাকারে নিয়ত পরিভ্রমণ করে। গ্রহণ। জ্ঞান, বোধ।
গ্রহণ, বি, ক্লী ( ঐ-অনট্ ) লওয়া। স্বীকার। ধারণ। সূর্য্যাদির গ্রাস।
গ্রহণি, গ্রহণী, বি, স্ত্রী ( ঐ-অনি ) উদর রোগ বিং।

গ্রহণীয়, বিণ ( ঐ-অনীয় ) গ্রহণ-যোগ্য।
গ্রহবিপ্র, বি, পুং ; দৈবজ্ঞ, আচার্য্য।
গ্রহযাগ, বি, পুং ; সূর্য্যাদি নবগ্রহের বৈগুণ্য শান্তির নিমিত্ত হোম।
গ্রহ-বৈগুণ্য, বি, ক্লী ; গ্রহের প্রতিকূলতা। ৬ষ্ঠীতৎ।
গ্রহীতা(তৃ), বিণ ( গ্রহ্-তৃন্ ) যে গ্রহণ করে। স্ত্রী,-ত্রী।
গ্রাম, বি, পুং ( গ্রস্-কর্ত্তৃ-ম ) লোকালয়,গৃহস্থ লোকের বাসস্থান। সমূহ। ষড়্জ, মধ্যম, গান্ধার, এই তিন স্বরভেদ।
গ্রামস্থ, বিণ ( গ্রাম-স্থা-ড ) এক গ্রামবাসী। গ্রামে স্থিত।
গ্রামীণ, বিণ ( গ্রাম+ীন ) গ্রামোৎপন্ন। গ্রামবাসী। স্ত্রী,-ণা
গ্রাম্য, বিণ ( ঐ+ষ্ণ্য, ভবার্থে ) গ্রামজাত। গ্রাম সম্বন্ধায়। প্রাকৃত। অশ্লীল। বি,-তা।
গ্রাম্যতা, বি, স্ত্রী ( গ্রাম্য+তা, ভাবার্থে ) অশ্লীলতা।
গ্রাম্যপশু,বি,পুং; গ্রাম্যজন্তু। গো, মেষ,ছাগ,মনুষ্য, অশ্ব, অশ্বতর, গর্দ্দভ, এই সাত।
গ্রাম্যভাষা, বি, স্ত্রী; ইতরভাষা।
গ্রাস, বি, পুং ( গ্রস্-ঘঞ্ ) ভক্ষণ, গেলা। মুখপূরণোপযুক্ত অন্নাদি পিণ্ড। কবল।
গ্রাসাচ্ছাদন, বি, ক্লী ( গ্রাস+আচ্ছাদন ) অন্নবস্ত্র, অশনবসন, খাওয়াপরা। দ্বন্দ্ব।
গ্রাহ, বি, পুং ( গ্রহ্-কর্ত্তৃ-ণ ) কুম্ভীর। হাঙ্গর।
গ্রাহক, বিণ (ঐ-ণক) যে গ্রহণ করে। ক্রেতা। স্ত্রী,-হিকা।
গ্রাহী ( হিন্ ), বিণ ( ঐ-ণিন্ ) গ্রহণকারী।
গ্রাহ্য, বিণ ( গ্রহ্-কর্ম্ম-ঘ্যণ্ ) গ্রহণযোগ্য। গণ্য।
গ্রীবা, বি, স্ত্রী ( গৃ=ভোজনকৃ-করণ-ব+স্ত্রীআপ্ ) ঘাড়।
গ্রীবাভঙ্গ,বি, পুং ; ঘাড় ফেরান।
গ্রীষ্ম, বি, পুং ( গ্রস্-কর্ত্তৃ-মক্ ) উত্তাপ। উষ্ণঋতু। বিণ; উষ্ণ।
গ্রৈবেয়, বি, ক্লী ( গ্রীবা+ঢেয়, ইদমর্থে ) কণ্ঠভূষণ।
গ্লানি, বি, স্ত্রী ( গ্লৈ-ভাবে-ক্তি ) ক্লান্তি। অবসন্নতা। নিন্দা। বিণ, গ্লান।
গ্লৌ, বি, পুং ( গ্লৈ=পাওয়া-কর্ত্তৃ-ডৌ ) চন্দ্র। কর্পূর।

# ঘ।

ঘ, বি, পুং ; ঘণ্টা। ঘুঙ্গুর। ঘর্ঘরধ্বনি।

ঘট, বি, পুং ( ঘট্-কর্ম্ম-অল্ ) কুম্ভ, কলস। স্ত্রী,-টী।

ঘটক, বিণ ( ঐ-কর্ত্তৃ-ণক ) যে বিবাহ সম্বন্ধ ঘটাইয়া দেয়।

ঘটন, বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্) সংঘটন। বিণ,-টিত।

ঘটনা, বি, স্ত্রী (ঐ-অন্+আপ্) ব্যাপার। আকস্মিক ব্যাপার। সংঘটন। সংযোগ।

ঘটা, বি, স্ত্রী ; ( ঘট্-ভাবে-ঙ ) সংঘটন। সমূহ। আড়ম্বর।

"আপনাদের সম্পদ ও বৈভবের কতই ঘটা প্রদর্শন করিয়া থাকেন।"

( প্রভাতচিন্তা )

ঘটিকা, বি, স্ত্রী ( ঘটি+কণ্+আপ্ ) ক্ষুদ্র ঘট। আড়াইদণ্ড, ঘণ্টা। ঘড়ী। মুহূর্ত্ত।

ঘটিত, বিণ ( ঘট্-কর্ম্ম-ক্ত ) সংঘটিত। যোজিত। সংক্রান্ত।

ঘটী, বি, স্ত্রী ; ক্ষুদ্র ঘট। ঘড়ি।

ঘটীযন্ত্র, বি, ক্লী ; কূপাদি হইতে জল তুলিবার যন্ত্র। ঘড়ী।

ঘটোৎকচ, বি,পুং ( ঘট=করি-কুম্ভ + উৎকচ = কেশশূন্য ) হিড়িম্বারাক্ষসীর গর্ভে ভীমের ঔরসজাত পুত্র। জন্মকালে ইহাঁর মস্তক করিকুম্ভের ন্যায় কেশশূন্য ছিল বলিয়া এই নাম হইল।

ঘট্ট, বি, পুং ( ঘট্ট-অল্ ) নদী প্রভৃতির ঘাট।

ঘট্টজীবী, বি, পুং ( ঘট্ট-জীব্-ণিন্ ) পাটুনি জাতি।

ঘট্টন, বি, ক্লী ( ঐ-অনট্ ) ঘর্ষণ। ঘোঁটা।

ঘড়া, (প্রা ) বি ; জলপাত্র বিং।

ঘড়িয়াল,(প্রা)বি ; জলজন্তু বিং।

ঘড়ী, ( প্রা) বি ; সময় নিরূপক যন্ত্র, ঘটিকা।

ঘণ্টা, বি, স্ত্রী ; ধাতু নির্ম্মিত বাদ্যযন্ত্র বিং। ঘটিকা।

ঘণ্টাকর্ণ, বি, পুং ; শিবানুচর বিং। পণ্ডিত বিং।

ঘণ্টিকা, বি, স্ত্রী ; ক্ষুদ্র ঘণ্টা।

ঘন, বি, পুং ( হন্-কর্ম্ম-অল্ ) মেঘ। সমান তিন অঙ্কের গুণ। বিণ; নিবিড়। গাঢ়। কঠিন।

ঘনক্ষেত্র, বি, ক্লী ; যে ক্ষেত্রের দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ পরস্পর সমান।

ঘনফল,ঘনমূল,বি,ক্লী;কোন রাশি আপনার দ্বারা দুইবার গুণিত হইলে যে গুণফল হয় তাহাকে

সেই রাশির ঘনফল ( Cube ) এবং ঐ মূল রাশিটিকে ঐ ঘনফলের ঘনমূল ( Cube root) বলা হয়; যেমন, ২ × ২ × ২ = ৮, ২এর ঘনফল ৮, ৮এর ঘনমূল ২।

ঘনশ্যাম, বিণ; সজল মেঘের ন্যায় শ্যামবর্ণ। বি,পুং; শ্রীকৃষ্ণ।

ঘনাগম, বি, পুং; বর্ষাকাল। ঘনের ( মেঘের ) আগম হয় যাহাতে, বহু। [হওয়া।

ঘনান, ( প্রা ) বি; নিকটবর্ত্তী

ঘনান্ত, বি, ক্লী; বর্ষাবসান।

ঘনিষ্ঠ, বিণ (ঘন + ইষ্ঠ, অতিশয়ার্থে) অতিশয় ঘন। অতি নিকট। বিশেষ আত্মীয়। বি,-তা।

ঘনিষ্ঠতা, বি, স্ত্রী; সবিশেষ আত্মীয়তা। নিকট সম্বন্ধ।

ঘনীভূত, বিণ ( ঘন + ভূত = হইয়াছে, ঈ-আগম ) যাহা ঘন হইয়াছে, সান্দ্রীভূত।

ঘনোপল, বি, পুং; করকা, শিল। ঘনের (মেঘের) উপল ( প্রস্তর ), ৬ষ্ঠীতৎ।

ঘর, ( প্রা ) বি; গৃহ, ভবন।

ঘরকন্না, ( প্রা ) বি; সংসার নির্ব্বাহ।

ঘরট্ট, বি,পুং; পেষণ-যন্ত্র, যাঁতা।

ঘরণী, ( প্রা ) বি; গৃহিণী, স্ত্রী।

ঘরামী, ( প্রা ) বি; যে গৃহ নির্ম্মাণ করে।

ঘরুয়া, ( প্রা ) বি; যে গৃহে থাকিতে ভালবাসে। গৃহজাত।

ঘর্ঘর, বি, পুং; অব্যক্ত ধ্বনি বিং। পর্ব্বতের দ্বার বিং।

ঘর্ম্ম, বি, পুং ( ঘৃ-কর্ত্তৃ-ম ) স্বেদজল, ঘাম।

ঘর্ম্মাক্ত, বিণ ( ঘর্ম্ম + অক্ত ) স্বেদজলে সিক্ত। ৩য়াতৎ।

ঘর্ম্মাক্তকলেবর, ঘর্ম্মাক্তদেহ, বিণ; যাহার সর্ব্ব শরীর ঘামে ভিজিয়া গিয়াছে। বহু।

ঘর্ষণ, বি, ক্লী ( ঘৃষ্-ভাবে-অনট্) ঘসা। মার্জ্জন। বিণ,-ষিত।

ঘর্ষিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) যাহা ঘসা হইয়াছে। [ঘুঁটে।

ঘষি, ( প্রা ) বি; শুষ্ক গোময়,

ঘস্মর, বিণ; পেটুক। ভক্ষক।

ঘা, ( প্রা ) বি; আঘাত। ক্ষত।

ঘাইট, ঘাট, ( প্রা ) বি; দোষ, অপরাধ। [আবর্ত্তন।

ঘাঁটন, (প্রা) বি; আলোড়ন,

ঘাঁটি, ( প্রা ) বি; আড্ডা।

ঘাগী, (প্রা) বিণ; কোন বিষয়ে পরিপক্ক বা চতুর।

ঘাঘরা, ( প্রা ) বি; স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র বিং।

ঘাট, ( প্রা ) বি; জলাশয়াদির অবতরণ স্থান। দোষ। [ভাগ।

ঘাড়, (প্রা) বি; গ্রীবার পশ্চাদ্-

ঘাত, বি, পুং (হন্-ভাবে-ঘঞ্) প্রহার। বধ। গুণন।
ঘাতক, বিণ (ঐ-কর্ত্তৃ-ণক) হত্যাকারী। স্ত্রী,-তিকা।
ঘাতন, বি, ক্লী (ঘাতি-অনট্) প্রহার। বধ।
ঘাতসহ, বিণ; অল্প আঘাত পাইলে যাহা ভাঙ্গিয়া যায় না।
ঘাতী, বিণ (হন্-ণিন্) ঘাতক। স্ত্রী,-তিনী। [বিনাশক।
ঘাতুক, বিণ (ঐ-ঞুক) হিংস্র।
ঘানি, (প্রা) বি; তৈলযন্ত্র।
ঘাম, (প্রা) বি; ঘর্ম্ম, স্বেদ।
ঘাস,বি,পুং(ঘস্-ঘঞ)দূর্ব্বাদি তৃণ।
ঘি, ঘী, (প্রা) বি; ঘৃত।
ঘিরণ, (প্রা) বি; বেষ্টন।
ঘুঘু, (প্রা) বি; পক্ষী বিং।
ঘুঙুর, (প্রা) বি; কটিদেশের অলঙ্কার বিং।
ঘুচন, (প্রা) বি; দূর হওয়া।
ঘুড়ী, (প্রা) বি; ক্লী; শূন্যপথে উড্ডীয়মান ক্রীড়নদ্রব্য বিং। স্ত্রী; ঘোটকী।
ঘুণ, বি, পুং (ঘুণ-কর্ত্তৃ-ক) কাষ্ঠকীট বিং।
ঘুণাক্ষর, বি, ক্লী; ঘুণ কৃত অক্ষর। অভাবনীয় কোন কিছুর ইঙ্গিত বা আভাস। বিন্দু-বিসর্গ। ঘুণ কাঠ কাটিতে থাকে কিন্তু অক্ষর কাহাকে বলে জানে না, তথাপি কোন স্থানে হঠাৎ অক্ষরের মত হইয়া উঠে; সেইরূপ কোন কিছু অভাবনীয়রূপে যদি হঠাৎ ঘটিয়া উঠে, তবে তাহা ঘুণাক্ষর বলিয়া কথিত হয়।
ঘুম, (প্রা) বি; নিদ্রা।
ঘুমন্ত, (প্রা) বিণ; নিদ্রিত।
ঘুরণ, (প্রা) বি; ফিরণ।
ঘুরাণ, (প্রা) বি; আবর্ত্তন।
ঘুষ, (প্রা) বি; উৎকোচ।
ঘূর্ণন, বি, ক্লী (ঘূর্ণ-ভাবে-অনট্) ঘুরণ, আবর্ত্তন। বিণ,-র্ণিত।
ঘূর্ণায়মান, বিণ (ঘূর্ণশব্দ + ক্যঙ্ = ঘূর্ণায় নামধাতু-শান) যাহা ঘুরিতেছে।
ঘূর্ণিত, বিণ (ঘূর্ণ্-কর্ম্ম-ক্ত) যাহা ঘুরাণ হইয়াছে, আবর্ত্তিত।
ঘূর্ণিবায়ু,বি,ক্লী; প্রচণ্ডঝটিকাবর্ত্ত
ঘূর্ণ্যমান, বিণ (ঘূর্ণ্-কর্ম্ম-শান) যাহা ঘুরাণ হইতেছে,ভ্রাম্যমান।
ঘৃণা, বি, স্ত্রী (ঘৃণ-কর্ত্তৃ-ক + আপ্) অবজ্ঞা। জুগুপ্সা। বিণ,-ণিত।
ঘৃণিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) অবজ্ঞাত। কুৎসিত। বি, ঘৃণা।
ঘৃত, বি, ক্লী(ঘৃ=সেচনক্-কর্ম্ম-ক্ত) হবিঃ, ঘি।
ঘৃতকুমারী, বি, স্ত্রী; স্বনামখ্যাতা ওষধি বিং।
ঘৃতাক্ত, বিণ (ঘৃত + অক্ত = লেপিত) ঘৃতদ্বারা লিপ্ত।
ঘৃতাহুতি, বি, স্ত্রী; অগ্নিতে মন্ত্রপূত ঘৃত প্রদান। তদ্বৎ।

ঘৃষ্ট, বিণ ( ঘৃষ্-কর্ম্ম-ক্ত ) যাহা ঘসা হইয়াছে, মর্দ্দিত। বি, ঘর্ষণ।
ঘেঁটু, (প্রা) বি, ঘণ্টাকর্ণ নামক দেবতা।
ঘেরণ, (প্রা) বি; বেষ্টন। [দিত।
ঘেরা, (প্রা) বিণ ; বেষ্টিত, আচ্ছা-
ঘোঁটন, (প্রা) বি; মর্দ্দন, পেষণ।
ঘোটক, বি, পুং (ঘুট্-কর্ত্তৃ-ণক) অশ্ব, ঘোড়া। স্ত্রী,-কী।
ঘোড়া, (প্রা) বি ; অশ্ব। স্ত্রী,-ড়ী।
ঘোণা, বি, স্ত্রী (ঘুণ্-অন্) নাসিকা। অশ্বনাসিকা।
ঘোণী, বি, পুং ; শূকর।
ঘোমটা, (প্রা) বি ; অবগুণ্ঠন, মুখাচ্ছাদন।
ঘোর, বিণ (ঘুর্-অন্) ভয়ঙ্কর। দুর্গম। বিষম। স্ত্রী,-রা।
ঘোরতর, বিণ ; অতিভীষণ।
ঘোল, বি, পুং, ক্লী ; মথিত দধি, তক্র। (প্রা) নদীর আওড়।
ঘোলা, (প্রা) বিণ ; আবিল, পঙ্কিল।
ঘোষ, বি, পুং ( ঘুষ্-অল্ ) আভীর পল্লী, গোয়ালপাড়া। গোয়াল। ধ্বনি। কায়স্থের উপাধি বিং।
ঘোষণ, বি, ক্লী (ঘুষ্ = ভাবে-অনট্)
ঘোষণা, বি, স্ত্রী (ঘোষণ + আপ্) রটনা, প্রচার। বিণ,-ষিত।
ঘোষিত, বিণ ( ঘুষ্-কর্ম্ম-ক্ত ) প্রচারিত, বিজ্ঞাপিত। বি,-ষণ।
ঘ্রাণ, বি, ক্লী ( ঘ্রা-ভাবে-অনট্ ) গন্ধগ্রহণ। (ঐ-করণ) নাসিকা। বিণ, ঘ্রাত। [নাসিকা।
ঘ্রাণেন্দ্রিয়, বি, ক্লী (ঘ্রাণ + ইন্দ্রিয়)
ঘ্রাত, বিণ ( ঘ্রা-কর্ম্ম-ক্ত ) যাহার ঘ্রাণ লওয়া হইয়াছে। বি, ঘ্রাণ।

# চ।

চ, ব্য ; সমুচ্চয়। আরও। এবং। পক্ষান্তর। অবধারণ। আনুষঙ্গিকতা। পাদপূরণ। বি, পুং ; চন্দ্র। কূর্ম্ম।
চকিত, বিণ (চক্-কর্ত্তৃ-ক্ত) ভীত। চমকিত। স্ত্রী,-তা।
চকোর, বি, পুং ( চক্ = তৃপ্ত্যহ-কর্ত্তৃ-ওরন্ ) তৃপ্ত হয় চন্দ্র-কিরণে যে, স্বনামখ্যাত পক্ষী বিং। স্ত্রী,-রী। [উজ্জ্বল।
চক্‌চকে, (প্রা) বিণ ; দীপ্তিমান্,
চক্‌মকী, ( প্রা ), বি ; অগ্ন্যুৎপাদক প্রস্তর ও লৌহ।
চক্র, বি, পুং (চক্-রক্) চক্রবাক। ক্লী ; রথাদির চাকা। কুমারের চাকা। জলাবর্ত্ত। ব্যূহ বিং।

রাজ্য। সমূহ। মণ্ডল। গোলাকার অস্ত্র বিং। ছল, কুমন্ত্রণা।

চক্রধর, বি, পুং (চক্র-ধৃ-অন্) বিষ্ণু। সর্প। দেশাধিপ।

চক্রপাণি, বি, পুং; বিষ্ণু। চক্র (সুদর্শন চক্র) পাণিতে (হস্তে) যাঁহার, বহু।

চক্রবর্ত্তী, বি, পুং (চক্র-বৃত্-কর্ত্তৃ-ণিন্) সম্রাট্। ব্রাহ্মণের উপাধি বিং। স্ত্রী,-র্ত্তিনী।

চক্রবাক, বি,পুং (চক্র-বচ্-ঘঞ্) যে চক্র নামে উক্ত হইয়াছে, স্বনামখ্যাত পক্ষী। স্ত্রী,-কী।

কথিত আছে, চক্রবাকমিথুন দিবসে একত্র হয় ও রাত্রিতে পরস্পর বিচ্ছিন্ন হইয়া বিরহে কাল যাপন করে।

চক্রবাল, বি, পুং (চক্র-বল্-ঘঞ্) লোকালোক পর্ব্বত। ক্লী; মণ্ডল। যেস্থানে আকাশ ও পৃথিবী পরস্পর মিলিত হইয়াছে বলিয়া বোধ হয়, ক্ষিতিজ রেখা। (Horizon)

চক্রবৃদ্ধি, বি, স্ত্রী; সুদের সুদ।

চক্রব্যূহ, বি, পুং; যুদ্ধার্থে মণ্ডলাকারে সেনা সন্নিবেশ।

চক্রান্ত, বি, পুং (চক্র+অন্ত) ষড়যন্ত্র, কুমন্ত্রণা।

চক্রী, বি, পুং (চক্র+ইন্) বিষ্ণু। বিণ; কুমন্ত্রণা দায়ক।

চক্ষুঃ (স্), বি, ক্লী (চক্ষ্=দেখা-করণ-উস্) নয়ন।

চক্ষুঃশ্রবাঃ(বস্). বি, পুং; সর্প। চক্ষুঃ হইয়াছে শ্রবঃ (কর্ণ) যায়, বহু। [চক্ষু দ্বারা সর্পের দর্শন ও শ্রবণ এই দুই কার্য্যই সাধিত হয়।].

চক্ষুষ্মান্, বিণ (চক্ষুস্+মতু, অস্ত্যর্থে) প্রখরদৃষ্টিসম্পন্ন। বি,-ষ্মত্তা। স্ত্রী,-ষ্মতী।

চঙ্গ, বিণ; সুন্দর। (প্রা) বি; মই। আরোহণী।

চঞ্চল, বিণ (চল্-যঙ্-লুক্-কর্ত্তৃ-অন্) অস্থির, চপল। স্ত্রী,-লা।

চঞ্চলা, বি, স্ত্রী (চঞ্চল+স্ত্রী আপ্) লক্ষ্মী। বিদ্যুৎ।

চঞ্চু, চঞ্চূ, বি, স্ত্রী (চঞ্চ-উ,ঊ) পাখীর ঠোঁট। [স্ত্রী,-ঞ্চী।

চটক, বি, পুং; চড়ুই পাখী।

চটন, (প্রা) বি; ক্রুদ্ধ হওন।

চটুল, বিণ (চট্+উল) চপল, অস্থির।

চড়, (প্রা) বি; চপেট, চাপড়।

চড়ক, (প্রা) বি; চৈত্র সংক্রান্তির পর্ব্ব বিং, গাজন।

চড়ন, (প্রা) বি; আরোহণ।

চড়া, (প্রা) বি; আরোহণ, উঠা। নদ্যাদির গর্ভস্থ বা তীরস্থ বালুকাময় ক্ষেত্র।

চড়ুই, (প্রা) বি; চটক পক্ষী।

চণক, বি, পুং (চণ্-অক) ছোলা, বুট।

**চণা,** ( প্রা ) বি ; গোমূত্র। ছোলা, বুট।
**চণ্ড,** বিণ ( চণ্ড-অন্ ) অতিকোপন। তীক্ষ্ণ, উগ্র। ভয়ঙ্কর। স্ত্রী,-ণ্ডা,-ণ্ডী।
**চণ্ডাল,** বি, পুং ( চণ্ড-আলঞ্ ) নিষাদ, চাঁড়াল। স্ত্রী,-লী।
**চণ্ডিকা, চণ্ডী,** বি, স্ত্রী ( চণ্ড+ঈপ্=চণ্ডী ; চণ্ডী+কণ্+আপ্) দুর্গা। অতিকোপনা স্ত্রী।
**চণ্ডীমণ্ডপ,** বি, পুং ; দুর্গাদি দেবতার পূজার গৃহ।
**চতুঃশাল,** বি, ক্লী } যে বাড়ীতে পরস্পরাভিমুখে চারিটী গৃহ থাকে, চকমিলান বাড়ী। চতুর্ (চারি) শালা ( গৃহ ) যার, বহু।
**চতুঃশালা,** বি, স্ত্রী }
**চতুঃষষ্টি,** বিণ ; চৌষট্টি, ৬৪। চতুর্ ( চারি ) অধিকা ষষ্টি ( ষাইট ), কর্ম্মধা।
**চতুঃসপ্ততি,** বিণ ; চুয়াত্তর, ৭৪। চতুর্ অধিকা সপ্ততি, কর্ম্মধা।
**চতুর্,** ( মূলশব্দ ) চারি, ৪।
**চতুর,** বিণ ( চত্-কর্ত্তৃ-উর ) চালাক। কার্য্যদক্ষ। স্ত্রী,-রা বি,-তা।
**চতুরঙ্গ,** বি, ক্লী ( চতুর্+অঙ্গ ) হস্তী, অশ্ব, রথ, পদাতি এই চারি অঙ্গ বিশিষ্ট সৈন্য। সতরঞ্চ বা দাবাখেলা।
**চতুরশীতি.** বিণ ; চুরাশী, ৮৪। চতুর্( চারি ) অধিকা অশীতি, কর্ম্মধা।
**চতুরশ্ব,** বি, পুং (চতুর্ [চারি]+অশ্ব ) ঘোটক চতুষ্টয়।
**চতুরস্র,** বিণ ( চতুর্+অস্র ) চতুষ্কোণ। নির্দ্দোষ। চতুর্ (চার) অস্র (কোণ) যার, বহু।
**চতুরানন,** বি, পুং ( চতুর্+আনন=বদন ) ব্রহ্মা। বহু।
**চতুরালি,** ( প্রা ) বি ; চতুরতা, চালাকী।
**চতুরাশ্রম,** বি, ক্লী ; ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস, এই চারি আশ্রম।
**চতুর্থ,** বিণ ( চতুর্+থট্, পূরণার্থে ) ৪ সংখ্যার পূরক। স্ত্রী,-র্থী=তিথি বিং।
**চতুর্দ্দন্ত,**বি, পুং ; ঐরাবত হস্তী।
**চতুর্দ্দশ,** বিণ ; চৌদ্দ। চতুর্ ( চারি ) অধিক দশন্ ( দশ ), কর্ম্মধা। স্ত্রী,-শী=তিথি বিং।
**চতুর্দ্দশভুবন,** বি,ক্লী ; ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপ, সত্য, এই সপ্ত স্বর্গ ; এবং অতল, সুতল, বিতল, তলাতল, মহাতল, রসাতল, পাতাল এই সপ্ত পাতাল।
**চতুর্দ্দোল,** বি, ক্লী ; চারিজনে বহনীয় যান বিং, চৌদোল।

চতুর্দ্ধা, ব্য (চতুর্ + ধাচ্) চারি প্রকার। চারিবার।

চতুর্ভুজ, বি, পুং ; বিষ্ণু। চারি বাহু বিশিষ্ট ক্ষেত্র।

চতুর্ম্মুখ, বি, পুং ; ব্রহ্মা।

চতুর্যুগ, বি, ক্লী ; সত্য, ত্রেতা, দ্বাপর, কলি, এই চারিযুগ।

চতুর্ব্বর্গ, বি, পুং ; ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চারি পুরুষার্থ।

চতুর্ব্বর্ণ, বি,পুং ; ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, এই জাতি চতুষ্টয়।

চতুর্ব্বিংশতি, বিণ ; চব্বিশ, ২৪। চতুর্ অধিকা বিংশতি, কর্ম্মধা।

চতুর্ব্বিধ, বিণ (চতুর্ + বিধা = প্রকার) চারিপ্রকার। বহুব্রী।

চতুর্ব্বেদ, বি, পুং ; ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব, এই চারিবেদ।

চতুশ্চত্বারিংশৎ, বিণ ; চুয়াল্লিশ, ৪৪। [চৌকোণা।

চতুষ্কোণ, বিণ ; চতুরস্র,

চতুষ্টয়, বিণ (চতুর্ + তয়ট্, অবয়বার্থে) চারি। চারি প্রকার। স্ত্রী,-য়ী।

চতুষ্পথ, বি ক্লী (চতুর্ + পথিন্) চৌরাস্তা।

চতুষ্পদ, বিণ (চতুর্ + পদ) চারি-পদ বিশিষ্ট। বি, পুং ; পশু।

চতুষ্পদী, বি, স্ত্রী ; চৌপদী কবিতা। ছন্দো বিং।

চতুষ্পাঠী, বি, স্ত্রী (চতুর্ + পাঠ + ঈপ্) চৌপাড়ী। টোল। চতুর্ (চারি, অর্থাৎ চারি বেদের) পাঠ (অধ্যয়ন) হয় যেখানে, বহু।

চতুস্তল, বিণ ; চারিতলা, চৌতলা।

চতুস্ত্রিংশৎ, বিণ ; চৌত্রিশ, ৩৪।

চত্বর, বি, ক্লী (চত্-কর্ম্ম-ষ্বরচ্) আঙ্গিনা, উঠান।

চত্বারিংশৎ, বিণ ; চল্লিশ, ৪০। চতুর্ (চারি অর্থাৎ চারিবার) দশন্ (দশ), নি।

চন্দন, বি, পুং (চন্দ্ = আহ্লা-দিতক্‌-কর্ত্ত-অন) প্রসিদ্ধ সুগন্ধি বৃক্ষ। ক্লী ; চন্দনকাষ্ঠ। ঘৃষ্ট চন্দন।

চন্দনধেনু, বি, স্ত্রী ; পতিপুত্রবতী নারীর মরণোত্তর তদীয় স্বর্গ কামনায় দীয়মান চন্দনাঙ্কিত গবী।

চন্দ্র, বি, পুং (চন্দ্ = দীপ্তিপা-কর্ত্তৃ-রক্) চাঁদ। কর্পূর। জল।

চন্দ্রক, বি, পুং (চন্দ্র + ক, তুল্যার্থে) ময়ূরপুচ্ছের চাঁদ।

চন্দ্রকলা, বি, স্ত্রী ; চন্দ্র মণ্ডলের ষোড়শ ভাগ।

চন্দ্রকান্ত, বি, পুং ; মণি বিং। প্রবাদ আছে, চন্দ্রকিরণে এই মণি দ্রবীভূত হয়। চন্দ্র হই-

রাছে কান্ত ( প্রিয় ) যার, বহু।
চন্দ্রচূড়, বি, পুং ( চন্দ্র + চূড়া ) শিব। বহু।
চন্দ্রভাগা, বি, স্ত্রী; পঞ্জাবের নদী বিং।
চন্দ্রমা, বি, পুং ( চন্দ্র = কর্পূর-মা = তুল্যকৃ-কিপ্ ) সকল দ্রব্যকে কর্পূরের ন্যায় শ্বেতবর্ণ করে যে, চন্দ্র।
চন্দ্রমৌলি, বি, পুং ; শিব। চন্দ্র আছেন মৌলিতে ( মস্তকে ) যাঁহার, বহু।
চন্দ্রশালা, বি, স্ত্রী ; প্রাসাদ বা রথের শিরোগৃহ।
চন্দ্রশেখর বি, পুং ; শিব। তীর্থ বিং। চন্দ্র আছেন শেখরে ( মস্তকে ) যাঁহার, বহু।
চন্দ্রহাস, বি, পুং ; রাবণের খড়্গা। খড়্গা। নৃপ বিং।
চন্দ্রাতপ, বি, পুং (চন্দ্র + আতপ) চাঁদোয়া ( Canopy. )।
চন্দ্রাপীড়, বি, পুং (চন্দ্র + আপীড় = শিরোভূষণ) শিব। কাদম্বরী গ্রন্থে বর্ণিত নৃপ বিং। বহুব্রী।
চন্দ্রাবলী, বি, স্ত্রী; ব্রজ গোপী বিং।
চন্দ্রিকা, বি, স্ত্রী (চন্দ্র + ষ্ণিক + স্ত্রী আপ্ ) জ্যোৎস্না। চাঁদা মাছ।
চপল, বিণ ( চপ্-কর্তৃ-অল্ ) চঞ্চল। দুর্ব্বিনীত। বি,-তা।
চপলা, বি, স্ত্রী (চপল + স্ত্রীআপ্) বিদ্যুৎ। লক্ষ্মী। [ মায়া।
চপেটাঘাত, বি, পুং ; চাপড়
চম্‌কন, ( প্রা ) বি ; বিস্মিত হওয়া, ভীত হওয়া।
চমকিত, ( প্রা ) বিণ ; ভীত। বিস্মিত।
চমৎকার, বি, পুং (চমৎ-কৃ-ঘঞ্) বিস্ময়, আশ্চর্য্য। বিণ,-কৃত।
চমৎকৃত, বিণ (ঐ-ক্ত) আশ্চর্য্যান্বিত।
চমর, বি, পুং ( চম্-অরন্ ) গোসদৃশ পশু বিং, ইহার পুচ্ছে চামর হয়। স্ত্রী,-রী।
চমস, বি, পুং, ক্লী ( ঐ-অসচ্ ) চামচে।
চমূ, বি, স্ত্রী ( চম্ = ভক্ষণকৃ-কর্তৃ-উ ) শত্রুকে ভক্ষণ অর্থাৎ বিনাশ করে যে, সৈন্য।
চমূরু, বি, পুং ; মৃগ বিং। স্ত্রী,-রূ।
চম্পক, বি, পুং ( চম্প্ = দীপ্তিপা-কর্তৃ-অক ) চাঁপাগাছ। ক্লী ; ঐ ফুল।
চম্পট, ( প্রা ) বি ; প্রস্থান, পলায়ন।
চম্পূ, বি, স্ত্রী ( চম্প-উ ) গদ্য-পদ্যময় কাব্য গ্রন্থ।
চয়, বি, পুং ( চি = একত্রকৃ-কর্ম্ম-অল্ ) সমূহ, রাশি।
চয়ন, বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্ )

সংগ্রহ। পুষ্পাদি তোলা। বিণ, চিত।
চর, বি, পুং (চর্-কর্ত্তৃ-অন্) গুপ্তদূত। বিণ; জঙ্গম।
চরক, বি, পুং; বৈদ্যক গ্রন্থকার মুনি বিং।
চরকা (প্রা) বি; সূতা কাটিবার যন্ত্র।
চরণ, বি, পুং, ক্লী (চর্ = গমনক-করণ-অনট্) পদ, পা। শ্লোকের চতুর্থাংশ। ক্লী (ঐ-ভাবে) ভক্ষণ, চরা। ভ্রমণ। আচরণ।
চরণকমল, বি, ক্লী; পাদপদ্ম চরণ রূপ কমল, রূপক কর্ম্মধা।
চরণগ্রন্থি, বি, পুং; গুল্ফ, গোড়ালি।
চরণামৃত, বি, ক্লী; পাদোদক।
চরণারবিন্দ, বি, ক্লী; চরণকমল।
চরণোপান্তে, বি, ক্লী; চরণসমীপে।
চরম, বিণ (চর্-অম) অন্তিম, শেষ। পশ্চাৎ। পুং; অন্তিমকাল।
চরমপত্র, চরমলেখ, বি, ক্লী; ইচ্ছাপত্র, উইল (Will)।
চরাচর, বিণ; স্থাবর জঙ্গম। ন চরইতিঅচর (স্থাবর), নঞ্-তৎ; চর ও অচর, দ্বন্দ্ব। বি, ক্লী; স্থাবর জঙ্গমাত্মক জগৎ।
চরিত, বি, ক্লী (চর্-ভাবে-ক্ত) চরিত্র। আচরণ। অনুষ্ঠান। বিণ; অনুষ্ঠিত। সিদ্ধ।
চরিতাখ্যান, বি, ক্লী; জীবনচরিত বর্ণন। [লেখক।
চরিতাখ্যায়ক, বিণ; জীবনচরিত
চরিতার্থ, বিণ (চরিত + অর্থ) কৃতার্থ, সিদ্ধকাম। চরিত (সিদ্ধ) হইয়াছে অর্থ (কার্য্য বা প্রয়োজন) যার, বহু। বি,-তা।
চরিত্র বি, ক্লী (চর্-করণ-ইত্র) আচরণ, স্বভাব।
চরিত্রবান, বিণ (চরিত্র + বতু, অস্ত্যর্থে) সচ্চরিত্র। স্ত্রী,-বতী।
চরু, বি, পুং (চর্-কর্ম্ম-উ) যজ্ঞীয় পায়সান্ন।
চর্চ্চরী, বি, স্ত্রী (চর্চ্চ-অরন্ + ঈপ্) উৎসব। বাদ্য বিং।
চর্চ্চা, বি, স্ত্রী (ঐ-ঙ + স্ত্রী আপ) অনুশীলন। আলোচনা। বিচার। গন্ধাদি দ্বারা বিলেপন। বিণ,-র্চ্চিত।
চর্চ্চিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) গন্ধাদি দ্বারা বিলেপিত। আলোচিত। অনুশীলিত।
চর্ম্ম, বি, ক্লী (চর্-করণ-মন্) চামড়া। ত্বক্।
চর্ম্মকার, বি, পুং (চর্ম্ম-কৃ-কর্তৃ-ষণ্) চামার, মুচী।
চর্ম্মচটী, বি, স্ত্রী; চামচিকা। বাদুড়।
চর্ম্মণ্বতী, বি, স্ত্রী; চম্বল নদী।
চর্ম্মপাদুকা, বি, স্ত্রী; উপানৎ, জুতা।

চর্ব্বণ, বি, ক্লী (চর্ব্ব-ভাবে-অনট্) চিবান। বিণ,-র্ব্বিত।

চর্ব্বিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) যাহা চিবান হইয়াছে।

চর্ব্বিতচর্ব্বণ, বি, ক্লী; গবাদির রোমন্থন(chewing the cud)। বিরক্তিকর পুনরুক্তি।

চর্ব্ব্য, বিণ (চর্ব্ব-য)চর্ব্বণের যোগ্য।

চল, বিণ (চল্-কর্ত্তৃ-অন্) চঞ্চল। গমনশীল। স্ত্রী,-লা।

চলচিত্ত, বিণ; চঞ্চলমনা। চল (চঞ্চল) হইয়াছে চিত্ত যার, বহু।

"তিনি অত্যন্ত চলচিত্ত হইয়া" (সীতারবনবাস)।

চলৎ, বিণ (চল্-কর্ত্তৃ-শতৃ) চঞ্চল। গমনশীল। কম্পমান।

চলচ্ছক্তি, বি, স্ত্রী (চলৎ + শক্তি) চলিবার ক্ষমতা।

চলন, বি, ক্লী (চল্-ভাবে-অনট্) গমন। কম্পন। রীতি, আচার।

চলাচল, বিণ; অত্যন্ত চঞ্চল। বি; গতায়াত।

চলিত, বিণ (চল্-ক্ত) প্রচলিত। কম্পিত। গত।

চলিষ্ণু, বিণ (চল্-কর্ত্ত-ইষ্ণু) যাহা স্থির নহে। গমনশীল।

"তুষারের চলিষ্ণু প্রান্তর।" (ভারতী)

চল্লিশ, (প্রা) বি; ৪০ সংখ্যা।

চষক, বি, পুং, ক্লী (চষ্-অক) মদ্যপান পাত্র।

চষণ (প্রা) বি; চাষকরা, কর্ষণ।

চাউল, (প্রা) বি; তণ্ডুল।

চাঁই, (প্রা) বি; মাটীর চাপড়া। লোষ্ট্র। [ছোলন।

চাঁচন, (প্রা) বি; পরিষ্কার করা,

চাঁচর, (প্রা) বি; কোঁকড়ান চুল। দোলের বহ্ন্যুৎসব।

চাঁদ, (প্রা) বি; চন্দ্র, বিধু।

চাঁদনী, (প্রা) বিণ; জ্যোৎস্নাময়ী রাত্রি। চন্দ্রাতপ; বারেণ্ডা।

চাঁদী, (প্রা) বিণ; বিশুদ্ধ(রৌপ্যাদি।)

চাঁদোয়া, (প্রা) বি; চন্দ্রাতপ।

চাঁপা, (প্রা) বি; চম্পকপুষ্প।

চাক, (প্রা) বি; চক্র, মৌচাক।

চাকচক্য, বি, ক্লী; দীপ্তি, উজ্জ্বলতা।

চাকন, (প্রা) বি; স্বাদ পরীক্ষা, আস্বাদন। [স্ত্রী,-রাণী।

চাকর, (যা) বি; দাস, ভৃত্য।

চাকরান, (যা) বি; চাকরকে দত্ত নিষ্কর ভূম্যাদি।

চাকরি (যা) বি; সেবাবৃত্তি।

চাকলা, (প্রা) বি; অঞ্চল, প্রদেশ।

চাকা, চাকী, (প্রা) বি; চক্র, নেমি।

চাক্ষুষ, বিণ (চক্ষুস্ + ষ্ণ, ইদমর্থে) চক্ষুর্দ্বারা যাহা জন্মে, যেমন, চাক্ষুষজ্ঞান। চক্ষুর্গোচর, প্রত্যক্ষ।

চাঞ্চল্য, বি, ক্লী (চঞ্চল + ষ্ণ্য) অস্থিরতা। চঞ্চলতা।

চাটন, (প্রা) বি; লেহন।

চাটু, বি, পুং, ক্লী ( চট্-করণ-ঞুণ্ ) মিথ্যা প্রিয় বাক্য, তোষামোদ। [ তোষামুদে।
চাটুকার, বিণ ( চাটু-কৃ-ষণ্ )
চাটুবাদ, বি, পুং; অনুচিত প্রিয়-বাক্য। [ চাটুবাদ।
চাটূক্তি, বি, স্ত্রী ( চাটু+উক্তি )
চাণক্য, বি, পুং ( চণক=মুনি বিং+ষ্ণ্য, অপত্যার্থে ) কূট-রাজনীতি বিশারদ পণ্ডিত বিং, চন্দ্রগুপ্তের মন্ত্রী।
চাতক, বি, পুং ( চত্=যাচ্ঞাক্র-কর্ত্তৃ-ণক ) যে মেঘের নিকট জল যাচ্ঞা করে, স্বনাম প্রসিদ্ধ পক্ষী। স্ত্রী,-কী। [ স্থান।
চাতাল, (প্রা) বি; ছাদ। বেষ্টিত
চাতুরী, বি, স্ত্রী ( চতুর+ষ্ণ, ভাবার্থে+ স্ত্রী-ঈপ্ ) চতুরতা। শঠতা। [ ব্রত বিং।
চাতুর্ম্মাস্য,বি, ক্লী ; চতুর্ম্মাস সাধ্য
চাতুর্য্য, বি, ক্লী ( চতুর+ষ্ণ্য, ভাবার্থে ) চতুরতা।
চাতুর্ব্বর্ণ্য, বি, ক্লী ( চতুর্ব্বর্ণ+ষ্ণ্য, স্বার্থে ) ব্রাহ্মণাদি চারি বর্ণ। বিণ ; চতুর্ব্বর্ণ সম্বন্ধীয়।
চান্দ্র,চান্দ্রমস,বিণ ; চন্দ্র সম্বন্ধীয়। স্ত্রী,-ন্দ্রী,-সী। [ ঘটিত মাস।
চান্দ্রমাস, বি,পুং ; ত্রিংশৎ তিথি-
চান্দ্রায়ণ, বি, পুং ক্লী ( চান্দ্র+অয়ন ) ব্রত বিং।

চাপ, বি, পুং, ক্লী ( চপ্=ক্ষেপণ কৃ-করণ-ঘঞ্ ) ধনুক।
চাপল, চাপল্য, বি, ক্লী ( চপল +ষ্ণ, ষ্ণ্য) চঞ্চলতা। ঔদ্ধত্য। বিণ, চপল।
চাপান, (প্রা) বি ; স্থাপন।
চাম, (প্রা) বি ; চর্ম্ম, ত্বক্।
চাম্চা, ( যা ) বি ; ক্ষুদ্রদর্ব্বী, ছোট হাতা।
চামচিকা, (প্রা) বি ; চর্ম্মচটিকা, রাত্রিচর পক্ষী বিং।
চামড়া, (প্রা) বি ; চর্ম্ম, ত্বক্।
চামর, বি, ক্লী ( চমর [মৃগ বিং] +ষ্ণ, ইদমর্থে ) চমর পশুর পুচ্ছলোমনির্ম্মিত ব্যজন বিং।
চামার,(প্রা) বি ; চর্ম্মকার, মুচী।
চামীকর, বি, ক্লী ( চমীকর=স্বর্ণখনি+ষ্ণ ) সুবর্ণ।
চামুণ্ডা বি, স্ত্রী ( চণ্ড=অসুর বিং+মুণ্ড=অসুর বিং+আপ্; চণ্ড স্থানে চা ) দুর্গা, ইনি চণ্ড ও মুণ্ড নামক অসুরদ্বয়কে আক্রমণ করিয়া আনিয়াছিলেন বলিয়া উক্ত নামে খ্যাতা হন।
চারক, বিণ ( চারি-ণক ) যে চরায় ; যথা—গোচারক। স্ত্রী, -রিকা।
চারণ, বি, পুং ( ঐ-কর্ত্তৃ-অন ) নট। ধূর্ত্ত। স্তুতিপাঠক। ( ঐ-ভাবে-অনট্ ) চরান।

চায়া, ( প্রা ) বি ; নবজাত বৃক্ষ। (যা) গতি, উপায়।

চারি,(প্রা)বি ; চতুষ্টয় সংখ্যা,৪।

চারিত্র, চারিত্র্য, বি, ক্লী ( চরিত্র +ষ্ণ,ষ্ণ্য,স্বার্থে )চরিত্র,স্বভাব। 'তাঁহার চারিত্রমুগ্ধ শিষ্যেরা সেই আশ্চর্য্য অনুষ্ঠান দর্শনে— ।" ( প্রভাত চিন্তা )।

চারু, বিণ ( চর-কর্ত্তৃ-ঞুণ্ ) সুন্দর, মনোহর। বি,-তা।

চারুতা,বি,স্ত্রী(চারু+তা)সৌন্দর্য্য।

চারুনেত্র, বিণ ; সুন্দর নয়ন বিশিষ্ট। চারু (সুন্দর) হইয়াছে নেত্র ( চক্ষুঃ ) যাহার, বহু। স্ত্রী,-ত্রা। [ স্ত্রী -না।

চারুলোচন, বিণ, চারুনেত্র দেখ।

চারুশীল,বিণ ; সুশীল,সংস্বভাব। চারু হইয়াছে শীল ( স্বভাব ) যার, বহু। স্ত্রী,-লা।

চারুহাসিনী,বিণ ( চারু-হস্ কর্ত্তৃ-ণিন্+স্ত্রী-ঈপ্ ) সুহাসিনী, সুন্দরহাস্যবিশিষ্টা।

চার্, (প্রা) বি ; মৎস্যকে প্রলুব্ধ করিয়া আনিবার জন্য প্রদত্ত আহার্য্য।

চার্ব্বাক, বি, পুং ; নাস্তিক বিং। চারু বাক্(বাক্য)যার, বহু (নি)।

চাল, বি, পুং ; গৃহের তৃণাদি নির্ম্মিত আচ্ছাদন। ( প্রা ) রীতি, আচার।

চালক, বিণ ( চালি-কর্ত্তৃ-ণক ) যে চালায়। স্ত্রী,-লিকা।

চালন, বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্) চালান। বিণ,-লিত।

চালনা, বি,স্ত্রী , অনুশীলন, চর্চ্চা।

চালনী, বি,স্ত্রী , শস্যাদি চালিবার জন্য বহুচ্ছিদ্র পাত্র বিং।

চালাক, ( যা ) বিণ ; চতুর, নিপুণ। বি -কী।

চালিত, বিণ ( চালি কর্ম্ম-ক্ত ) যাহাকে চালান গিয়াছে। স্থানান্তরিত।

চাষ(স), বি, পুং ( চষ্-ভাবে-ঘঞ্ ) ভূমিকর্ষণ।

চাষা, (প্রা) বিণ ; কৃষক, কৃষাণ।

চাহন, (প্রা) বি দর্শন। যাচ্ঞা।

চাহনি, ( প্রা ) বি ; দৃষ্টি।

চিক, (প্রা) বি ; কণ্ঠাভরণ বিং। বংশশলাকারচিত পর্দ্দা বিং।

চিকণ, ( প্রা ) বিণ ; চক্‌চকে। সুশ্রী।

চিকিৎসক, বি, পুং ( কিত্-সন্-কর্ত্তৃ-ণক ) যে চিকিৎসা করে, বৈদ্য।

চিকিৎসা, বি,স্ত্রী (ঐ-ভাবে-অ+স্ত্রী আপ্ ) রোগের প্রতিকার-চেষ্টা। বিণ,-সিত।

চিকিৎসিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) যাহার চিকিৎসা হইয়াছে।

চিকিৎস্য, বিণ ( ঐ-কর্ম্ম-য )

চিকিৎসার যোগ্য।

**চিকীর্ষা**, বি, স্ত্রী ( কৃ-সন্-ভাবে-অ + স্ত্রী আপ্ ) করিবার ইচ্ছা। বিণ,-র্ষিত,-কীর্ষু।

**চিকীর্ষিত**, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) যাহা করিতে ইচ্ছা করা হয়, অভিপ্রেত।

**চিকীর্ষু**, বিণ ( ঐ-কর্তৃ-উ ) যে করিতে ইচ্ছুক।

**চিকুর**, বি, পুং ( চি-কুর্-কর্ত্তৃ-ক) কেশ, চুল। পর্ব্বত।

**চিক্কণ**, বিণ ( চিত্ কন্-কণ ) স্নিগ্ধ, চক্‌চকে। [যে ব্যাপে)

**চিঙ্গট**, চিঙ্গড়, বি,পুং } ইচামাছ।
**চিঙ্গড়ী**, ( প্রা ) বি }

**চিচ্ছক্তি**, বি, স্ত্রী ( চিৎ + শক্তি ) চৈতন্যশক্তি, চিৎ ( চৈতন্য ) রূপা যে শক্তি, কর্ম্মধা।

**চিঠী** ( হি ) বি ; পত্র, লিপি।

**চিড**, (পা) বি ; ক্রোধ। ফাটা।

**চিড়িয়া**, ( যা ) বি ; পক্ষী, পাখী।

**চিড়িয়াখানা**, ( যা ) বি ; যেখানে পশু পক্ষী প্রভৃতি নানাবিধ জীবজন্তু রক্ষিত হয়।

**চিত**, বিণ ( চি-কর্ম্ম-ক্ত ), কৃত চয়ন। সঞ্চিত। ব্যাপ্ত। রচিত। (প্রা),উত্তান শয়ন। (পদ্যে)চিহ্ন।

**চিতা**, বি, স্ত্রী ; শবদাহার্থ চুল্লী, শ্মশান।

**চিতাবাঘ**, (প্রা) বি ; ব্যাঘ্র বিং।

**চিৎ**, বি, স্ত্রী ( চিত্-ভাবে-ক্বিপ্ ) জ্ঞান, চৈতন্য।

**চিৎকার**, চীৎকার, বি, পুং ( চিৎ, চীৎ-কৃ-ঘঞ্ ) উচ্চশব্দ করণ, চেঁচান।

**চিত্ত**, বি, ক্লী ( চিত্-করণ-ক্ত ) যদ্দ্বারা জানা যায়, মনঃ।

**চিত্তপ্রসাদ**, বি, পুং ; মনের সন্তোষ। চিত্তের প্রসাদ ( প্রসন্নতা ), ৬ষ্ঠীতৎ।

**চিত্তবিক্ষেপ**, বি, পুং ; মনের অস্থিরতা। ৬ষ্ঠীতৎ।

**চিত্তবিভ্রম**, বি, পুং ; বুদ্ধিভ্রংশ, উন্মাদ। ৬ষ্ঠীতৎ।

**চিত্তবৃত্তি**, ( চিত্ত + বৃত্তি = ভাব ) মনের বিশেষ বিশেষ শক্তি বা ভাব ( faculty ) ; মৈত্রী ( সৌহার্দ্দ ), করুণা ( দয়া ), মুদিতা ( হর্ষ ), উপেক্ষা ( উদাসীনতা ), এই চতুর্ব্বিধ মনোবৃত্তি। ৬ষ্ঠীতৎ।

**চিত্তহারী**, বিণ ; যে চিত্ত হরণ করে, মনোহারী।

**চিত্র**, বি, ক্লী ( চিত্র্ কর্ম্ম-অল্ ) আলেখ্য,ছবি। (ঐ-ভাবে-অল্ ) রঙ্ দেওয়া। বিণ ; ( ণিজন্ত ঐ-কর্তৃ-অন্ ) আশ্চর্য্য-জনক। নানাবর্ণযুক্ত।

**চিত্রক**, বি, পুং ( চিত্র-কৈ-ড ) চিতাবাঘ।

চিত্রকণ্ঠ, বি, পুং ; বন কপোত। চিত্র ( নানাবর্ণযুক্ত ) কণ্ঠ যার, বহু। স্ত্রী,-ণ্ঠী।

চিত্রকর, চিত্রকার, বিণ ( চিত্র =ছবি-কৃ-কর্ত্তৃ-ট, ষণ্ ) যে ছবি আঁকে। স্ত্রী,-রী।

চিত্রকলা, বি, স্ত্রী ; চিত্রবিদ্যা।

চিত্রকাব্য, বি, ক্লী, পদ্মবন্ধাদি শব্দালঙ্কার ঘটিত কাব্য বা কবিতা ( Acrostic )।

চিত্রকূট, বি, পুং ; বুন্দেলখণ্ডস্থ পর্ব্বত বিং, রামগিরি। চিত্র ( আশ্চর্য্যজনক ) হইয়াছে কূট ( শৃঙ্গ ) যাহার, বহু।

চিত্রগুপ্ত, বি, পুং ; যমের সহকারী। ( কায়স্থজাতির আদি পুরুষ বলিয়া খ্যাত )।

চিত্রণ, বি, ক্লী ( চিত্র-ভাবে-অনট্ ) চিত্রকরণ। বিণ,-ত্রিত।

চিত্রপট, বি, পুং ; আলেখ্য পট। যাহার উপর ছবি আঁকা যায়। মধ্যপদলোপী কর্ম্মধা।

চিত্রফলক, বি, পুং,ক্লী ; কাষ্ঠাদি নির্ম্মিত যে বস্তুর উপর ছবি আঁকা হয়। চিত্রপট।

"মন্দভাগিনী বঙ্গভূমি সহজেই অবলা, তাহাতে আবার শত্রুহস্তে চিত্রফলক"— বঙ্কিমচন্দ্র।

চিত্রভানু, বি, পুং, অগ্নি। সূর্য্য।

চিত্ররথ, বি, পুং ; গন্ধর্ব্ব বিং। সূর্য্য। বহু। [ চিত্রাঙ্কন।

চিত্রলেখা, বি, স্ত্রী ; অপ্সরা বিং।

চিত্রশালা, চিত্রশালিকা, বি,স্ত্রী ; চিত্র করিবার গৃহ। যে গৃহে অদ্ভুত ও কৌতূহলজনক পদার্থ সকল স্থাপিত থাকে (Museum)

চিত্রা, বি, স্ত্রী ; নক্ষত্র বিং। অপ্সরা বিং। নদী বিং।

চিত্রাঙ্গদ, বি,পুং ; শান্তনুর পুত্র। গন্ধর্ব্ব বিং।

চিত্রার্পিত, বিণ ; চিত্রফলকে লিখিত ( প্রতিমূর্ত্তি )। স্পন্দহীন। চিত্রে অর্পিত, ৭মীতৎ।

"হতবুদ্ধির ন্যায় চিত্রার্পিত প্রায়" ( সীতার বনবাস )

চিত্রিণী, বি, স্ত্রী ; স্ত্রীবিশেষ।

চিত্রিত, বিণ ( চিত্র-কর্ম্ম-ক্ত ) যাহা চিত্র করা হইয়াছে, চিত্রপটে অঙ্কিত। বি,চিত্র, চিত্রণ।

চিদাত্মা বি, পুং ( চিৎ = জ্ঞান, চৈতন্য + আত্মা ) চৈতন্য স্বরূপ পরব্রহ্ম। চিৎ ( চৈতন্য ) হইয়াছে আত্মা যাঁহার, বহু।

চিদাভাস, বি,পুং (চিৎ + আভাস) জ্ঞানের বিকাশ। জীবাত্মা।

চিদ্রূপ, বি, ক্লী ( চিৎ = [ জ্ঞান, চৈতন্য ] রূপ [স্বরূপ, প্রকার]) জ্ঞানময়, চৈতন্যস্বরূপ ব্রহ্ম।

চিনি, ( প্রা ) শর্করা, মিঠাই।

চিন্তক, বিণ (চিন্তি-কর্ত্তৃ-অক) যে

চিন্তা করে, চিন্তয়িতা। চিন্তাশীল ( পণ্ডিতলোক )। (Thinkers)।

"এই শ্রেণিস্থ চিন্তকদিগের মতে"—
( প্রভাত চিন্তা )

চিন্তন, বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্) চিন্তাকরণ, ভাবা। বিণ,-ন্তিত।

চিন্তনীয়, বিণ ( ঐ-কর্ম্ম-অনীয়) চিন্তা করিবার যোগ্য, ভাব্য।

চিন্তা, বি, স্ত্রী ( চিন্ত্-ভাবে-অ + স্ত্রী-আপ্ ) ধ্যান, ভাবনা। মনে মনে আলোচনা। শ্রীবৎস রাজার পত্নী।

চিন্তাকুল, চিন্তান্বিত, বিণ(চিন্তা + আকুল, অন্বিত ) ভাবনাযুক্ত।

চিন্তামণি, বি, পুং ; অভীষ্টফল-প্রদ রত্ন বিং।

চিন্তাশীল, বিণ ; কোন বিষয় গভীর ভাবে চিন্তাকারী।

চিন্তিত, বিণ ( চিন্ত্-কর্ম্ম-ক্ত ) ভাবিত। (ঐ-কর্ত্তৃ-ক্ত)চিন্তাযুক্ত।

চিন্তনীয়, বিণ ; ( ঐ-কর্ম্ম-অনীয়) চিন্তা করিবার যোগ্য।

চিন্ত্য, বিণ ( ঐ-য ) ভাবনার যোগ্য। [ বিং, চিনা।

চিন্ন, বি, পুং ( চিদ্-ক্ত ) শস্য

চিন্ময়, বিণ (চিৎ = জ্ঞান + ময়ট্) জ্ঞানময় ( ব্রহ্ম )।

চিপন, ( প্রা ) বি ; নিস্তরণ, নিঃসারণ।

চিপিট, চিপিটক, বি, পুং ; চিড়া। বিণ ; চেপ্টা।

চিম্‌টা, (প্রা) বি ; লৌহ নির্ম্মিত যন্ত্র বিং। সন্দংশিকা।

চির, বি, ক্লী ( চি-কর্ত্তৃ-রক্ ) দীর্ঘকাল। বিণ; দীর্ঘকাল স্থায়ী।

চিরকর্ম্মা, চিরক্রিয়, বিণ ; যে বিলম্বে কার্য্য করে, দীর্ঘসূত্রী।

চিরজীবী, চিরঞ্জীবী, বিণ ( চির-জীব্-কর্ত্তৃ-ণিন্ ) যে দীর্ঘকাল জীবিত থাকে। অমর। স্ত্রী, -বিনী। এই সাতজন অমর; যথা,

"অশ্বত্থামা বলির্ব্যাসঃ
হনুমাংশ্চ বিভীষণঃ।
কৃপঃ পরশুরামশ্চঃ
সপ্তেতে চিরজীবিনঃ॥"

চিরণ, (প্রা) বি ; বিদারণ।

চিরন্তন, বিণ ( চিরম্ + টন ) বহুকাল হইতে যাহা প্রচলিত আছে, চিরাগত। স্ত্রী,-নী।

চিরপ্রবাসী, বিণ ; যে চিরকাল বিদেশে থাকে।

চিরপ্রসাদ, বিণ; চিরকাল প্রীতি-মান বা অনুগ্রহশীল।

"আপনি স্থিরানুকূল ও চিরপ্রসাদ"
( সীতার বনবাস )

চিরম্, ব্য ; দীর্ঘকাল।

চিররাত্র, বি, পুং ; বহুকাল।

চিরসুখী, বিণ ; যে জীবনে কখনো দুঃখভোগ করে নাই। ২য়া তৎ। স্ত্রী,-খিনী।

চিরস্থায়ী, বিণ ( চির-স্থা-ণিন্ ) যাহা বহুকাল থাকে। অবিনশ্বর। ২য়া তৎ। স্ত্রী,-য়িনী।
চিরাগত, বিণ ( চির + আগত ) যাহা বহুকাল হইতে চলিয়া আসিতেছে। ২য়াতৎ। স্ত্রী,-তা।
চিরন্তু, চিরাৎ, চিরায় } ব্য; দীর্ঘকাল।
চিরণ্টী, বি, স্ত্রী; চিরকাল পিতৃ গৃহ বাসিনী কন্যা।
চিরায়ুঃ, বিণ; ( চির + আয়ুস্ = জীবন ) চিরজীবী। চিরকাল ব্যাপিয়া আয়ুঃ যাহার, বহু।
চিরুণী, ( প্রা ) বি, কাঁকই।
চির্ভটী, বি, স্ত্রী; কাঁকুড়। ফুটি।
চিল, ( প্রা ) বি; পক্ষী বিং।
চিলা, ( প্রা ) বি; চন্দ্রশালা, ছাদের উপরিস্থ গৃহ।
চিল্ল, বি, পুং ( চিল্ল-কর্তৃ-অন ) চিলপক্ষী।
চিবুক, বি, ক্লী ( চিবু + কণ্, স্বার্থে ) দাড়ি, থুতনি।
চিহ্ন, বি, ক্লী ( চিহ্ন্-কর্ম্ম-অল্ ) দাগ। লক্ষণ। বিণ,-হ্নিত।
চিহ্নিত, বিণ ( ঐ-ক্ত ) চিহ্নযুক্ত, অঙ্কিত।
চীৎকার(চিৎ-), বি, পুং (চীৎ কৃ-ভাবে-ঘঞ্ ) উচ্চশব্দ, চেঁচান।
চীর, বি, ক্লী ( চি-কর্ম্ম-রক্ ) ছিন্নবস্ত্রখণ্ড, নেকড়া। বল্কল, গাছের ছাল। [ধারী।
চীরী ( রিন্ ), বি, পুং; চীর-
চীর্ণ, বিণ ( চর্-নক্ ) সঞ্চিত। কৃত। খণ্ডিত।
চীবর, বি, ক্লী ( চি-বরচ্ ) কৌপীন, বস্ত্রখণ্ড।
চুকন, ( প্রা ) বি; ভ্রমে পড়ন।
চুকান, ( প্রা ) বি; মীমাংসা করণ, মিটান। চুক্তিকরা।
চুক্তি, (প্রা) বি; নিষ্পত্তি। ফুরণ। পরস্পর প্রতিজ্ঞাবদ্ধ হওন।
চুঙ্গী, (প্রা) বি; নলী। চোঙা।
চুচুক, চূচুক, বি, পুং, ক্লী; কুচাগ্র, স্তনের বোঁটা।
চুড়ী, চূড়ী, ( প্রা ) বি; স্ত্রীলোকের হস্তাভরণ বিং।
চুণী, (প্রা) বি; রক্তবর্ণ মূল্যবান্ ক্ষুদ্র প্রস্তর বিং।
চুপ, ( প্রা ) বিণ; নিঃশব্দ, নীরব। বি; মৌন।
চুপড়ী, ( প্রা ) বি; টুক্রী, করণ্ডিকা।
চুমুক, (প্রা) বি; পানীয় দ্রব্যের গলাধঃকরণ।
চুম্কী, ( প্রা ) বি; ক্ষুদ্র জলপাত্র বিং। উজ্জ্বল ও গোলাকার রঙ্গ-নির্ম্মিত ক্ষুদ্র পদার্থ বিং।
চুম্বক, বি, পুং ( চুম্ব-কর্তৃ-ণক ) লৌহাকর্ষক প্রস্তর। বহু বিস্তৃত বিষয়ের সার-সংগ্রহ।

বিণ ; চুম্বনকারী ।
চুম্বন, বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্ ) মুখে মুখ দেওয়া, চুমা খাওয়া ।
চুম্বিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) যাহাকে চুম্বন করা গিয়াছে । স্পৃষ্ট ।
চুয়ান, চোয়ান, ( প্রা ) বি ; নিঃসারণ । ক্ষরণ ।
চুরি, ( প্রা ) বি ; অপহরণ ।
চুল, ( প্রা ) বি ; কেশ ।
চুলা, (প্রা) বি ; উনান, আখা ।
চুল্লি, চুল্লী, বি,স্ত্রী ; উনান,চুলা ।
চুড়, ( প্রা) বি ; হস্তাভরণ বিং ।
চূড়া, বি, স্ত্রী ( চুল-ঙ ) শিখা। মুকুট । ময়ূরের মস্তকস্থিত শিখা। পর্ব্বত-শৃঙ্গ। সংস্কার বিং।
চূড়ান্ত, বি, পুং ; নিষ্পত্তি, মীমাংসা । শেষ সীমা ।
চূড়ামণি, বি, পুং ; শিরোরত্ন, শিরোভূষণ । ৬ষ্ঠীতৎ ।
চূণকাম,(প্রা)বি ; চূণের দ্বারা গৃহাদিলেপন, সুধা ধবলিত করা।
চূণারি, ( প্রা ) বি ; চূণ প্রস্তত করা যে জাতির ব্যবসায় ।
চূত, বি, পুং ( চুষ্-কর্ম্ম-ক্ত ) আম্রবৃক্ষ । ক্লী ; আম্রফল ।
চূর্ণ, বি, পুং, ক্লী (চূর্ণ-কর্ম্ম-ঘঞ্) চূণ । গুঁড়া । ধূলি । বিণ ; ( চূর্-কর্ম্ম-ক্ত ) যাহা গুঁড়া বা ভগ্ন হইয়াছে ।
চূর্ণক, বি, পুং ; গুঁড়া । ক্লী ; গদ্য গ্রন্থ বিং ।
চূর্ণকার, বি,পুং ; চূণারি জাতি।
চূর্ণকুন্তল, বি, পুং ; অলক, চুলের ঝাপ্টা । কর্ম্মধা ।
চূর্ণন, বি, ক্লী ; ( চূর্ণ-অনট্ ) গুঁড়া করণ । [করা গিয়াছে ।
চূর্ণিত, বিণ ( ঐ-ক্ত ) যাহা চূর্ণ
চূর্ণী, চূর্ণি, বি, স্ত্রী ; পাতঞ্জল ভাষ্য । একশত কড়া কড়ি ।
চূষণ, বি, ক্লী ( চুষ্-ভাবে-অনট্) চোষা ।
চূষ্য, বিণ ( ঐ-কর্ম্ম-য ) যাহা চুষিয়া খাইতে হয় ।
চেঁচান, (প্রা) বি ; চীৎকার করা।
চেট, চেড়, বি, পুং ; দাস, ভৃত্য।
চেটী, চেড়ী, বি, স্ত্রী ; দাসী ।
চেৎ, ব্য ; যদি ।
চেতঃ ( তস্ ), বি, ক্লী ( চিত্-কর্ত্তৃ-অস্ ) চিত্ত ।
চেতন, বিণ ( চিত্-কর্ত্তৃ-অন ) চৈতন্যযুক্ত । জাগ্রত । বি, পুং ; জীব, আত্মা । চিত্ত ।
চেতনা, বি,স্ত্রী ; চৈতন্য, জ্ঞান।
চেদি, বি, পুং ; চন্দেল দেশ, ( শিশুপাল এই দেশে রাজা ছিলেন ) । বংশ বিং ।
চেদিরাজ, বি, পুং ; শিশুপাল । ৬ষ্ঠীতৎ ।
চেলী, বি, স্ত্রী ; পট্টবস্ত্র বিং ।
চেষ্টমান, বিণ ( চেষ্ট্-শান )

যত্নশীল। স্ত্রী,-না।

**চেষ্টা,** বি, স্ত্রী ( চেষ্ট্-ভাবে-অ ) যত্ন, উদ্যোগ। কার্য্য।

**চেষ্টিত,** বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত ) চেষ্টা-যুক্ত। বি,ক্লী(ঐ-ভাবে-ক্ত)চেষ্টা।

**চৈতন্য,** বি, ক্লী ( চেতন + ষ্ণ্য ) চেতনা, জ্ঞান। ব্রহ্ম। পুং ; শ্রীগৌরাঙ্গ।

**চৈতন্যচরিতামৃত,** বি, ক্লী ; কৃষ্ণ দাস কবিরাজ বিরচিত চৈতন্য দেবের লীলা সম্বলিত গ্রন্থ বিং।

**চৈত্র,** বি, পুং ( চৈত্রী + ষ্ণ ) চিত্রা নক্ষত্রযুক্ত পূর্ণিমাবিশিষ্ট মাস, মধুমাস।

**চৈত্ররথ,** বি, ক্লী ( চিত্ররথ + ষ্ণ) কুবেরের উদ্যান।

**চৈত্রী,** বি, স্ত্রী ( চিত্রা + ষ্ণ + ঈপ্ ) চৈত্র মাসের পূর্ণিমা।

**চোঁয়ান,** ( প্রা ). বি; ক্ষরণ ; নিঃসরণ।

**চোকা,** ( প্রা ) বিণ ; সূক্ষ্মাগ্র।

**চোর,** বি, পুং ( চুর্-কর্ত্তৃ-অন্ ) পরদ্রব্যাপহারী, তস্কর।

**চোষণ,** বি, ক্লী ; রসাকর্ষণ।

**চোষ্য,** বিণ (চুষ্-য) চোষণযোগ্য।

**চৌকাঠ,** ( প্রা ) বি ; দ্বারের চারিদিকের কাঠ।

**চৌকি,** (প্রা) বি;কাষ্ঠাদি নির্ম্মিত আসন বিং। পাহারা।

**চৌকিদার,** ( প্রা ) বিণ ; নগর-পাল, পাহারাওয়ালা।

**চৌড়া,** (প্রা) বি ; পরিসর।

**চৌথ,** (প্রা) বি ; চতুর্থাংশ।

**চৌদোল,** (প্রা) বি ; যান বিং, চতুর্দ্দোল।

**চৌদ্দ,** (প্রা) বি; চতুর্দ্দশ সংখ্যা।

**চৌপাড়ী, চৌবাড়ী,** ( প্রা ) বি , চতুষ্পাঠী, টোল। [ গর্ত্ত।

**চৌবাচ্চা,** ( প্রা ) বি ; চতুষ্কোণ

**চৌর,** বি, পুং ( চোর + ষ্ণ, স্বার্থে ) চোর।

**চৌরস,** ( যা ) বিণ ; সমভূমি, যাহার চারিদিক্ সমান।

**চৌর্য্য,** বি, ক্লী ( চোর + ষ্ণ্য ) চুরি, তস্করতা।

**চ্যবন,** বি, ক্লী ( চ্যু-অনট্ ) ক্ষরণ। পুং ( চু-কর্ত্তৃ-অন ) ঋষি বিং।

**চ্যুত,** বিণ ( চ্যু-কর্ত্তৃ-ক্ত ) ভ্রষ্ট। পতিত। ক্ষরিত। স্খলিত। নষ্ট। বি,-তি।

**চ্যুতি,** বি, স্ত্রী ( ঐ-ভাবে-ক্তি ) পতন। ক্ষরণ। স্খলন। নাশ। হানি। বিণ, চ্যুত।

# ছ।

ছ, ৭ম ব্যঞ্জনবর্ণ। বি, ক্লী; গৃহ। মাহাত্ম্য। আচ্ছাদন। বিণ; নির্ম্মল। তরল। ছেদক।

ছটা, বি, স্ত্রী (ছো-কর্ত্তৃ-অটন্+স্ত্রীআপ্) দীপ্তি। শোভা। সমূহ। রেখা।

ছটাক, (প্রা) বি; পরিমাণ বিং, সেরের ষোড়শাংশ।

ছড়া, (প্রা) বি; পাঁচালি। গুচ্ছ। [ছিটান।

ছড়ান, (প্রা) বি; বিস্তারকরণ।

ছড়ী, (প্রা) বি; ক্ষুদ্র যষ্টি।

ছত্র, ছত্র, বি ক্লী (ছাদি-করণ-ত্র) আতপত্র, ছাতা।

ছত্রদণ্ড, বি, পুং; রাজছত্র। ছত্ররূপ দণ্ড, রূপক কর্ম্মধা। অথবা ছত্র ও দণ্ড, দ্বন্দ্ব।

ছত্রধর,-ধার,-ধারী, বিণ; যে ছত্র ধারণ করে। স্ত্রী,-রী,-রিণী।

ছত্রভঙ্গ, বি, পুং; রাজ্যনাশ। বৈধব্য স্বাতন্ত্র্য। যূথভঙ্গ।

ছত্রাক, বি, ক্লী; কোঁড়ক। বেঙের ছাতি।

ছত্রিশ, (প্রা) বি; সংখ্যা বিং, ৩৬।

ছত্রী, বিণ (ছত্র+ইন্, অস্ত্যর্থে) ছত্রধারী। বি, পুং; নাপিত।

ছদ, বি, পুং (ছদ-ক) পত্র। পক্ষ। আচ্ছাদন।

ছদ্ম (ন্), বি, ক্লী (ছাদি-করণ-মন্) ছল, কপট।

ছদ্মবেশ, বি, পুং; লোককে প্রতারণা করিবার নিমিত্ত যে বেশধারণ করা যায়, কপট বেশ।

ছদ্মবেশী, বিণ (ছদ্মবেশ+ইন্, অস্ত্যর্থে) কপট বেশধারী।

ছন্দ, বি, পুং (ছন্দ্-ভাবে-অল্) অভিপ্রায়, মত।

{ ছন্দানুবর্ত্তন, বি, ক্লী;
ছন্দানুবৃত্তি, বি, স্ত্রী; অভিপ্রায়ের অনুবর্ত্তন, মতানুসারে কার্য্য করা। ৬ষ্ঠীতৎ।

"পণ্ডিত লোক-রঞ্জনের জন্য মূর্খের ছন্দানুবর্ত্তন করিতেছে,"—(নিভৃতচিন্তা)

ছন্দঃ (স্), বি, ক্লী (ছন্দ্-অস্) পদ্যবন্ধ। বেদ। ইচ্ছা।

ছন্দোবদ্ধ, বিণ; ছন্দঃদ্বারা গ্রথিত।

ছন্ন, বিণ (ছাদি-ক্ত) আচ্ছাদিত। গুপ্ত। [ঘটিয়াছে।

ছন্নমতি, বিণ; যার বুদ্ধি-ভ্রংশ

ছর্দ্দি, বি স্ত্রী; বমন। উদ্গার।

ছল, বি, ক্লী (ছো-ভাবে-কল) চাতুরী, প্রতারণা।

ছলনা, বি, স্ত্রী (ছলি-ভাবে-অন্+স্ত্রীআপ্) প্রতারণা।

ছল্ছল্, (প্র) ব্য; জলপূর্ণ হওয়া।

ছবি, বি, স্ত্রী (ছো-করণ-ইন্)

দীপ্তি। শোভা। আলেখ্য, প্রতিমূর্ত্তি।

**ছয়,** (প্রা) বি ; সংখ্যা বিং, ৬।

**ছা,** (প্রা) বি ; ছানা, শাবক।

**ছাই,** (প্রা) বি ; ভস্ম। পাংশু

**ছাউনি,** (প্রা) বি ; সৈন্যাবাস, শিবির।

**ছাঁওন,** (প্রা) বি. আচ্ছাদিত করণ।

"প্রাতঃসূর্য্যের কিরণ রাশির ন্যায় ছাঁইয়া পড়িত"—(বিভূতচিন্তা)।

**ছাঁচ,** (প্রা) বি. প্রতিমূর্তি করিবার যন্ত্র। আকার।

"বিলাতী ছাঁচে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার মূলে"—(ভারতী)।

**ছাঁদ,** (প্রা) বি ; স্বরূপ। ছন্দ।

**ছাগ,** (ছো-কন্) গক
**ছাগল,** (ছগল + ষ্ণ) বি, পুং, অজ। স্ত্রী,-গী,-লী।

**ছাডন,** (প্রা) বি, ত্যাগ করণ।

**ছাড়া,** (প্রা) বা ; বিনা, ব্যতীত।

**ছাতা,** ছাতি, (প্রা) বি ; আতপত্র, ছত্র।

**ছাতি,** (প্রা) বি ; ছত্র। বক্ষঃস্থল।

**ছাতু,** (প্রা) বি, যবাদি চূর্ণ, শক্তু।

**ছাত্র,** বি, পুং (ছত্র=ছাতা + ষ্ণ, অস্ত্যর্থে) অথবা (ছত্র গুরুর দোষ আবরণ করণ + ষ্ণ, শীলার্থে) অন্তেবাসী, শিষ্য। স্ত্রী,-ত্রী।

"গুরুর্দ্দোষাণামাবরণং ছত্রম্" গুরুর দোষের আবরণ বা আচ্ছাদনকে ছত্র কহে।

**ছাত্রী,** বি, স্ত্রী (ছাত্র + স্ত্রীঈপ্) শিষ্যা।

**ছাদ** বি, পুং (ছাদি-ঘঞ্) গৃহের আচ্ছাদন। চাল।

**ছাদক,** ত্রি (ঐ-ণক) যে ঘর ছায় বা ছাদ প্রস্তুত করে।

**ছাদন,** বি, ক্লী, (ঐ-অনট) আচ্ছাদন ঘর ছাওয়া। ঘরের ছাদ প্রস্তুত করা। বিণ,-দিত।

**ছানা,** (প্রা) বি শাবক, বাচ্চা। দুগ্ধোৎপন্ন খাদ্যদ্রব্য বিং।

**ছানী** (প্রা) বি, চক্ষুরোগ বিং।

**ছাব্বিশ,** (প্রা) বি ; সংখ্যা বিং।

**ছায়া,** বি, স্ত্রী (ছো-(রৌদ্র) ছেদনকৃ-কর্ত্তৃ-য + স্ত্রীআপ্) রৌদ্রাভাব। প্রতিবিম্ব কান্তি, শোভা। সূর্য্য স্ত্রী

**ছায়াঙ্ক,** বি, পুং ; ছায়া প্রধান বৃক্ষ। বিস্তৃত শাখাপ্রশাখা বিশিষ্ট বৃহৎ বৃক্ষ।

**ছায়াপথ,** বি, পুং ; জ্যোতিশ্চক্র মধ্যবর্ত্তী পথের ন্যায় প্রতীয়মান নক্ষত্রশ্রেণী। ছায়া (দীপ্তি) বিশিষ্ট যে পথ, কর্ম্মধা।

মাঝে মাঝে নভোমণ্ডলে পথের ন্যায় যে ঈষৎ শুভ্র দৃশ্য দেখা যায়, তাহাকেই ছায়াপথ বলে ; বহুদূরবর্ত্তী অদৃশ্য নক্ষত্রমালার অস্ফুটালোকে

এইরূপ দৃশ্য দৃষ্ট হইয়া থাকে। (Milky Way)

ছায়ামণ্ডপ, বি, ক্লী ; চন্দ্রাতপ-যুক্ত স্থান।

ছার, (প্রা) বিণ ; হেয়, তুচ্ছ।

ছারখার, (প্রা) বিণ ; উচ্ছিন্ন, বিনষ্ট। ভস্মসাৎ। [মৎকুণ।

ছারপোকা, (প্রা), বি ; গন্ধকীট,

ছাল, (প্রা) বি ; ত্বক্, বাকল।

ছি, ব্য ; ঘৃণা বা নিন্দাসূচক শব্দ।

ছিটা, (প্রা) বি : বিন্দু, কণা।

ছিটান, (প্রা) বি ; ছড়ান।

ছিদ্র, বি, ক্লী (ছিদ্-কর্ম্ম-রক্) রন্ধ্র। দোষ। বিণ,-দ্রিত।

ছিদ্রান্বেষণ, বি, ক্লী ; দোষ খুঁজিয়া বেড়ান, দোষানুসন্ধান।

ছিদ্রান্বেষী, বিণ ; যে দোষ খুঁজিয়া বেড়ায়, দোষানুসন্ধায়ী।

ছিদ্রিত, বিণ (ছিদ্র+ইত) ছিদ্রযুক্ত।

ছিন্ন, বিণ (ছিদ্-কর্ম্ম-ক্ত) যাহা ছিঁড়িয়াছে, খণ্ডিত।

ছিন্নভিন্ন, বিণ ; ইতস্ততঃ বিক্ষিপ্ত। বিনষ্ট। দ্বন্দ্ব।

ছিন্নমস্তা, বি, স্ত্রী ; দশমহাবিদ্যার অন্তর্গত দেবী বিং।

ছিম, (প্রা) বিং ; তরকারী বিং, শীম।

ছিল্‌কা, (প্রা) বি ; খণ্ড, টুক্‌রা।

ছিলা, (প্রা) বি ; ধনুকের গুণ, জ্যা। বস্ত্র প্রান্তস্থ আবদ্ধ সূত্ররাশি। [ছুছুন্দরী।

ছুঁচা, (প্রা) বি ; গন্ধমূষিক,

ছুছুন্দরী, বি, স্ত্রী ; গন্ধমূষিক, ছুঁচা। [দৌড়ি।

ছুটাছুটি, (প্রা) বি ; দৌড়া-

ছুটী, (প্রা) বি ; বিদায়। অবকাশ।

ছুড়ন, (প্রা) বি ; নিক্ষেপ।

ছুতা, (প্রা) বি : ছল, ওজর।

ছুরি, ছুড়িকা, (প্রা) বি : অস্ত্র বিং।

ছুরিত, বিণ (ছুর্-কর্ম্ম-ক্ত) খচিত। লিপ্ত। ব্যাপ্ত।

ছেঁড়া, (প্রা) বি ; ছিন্ন করণ ; বিণ ; ছিন্ন। [ছেদন কারী।

ছেত্তা, বিণ (ছিদ্-কর্তৃ তৃন্)

ছেদ, বি, পুং (ঐ-ভাবে-অল্) ছেদন। খণ্ড।

ছেদক, বিণ, (ঐ-কর্তৃ-ণক) যে ছেদন করে। স্ত্রী,-দিকা।

ছেদন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) কর্ত্তন, কাটা।

ছেদপ্রবণ, বিণ ; যাহা সহজেই ছিন্ন হইয়া যায়।

ছেদিত, বিণ (ছেদি-কর্ম্ম-ক্ত) কর্ত্তিত। দ্বিধাকৃত।

ছেদ্য, ছেদনীয়, বিণ (ছিদ্-কর্ম্ম-য্যণ্, অনীয়) ছেদনযোগ্য।

ছেলে, (প্রা) বি, পুং ; পুত্র।

ছোঁয়া, (প্রা) বি ; স্পর্শ করণ।

ছোট, (প্রা) বিণ ; ক্ষুদ্র।

কনিষ্ঠ। নীচ, অধম।

ছোপান, ( প্রা ) বি; বস্ত্র রঞ্জিত করা।

ছোবড়া, ( প্রা ) বি; নারিকেলাদির ত্বক্ বা খোসা।

ছোবল, ( প্রা ) বি; সর্পাদির দংশন বিং।

ছোলন, (প্রা) বি; ত্বকোন্মোচন, ছাল তোলা।

ছোলা, ( প্রা ) বি; চণক, বুট।

## জ।

জ, বি, পুং; শিব। বিষ্ণু। জন্ম। বিণ; জাত, যে জন্মে, (শব্দের পরে প্রযোজ্য) যথা,—জলজ।

জগচ্চক্ষুঃ, বি,পুং (জগৎ + চক্ষুঃ) সূর্য্য। ৬ষ্ঠীতৎ।

জগজ্জন, বি, পুং ( জগৎ + জন) জগতের লোক। ৬ষ্ঠীতৎ

জগঝম্প,(প্রা) বি; বাদ্যযন্ত্র বিং।

জগতী, বি, স্ত্রী ( জগৎ + স্ত্রী-ঈপ্) পৃথিবী। দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ।

জগৎ,বি, ক্লী ( গম্-কর্ত্তৃ ক্বিপ্, নি ) পৃথিবী, সংসার। গতি আছে বলিয়া পৃথিবীর নাম জগৎ। [ ৬ষ্ঠীতৎ।

জগৎপতি, বি, পুং; পরমেশ্বর।

জগৎপাতা,-পিতা, বি, পুং; জগতের পালন কর্ত্তা, ঈশ্বর। ৬ষ্ঠীতৎ। [ ৬ষ্ঠীতৎ।

জগৎপ্রাণ,বি,পুং; বায়ু, বাতাস।

জগদম্বা, বি, স্ত্রী (জগৎ + অম্বা = মাতা)জগন্মাতা,দুর্গা। ৬ষ্ঠীতৎ।

জগদ্ বিশ্রুত, বিণ (জগৎ-বি-শ্রু-ক্ত) ভুবনবিখ্যাত।

জগদীশ, (জগৎ + ঈশ = প্রভু )
জগদীশ্বর, ( জগৎ + ঈশ্বর ) জগৎ প্রভু,পরমেশ্বর। ৬ষ্ঠীতৎ।

জগদ্‌গুরু, বি, পুং; জগতের গুরু, পরমেশ্বর। ৬ষ্ঠীতৎ।

জগদ্ধাত্রী, বি, স্ত্রী (জগৎ + ধাত্রী = যে পোষণ করে) জগন্মাতা।

জগন্নাথ, বি, পুং ( জগৎ + নাথ) জগতের প্রভু, বিষ্ণু। পুরুষোত্তম। ৬ষ্ঠীতৎ।

জগন্নিবাস, বি, পুং ( জগৎ + নিবাস = আশ্রয় ) যিনি সমস্ত জগতের আশ্রয় স্বরূপ, ঈশ্বর।

জগ্ধ, বিণ (অদ্-কর্ম্ম-ক্ত)ভক্ষিত।

জঘন, বি, ক্লী ( হন্-যঙ্লুক্-কর্ত্তৃ-অন ) স্ত্রীলোকের কটি দেশ। কটি দেশের সম্মুখ ভাগের নিম্ন দেশ।

জঘন্য, বিণ (জঘন+য্য) নীচ। ঘৃণার্হ।
জঙ্গম, বিণ ( গম্-যঙ্-লুক্-কর্ত্তৃ-অন্ ) গতিশীল, অস্থাবর।
জঙ্গল, বি, ক্লী ( জঙ্গম-লা-কর্ত্তৃ-ড ) অরণ্য, বন।
জঙ্ঘা, বি, স্ত্রী ( জন্-কর্ত্তৃ-অন্+স্ত্রীআপ্ ) গুল্‌ফ অবধি জানু পর্য্যন্ত অংশ।
জঞ্জাল ( প্রা ) বি ; আবর্জ্জনা। উৎপাত।
জটা, বি, স্ত্রী ( জট্=একত্রজড় হওয়া-অচ্ ) জড়িত চুল। কেশর। গাছের ঝুরি।
জটাচীর, বি, ক্লী ; জটা বল্কল। বন্দ্ব।
জটাজুট, বি, পুং ; জটাসমূহ। জটার জুট ( সমূহ ), ৬ষ্ঠীতৎ।
জটাধর, বি, পুং ; শিব। বিণ ; জটাধারী।
জটায়ু, জটায়ুঃ, বি, পুং ; প্রসিদ্ধ পক্ষী। জট (সংহত অর্থাৎ দীর্ঘ) হইয়াছে আয়ুঃ যাঁহার, বহু।
জটি, জটী, বি, স্ত্রী ; জটা।
জটিল, বিণ ( জটা+ইল ) জটাযুক্ত। দুর্ব্বোধ।
জটুল,বি,পুং ; শরীরস্থ চিহ্ন বিং।
জঠর, বি, পুং, ক্লী ( জন্-অধি-অরন্ ) যাহাতে প্রাণী জন্ম গ্রহণ করে, গর্ভ, জরায়ু।
জঠরযন্ত্রণা, বি, স্ত্রী ; গর্ভে অবস্থান জন্য ক্লেশ।
জঠরাগ্নি, জঠরানল, বি, পুং ( জঠর+অগ্নি, অনল ) উদরস্থিত অগ্নি, উদর মধ্যস্থ রসবিশেষ, যাহা দ্বারা ভুক্ত বস্তুর পরিপাক হয়।
জড়, বিণ (জল্-কর্ত্তৃ-অন্) অচেতন। স্পন্দরহিত। নিস্তেজ। মূর্খ।
জড়তা, বি, স্ত্রী ( জড়+তা, ভাবার্থে ) মূর্খতা। অস্পষ্টতা। স্ফূর্ত্তি না থাকা। শৈথিল্য।
জড়ত্ব, বি, ক্লী ( জড়+ত্ব, ভাবার্থে ) জড়তা। (জড়দেখ)।
জড়পদার্থ, বি, পুং ; অচেতন বস্তু। [ জড় পদার্থ।
জড়পিণ্ড, বি, পুং, ক্লী ; স্থূল
জড়সড়, ( প্রা ) বিণ ; সঙ্কুচিত।
জড়িত, বিণ ; বেষ্টিত। ব্যাপ্ত।
জড়ীভূত, বিণ ; হতবুদ্ধি। স্ফূর্ত্তিহীন। নিস্পন্দ। জমাট।
জতু, বি, ক্লী ( জন্-কর্ত্তৃ-উ ) জৌ, লাক্ষা, লা। অলক্তক।
জতুক, বি, ক্লী ; হিঙ্গু, হিঙ্।
জতুগৃহ, বি, ক্লী ; জতু ( লাক্ষা ) নির্ম্মিত গৃহ, পাণ্ডবদিগের বিনাশার্থ দুর্য্যোধন এই গৃহ নির্ম্মাণ করাইয়াছিলেন। কর্ম্মধা।
জন, বি, পুং ( জন্-কর্ত্তৃ-অন্ ) লোক। ইতর লোক।

জনক, বি, পুং ( জনি-কর্ত্তৃ-ণক ) পিতা। মিথিলাধিপতি। বিণ; উৎপাদক। স্ত্রী,-নিকা।

জনকতনয়া, জনকদুহিতা } বি, জনকসুতা, জনকাত্মজা } স্ত্রী; জানকী, সীতা। ৬ষ্ঠীতৎ।

জনতা, বি, স্ত্রী; ( জন+তা ) লোকসমূহ। ভিড়।

জনন, বি, ক্লী (জন্-ভাবে-অনট্) উৎপত্তি। জন্ম। বিণ ( জনি-কর্ত্তৃ-অন ) উৎপাদক।

জননায়ক, বি, পুং; জনসাধারণের নেতা, ৬ষ্ঠীতৎ।

জননি, বি, স্ত্রী (জন্-ভাবে-অনি) উৎপত্তি।

জননী, বি, স্ত্রী ( জন্-অধি-অনট +স্ত্রী ঈপ্ ) গর্ভধারিণী, মাতা। বিণ; উৎপাদিকা।

জনপদ, বি, পুং; লোকালয়, নগর, গ্রাম। জনের পদ (স্থান), ৬ষ্ঠীতৎ।

জনপ্রবাদ, বি, পুং; জনশ্রুতি।

জনম ( পদ্যে ), বি, ক্লী; জন্ম।

জনয়িতা ( তৃ ), বি, পুং ( জনি-কর্ত্তৃ-তৃন্ ) পিতা। বিণ; উৎপাদক। স্ত্রী,-য়িত্রী।

জনয়িত্রী, বি, স্ত্রী ( জনয়িতৃ+স্ত্রী ঈপ্ ) জননী, মাতা। বিণ; উৎপাদিকা।

জনরব, বি, পুং; কোলাহল। লোকে যে কথা রটায়।

জনশ্রুতি, বি, স্ত্রী; যে কথা লোক পরম্পরায় শুনা যায়, কিংবদন্তী।

জনস্থান, বি, ক্লী; দণ্ডকারণ্য-সন্নিহিত স্থান বিং। লোকালয়।

জনান্তিক, বি, ক্লী; অন্যলোক সমক্ষে ও সঙ্কেতে কথোপকথন। জনের অন্তিক (সমীপ), ৬ষ্ঠীতৎ।

জনাপবাদ, বি, পুং; লোকনিন্দা।

জনার্দ্দন, বি, পুং ( জন=অসুর বিং-অর্দ্দি-কর্ত্তৃ-অন্ ) যিনি জন নামক অসুরকে পীড়ন করিয়াছেন, বিষ্ণু।

জনাশ্রয়, বি, পুং (জন+আশ্রয়) কোন কার্য্যের জন্য অল্প দিনের নিমিত্ত নির্ম্মিত গৃহ। লোকালয়।

জনি, জনী, বি, স্ত্রী; উৎপত্তি। মাতা। জটামাংসী। লাক্ষা।

জনিত, বিণ ( জনি-কর্ম্ম-ক্ত ) উৎপাদিত। স্ত্রী,-তা।

জনিতা, বিণ ( জনিত+আপ্ ) উৎপাদিতা। বি, পুং ( জন্-অপা-তৃন্ ) পিতা। স্ত্রী,-ত্রী।

জনীন, বিণ (জন+ঈন, হিতার্থে) জনের উপযুক্ত বা সম্বন্ধীয়। স্ত্রী,-না। [জন্ম, উৎপত্তি।

জনু, জনূ, বি, স্ত্রী (জন্-উ, ঊ)

জন্তু, বি, পুং ( জন্-কর্ত্তৃ-তুন্ ) প্রাণী, জীব।

জন্ম(ন্),বি,ক্লী (জন্-ভাবে-মন্) উৎপত্তি।
জন্মগ্রহণ, বি, ক্লী ; জন্ম লওয়া। ৬ষ্ঠীতৎ। [ পিতা।
জন্মদাতা,বি,পুং (জন্মন্-দা-তৃন্)
জন্মভূমি, বি. স্ত্রী ; মাতৃভূমি, স্বদেশ। জন্মের ভূমি, ৬ষ্ঠীতৎ।
জন্মান, (প্রা) বি ; উৎপাদন।
জন্মান্তর, বি, ক্লী (জন্মন্+অন্তর =প্রভেদ) পূর্ব্বজন্ম, পরজন্ম।
জন্মান্তরীণ,বিণ (জন্মান্তর+ঈন) অন্যজন্ম সম্বন্ধীয়।
জন্মান্ধ, বিণ (জন্মন্+অন্ধ) জন্মাবধি দৃষ্টিশক্তিহীন।৩য়াতৎ।
জন্মাবচ্ছিন্ন, বিণ ; যাবজ্জীবন জন্ম দ্বারা অবচ্ছিন্ন (সীমাবদ্ধ), ৩য়াতৎ। বি,পুং ; জীবিতকাল, সমস্ত জীবন।
"আমরা জন্মাবচ্ছিন্নে কখনও এমন মধুর সঙ্গীত শ্রবণ করি নাই।"
(সীতার বনবাস)।
জন্মাষ্টমী, বি, স্ত্রী ; শ্রীকৃষ্ণের জন্মতিথি,ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমী।
জন্য, বিণ (জনি-য) উৎপাদ্য। বি, পুং ; (জন+ষ্য) বরের বয়স্য, বরযাত্র। কন্যাযাত্র। নবোঢ়া কন্যার ভৃত্য। (প্রা)বা ; নিমিত্ত। ("জন্যে"শব্দও প্রচলিত)।
জন্যা,বি,স্ত্রী ; মাতৃসহচরী। সখী।
জপ, বি, পুং ; মন্ত্রাদির পুনঃ পুনঃ উচ্চারণ।
জমদগ্নি, বি, পুং (জম্-কর্ত্তৃ-শতৃ =জমৎ+অগ্নি) পরশুরামের পিতা। অগ্নির জমৎ (ভক্ষণকারী), ৬ষ্ঠীতৎ। (পূর্ব্বপদের পর নিপাত।)
জমক, (প্রা) বি ; আড়ম্বর।
জমজ,বিণ:একসময়ে একগর্ভজাত ('যমজ' দেখ)। [ সংহিত।
জমাট, (যা) বিণ ; ঘনীভূত,
জমী, (যা) বি ; ভূমি, ক্ষেত্র।
জমীদার,(যা) বি ; ভূম্যধিকারী।
জম্, ব্য ; পত্নী, জায়া।
জম্পতি, বি, পুং ; স্ত্রীপুরুষ, পতি-পত্নী। জায়া ও পতি, দ্বন্দ্ব।
জম্বীর, বি, পুং ; লেবুগাছ। ক্লী ; লেবু।
জম্বু, জম্বূ,বি, স্ত্রী (জম্-কু, কূ) জামগাছ। ক্লী ; জাম ফল।
জম্বুক, বি, পুং (জম্-কর্ত্তৃ-উক) শৃগাল। বরুণ। নীচব্যক্তি। স্ত্রী,-কী।
জম্বুকমতি, বিণ (জম্বুক+মতি [বুদ্ধি, ইচ্ছা] ধূর্ত্তস্বভাব। জম্বুকের (শৃগালের) ন্যায় মতি (বুদ্ধি) যাহার, বহু।
"জম্বুকমতি জন, মানের কাল্পনিক অনুরোধে" (প্রভাতচিন্তা)।
জম্বুদ্বীপ, বি, পুং ; সপ্তদ্বীপের অন্তর্গত দ্বীপ বিং, ভারতবর্ষ।
জয়, বি, পুং (জি-ভাবে-অল্) শত্রুপরাজয়। বশীকরণ। (ঐ-

কর্ত্তৃ-অন্ ) বিষ্ণুর পার্শ্বচর বিং। বিণ, জিত, জয়ী।
জয়কার, বি, পুং ; জয়ধ্বনি। স্ত্রীলোকের হুলুধ্বনি।
জয়ঢক্কা, বি, স্ত্রী ; জয়-সূচক ঢক্কা, জয় ঢাক।
জয়ধ্বনি, বি, পুং ; জয়সূচক শব্দ। কর্ম্মধা।
জয়ন্ত, বি, পুং ( জি-কর্ত্তৃ-অন্ত ) ইন্দ্রপুত্র। বিরাটভবনস্থ ছদ্মবেশী ভীম। শিব। চন্দ্র।
জয়ন্তিকা, বি, স্ত্রী ; হরিদ্রা।
জয়ন্তী, বি,স্ত্রী ; দুর্গা। পতাকা।
জয়পতাকা, বি, স্ত্রী ; জয়লাভের পর যে পতাকা উড্ডীন করা হয়। মধ্যপদলোপী কর্ম্মধা।
জয়পত্র, বি, ক্লী ; জয়সূচক পত্র।
জয়পাল, বি, পুং ; বৃক্ষ বিং।
জয়লক্ষ্মী, জয়শ্রী, বি, স্ত্রী ; জয়ের অধিষ্ঠাত্রী দেবী। জয়লাভ জনিত শোভা।
জয়শব্দ, বি, পুং ; "জয় হউক" এই আশীর্ব্বাদ বাক্য।
জয়শীল, বিণ ; যে সর্ব্বত্র জয়লাভ করে। স্ত্রী,-লা।
জয়া, বি, স্ত্রী; পার্ব্বতীর সহচরী। হরীতকী। ভাঙ্।
জয়ী, বিণ (জয়+ইন্, অস্ত্যর্থে) জয়শীল, জয়যুক্ত। স্ত্রী,-য়িনী।
জরঠ, বিণ ( জৄ-কর্ত্তৃ-অঠ ) বৃদ্ধ। জীর্ণ। কর্কশ।
জরৎ, বিণ ( জৄ-শতৃ ) জীর্ণ। বৃদ্ধ। পুরাতন। স্ত্রী,-তী।
জরদ্, ( যা ) বি ; পীতবর্ণ।
জরদগব, বি, পুং ; বৃদ্ধ বৃষ। গৃধ্র বিং। জরৎ ( বৃদ্ধ ) যে গো, কর্ম্মধা। (গো স্থানে গব)।
জরা, বি, স্ত্রী ( জৄ-ভাবে-ঙ+স্ত্রীআপ্ ) বার্দ্ধক্য। জীর্ণতা। ( জৈ-কর্ত্তৃ-অন্+স্ত্রী আপ্ ) রাক্ষসী বিং।
জরাগ্রস্ত, বিণ ; জরাভিভূত, অতি জীর্ণ। ৩য়াতৎ।
জরায়ু, বি, পুং ( জরা-ই-ঞুণ্ ) গর্ভ বেষ্টন চর্ম্ম। গর্ভাশয়।
জরায়ুজ, বিণ ( জরায়ু-জন্-ড ) জরায়ু হইতে জাত ( মনুষ্য, গো প্রভৃতি। )
জরী, (যা) বি; স্বর্ণাদির সূত্র বিং।
জরীমানা, ( যা ) অর্থ দণ্ড।
জর্জ্জর, বিণ ( জর্জ-কর্ত্তৃ-অরণ্ ) জীর্ণ। বিশীর্ণ।
জর্জ্জরিত, বিণ ( জর্জ্জর+ইত ) যাহাকে জর্জ্জর করিয়াছে।
জর্দ্দা, (যা) বি;জঞ্জাল,আবর্জ্জনা।
জল, বি, ক্লী ( জল্=আচ্ছাদন ক-কর্ত্তৃ-অন্ ) সলিল, বারি। বিণ, জলীয়, জলো, জলা।
জলকর, বি, পুং ; জল হইতে যে রাজকর উৎপন্ন হয়।

জলকুন্তল, বি, পুং ; শৈবাল।
জলকেলি, বি, স্ত্রী ; অনেকে মিলিয়া জলে খেলা করা। জলক্রীড়া।
জলচর, বিণ ( জল-চর্-কর্ত্তৃ-টক্) যাহারা জলে বাস করে। জলে চরে যে, উপপ। স্ত্রী,-রী।
জলছত্র, বি ; আতপ-ক্লান্ত পথিকদের জলদানস্থান, প্রপা।
জলজ, বি, ক্লী (জল-জন্-কর্ত্তৃ-ড) পদ্ম। পুং, ক্লী ; শঙ্খ। বিণ ; জলজাত।
জলজন্তু, বি, পুং ; যে সকল জন্তু জলে বাস করে।
জলদ, বি, পুং ( জল-দা-কর্ত্তৃ-ড) মেঘ। জল দান করে যে, উপপ। বিণ ; জলদাতা।
জলদক্ষয়, বি, পুং ; শরৎকাল। জলদের ( মেঘের ) ক্ষয় হয় যাহাতে, বহু।
জলদাগম, বি, পুং ( জলদ+ আগম ) বর্ষাকাল। জলদের (মেঘের)আগম হয় যাহাতে,বহু।
জলধর, বি, পুং ( জল-ধৃ-কর্ত্তৃ-অন্ ) মেঘ। সমুদ্র। জল ধারণ করে যে, উপপ।
জলধি, বি, পুং (জল-ধা-কর্ত্তৃ-কি) সমুদ্র।জল ধারণ করে যে,উপপ।
জলনালী, জলপ্রণালী } বি, স্ত্রী; নর্দ্দামা। কাটা খাল।
জলনিধি, বি, পুং ; সমুদ্র। জলের নিধি ( আশ্রয় ),৬ষ্ঠীতৎ।
জলনির্গম, বি, পুং ; জলের নিঃসরণ, ৬ষ্ঠীতৎ। জল-নিঃসরণ পথ, বহু।
জলপতি, বি,পুং; বরুণ। সমুদ্র।
জলপাই, ( গ্রা ) বি ; ফল বিং।
জল প্রপাত, বি, পুং ; নির্ঝর, ঝরণা। জলের প্রপাত (পতন), ৬ষ্ঠীতৎ।
জলপ্রায়, বি, ক্লী ; জলময়দেশ।
জল প্লাবন, বি, ক্লী ; জলে দেশ ভাসিয়া যাওয়া, বন্যা। ৩য়াতৎ। বিণ,-বিত। [ জলপূর্ণ।
জলময়, বিণ ( জল+ময়ট্ )
জলমগ্ন, বিণ ; যাহা জলে ডুবিয়াছে। ৭মীতৎ। [ উদ।
জলমার্জ্জার, বি, পুং ; উদ্বিড়াল,
জলমুক্, বি, পুং ( জল-মুচ্-কর্ত্তৃ-কিপ্ ) মেঘ।
জলযন্ত্র, বি, ক্লী; ফোয়ারা। জল তুলিবার কল।
জলবিম্ব, বি,পুং,ক্লী ; জলবুদ্বুদ। ৬ষ্ঠীতৎ।
জলবিষুব, বি,ক্লী; কার্ত্তিক মাসের সংক্রান্তি। [ সাপ।
জলব্যাল, বি, পুং ; জলঢোঁরা
জলবুদ্বুদ, বি, ক্লী ; জলের কোট্টিকা, জলবিম্ব।
জলশায়ী, বি, পুং ; বিষ্ণু।

জলসত্র, বি, ক্লী; জল ছত্র, পথিকদের জলদান স্থান।

জলস্তম্ভ, বি, পুং; স্তম্ভাকারে পতিত বা উৎক্ষিপ্ত জলরাশি।

জলহস্তী, বি, পুং; হস্তিসদৃশ জলজন্তু বিং।

জলাঞ্জলি, বি, পুং; অঞ্জলি প্রমাণ জল। তর্পণ। কোন কার্য্য একবারে পরিত্যাগ, বিসর্জ্জন।

"পৃথিবীর ভোগসুখে জলাঞ্জলি দিয়া" (নিভৃত-চিন্তা।)

জলাধার, বি, পুং; জলপাত্র। জলাশয়।

জলার্ক, বি, পুং (জল+অর্ক) জলে প্রতিবিম্বিত সূর্য্য।

জলাবর্ত্ত, বি,পুং (জল+আবর্ত্ত=ঘূর্ণন) ঘূর্ণিজল। জলভ্রম। ৬ষ্ঠীতৎ।

জলাশয়, বি, পুং; পুষ্করিণী প্রভৃতি। জলের আশয় (আধার), ৬ষ্ঠীতৎ।

জলেশ্বর, বি, পুং (জল+ঈশ্বর) বরুণ। সমুদ্র।

জলোচ্ছ্বাস, বি, পুং (জল+উচ্ছ্বাস) প্রবলবেগে জল স্ফীত হওয়া, জোয়ার। ৬ষ্ঠীতৎ।

জলৌকস্, জলৌকা, বি, স্ত্রী (জল+ওকস্) জোঁক। জল হইয়াছে ওকস্ (বাসস্থান) যাহার, বহু।

জল্পন,বি,ক্লী (জল্প্-ভাবে-অনট্)
জল্পনা, বি, স্ত্রী (ঐ-অন-স্ত্রী আপ্) কথন। অনর্থক অধিক কথা বলা, বাগ্ বাহুল্য। প্রস্তাব। বিণ,-ল্পিত।

জল্পিত,বিণ ঐ-কর্ম্ম-ক্ত) কথিত।

জল্লাদ, (যা) বি; হত্যাকারী। যে ফাঁসি দেয়।

জব, বি, পুং (জু-ভাবে-অল্) বেগ, গতি।

জবন, বি, পুং (জু-কর্ত্তৃ-অন) বেগবান্ অশ্ব।

জবর, (যা) বিণ; পরাক্রান্ত।

জবরদস্তি, (যা) বি; বলপ্রয়োগ।

জবা, বি, স্ত্রী (জপ্-করণ-অল্+স্ত্রী আপ্) প্রসিদ্ধ পুষ্প বা বৃক্ষ।

জবানবন্দী, (যা) বি; সাক্ষ্য দেওয়া।

জবাব,(যা),উত্তর। বিদায় দেওয়া।

জব্দ, (যা) বিণ; পরাজিত। বাজেয়াপ্ত।

জহর, (যা) বি; বহুমূল্য প্রস্তর বিং। বিষ।

জহরব্রত, বি; স্বামী যুদ্ধে নিহত হইলে এবং রাজ্যরক্ষার কোন উপায় না দেখিলে রাজপুত রমণীগণ সতীত্ব-ধর্ম্ম রক্ষার্থে স্বেচ্ছায় অগ্নিকুণ্ডে জীবন-বিসর্জ্জন করিতেন। এইরূপ অনুষ্ঠানকে জহরব্রত বলে।

জহরী, (যা) বি; রত্ন ব্যবসায়ী।

জহ্নু, বি, পুং (হা-কর্ত্তৃ-নু) গঙ্গা-পায়ীমুনি বিং। (জাহ্নবী দেখ)।

জহ্নুকন্যা, জহ্নুতনয়া, জহ্নুসুতা, বি, স্ত্রী; জহ্নুমুনির কন্যা, গঙ্গা। (জাহ্নবী দেখ)।

জায়গীর, (যা) বি; নিষ্কর ভূমি।

জাওর, (প্রা) বি; উদ্গার করিয়া পুনর্ব্বার চর্ব্বণ, রোমন্থন।

জাঁক, (প্রা) বি; সমারোহ, ধুমধাম। অহঙ্কার।

জাঁকাল, (প্রা) বিণ; সমারোহ যুক্ত।

জাঁতা, (প্রা) বি; পেষণ যন্ত্র। অগ্নিজ্বালিবার যন্ত্র।

জাঁতী, (প্রা) বি; সুপারি কাটিবার অস্ত্র বিং।

জাগতিক, বিণ (জগৎ+ষ্ণিক) জগৎ সম্বন্ধীয়।

জাগন, (প্রা) বি; জাগরণ, নিদ্রাভঙ্গ।

জাগরণ, বি, ক্লী (জাগৃ-ভাবে-অনট্) নিদ্রাভঙ্গ। অনিদ্রা। সাবধানতা। বিণ,-রিত।

জাগরিত, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) নিদ্রা হইতে উত্থিত, বিনিদ্র।

জাগরূক, বিণ (ঐ-উক) সতর্ক। জাগরণশীল। [করা।

জাগান, (প্রা) বি; নিদ্রাভঙ্গ

জাগ্রৎ, বিণ (জাগৃ-শতৃ) যে জাগিয়া আছে। স্ত্রী,-তী।

জাগ্রৎস্বপ্ন, বি, পুং; অসম্ভব কল্পনা।

জাঙ্গল, জাঙ্গলিক, বিণ (জঙ্গল+ষ্ণ, ষ্ণিক) জঙ্গলা, বন্য।

জাঙ্গাল, (প্রা) বি; সারি। বাঁধ, সেতু।

"—বীরবলে এ জাঙ্গাল ভাঙ্গি
দূর কর অপবাদ —" (মেঘনাদবধ)

জাজ্বল্যমান, বিণ (জ্বল্-যঙ্-কর্ত্তৃ-শান) অত্যুজ্জ্বল, দেদীপ্যমান

জাড্য, বি, ক্লী (জড়+ষ্ণ্য, ভাবার্থে) জড়তা। মূর্খতা। আলস্য। দীর্ঘসূত্রতা।

জাত, বিণ (জন্-কর্ত্তৃ-ক্ত) উৎপন্ন। বি; সমূহ।

জাতকর্ম্ম, বি, ক্লী; সন্তানের জন্মকালে কর্ত্তব্য সংস্কার বিং।

জাতি, বি, স্ত্রী (জন্-ক্তি) জন্ম। বংশ, ব্রাহ্মণাদি বর্ণ। প্রকার, শ্রেণী। একজাতীয় যাবতীয় পদার্থের অসাধারণ ধর্ম্ম, যথা—গোত্ব, মনুষ্যত্ব প্রভৃতি। মালতী পুষ্প।

জাতিফল, বি, ক্লী; জায়ফল।

জাতিব্রাহ্মণ, বি, পুং; যে ব্যক্তি কেবল জাতিতে ব্রাহ্মণ, তপস্যাদি ও বেদাধ্যয়ন করেনা।

জাতিভ্রংশ, বি, ক্লী; জাতিনাশ। বিণ,-ভ্রষ্ট।

জাতিভ্রষ্ট, বিণ; জাতিচ্যুত,

যাহার জাতি নষ্ট হইয়াছে।
জাতিস্মর, বিণ ; যাহার পূর্ব্ব-জন্মের বৃত্তান্ত স্মরণ আছে।
জাতী, বি, স্ত্রী (জাতি+ঈপ্) মালতীপুষ্প।
জাতীয়, বিণ (জাতি+নীয়) জাতি সংক্রান্ত। বি,-তা।
জাতু, ব্য ; কদাচিৎ। সম্ভাবনা। নিন্দা। নিষেধ।
জাতুধান, বি, পুং ; নিশাচর, রাক্ষস। [নিশ্চিত।
জাতুষ, বিণ (জতু+ষ্ণ) গালা
জাতেষ্টি, বি, স্ত্রী (জাত+ইষ্টি) বালকের জাতকর্ম্ম।
জাত্যন্ধ, বিণ (জাতি=জন্ম+অন্ধ) জন্মান্ধ।
জানকী, বি, স্ত্রী (জনক+ষ্ণ, অপত্যার্থে+স্ত্রী ঈপ্) জনক-নন্দিনী, সীতা।
জানন, (প্রা), বি ; জ্ঞাত হওয়া।
জানপদ, বিণ (জনপদ+ষ্ণ) জনপদ সম্বন্ধীয়। জনপদবাসী। বি, পুং ; দেশ, জনপদ।
জান্তব, বিণ (জন্তু+ষ্ণ) জন্তু সম্বন্ধীয়।
জানু, বি, পুং, ক্লী (জন্-কর্ত্তৃ-ঞুণ্) উরুসন্ধি। হাঁটু।
জাপক, বিণ (জপ্-ণক) জপকারী।
জাফরাণ, (যা) বি ; কুঙ্কুম।

জাম, (প্রা) বি ; ফল বিং, জম্বু।
জামরুল, (প্রা) বি ; ফল বিং।
জামা, (প্রা) বি ; আঙরাখা, কুর্ত্তি। [কন্যার স্বামী।
জামাই, (প্রা) বি ; জামাতা,
জামাতা (তৃ), বি, পুং (জায়া-মা-কর্ত্তৃ-তৃচ্) কন্যার পতি।
জামিন, (যা) বি ; প্রতিভূ।
জামির, (প্রা) বি ; লেবু বিং, জম্বীর।
জাম্ববান্, জাম্বুবান্, বি, পুং ; ভল্লুকরাজ। [নির্ঘণ্ট।
জায়, (যা) বি ; তালিকা,
জায়গা, (প্রা) বি ; স্থান, ভূমি।
জায়মান, বিণ (জন্-কর্ত্তৃ-শান) যে জন্মিতেছে।
জায়া, বি, স্ত্রী (জন্-অধি-য+স্ত্রী আপ্) যাহাতে পতি সংপ্রবিষ্ট হইয়া পুনরায় জন্মগ্রহণ করেন, ভার্য্যা, পত্নী।

> "পতির্ভার্য্যাং সংপ্রবিশ্য
> গর্ভোভূত্বেহ জায়তে।
> জায়ায়াস্তদ্ধি জায়াত্বং
> যদস্যাং জায়তে পুনঃ॥"
>
> মনুসংহিতা।

জায়াজীব, বি, পুং (জায়া+আজীব) বেশ্যা-পতি।
জার, বি, পুং (জৄ=জীর্ণক-কর্ত্তৃ-ঘঞ্) যে ব্যক্তি স্বামীর প্রতি স্ত্রীলোকদিগের অনুরাগ নষ্ট করে, উপপতি।

জারজ, বিণ ( জার=উপপতি-জন্-ড ) উপপতি হইতে জাত ( সন্তান )।

জারণ, বি, ক্লী ( জারি-অনট্ ) জীর্ণকরা। বিণ,-রিত।

জাল, বি, ক্লী ( জল্=আচ্ছাদন কৃ-ঘঞ্ ) মৎস্যাদি ধরিবার যন্ত্র, ফাঁদ। সমূহ। জানালা। প্রতারণা। (যা) বিণ ; কৃত্রিম।

জালক, বি, ক্লী ; অস্ফুটপুষ্প, কলিকা। সমূহ। কুলায়। গবাক্ষ। জাল।

জালপাদ, বি, পুং ; যাহার পায়ের অঙ্গুলি চর্ম্মদ্বারা পরস্পর যোজিত, যেমন, হংস প্রভৃতি।

জালি, (প্রা), বিণ ; কচি, নূতন।

জালিক, বিণ ( জাল+ষ্ণিক ) জালকারী। প্রতারক। বি ; জেলে। ব্যাধ।

জালিয়া, ( প্রা ) বি ; ধীবর।

জাল্ম, বিণ ( জালি-মক্ ) নীচ। নির্দ্দয়। মূর্খ। পামর।

জাসু, (যা) বি ; গুপ্তচর। ভৃত্য।

জাহাজ, ( যা ) বি ; অর্ণবযান।

জাহির, (যা) বি ; প্রচার, প্রকাশ।

জিয়ান, (প্রা) বি ; জীবন দান।

জাহ্নবী, বি, স্ত্রী ( জহ্নু=মুনি বিং+ষ্ণ, অপত্যার্থে+স্ত্রীঈপ্) জহ্নু মুনির কন্যা, গঙ্গা।

ভগীরথ পিতৃলোকের উদ্ধার সাধন কল্পে যৎকালে গঙ্গাকে লইয়া আসেন, সেই সময় গঙ্গা গতিপথে জহ্নু মুনির তপস্যাভূমি প্লাবিত করিয়া প্রবাহিত হওয়ায়, মুনিবর ক্রোধান্বিত হইয়া স্বীয় তপোবলে গঙ্গাকে এক গণ্ডূষে উদরস্থ করেন। পরে ভগীরথের প্রার্থনায় সন্তুষ্ট হইয়া কর্ণপথে ( মতান্তরে জানু বিদীর্ণ করিয়া ) গঙ্গাকে বাহির করিয়া দেন। এই নিমিত্ত অর্থাৎ জহ্নু হইতে পুনরুৎপত্তি পাইয়াছিলেন বলিয়া গঙ্গা জাহ্নবী নামে খ্যাতা হন।

জিগমিষা, বি, স্ত্রী ( গম্-সন্-অা) গমনেচ্ছা। বিণ,-মিষু।

জিগমিষু, বিণ (ঐ-উ) গমনেচ্ছু।

জিগীষা, বি, স্ত্রী ( জি-সন্-ভাবে-অ+আপ্) জয়েচ্ছা, জয় করিবার ইচ্ছা। বিণ,-গীষু।

জিগীষু, বিণ (ঐ-কর্ত্তৃ-উ) জয়েচ্ছু, যে জয় করিতে ইচ্ছুক। বি,-গীষা

জিঘৎসা, বি, স্ত্রা (অদ্-সন্-ভাবে-অ+স্ত্রীআপ্ ) ভোজনেচ্ছা। বিণ,-ঘৎসু।

জিঘাংসা, বি,স্ত্রী ( হন্-সন্-ভাবে -অ+স্ত্রীআপ্ ) বধ করিবার ইচ্ছা। বিণ,-ঘাংসু।

জিঘাংসু, বিণ ( ঐ-কর্ত্তৃ-উ ) যে বধ করিতে ইচ্ছুক। বি,-ঘাংসা।

জিঘৃক্ষা, বি, স্ত্রী ( গ্রহ-সন্-ভাবে-অ+স্ত্রীআপ্) গ্রহণ করিবার ইচ্ছা। বিণ,-ঘৃক্ষু, গ্রহণেচ্ছু।

জিজীবিষা, বি, স্ত্রী ( জীব-সন্-ভাবে-অ+স্ত্রীআপ্ ) বাঁচিবার

ইচ্ছা। বিণ,-জীবিষু, বাঁচিতে ইচ্ছুক।

**জিজ্ঞাসা,** বি,স্ত্রী ( জ্ঞা-সন-ভাবে-অ + স্ত্রীআপ্) জানিবার ইচ্ছা। বিণ,-সিত,-জ্ঞাসু,-জ্ঞাস্য।

**জিজ্ঞাসিত,** বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) যে বিষয় বা যে ব্যক্তিকে জিজ্ঞাসা করা গিয়াছে।

**জিজ্ঞাসু,** বিণ ( ঐ-কর্তৃ-উ ) যে জানিতে ইচ্ছুক। বি,-জ্ঞাসা।

**জিজ্ঞাস্য,** বিণ (ঐ-কর্ম্ম-য) জিজ্ঞাসার যোগ্য।

**জিঞ্জীর,** (যা) বি ; বেড়ী,শিকল।

**জিত,** বিণ (জি-কর্ম্ম-ক্ত) যাহাকে জয় করা হইয়াছে, পরাভূত। জয়লব্ধ। বশীকৃত।

**জিতন,** (প্রা) বি ; জয় করণ।

**জিতাত্মা,** বিণ ( জিত + আত্মন্ ) জিতেন্দ্রিয়।

**জিতেন্দ্রিয়,** বিণ (জিত + ইন্দ্রিয়) যে ইন্দ্রিয় জয় করিয়াছে, যে কাম ক্রোধাদি বশে রাখিয়াছে। জিত ( বশীকৃত ) হইয়াছে ইন্দ্রিয় যৎকর্তৃক, বহু। বি, -য়তা ( ভাবার্থে )।

**জিন,** বি, পুং, ( জি-কর্তৃ-নক্ ) বুদ্ধ। বিষ্ণু।

**জিনন,** ( প্রা,পদ্যে ) বি ; জিতন, জয় করণ।

**জিনিষ,** ( যা ) বি ; দ্রব্য, বস্তু।

**জিব্রা, জেব্রা** ( ইং ) বি ; অশ্ব জাতীয় পশু বিং। (Zebra)।

**জিরান,** (প্রা) বি ; বিশ্রাম করা।

**জিরাফ,** ( ইং ) বি ; আফ্রিকা দেশীয় চতুষ্পদ জন্তু বিং। (Giraffe)।

**জিষ্ণু,** বি, পুং ( জি-কর্তৃ-ষ্ণুক্ ) অর্জ্জুন। বিষ্ণু। ইন্দ্র। বিণ ; জয়শীল।

**জিহীর্ষা,** বি, স্ত্রী ( হৃ-সন্-অ + স্ত্রীআপ্ ) হরণেচ্ছা।

**জিহ্ম,** বিণ ( হা-মন্ ) বক্র। কুটিল। খল। মন্দ।

**জিহ্বা,** বি, স্ত্রী ( লিহ্-করণ-কন্ + স্ত্রীআপ্ ) রসনা, জিভ।

**জীমূত,** বি, পুং ( জী + মূত ) মেঘ। জী (জল) হয় মূত (বদ্ধ) যাহাতে, বহু।

**জীমূতবাহন,** বি, পুং ; ইন্দ্র। জীমূত ( মেঘ ) হইয়াছে বাহন যাঁহার, বহু। [আছে, সজীব।

**জীয়ন্ত,** ( প্রা ) বিণ ; যে জীবিত

**জীরক,** বি, পুং ; জীরা।

**জীর্ণ,** বিণ ( জৄ-ক্ত ) বৃদ্ধ। পুরাতন। যার পরিপাক হইয়াছে। বি,-তা,-ত্ব।

**জীর্ণজ্বর,** বি, পুং; পুরাতন জ্বর। দ্বাদশ দিনের অধিককালব্যাপী জ্বর।

জীর্ণসংস্কার } বি, পুং : মেরামত।
জীর্ণোদ্ধার }
৬ষ্ঠীতৎ।

জীব, বি, পুং ( জীব্-ক ) প্রাণী। দেহাবচ্ছিন্ন আত্মা। প্রাণ। বৃহস্পতি।

জীবজীব, জীবঞ্জীব, বি, পুং ( জীব=জীবনকাল+জীব=যে বাঁচে ) যে দীর্ঘকাল বাঁচে, চকোর।

জীবৎ, বিণ ( জীব্-কর্ত্তৃ-শতৃ ) যে বাঁচিয়া আছে। স্ত্রী,-বতী।

জীবদ্দশা, বি, স্ত্রী ; ( জিবৎ+দশা ) জীবিত অবস্থা।

জীবন, বি, ক্লী ( জীব্-অনট ) প্রাণধারণ। প্রাণ। জল। পুং ; বায়ু।

জীবনহেতু, বি, পুং ; বিদ্যা, শিল্পাদি দশ প্রকার জীবনোপায়, যথা—

"বিদ্যা শিল্পং ভৃতিঃ সেবা
গোরক্ষা বিপণিঃ কৃষিঃ।
বৃত্তিভৈক্ষ্যং কুশীদঞ্চ
দশ জীবন হেতবঃ॥" মনু।

জীবনান্ত, বি, পুং (জীবন+অন্ত) প্রাণান্ত, মৃত্যু।

জীবনী, বি, স্ত্রী (জীবন+স্ত্রীঈপ্) যাহা দ্বারা জীবিত থাকা যায়। জীবনবৃত্তান্ত। বিণ ; জীবনদায়িনী।

জীবনীশক্তি, বি, স্ত্রী ; যে শক্তি দ্বারা জীবগণ জীবিত থাকে।

জীবনোপায়, বি, পুং ( জীবন+উপায় ) যাহাদ্বারা জীবনধারণ করা যায়, জীবিকা।

জীবন্ত, বিণ ( জীব্-কর্ত্তৃ-অন্ত ) যে জীবিত আছে, সজীব।

জীবন্তিকা, বি, স্ত্রী ; বৃক্ষোপরি জাত বৃক্ষ, পরগাছা(Parasite)।

জীবন্মুক্ত, বিণ ( জীবৎ+মুক্ত ) যিনি তত্ত্বজ্ঞান লাভ করিয়া জীবদ্দশাতেই সংসারবন্ধন হইতে মুক্ত হইয়াছেন। জীবৎ অথচ মুক্ত, কর্ম্মধা।

জীবন্মৃত, বিণ ( জীবৎ+মৃত ) জীবিত থাকিয়াও মৃতবৎ। জীবৎ অথচ মৃত, কর্ম্মধা।

জীবলোক, বি, পুং ; সংসার।

জীবাত্মা, বি, পুং ; দেহে অধিষ্ঠাতা চেতন পদার্থ।

জীবিকা, বি, স্ত্রী ( জীব+কন্, স্বার্থে+স্ত্রীআপ্ ) জীবনোপায়।

জীবিত, বিণ ( জীব্-কর্ত্তৃ-ক্ত ) জীবনবিশিষ্ট, সজীব। বি, ক্লী ( ভৈ-ভাবে ) জীবন, প্রাণ।

"তোমার অহঙ্কারে কৌরবগণ আত্মীয়গণসহ জীবিতভ্রষ্ট হইবেন।" ( রজনী গুপ্ত )

জীবিতকাল, বি, পুং ; যত দিন বাঁচিয়া থাকা যায়। ৬ষ্ঠীতৎ।

জীবিতেশ, বি, পুং ( জীবিত + ঈশ ) যম। প্রাণেশ্বর।
জীবী ( বিন্ ) বিণ ( জীব-কর্ত্তৃ-ণিন্ ) যে বাঁচিয়া আছে।
জুগুপ্সা, বি, স্ত্রী (গুপ্-সন্-ভাবে-অ + স্ত্রী আপ্ ) নিন্দা। ঘৃণা। বিণ,-প্সিত।
জুগুপ্সিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) নিন্দিত। ঘৃণিত। বি,-গুপ্সা।
জুজু, ( প্রা ) বি ; ভয়প্রদর্শক কল্পিত মূর্ত্তি বিং। ভূতযোনি।
জুড়ান, ( প্রা) বি ; ঠাণ্ডা করণ।
জুতা, ( প্রা ) বি ; চর্ম্ম পাদুকা, উপানৎ।
জুহূ, বি, স্ত্রী ( হু করণ-ক্বিপ ) যজ্ঞপাত্র বিং। [ বন্ধন।
জূট, বি, পুং ; সমূহ। জটা।
জূষ, বি, পুং, ক্লী ( জূষ্-ঘঞ্ ) কাথ, ঝোল ( Juice )।
জৃম্ভক,বিণ ( জৃম্ভ-ণক্ ) যে হাই তোলে। নিদ্রাকারক। প্রকাশক
জৃম্ভকাস্ত্র, বি, ক্লী ; শত্রুর নিদ্রা-কারক অস্ত্র বিং।
জৃম্ভণ, বি, ক্লী ( জৃম্ভ-অনট্ ) } জৃম্ভা, বি, স্ত্রী ( ঐ-অল্) হাই-তোলা। পুষ্পাদির বিকাশ।
জৃম্ভিত, বিণ (ঐ-ক্ত) প্রস্ফুটিত। বিকাশিত। [ ভ্রাতা।
জেঠা, (প্রা) বি ; পিতার জ্যেষ্ঠ
জেঠামি ( প্রা ) বি ; বালকের প্রগল্‌ভতা। [টিক্‌টিকী।
জেঠী,(প্রা)বি;জ্যেষ্ঠ পিতৃব্যপত্নী।
জেতা ( তৃ ) বিণ (জি-কর্ত্তৃ-তৃন্) জয়কারী। স্ত্রী,-ত্রী।
জেয়, বিণ ( জি কর্ম্ম-য ) জয় করিবার যোগ্য। [স্ত্রী,-ত্রী।
জৈত্র, বিণ (জেতৃ + ষ্ণ) জয়শীল।
জৈন, বি,পুং (জিন + ষ্ণ) বৌদ্ধ।
জোঁক, ( প্রা ) বি ; জলৌকা।
জোট, (প্রা) বি ; দল। একতা।
"আজকাল জোটবদ্ধ হইতে না পারিলে" ( জ্যোতিরিন্দ্র )
জোনাকী, ( প্রা ) বি, রাত্রি-কালে যে পোকার জ্যোতিঃ বর্দ্ধিত হয়, খদ্যোত।
জোয়ার, ( প্রা ) বি ; সমুদ্র হইতে আগত জলোচ্ছ্বাস।
জোর, ( যা ) বি ; শক্তি, বল।
জোরাল, (প্রা) বিণ ; বলবান।
"সেই কার্পাসের চাবাই খুব সতেজ ও জোরাল।" ( জ্যোতিরিন্দ্র )
জোষ, বি, পুং ( জুষ্-অল্ ) সন্তোষ। স্ত্রী, জোষা ( ঐ-কর্ত্তৃ-অন্ + স্ত্রী আপ্ ) নারী।
জোষম্, ব্য ( জুষ্-অম্) চুপ করিয়া থাকা, তূষ্ণীম্ভাব। সম্যক্। সুখ। প্রশংসা।
জোষিৎ,বি,স্ত্রী(জুষ্-ই) } জোষিতা ( জোষিৎ + স্ত্রী আপ্ ) } নারী।
জৌ, (প্রা) বি ; জতু, লাক্ষা, লা।

জ্ঞ, বিণ (জ্ঞা-কর্ত্তৃ-ক) যে জানে। অন্য শব্দের যোগে ব্যবহার্য্য ; যথা,—সর্ব্বজ্ঞ।
জ্ঞাত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) বিদিত।
জ্ঞাতব্য, বিণ (ঐ-তব্য) জানিবার যোগ্য।
জ্ঞাতসার, বিণ ; যে সার জানিয়াছে। ক্রি,বিণ ; জ্ঞানগোচরে।
জ্ঞাতা (তৃ), বিণ (জ্ঞা-কর্ত্তৃ-তৃন্) যে জানে, জ্ঞানী। স্ত্রী,-ত্রী।
জ্ঞাতি, বি, পুং (ঐ-ক্তিন্) সপিণ্ড। সগোত্র।
জ্ঞাতিত্ব, বি, ক্লী (জ্ঞাতি+ত্ব, ভাবার্থে) জ্ঞাতির ভাব বা ধর্ম্ম।
জ্ঞান, বি, ক্লী (জ্ঞা-ভাবে-অনট্) বোধ, জানা। তত্ত্বজ্ঞান। বিণ, জ্ঞাত, জ্ঞানী।
জ্ঞানকৃত, বিণ ; যাহা জানিয়া শুনিয়া করা হইয়াছে।
জ্ঞানগম্য, বিণ (জ্ঞান+গম্য= বোধ্য) জ্ঞানের বিষয়ীভূত।
জ্ঞানতঃ, ক্রি, বিণ (জ্ঞান+তস্) জ্ঞান পূর্ব্বক।
জ্ঞানযোগ, বি, পুং ; ব্রহ্মপ্রাপ্তির উপায় বিং। জ্ঞান থাকা।
জ্ঞানবান্, বিণ (জ্ঞান+বতু, অস্ত্যর্থে) যাহার জ্ঞান আছে, জ্ঞানী। স্ত্রী,-বতী। [বিং।
জ্ঞানবাপী, বি, স্ত্রী ; কাশীস্থতীর্থ
জ্ঞানসাধন, বি,ক্লী (জ্ঞান+সাধন =উপায়) ইন্দ্রিয়। ৬ষ্ঠীতৎ।
জ্ঞানাপন্ন, বিণ (জ্ঞান+আপন্ন), জ্ঞানবান।
জ্ঞানী (নিন্), বিণ (জ্ঞান+ ইন্, অস্ত্যর্থে) যাহার জ্ঞান আছে, জ্ঞানবান্। স্ত্রী,-নিনী।
জ্ঞানেন্দ্রিয়, বি, ক্লী (জ্ঞান+ ইন্দ্রিয়) যে ইন্দ্রিয় দ্বারা জ্ঞান জন্মে—চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ ও মনঃ।
জ্ঞাপক, বিণ (জ্ঞাপি-কর্ত্তৃ-ণক) যে জানায়।
জ্ঞাপন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) জানান।
জ্ঞাপিত, বিণ (ঐ কর্ম্ম-ক্ত) যাহা জানান হইয়াছে।
জ্ঞেয়, বিণ (জ্ঞা-কর্ম্ম য) জানিবার যোগ্য।
জ্যা, বি, স্ত্রী (জ্যা-কর্ত্তৃ ক্বিপ্) পৃথিবী। ধনুকের ছিলা। মাতা।
জ্যামিতি, বি,স্ত্রী (জ্যা=ভূমি+ মিতি=পরিমাণ) ক্ষেত্রতত্ত্ব।
জ্যায়সী, বিণ (বৃদ্ধ+ঈয়সু+ স্ত্রী-ঈপ্) জ্যেষ্ঠা। অতিবৃদ্ধা।
জ্যায়ান্ (য়স্), বিণ (বৃদ্ধ+ ঈয়সু) জ্যেষ্ঠ। অতিবৃদ্ধ। শ্রেষ্ঠ। স্ত্রী,-য়সী। (অনেকের মধ্যে একের উৎকর্ষার্থে।)
জ্যেষ্ঠ, বিণ (বৃদ্ধ+ইষ্ঠ), অগ্রজ। শ্রেষ্ঠ। স্ত্রী,-ষ্ঠা।

জ্যেষ্ঠতাত, বি, পুং ; পিতার জ্যেষ্ঠ ভ্রাতা। তাতের (পিতার) জ্যেষ্ঠ, ৬ষ্ঠীতৎ।
জ্যেষ্ঠা, বি,স্ত্রী; নক্ষত্র বিং। মধ্যমাঙ্গুলি। বিণ; অগ্রজা। শ্রেষ্ঠা।
জ্যেষ্ঠী, বি, স্ত্রী ; টিক্ টিকী।
জ্যৈষ্ঠ, বি, পুং : মাস বিং।
জ্যৈষ্ঠী, বি, স্ত্রী ( জ্যেষ্ঠা+ষ্ণ্য, ঈপ্) জ্যেষ্ঠা নক্ষত্রযুক্তা পূর্ণিমা
জ্যোতিঃ( স্ ), বি, ক্লী ( দ্যুত্-কর্ত্তৃ-ইস্ ) আলোক, দীপ্তি। তেজঃ। গ্রহনক্ষত্রাদি।
জ্যোতিঃ শাস্ত্র, বি,ক্লী; 'জ্যোতির্ব্বিদ্যা' দেখ।
জ্যোতিরিঙ্গ,-রিঙ্গণ, বি, পুং ( জ্যোতিস্-ইন্গ-অন্, অন ) জোনাকী পোকা, খদ্যোত।
জ্যোতির্ম্ময়, বিণ ( জ্যোতিস্+ময়ট্ ) দীপ্তশালী। স্ত্রী,-য়ী।
জ্যোতির্ব্বিৎ ( দ্ ), ( জ্যোতিস্-বিদ্-কর্ত্তৃ-ক্বিপ্ )।
জ্যোতির্ব্বেত্তা ( তৃ ), ( ঐ-তৃন্) বিণ ; জ্যোতিষ শাস্ত্রজ্ঞ।
জ্যোতির্ব্বিদ্যা, বি, স্ত্রী ; যে শাস্ত্রে গ্রহাদির বিবরণ জানা যায়।
জ্যোতিশ্চক্র, বি, ক্লী ; রাশিচক্র।
জ্যোতিষ, বি, ক্লী ( জ্যোতিস্+ষ্ণ ) জ্যোতিঃশাস্ত্র।
জ্যোতিষিক, জ্যোতিষী, বিণ ; জ্যোতিঃশাস্ত্রজ্ঞ। স্ত্রী,-কী,-ষিণী।
জ্যোতিষ্ক, বি. পুং (জ্যোতিস্+কণ্) গ্রহনক্ষত্রাদি জ্যোতির্ম্ময় পদার্থ। (Heavenly Bodies)
জ্যোতিষ্পথ, বি,পুং (জ্যোতিস্+পথ) আকাশ। জ্যোতির্গণের পথ, ৬ষ্ঠীতৎ।
জ্যোতিষ্মতী,বিণ,স্ত্রী (জ্যোতিস্+মতু, অস্ত্যর্থে+স্ত্রী ঈপ্) জ্যোতির্বিশিষ্টা। পুং,-ষ্মান্। বি, স্ত্রী ; জ্যোৎস্নারাত্রি।
জ্যোতিষ্মান্, বিণ, পুং (জ্যোতিস =দীপ্তি+মতু, অস্ত্যর্থে) জ্যোতির্বিশিষ্ট। স্ত্রী,-ষ্মতী।
জ্যোৎস্না, বি, স্ত্রী ( জ্যোতিস্+ন+স্ত্রী আপ্) চন্দ্রকিরণ, চন্দ্রিকা।
জ্যোৎস্নী, বি, স্ত্রী ( জ্যোৎস্না+ষ্ণ+স্ত্রীঈপ্) চন্দ্রিকাযুক্ত রাত্রি।
জ্বর, বি, পুং ( জ্বর্-কর্ত্তৃ-অন্। রোগ বিং, গাত্রতাপ।
জ্বরঘ্ন, বিণ ( জ্বর-হন্-টক্ ) জ্বরনাশক। স্ত্রী,-ঘ্নী।
জ্বরান্তক, বিণ ( জ্বর+অন্তক ) জ্বরঘ্ন। স্ত্রী,-ন্তিকা।
জ্বরিত, বিণ ( জ্বর+ইত ) জ্বরযুক্ত।
জ্বলৎ, বিণ ( জ্বল্-কর্ত্তৃ-শতৃ ) যাহা জ্বলিতেছে, জ্বলন্ত। দীপ্তিশালী।

**জ্বলজ্জিহ্ব,** বিণ ; প্রজ্বলিত শিখাযুক্ত। জ্বলৎ (জ্বলন্ত) হইয়াছে জিহ্বা (শিখা) যাহার,বহু।
এমন এক জ্বলজ্জিহ্ব প্রমত্ত অগ্নি"
(নিভৃতচিন্তা)

**জ্বলন** বি, ক্লী (জ্বল্-অনট্) দীপন। অগ্নি। অগ্নিশিখা। দীপ্তি।

**জ্বলন্ত,** বিণ (জ্বল-কর্ত্তৃ-অন্ত) প্রজ্বলিত।

সংস্কৃতে 'জ্বলৎ' 'জীবৎ' প্রভৃতি শতৃ প্রত্যয়ান্ত শব্দগুলি প্রথমার বহুবচনে অন্ত ভাগান্ত হয় : কেহ্ কেহ বলেন এই কারণেই অৎ ভাগান্ত শব্দগুলি বাঙ্গালায় প্রথমার একবচনেও প্রায়ই অন্ত ভাগান্ত হইয়া ব্যবহৃত হয়। অপর মতে,জ্বল্ প্রভৃতি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অন্ত প্রত্যয় করিয়াও এই শব্দগুলি সাধিত হইতে পারে। আবার কাতন্ত্র মতে, শতৃ স্থলে শন্তৃ প্রত্যয়ের বিধান আছে, কাজেই তন্মধ্যে জ্বলন্ত্, জীবন্ত্ প্রভৃতিই মূলশব্দ। পরন্তু, দেখা যায় যে অনেক খাস্ বাঙ্গালা ধাতুর উত্তরও অন্ত প্রত্যয় হয় ; যথা,—ঘুমন্ত, জাগন্ত, নিভন্ত ইত্যাদি। বাঙ্গালায় এগুলি তিন লিঙ্গেই ব্যবহৃত হয়। প্রকৃত পক্ষে, সংস্কৃতে যে স্থলে শতৃ প্রত্যয় হয় বাঙ্গালায় সেই স্থলে কতকগুলি সংস্কৃত ও খাস্ বাঙ্গালা ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে (ও কখন কখন কর্ম্মবাচ্যে) অন্ত প্রত্যয় হইয়া থাকে, ইহাই সমীচীন ব্যবস্থা।

**জ্বলা,** (প্রা) বি ; দগ্ধ হওয়া, পুড়িয়া যাওয়া।

**জ্বলিত,** বিণ (জ্বল্-ক্ত) দগ্ধ। দীপ্ত।

**জ্বালা,** বি, স্ত্রী (ঐ-ণ) দাহ। অগ্নিশিখা।

**জ্বালাতন,** (প্রা) বিণ ; বিরক্ত। সন্তাপিত।

**জ্বালান,** (প্রা) বি ; পোড়ান। যাতনা দেওন।

**জ্বালামুখী,** বি, স্ত্রী ; তীর্থ বিং।

**জ্বালিত,** বিণ (জ্বালি-ক্ত) যাহা জ্বালা গিয়াছে। দীপিত।

---

# ঝ।

**ঝ,** বি, পুং ; ঝঞ্ঝাবাত। ধ্বনি। বৃহস্পতি। দৈত্যপতি।

**ঝকমারী,** (প্রা) বি ; ত্রুটি, অপরাধ। অনুতাপ। কষ্ট।

**ঝগড়া,** (প্রা) বি ; কলহ, বিবাদ।

**ঝঙ্কার,** বি, পুং (ঝন্=অনুকরণ শব্দ-কৃ-ভাবে-ঘঞ্) ভ্রমরাদির গুন্‌গুন্ শব্দ। অব্যক্তধ্বনি।

**ঝঞ্জন,** বি, ক্লী ; ধাতুনির্ম্মিত দ্রব্যের আঘাতজাত শব্দ।

**ঝঞ্ঝা,** বি,স্ত্রী (ঝম্-অনুকরণশব্দ-ঝট্-কর্ত্তৃ-ড+আপ্)ঝড়। বৃষ্টি।

ঝঞ্ঝাট, (প্রা) বি ; গোলযোগ।

ঝঞ্ঝানিল, ঝঞ্ঝাবাত, বি, পুং (ঝঞ্ঝা = অতিশয় বৃষ্টি + অনিল, বাত) বৃষ্টির সহিত ঝড়। ঝঞ্ঝা-যুক্ত যে অনিল বা বাত, কর্ম্মধা।

ঝটিকা, (প্রা) বি ; ঝড়।

ঝটিকাবর্ত্ত, বি (ঝটিকা + আবর্ত্ত) এক প্রকার ঘূর্ণিবায়ু।

ঝটিতি, ক্রি, বিণ ; (ঝট্-কর্ত্তৃ-কিতিচ্) তাড়াতাড়ি, শীঘ্র।

ঝন্‌ঝন্, বি, স্ত্রী ; অলঙ্কারাদির ঝন্ ঝন্ শব্দ।

ঝড়, ঝড়ি (প্রা) বি ; ঝটিকা।

ঝনৎকার, বি, পুং ; অলঙ্কারা-দির শব্দ।

ঝম্প, বি, পুং (ঝম্-অনুকরণ শব্দ-পত্-ভাবে-ড) ঝাঁপ, লম্ফ।

ঝর, বি, পুং (ঝৄ-করণ-অল্) নির্ঝর, ঝরণা। স্ত্রী,-রা,-রী।

ঝরণ, (প্রা) বি ; ক্ষরিত হওন। নির্গত হওন।

ঝরণা, (প্রা) বি ; পর্ব্বত হইতে পতিত জলপ্রবাহ, নির্ঝর।

ঝর্ঝর, বি, পুং ; উচ্চ হইতে বেগে জল পতনের শব্দ।

ঝলক, (প্রা) বি ; হিল্লোল।

ঝলসন্, (প্রা) বি ; চম্‌কন।

"দ্বিপ্রহরের সময় জানালা খুলিয়া বাহিরে দৃষ্টিপাত করিলে চক্ষু ঝলসিয়া যায়।"—(ভারতী)

ঝল্‌সান, (প্রা) বি ; ভৃষ্টকরণ, ভাজন।

ঝাউ, (প্রা) বি ; বৃক্ষ বিং।

ঝাঁক, (প্রা) বি ; দল, সমূহ।

ঝাঁকা, (প্রা) বি ; বংশাদিনির্ম্মিত বৃহৎ ঝুড়ী।

ঝাঁঝরী, (প্রা) বহু ছিদ্রযুক্ত পাত্র বিং। হাতা বিং।

ঝাট, বি, পুং ; (ঝট্-একত্র জড় করা-ভাবে-ঘঞ্) পরিষ্কার করণ।

ঝাটা, (প্রা) বি ; খেঙ্গরা, সম্-মার্জ্জনী।

ঝাঁটী, (প্রা) বি ; পুষ্প বিং।

ঝাঁপ, (প্রা) বি ; ঝম্প, লম্ফ।

ঝাপী, (প্রা) বি ; বেত্রাদিনির্ম্মিত পাত্র বিং, ঝাইল। পেটরা।

ঝাড়, (প্রা) বি ; কাচাদি নির্ম্মিত আলোকাধার। গুচ্ছ, স্তবক।

ঝাড়ন, (প্রা) বি ; পরিষ্কৃত করণ।

ঝাড়ু, (প্রা) বি ; পিছা, সম্মার্জ্জনী।

ঝারী, (প্রা) বি ; জলপাত্র বিং।

ঝাল, (প্রা) বিণ ; কটু, তীক্ষ্ণ।

ঝামক, বি, ক্লী ; অত্যন্ত দগ্ধ ইষ্টক, ঝামা।

ঝালর, (প্রা) বি ; চন্দ্রাতপাদির প্রান্তসংলগ্ন শোভাসম্পাদক বস্ত্রাদি।

ঝিঙ্গা, (প্রা) বি ; তরকারী বিং।

ঝিল্লী, বি, স্ত্রী ; ঝিঁ ঝিঁ পোকা।

ঝিন্টি, বি, স্ত্রী ; ঝাঁটি ফুলেরগাছ।

ঝিনুক, (প্রা) বি; শুক্তি, শম্বুক।
ঝিল্লিকা,(ঝিল্লি + কণ্ + স্ত্রীআপ্)
ঝিল্লী, (ঝির = অনুকরণ শব্দ + ঈ) বি, স্ত্রী; ঝিঁঝিঁ পোকা।
ঝী, (প্রা) বি; কন্যা। চাকরাণী।
ঝুট (জুষ্ট শব্দজ ?) মিথ্যা।
ঝুট্, ঝুটী, (প্রা) বি; শিখা।
ঝুড়ন, (প্রা) বি; জলবর্ষণ।
ঝুড়ী, (প্রা) বি; বংশাদি নির্ম্মিত পাত্র।
ঝুনা, (প্রা) বি; অতিপক্ক নারিকেল। সুদক্ষ। [লতা বিং।
ঝুমকা, (প্রা) বি; পুষ্প বিং।
ঝুলন, (প্রা) বি; দোলন। বৈষ্ণবদিগের উৎসব বিং।
ঝুলি, (প্রা) বি; ভিক্ষার থলী।
ঝোড়, (প্রা) বি, গুবাক বৃক্ষ। ঝোপ।
ঝোপ, (প্রা) বি; গুল্মাচ্ছাদিত ঝোড়। [দির রস।
ঝোল, (প্রা) বি; জুষ, ব্যঞ্জনা-
ঝোলা, (প্রা) বিণ; পাত্‌লা।

---

# ঞ।

ঞ, বি, পুং; শুক্রাচার্য্য। ঘর্ঘরধ্বনি। বৃষ। বিণ; ক্রূর।

---

# ট।

ট, বি, পুং; শিব। বামন। শব্দ।
টক্, (প্রা) বি; অম্ল, চুকা।
টক্কর, (প্রা) বি; আঘাত,চোট্।
টগর, (প্রা) বি; পুষ্প বিং।
টঙ্ক, বি, পুং (টন্‌ক-অল্) বিদীর্ণ প্রস্তর। প্রস্তরাদি ভেদ করিবার অস্ত্র। খড়্গ। খড়্গাকোষ। ক্রোধ। পুং ক্লী; মুদ্রা। টাকা।
টঙ্কশালা, বি, স্ত্রী; টাকশাল।
টঙ্কার, বি, পুং (টঙ্ক্‌-কৃ-ঘঞ্) ধনুকের ছিলার শব্দ। বিস্ময়।
টঙ্গ, বি, পুং ক্লী (টঙ্ক্‌-ঘঞ্) খননাস্ত্র। পরশু। জঙ্ঘা।
টনক, (প্রা) বিণ; শক্ত, কঠিন। বি, হঠাৎ স্মরণ।
টপ্পা, (প্রা) বি; গীতবিং, সংক্ষিপ্ত গান।
টলন, বি, ক্লী (টল্‌-ভাবে-অনট্) বিচলিত হওয়া, টলা।
টলিত, বিণ (ঐ-কর্ত্তৃ-ক্ত) যে টলিয়াছে। [করিয়া ভ্রমণ।
টহল, (যা) বি; ভিক্ষার্থ গান

টাকা, (প্রা) বি ; রৌপ্য মুদ্রা।
টাঙ্গান, (প্রা) বি, ঝুলান, লটকান।
টাঙ্গী, (প্রা) বি.; কুঠার, পরশু।
টাট, ( প্রা ) বি ; তাম্রনির্ম্মিত পাত্র বিং। গদি।
টাট্টু, (প্রা) বি ; ক্ষুদ্রাকারঅশ্ববিং।
টান, (প্রা) বি ; আকর্ষণ। উচ্চ ভূমি। [ আকর্ষণ।
টানন, (প্রা, 'তনন' শব্দজ ?) বি;
টিকন, (প্রা) বি ; স্থায়ী হওয়া।

"ভারতের কারখানা গুলা এখনো টিকিয়া আছে।" (জ্যোতিরিন্দ্র)।

টিকায়া, (প্রা) বি ; বাদ্যযন্ত্রবিং।
টিক্‌টিকী, (প্রা) জ্যেষ্ঠী।
টিট্‌কারী, (প্রা) বি ; অবজ্ঞা বা নিন্দাসূচক শব্দ।
টিপ্পনী, বি, স্ত্রী ( টিপ্-পন্-কর্ত্তৃ-অন্+ঈপ্ ) তাৎপর্য্য, ব্যাখ্যা।
টীকা, বি, স্ত্রী ( টীক্-ভাবে-অ+আপ্ ) গ্রন্থের অর্থ, টিপ্পনী।
টুকরা, (প্রা) বি ; খণ্ড, অংশ।
টুক্‌রী, (প্রা) বি ; ঝুড়ী, চুপড়ী।
টুটন, (প্রা) বি ; ঘুচন, নাশ।

"হৃদি পদ্ম উঠ্‌বে ফুটে,
মনের আঁধার যাবে টুটে"
(রামপ্রসাদ)

টুপী, ( প্রা ) বি ; মস্তকাবরণ, তাজ। [ বক্র।
টেড়া, ( প্রা ) বিণ ; যাহার চক্ষু
টের, (প্রা) বি ; উপলব্ধি, বোধ।
টোঙ্গর, (প্রা) বিণ, মুসলমান। যে একের কথা অন্যের কানে লাগায় ( কথা ভাষা )।
টোপ, টোপর, ( প্রা ) বি ; মস্তকাবরণ বিং, টুপী।
টোল, ( প্রা ) বি ; চতুষ্পাঠী, চৌপাড়ী।
টোলা, বি, স্ত্রী ; বাসস্থান, পাড়া; যথা,—বৈরাগীটোলা।

## ঠ।

ঠ, বি, পুং ; শিব। চন্দ্রমণ্ডল। মণ্ডল। শূন্য। উচ্চধ্বনি।
ঠক, ঠগ, (প্রা) বিণ ; প্রতারক, বঞ্চক। [ হওন।
ঠকন, ( প্রা ) বি ; প্রতারিত
ঠকান, ( প্রা ) বি ; প্রতারণা করণ।
ঠকুর, বি, পুং, দেবপ্রতিমা, ঠাকুর।
ঠমক, ( প্রা, পদ্যে ) বি ; ছটা, দীপ্তি। গৌরব। হেলিয়া দুলিয়া যাওয়া, ভঙ্গী। হাবভাব।
ঠাই, (প্রা) বি ; স্থান। নিকট।
ঠাকুর, ( ঠকুর শব্দজ ) বি ;

দেবতা। গুরু। ব্রাহ্মণ। মান্য ব্যক্তি। [ মাতামহ।
ঠাকুরদাদা, (প্রা) বি ; পিতামহ।
ঠাকুরমা, (প্রা) বি ; পিতামহী।
ঠাকুরাণী, (প্রা) বি ; দেবী। মান্যা স্ত্রী।
ঠাকুরাণীদিদি, (প্রা) বি ; মাতামহী।
ঠাকুরালী, (প্রা) বি ; কর্ত্তৃত্ব।
ঠাট, (প্রা) বি ; ভঙ্গী। কাঠাম। (পদ্যে) সৈন্য সমূহ।
গর্জ্জিল বিকট ঠাট জয়রামনাদে"
মেঘনাদ বধ।
ঠাট্টা, (প্রা) বি ; পরিহাস।
ঠাণ্ডা, (প্রা) বিণ ; শীতল।
ঠাম, (প্রা) বি ; ভঙ্গী। শোভা।
ঠার, (প্রা) বি ; ইঙ্গিত, ইসারা।
ঠিক, (প্রা) বিণ ; প্রকৃত, যথার্থ। বিং অঙ্কের যোগফল।
ঠিকা, (প্রা) বি ; চুক্তি, ফুরণ।
ঠিকানা, (প্রা) বি ; বসতির নিদর্শন।
ঠুন্‌কা, (প্রা) বিণ ; যাহা সহজে ভাঙ্গিয়া যায়।
ঠুলী, (প্রা) বি ; গবাদির চক্ষুর আবরণ।
ঠেঁটা, (প্রা) বিণ ; কুতার্কিক।
ঠেঙ্গা, (প্রা) বি ; যষ্টি। লগুড়।
ঠেঙ্গান, (প্রা) বি ; যষ্টিদ্বারা প্রহার করণ।
ঠেলন, (প্রা) বি ; সরাইয়া দেওয়া। অমান্য করা।

---

# ড।

ড, বি, পুং ; শিব। শব্দ। ভয়। বাড়বাগ্নি।
ডগমগ, (প্রা) বিণ; নিমগ্ন। ডুবা।
ডবল, (যা) বি; দ্বিগুণ, দুই।
ডগা, (প্রা) বি, লতাদির অগ্রভাগ, আগা।
ডঙ্কা, (প্রা) বি; ঢাক, দুন্দুভি।
ডমরু, বি, পুং (ডম্ = অনুকরণ শব্দ-ঋ-কর্ত্তৃ-উ) বাদ্যযন্ত্র বিং, ডুগডুগি। (ইহার মধ্যদেশ সঙ্কীর্ণ)।
ডম্ফ, (যা) বি ; বাদ্যযন্ত্র বিং।
ডম্বর, বি, পুং ; আড়ম্বর। উৎকর্ষ। সমূহ। বিস্তার। বিণ ; উদ্ধত। বিখ্যাত।
ডয়ন, বি, ক্লী (ডী-ভাবে-অনট্) উড়িয়া যাওয়া।
ডর, (প্রা) বি ; ভয়, ত্রাস।
ডরান, (প্রা) বি ; ভয় পাওন।
ডাইন, (প্রা) বি ; দক্ষিণ। ডাকিনী। অগাধ জল।
ডাকন, (প্রা) বি; আহ্বান করা।

ডাকাইত, ( প্রা ) বি ; দস্যু।
ডাকাতি, (প্রা) বি ; দস্যুবৃত্তি।
ডাকিনী, বি, স্ত্রী ; পিশাচী বিং।
ডাগর, ( প্রা ) বি ; বৃহৎ, বড়।
ডাঙ্গশ, ( প্রা ) বি ; হস্তি-তাড়ন-দণ্ড, অঙ্কুশ।
ডাঙ্গা, (প্রা) বি, জলশূন্য উচ্চস্থান।
ডাঁটা, ( প্রা ) বি ; দন্ত। বৃন্ত।
ডান, (প্রা)বিণ; বামেতর, দক্ষিণ।
ডানা, ( প্রা ) বি ; পক্ষ, পাখা।
ডাল, ( প্রা ) বি ; বৃক্ষ-শাখা।
ডালা, (প্রা) বি ; ভেট। শাখা। বংশাদি নির্ম্মিত পাত্র বিং।
ডালি, ( প্রা ) বি ; উপঢৌকন, ভেট। বিসর্জ্জন।
"সোণার বাণিজ্যে আমি মণি দিনু ডালি।" ( রামায়ণ )।
ডালিম, (প্রা) বি ; দাড়িম ফল।
ডাবর, ( প্রা ) বি ; পাত্র বিং।
ডাঁশ, (প্রা) বি ; বৃহৎ মশক বিং।
ডাহুক, বি, পুং ; ডাউক পাখী।
ডিক্রী, ( যা ) বি ; প্রার্থনা মঞ্জুর করণ।
ডিঙ্গন, ডিঙ্গান, ( প্রা ) বি ; উল্লঙ্ঘন।
ডিঙ্গা, ডিঙ্গী, ( প্রা ) বি ; ক্ষুদ্র নৌকা। [ ঢোল।
ডিণ্ডিম, বি, পুং ; বাদ্যযন্ত্র বিং,
ডিম, ( প্রা ) বি ; ডিম্ব, অণ্ড।
ডিম্ব, বি, পুং ( ডিম্ব-কর্ত্তৃ-অন্ ) ডিম, অণ্ড।
ডিবা, ( প্রা ) বি ; পাত্র বিং, কৌটা।
ডিহি, ( যা ) বি ; কতকগুলি গ্রামের সমষ্টি।
ডীন, বিণ ( ডী-কর্ত্তৃ-ক্ত ) যে উড়িয়া যায়, উড্ডীয়মান।
ডুণ্ডুভ, বি, পুং ; ঢোঁড়া সাপ।
"বিষধর মহাসর্প বিষহীন ডুণ্ডুভ সর্পে পরিণত হইয়াছে" ( ভারতী )।
ডুমুর, ( প্রা ) বি ; ডুম্বর ফল।
ডুবন, ( প্রা ) বি ; নিমজ্জন।
ডুবরী ডুবারী, ( প্রা ) বি ; যে অধিকক্ষণ জলে ডুবিয়া থাকিতে সক্ষম।
ডুরী, ( যা ) বি, দড়ী, রজ্জু।
ডেঙ্গর, ( প্রা ) বি ; উকুণ।
ডোঁঙ্গা, ( প্রা ) বি ; তালবৃক্ষ নির্ম্মিত ক্ষুদ্র নৌকা বিং।
ডোর, বি, স্ত্রী ; রজ্জু। হস্তাদিতে বন্ধন-সূত্র।
ডোরা, ( প্রা ) বি ; দীর্ঘ রেখা।
ডোল, ( প্রা ) বি ; ধান্যাদি রাখিবার পাত্র বিং।
ডৌল, ( প্রা ) বি ; রূপ, মূর্ত্তি। প্রকার। রকম।
ডোবা, ( প্রা ) বি, স্ত্রী ; জলে নিমজ্জন। ক্ষুদ্র জলাশয়।

# ঢ।

ঢ, বি, পুং ; ঢক্কা। কুক্কুর। সর্প। ধ্বনি।

ঢক্কা, বি, স্ত্রী ( ঢক্=অনুকরণ শব্দ-কৈ-কর্ত্তৃ-ড ) ঢাক।

ঢঙ্গ, ( প্রা ) বি ; ধূর্ত্ত, ছল। তামাসা।

ঢল, ( প্রা ) বি ; পর্ব্বতাদি হইতে নির্গত জলরাশি।

ঢলন, ( প্রা ) বি ; গড়ান। ম্লান হওন।

ঢাক, ( প্রা ) বি ; ঢক্কা, পটহ।

ঢাকন, ( প্রা ) বি ; আচ্ছাদন।

ঢাকনী, ( প্রা ) বি ; যদ্দ্বারা ঢাকা যায়। [ ফলক।

ঢাল, ( প্রা ) বি ; চর্ম্মনির্ম্মিত

ঢালন, ( প্রা ) বি ; অধঃক্ষেপণ।

ঢালু, ( প্রা ) বিণ ; ক্রমনিম্ন, গড়ানে।

ঢিপী, ( প্রা ) বি ; উচ্চস্থান। স্তূপ।

ঢিমা, ( প্রা ) বিণ ; মৃদু। নম্র।

ঢিল, ঢিলা, ( প্রা ) বি ; লোষ্ট্র, ঢেলা। বিণ ; আল্‌গা, শিথিল।

ঢুলান, ( প্রা ) বি ; কম্পন। দোলান। বাতাস করা।

ঢেউ, ( প্রা ) বি ; তরঙ্গ।

ঢেকী, ( প্রা ) বি ; ধান্যাদি কুট্টনার্থ যন্ত্র বিং।

ঢেঁড়া, ( প্রা ) বি ; ঢক্কা বাজাইয়া ঘোষণা করা।

ঢেকুর, (প্রা) বি ; ঢেক, হিক্কা।

ঢেঙ্গা, ( প্রা ) বিণ; লম্বা, দীর্ঘ।

ঢের, (প্রা) বিণ ; প্রচুর, যথেষ্ট।

ঢের, ( প্রা ), বি; রাশি, স্তূপ।

ঢোল, বি, পুং ; ( ঢুল্-কর্ত্তৃ-অন্ ) বাদ্যযন্ত্র বিং।

ঢোলক, বি, ক্লী ; ঢোলের ন্যায় বাদ্যযন্ত্র বিং।

ঢৌকন, বি, ক্লী ( ঢৌক্-অনট্ ) উৎকোচ। গমন।

# ণ।

ণ, বি, পুং ; জ্ঞান। নিশ্চয়। ভূষণ। জলাশয়।

ণত্ব, বি, ক্লী ; ( ব্যাকরণে ) দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হওয়া।

# ত।

ত, বি, পুং ; অমৃত। ক্রোড়। পুচ্ছ। চোর। ম্লেচ্ছ।

তক্‌রার, ( যা ) বি ; বাদানুবাদ।

তক্তা, ( যা ) বি ; কাষ্ঠফলক।

তক্র, বি, ক্লী ( তক্-কর্ত্তৃ-রক্ ) ঘোল।

তক্ষক, বি, পুং ( তক্ষ্-কর্ত্তৃ-ণক ) সর্প বিং। সূত্রধর।

তক্ষণ, বি, ক্লী ( তক্ষ্-ভাবে-অনট্ ) কাষ্ঠাদির উপরিভাগ পরিষ্কার করা,চাঁচা,রেঁদা করা।

তক্ষণী, বি, স্ত্রী ; সূত্রধারের অস্ত্র বিং, বাটশ, রেঁদা।

তক্ষা, বি, পুং ; সূত্রধর। বিশ্বকর্ম্মা।

তখন ( প্রা ) ক্রি, বিণ ; সেই সময়।

তঙ্কা, ( প্রা ) বি ; টাকা।

তগাবি, তাগাবি ( যা ) ভূম্যাদির উন্নতিকল্পে ভূম্যধিকারী প্রজাকে যে টাকা ধার দেন।

তঞ্চক ( বঞ্চকশব্দজ ) বিণ ; প্রতারক, ধূর্ত্ত। বি,-তা।

তট, বি, পুং, ক্লী ( তট্-কর্ত্তৃ-অন্ ) তীর, কূল, কিনারা।

তটস্থ, বিণ ( তট-স্থা-কর্ত্তৃ-ড ) তীরস্থিত। উদাসীন।

তটাঘাত, বি, পুং ; তটাদিতে করীর শুণ্ডাঘাত, বপ্রক্রীড়া।

তটিনী, বি, স্ত্রী ( তট+ইন্, অস্ত্যর্থে+স্ত্রী ঈপ্ ) নদী।

তড়াগ, বি, পুং, ক্লী ( তড়্-কর্ত্তৃ-আগ ) বৃহৎপুষ্করিণী।

তড়িৎ, বি, স্ত্রী ( তড়্-কর্ত্তৃ-ইৎ ) বিদ্যুৎ।

তণ্ডুল, বি, পুং (তন্ড-কর্ম্ম-উল) চাউল।

তৎ, ব্য ; তন্নিমিত্ত। তাহাতে। তবে। ক্লী ; তাহা, সেই। ইহা। ব্রহ্ম।

ততঃ, ব্য (তদ্+তস্) তদনন্তর। তথা হইতে। তথায়। তন্নিমিত্ত।

ততঃপ্রভৃতি, ব্য ; তদবধি।

ততস্ততঃ, ব্য ; তারপর, তদ্পর

তৎকাল, বি ; সেই সময়।

তৎকালিক, তৎকালীন, বিণ ; তৎকাল সংক্রান্ত, তদানীন্তন।

তৎকালোচিত, বিণ ; সেই সময়ের উপযুক্ত।

তৎক্ষণাৎ, ক্রি,বিণ ; সেই ক্ষণে।

তত্তৎ, ব্য (তৎ+তৎ)সেই সেই।

তত্তুল্য, বিণ ; তৎসদৃশ।

তত্ত্ব, বি, ক্লী (তদ্+ত্ব, ভাবার্থে ব্রহ্ম। স্বরূপ, প্রকৃতি। সত্য। পদার্থ। অনুসন্ধান। ( সাংখ্যমতে) মূল প্রকৃতি, মহৎ, অহঙ্কার, মনঃ, পঞ্চতন্মাত্র, পঞ্চমহাভূত, পঞ্চজ্ঞানেন্দ্রিয়, পঞ্চ-

কর্ম্মেন্দ্রিয়— এই চতুর্ব্বিংশতি পদার্থ।

তত্ত্বজ্ঞ, বিণ ( তত্ত্ব + জ্ঞা কর্ত্তৃ-ড) যাহার ব্রহ্ম জ্ঞান জন্মিয়াছে, তত্ত্ব জ্ঞানী।

তত্ত্বজ্ঞান, বি, ক্লী ; ব্রহ্ম জ্ঞান। যথার্থ জ্ঞান। ৬ষ্ঠীতৎ।

তত্ত্বজ্ঞানী, বিণ (তত্ত্বজ্ঞান + ইন্, অস্ত্যর্থে ) যাঁহার তত্ত্বজ্ঞান জন্মিয়াছে, ব্রহ্মজ্ঞানী।

তত্ত্বতঃ, ক্রি, বিণ ( তত্ত্ব + তস্ ) বস্তুতঃ, যথার্থরূপে।

তত্ত্বদর্শী, বিণ ( তত্ত্ব-দৃশ্-কর্ত্তৃ-ণিন্ ) তত্ত্বজ্ঞ। বি.-শিতা।

তত্ত্বাবধান, বি, ক্লী ( তত্ত্ব + অব-ধান ) অধ্যক্ষ করণ। ৬ষ্ঠীতৎ।

তত্ত্বাবধায়ক, বিণ ; তত্ত্বাবধান-কারী। ৬ষ্ঠীতৎ। স্ত্রী,-য়িকা।

তত্ত্বাবধারক, বিণ ; যে কোন বিষয়ের তত্ত্ব নিরূপণ করে।

তত্ত্বাবধারণ, বি, ক্লী ; তত্ত্বনির্ণয়।

তৎপর, বিণ ; আসক্ত। নিপুণ। তৎ ( তাহাতে ) পর (আসক্ত), ৭মীতৎ। বি,-তা।

তৎপরতা, বি, স্ত্রী ( তৎপর + তা, ভাবার্থে ) সচেষ্টতা। দক্ষতা। যত্ন, আগ্রহ।

তৎপরায়ণ, বিণ ; তদাসক্ত। তদাশ্রিত। তৎ ( তাহাই ) হইয়াছে পর ( প্রধান ) অয়ন ( আশ্রয় ) যাহার, বহু।

তত্র, ব্য ( তদ্ + ত্র, ৭মীস্থানে ) তথায়, সেখানে। তদ্বিষয়ে।

তত্রত্য, বিণ ( তত্র + ত্যন্ ) সেই স্থান স্থিত। তৎস্থানস্থ।

তত্রভবান্, ( বৎ ) বিণ ; পূজ্য, মাননীয়। স্ত্রী,-বতী।

তত্রাপি, ব্য, ( তত্র + অপি ) তবু, তথাপি।

তৎসদৃশ, বিণ ; তত্তুল্য, তাহার ন্যায়। ৬ষ্ঠীতৎ।

তথা, ব্য ( তদ্ + থাচ্ ) সেই প্রকার। আর,এবং। সেখানে। সেইহেতু। নিশ্চয়।

তথা-কথিত, বিণ, সেইরূপ বর্ণিত। প্রকৃত নহে, কেবল লোক মুখে প্রচারিত।

তথাগত, বিণ ; সেই ভাবাপন্ন, তদবস্থ।

তথাচ, তথাপি, ব্য ( তথা + চ, অপি ) তবু, তত্রাপি।

তথাবিধ, বিণ ; সেইপ্রকার। তথা ( সেই ) হইয়াছে বিধা ( প্রকার ) যাহার, বহু।

তথাস্তু, ব্য ( তথা = তদ্রূপ + অস্তু = হউক ) তাহাই হউক।

তথাহি, ব্য (তথা + হি = নিশ্চয়ার্থক অব্যয় ) পূর্ব্বোক্ত অর্থের দৃঢ়ীকরণ, সমর্থন। নিদর্শন। বিবরণ। প্রসিদ্ধি।

তথৈবচ, ব্য ( তথা + এব + চ ) সেই প্রকারই।

তথ্য, বি, ক্লী ( তথা + ষ্য ) যাথার্থ্য, প্রকৃত অবস্থা। বিণ ; প্রকৃত, সত্য।

তথ্যানুসন্ধান, বি, ক্লী ; প্রকৃত অবস্থার অনুসন্ধান।

তদতিরিক্ত, বিণ ( তৎ + অতিরিক্ত ) তাহার অতিরিক্ত। তাহা অপেক্ষা অধিক।

তদন্ত, বি, পুং ( তৎ + অন্ত ) যাথার্থ্য-নির্ণয়, অনুসন্ধান।

তদনন্তর, ক্রি, বিণ (তৎ + অনন্তর ) তাহার পর।

তদনুরূপ, বিণ ( তৎ + অনুরূপ) তৎসদৃশ, সেইরূপ। ৬ষ্ঠীতৎ।

তদবধি, ক্রি, বিণ ; সেই অবধি। তৎ ( সেই ) হইয়াছে অবধি ( সীমা ) যাহাতে, বহু।

তদবস্থ, বিণ ; সেইরূপ অবস্থায় স্থিত। তৎ ( সেই ) হইয়াছে অবস্থা যার, বহু।

তদা, ( তদ্ + দা, কালার্থে )
তদানীম্, ( ঐ + দানীম্, কালার্থে ) ব্য ; তখন।

তদাত্মা, বিণ ; তৎস্বরূপ। তৎ ( সেই ) হইয়াছে আত্মা ( স্বরূপ ) যাহার, বহু।

তদানীন্তন, বিণ ( তদানীম্ + টন, ভবার্থে ) তৎকালীন, সেই সময়ের।

তদারক, ( প্রা ) বি ; তদন্ত, প্রকৃত অবস্থার অনুসন্ধান।

তদীয়, বিণ ( তদ্ + ঈয়, সম্বন্ধার্থে ) তৎসম্বন্ধীয়, তাহার।

তদ্ ( তৎ ), সর্ব্ব ( তন্-অদ্ ) তাহা। প্রসিদ্ধ। ক্লী ; ব্রহ্ম।

তদ্গত, বিণ ; তদাসক্ত, একাগ্র। তাহাতে গত ( রত ), ৭মীতৎ।

তদ্গুণ, বি, পুং ; স্বীয় গুণ পরিত্যাগ করিয়া অন্যদীয় উৎকৃষ্ট গুণগ্রহণরূপ অর্থালঙ্কারবিং।

তদ্ভিন্ন, বিণ ; তাহাছাড়া। তাহা হইতে ভিন্ন, ৫মীতৎ।

তদ্রূপ, বিণ ; সেইরূপ। তৎ (সেই)হইয়াছে রূপ যাহার, বহু।

তদ্বিধ, বিণ ; তদ্রূপ, সেইপ্রকার, তৎ ( সেই ) হইয়াছে বিধা ( প্রকার ) যাহার, বহু।

তদ্ব্যতিরিক্ত, বিণ ; তদ্ভিন্ন, তাহাছাড়া। তাহা হইতে ব্যতিরিক্ত ( ভিন্ন ), ৫মীতৎ।

তনয়, বি ; পুং (তন্ = বিস্তারকৃ-কর্ত্তৃ-কয়ন্ ) যে নাম, যশঃ, বংশ প্রভৃতি বিস্তার করে, পুত্র। স্ত্রী,-য়া। [ কন্যা।

তনয়া, বি, স্ত্রী (তনয় + স্ত্রী-আপ্ )

তনু, বি, স্ত্রী ( তন্-করণ-উ ) শরীর। মূর্ত্তি। বিণ; কৃশ। অল্প। সূক্ষ্ম। কোমল। স্ত্রী, তন্বী, তনু।

তনুচ্ছদ, বি, পুং ( তনু-ছাদি-কর্ত্তৃ-ঘ ) গাত্রাবরণ, সাঁজোয়া।
তনুজ. তনূজ, বি, পুং (তনু(নূ)-জন্-কর্ত্তৃ-ড ) পুত্র। স্ত্রী,-জা।
তনুজা, তনূজা, বি, স্ত্রী ; কন্যা।
তনুত্রাণ, বি, ক্লী ( তনু-ত্রৈ-কর্ত্তৃ-অন ) বর্ম্ম. সাঁজোয়া।
তনুরুহ, তনূরুহ, বি, পুং, ক্লী ( তনু(নূ)-রুহ্-কর্ত্তৃ-ক ) লোম।
তনূ, তনু, বি, স্ত্রী ( তন্-কর-ণ-ঊ, উ ) শরীর। বিণ ; সূক্ষ্ম।
তন্তু, বি, পুং ( তন্-কর্ত্তৃ-তুন ) সূত্র, সূতা। সন্তান।
তন্তুকীট, বি, পুং ; গুটিপোকা।
তন্তুতনন, বি, ক্লী (তন্তু=সূতা+তনন=বিস্তারকরণ, টানন ) বস্ত্রাদি প্রস্তুত করার জন্য সূতা-টানা। ষষ্ঠীতৎ।

"তন্তু-তনন প্রভৃতি শিল্প কর্ম্ম শিক্ষা করিত"—অক্ষয় দত্ত।

তন্তুনাভ, বি, পুং ; মাকড়সা। তন্তু ( সূত্র ) আছে নাভিতে যার, বহু।
তন্তুবাপ, ( তন্তু-বপ্-কর্ত্তৃ-ষণ্ )
তন্তুবায়, ( ঐ-বে-কর্ত্তৃ-ষণ্ ) বি, পুং ; তন্তু বয়ন করে যে, তাঁতি। মাকড়সা।
তন্তুশালা, বি, স্ত্রী ; তাঁত ঘর।
তন্ত্র, বি, ক্লী ( তন্-ষ্ট্রন্ ) শাস্ত্রবিং। সিদ্ধান্ত। পরিচ্ছদ। তাঁত। বস্ত্রবয়ন সামগ্রী। সূত্র। রাজ্য। রাজ্য শাসন। দল, সম্প্রদায়। বিণ, অধীন। প্রধান।
তন্ত্রবাপ. তন্ত্রবায়,. বি, পুং ; তাঁত 'তন্তুবাপ' দেখ।
তন্ত্রী, বি, স্ত্রী ( তন্ত্র্-করণ-ঈ ) বীণা। বীণা প্রভৃতির তার।
তন্দ্রা, বি, স্ত্রী ( তন্দ্র্-ভাবে-অ ) নিদ্রাবেশ। আলস্য।
তন্দ্রালু, তন্দ্রিত, বিণ ( তন্দ্র্-আলু, ক্ত ) নিদ্রালু। অলস।
তন্দ্রি, বি, স্ত্রী ; নিদ্রাবেশ।
তন্নতন্ন, ক্রি, বিণ ; ( তদ্+ন, তদ্+ন, তাহা নয়, তাহা নয় ) সূক্ষ্মানুসূক্ষ্ম পুঙ্খানুপুঙ্খ।
তন্নিবন্ধন, ক্রি, বিণ ; সেই কারণে, সেই হেতু। তৎ তাহাই ) হইয়াছে নিবন্ধন ( কারণ ) যাহাতে, বহু।
তন্ময়, বিণ তদ্+ময়ট্ ) তদাত্মক, তৎস্বরূপ। স্ত্রী,-য়ী।
তন্মাত্র, বি, ক্লী ( তদ্+মাত্র=পঞ্চভূতান্তগতভূত ) সাঙ্খ্যমতে—সূক্ষ্মপঞ্চভূত। ক্রি, বিণ ; সেইমাত্র, কেবল তাই।
তন্বী, বিণ ; কৃশাঙ্গী, ক্ষীণা।
তপ, বি, পুং ( তপ্-কর্ত্তৃ-অন্ ) গ্রীষ্ম ঋতু। ( প্রা ), তপস্যা।
তপঃ ( স্ ), বি, ক্লী ( তপ্-করণ-অস্ ) তপস্যা। শারীর, বাচিক ও

মানসভেদে তপঃ ত্রিবিধ। যথা— শ্রীমদ্ভগবদ্গীতায় সপ্তদশ অধ্যায়ে ভগবদুক্তি—

দেবতা ব্রাহ্মণ গুরু আর জ্ঞানিজন—
ইহাঁদের পূজার্চ্চনা, হিংসা বিবর্জ্জন,
ব্রহ্মচর্য্য, শৌচাচার, আর সরলতা,
এ সব শারীর তপ জানিবে সর্ব্বথা।
সত্যপ্রিয় হিত কথা, অপরের মনোব্যথা,
যাহাতে নাহিক কভু হয়;
এরূপ বাক্যকথন, বেদ শাস্ত্র অধ্যয়ন,
বাচিক তপস্যা তারে কয়॥
আত্মবশে মন রাখা, চিত্তে প্রসন্নতা,
অন্তরে পবিত্রভাব, স্বভাবে সৌম্যতা,
রসনা স্ববশে রাখি অল্পভাষী হবে,
এই সব মানসিক তপস্যা জানিবে॥

গীতানুবাদ।

বলা বাহুল্য, এইরূপ তপস্যা আধ্যাত্মিক উন্নতিকামী মানবমাত্রেরই আচরণীয়। শরীর ও আত্মার পীড়াকর কৃচ্ছ্র-সাধনাদি গীতায় মূঢ়গণের আচরিত তামসিক তপঃ বলিয়া উল্লিখিত হইয়াছে।

তপতী, বি,স্ত্রী; সূর্য্যপত্নী। সূর্য্য-কন্যা। নদী বিং (Tapti)।

তপন, বি, পুং ( তপ্-কর্ত্তৃ-অন ) সূর্য্য। গ্রীষ্মঋতু। বিণ ; তাপ-জনক।

তপনতনয়, বি, পুং; যম। শনি। কর্ণ। ৬ষ্ঠীতৎ। [ স্বর্ণ।

তপনীয়, বি, ক্লী ( তপ্-অনীয় )

তপশ্চরণ, তপশ্চারণ, বি, ক্লী ; তপস্যার অনুষ্ঠান। ৬ষ্ঠীতৎ।

তপস্যা, বি, স্ত্রী (তপস্+ক্য= তপস্য নামধাতু-ভাবে-অ+স্ত্রী আপ্ ) তপঃ, ধর্ম্ম সঞ্চয়। 'তপঃ' দেখ।

তপস্বী ( স্বিন্ ), বি, পুং ( তপস্ +বিন্, অস্ত্যর্থে ) তাপস, মুনি। বিণ ; যে তপস্যা করে। ধার্ম্মিক। স্ত্রী,-স্বিনী।

তপাত্যয়, বি, পুং ( তপ=গ্রীষ্ম-কাল+অত্যয়=নাশ ) বর্ষা-কাল।

তপাস, ( প্রা, পদ্যে ) অন্বেষণ।

তপোধন, তপোনিধি } বি, পুং ; তপস্বী, মুনি। তপঃই ( তপস্যাই ) ধন বা নিধি (রত্ন) যাহার, বহু। [ ৬ষ্ঠীতৎ।

তপোবল, বি, ক্লী ; তপঃপ্রভাব।

তপোবন, বি, ক্লী (তপস্+বন) যে বনে মুনিরা তপস্যা করেন। পুণ্যাশ্রম।

তপ্ত, বিণ ( তপ্-কর্ত্তৃ-ক্ত ) উষ্ণ, গরম। খেদযুক্ত।

তপ্তকাঞ্চন, বি, ক্লী ; বিশুদ্ধস্বর্ণ।

তফাৎ, (যা) বি ; অন্তর, দূর।

তম, বি,পুং (তম্-অল্) তমোগুণ। ক্লী ; অন্ধকার। রাহু।

তমঃ ( স্ ), বি, ক্লী ( তম্-অস্ ) অন্ধকার। অজ্ঞান। প্রকৃতির তৃতীয়গুণ, তমোগুণ, এই গুণের প্রাধান্য হইলে মানব মোহ, নিদ্রা, আলস্য প্রভৃতির

বশবর্ত্তী হয়। মোহ। পাপ। শোক। অহঙ্কার। পুং, ক্লী; রাহু। [ অন্ধকার। তমস, বি, ক্লী (তম্-অসচ্) তমসা, বি, স্ত্রী; নদী বিং।
তমস্বিনী, বি, স্ত্রী (তমস্+বিন্, অস্ত্যর্থে+স্ত্রীঈপ্) অন্ধকারময়ী রাত্রি।
তমাল, বি,পুং (তম্-কর্ত্তৃ-কালন্) স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ বিং। খড়্গ। তিলক। [ রাত্রি।
তমি, তমী, বি, স্ত্রী (তম্-ই)
তমিস্র, বি, ক্লী (তমস্+র, নি) অন্ধকার। অজ্ঞান। বিণ; অন্ধকারযুক্ত। [ রাত্রি।
তমিস্রা, বি, স্ত্রী; অন্ধকারময়ী
তমোঘ্ন, বিণ; তমোনাশক।
তমোময়, বিণ (তমস্+ময়ট্) অন্ধকারে আচ্ছন্ন। অজ্ঞানাবৃত।
তর, বি, পুং (তৄ-অল্) পার হওয়া। সন্তরণ। গতি। পথ। দুইয়ের মধ্যে একের উৎকর্ষাপকর্ষবাচক প্রত্যয়; যথা,—ক্ষুদ্রতর, বৃহত্তর। (প্রা).রকম।
তরকারী, (প্রা) বি; আনাজ।
তরক্ষু, বি, পুং (তর=পথ-ক্ষি-কর্ত্তৃ-ডু) যে পথস্থিত প্রাণিদিগকে নষ্ট করে.নেকড়েবাঘ।
তরঙ্গ, বি, পুং (তৄ=[ পার হওয়া] গমনকৃ অঙ্গচ্) যে ঊর্দ্ধে বা বক্রভাবে গমন করে, ঊর্ম্মি, ঢেউ।
তরঙ্গিণী, বি, স্ত্রী (তরঙ্গ=ঢেউ +ইন্, অস্ত্যর্থে,+স্ত্রীঈপ্) নদী।
তরঙ্গিত, বিণ, (তরঙ্গ+ইত, যুক্তার্থে) তরঙ্গযুক্ত। ভঙ্গিবিশিষ্ট। চঞ্চল। স্ত্রী,-তা।
তরণ, বি, ক্লী (তৄ-ভাবে-অনট্) নদ্যাদি পার হওয়া। গমন। প্লবন।
তরণি, বি, পুং (তৄ-অনি) সূর্য্য। কিরণ। স্ত্রী; নৌকা। ভেলা।
তরণী, বি, স্ত্রী (তৄ-করণ-অনি) যাহা দ্বারা তরা যায়, নৌকা। ভেলা।
তরণ্ড, বি, পুং, ক্লী (তৄ-করণ-অণ্ডন্) ভেলা। বড়িশ সূত্রবদ্ধ ফাতা, টোন।

"জলপুঞ্জোপরি প্লবমান শ্বেতবর্ণ তরণ্ডের প্রতি একদৃষ্টে দৃষ্টিপাত করিয়া" (অক্ষয় দত্ত)।

তরতম, বিণ; ন্যূনাধিক। দ্বন্দ্ব সমাস। বি; তারতম্য।
তরপণ্য, বি, ক্লী; আতর, পারের পয়সা। তরের (পার গমনের) পণ্য (শুল্ক)। ৬ষ্ঠীতৎ।
তরমুজ, (যা) বি; ফল বিং।
তরল, বিণ (তৄ-কর্ত্তৃ-অল) চঞ্চল। কম্পমান। দ্রব। উজ্জ্বল। বি, -লতা,-লত্ব, তারল্য। স্ত্রী,-লা।

তরলিত, বিণ (তরল+ইত) কম্পিত। দ্রবীভূত।
তরবার } বি, পুং; অসি,
তরবারি } তরওয়াল।
তরস্ত, (প্রা) ক্রিবিণ; ত্রস্ত।
তরস্বী (স্বিন্), বিণ (তরস্+বিন) বেগবান্। বলবান্। স্ত্রী,-স্বিনী। [নিক্তি।
তরাজু, (যা) বি; দাঁড়ি, পাল্লা।
তরাণ, (প্রা) বি; উদ্ধার করণ
তরাস, (প্রা) বি; ত্রাস, ভয়।
তরি, তরী, বি স্ত্রী (তৃ-করণ-ই, ঈ) নৌকা।
তরিবৎ, (যা) বি; শাস্তি। শিক্ষা।
তরু, বি,পুং (তৃ=পারহ,উৎপন্নহ-করণ বা অপা-উ) উত্তীর্ণ হয় নরক রোপণকারীরা যাহা দ্বারা অথবা উৎপন্ন হয় ফল পুষ্প যাহা হইতে, বৃক্ষ।
তরুণ, বিণ (তৃ-কর্ত্তৃ-উনন) যুবা। নূতন। স্ত্রী,-ণী।
তরুণী, বিণ; যুবতী।
তরে, (প্রা) বা; জন্য, নিমিত্ত।
তর্ক, বি, পুং (তর্ক্-ভাবে অল) বাদানুবাদ। বিচার ন্যায়শাস্ত্র। বিণ,-র্কিত।
তর্কিত, বিণ (ঐ কর্ম্ম-ক্ত) বিচারিত। অনুমিত।
তর্কু, বি, স্ত্রী; সূতা কাটিবার যন্ত্র বিং, টেকো।
তর্জ্জন, বি, ক্লী (তর্জ্জ্-ভাবে-অনট্) ভর্ৎসনা। ভয়প্রদর্শন। আস্ফালন। বিণ,-র্জ্জিত।
তর্জ্জনী, বি,স্ত্রী (ঐ-করণ-অনট+স্ত্রীঈপ্) অঙ্গুষ্ঠের পার্শ্বস্থ অঙ্গুলি।
তর্জ্জমা, (প্রা) বি; এবারত, রচনা। অনুবাদ।
"এমন কত তর্জ্জমা করে রেখেছেন"—(রবীন্দ্রনাথ)।
তর্জ্জিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) ভর্ৎসিত। ভয়প্রদর্শিত।
তর্পণ, বি, ক্লী (তৃপ্ বা তর্পি=প্রীতকৃ-ভাবে-অনট্) তৃপ্তি-সম্পাদন। (ঐ-করণ-অনট) পিতৃলোকের এবং দেবতাদের প্রীতির নিমিত্ত জলদান। বিণ; (ঐ-কর্ত্তৃ-অন) তৃপ্তিজনক।
তর্পিত, বিণ (তর্পি-ক্ত) সন্তোষিত
তর্ষ, বি, পুং (তৃষ্-ভাবে-অল্)
তর্ষণ, বি, ক্লী (ঐ-অনট্) তৃষ্ণা, পিপাসা। অভিলাষ। বিণ,-র্ষিত।
তল, বি, পুং, ক্লী (তল-কর্ত্তৃ অন্) অধোভাগ, তলা। উপরিভাগ। পৃষ্ঠদেশ। স্বরূপ। গৃহ-পরিচ্ছেদ, যথা—একতল গৃহ, দ্বিতল গৃহ।
তলপ্রহার, বি,পুং; চপেটাঘাত।
তলাতল, বি,ক্লী; চতুর্থ পাতাল।
তলান, (প্রা) বি; নিমজ্জন।
তলাস, তল্লাস, (যা) বি; অন্বেষণ।

তলোয়ার, বি, পুং ; তরবারি।
তল্প, বি, পুং, ক্লী ; (তল্‌-কর্ম্ম-প ) গৃহ। ভার্য্যা। শয্যা।
"আমি শরতল্পশায়ী হইয়া, মানবলোক হইতে নিষ্ক্রান্ত হইতেছি।"
( রজনী গুপ্ত )।
তল্পি, (প্রা) বি; মোট, গাঠরি।
তব, ( পদ্যে ) সর্ব্ব ; তোমার।
তবু, ( প্রা ) ব্য ; তথাপি।
তবে, ( প্রা ) ব্য ; তাহা হইলে।
তষ্টা ( ষ্টৃ ) বি, পুং ( তক্ষ-তৃন্ ) বিশ্বকর্ম্মা। সূত্রধর।
তসর, বি, পুং ; ত্রসর, রেশমী কাপড়। পট্টবস্ত্র বিং।
তস্কর, বি, পুং ( তৎ=সেই [ নিন্দিতকর্ম্ম ] কৃ-কর্ত্তৃ-ট ) চোর। বি,-তা।
তস্করতা, বি, স্ত্রী ( তস্কর+তা, ভাবার্থে ) চৌর্য্য।
তহমৎ, ( যা ) বি ; মিথ্যাদোষারোপ। নালিশ। [ আদায়।
তহশীল, ( যা ) বি ; খাজানা
তা, ( প্রা ) বি ; ডিম্বের উপরি বসিয়া উষ্ণতাকরণ, এক ফর্দ্দ ( কাগজ )।
তাঁত, (প্রা) বি ; বস্ত্রবয়ন যন্ত্র।
তাঁতি, ( প্রা ) বি ; জাতি বিং।
তাঁবেদার, ( যা ) বিণ ; অধীন। বাধ্য। সেবক। [ শিবির।
তাঁবু, ( প্রা ) বি ; পটমণ্ডপ,
তাই, ( প্রা ) ব্য ; সেই জন্য।
করতালি। [ থাক।
তাক, ( প্রা ) বি ; নজর, দৃষ্টি।
তাকান,(প্রা) বি ; অবলোকন।
তাচ্ছীল্য, বি, ক্লী ; অবজ্ঞা।
তাজা,(প্রা) বিণ ; সজীব,জীবন্ত।
তাজী, (যা) বি ; ক্ষুদ্রাকার অশ্ব বিং। [মারীচের মাতা।
তাড়কা, বি, স্ত্রী ; রাক্ষসী বিং,
তাড়ন, বি, ক্লী ( তাড়ি-ভাবে-অনট্ ) প্রহার। ভর্ৎসনা। শাসন। বিণ,-ড়িত।
তাড়না, বি, স্ত্রী ( তাড়ন+স্ত্রী-আপ্ )তাড়ন দেখ। বিণ,-ড়িত।
তাড়নী, বি, স্ত্রী ; তাড়ন দণ্ড, চাবুক। [ ভয়প্রদর্শন।
তাড়া, ( প্রা ) বি ; গোছা।
তাড়ান, ( প্রা ) বি ; দূরীকরণ।
তাড়িত, বিণ ( তাড়ি-কর্ম্ম-ক্ত ) দূরীকৃত। ভর্ৎসিত। আহত। ( তড়িৎ+ষ্ণ ) বিদ্যুৎ-সংক্রান্ত।
তাড়িতবার্ত্তাবহ, বি, পুং ; বৈদ্যুতিক যন্ত্র বিং, যে যন্ত্রে শীঘ্র সংবাদ আইসে। (Telegraph)
তাড্যমান, বিণ ঐ-শান)যাহাকে প্রহার বা শাসন কর' হইতেছে।
তাণ্ডব, বি, পুং, ক্লী ( তণ্ডু= মুনিবিং+ষ্ণ ) উদ্ধত নৃত্য। নৃত্য।
তাত, বি, পুং ( তন্-কর্ত্তৃ-ক্ত )

পিতা। পূজ্যব্যক্তি। স্নেহপাত্র।

"বৎসে পিতরি পূজ্যেচ"।—সংস্কৃত ভাষার রীতি অনুসারে এই শব্দটী পুত্র, পিতা ও পূজনীয় ব্যক্তির সম্বোধনার্থে সাধু ভাষায় ব্যবহৃত হয়। অপিচ, পূজ্য-ব্যক্তিগণের নামের সহিতও প্রযুক্ত হয়; যথা,—

"তাত কণ্ব আর তোমার মুখাবলোকন করিবেন না। (=গুরু)—বিদ্যাসাগর।

"————যে দিন জন্মিলা
জ্যেষ্ঠতাত, অমঙ্গল ঘটিল সে দিনে"
(=জ্যেষ্ঠ ভ্রাতা)— মাইকেল।

"————কহিলা জনকে
বিদুর সুমতি তাত——" মাইকেল।

তাতান, (প্রা) বি; উত্তাপন, উষ্ণকরণ। ক্রোধ জন্মান।

তাৎকালিক, বিণ (তৎকাল+ষ্ণিক, ভবার্থে) তৎকাল সম্বন্ধীয়।

তাৎপর্য্য, বি, ক্লী (তৎপর+ষ্ণ্য, ভাবার্থে) অভিপ্রায়। মর্ম্ম।

তাদাত্ম্য, বি, ক্লী (তদাত্মন্+ষ্ণ্য) তৎস্বরূপতা। অভেদ।

তাদৃক্ (শ্)—(তদ্-দৃশ্-ক্বিপ্)
তাদৃশ, (ঐ-টক্) বিণ; সেই প্রকার। স্ত্রী,-শী।

তান, বি, পুং (তন্-কর্ম্ম-ঘঞ্) গানের অঙ্গস্বর বিং; রাগ। লক্ষ্য, উদ্দেশ্য।

তানপূরা, (প্রা) বি; বীণার ন্যায় বাদ্য যন্ত্র বিং, ত্রিতন্ত্রী।

তান্তব, বিণ (তন্তু+ষ্ণ, বিকারার্থে) সূত্র নির্ম্মিত।

তান্ত্রিক, বিণ (তন্ত্র+ষ্ণিক) তন্ত্র শাস্ত্রের মতাবলম্বী। তন্ত্রসম্বন্ধীয়। তন্ত্রজ্ঞ। স্ত্রী,-কী।

তাপ, বি, পুং (তপ্-ভাবে-ঘঞ্) উত্তাপ, উষ্ণতা। মনঃপীড়া।

তাপমানযন্ত্র, বি, ক্লী; যে যন্ত্র দ্বারা উত্তাপের পরিমাণ করিতে পারা যায়। (Thermometer)।

তাপস, বি, পুং (তপস্+ষ্ণ) তপস্বী। স্ত্রী,-সী।

তাপস-তরু, বি, পুং; ইঙ্গুদীবৃক্ষ। এই বৃক্ষের তৈলে তপস্বীদিগের সমস্ত কার্য্য নির্ব্বাহ হয়।

তাপিচ্ছ, তাপিঞ্ছ, তাপিঞ্জ, বি, পুং; তমাল বৃক্ষ।

তাপিত, বিণ (তাপ+ইত) তাপযুক্ত। দুঃখিত।

তামরস, বি, ক্লী (তামর=জল-সস্=বাসকৃ-কর্ত্তৃ-ড) অথবা (তাম=অভিলাষ+রস=বস্তু অর্থাৎ যে বস্তু লোকে পাইতে অভিলাষ করে) কমল, পদ্ম।

"ফুটি যেন স্মৃতিজলে, মানসে মা যথা ফলে
মধুময় তামরস কি বসন্ত কি শরদে।"
মাইকেল।

তামস, বিণ (তমস্+ষ্ণ) তমোগুণ প্রধান। তমোগুণ সম্বন্ধীয়। অন্ধকারে আচ্ছন্ন।

তামসিক, বিণ (তমস্+ষ্ণিক)

তমোগুণযুক্ত।
তামসী,বি,স্ত্রী (তমস্+ষ্ণ+স্ত্রী-ঈপ্)অন্ধকারময়ী রাত্রি। বিণ; তমোগুণযুক্তা, অন্ধকারময়ী।
তামা, (প্রা) বি; ধাতু বিং, তাম্র।
তামাক, (যা) বি; তাম্রকূট।
তামাম, (যা) বিণ; সমুদয়, সম্পূর্ণ। [কৌতুক।
তামাসা, (যা) বি; রহস্য।
তামিল, (যা) বি; পালন, রক্ষা।
তামিস্র, বি, পুং (তমিস্র+ষ্ণ) ক্রোধজাত মোহ বা অজ্ঞানতা।
তামিস্র, বি, ক্লী (তমিস্রা+ষ্ণ) অন্ধকারময় নরক বিং।
তাম্বু, (প্রা) বি; শিবির, তাঁবু।
তাম্র, বি, ক্লী (তম্-কর্ত্তৃ-র) তামা। বিণ; রক্তবর্ণ।
তাম্রকুণ্ড,বি,পুং;পূজার পাত্র বিং।
তাম্রকূট, বি, ক্লী; তামাক।
তাম্রচূড়, বি, পুং; কুক্কুট। তাম্র (রক্তবর্ণ) হইয়াছে চূড়া যাহার, বহু। [তাম্রফলক।
তাম্রপট্ট, তাম্রপত্র, বি, ক্লী;
তাম্রপর্ণী, বি, স্ত্রী; নদী বিং।
তাম্রলিপ্ত,বি,পুং;তমলুক প্রদেশ।
তাম্রাক্ষ, বিণ; রক্তবর্ণ চক্ষু বিশিষ্ট। বি, পুং; কোকিল।
তাম্রিকা, তাম্রী, বি, স্ত্রী; সময়-নিরূপক তাম্রপাত্র বিং।
তাম্বূল, বি, ক্লী (তম-কর্ত্তৃ-বূলট্) পর্ণ, পান। [বাটা।
তাম্বূলকরঙ্ক, বি, পুং; পানের
তাম্বূল রাগ, বি, পুং (তাম্বূল+রাগ=বর্ণ) পানের দাগ।
তাম্বূলবল্লী, বি, স্ত্রী; পর্ণলতা, পানের গাছ।
তাম্বূলিক, তাম্বূলী, বিণ; তাম্বূল বিক্রেতা।
তার, বিণ (তৄ-ঘঞ্) অত্যুচ্চ (শব্দ বা স্বর)। বি, পুং; রজ্জু। ধাতু নির্ম্মিত সূত্র।
তারক, বি, পুং (তারি-কর্ত্তৃ-ণক) অসুর বিং। বিণ; রক্ষক।
তারকজিৎ, বি, পুং; কাত্তিকেয়।
তারকব্রহ্ম, বি, ক্লী; "ওঁ শ্রীরাম রাম" এই ষড়ক্ষর মন্ত্র।
তারকা, বি, স্ত্রী; চক্ষুর তারা। নক্ষত্র। [তারকাযুক্ত।
তারকিত, বিণ (তারকা+ইত)
তারকারি, বি, পুং (তারক=অসুর বিং+অরি) কার্ত্তিকেয়। ৬ষ্ঠীতৎ।
তারণ, বি, ক্লী (তারি-ভাবে-অনট্)পারকরণ। উদ্ধার করা। বিণ (ত্রৈ-কর্ত্তৃ-অন) ত্রাণকর্ত্তা।
তারতম্য, বি,ক্লী (তরতম+ষ্ণ্য) ন্যূনাধিক্য। ইতরবিশেষ।
তারল্য, বি, ক্লী (তরল+ষ্ণ্য, ভাবার্থে) তরলতা। চঞ্চলতা।
তারা, বি,স্ত্রী (তারি-কর্ত্তৃ-ঘঞ্+

স্ত্রীআপ্) দশমহাবিদ্যার দ্বিতীয় বিদ্যা। বালীর ভার্য্যা। বৃহস্পতির ভার্য্যা। নক্ষত্র। চক্ষুর পুত্তলী।
তারাপতি, বি, পুং ; শিব। কপিরাজ বালী। বৃহস্পতি। চন্দ্র।
তারাপথ, বি, পুং ; আকাশ।
তারাপীড, বি, পুং (তারা+আপীড়) চন্দ্র নৃপবিং। তারার আপীড় (ভূষণ), ৬ষ্ঠীতৎ।
তারিখ, (যা) বি ; দিবস, রোজ।
তারিণী, বি ; স্ত্রী (তারি-কর্ত্তৃ-ণিন্+ঈপ্) দুর্গা। বিণ; ত্রাণকর্ত্রী।
তারিফ, (যা) বি ; প্রশংসা।
তারুণ্য, বি, ক্লী (তরুণ=যুবা+ষ্ণ্য, ভাবার্থে) যৌবন।
তার্কিক, বিণ (তর্ক+ষ্ণিক) তর্কনিপুণ। তর্কশাস্ত্রজ্ঞ।
তাল, বি, পুং (তল্-ভাবে-ঘঞ্) গানবাদ্য বিষয়ে কাল ও ক্রিয়ার পরিমাণ। করতাল বাদ্যযন্ত্র। করতল। বৃক্ষ বিং। ক্লী,ঐ ফল।
তালক, বি, ক্লী ; তালা, কুলুপ।
তালপত্র, বি, ক্লী ; তাল গাছের পাতা। ৬ষ্ঠীতৎ।
তালবৃন্ত, বি, ক্লী ; তালপত্র নির্ম্মিত ব্যজন, তালপাতার পাখা।
তালব্য, বিণ (তালু+ষ্ণ্য) তালু হইতে উচ্চারিত।
তালি, (প্রা) বি ; করতলধ্বনি।
তালিকা, (যা) নির্ঘণ্ট পত্র, জায়।
তালী, বি, স্ত্রী ; তাল গাছ।
তালু, বি ক্লী (তৃ-ঞুণ্) তেলুয়া, টাক্‌রা।
তালুক, (যা) ভূসম্পত্তি, জমীদারী।
তাবৎ, বা (তদ্+ডাবৎ) সমস্ত। ক্রিবিণ; সেই পর্য্যন্ত। স্ত্রী,-তী।
তিক্ত, বিণ (তিজ্-কর্ত্তৃ-ক্ত) তিত। বি, পুং ; তিক্তরস।
তিগ্ম, বিণ (ঐ-মক্) তীক্ষ্ণ। উষ্ণ। উদ্ধত।
তিতা, (প্রা) বিণ ; তিক্ত।
তিতন, (প্রা, পদ্যে) বি ; আর্দ্র হওন বা আর্দ্র করা।

'তিতিল' 'তিতিছে', 'তিতিয়া' প্রভৃতি ক্রিয়াপদ কেবল পদ্যে ব্যবহৃত হয়। যথা,—

"তিতি এবে নয়নের জলে আমি।"
"নয়ন জল তিতিছে মহীরে।"

মেঘনাদ বধ।

তিতিক্ষা, বি, স্ত্রী (তিজ্=সহ্যকৃ-সন্-ভাবে-অ+স্ত্রীআপ্) ক্ষমা, সহিষ্ণুতা। বিণ,-ক্ষু।
তিতিক্ষু, বিণ (ঐ-কর্ত্তৃ-উ) ক্ষমাশীল, সহিষ্ণু। বি,-ক্ষা।
তিতীর্ষু, বিণ (তৃ-সন্ কর্ত্তৃ-উ) পার হইতে ইচ্ছুক।
তিত্তির, বি, পুং ; পক্ষীবিং।
তিথি, বি, পুং, স্ত্রী (অত্-কর্ত্তৃ-

ইথিন্) প্রতিপদাদি চান্দ্রদিন।
তিন, (প্রা) বি; সংখ্যা বিং, ৩।
তিন্তিড়ী, বি, স্ত্রী (তিম্-কর্ত্তৃ-অন+স্ত্রীঈপ্) তেঁতুল গাছ। তেঁতুল। [গাছ।
তিন্দু, তিন্দুক, বি, পুং; গাব
তিমি, বি, পুং (তিম্-কর্ত্তৃ-কি) প্রকাণ্ড সামুদ্রিক মৎস্য বিং।
তিমিত, বিণ (তিম্-কর্ত্তৃ-ক্ত) নিশ্চল। আর্দ্র, ভিজা।
তিমির, বি, ক্লী (তিম্-করণ-কির) অন্ধকার। [৭৩।
তিয়াত্তর, (প্রা) বি; সংখ্যা বিং,
তিরশ্চীন, বিণ (তির্য্যচ্+ঈন) বক্র, বাঁকা।
তিরঃ (স্), ব্য; অনাদর। অন্তর্দ্ধান। বক্র।
তিরস্করিণী, বি, স্ত্রী (তিরস্-কৃ-ণিন) পর্দ্দা। আচ্ছাদনী। আত্ম-স্বরূপ-গোপক বিদ্যা বিং।
তিরস্কার, বি, পুং, (তিরস্-কৃ-ভাবে-ঘঞ্) ভর্ৎসনা। অবজ্ঞা। নিন্দা। বিণ,-স্কৃত।
তিরস্কৃত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) ভর্ৎসিত। অবজ্ঞাত। নিন্দিত। বি,-স্কার।
তিরোধান, বি, ক্লী (তিরস্-ধা-ভাবে-অনট্) অন্তর্দ্ধান, অদৃশ্য হওয়া। আচ্ছাদন। বিণ,-হিত।
তিরোভাব, বি, পুং (ঐ-ভূ-ঘঞ্) অন্তর্দ্ধান। বিণ,-ভূত।
তিরোভূত, বিণ (তিরস্-ভূ-কর্ত্তৃ-ক্ত) অন্তর্হিত, অদৃষ্ট।
তিরোহিত, বিণ (তিরস্-ধা-কর্ত্তৃ-ক্ত) অন্তর্হিত, অদৃষ্ট।
তির্য্যক্, ব্য, বিণ (তিরস্-অন্চ-কর্ত্তৃ-ক্বিপ্) বক্র। কুটিল। বি, পুং, পশু। পক্ষী।
তির্য্যগ্‌যোনি, বি, স্ত্রী; পশু-পক্ষ্যাদি জাতি। ৬ষ্ঠীতৎ।
তিল, বি, পুং ক্লী (তিল-কর্ত্তৃ-ক) শস্য বিং। শরীরস্থ তদাকার চিহ্ন। সূক্ষ্মকাল। ১/৮ কড়া। অত্যল্প পরিমাণ।
তিলক, বি, পুং (তিল-কর্ত্তৃ-কন্) ফোঁটা। পুং; তিলগাছ। বিণ; শ্রেষ্ঠ। [খইল।
তিল-কল্ক, বি, পুং; তিলের
তিলেক, (পা, পদ্যে) এক তিল সময়, অত্যল্প কাল।
তীক্ষ্ণ, বিণ (তিজ্-কর্ত্তৃ-ক্স্ন) শাণিত। প্রখর। উষ্ণ। উগ্র।
তীক্ষ্ণধার, বিণ; অতিশয় ধারাল। তীক্ষ্ণ হইয়াছে ধার (প্রান্ত) যার, বহু। বি, পুং; খড়্গ।
তীর, বি, ক্লী (তীর্-কর্ত্তৃ-অন্) নদীকূল, তট। বাণ।
তীরন্দাজ, (যা) বি; শর নিক্ষেপ-কারী।
তীরভুক্তি, বি, স্ত্রী; ত্রিহুত দেশ।

তীর্ণ, বিণ ( তৄ-কর্ত্তৃ-ক্ত ) উত্তীর্ণ, পারাগত।

তীর্থ, বি, পুং, ক্লী (তৄ=গমনক্র-থক্) পাপমুক্তির জন্ম লোকেরা যে স্থানে গমন করে, পুণ্যক্ষেত্র। ঘাট। অধ্যাপক। ঋষি সেবিত জল। সৎপাত্র। উপায়।

তীবর, বি, পুং; তিওর জাতি। ব্যাধ। স্ত্রী,-রী।

তীব্র, বিণ (তীব্-কর্ত্তৃ-রক্)তীক্ষ্ণ। অধিক। দুঃসহ। বি -তা।

তু, বা; কিন্তু। প্রভেদ। সমুচ্চয়। অধিকন্তু। অবধারণ। শ্লোকের পাদপূরণ। [ পটু।

তুখার, (প্রা), বিণ ; উগ্র, তীক্ষ্ণ।

তুঙ্গ, বিণ ( তুন্জ-কর্ত্তৃ-ঘঞ্ ) উন্নত, উচ্চ। বৃহৎ। স্ত্রী,-ঙ্গা।

তুচ্ছ, বিণ ( তুদ্-ছো-ড ) হেয়।

তুড়ন, (প্রা) বি ; তিরস্কারকরণ।

তুড়ী, (প্রা) বি ; অঙ্গুলিধ্বনি।

তুণ্ড, বি, ক্লী ( তুন্ড-কর্ত্তৃ-অন্ ) মুখ। পাখীর ঠোঁট।

তুত্থ, বি, ক্লী (তুদ্-থক্) তুঁতে।

তুন্দ, বি, ক্লী ( তুদ্-কর্ত্তৃ-ক ) উদর, ভুঁড়ি।

তুন্নবায়, বি, পুং (তুন্ন=ছিন্ন, বস্ত্র ইত্যাদি-বে-কর্ত্তৃ-ঘঞ্) দরজী।

তুফান, ( যা ) বি ; ঝড় বৃষ্টি। নদীর প্রবল তরঙ্গ।

তুমুল, বিণ( তু-কর্ম্ম-মূলক্ ) গণ্ড-গোলপূর্ণ। ভয়ানক। ঘোরতর। যথা,—তুমুল আন্দোলন।

তুম্ব, বি, পুং ( তুন্ব-কর্ত্তৃ-অন্ ) লাউ। [ দেখ।

তুম্বি, তুম্বী, বি, স্ত্রী ; লাউ। 'তুম্ব'

তুর, বিণ ( তুর্-কর্ত্তৃ-ক ) শীঘ্র-গামী। ক্রি, বিণ ; শীঘ্র। বি, ক্লী ; বেগ। ত্বরা।

তুরগ, বি, পুং ( তুর=শীঘ্র-গম্-কর্ত্তৃ-ড)শীঘ্র গমন করে যে, অশ্ব।

তুরঙ্গ, তুরঙ্গম, বি, পুং ( ত্বরা-গম্-কর্ত্তৃ-খ ) ত্বরায় গমন করে যে, অশ্ব।

তুরঙ্গবদন, বি, পুং ; কিন্নর। তুরঙ্গের (অশ্বের) বদনের ন্যায় বদন যার, বহু।

তুরঙ্গী, বি, পুং ( তুরঙ্গ+ইন্, অস্ত্যর্থে)অশ্বসাদী, ঘোড়সোয়ার।

তুরি, তুরী, বি, স্ত্রী ( তুর্-কর্ত্তৃ-ই ) তন্তুবায়ের মাকু।

তুরীয়, বিণ ( চতুর্+ীয়, নি ) চতুর্থ। ক্লী ; পরব্রহ্ম।

তুরুক সওয়ার ( যা ) বিণ ; অশ্বারোহী।

তুরুষ্ক, বি, পুং ( তুর-অধি উস্ +কণ্ ) দেশবিং, তুর্কিস্থান।

তুর্য্য, বিণ(চতুর্+র্য্য,নি) চতুর্থ।

তুল, ( প্রা ) বি ; দাঁড়ীপাল্লা। তুলনা করণ। বিণ ; তুল্য, সমান।

তুলনা, বি, স্ত্রী ( তুল্-ভাবে-অন +স্ত্রীআপ্ ) সাদৃশ্য, উপমা।

তুলসী, বি, স্ত্রী ( তুলা=সাদৃশ্য-সো=নাশক্‌-অন্+স্ত্রীঈপ্ ) যাহার সাদৃশ্য নাই, স্বনাম প্রসিদ্ধ বৃক্ষ।

তুলা, বি, স্ত্রী ( তুল্-অ ) পরিমাণ দণ্ড। ওজন। সপ্তম রাশি। সাদৃশ্য। উপমাস্থল।

"কে বলে শারদশশী সে মুখের তুলা"

তুলাকূট, বিণ ( তুলা+কূট-কৌটিল্য) যে ওজনে ব্যতিক্রম করে, কম দেয়। বহু। বি, ক্লী ; ঐরূপ কার্য্য। ৭মীতৎ।

তুলাকোটি, বি, স্ত্রী ( তুলা= নিক্তি-কুট্-পরিমাণক্‌-ণিন্ ) ওজন দ্বারা যাহার মূল্য হয়, নূপুর। তুলাদণ্ডের অগ্রভাগ।

তুলাদণ্ড, বি, পুং ; পরিমাণ দণ্ড, দাঁড়ী। নিক্তি।

তুলামান, বি, ক্লী ; তুলাদণ্ডে পরিমাণ করণ।

তুলাযন্ত্র, বি, ক্লী ; পরিমাণ দণ্ড।

তুলি, তুলিকা, বি, স্ত্রী ; চিত্র-করেরা যদ্দ্বারা রঙ্ লইয়া ছবি আঁকে।

তুলিত, বিণ ( তুল্-কর্ম্ম-ক্ত ) উপমিত। পরিমিত। উৎক্ষিপ্ত।

তুল্য, বিণ ( তুলা+যত্ ) সদৃশ। স্ত্রী,-ল্যা।

তুল্যযোগিতা, বি, স্ত্রী ; কাব্যা-লঙ্কার বিং।

তুবড়ী, তুম্‌ড়ী, (প্রা) বি; আগ্নেয় বাজি বিং। সাপুড়িয়ার বাঁশী।

তুষ (স), বি, পুং ( তুষ্-কর্ত্তৃ-ক ) ধান্যাদির ত্বক্, খোসা।

তুষানল, বি, পুং ( তুষ+অনল ) তুষের আগুন। তুষাগ্নিতে শরীর-দাহ-রূপ প্রায়শ্চিত্ত বিং। ৬ষ্ঠীতৎ।

তুষার, বি, পুং (তুষ্-কর্ত্তৃ-আরক) বরফ। হিম। জল-কণা। বিণ; শীতল।

তুষারধবল, বিণ ; বরফের ন্যায় শুভ্রবর্ণ। তুষারের ন্যায় ধবল, উপমিত কর্ম্মধা।

তুষ্ট, বিণ ( তুষ্-কর্ত্তৃ-ক্ত ) তৃপ্ত। আহ্লাদিত। বি, তোষ,-ষ্টি।

তুষ্টি, বি, স্ত্রী ( ঐ-ভাবে ক্তি ) সন্তোষ।

তুহিন, বি, ক্লী ( তুহ্-কর্ত্তৃ-ইন ) হিম ; বিণ ; শীতল।

তূণ, বি, পুং (তূণ্-কর্ম্ম-ক) বাণা-ধার, তূণীর

তূণক, বি, ক্লী; পঞ্চদশাক্ষর ছন্দোবিং। এই ছন্দে অযুগ্মবর্ণগুলির গুরু এবং যুগ্মবর্ণগুলির লঘু উচ্চারণ হয়। যথা,—

"মৈ লদ ক্ষ, ভূ তযক্ষ, সিংহনা দছা ড়িছে।
ভারতে র, তূ র্ণকের, ছ ন্দ ব ন্ধ বাড়িছে॥"

তূণীর, বি, পুং ( তূণ্-কর্ম্ম-ঈরন্ ) তূণ, বাণাধার।
তূরী, বি, স্ত্রী ( তূর্ কর্ত্তৃ-ঈ ) বাদ্যযন্ত্র বিং। [ শীঘ্র।
তূর্ণ, ক্রি, বিণ ( ত্বর্-কর্ত্তৃ-ক্ত )
তূর্য্য, বি,ক্লী (তূরী + ষ্ণ্য) বিবিধ বাদ্যযন্ত্র।

"অকস্মাৎ তূর্য্যধ্বনি হইল তখন,"
( পলাশির যুদ্ধ )।

তূর্য্যাচার্য্য, বি, পুং ; যিনি বাদ্য-বিষয়ে শিক্ষা দেন।
তূর্য্যাজীব,বি,পুং; বাদ্য-ব্যবসায়ী। তূর্য্য ( বাদ্য ) হইয়াছে আজীব ( জীবিকা ) যার, বহু। ( Musician )।
তূল, বি, পুং, ক্লী ( তূল-কর্ত্তৃ ক ) কার্পাস। শিমুল তূল।
তূলা, (প্রা) 'তূল' দেখ।
তূলি, তূলিকা, বি, স্ত্রী ( তূল-কর্ত্তৃ-ই ) যে শলাকাদ্বারা রঙ লইয়া চিত্র করা হয়।
তূষ্ণীম্,ব্য (তূষ্ কর্ত্তৃ-নীম্) মৌন।
তূষ্ণীম্ভূত, বিণ ( তূষ্ণীম্-ভূ-কর্ত্তৃ ক্ত) মৌনী, নীরব। বি,-ভাব।
তূষ্ণীম্ভাব, বি, পুং ( তূষ্ণীম্= নীরব + ভাব = হওন ) চুপ করিয়া থাকা, মৌন।
তৃণ, বি, ক্লী ( তৃহ্-কর্ত্তৃ ক্ত ) ঘাস, খড় প্রভৃতি।
তৃণজীবী, বিণ ( তৃণ-জীব্-ণিন্ ) যাহারা তৃণ ভক্ষণ করিয়া জীবন ধারণ করে। স্ত্রী,-বিনী।
তৃণধান্য, বি, ক্লী ; নীবার ধান্য, উড়ীধান।
তৃণবৎ, ব্য ; তৃণ তুল্য।
তৃতীয়, বিণ ( ত্রি + তীয়, পূরণার্থে ) তিনের পূরণ। স্ত্রী,-য়া।
তৃপ্ত, বিণ ( তৃপ্-কর্ত্তৃ-ক্ত ) সন্তুষ্ট। বি,-প্তি।
তৃপ্তি, বি, স্ত্রী ( ঐ-ভাবে-ক্তি ) সন্তোষ। আকাঙ্ক্ষা নিবৃত্তি। বিণ,-প্ত।
তৃপ্তিকর, বিণ ( তৃপ্তি কৃ-ট ) প্রীতিজনক। স্ত্রী,-করী।
তৃষা, বি, স্ত্রী ( তৃষ্-ভাবে-ক্বিপ্ + স্ত্রীআপ্ ) তৃষ্ণা, পিপাসা। ইচ্ছা। লোভ।
তৃষিত, বিণ ( তৃষা + ইত ) তৃষ্ণাযুক্ত।
তৃষ্ণা, বি, স্ত্রী (তৃষ্-ভাবে-নক্ + স্ত্রীআপ্ ) পিপাসা। ইচ্ছা। লোভ।
তেই, ( প্রা, পদ্যে), সেই জন্য।
তেজঃ, ( স্ ), বি, ক্লী ( তিজ্-ভাবে-অস্ ) দীপ্তি, আলোক। প্রতাপ। পরাক্রম। অপমানাদির অসহন। তীক্ষ্ণতা। স্বর্ণাদি ধাতু। রেতঃ। বিণ ;তেজস্বী।
তেজপত্র, বি, ক্লী ; তেজপাত।
তেজস্কর, বিণ (তেজস্-কৃ-কর্ত্তৃ-ট)

পুষ্টিকর, বলকারক। দীপ্তি-জনক। স্ত্রী,-রী।
তেজস্বী, বিণ (তেজস্+বিন্) তেজোবিশিষ্ট। স্ত্রী,-স্বিনী। বি,-স্বিতা।
তেজারতি, (যা) বি; ব্যবসায়। সুদিকারবার, বৃদ্ধিজীবিকা।
তেজীয়সী, বিণ, স্ত্রী (তেজস্বিন্+ঈয়সু+স্ত্রীঈপ্) অতি তেজস্বিনী।
তেজীয়ান্, বিণ, পুং (ঐ+ঈয়সু) অতি তেজস্বী। স্ত্রী,-য়সী।
তেজোময়, বিণ (তেজস্+ময়ট্) তেজঃপূর্ণ, জ্যোতির্ম্ময়। স্ত্রী,-য়ী।
তেতাল্লিশ, (প্রা) বি, সংখ্যা বিং, ৪৩
তেত্রিশ, (প্রা) বি; সংখ্যা, বিং, ৩৩।
তের, (প্রা) বি; সংখ্যা বিং, ১৩।
তেরিজ, (যা) বি; যোগ করা।
তেহাই, (প্রা) বি; তৃতীয়াংশ।
তৈক্ষ্ণ্য, বি, ক্লী (তীক্ষ্ণ+ষ্ণ্য) তীক্ষ্ণতা।
তৈজস, বিণ (তেজস্=দীপ্তি+ষ্ণ, ইদমর্থে) তেজোময়। উজ্জ্বল। ধাতু নির্ম্মিত (দ্রব্য)।
তৈল, বি, ক্লী (তিল+ষ্ণ, বিকারার্থে) তিলাদির স্নেহ, তেল। [কলু।
তৈলকার, (তৈল-কৃ-কর্ত্তৃ-ষণ্)
তৈলঙ্গ, বি, পুং; দেশ বিং, কার্ণাটিক।
তৈলপায়িকা, বি, স্ত্রী (তৈল-পা-কর্ত্তৃ-ণক+স্ত্রী আপ্) তেলা-পোকা।
তৈলবট, বি; পণ্ডিতের নিকট ব্যবস্থা লইয়া তাঁহাকে যাহা দেওয়া যায়।
তৈলাক্ত, বিণ (তৈল+অক্ত) তৈলদ্বারা লিপ্ত।
তৈলিক, তৈলী, বি, পুং (তৈল+ষ্ণিক, ইন্) কলু। জাতি বিং।
তৈষ, বি, পুং (তৈষী+ষ্ণ) পৌষমাস। স্ত্রী,-ষী, পৌষীপূর্ণিমা
তোটক, বি, ক্লী; দ্বাদশাক্ষর ছন্দো বিং, উহার ৩য়, ৬ষ্ঠ, ৯ম ও ১২শ বর্ণের গুরু উচ্চারণ হয়। যথা,—

| | | |
কত কাল পরে বল ভারত রে!

তোক, বি, ক্লী (তু-কর্ত্তৃ-ক) শিশু সন্তান। (প্রা) হাতকড়ি।
তোড়ানী, (প্রা) বি; কাঞ্জী।
তোত্‌লা, (প্র) বিণ, জড়ভাষী।
তোতা, (প্রা) বি; টিয়া পাখী।
তোপ, (যা) বি; আগ্নেয় অস্ত্র বিং, কামান।
তোমর, বি, পুং; অস্ত্র বিং, লৌহ-শাবল। [জল।
তোয়, বি, ক্লী (তু-কর্ত্তৃ-কোয়)
তোয়দ, বি, পুং (তোয়-দা-কর্ত্তৃ-ড) মেঘ।

তোয়দাগম, বি, পুং ; বর্ষাকাল।
তোয়ধি, তোয়নিধি, বি, পুং ( তোয়-ধা বা নি-ধা-অধি-কি ) সমুদ্র।
তোরণ, বি, পুং ( তুর্ = বেগে গমনকৃ-অধি-অন ) যাহার মধ্য দিয়া লোকসকল যাতায়াত করে, বহি দ্বার, ফটক।
তোলক, বি, পুং, ক্লী ; তোলা।
তোলন, (প্রা) বি ; উঠান।
তোলপাড়, (প্রা) বি ; আন্দোলন।
"এই ঘটনা লইয়া বেশ একটু তোলপাড় হইতেছিল"। (জ্যোতিরিন্দ্র)।
তোলা, ( প্রা ) বি ; ভরি।
তোষ, বি, পুং (তুষ্-ভাবে-অল্) সন্তোষ। বিণ, তুষ্ট।
তোষণ, বি, ক্লী (তুষ্-ভাবে-অনট্) তুষ্টকরণ।
তোষামোদ, বি, পুং ; পরের মন যোগান। খোষামোদ।
তোষিত, বিণ ( তোষি-কর্ম্ম-ক্ত ) সন্তোষিত, তর্পিত।
তৌর্য্য, বি, ক্লী ( তূর্য্য + ষ্ণ ) তূর্য্যবাদ্য। মৃদঙ্গাদি বাদ্য।
তৌর্য্যত্রিক, বি, ক্লী ( তৌর্য্য + ত্রিক = তিন) নৃত্য, গীত, বাদ্য এই তিন।
তৌল, বি, ক্লী ( তুল্ ধাতুজ ) পরিমাণ ক্রিয়া, পরিমাণ দণ্ড।
"তৌল-দণ্ডের এক দিকে পৃথিবীর ভোগসুখ" (প্রভাতচিন্তা)।
তৌলিক, বি, পুং ( তুলি + ষ্ণিক ) চিত্রকর।
ত্যক্ত, বিণ ( ত্যজ্-কর্ম্ম-ক্ত ) যাহা ত্যাগ করা গিয়াছে। বিসৃষ্ট। বিবক্ত।
ত্যাগ, বি, পুং (ঐ-ভাবে-ঘঞ্)
ত্যজন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) বর্জ্জন, বিসর্জ্জন। দান।
ত্যাগী, বিণ ( ঐ-কর্ত্তৃ-ঘিন্) ত্যাগশীল। স্ত্রী,-গিনী।
ত্যাজ্য, বিণ ( ঐ-কর্ম্ম-ঘ্যণ্ ) ত্যাগযোগ্য, বর্জ্জনীয়।
ত্রপা, বি, স্ত্রী ( ত্রপ্-ভাবে-ঙ + স্ত্রীআপ্ ) লজ্জা।
ত্রপিষ্ঠ, বিণ ( ত্রপা + ইষ্ঠ ) অতি লজ্জাশীল।
ত্রপু, বি, ক্লী ; সীসক। রাঙ্।
ত্রয়, বি, ক্লী ( ত্রি + অয়ট্ ) তিন সংখ্যা।
ত্রয়ী, বি, স্ত্রী ; ঋক্, যজুঃ, সাম, এই তিন বেদ। ব্রহ্মাবিষ্ণুশিব।
ত্রয়োদশ ( ন্), বিণ; ১৩ সংখ্যা। তিন অধিক দশ ( দশন্ ), মধ্য-পদলোপী কর্ম্মধা। ( ত্রয়োদশন্ + ডট্, পূরণার্থে ) ১৩ সংখ্যার পূরক। স্ত্রী,-শী।
ত্রসরেণু, বি, পুং, স্ত্রী ; ছয়টী পরমাণু সমষ্টি। [ চকিত।
ত্রস্ত, বিণ ( ত্রস্-কর্ত্তৃ-ক্ত) ভীত।
ত্রস্নু, বিণ ( ঐ-ক্নু ) ভয়শীল।

ত্রাণ, বি, ক্লী ( ত্রৈ-ভাবে-অনট্) রক্ষা, উদ্ধার।
ত্রাত, বিণ (ত্রৈ-কর্ম্ম-ক্ত) রক্ষিত।
ত্রাতা (তৃ), বিণ ( ত্রৈ-কর্ত্তৃ-তৃন্ ) রক্ষাকর্ত্তা। স্ত্রী,-ত্রী।
ত্রাস, বি, পুং (ত্রস্-ভাবে-ঘঞ্ ) ভয়। বিণ, ত্রস্ত।
ত্রাসিত, বিণ ( ত্রাসি-কর্ম্ম-ক্ত ) যাহাকে ভয় দেখান হইয়াছে।
ত্রাহি, ক্রি ; রক্ষাকর, বাঁচাও।
ত্রি, বিণ ( তৄ-ড্রি ) তিন।
ত্রিংশ, বিণ ( ত্রিংশৎ+ডট ) ৩০ সংখ্যার পূরক।
ত্রিংশৎ, বি. স্ত্রী ; ত্রিশ, ৩০।
ত্রিক. বি, ক্লী ; মেরুদণ্ডের নিম্নদেশ। [ মরীচ।
ত্রিকটু, বি, ক্লী ; শুঁঠ. পিপুল,
ত্রিকাল. বি, ক্লী ; ভূত, ভবিষ্যৎ. বর্ত্তমান। প্রাতঃ,মধ্যাহ্ন সায়াহ্ন।
ত্রিকালজ্ঞ, বিণ ( ত্রিকাল-জ্ঞা-কর্ত্তৃ-ড ) ভূত,ভবিষ্যৎ.বর্ত্তমান. এই তিন কালের সমস্ত বৃত্তান্ত যিনি জ্ঞাত আছেন। স্ত্রী,-জ্ঞা।
ত্রিকুল, বি ; মাতৃকুল, পিতৃকুল ও শ্বশুরকুল, এই তিন কুল।
ত্রিকালদর্শী, বিণ ( ত্রিকাল-দৃশ্-কর্ত্তৃ-ণিন ) ত্রিকালজ্ঞ।
ত্রিকূট, বি, পুং ; কেরলদেশীয় পর্ব্বত বিং।
ত্রিকোণ, বিণ ; যাহার তিন কোণ আছে।
ত্রিগর্ত্ত, বি, পুং ; পঞ্জাবান্তর্গত জনপদ বিং, কাঙ্গড়া।
ত্রিগুণ, বি, ক্লী ; সত্ত্ব, রজঃ, তমঃ এই তিনগুণ। ('গুণ' দেখ।)
ত্রিগুণাত্মক, বিণ ( ত্রিগুণ+আত্মন+ক ) সত্ত্ব,রজঃ, তমঃ এই তিনগুণ বিশিষ্ট। স্ত্রী, -ত্মিকা।
ত্রিচক্র, বিণ ; তিনচাকা বিশিষ্ট। ত্রি ( তিন ) চক্র যাহার. বহু।
ত্রিজগৎ, বি, ক্লী ; স্বর্গ, মর্ত্ত্য, পাতাল।
ত্রিজটা, বি, স্ত্রী ; অশোক কাননে সীতার পক্ষপাতিনী রাক্ষসী বিং, বহু।
ত্রিতল, বিণ ; তেতালা।
ত্রিদণ্ড, বি, ক্লী ; বাগ্‌দণ্ড, মনোদণ্ড, কায়দণ্ড, এই তিন প্রকার দণ্ড।
ত্রিদশ, বি, পুং ( ত্রি+দশা ) যাঁহাদের বাল্য, কৈশোর, যৌবন, এই ত্রিবিধ মাত্র অবস্থা অর্থাৎ বার্দ্ধক্য নাই, দেবতা, অমর। ত্রি (তিন) দশা ( অবস্থা ) যাঁহার. বহু।
ত্রিদশাধিপ, বি, পুং ( ত্রিদশ+অধিপ ) ইন্দ্র।
ত্রিদশালয়, বি, পুং ; স্বর্গ। ত্রিদশগণের ( দেবতাগণের )

আলয়, ৬ষ্ঠীতৎ।

ত্রিদিব, বি, পুং (ত্রি [তিন = ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বর ] দিব্ = ক্রীড়াক্ + অধি-ক ) যে স্থানে ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর ক্রীড়া করেন, স্বর্গ।

ত্রিদিবেশ, বি, পুং ( ত্রিদিব + ঈশ ) দেবতা। ইন্দ্র।

ত্রিদোষ, বি, পুং ; বায়ু, পিত্ত, কফ, এই তিনের দোষ।

ত্রিধা, ব্য ( ত্রি + ধাচ্ ) তিন প্রকার।

ত্রিধারা, বি, স্ত্রী ; গঙ্গা। ত্রি ( তিন ) হইয়াছে ধারা যাঁহার, বহু।

গঙ্গার একধারা স্বর্গে, একধারা মর্ত্ত্যে ও অন্য ধারা পাতালে গমন করিয়াছে। স্বর্গে যে ধারা তাহার নাম মন্দাকিনী, মর্ত্তে অলকনন্দা এবং পাতালে ভোগবতী।

ত্রিনয়ন, ত্রিনেত্র, বি, পুং ; শিব। স্ত্রী, -না, -ত্রা, দুর্গা।

ত্রিপতাক, বি, ক্লী (ত্রি + পতাকা) ঊর্দ্ধ্ব রেখাত্রয় লাঞ্ছিত ললাট।

ত্রিপথ, বি, ক্লী ( ত্রি + পথিন্ ) তেমাথা পথ। স্বর্গ, মর্ত্ত, পাতাল। ত্রি ( তিন ) পথের সমাহার, দ্বিগু।

ত্রিপথগা, বি, স্ত্রী ( ত্রিপথ-গম্-কর্ত্তৃ-ড + স্ত্রীআপ্ ) ত্রিপথ-গামিনী, গঙ্গা। ('ত্রিধারা' দেখ)।

ত্রিপথগামিনী, বি, স্ত্রী ( ত্রিপথ-গম্-কর্ত্তৃ-ণিন্ + স্ত্রীঈপ্ ) গঙ্গা। ( 'ত্রিধারা' দেখ )।

ত্রিপদী, বি, স্ত্রী ( ত্রি + পাদ + ঈপ্ ) করীর পাদবন্ধন শৃঙ্খল। তেপায়া। ছন্দো বিং।

এই ছন্দের প্রত্যেক চরণ ( শ্লোকার্দ্ধ ) তিনটি পদে অর্থাৎ অংশে বিভক্ত। যথা,—

"যে জন দিবসে মনের হরষে
জ্বালায় মোমের বাতি।"
( প্রথম চরণ )।

ত্রিপিষ্টপ, ত্রিবিষ্টব, বি, ক্লী ; স্বর্গ। ত্রি ( তৃতীয় ) যে পিষ্টপ ( ভুবন ), কর্ম্মধা।

ত্রিপুণ্ড্র, ত্রিপুণ্ড্রক, বি, ক্লী ললাটস্থ রেখাত্রয় বিশিষ্ট ফোঁটা। ত্রি (তিন) পুণ্ড্রের (তিলকের) সমাহার, দ্বিগু।

ত্রিপুর, বি, পুং ; অসুর বিং। ক্লী ; ময়দানব রচিত স্বর্ণ, রৌপ্য ও লৌহময় পুরীত্রয়, ইহা অসুর-দিগের বাসস্থান ছিল।

ত্রিপুরারি, বি, পুং ( ত্রিপুর + অরি ) শিব।

ত্রিফলা, বি, স্ত্রী ; হরীতকী, আমলকী, বয়ড়া।

ত্রিভঙ্গ, বি, পুং, পাদ, কটি ও মস্তক, এই অঙ্গত্রয়ের বক্র ভঙ্গী, শ্রীকৃষ্ণের মূর্ত্তি বিং।

**ত্রিভুজ**, বি, ক্লী; ত্রিকোণ ক্ষেত্র।

**ত্রিভুবন**, বি, ক্লী ; স্বর্গ, মর্ত্ত, পাতাল। সমাহার দ্বিগু।

**ত্রিমূর্ত্তি**, বি, পুং ; ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর। দ্বিগু। [শিব।

**ত্রিয়ম্বক**, বি, পুং (ত্রি + অম্বক)

**ত্রিযামা**, বি, স্ত্রী ; রাত্রি। ত্রি (তিন) যাম (প্রহর) আছে যাহাতে, বহু। (রাত্রির প্রথম অর্দ্ধপ্রহর ও শেষ অর্দ্ধপ্রহর দিবাভুক্ত বলিয়া, রাত্রিকে ত্রিযামা বলে।

**ত্রিলোক**, বি,পুং ;
**ত্রিলোকী**, বি,স্ত্রী ; } ত্রিভুবন। ত্রি (তিন) লোকের সমাহার, দ্বিগু। [৬ষ্ঠী তৎ।

**ত্রিলোকনাথ**, বি, পুং ; ঈশ্বর।

**ত্রিলোকেশ**, বি,পুং (ত্রিলোক + ঈশ) বিষ্ণু। ৬ষ্ঠীতৎ।

**ত্রিলোচন**, বি, পুং ; শিব। ত্রি (তিন) লোচন যাঁহার, বহু।

**ত্রিবর্গ**, বি, পুং ; ধর্ম্ম, অর্থ, কাম।

**ত্রিবলি**, **ত্রিবলী**, বি, স্ত্রী (ত্রি + বলি = শ্লথ চর্ম্ম) উদর ও কণ্ঠাদিতে মাংস সঙ্কোচ-জনিত রেখাত্রয়। ত্রি (তিন) বলির সমাহার, দ্বিগু।

**ত্রিবিক্রম**,বি,পুং ; বিষ্ণুর বামনাবতার। ত্রি (তিন) হইয়াছে বিক্রম (চরণ) যাঁহার, বহু।

শাস্ত্রে কথিত আছে যে,বলিকে ছলনার্থে বিষ্ণু বামনরূপ ধারণ করিয়া বলি রাজের যজ্ঞস্থলে উপস্থিত হন এবং তাঁহার নিকট ত্রিপাদ ভূমি প্রার্থনা করেন। বলি তাহা দিতে সম্মত হইলে, তিনি বিশ্বরূপ ধারণ করিয়া দুইপদে স্বর্গ ও মর্ত্ত্য পরিব্যাপ্ত করেন। পরে *আর এক পদ বাহির করিয়া সেই পদ* বলির মস্তকোপরি স্থাপন করিয়াছিলেন।

**ত্রিবিধ**, বিণ (ত্রি + বিধা) তিন প্রকার।

**ত্রিবিষ্টপ**, বি, ক্লী ; স্বর্গ।

**ত্রিবেণী**, বি, স্ত্রী ; যে স্থানে গঙ্গা, যমুনা, সরস্বতী এই নদীত্রয়ের মিলন হইয়াছে। ত্রি (তিন) বেণী (প্রবাহ) মিলিত হইয়াছে যে স্থানে, বহু।

**ত্রিবেদী**, বি, পুং (ত্রিবেদ্ + ইন্) যে ঋক্, যজুঃ, সাম এই তিন বেদ জানে তাহার উপাধি বিং।

**ত্রিশূল**, বি, ক্লী ; তিন ফলাযুক্ত অস্ত্র বিং। ত্রি (তিন) শূল (লৌহফলক) যাহার, বহু।

**ত্রিশূলী**, বি, পুং (ত্রিশূল + ইন্, অস্ত্যর্থে) শিব। বিণ ; ত্রিশূলধারী। [ছন্দো বিং।

**ত্রিষ্টুভ্**, বি, স্ত্রী ; একাদশাক্ষর

**ত্রিসন্ধ্যা**, বি, ক্লী ; প্রাতঃকাল, মধ্যাহ্নকাল, সায়ংকাল। ত্রি (তিন) সন্ধ্যার সমাহার, দ্বিগু।

ত্রিসবন, বি, ক্লী ( ত্রি + সবন = স্নান ) তিনবেলা স্নান।

ত্রিস্রোতাঃ ( তস্ ) বি, স্ত্রী; ত্রিধারা,গঙ্গা। ত্রি (তিন লোকে) স্রোতঃ যাহার, বহু। ('ত্রিধারা' দেখ।)

ত্রুটি, ত্রুটী, বি, স্ত্রী ( ত্রুট্-কর্ম্ম-কি ) ন্যূনতা। ক্ষতি, হানি।

ত্রেতা, বি, স্ত্রী (ত্র + ইত = প্রাপ্ত + স্ত্রীআপ্ ) দ্বিতীয় যুগ। দক্ষিণ, গার্হপত্য, আহবনীয় এই তিন অগ্নি।

ত্রৈকালিক, বিণ (ত্রিকাল + ষ্ণিক, ইদমর্থে ) ত্রিকাল সম্বন্ধীয়।

ত্রৈগুণ্য, বি, ক্লী ( ত্রিগুণ + ষ্ণ্য, স্বার্থে ) সত্ব, রজঃ, তমঃ, এই তিন গুণ।

ত্রৈমাসিক, বিণ (ত্রিমাস + ষ্ণিক, ইদমর্থে ) মাসত্রয় সম্বন্ধীয়।

ত্রৈরাশিক, বি, ক্লী ; রাশিত্রয়-ঘটিত অঙ্ক-প্রণালী।

ত্রৈলোক্য, বি, ক্লী (ত্রিলোকী + ষ্ণ্য,স্বার্থে) স্বর্গ, মর্ত্ত্য, পাতাল।

ত্রৈবার্ষিক, বিণ (ত্রিবর্ষ + ষ্ণিক) তিন বৎসর ব্যাপী।

ত্রোটি, ( ত্রুট-কর্ত্তৃ-ইন্ ) পাখীর ঠোঁট।

ত্র্যম্বক, বি, পুং ( ত্রি + অম্বক ) শিব। ত্রি (তিন) অম্বক (চক্ষুঃ) যাঁহার, বহু।

ত্র্যহস্পর্শ, বি, পুং (ত্রি + অহন্ + স্পর্শ ) একদিনে তিন তিথির যোগ।

ত্র্যাহিক, বিণ ( ত্র্যহ + ষ্ণিক ) তৃতীয় দিবসে যাহা হয়।

ত্বক্ ( চ্ ), বি, স্ত্রী ( ত্বচ্ = আব-রণ ক্র-কর্ত্তৃ-কিপ্ ) চর্ম্ম। বল্কল, ছাল। [ চিনি।

ত্বক্‌সার, বি, পুং ; বাঁশ। দারু-

ত্বৎ, বিণ ; অন্য, ভিন্ন।

ত্বদীয়, বিণ (যুষ্মদ্ + ঈয়) তোমার।

ত্বরা, বি, স্ত্রী ( ত্বর্-ভাবে-ঙ ) বেগ। শীঘ্রতা। বিণ,-রিত।

ত্বরিত, বিণ ( ঐ-কর্ত্তৃ-ক্ত ) ক্রি, বিণ ; শীঘ্র, সত্বর।

ত্বষ্টা ( ষ্টৃ ) বি, পুং ( ত্বক্ষ্-তৃন্ ) বিশ্বকর্ম্মা। সূত্রধর।

ত্বাচ, বিণ ( ত্বচ্ + ষ্ণ ) ত্বগিন্দ্রিয় দ্বারা যাহা সম্পন্ন হয়।

ত্বাদৃক্, ত্বাদৃশ, বিণ ( যুষ্মদ্-দৃশ্-কর্ম্ম-কিপ্, টক্ ) তোমার মত। স্ত্রী,-শী।

ত্বিষাম্পতি, বি, পুং ( ত্বিষাং = দীপ্তিসমূহ + পতি = স্বামী) সূর্য্য।

## থ।

থ, বি, পুং; পর্ব্বত। রোগ বিং। ক্লী; রক্ষা। মঙ্গল। ভয়।

থর, (প্রা) বি; পংক্তি, শ্রেণী।

থর থর, (প্রা) বিণ; কম্পান্বিত।

থলি, থলিয়া, (প্রা) বি; স্থলী, বগলী, ছালা।

থলো, (প্রা) বি; গুচ্ছ, স্তবক।

থাই, (প্রা) বি; তলস্পর্শ।

থাক, (প্রা) বি, থর, শ্রেণী।

থাকন, (প্রা) বি; স্থিতিকরণ।

থানা, (প্রা) বি; আড্ডা।

থাম, (প্রা) বি; স্তম্ভ, খুটি। ক্রি; ক্ষান্ত হও।

থামন, (প্রা) বি; নিবৃত্ত হওন।

থাল, থালা, (প্রা) বি; ধাতুনির্ম্মিত ভোজন পাত্রবিং।

থাবড়া, থাবা, (প্রা) বি; চাপড়, চড়। থাবা। [ফেলা।

থুৎকার, বি, পুং; নিষ্ঠীবন, থুথু-থুথু, (প্রা) বি; নিষ্ঠীবন।

থোড়, (প্রা) বি; কদলীর কোরক, মোচা।

থোপা, থোবা, (প্রা) বি; গুচ্ছ, স্তবক। কাঁদি।

---

## দ।

দ, বি, পুং; পর্ব্বত। ছেদন। বিণ; যে দান করে; (ইহা শব্দের পরে প্রযুক্ত হয়; যথা— বারিদ, জলদ।)

দই, (প্রা) বি; দধি, দৈ।

দংশ, বি, পুং (দন্‌শ্-কর্ত্তৃ-অন্) ডাঁশ। (ঐ-ভাবে-ঘঞ্) দংশন।

দংশক, বিণ (ঐ-কর্ত্তৃ-ণক) যে দংশন করে। বিং, পুং; মশা। ডাঁশ। স্ত্রী,-শিকা।

দংশন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) কামড়ান।

দংশিত, বিণ (দংশি-কর্ম্ম-ক্ত) যাহাকে দংশন করিয়াছে।

দংষ্ট্রা, বি, স্ত্রী (দন্‌শ-করণ-ষ্ট্রন্+স্ত্রীআপ্) বড় দাঁত।

দংষ্ট্রী, বিণ (দংষ্ট্রা+ইন্, অস্ত্যর্থে) বৃহৎ দন্তযুক্ত, দাঁতাল। বি, পুং; সর্প। বরাহ।

দক্ষ, বিণ (দক্ষ-কর্ত্তৃ-অল্) নিপুণ, পটু। বি, পুং; ব্রহ্মার পুত্র প্রজাপতি বিং। বি,-ক্ষতা। স্ত্রী,-ক্ষা।

দক্ষতা, বি, স্ত্রী (দক্ষ+তা,

ভাবার্থে ) নৈপুণ্য, পটুতা।

**দক্ষিণ,** বিণ ( দক্ষ-কর্ত্তৃ-ইন ) উদার। সরল। অনুকূল। বামেতর, ডাহিন। দিক্ বিং। সকল নায়িকাতে তুল্যানুরাগী নায়ক বিং। স্ত্রী,-ণা।

**দক্ষিণা,** বি, স্ত্রী ; অনুষ্ঠিত কার্য্যের সফলতার নিমিত্ত পুরোহিতকে যাহা দেওয়া হয়। যজ্ঞপত্নী। দক্ষিণ দিক্।

**দক্ষিণাচল,** বি, পুং ( দক্ষিণ+অচল ) মলয় পর্ব্বত।

**দক্ষিণাপথ,** বি, পুং ; দক্ষিণদেশ।

**দক্ষিণায়ন,** বি, ক্লী ( দক্ষিণ+অয়ন = গমন ) বিষুবরেখা হইতে সূর্য্যের দক্ষিণে গমন। শ্রাবণাদি ছয় মাস।

**দক্ষিণাবর্ত্ত.** বি, পুং ( দক্ষিণ+আবর্ত্ত=ঘূর্ণন ) শঙ্খ বিং, যার মুখ ডানি দিকে খোলা। বিন্ধ্যপর্ব্বতের দক্ষিণ দেশ।

**দক্ষিণেন,** ব্য ( দক্ষিণ+এন ) ডানি দিকে। দক্ষিণবর্ত্তী।

**দক্ষিণের্ম্মা,** বি, পুং ( দক্ষিণ+ঈর্ম্ম=ক্ষত ) ব্যাধ কর্ত্তৃক দক্ষিণ পার্শ্বে আহত মৃগ।

**দখল,** (যা) বি ; স্বত্ব, অধিকার।

**দগ্ধ,** বিণ(দহ্-কর্ম্ম-ক্ত) ভস্মীকৃত। ( ত্রৈ-কর্ত্তৃ-ক্ত ) সন্তপ্ত।

**দড়,** ( প্রা, পদ্যে) বিণ ; কঠিন, দৃঢ়। পটু।

**দড়ী,** (প্রা) বি ; রজ্জু, রশি।

**দণ্ড,** বি, পুং, ক্লী ( দণ্ড্-অল্ ) যষ্টি, লাঠি। শাসন। শাস্তি। ৬০ পল বা ২৪ মিনিট।

**দণ্ডক** বি, পুং ; দণ্ড্-কর্ত্তৃ-ণক) নৃপ বিং। জন-স্থান।

**দণ্ডকা,** বি, স্ত্রী ( দণ্ডক+স্ত্রী আপ্ ) জন-স্থান, দণ্ডকারণ্য। ( 'দণ্ডকারণ্য' দেখ )।

**দণ্ডকারণ্য,** বি, ক্লী ( দণ্ডক+অরণ্য ) জনস্থানস্থিত বন। দণ্ডক নামক যে অরণ্য, কর্ম্মধা।

দণ্ডকরাজা শুক্রাচার্য্যের শাপে নিজ পরিবার ও প্রজাবর্গ সহ ভস্মীভূত হইলে তদীয় রাজ্য অরণ্যরূপে পরিণত হইয়া দণ্ডকারণ্য নামে অভিহিত হইয়াছে।

**দণ্ডধর,** বি, পুং ( দণ্ড-ধৃ-কর্ত্তৃ-অন্ ) যম। রাজা। বিণ ; যষ্টিধারী।

**দণ্ডনীতি,** বি, স্ত্রী ; রাজনীতি-শাস্ত্র, যাহাতে রাজ্য-শাসন-সংক্রান্ত নিয়মাদি থাকে।

**দণ্ডনীয়,** বিণ ( দণ্ড-কর্ম্ম-অনীয়) দণ্ডযোগ্য।

**দণ্ডপাণি,** বি, পুং ; যম। বিণ ; দণ্ডধারী। দণ্ড আছে পাণিতে ( হস্তে ) যাহার, বহু।

**দণ্ডবৎ,** ব্য ( দণ্ড+তুৎ ) দণ্ডের

ন্যায় সরলভাবে ভূমিষ্ঠ হইয়া ( প্রণাম )।

দণ্ডবিধি, বি, পুং ; দণ্ডবিষয়ক আইন। (Penal Code).

দণ্ডায়মান, বিণ ( দণ্ড + ক্য = দণ্ডায় নামধাতু-কর্ত্তৃ-শান ) যে দাঁড়াইয়া আছে। স্ত্রী,-না।

দণ্ডিত, বিণ ( দণ্ড-কর্ম্ম-ক্ত ) যার দণ্ড হইয়াছে, শাসিত।

দণ্ডী, বি, পুং ( দণ্ড + ইন্, অস্ত্যর্থে ) যম। রাজা। সন্ন্যাসী। নৃপ বিং। বিণ ; দণ্ডধারী।

দণ্ড্য, বিণ ( দণ্ড + ষ্ণ্য ) দণ্ডের যোগ্য, দণ্ডার্হ।

দত্ত, বিণ ( দা-কর্ম্ম-ক্ত ) যাহা দেওয়া হইয়াছে। স্ত্রী,-ত্তা।

দত্তক, বি, পুং ( দত্ত + কণ্ ) পোষ্যপুত্র।

দত্তকপুত্র, বি, পুং ; পোষ্যপুত্র।

দত্তাত্রেয়, বি, পুং ; ঋষি বিং, অত্রি মুনির পুত্র।

দত্তাপহারী, বিণ ( দত্ত + অপ-হারিন্ ) যে ব্যক্তি দান করিয়া পুনর্ব্বার ফিরাইয়া লয়। স্ত্রী, -রিণী। [ দত্তকপুত্র।

দত্রিম, বি, পুং (দা-কর্ত্তৃ-ত্রিমক)

দদ্রু, দদ্রূ, বি, পুং ( দদ্-কর্ত্তৃ-রু) রোগ বিং, দাদ। [ দই।

দধি, বি, ক্লী ( ধা-কর্ত্তৃ-কি )

দধিসার, পুং ; নবনীত, ননী।

দনু, বি, স্ত্রী (জন্-অধি-উ) কশ্যপ পত্নী। [ দানব, দৈত্য।

দনুজ, বি, পুং (দনু-জন্-কর্ত্তৃ-ড)

দনুজদলনী, বি, স্ত্রী ( দনুজ-দল্-কর্ত্তৃ-অন + স্ত্রী ঈপ্ ) অসুর নাশিনী, দুর্গা।

দনুজারি, বি, পুং (দনুজ + অরি) দেবতা। ৬ষ্ঠীতৎ।

দন্ত, বি, পুং ( দম্-করণ-তন্ ) দাঁত, দশন। গিরি-নিতম্ব।

দন্তধাবন, বি, ক্লী ; দন্তমার্জ্জন।

দন্তী, বি, পুং(দন্ত + ইন্, অস্ত্যর্থে) হস্তী। বিণ ; দন্তবিশিষ্ট।

দন্তুর, বিণ ( দন্ত + উর, অস্ত্যর্থে ) উন্নত দন্তবিশিষ্ট। উন্নতানত।

দন্ত্য, বিণ ( দন্ত + ষ্ণ্য ) দন্তদ্বারা উচ্চার্য্য ( বর্ণ )।

দন্তশূক, বিণ ( দন্শ্-যঙলুক্-উক ) সদা দংশনে উদ্যত। হিংস্র। বি, পুং ; সর্প। রাক্ষস।

দফা, (যা) বি; প্রকরণ। পরিচ্ছেদ।

দফে, (যা) ব্য; পুনর্ব্বার, আবার।

দফ্তর, (যা) বি ; হিসাবের বহি।

দম, বি, পুং ( দম্-ভাবে-অল্ ) দমন। জিতেন্দ্রিয়তা।

আত্মজ্ঞানের প্রতিবন্ধক বিষয়সমূহ হইতে চক্ষুরাদি বহিরিন্দ্রিয়কে প্রতিনিবৃত্ত করার নাম দম ; ঐরূপ বৃথা বিষয় হইতে মনকে নিবৃত্ত করার নাম শম।

দমন, বি, ক্লী ( দম্-ভাবে-অনট্)

শাসন। নিবারণ। বশীকরণ।
দমনীয়, বিণ (দম্-অনীয়) দমন-যোগ্য।
দমিত, বিণ ( দমি-কর্ম্ম-ক্ত ) শাসিত। নিবারিত। বশীকৃত।
দম্পতি, বি, পুং ( জায়া+পতি ) পতিপত্নী, স্ত্রীপুরুষ।
দম্ভ, বি, পুং( দন্ভ-ভাবে-ঘঞ্ ) অহঙ্কার, গর্ব্ব। [অহঙ্কারী।
দম্ভী, বিণ ( দম্ভ+ইন,অস্ত্যর্থে )
দম্ভোলি, বি,পুং ( দন্ভ্=বিভাগ কৃ, ছেদন কৃ-কর্ত্তৃ-অলি ) যে আহত বস্তুকে শতধা বিদীর্ণ করে,বজ্র,অশনি। [৬ষ্ঠীতৎ।
দম্ভোলিনিক্ষেপী, বি, পুং; ইন্দ্র।
দম্য, বিণ (দম্-কর্ম্ম-য) দমনীয়।
দয়মান, বিণ ( দয়্-কর্ত্তৃ-শান ) যে দয়া করিতেছে।
দয়া, বি, স্ত্রী ( দয়্-ভাবে-ঙ+স্ত্রী আপ্ )পরদুঃখমোচনেচ্ছা,কৃপা। বিণ,-য়ালু,-ময়।
দয়াময়, দয়ালু, বিণ ( দয়া+ময়ট্, আলু ) দয়াশীল। স্ত্রী. -ময়ী,দয়ালু।
দয়াময়ী, বিণ,স্ত্রী (দয়া+ময়ট্+স্ত্রীঈপ্ ) করুণাময়ী।
দয়ার্দ্রচিত্ত, বিণ; দয়াসিক্ত হৃদয়। দয়াদ্বারা আর্দ্র (সিক্ত) দয়ার্দ্র,৩য়াতৎ ; দয়ার্দ্র হইয়াছে চিত্ত যাহার, বহু।

দয়াবতী, বিণ, স্ত্রী (দয়া+বতু, অস্ত্যর্থে+স্ত্রীঈপ ) দয়াময়ী। পুং,-বান্।
দয়াবান্, বিণ, পুং, (দয়া+বতু, অস্ত্যর্থে) দয়াময়। স্ত্রী,-বতী।
দয়াবীর,বি,পুং; যিনি দয়াবশতঃ প্রাণপণে পরদুঃখ মোচনের চেষ্টা করেন।
দয়িত, বি, পুং ( দয়্-কর্ম্ম-ক্ত ) পতি, স্বামী। বিণ; প্রিয়, ভালবাসার পাত্র। স্ত্রী,-তা।
দয়িতা, বি, স্ত্রী ( দয়িত+স্ত্রী আপ্) পত্নী, স্ত্রী। বিণ; প্রিয়া।
দর, বি ; গহ্বর। (যা) মূল্য।
দরকার, (যা) বি ; আবশ্যকতা। বিণ,-কারী।
দরজী, (প্রা) বি ; সূচিজীবী।
দরদ্, (যা) বি ; ব্যথা। মমতা।
দরদ, বি, পুং ; ব্রাত্য ক্ষত্রিয় জাতি বিশেষ।
দরমা, ( প্রা ) বি ; নলনির্ম্মিত দ্রব্য বিং, চাটাই, চাঁচ।
দরমাহা,(যা) বি ; মাসিকবেতন।
দরবার, (যা) বি ; সভা। প্রার্থনা।
দরবেশ, (যা) বি; ভিক্ষু, ফকির।
দরি, দরী,বি, স্ত্রী ; গিরিগহ্বর।
দরিদ্র, বিণ ( দরিদ্রা-কর্ত্তৃ-অন্ ) ধনহীন, গরীব। বিহীন। বি, দারিদ্র্য,-দ্রতা। স্ত্রী.-দ্রা।
দরিদ্রতা, বি, স্ত্রী ( দরিদ্র+তা,

ভাবার্থে ) নির্ধনতা। [ পৃথিবী।
দরিয়া, (প্রা) বি ; সমুদ্র । নদী।
দরুণ, (যা) ব্য ; জন্য, নিমিত্ত।
দরোয়ান, দারোয়ান, ( প্রা ) বি ; দ্বারবান্, দ্বার রক্ষক।
দর্দ্দুর, বি, পুং ( দৃ-কর্ত্তৃ-উর ) ভেক। মেঘ। পর্ব্বত বিং।
দর্প, বি, পুং ( দৃপ্-ভাবে-অল্ ) অহঙ্কার, গর্ব্ব।
দর্পণ, বি, পুং ( দৃপ্ = দীপ্তক্র-কর্ত্তৃ-অন) মুকুর, আদর্শ, আর্শি।
দর্পিত, বিণ (দর্প + ইত, যুক্তার্থে ) অহঙ্কৃত, গর্ব্বিত।
দর্পী, বিণ (ঐ + ইন্, অস্ত্যর্থে ) অহঙ্কারী। [কুশ, কেশে।
দর্ভ, বি, পুং (দৃনভ্-কর্ত্ত-ঘঞ্ )
দর্ব্বি, দর্ব্বী, বি, স্ত্রী (দৃ কর্ত্তৃ-বি) হাতা। সর্প-ফণা।
দর্শ, বি, পুং ( দৃশ্-অধি-অল্ ) অমাবস্যা। যাগ বিং।
দর্শক বিণ ( দৃশ্-কর্ত্তৃ-ণক ) যে দেখে। ( দর্শি-কর্ত্তৃ-ণক) যে দেখায়। স্ত্রী,-র্শিকা।
দর্শন, বি, ক্লী (দৃশ্-ভাবে-অনট্ ) দেখা। জ্ঞান। (ঐ-করণ-অনট্) চক্ষুঃ। দর্পণ। সাঙ্খ্য, পাতঞ্জল, ন্যায়, বৈশেষিক, মীমাংসা, বেদান্ত এই ছয় শাস্ত্র।
দর্শনপ্রতিভূ, বি, পুং ; হাজির-জামিন।
দর্শনী (প্রা ) বি, স্ত্রী ; উপহার, ভেট। নজর।
দর্শনীয়, বিণ ( দৃশ্-কর্ম্ম-অনীয়) দেখিবার যোগ্য। সুন্দর।
দর্শয়িতা ( তৃ ), বিণ (দর্শি-কর্ত্তৃ-তৃন্ ) প্রদর্শক। স্ত্রী,-ত্রী।
দর্শান, ( প্রা ) বি ; প্রদর্শন করা, দেখান।
দর্শিত, বিণ ( দর্শি-কর্ম্ম-ক্ত ) যাহা দেখান হইয়াছে।
দর্শী ( র্শিন্ ), বিণ ( দৃশ্-কর্ত্তৃ-ণিন্ ) যে দেখে। স্ত্রী,-র্শিনী।
দল, বি, ক্লী ( দল্-কর্ম্ম-অল্ ) পত্র, পাতা। ফুলের পাপ্ড়ি। খণ্ড। সমূহ, শ্রেণী, সম্প্রদায়।
দলন, বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্) মর্দ্দন, নিষ্পীড়ন। পেষণ। বিকাশ। বিণ,-লিত।
দলাদলি, ( প্রা ) বি ; দুইদলের পরস্পর বিবাদ।
দলিত, বিণ ( দল্-কর্ম্ম-ক্ত ) মর্দ্দিত, নিষ্পীড়িত। পিষ্ট। বিকশিত।
দলিল, (প্রা) বি ; লিখিত প্রমাণ।
দব, বি, পুং ( দু-কর্ত্তৃ-অন্ ) বন। বনাগ্নি, দাবানল।
দবাগ্নি, বি, পুং ( দব = বন + অগ্নি ) বনাগ্নি, দাবানল। দবোৎপন্ন যে অগ্নি, কর্ম্মধা।
দবিষ্ঠ, দবীয়ান, বিণ (দূর + ইষ্ঠ,

ঈয়ম্ ) দূরবর্ত্তী।

দশ ( ন্ ) বিণ ; দশ সংখ্যা।

দশক, বি,ক্লী (দশন্+কণ্) দশ সংখ্যা। এককেরপূর্ব্ববর্ত্তীঅঙ্ক।

দশকণ্ঠ,দশগ্রীব,বি, পুং; রাবণ। দশ হইয়াছে কণ্ঠ বা গ্রীবা যাহার, বহু।

দশকর্ম্ম,বি, ক্লী; দশবিধ সংস্কার যথা—গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম্ম, নামকরণ, নিষ্ক্রামণ, অন্নপ্রাশন,চূড়াকরণ, উপনয়ন ও বিবাহ।

দশধা,ব্য ; দশপ্রকার। দশবার।

দশন, বি, পুং (দন্শ্-করণ-অনট্) দন্ত।

দশনচ্ছদ, বি, পুং ; ওষ্ঠাধর।

দশভুজা,বি,স্ত্রী; দুর্গা। বহুব্রীহি।

দশম,বিণ (দশন্+মট্ পূরণার্থে) দশ সংখ্যার পূরণ। স্ত্রী,-মী।

দশমদশা, বি, স্ত্রী ; জীবনের চরমাবস্থা।

দশমহাবিদ্যা. বি, স্ত্রী ; কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী, কমলা।

দশমী, বি, স্ত্রী ; তিথি বিং। জীবনের চরমাবস্থা।

দশরথ, বি, পুং ; অযোধ্যার নৃপ বিং, শ্রীরামচন্দ্রের পিতা। দশ (দিকে) রথ যাঁহার, বহু ; অর্থাৎ যাঁহার রথ দশদিকে অবাধে গমন করে।

দশহরা, বি, স্ত্রী (দশন্ [দশ অর্থাৎ দশবিধ পাপ]-হৃ-কর্ত্তৃ-অন্+স্ত্রী আপ্) জ্যৈষ্ঠ মাসের শুক্লা দশমী, গঙ্গার মর্ত্তে আগমন-দিন।

দশা, বি, স্ত্রী (দন্শ্-ভাবে-ঙ+স্ত্রী আপ্) অবস্থা, ভাব। প্রদীপের সলিতা। বাল্যাদি বয়স। গ্রহের অবস্থান বিশেষ।

দশানন,দশাস্য,বি, পুং ; রাবণ। দশ হইয়াছে আনন বা আস্য (মুখ) যাহার, বহু।

দশাবতার, বি, পুং ; মৎস্য, কূর্ম্ম বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম, রামচন্দ্র, বলরাম, বুদ্ধ, কল্কী বিষ্ণুর এই দশ অবতার।

দশা-বিপর্য্যয়, বি, পুং ; অবস্থা পরিবর্ত্তন, দুর্দ্দশা। ৬ষ্ঠীতৎ।

দশাহ,বি,পুং(দশন্+অহন্)দশদিন

দষ্ট, বিণ (দন্শ্-কর্ম্ম-ক্ত) যাহাকে দংশন করিয়াছে।

দস্তখত, (যা) বি ; স্বাক্ষর। নাম সহি করা।

দস্তা, (যা) বি ; ধাতু বিং,রাঙ্।

দস্তুর, (যা) বি ; নিয়ম।

দস্যু, বি, পুং (দস্-কর্ত্তৃ-যু) চোর, ডাকাইত। বি,-তা।

দস্যু-বৃত্তি,বি,স্ত্রী;চুরি,ডাকাইতি।

দহন, বি, ক্লী ( দহ্-ভাবে-অনট্) দগ্ধ করা, পোড়ান। বিণ, দগ্ধ। পুং ; ( ঐ-কর্ত্তৃ-অন ) অগ্নি।

দহনীয়, বিণ ( ঐ কর্ম্ম-অনীয় ) দহনযোগ্য।

দহ্যমান, বিণ ( ঐ-শান ) যাহা দগ্ধ হইতেছে।

দা, ( প্রা ) বি ; অস্ত্র বিং, দাত্র।

দাউদ, ( প্রা ) বি ; দদ্রুরোগ।

দাক্ষায়ণী, বি, স্ত্রী (দক্ষ + ষ্ণায়ন, অপত্যার্থে + স্ত্রী ঈপ্ ) দক্ষ-কন্যা, দুর্গা।

দাক্ষিণাত্য, বিণ (দক্ষিণ = দক্ষিণ দিক্ + ত্যণ্, ভবার্থে ) দক্ষিণ দেশীয়। বি, দক্ষিণদেশ। দক্ষিণ দেশীয় লোক।

"বাঁধ হে আজি কৃতজ্ঞতা পাশে রঘুবংশে, দাক্ষিণাত্য। দাক্ষিণ্য প্রকাশি"
—মেঘনাদ বধ।

দাক্ষিণ্য, বি, ক্লী ( দক্ষিণ + ষ্ণ্য, ভাবার্থে ) সরলতা। আনুকূল্য।

দাক্ষী, বি, স্ত্রী ; পাণিনি মুনির মাতা।

[ ক্ষেপণী।

দাঁড়, ( প্রা ) বি ; নৌকাদণ্ড,

দাঁড়কাক, (প্রা), বি; বৃহৎ কাক বিং, দ্রোণ কাক।

দাঁড়ান,(প্রা)বি;দণ্ডায়মান হওন।

দাঁড়ী, (প্রা) বি ; যে দাঁড় টানে। ছেদসূচক চিহ্ন।

দাঁত, ( প্রা ) বি ; দন্ত, দশন।

দাঁতাল, ( প্রা ) বিণ ; বৃহৎ দন্ত বিশিষ্ট।

[ রেখা।

দাগ, ( যা ) বি ; চিহ্ন। কলঙ্ক।

দাগাবাজ, (যা) বিণ ; প্রবঞ্চক, শঠ। বি,-বাজি।

দাঙ্গা,(যা)বি ; মারামারি,হাঙ্গাম।

{ দাড়িম, ( দল্-কর্ত্তৃ-ইমন্ )
দাড়িম্ব, (দা-কর্ত্তৃ-ডিম্ব) বি,পুং ; ডালিম গাছ। ক্লী ; ঐ ফল।

দাতব্য, বিণ ( দা-কর্ম্ম-তব্য ) দানযোগ্য, দেয়।

দাতা (তৃ), বিণ ( ঐ-কর্ত্তৃ-তৃন ) যে দান করে,দানশীল। স্ত্রী,-ত্রী।

দাতৃত্ব, বি, ক্লী ( দাতৃ + ত্ব, ভাবার্থে ) দানশীলতা।

দাত্যূহ, বি, পুং ; ডাকপাখী।

দাত্র. বি, ক্লী ( দো-করণ-ত্র ) কাটারি, দা।

দাদ, ( যা ) বি ; প্রতিহিংসা, প্রতিশোধ। (প্রা) দদ্রু।

দাদন,(যা)বি; যাহা অগ্রিম দেওয়া যায়।

[ পিতামহ। মাতামহ।

দাদা, ( প্রা ) বি ; জ্যেষ্ঠভ্রাতা।

দান, বি, ক্লী ( দা-ভাবে-অনট্ ) বিতরণ। হস্তীর মদজল।

দানপত্র, বি, ক্লী ; দান পরি-জ্ঞাপক পত্র।

দানব,বি,পুং(দনু + ষ্ণ,অপত্যার্থে) দনুর পুত্র, দৈত্য।

দানবারি, বি, পুং (দানব + অরি)

দেবতা। বিষ্ণু। ক্লী ( দান + বারি ) হস্তীর মদজল।

দানবীর, বিণ ; অতিশয় দাতা। দান বিষয়ে বীর (শূর), ৭মীতৎ।

দানশীল, বিণ ; দাতা। দান হইয়াছে শীল ( স্বভাব ) যাহার, বহু। স্ত্রী,-লা। বি,-লতা।

দানশৌণ্ড, বিণ ; অতিশয় দাতা। দান বিষয়ে শৌণ্ড ( আসক্ত, মত্ত ), ৭মীতৎ।

দানসাগর, বি, পুং ; শ্রাদ্ধাদি উপলক্ষে যে ষোড়শ দানের নিয়ম আছে, তাহার প্রত্যেক প্রকারের ১৬ সংখ্যক বস্তু দান।

দানীয়, বিণ ( দা-কর্ম্ম-অনীয় ) দানের যোগ্য। ( ঐ-সম্প্র-অনীয় ) দানের পাত্র।

দান্ত, বিণ ( দম্-কর্ত্তৃ-ক্ত ) যে ( ইন্দ্রিয় ) দমন করিয়াছে, জিতেন্দ্রিয়।(ঐ-কর্ম্ম-ক্ত)বশীকৃত।

দাপট, (প্রা) বি ; দর্প, প্রতাপ।

দাম, বি, ক্লী ( দো-কর্ম্ম-মন্ ) রজ্জু, মাল্য। গুচ্ছ। (প্রা) মূল্য।

দামড়া, (প্রা) বি ; ষণ্ড, ষাঁড়।

দামামা, (প্রা) বি ; বৃহৎ ঢক্কা।

দামিনী, ( প্রা, পদ্যে ) বি ; সৌদামিনী, বিদ্যুল্লতা।

দামোদর, বি, পুং ; শ্রীকৃষ্ণ। দাম ( রজ্জু ) উদরে যাঁহার, বহু। শাস্ত্রে উক্ত আছে—যশোমতী শ্রীকৃষ্ণকে রজ্জুদ্বারা বন্ধন করিলে ইনি তৎসমস্তই হরণ করিয়াছিলেন।

দাম্পত্য, বিণ ( দম্পতি + ষ্ণ্য, ইদমর্থে ) পতিপত্নী সম্বন্ধীয়।

দাম্পত্য-প্রণয় বি, পুং ; স্বামী স্ত্রীর পরস্পর ভালবাসা।

দাম্ভিক, বিণ ( দম্ভ + ষ্ণিক প্রাপ্ত্যর্থে ) অহঙ্কারী।

দায়, বি, পুং ( দা-কর্ম্ম-ঘঞ্ ) পৈতৃক ধন। যৌতুক ধন। ধন। বিভাজ্য বস্তু। (প্রা) বিপদ্।

দায়ক, বিণ ( দা-কর্ত্তৃ-ণক ) দাতা। ক্ষতিপূরক। স্ত্রী, য়িকা।

দায়ভাগ, বি, পুং ; পৈতৃক ধন বিভাগ। জীমূতবাহন কৃত ধন-বিভাগ বিষয়ক গ্রন্থ বিং।

দায়াদ, বি, পুং ( দায়-আ-দা-কর্ত্তৃ -ড ) উত্তরাধিকারী। জ্ঞাতি।

দায়িত্ব, বি, ক্লী ( দায়িন্ + ত্ব, ভাবার্থে ) দাতৃত্ব। ঝুঁকি।

দায়ী ( য়িন্ ) বিণ ( দা-কর্ত্তৃ-ণিন্ ) দাতা। ক্ষতিপূরক। স্ত্রী,-য়িনী।

দার, বি, পুং ( দৃ = বিদীর্ণ করা-কর্ত্তৃ-ঘঞ্ ) যে স্বামীর ভ্রাতৃ-স্নেহ ভেদ করে, পত্নী, স্ত্রী।

দারক, বি, পুং ( ঐ-কর্ত্তৃ-ণক ) পুত্র। শিশু। বিণ ; যে বিদীর্ণ করে। স্ত্রী,-রিকা। [ ৬ষ্ঠীতৎ।

দারপরিগ্রহ, বি, পুং ; বিবাহ।

দারব, বিণ(দারু + ষ্ণ) কাষ্ঠনির্ম্মিত।

দারিত, বিণ ( দারি-কর্ম্ম-ক্ত ) বিদারিত।
দারিদ্র্য, বি, ক্লী ( দরিদ্র + ষ্ণ্য, ভাবার্থে ) দরিদ্রতা, নির্ধনতা।
দারু, বি, পুং, ক্লী (দৃ-কর্ম্ম-ঞুণ্) কাষ্ঠ।
দারুক. বি, পুং; শ্রীকৃষ্ণের সারথি। দেবদারু বৃক্ষ। ক্লী; কাষ্ঠ।
দারুণ, বিণ ( দারি-কর্ত্তৃ-উনন্ ) কঠোর। ভয়ানক। দুঃসহ।
দারুময়, বিণ ( দারু + ময়ট্ ) কাষ্ঠনির্ম্মিত। স্ত্রী,-য়ী।
দার্ঢ্য, বি, ক্লী ( দৃঢ + ষ্ণ্য, ভাবার্থে ) দৃঢতা। কাঠিন্য।
দার্শনিক, বিণ ( দর্শন + ষ্ণিক, জ্ঞানার্থে) দর্শন শাস্ত্রজ্ঞ। দর্শন শাস্ত্র সম্বন্ধীয়। স্ত্রী,-কী।
দার্ষদ, বিণ ( দৃষদ্ + ষ্ণ ) প্রস্তর-নির্ম্মিত। [ গৃহ, হর্ম্য, সৌধ।
দালান, (যা) বি ; ইষ্টক নির্ম্মিত
দালাল, (যা) বি ; ক্রয় বিক্রয়ের ঘটক। [ দাবানল।
দাব, বি, পুং ( দু-কর্ত্তৃ-ণ ) বন।
দাবাগ্নি, দাবানল, বি, পুং ( দাব = বন + অগ্নি, অনল ) বনাগ্নি, বনে কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণ হইলে যে অগ্নি উৎপন্ন হয়, তাহাকে দাবাগ্নি বলে। দাবোৎপন্ন যে অগ্নি বা অনল, কর্ম্মধা।
দাশরথ, ( দশরথ + ষ্ণ )
দাশরথি(ঐ + ষ্ণি, অপত্যার্থে) বি, পুং ; দশরথের পুত্র, শ্রীরামচন্দ্র, লক্ষ্মণ প্রভৃতি।
দাস, বি. পুং ( দাস্-সম্প্র-অল্ ) ভৃত্য। ধীবর। শূদ্রজাতি। স্ত্রী,-সী।
দাসত্ব, বি, ক্লী( দাস + ত্ব, ভাবার্থে) দাসের কার্য্য বা অবস্থা।
দাসী, বি, স্ত্রী ( দাস + স্ত্রী ঈপ্ ) ভৃত্যা। ধীবরী। শূদ্রা।
দাসেব, বি. পুং ( দাস্-কর্ত্তৃ-এরক্ ) উষ্ট্র।
দাস্য, বি, ক্লী( দাস + ষ্ণ্য, ভাবার্থে ) দাসত্ব।
দাহ, বি, পুং ( দহ্-ভাবে-ঘঞ্ ) পোড়ান, ভস্মীকরণ। সন্তাপ। বিণ, দগ্ধ।
দাহক, বিণ ( ঐ-কর্ত্তৃ-ণক ) দাহকারী। স্ত্রী,-হিকা।
দাহন, বি, ক্লী ( দাহি-ভাবে-অনট্ ) পোড়ান। বিণ,-হিত।
দাহ্য, বিণ ( দহ্-কর্ম্ম ঘ্যণ্ ) দাহ-যোগ্য। স্ত্রী,-হ্যা।
দিক্( শ্ ), বি, স্ত্রী ( দিশ্-কর্ম্ম-ক্বিপ্ ) পূর্ব্বাদি দশদিক্। রীতি।
দিক্‌পতি, দিক্‌পাল. বি, পুং ; পূর্ব্বাদি দিকের রক্ষক। ( ১ ) ইন্দ্র, অগ্নি, যম, নৈঋত, বরুণ, বায়ু, কুবের, মহাদেব, ব্রহ্মা, অনন্ত, পূর্ব্বাদিক্রমে এই দশ। ( ২ ) রবি, শুক্র, মঙ্গল, রাহু, শনি, সোম, বুধ, বৃহস্পতি,

পূর্ব্বাদিক্রমে এই আট।
দিগন্ত, বি, ক্লী; দিক্‌সমূহের শেষ ভাগ। ৬ষ্ঠীতৎ।
দিগম্বর, বি, পুং (দিক্=শূন্য+অম্বর=বসন) শিব। বৌদ্ধবিং। বিণ; বিবস্ত্র। দিক্ হইয়াছে অম্বর (বস্ত্র) যাঁর, বহু। স্ত্রী,-রী।
দিগম্বরী, বি, স্ত্রী (দিগম্বর+স্ত্রী ঈপ্) কালী। বিণ; বিবস্ত্রা।
দিগ্‌গজ, বি, পুং; ঐরাবত, পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, পুষ্পদন্ত, সার্ব্বভৌম, সুপ্রতীক, পূর্ব্বাদিক্রমে এই অষ্টদিক্ হস্তী।
দিগদর্শন-যন্ত্র, বি, ক্লী; যে যন্ত্র দ্বারা দিক্ নিরূপিত হয়, কম্পাস (Compass).
দিগ্ধ, বিণ, (দিহ্-কর্ম্ম-ক্ত) লিপ্ত। মিশ্রিত। বি, পুং; বিষাক্তবাণ।
"আমার বক্ষঃস্থলে বিষদিগ্ধ শল্যের ন্যায় বিদ্ধ হইয়া রহিয়াছে"—বিদ্যাসাগর
দিগ্বিজয়, বি, পুং (দিক্+বিজয়) সকল দিক্ জয় করা অর্থাৎ যুদ্ধ বা বিদ্যাদ্বারা নানাদিকে স্বীয় প্রাধান্য স্থাপন। ৬ষ্ঠীতৎ।
দিগ্বিজয়ী, বিণ; (দিক্-বি-জি-কর্ত্তৃ-গিন্) সকলদিক্ জয়কারী।
দিগ্বিদিক্, বি, স্ত্রী (দিক্=পূর্ব্বাদি চারি+বিদিক্=দিকের মধ্যবর্ত্তী দিক্, ঈশানাদি চারি) সকল দিক্। ("গৌণার্থে") হিতাহিত, কাণ্ডাকাণ্ড; যেমন, দিগ্বিদিকজ্ঞানশূন্য।
দিঙ্মণ্ডল, বি, ক্লী (দিক্+মণ্ডল) দিক্‌চক্র, দিক্ চক্রবাল। রূপক।
দিতি, বি, স্ত্রী (দো-কর্ত্তৃ-ক্তিচ্) দৈত্যমাতা, কশ্যপ-পত্নী।
দিতিজ, বি, পুং (দিতি-জন্-কর্ত্তৃ-ড) দৈত্য, অসুর।
দিতিসুত, বি, পুং, দৈত্য। ৬ষ্ঠীতৎ।
দিৎসা, বি, স্ত্রী (দা-সন্-ভাবে-অ+স্ত্রী আপ্) দানেচ্ছা। বিণ,-ৎসু।
দিৎসু, বিণ (ঐ-কর্ত্তৃ-উ) দানেচ্ছু।
দিদি, (প্রা) বি, স্ত্রী; জ্যেষ্ঠা ভগিনী। পিতামহী। মাতামহী।
দিদৃক্ষমান, বিণ (দৃশ্-সন্-শান) যে দেখিতে ইচ্ছা করিতেছে।
দিদৃক্ষা, বি, স্ত্রী (দৃশ্-সন্-ভাবে-অ+স্ত্রী আপ্) দর্শনেচ্ছা। বিণ,-ক্ষু।
দিদৃক্ষু, বিণ (ঐ-কর্ত্তৃ-উ) দর্শনেচ্ছু।
দিধি, বি, পুং (ধা-ভাবে-কি) ধৈর্য্য।
দিধিষু(যূ), বি, স্ত্রী (ধিষ্-কর্ম্ম-কু) পুনর্ভূ, দ্বিতীয়বার বিবাহিতা স্ত্রী। পুং; দিধিষু—পুনর্ভূ-পতি, দ্বিতীয়বার বিবাহিতা স্ত্রীর স্বামী।
দিন, বি, ক্লী (দী-কর্ত্তৃ-ডিন) দিবাভাগ। [ সূর্য্য।
দিনকর, বি, পুং (দিন-কৃ-কর্ত্তৃ-ট)
দিন দিন, (প্রা) প্রতিদিন, প্রত্যহ।
দিননাথ, বি, পুং; সূর্য্য। ৬ষ্ঠীতৎ।

দিনপাত, বি,পুং ; দিন কাটান।
দিনমণি, বি,পুং; সূর্য্য। ৬ষ্ঠীতৎ।
দিনান্ত, দিনাত্যয়, বি, পুং (-দিন + অন্ত, অত্যয়) সায়ংকাল। ৬ষ্ঠীতৎ। [ নৃপবিং।
দিলীপ, বি, পুং ; সূর্য্যবংশীয়
দিব, বি, ক্লী ( দিব্ = ক্রীড়াকৃ-অধি-ক )
দিব্, বি,স্ত্রী (ঐ-কিপ্) যেখানে দেবতারা ক্রীড়া করেন, স্বর্গ।
দিবসাত্যয়, বি, পুং ; সায়ংকাল। দিবসের অত্যয় (নাশ), ৬ষ্ঠীতৎ।
দিবস, বি, পুং, ক্লী ( দিব্-অধি-অসচ্ ) দিন।
দিবস্পতি, বি, পুং ( দিবস্ = স্বর্গ + পতি ) ইন্দ্র। ৬ষ্ঠীতৎ।
দিবা, ব্য (দিব্-ডা) দিন। দিনে।
দিবাকর, বি, পুং ( দিবা-কৃ-কর্ত্তৃ -ট ) সূর্য্য।
দিবাতন, বিণ ( দিবা + ট্যন ) দিবসে যাহা ঘটে। স্ত্রী,-নী।
দিবানিশ, দিবানিশি, ( দিবা + নিশা, নিশি ) দিবারাত্র, দিবারাত্রি, ( দিবা + রাত্রি ) } বি,ক্লী; অহোরাত্র, রাতদিন। দ্বন্দ্ব।

'দ্বন্দ্ব সমাসে রাত্রি ও নিশা শব্দ অকারান্ত হয়', বাঙ্গালায় ইহা বিকল্প বিধান; পরন্তু, সংস্কৃত 'নিশা' শব্দ বাঙ্গালায় 'নিশি' রূপেই সমধিক প্রচলিত; কাজেই 'দিবানিশি' ও 'দিবারাত্রি' পদদ্বয় অশুদ্ধ নহে। ফলতঃ,এই দুটী পদই বাঙ্গালায় অধিক প্রচলিত; 'দিবানিশ' প্রায় অপ্রচলিত; 'দিবারাত্র' কদাচিৎ দৃষ্ট হয়।

দিবান্ধ, বিণ ; দিবসে দৃষ্টিহীন। বি, পুং ; পেচক।
দিবাশয়,বিণ (দিবা + শয় = শয়ন-কারী ) যে দিবসে নিদ্রা যায়।
দিবিসৎ, ( দ্ ) ( দিবি = স্বর্গে-সদ্-কর্ত্তৃ-কিপ্ )
দিবৌকাঃ ( কস্ ) (দিব = স্বর্গ + ওকস্ = বাসস্থান ) বি,পুং ; স্বর্গবাসী, দেবতা।
দিব্য, বিণ ( দিব্ + ষ্য ) স্বর্গীয়। আকাশস্থ। সুন্দর। উৎকৃষ্ট। বি, ক্লী ; শপথ।
দিব্যচক্ষুঃ ( ক্ষুস্ ) বিণ ; ইন্দ্রিয়াতীত-বিষয়দর্শী। সুন্দর চক্ষু-বিশিষ্ট। বি, ক্লী ; উৎকৃষ্ট চক্ষু।
দিব্যরথ, বি, পুং (দিব্য = স্বর্গীয় + রথ ) বিমান। ব্যোমযান। কর্ম্মধা।
দিব্যাঙ্গনা,বি,স্ত্রী; সুন্দরী রমণী।
দিব্যি, (প্রা) বি ; শপথ, সত্য-করা। বিণ ; উৎকৃষ্ট। সুন্দর।

"আজ মাঘের শেষে প্রথম বসন্তের বাতাস দিয়েছে, জ্যোৎস্নাও দিব্যি।" ( রবীন্দ্রনাথ )।

দিশাহারা, (প্রা) বিণ; দিগভ্রান্ত।
দিষ্ট, বিণ ( দিশ্-কর্ম্ম-ক্ত )

আদিষ্ট। বি, ক্লী; ভাগ্য।
দিষ্ট্যা,ব্য; ভাগ্যক্রমে। আনন্দে।
দীঘল, (প্রা) বিণ; দীর্ঘ, লম্বা।
দীঘী, বি, স্ত্রী; দীর্ঘ পুষ্করিণী বিং, দীর্ঘিকা।
দীক্ষা, বি, স্ত্রী (দীক্ষ্=উপদেশ দেওয়া-ভাবে-অ+স্ত্রী আপ্) ইষ্টমন্ত্র গ্রহণ। উপদেশ। সংস্কার। ব্রতাদি কর্ম্মে প্রবৃত্তি। যজ্ঞ।
দীক্ষাগুরু, বি, পুং; ইষ্টদেব।
দীক্ষিত, বিণ (দীক্ষ্-কর্ম্ম-ক্ত) যাহার মন্ত্রগ্রহণ হইয়াছে। উপদিষ্ট।
দীধিতি, বি, স্ত্রী (দীধি-ভাবে-ক্তি) কিরণ।
দীন, বিণ (দী-কর্ত্তৃ-ক্ত) দরিদ্র। দুঃখিত। কাতর। হীন। ভীত। বি, দীনতা, দৈন্য। স্ত্রী,-না।
দীনচিত্ত, বিণ, হীনচিত্ত, দুর্ব্বল-হৃদয়।

"এইরূপ দীনচিত্ত ও ক্ষীণপ্রাণ ব্যক্তিদিগের......" (প্রভাতচিন্তা)

দীনতা, বি, স্ত্রী (দীন+তা, ভাবার্থে) দরিদ্রতা। হীনতা।
দীননাথ বি,পুং; দীনের আশ্রয়, ভগবান্, ঈশ্বর। ৬ষ্ঠীতৎ।
দীনবন্ধু,বি,পুং; দীনের সখা বা সহায়,ভগবান্,ঈশ্বর। ৬ষ্ঠীতৎ।
দীনা,বিণ, স্ত্রী (দীন+স্ত্রী আপ্) দরিদ্রা। কাতরা। হীনা।
দীনার, বি, পুং (দীন-ঋ-কর্ম্ম-ষঞ্) স্বর্ণমুদ্রা, মোহর।
দীপ, বি, পুং (দীপ্-কর্ত্তৃ-ক) প্রদীপ।
দীপক, বিণ (দীপি-কর্ত্তৃ-ণক) দীপ্তিকারক। উত্তেজক। বি, পুং; প্রদীপ। রাগ বিং। ক্লী; কাব্যালঙ্কার বিং। কুঙ্কুম। স্ত্রী, -পিকা।
দীপন, বিণ (ঐ-কর্ত্তৃ-অন) উদ্দীপক। উত্তেজক। বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) উদ্দীপন।
দীপান্বিতা, (দীপ+অন্বিতা=যুক্তা) ৩য়াতৎ।
দীপালী, বি, স্ত্রী; কার্ত্তিকী অমাবস্যা।

এই দিনে পিতৃলোকের শ্রাদ্ধ তর্পণাদি কার্য্য এবং দেবগৃহাদি দীপমালায় সুসজ্জিত করিতে হয়।

দীপিকা, বি, স্ত্রী, (দীপক+স্ত্রী আপ্) জ্যোৎস্না। বিণ, উদ্দীপিকা। প্রকাশিকা।
দীপিত, বিণ (দীপি কর্ম্ম-ক্ত) প্রজ্জলিত। প্রকাশিত।
দীপ্ত,বিণ (দীপ্-কর্ম্ম ক্ত) উজ্জ্বল। প্রজ্জলিত। বি,-প্তি।
দীপ্তি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) প্রভা। আলোক। বিণ,-প্ত।
দীপ্তিমান্, বিণ (দীপ্তি+মতু) প্রভাশালী, উজ্জ্বল। স্ত্রী,-মতী।

দীপ্যমান, বিণ (দীপ্-কর্ত্তৃ-শান) যাহা দীপ্তি পাইতেছে, উজ্জ্বল।
দীয়মান, বিণ (দা-কর্ম্ম-শান) যাহা দেওয়া যাইতেছে।
দীর্ঘ, বিণ (দৃ-কর্ত্তৃ-ঘক্) আয়ত, লম্বা। বি, পুং; দুই মাত্রাবিশিষ্ট স্বরবর্ণ। বি, দৈর্ঘ্য।
দীর্ঘগ্রীব, বিণ; যার ঘাড় লম্বা। বহু। বি, পুং; উষ্ট্র। বক।
দীর্ঘজঙ্ঘ, বিণ, যার জঙ্ঘা লম্বা। বহুব্রীহি। বি, পুং; উষ্ট্র। বক।
দীর্ঘজিহ্ব, বিপুং; সর্প। বহু।
দীর্ঘজীবী, বিণ, পুং (দীর্ঘ-জীব্-কর্ত্তৃ-ণিন্) যে অধিককাল বাঁচিয়া থাকে। স্ত্রী,-বিনী।
দীর্ঘদর্শী, বিণ (দীর্ঘ-দৃশ্-কর্ত্তৃ-ণিন্) বহুদর্শী, পণ্ডিত।
দীর্ঘসত্র, বি, ক্লী; বহুকাল সাধ্য যজ্ঞ। বিণ; তদ্রূপ যজ্ঞকারী।
দীর্ঘসূত্র, দীর্ঘসূত্রী (ত্রিন্) বিণ; যে বিলম্বে কার্য্য করে, চির-ক্রিয়। বহু। বি,-ত্রতা। স্ত্রী,-ত্রী,-ত্রিণী।
দীর্ঘায়ুঃ, বিণ; দীর্ঘজীবী। বহু। বি, ক্লী; দীর্ঘ জীবন। কর্ম্মধা।
দীর্ঘিকা, বি, স্ত্রী (দীর্ঘ+কণ্+স্ত্রীআপ্) তিনশত ধনু পরিমিত জলাশয়, দীঘী।
দুঃ (র্, স্) ব্য (দো-ডুর্, ডুস্) দুষ্ট। নিষিদ্ধ। নিন্দিত। অভাব। ক্লেশ। মনস্তাপ।
দুঃখ। [ক্লেশ। মনস্তাপ।
দুঃখ, বি, ক্লী (দুঃখ্-ভাবে-অল্)
দুঃখিত, বিণ (দুঃখ+ইত, যুক্তার্থে) দুঃখযুক্ত। স্ত্রী,-তা।
দুঃখী, বিণ, পুং (দুঃখ+ইন্, অস্ত্যর্থে) দুঃখিত। দুরবস্থা-গ্রস্ত। স্ত্রী,-খিনী। [কন্যা।
দুঃশলা, বি, স্ত্রী; ধৃতরাষ্ট্রের
দুঃশাসন, বি, পুং (দুর্-শাস্-কর্ম্ম-অন) দুঃখে শাসন করা যায় যাহাকে, দুর্য্যোধনের ভ্রাতা।
দুঃশীল, বিণ (দুর্+শীল) দুশ্চরিত্র। দুর্ (দুষ্ট) হইয়াছে শীল (স্বভাব) যার, বহু।
দুঃসময়, বি, পুং (দুর্+সময়) মন্দসময়, অকাল, দুর্ভিক্ষ। কর্ম্মধা।
দুঃসহ, বিণ (দুর্-সহ্-কর্ম্ম-খল্) যাহা কষ্টে সহ্য করিতে হয়, অসহ্য।
দুঃসাধ্য, বিণ (দুর্-সাধ্-কর্ম্ম-ঘ্যণ্) কষ্টসাধ্য, দুষ্কর।
দুঃসাহস, বি, ক্লী; অসম সাহস, অনুচিত সাহস। কর্ম্মধা।
দুঃসাহসিক, বিণ (দুঃসাহস+ষ্ণিক) অসম সাহসিক, যে অনুচিত সাহস প্রকাশ করে। বি,-কতা।
দুঃস্থ, দুস্থ, বিণ (দুর্-স্থা-কর্ত্তৃ-ড) দরিদ্র। দুরবস্থাগ্রস্ত।

"ইংলণ্ডীয় দীন-দুঃস্থ সাধারণ লোকের…"
( নিভৃতচিন্তা )।

**দুঃস্বপ্ন**, বি, পুং ; অশুভ স্বপ্ন। কর্ম্মধা।

**দুকুল**, বি, ক্লী ( দু-উলচ্ ; কু আগম ) রেশমী কাপড়। সূক্ষ্ম-বস্ত্র। উত্তরীয় বস্ত্র।

**দুগ্ধ**, বি, ক্লী (দুহ্=দোহনকৃ-কর্ম্ম-ক্ত) দুধ, ক্ষীর। বিণ ; পূরিত।

**দুগ্ধপোষ্য**, বিণ ; যে কেবল দুগ্ধ পান করিয়া জীবনধারণ করে, অতি শিশু। তন্নাতৎ। স্ত্রী,-ষ্যা।

**দুধ**, ( প্রা ) বি ; দুগ্ধ। স্তন্য।

**দুন্দুভি**, বি, পুং ( দুন্দু=অব্যক্ত শব্দ-ভা-কর্ত্তৃ-ডি ) বৃহৎ ঢক্কা, নাগরা।

**দুয়া**, (প্রা) বি ; দুর্ভাগ্যবতী স্ত্রী।

**দুর্**, ব্য ; 'দুঃ' দেখ।

**দুরক্ষর**, বি, ক্লী ; কুবাক্য, কর্কশ ভাষা। দুর্ ( দুষ্ট ) যে অক্ষর ( বর্ণ, ভাষা ), কর্ম্মধা।

"যেখানে দুরক্ষরের কোন প্রয়োজন নাই, সেখানেও দুরক্ষর বলিয়া কিংবা দাম্ভিক ভাবভঙ্গী ও কঠিনতা প্রদর্শন করিয়া বৃথা দুর্ব্বিনীত হন।"
( প্রভাত চিন্তা। )

{ **দুরতিক্রম**, ( দুর্=দুঃখে-অতি-ক্রম্-কর্ম্ম-খল্ )
**দুরতিক্রমণীয়**, ( ঐ-অনীয় ) } বিণ ; যাহা অতিক্রম করা দুঃসাধ্য, দুর্লঙ্ঘ্য।

**দুরত্যয়**, বিণ ; দুস্তর। দুর্ব্বিনাশ্য। দুর্ ( দুঃখে ) হয় অত্যয় (নাশ), যার, বহু।

**দুরদৃষ্ট**, বি, ক্লী ( দুর্=দুষ্ট+অদৃষ্ট ) মন্দ ভাগ্য। কর্ম্মধা।

**দুরধিগম**, বিণ ( দুর্-অধি-গম্-কর্ম্ম-খল্ ) দুর্গম। দুর্ব্বোধ্য। দুষ্প্রাপ্য। দুর্ ( দুঃখে ) হয় অধিগম ( প্রাপ্তি) যাহার, বহু।

**দুরধিগম্য**, বিণ ( ঐ-য ) দুর্গম। দুষ্প্রাপ্য।

**দুরন্ত**, বিণ ( দুর্+অন্ত ) দুষ্ট। অশিষ্ট। অবাধ্য। কষ্টদায়ক।

**দুরপনেয়**, বিণ(দুর্-অপ-নী-কর্ম্ম-য)যাহা দূর করা কঠিন,দুর্মোচ্য।

**দুরভিসন্ধি**, বি, পুং ( দুর্=দুষ্ট+অভিসন্ধি ) মন্দ অভি-প্রায়। কর্ম্মধা।

**দুরবগাহ**, বিণ ( দুর্-অব-গাহ্-কর্ম্ম-খল্ ) দুষ্প্রবেশ্য। দুর্ব্বোধ।

"দুরবগাহ অরণ্য, উত্তুঙ্গ শৈলশেখর"
( রজনী গুপ্ত )

"প্রাকৃতিক তত্ত্ব বড়ই দুরবগাহ।"
( শান্তি কুটীর )

**দুরবস্থা**, বি, স্ত্রী ( দুর্+অবস্থা ) দুর্দ্দশা। কর্ম্মধা।

**দুরাকাঙ্ক্ষ**, বিণ ( দুর্=নিন্দিত, অনুচিত+আকাঙ্ক্ষা ) যার কিছুতেই আকাঙ্ক্ষার নিবৃত্তি হয় না। বহু।

দুরাকাঙ্ক্ষা, বি, স্ত্রী ( দুর্+আকাঙ্ক্ষা ) দুষ্প্রাপ্য বিষয়ের অভিলাষ। কর্ম্মধা।

দুরাগ্রহ, বি, পুং ( দুর্=দুষ্ট+আগ্রহ ) মন্দ অভিলাষ। মন্দ অভিনিবেশ। কর্ম্মধা। বিণ; মন্দ আগ্রহযুক্ত।

দুরাচার, বিণ (দুর্=দুষ্ট+আচার=আচরণ) দুর্ব্বৃত্ত। কদাচারী। বহু।

দুরাত্মা(ত্মন্), বিণ (দুর্+আত্মন্) দুষ্টচিত্ত, দুষ্ট স্বভাব। বহু।

দুরাধর্ষ, বিণ ( দুর্-আ-ধর্ষি-কর্ম্ম-খল্ ) দুর্দ্ধর্ষণীয়।

দুরানম্য, বিণ; যাহাকে নত করা দুঃসাধ্য।

দুরারোহ, বিণ (দুর্-আ-রুহ্-কর্ম্ম-খল্ ) যেখানে অতি কষ্টে আরোহণ করা যায়, অত্যুন্নত।

দুরাশয়, বিণ ( দুর্+আশয় ) মন্দ অভিপ্রায়যুক্ত। দুর্ (দুষ্ট) হইয়াছে আশয় ( অভিপ্রায় ) যাহার, বহু।

দুরাশা, বি, স্ত্রী; দুষ্ট আশা। দুরাকাঙ্ক্ষা। কর্ম্মধা।

দুরাসদ, বিণ ( দুর্-আ-সদ্-কর্ম্ম-খল্ ) দুর্দ্ধর্ষ। দুষ্প্রাপ্য। দুঃসহ।

দুরিত, বি, ক্লী (দুর্-ই-ভাবে-ক্ত) দুষ্কৃত, পাপ।

দুরিতদৃপ্ত, বিণ; পাপ-গর্ব্বিত। দুরিত (পাপ) দ্বারা দৃপ্ত (গর্ব্বিত) তত্রাতৎ।

"তাহারাও ফরাশির চক্ষে দুরিতদৃপ্ত দানব।" (প্রভাত চিন্তা)

দুরুক্ত, বি, ক্লী ( দুর্+উক্ত ) দুর্ব্বাক্য, গালি।

দুরুধুরা, বি, স্ত্রী; সূর্য্য ও গ্রহান্তরের মধ্যস্থলে চন্দ্রের স্থিতিরূপ যোগ বিং।

দুরূহ, বিণ ( দুর্-উহ্-কর্ম্ম-খল্ ) কঠিন, দুর্ব্বোধ। কষ্ট সাধ্য।

দুরোদর, বি, পুং; জুয়ারী। ক্লী; জুয়াখেলা।

দুর্গ, বি, ক্লী ( দুর্=দুঃখ-গম্-কর্ম্ম-ড ) গড়, কেল্লা। পুং; অসুর বিং। বিণ; দুর্গম।

দুর্গত, বিণ; দরিদ্র। দুরবস্থাগ্রস্ত।

দুর্গতি, বি, স্ত্রী; দুরবস্থা। দারিদ্র্য। দুর ( দুঃখজনক ) যে গতি, কর্ম্মধা।

দুর্গন্ধ, বি, পুং (দুর্=দুষ্ট+গন্ধ) খারাপ গন্ধ। কর্ম্মধা। বিণ; যার গন্ধ কুৎসিত। বহু।

দুর্গম, বিণ ( দুর্-গম্-কর্ম্ম-খল্ ) যেখানে অতি কষ্টে যাওয়া যায়। দুর্ব্বোধ।

দুর্গসঞ্চর, বি, পুং ( দুর্গ=দুর্গম স্থান-সম্-চর্ করণ-অল্ ) সেতু, পুল।

দুর্গা, বি, স্ত্রী ( দুর্-গম্-কর্ম্ম ড

+স্ত্রী আপ্ )। যাঁহাকে দুঃখে জানা যায়, পার্ব্বতী।

দুর্গাধ্যক্ষ, বি, পুং (দুর্গ + অধ্যক্ষ) দুর্গরক্ষক প্রধান সেনাপতি। ৬ষ্ঠীতৎ। [পূজার তিথি।

দুর্গানবমী, বি, স্ত্রী ; জগদ্ধাত্রী

দুর্গেশ, বি, পুং ( দুর্গ + ঈশ, দুর্গা + ঈশ ) দুর্গাধিপতি। শিব। ৬ষ্ঠীতৎ।

দুর্গেশনন্দিনী, বি,স্ত্রী; দুর্গাধ্যক্ষের কন্যা। দুর্গের ঈশ, তাহার নন্দিনী, দুইবার ৬ষ্ঠীতৎ।

দুর্গোৎসব, বি, পুং ; দুর্গাদেবীর পূজা জন্য উৎসব।

দুর্ঘট, বিণ ( দুর্-ঘট্-কর্ম্ম-খল্ ) যাহা অতি কষ্টে ঘটে, কঠিন।

দুর্ঘটনা, বি, স্ত্রী ; অশুভ ঘটনা, বিপদ্। কর্ম্মধা।

দুর্জ্জন, বি, পুং ; দুষ্ট লোক। খল, ক্রূর। কর্ম্মধা।

দুর্জ্জয়, বিণ ( দুর্-জি-কর্ম্ম-খল্ ) যাহাকে জয় করা কঠিন।

দুর্জ্ঞেয়, বিণ ; দুর্ব্বোধ।

দুর্দ্দম, বিণ ( দুর্-দম্--খল্ ) দুর্জ্জয়, দুর্দ্দান্ত।

{দুর্দ্দমনীয়, (দুর্-দম্-কর্ম্ম-অনীয়)
দুর্দ্দম্য, ( ঐ-য ) বিণ ; দুর্জ্জয়। দুরন্ত।

দুর্দ্দশা, বি, স্ত্রী (দুর্ + দশা) মন্দ দশা, দুরবস্থা। কর্ম্মধা।

দুর্দ্দান্ত, বিণ ( দুর্-দম্-কর্ম্ম-ক্ত ) দুর্দ্দম, অশান্ত।

দুর্দ্দিন, বি, ক্লী ( দুর্ + দিন ) মেঘাচ্ছন্ন দিন। দুঃসময়। কর্ম্মধা

দুর্দ্দৈব, বি,ক্লী; দুর্ভাগ্য। দুর্ঘটনা। বিপদ্।

দুর্দ্ধর্ষ, বিণ ( দুর্-ধৃষ্-কর্ম্ম-খল্ ) যাহাকে পরাভব করিতে পারা যায় না, অধর্ষণীয়। স্ত্রী,-র্ষা।

দুর্নয়, বি,পুং; দুষ্টনীতি, কুনীতি। দুর্ ( দুষ্ট ) যে নয় ( নীতি ), কর্ম্মধা।

দুর্নাম, বি,ক্লী ; অখ্যাতি,কলঙ্ক।

দুর্নিমিত্ত, বি, ক্লী ( দুর্ = দুষ্ট + নিমিত্ত = চিহ্ন ) অশুভসূচক চিহ্ন। কর্ম্মধা।

দুর্নিরীক্ষ্য, বিণ ( দুর্ নির্-ঈক্ষ্-কর্ম্ম-য ) যাহার প্রতি দৃষ্টিপাত করা দুঃসাধ্য।

দুর্নিবার, বিণ ( দুর্-নি-বারি-কর্ম্ম-খল্ ) যাহা নিবারণ করা দুঃসাধ্য, দুর্ব্বার, অনিবার্য্য।

দুর্নীতি, বি, স্ত্রী ; কুনীতি, অসদাচরণ। কর্ম্মধা।

দুর্ভক্ষ্য, বিণ ( দুর্-ভক্ষ্-য ) কষ্টে ভক্ষণীয়। বি, ক্লী ; খাদ্যদ্রব্যের অভাব।

দুর্ভগ, বিণ( দুর্ + ভগ = ভাগ্য ) হতভাগ্য। বহু।

দুর্ভাগ্য, বি, ক্লী ; দুরদৃষ্ট, মন্দ-

ভাগ্য। কর্ম্মধা। বিণ; হত-ভাগ্য। বহু।

দুর্ভাবনা, বি, স্ত্রী ( দুর্‌+ভাবনা) দুশ্চিন্তা। কর্ম্মধা।

দুর্ভিক্ষ, বি, ক্লী ( দুর্‌=অভাব+ভিক্ষা ) ভিক্ষার অভাব, দেশে খাদ্য দ্রব্যের অভাব, অকাল। ভিক্ষার দুর্‌ (অভাব), অব্যয়ী।

দুর্ভেদ্য, বিণ ( দুর্‌-ভিদ্‌-কর্ম্ম-ঘ্যণ্‌, ) যাহা ভেদ করা দুঃসাধ্য।

দুর্ম্মতি, বিণ; দুর্ব্বুদ্ধি। দুর্‌ (দুষ্টা) হইয়াছে মতি ( বুদ্ধি ) যার, বহু। বি; দুষ্ট বুদ্ধি। কর্ম্মধা।

দুর্ম্মদ, বিণ; অহঙ্কৃত, গর্ব্বিত।

দুর্ম্মনাঃ (নস্‌ ),বিণ; উদ্বিগ্ন চিত্ত। দুঃখিত। দুর্‌ (দুঃখিত) হইয়াছে মনঃ যার, বহু।

দুর্ম্মনায়মান,বিণ (দুর্ম্মনস্‌+ক্যঙ্‌=দুর্ম্মনায়-নামধাতু-কর্ত্তৃ-শান) আকুল চিত্ত, উদ্বিগ্ন হৃদয়।

"মন্ত্রিবর দেবব্রতকে দুর্ম্মনায়মান দেখিয়া"
( রজনী গুপ্ত )

"দেবী দুর্ম্মনায়মানা হইলে"
বিদ্যাসাগর।

দুর্ম্মুখ, বিণ; কটুভাষী। বহু। বি,পুং; শ্রীরাম চন্দ্রের গুপ্তচর।

দুর্ম্মূল্য, বিণ; মহার্ঘ, অক্রেয়। দুর্‌ ( অনুচিত, অধিক ) হইয়াছে মূল্য যার, বহু।

দুর্য্যোগ, বি, পুং; দুর্দ্দিন। দুঃসময়। কর্ম্মধা।

দুর্য্যোধন, বি, পুং ( দুর্‌-যুধ্‌-কর্ম্ম-অন ) অতিকষ্টে যাহার সহিত যুদ্ধ করিতে পারা যায়, ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র।

দুর্লক্ষ্য, বিণ ( দুর্‌-লক্ষ্‌-য ) যাহা অতিকষ্টে দেখা যায়, অদৃশ্য।

দুর্লঙ্ঘ্য, বিণ ( দুর্‌-লঙ্ঘ্‌-কর্ম্ম-য) অতিকষ্টে লঙ্ঘনীয়, অলঙ্ঘ্য।

দুর্লভ, দুর্লভ্য, বিণ ( দুর্‌-লভ্‌-কর্ম্ম-খল্‌-য) দুষ্প্রাপ্য। বহুমূল্য।

দুর্ললিত, বি, ক্লী ( দুর্‌+ললিত ) আবদার। বিণ; প্রশ্রয় প্রাপ্ত, আবদারে।

দুর্ব্বল, বিণ ( দুর্‌=হীন+বল ) বলহীন। ক্ষীণ। বহু।

দুর্ব্বহ, বিণ ( দুর্‌ বহ্‌-কর্ম্ম-খল্‌ ) অতি কষ্টে বহনীয়।

দুর্ব্বাক্য, বি, ক্লী; কটুবাক্য। অশ্লীল কথা। কর্ম্মধা।

দুর্ব্বার, বিণ (দুর্‌-বারি-কর্ম্ম-খল্‌) অনিবার্য্য।

দুর্ব্বাসাঃ(সস্‌), বি,পুং; মুনি বিং। বিণ; কুৎসিত বসনধারী।

দুর্ব্বিনীত, বিণ ( দুর্‌=না+বিনীত ) অবিনীত, উদ্ধত।

দুর্ব্বিপাক, বি, পুং ( দুর্‌+বিপাক=পরিণাম ) মন্দ পরিণাম। দুর্ঘটনা। বিণ; মন্দ পরিণাম যুক্ত।

**দুর্ব্বিসহ**, বিণ ( দুর্-বি-সহ-কর্ম্ম-খল্ ) অতি অসহ্য।

**দুর্ব্বুদ্ধি**, বিণ ( দুর্=দুষ্টা+বুদ্ধি) কুবুদ্ধিশালী। বহু। বি, স্ত্রী; মন্দ বুদ্ধি। কর্ম্মধা।

**দুর্ব্বৃত্ত**, বিণ; দুশ্চরিত্র। উদ্ধত। দুর্ ( দুষ্ট ) হইয়াছে বৃত্ত ( চরিত্র ) যার, বহু।

**দুর্ব্বোধ**, বিণ; যাহা সহজে বুঝা যায়না। দুর্ ( দুঃখে ) হয় বোধ ( জ্ঞান ) যার, বহু।

**দুলাল**, ( প্রা ) বিণ; আদরের বস্তু, বাৎসল্যের ধন।

**দুশ্চর**, বিণ ( দুর্-চর্-কর্ম্ম-খল্) দুর্গম। যাহা আচরণ করা কঠিন, দুঃসাধ্য।

"অদ্য হইতে যাবজ্জীবন দুশ্চর ব্রহ্মচর্য্যের পালন করিব।" ( রজনী গুপ্ত )

**দুশ্চরিত্র**, বিণ, অসচ্চরিত্র। দুর্ (দুষ্ট) হইয়াছে চরিত্র যার, বহু। বি, ক্লী; মন্দ স্বভাব। কর্ম্মধা।

**দুশ্ছেদ্য**, বিণ ( দুর-ছিদ্-কর্ম্ম-ঘ্যণ্) যাহা সহজে ছেদন করা যায়না।

**দুষ্কর**, বিণ ( দুর্-কৃ-কর্ম্ম-খল্ ) দুঃসাধ্য, কঠিন।

**দুষ্কর্ম্ম**, বি, ক্লী; অসৎকর্ম্ম, পাপ।

**দুষ্কর্ম্মা**, বিণ; কুক্রিয়ান্বিত, পাপী।

**দুষ্কৃত**, বি, ক্লী, ( দুর্-কৃ-কর্ম্ম-ক্ত ) দুষ্কর্ম্ম, পাপ।

**দুষ্কৃতি**, বি, স্ত্রী; ( দুর্=নিন্দিত +কৃতি=কার্য্য) দুষ্কর্ম্ম, পাপ। দুর্ভাগ্য। কর্ম্মধা।

**দুষ্ট**, বিণ ( দুষ্-কর্ত্তৃ-ক্ত ) দোষযুক্ত। দুরাত্মা। অপবিত্র। স্ত্রী,-ষ্টা।

**দুষ্টামি**, ( প্রা ) বি; দৌরাত্ম্য। খলতা। [ দুঃসাধ্য।

**দুষ্পূর**, বিণ; যাহা পূরণ করা

**দুষ্প্রবৃত্তি**, বি, স্ত্রী (দুর্+প্রবৃত্তি) মন্দ ইচ্ছা। কর্ম্মধা।

**দুষ্প্রবেশ**, বিণ ( দুর্+প্রবেশ ) যাহাতে প্রবেশ করা কঠিন। বহু।

**দুষ্প্রাপ্য**, বিণ ( দুর্-প্র-আপ্-কর্ম্ম-য ) দুর্লভ।

**দুষ্মন্ত**, **দুষ্যন্ত**, বি, পুং; চন্দ্রবংশীয় নৃপবিং, শকুন্তলার পতি।

**দুস্‌তী**, ( প্রা) বি; আস্তরণ বস্ত্রবিং।

**দুস্তর**, বিণ ( দুর্-তৃ-কর্ম্ম-খল্, যাহা পার হওয়া কঠিন।

**দুহিতা** ( তৃ ), বি, স্ত্রী ( দুহ্=দোহনক্রি-কর্ত্তৃ-তৃচ্ ) দুগ্ধ দোহন করে যে, কন্যা।

পণ্ডিতগণ বলেন যে, পূর্ব্বকালে কন্যাগণ গৃহস্থিত গাভীদোহন করিতেন; তজ্জন্য 'দুহিতা' এই নাম হইয়াছে।

**দুহ্য**, বিণ ( দুহ্-কর্ম্ম-ক্যপ্ ) দোহনযোগ্য।

**দুহ্যমান**, বিণ ( ঐ-শান ) যাহাকে দোহন করা হইতেছে। স্ত্রী,-না।

দূত, বি, পুং ( দু-কর্ত্তৃ-ক্ত ) বার্ত্তাবহ, সংবাদদাতা।
দূতি, দূতী, বি, স্ত্রী ( ঐ-ক্তিক্ ) বার্ত্তাবাহিনী। কুটনী।
দূত্য, বি, ক্লী (দূত + ষ্ণ্য) দূতের কার্য্য, দৌত্য।
দূর, বিণ (দুর্-ই-রক্) যাহা নিকট নয়। অগোচর। অত্যন্ত। বি ; অন্তর, তফাৎ।
দূরগামী, বিণ (দূর-গম-ণিন্) যে দূরে গমন করে। [হইতে।
দূরতঃ, ব্য ( দূর + তস্ ) দূর
দূরতর, বিণ ; অনেক দূরবর্ত্তী।
দূরদর্শন, বি, ক্লী ; দূরদৃষ্টি। দূরবীক্ষণ যন্ত্র। (Telescope).
দূরদর্শিতা, বি, স্ত্রী ( দূরদর্শিন্ + তা, ভাবার্থে ) বহুদর্শিতা।
দূরদর্শী ( র্শিন্ ), বি, পুং ( দূর-দৃশ্-কর্ত্তৃ-ণিন ) বহুদর্শী। পরিণামদর্শী। স্ত্রী,-র্শিনী।
দূরবর্ত্তী, বিণ (দূর-বৃত-কর্ত্তৃ-ণিন) দূরস্থিত। স্ত্রী,-র্ত্তিনী।
দূরবীক্ষণ, বি, ক্লী ( দূর-বি-ঈক্ষ্-করণ-অনট্ ) যে যন্ত্রে দূরস্থ বস্তু দেখা যায়, দূরবীণ। হল্যাণ্ড দেশীয় জন্ নামক এক পণ্ডিত এই যন্ত্রের আবিষ্কর্ত্তা। ( Telescope )
দূরস্থ, দূরস্থিত, বিণ ( দূর-স্থা-কর্ত্তৃ-ড, ক্ত ) দূরবর্ত্তী।
দূরীকরণ, বি, ক্লী ( দূর-চ্বি-কৃ-ভাবে-অনট্ ) তাড়াইয়া দেওয়া।
দূরীকৃত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) যাহাকে দূর করা হইয়াছে, তাড়িত।
দূরীভূত, বিণ (দূর-চ্বি-ভূ-কর্ত্তৃ-ক্ত) যে দূর হইয়া গিয়াছে।
দূর্ব্বা, বি, স্ত্রী ( দূর্ব্ব-কর্ত্তৃ-অন্ + স্ত্রীআপ্ ) প্রসিদ্ধ তৃণ।
দূর্ব্বাদলশ্যাম, বিণ ; দূর্ব্বাদল সদৃশ শ্যামবর্ণ। দূর্ব্বার দল, ৬ষ্ঠীতৎ, দূর্ব্বার দলবৎ শ্যাম, উপমিত কর্ম্মধা।
দূষক, বিণ ( দুষি-কর্ত্তৃ-ণক ) অপবাদক। স্ত্রী,-ষিকা।
দূষণ, বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্ ) দোষ দেওয়া। দোষ। বিণ ( ঐ-কর্ত্তৃ-অন) দোষোৎপাদক। বি, পুং ; রাক্ষস বিং।
দূষণীয়, বিণ ( ঐ-কর্ম্ম-অনীয় ) দূষ্য। নিন্দনীয়।
দূষিত, বিণ ( ঐ-ক্ত ) দোষযুক্ত। কলঙ্কিত। নিন্দিত।
দূষ্য, বিণ, ( ঐ-য ) দূষণীয়। নিন্দনীয়। স্ত্রী,-ষ্যা।
দৃক্ ( শ্ ), বি, স্ত্রী ( দৃশ্-ক্বিপ্ ) নেত্র, চক্ষুঃ। দর্শন। দৃষ্টি। জ্ঞান। বিণ ; যে দেখে।
দৃক্পাত, বি, পুং ( দৃশ্ = দৃষ্টি + পাত ) দৃষ্টিক্ষেপ। ৬ষ্ঠীতৎ।

**দৃঢ়,** বিণ (দৃহ্-কর্ত্তৃ-ক্ত) কঠিন। সমর্থ। স্থির। গাঢ়। অত্যন্ত। বি,-তা, দার্ঢ্য।

**দৃঢ়তা,** বি, স্ত্রী (দৃঢ়+তা, ভাবার্থে) কাঠিন্য। স্থিরতা। গাঢ়তা। বিণ,-ঢ়।

**দৃঢ়প্রতিজ্ঞ,** বিণ; স্থির প্রতিজ্ঞ। দৃঢ়া প্রতিজ্ঞা যার, বহু।

**দৃঢ়মুষ্টি,** বিণ; ব্যয়কুণ্ঠ, কৃপণ। বি, পুং; খড়্গ।

**দৃঢ়ব্রত,** বিণ; কার্য্যসাধনে যাহার দৃঢ় যত্ন আছে। দৃঢ় হইয়াছে ব্রত যাহার, বহু।

**দৃতি,** বি,স্ত্রী (দৃ-কর্ম্ম-ক্তি) চর্ম্ম।

**দৃতিহরি,** বি, পুং (দৃতি-হৃ-কর্ত্তৃ-ই) কুক্কুর।

**দৃন্‌ভূ,** বি, পুং (দৃভ্-অপা-কূ; ন-আগম) বজ্র। সূর্য্য। সর্প।

**দৃপ্ত,** বিণ (দৃপ্-কর্ত্তৃ-ক্ত) গর্ব্বিত। উদ্ধত। বি, দর্প। [জ্ঞান।

**দৃশা,** বি, স্ত্রী; নেত্র। দর্শন।

**দৃশদ্, দৃষদ্,** বি, স্ত্রী (দৃ-অধি-শদ্, ষদ্) প্রস্তর।

**দৃশদ্বতী,** বি, স্ত্রী (দৃশদ্=প্রস্তর +বতু, অস্ত্যর্থে) নদী বিং।

**দৃশ্য,** বিণ (দৃশ্-কর্ম্ম-ক্যপ্) দর্শনযোগ্য। সুশ্রী।

**দৃশ্যকাব্য,** বি, ক্লী; নাটকাদি। 'কাব্য' দেখ।

**দৃষ্ট,** বিণ (দৃশ্-কর্ম্ম-ক্ত) যাহা দেখা গিয়াছে।

**দৃষ্টান্ত,** বি, পুং (দৃষ্ট+অন্ত) উদাহরণ। কাব্যালঙ্কার বিং। উপমান। দৃষ্ট হয় অন্ত যাহাতে, বহু।

**দৃষ্টি,** বি, স্ত্রী (দৃশ্-ভাবে-ক্তি) দর্শন। (ঐ-করণ-ক্তি) নয়ন।

**দৃষ্টিগোচর,** বিণ; নেত্রপথবর্ত্তী। দৃষ্টির (চক্ষুর) গোচর (বিষয়ীভূত), ৬ষ্ঠীতৎ।

**দৃষ্টিপাত,** বি, পুং; নেত্রপাত, চাওয়া। ৬ষ্ঠীতৎ।

**দৃষ্টিবিক্ষেপ,** বি, পুং (দৃষ্টি=চক্ষুঃ +বিক্ষেপ=ক্ষেপণ) কটাক্ষ। ৬ষ্ঠীতৎ।

**দৃষ্টিবিজ্ঞান,** বি ক্লী; আলোক ও দর্শনবিষয়ক শাস্ত্র। (Optics).

**দেউটী,** (প্রা, পদ্যে) বি; প্রদীপ, বাতি।

"—আহা মরি সুবর্ণ দেউটী
তুলসীর মূলে"।— (মেঘনাদ বধ)।

**দেউড়ী,** (প্রা) বি; বহির্দ্বার, ফটক। [লয়, মন্দির। মঠ।

**দেউল,** (প্রা, পদ্যে) বি; দেবা-

**দেউলিয়া,** (প্রা) বিণ; গতসর্ব্বস্ব, যার টাকাকড়ি কিছুই নাই।

**দেওয়াল,** (প্রা), বি; প্রাচীর।

**দেখন, দেখা,** (প্রা) বি; দর্শন।

**দেখাদেখি,** (প্রা) বি; পরস্পর দৃষ্টি। দৃষ্টানুকরণ।

দেখান, ( প্রা ) বি ; প্রদর্শন।
দেড়ি, (প্রা) বি ; গৌণ, বিলম্ব।
দেয়, বিণ (দা-কর্ম্ম-য) দানযোগ্য
দেদীপ্যমান, বিণ ( দীপ-যঙ্-কর্ত্তৃ -শান ) জাজ্বল্যমান। অতিশয় দীপ্তিবিশিষ্ট।
দেনা, (প্রা) বি ; ধার, কর্জ্জ।
দেয়াল, ( প্রা ) বি ; প্রাচীর।
দেরুকা, ( প্রা ) বি ; দীপাধার।
দেব, বি, পুং ( দিব্=স্বর্গে ক্রীড়াকৃ-কর্ত্তৃ-অন্ ) ঈশ্বর। স্বর্গবাসী, দেবতা। ব্রাহ্মণ। রাজা। ক্লী ; ইন্দ্রিয়। দীপ্তি।
দেবকার্য্য, বি,ক্লী ; পূজা। যজ্ঞ।
দেবকী, দৈবকী, বি,স্ত্রী (দেবক +ষ্ণ, অপত্যার্থে+স্ত্রী ঈপ্) শ্রীকৃষ্ণের মাতা। [ ৬ষ্ঠীতৎ।
দেবকীনন্দন, বি, পুং ; শ্রীকৃষ্ণ।
দেবখাত, বি, ক্লী ; অকৃত্রিম জলাশয়।
দেবগুরু, বি, পুং ; বৃহস্পতি। ৬ষ্ঠীতৎ।
দেবতরু, বি,পুং ; মন্দার, পারিজাত, সন্তান,কল্পবৃক্ষ,হরিচন্দন, এই পঞ্চ বৃক্ষ।
দেবতা, বি, স্ত্রী ( দেব+তা, স্বার্থে ) দেব, অমর।
দেবত্র, বিণ ( দেব-ত্রৈ-কর্ত্তৃ-ড ) দেব সেবার্থে দত্ত ( ভূম্যাদি )।
দেবত্ব, বি, ক্লী ( দেব+ত্ব, ভাবার্থে ) দেবভাব, দেবতার ধর্ম্ম, গুণ বা অবস্থা।
দেবদত্ত, বি,পুং ; অর্জ্জুনের শঙ্খ। ব্যক্তি বিং। বিণ ; দেবতাকে দত্ত। ৪র্থী তৎ। দেবতা কর্ত্তৃক দত্ত। ৩য়াতৎ।
দেবদারু, বি, পুং ; স্বনামখ্যাত বৃক্ষ। দেবপ্রিয় হইয়াছে দারু ( কাষ্ঠ ) যাহার, বহু।
দেবদেব, বি, পুং ; ব্রহ্মা। বিষ্ণু। শিব। ৬ষ্ঠীতৎ।
দেবন, বি, ক্লী ( দিব্-অনট্ ) ক্রীড়া। স্তুতি। জিগীষা। দীপ্তি। ব্যবহার। দুঃখ। ক্রীড়াস্থান। পুং ; পাশক।
দেবনদী, বি, স্ত্রী ; গঙ্গা।
দেবপথ, বি, পুং ; আকাশ। ছায়াপথ। ৬ষ্ঠীতৎ।
দেবমণি, বি, পুং ; কৌস্তুভ। অশ্বের গলদেশস্থ রোমাবর্ত্ত।
দেবমাতা, বি, স্ত্রী ; অদিতি।
দেবমাতৃক, বিণ ; বৃষ্টি জলে উৎপন্ন শস্যে পালিত ( দেশ )। দেব ( ইন্দ্র, মেঘ ) হইয়াছে মাতৃ স্বরূপ যাহার, বহু।

যে দেশে বৃষ্টিজলের সাহায্যে শস্যোৎপত্তি হয় তাহা দেবমাতৃক দেশ, যে দেশে নদীর জলসাহায্যে শস্যোৎপাদন হয় তাহা নদীমাতৃক। ভারতবর্ষ দেবমাতৃক দেশ, কিন্তু বঙ্গদেশকে নদীমাতৃকও বলা যায়।

দেবমাস, বি, পুং ; মনুষ্যলোকের ত্রিশ বৎসর। গর্ভের অষ্টম মাস।
দেব যজি, বি, পুং ( দেব-যজ্-কর্ত্তৃ-ই ) দেব পূজক, মুনি প্রভৃতি।
দেবযান, বি, ক্লী ; দেবরথ, ব্যোমযান। ৬ষ্ঠীতৎ।
দেবযানি ( নী ) বি, স্ত্রী ; শুক্রাচার্য্যের কন্যা।
দেবযুগ, বি, পুং ; সত্যযুগ।
দেবযোনি, বি, পুং ; উপদেবতা, বিদ্যাধর প্রভৃতি। দেব হইয়াছে যোনি ( উৎপত্তিস্থল ) যাহার, বহু।
দেবর, বি, পুং ( দিব্-কর্ত্তৃ-অরন্ ) পতির কনিষ্ঠ ভ্রাতা।
দেবরাজ, বি, পুং ; ইন্দ্র।
দেবগণের রাজা, ৬ষ্ঠীতৎ।
দেবরাত, বি,পুং ( দেব-রা-কর্ম্ম-ক্ত ) পরীক্ষিৎ রাজা। বিণ ; দেবদত্ত।
দেবর্ষি, বি, পুং ( দেব + ঋষি ) যিনি দেব হইয়া ঋষি হন, তাঁহাকে দেবর্ষি বলে, নারদাদি। দেব অথচ ঋষি, কর্ম্মধা।
দেবল, বি, পুং ( দেব-লা-কর্ত্তৃ-ড ) পূজারি ব্রাহ্মণ মুনি বিং।
দেবলোক, বি,পুং; স্বর্গ। ৬ষ্ঠীতৎ।
দেবব্রত, বি, পুং ; ভীষ্ম। দেব ( ইন্দ্রিয় সংযম ) হইয়াছে ব্রত যাঁহার, বহু।
দেববাণী, বি, স্ত্রী ; আকাশ বাণী, দেবতার প্রত্যাদেশ।
দেবসাৎ, বিণ ( দেব + সাৎ ) দেবতার অধীন।
দেব সাযুজ্য, বি, ক্লী ; দেব-সাদৃশ্য। ৬ষ্ঠীতৎ।
দেবসেনা, বি, স্ত্রী ; ইন্দ্রকন্যা, কার্ত্তিকেয়ের পত্নী। দেব-সৈন্য।
দেবসেনাপতি, বি, পুং ; কার্ত্তি-[কেয়।
দেবস্ব, বি, ক্লী ; দেবসেবার জন্য নিয়োজিত ধন বা সম্পত্তি। দেবের স্ব ( ধন ), ৬ষ্ঠীতৎ।
দেবহুতি, বি, স্ত্রী ; স্বায়ম্ভুব মনুর কন্যা।
দেবাজীব বি, পুং ( দেব + আজীব ) পূজারি ব্রাহ্মণ। বহু।
দেবাত্মা, বিণ ( দেব + আত্মন্ ) দেবতাস্বরূপ।
দেবালয়, বি, পুং ( দেব + আলয় ) দেব গৃহ, মন্দির প্রভৃতি। স্বর্গ।
দেবী, বি, স্ত্রী ( দেব + স্ত্রী ঈপ্ ) স্ত্রী দেবতা। দুর্গা। ব্রাহ্মণী।
দেশ, বি, পুং ( দিশ্-কর্ম্ম-অল্ ) পৃথিবীর অংশ বিং। রাজ্য। অংশ, ভাগ, যথা—
নিম্নদেশ, পৃষ্ঠদেশ।

দেশদেশান্তর, বি, ক্লী ; এক-দেশ হইতে অন্য দেশ, নানা দেশ। দ্বন্দ্ব বা ৫মীতৎ।

দেশাচার, বি,পুং(দেশ+আচার) দেশের রীতি।

দেশান্তর, বি, ক্লী ( দেশ+অন্তর =অন্য ) অন্য দেশ, বিদেশ। কর্ম্মধা।

দেশী, দেশীয় বিণ ( দেশ+ইন্, নীয়, ভবাদ্যর্থে ) দেশ সম্বন্ধীয়।

দেহ, বি, পুং, ক্লী ( দিহ্-কর্ম্ম-অল্ ) শরীর।

দেহত্যাগ, বি, পুং ; আত্মার দেহ ছাড়িয়া যাওয়া, মৃত্যু। ৬ষ্ঠীতৎ।

দেহপাত, বি, পুং ; শরীরের পতন, মৃত্যু। ৬ষ্ঠীতৎ।

দেহভৃৎ, বি, পুং ( দেহ-ভৃ-কর্ত্তৃ-ক্বিপ্ ) জীব, প্রাণী।

দেহযাত্রা, বি, স্ত্রী ; যদ্দ্বারা জীবন ধারণ হয়, সংসার যাত্রা। ৬ষ্ঠীতৎ।

দেহলী, বি, স্ত্রী ; চৌকাঠের উপরিস্থ ফলক। বারান্দা।

দেহাত্মবাদী, বি, পুং ; যাহাদের মতে দেহই আত্মা, চার্ব্বাক, বৌদ্ধ বিং।

দেহান্তর, বি, ক্লী ( দেহ+অন্তর =অন্য ) অন্যদেহ। কর্ম্মধা।

দেহী, বি, পুং ( দেহ+ইন্, অস্ত্যর্থে ) শরীরী, প্রাণী। আত্মা।

দৈতেয়, দৈত্য, বি, পুং ( দিতি +ঢেয়, ষ্ণ্য, অপত্যার্থে ) দিতিপুত্র, অসুর।

দৈত্যগুরু, বি, পুং ; শুক্রাচার্য্য। ৬ষ্ঠীতৎ।

দৈত্যপতি, বি, পুং ; হিরণ্য-কশিপু। ৬ষ্ঠীতৎ।

দৈনন্দিন, বিণ ( দিন দিন+ষ্ণ, ভাবার্থে) প্রাত্যহিক। স্ত্রী,-নী।

দৈনিক, বিণ ( দিন+ষ্ণিক, ভাবার্থে ) প্রাত্যহিক।

দৈন্য, বি, ক্লী ( দীন+ষ্ণ্য, ভাবার্থে ) দীনতা, দারিদ্র্য। কাতরতা। কৃপণতা।

দৈর্ঘ্য, বি,ক্লী (দীর্ঘ+ষ্ণ্য, ভাবার্থে ) দীর্ঘতা, লম্বা পরিমাণ।

দৈব, ( দেব+ষ্ণ, ভবাদ্যর্থে ) দেবসম্বন্ধীয়। অলৌকিক। বি, ক্লী ; ভাগ্য। পুং ; বিবাহ বিং। স্ত্রী,-বী।

দৈবগতি, বি,স্ত্রী ; দৈবের গতি। দৈবঘটনা।

দৈব ঘটনা, বি, স্ত্রী ; অসম্ভাবিত [ ব্যাপার।

দৈবজ্ঞ, বি, পুং ( দৈব=পূর্ব্ব-কৃত শুভাশুভ কর্ম্ম-জ্ঞা-কর্ত্তৃ-ড ) শুভাশুভ জ্ঞাতা, গণক। স্ত্রী,-জ্ঞা।

দৈবত, বি, পুং, ক্লী ( দেবতা+

ক, স্বার্থে ) দেবতা। স্ত্রী; দেবতাসমূহ। বিণ; দেবতা সম্বন্ধীয়।

দৈবদুর্বিপাক, বি, পুং; ভাগ্য বিপর্য্যয়। দুর্ (দুষ্ট) যে বিপাক (পরিণাম) ইতি দুর্বিপাক, কর্ম্মধা; দৈবের ভাগ্যের দুর্বিপাক (মন্দপরিণাম), ৬ষ্ঠী-তৎ।

দৈবযোগ, বি, পুং; দৈবঘটনা।

দৈবযোগে, ক্রি, বিণ; দৈবের গতিক্রমে, দৈববশতঃ।

দৈববাণী, বি, স্ত্রী; আকাশবাণী, দেবতার প্রত্যাদেশ। কর্ম্মধা।

দৈব বিড়ম্বনা, বি, স্ত্রী; দৈবের প্রতিকূলতা।

দৈবাৎ, ব্য (দৈব-অত-কর্ত্তৃ-ক্বিপ্) হঠাৎ। দৈব বশতঃ।

দৈবাদেশ, বি, পুং (দেব+আদেশ) দৈব বাণী। কর্ম্মধা।

দৈবিক, বিণ (দেব+ষ্ণিক, ভবাদ্যর্থে) দৈবঘটিত।

দৈবী, বি, স্ত্রী; দৈবঘটনা। বিণ; দেবসম্বন্ধিনী।

দৈবোপহত, বিণ; হতভাগ্য। বহু।

দৈষ্টিক, বিণ (দিষ্ট+ষ্ণিক) যে কেবল ভাগ্যের উপর নির্ভর করে।

দৈহিক, বিণ (দেহ+ষ্ণিক, ইদমর্থে) দেহসম্বন্ধীয়, শারীরিক।

দোঁহা, (প্রা, পাস্ত) শ্লোক বিং। দুইজন।

দো-আঁশলা, (প্রা) বিণ; বিভিন্ন জাতির সম্মিলনে জাত, শঙ্কর।

"যে এক প্রকার দো-আঁশলা কাপাস উৎপন্ন হয়" জ্যোতিরিন্দ্র।

দোকর, (প্রা) দুইবার।

দোকান (যা) বি; পণ্যালয়।

দোতালা, (প্রা) দ্বিতল গৃহ।

দোগ্ধা (গ্ধৃ) বিণ (দুহ্-কর্ত্তৃ-তৃণ্) দোহন কর্ত্তা। স্ত্রী,-গ্ধ্রী।

দোগ্ধ্রী, বিণ, স্ত্রী (দোগ্ধৃ+স্ত্রী ঈপ্) দোহন কর্ত্রী। বি, স্ত্রী; দুগ্ধবতী ধেনু।

দোদুল্যমান, বিণ (দুল্-যঙ্-কর্ত্তৃ-শান) যাহা পুনঃ পুনঃ দুলিতেছে। স্ত্রী,-না।

দোপাটী, (প্রা) বি; দুইবৃন্ত বিশিষ্ট পুষ্প বিং।

দোয়াত, (যা) বি; মস্যাধার।

দোর্দণ্ড, বি, পুং (দোষ্=বাহু+দণ্ড) বাহুরূপ দণ্ড, রূপক কর্ম্মধা।

দোর্দণ্ডপ্রতাপ, বি, পুং; ভুজপ্রভাব, বাহুবল। দোর্দণ্ডের (বাহুদণ্ডের) প্রতাপ, ৬ষ্ঠী তৎ।

দোল, বি, পুং; দোলা। ডোল। দোলযাত্রা; দোলন।

দোলক, বি, পুং (দুল্-ণক) সুক্ষ্ম সূত্রাদিতে বদ্ধ দোলায়মান ভারী বস্তু। (Pendulum).

দোলন, বি ক্লী (দুল্‌-ভাবে-অনট্‌) কম্পন। ঝুলন। হিন্দোল।
দোলা, (প্রা) বি ; শিবিকা বিং।
দোলায়মান, বিণ (দোল+ঙ্য=দোলায় নামধাতু-কর্ত্তৃ-শান) যাহা দুলিতেছে, দোদুল্যমান। চঞ্চল। সন্দিহান, সংশয়ারূঢ়। স্ত্রী,-না।

"গান্ধাররাজ সুবল, ধৃতরাষ্ট্র অন্ধ বলিয়া প্রথমে কন্যাদানে দোলায়মান-চিত্ত হইলেন" (রজনী গুপ্ত)।

দোষ, বি, পুং (দুষ্‌-ভাবে-অল্‌) পাপ। অপরাধ। কলঙ্ক। অনিষ্ট। কুকর্ম্ম। ত্রুটি। অনিয়ম। বিণ, দুষ্ট।
দোষগ্রাহী, বিণ (দোষ-গ্রহ্‌-কর্ত্তৃ-ণিন্‌) যে দোষ গ্রহণ করে, দুর্জ্জন। স্ত্রী,-হিণী।
দোষজ্ঞ, বি, পুং (দোষ-জ্ঞা-কর্ত্তৃ-ড) কাব্যাদির দোষবিৎ পণ্ডিত। বিণ; যেদোষ জানে।
দোষা, ব্য ; রাত্রি, রজনী।
দোষাকর, বি, পুং ; চন্দ্র। দোষা (রাত্রিতে) কর (কিরণ) যাহার, বহু। বিণ (দোষ+আকর) বহুদোষযুক্ত।
দোষাবহ, বিণ (দোষ-আ-বহ্‌-কর্ত্তৃ-অন্‌) দোষজনক।
দোষী (ষিন্‌) বিণ(দোষ+ইন্‌, অস্ত্যর্থে) দোষযুক্ত, অপরাধী। স্ত্রী,-ষিণী।
দোষৈকদর্শী (র্শিন্‌) বিণ (দোষ+এক=কেবল+দর্শিন্‌) গুণ পরিত্যাগ করিয়া যে কেবল দোষ দেখে।
দোষ্‌, দোস্‌, বি, পুং (দম্‌-করণ-ডোস্‌) বাহু, ভুজ।
দোসর (প্রা) বিণ ; সঙ্গী। সহকারী। দ্বিতীয়।
দোহক, বিণ (দুহ্‌-কর্ত্তৃ-ণক) দোহনকারী। স্ত্রী,-হিকা।
দোহদ, বি, ক্লী (দোহ=তৃপ্তি-দা কর্ত্তৃ-ড) গর্ভিণীর স্পৃহা, সাধ। ইচ্ছা। গর্ভ।
দোহদবতী, বিণ, স্ত্রী(দোহদ+বতু, অস্ত্যর্থে+স্ত্রী ঈপ্‌) গর্ভিণী।
দোহন, বি, ক্লী (দুহ্‌-ভাবে-অনট্‌) দুগ্ধাকর্ষণ।
দোহনী, বি, স্ত্রী (ঐ-অধি-অনট্‌+স্ত্রী ঈপ্‌) দোহন পাত্র।
দোহাই, (প্রা) বি ; দিব্য, শপথ। রক্ষা প্রার্থনা। [সহযোগী।
দোহার, (প্রা) বি ; উত্তরসাধক,
দোহারা (প্রা) ক্রি, বিণ; দুইবার।
দোহ্য, বিণ (দুহ্‌-কর্ম্ম-য) দোহন যোগ্য।
দৌড়ন, (প্রা) বি ; ধাবন।
দৌত্য, বি, ক্লী (দূত+ষ্ণ্য, ভাবার্থে) দূতের কর্ম্ম।
দৌরাত্ম্য, বি, ক্লী (দুরাত্মন্‌+

ষ্য, ভাবার্থে ) দুর্বৃত্ততা। অত্যাচার।

দৌর্ভাগিনেয়, বি, পুং ( দুর্ভাগা + ষ্ণেয় ) ভাগ্যহীনার সন্তান।

দৌর্মনস্য, বি, ক্লী (দুর্মনস্ + ষ্য, ভাবার্থে ) দুর্ভাবনা, উদ্বেগ।

দৌর্ব্বল্য, বি, ক্লী ( দুর্ব্বল + ষ্য, ভাবার্থে ) দুর্ব্বলতা, ক্ষীণতা।

দৌহৃদ, বি, ক্লী ( দ্বিহৃদয়া + ষ্ণ, নি ) গর্ভ। গর্ভিণীর স্পৃহা।

দৌলত, (যা) বি ; বিভব, ধন।

দৌবারিক, বি,পুং (দ্বার + ষ্ণিক নিযুক্তার্থে; ব = ঔব) দ্বারপাল, দ্বাররক্ষক। স্ত্রী,-কা।

দৌষ্কুলেয়, বিণ ( দুষ্কুল + ষ্ণেয়) নীচ বংশোদ্ভব।

দৌহিত্র, বি, পুং ( দুহিতৃ = কন্যা + ষ্ণ, অপত্যার্থে ) দুহিতার পুত্র। স্ত্রী, ত্রী।

দ্যু, বি, ক্লী ( দিব্-কর্ত্তৃ ক্বিপ্ ) দিন। আকাশ। স্বর্গ। পুং ; সূর্য্য। অগ্নি।

দ্যুতি, বি, স্ত্রী ( দ্যুত্-ভাবে-ক্তি ) দীপ্তি, প্রভা। শোভা।

দ্যুতিমান্, বিণ, পুং ( দ্যুতি = দীপ্তি + মতু, অস্ত্যর্থে ) দীপ্তি-শালী, উজ্জ্বল। স্ত্রী,-মতী।

দ্যুমণি, বি, পুং ( দ্যু = আকাশ + মণি ) সূর্য্য।

দ্যুমৎসেন, বি, পুং ; নৃপ বিং, সত্যবানের পিতা।

দ্যুম্ন, বি, ক্লী ( দ্যু-ম্না-কর্ত্তৃ-ড ) ধন। স্বর্ণ। সামর্থ্য।

দ্যুলোক, বি, পুং (দিব্ + লোক) স্বর্গ। : [ ক্বিপ্ ) দেবতা।

দ্যুসৎ, বি, পুং ( দিব্-সদ্-কর্ত্তৃ

দ্যূত, বি,পুং,ক্লী (দিব্ = ক্রীড়াক্ -কর্ত্তৃ-ক্ত ) পাশাখেলা।

দ্যূতকার, বি, পুং (দ্যূত-কৃ-কর্ত্তৃ-ষণ্ ) পাশক্রীড়ক, জুয়ারি।

দ্যূন, বিণ ( দিব্ কর্ত্তৃ-ক্ত ) ক্রীড়াশীল।

দ্যো, বি, স্ত্রী ( দিব্-অধি-ডো ) স্বর্গ। আকাশ।

দ্যোত, বি, পুং (দ্যুত্-ভাবে-অল্) দীপ্তি। আতপ।

দ্যোতক, বিণ ( দ্যুত-কর্ত্তৃ-ণক ) ব্যঞ্জক, সূচক। প্রকাশক। স্ত্রী,-তিকা।

দ্যোতিত, বিণ ( দ্যোতি-কর্ম্ম-ক্ত, দীপিত। প্রকাশিত।

দ্রঢ়িমা ( মন্ ), বি, পুং ( দৃঢ় + ইমন্, ভাবার্থে ) দৃঢ়তা, কাঠিন্য।

দ্রব, বিণ ( দ্রু-কর্ত্তৃ-অন্ ) তরল। বিং,পুং; রস। ( দ্রৈ-ভাবে-অল্ ) ক্ষরণ, গলন। গতি।

দ্রবত্ব, বি,ক্লী (দ্রব + ত্ব, ভাবার্থে ) তরলতা।

দ্রবিণ, বি, ক্লী ( দ্রু-কর্ত্তৃ-ইন্ ) ধন। সুবর্ণ। পরাক্রম।

দ্রবীকৃত, বিণ ( দ্রব + চ্বি = দ্রবী -কৃ-কর্ম্ম-ক্ত) যাহা গলান গিয়াছে।
দ্রবীভাব, বি, পুং ( দ্রব + চ্বি = দ্রবী-ভূ-ভাবে-ঘঞ্ ) দ্রবণ, গলিয়া যাওয়া।
দ্রবীভূত, বিণ ( দ্রব + চ্বি = দ্রবী -ভূ-কর্ত্তৃ-ক্ত ) বিগলিত।
দ্রব্য, বি, ক্লী ( দ্রু-কর্ম্ম-য ) বস্তু, পদার্থ।
দ্রষ্টব্য, বিণ ( দৃশ্-কর্ম্ম-তব্য ) দর্শনযোগ্য।
দ্রষ্টা ( ষ্টৃ ) বিণ ( দৃশ-কর্ত্তৃ-তৃন্ ) দর্শক। সাক্ষী। স্ত্রী, ষ্ট্রী।
দ্রাক্, ব্য ( দ্রা-কর্ত্তৃ-কক্ ) শীঘ্র।
দ্রাক্ষা, বি, স্ত্রী ( দ্রাক্ষ্ = ইচ্ছা কৃ-কর্ম্ম-অল্ + স্ত্রী আপ্ ) সুস্বাদুতা হেতু লোকে যাহাকে ভক্ষণ করিতে ইচ্ছা করে, আঙ্গুর। কিস্‌মিস্। মনাক্কা।
দ্রাঘিমা, ( মন্ ) বি, পুং ( দীর্ঘ + ইমন্, ভাবার্থে ) দৈর্ঘ্য।
দ্রাঘিষ্ঠ, বিণ ( দীর্ঘ + ইষ্ঠ, অত্যর্থে ) অতিশয় দীর্ঘ।
দ্রাবক, বিণ ( দ্রাবি-কর্ত্তৃ-ণক ) যে গলায়। বি, পুং ; রস বিং।
দ্রাবিড়, বি, পুং ( দ্রবিড় + ষ্ণ ) মান্দ্রাজ হইতে কুমারিকা অন্তরীপ পর্য্যন্ত দেশ বিং। তদ্দেশীয় লোক। [ শাপা।
দ্রু, বি, পুং ( দ্রু-কর্ত্তৃ-ডু ) বৃক্ষ।
দ্রুত, বিণ ( দ্রু-কর্ত্তৃ-ক্ত ) দ্রবীভূত। শীঘ্র।
দ্রুতগামী, বিণ ( দ্রুত-গম-ণিন্ ) শীঘ্রগামী। [পা ফেলিয়া।
দ্রুতপদে, ক্রি, বিণ ; শীঘ্র শীঘ্র
দ্রুপদ, বি, পুং ; চন্দ্রবংশীয় নৃপ বিং, দ্রৌপদীর পিতা।
দ্রুম, বি, পুং ( দ্রু-কর্ত্তৃ-মক্ ) বৃক্ষ। কুবের। [ ব্রহ্মা।
দ্রুহিণ, বি, পুং ( দ্রুহ্-কর্ত্তৃ-কিন )
দ্রোণ, বি, পুং, ক্লী ( দ্রু-কর্ত্তৃ-ন ) পরিমাণ পাত্র বিং দাঁড়কাক। পুষ্প বিং। মেঘ বিং। পুং ( দ্রোণী = ডোঙা + ষ্ণ ) কুরুবংশের শস্ত্রগুরু দ্রোণাচার্য্য।
দ্রোণাচার্য্য, বি, পুং ( দ্রোণ + আচার্য্য = গুরু ) 'দ্রোণ' দেখ।
দ্রোণি ( ণী ), বি, স্ত্রী ( দ্রু-কর্ত্তৃ-নি ) ডিঙ্গী। ডোঙ্গা। জলসেচনী। জলের গামলা। গরুর গামলা। দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী স্থান।
দ্রোহ, বি, পুং ( দ্রুহ্-ভাবে-অল্ ) অপকার চেষ্টা। অনিষ্টাচরণ। বিণ, -হী।
দ্রোহিতা, বি, স্ত্রী ( দ্রোহিন্ + তা, ভাবার্থে ) অনিষ্টাচরণ।
দ্রোহী ( হিন্ ) বিণ ( দ্রুহ-কর্ত্তৃ-ণিন্ ) অপকারী। অনিষ্টচিন্তাকারী। স্ত্রী, -হিণী। বি, -হিতা।

**দ্রৌণায়ন** ( দ্রোণা + ষ্ণায়ন ) }
**দ্রৌণি** ( ঐ + ষ্ণি অপত্যার্থে) }
বি. পুং; দ্রোণপুত্র, অশ্বত্থামা।

**দ্রৌপদী,** বি, স্ত্রী ( দ্রুপদ + ষ্ণ, অপত্যার্থে + স্ত্রীঈপ্ ) পঞ্চ পাণ্ডবের পত্নী।

ইঁহার প্রকৃত নাম কৃষ্ণা। দ্রুপদ রাজার কন্যা বলিয়া ইঁহার নাম দ্রৌপদী। দ্রুপদের অন্য নাম যজ্ঞসেন, এই জন্য ইনি যাজ্ঞসেনী নামেও অভিহিতা। এবং পঞ্চাল দেশে জন্ম হওয়ায় ইঁহার নাম পাঞ্চালী হইয়াছে।

**দ্বন্দ্ব,** বি, ক্লী (দ্বি + দ্বি, নি) যুগ্ম। স্ত্রীপুরুষ, মিথুন। শীতোষ্ণ, সুখ দুঃখ ইত্যাদি বিরুদ্ধ যুগ্ম। কলহ। যুদ্ধ। পুং; সমাসবিং।

**দ্বন্দ্বচর,** বি, পুং ( দ্বন্দ্ব = মিথুন-চর্-কর্তৃ-অন্ ) চক্রবাকপক্ষী।

**দ্বন্দ্বযুদ্ধ,** বি, ক্লী; দুই ব্যক্তির পরস্পর যুদ্ধ, মল্লযুদ্ধ।

**দ্বয়,** বি, ক্লী ( দ্বি + অয়ট্ ) দুই সংখ্যা যুগ্ম। বিণ; দুই। স্ত্রী,-য়ী।

{ **দ্বাঃস্থ, দ্বাস্থ** ( দ্বার-স্থা-কর্তৃ ড )
{ **দ্বাঃস্থিত, দ্বাস্থিত** (দ্বার + স্থিত)
বিণ; দ্বারেস্থিত। বি, পুং; দ্বারপাল।

[ ল্লিশ, ৪২।

**দ্বাচত্বারিংশৎ,** বিণ, স্ত্রী; বিয়া-

**দ্বাত্রিংশৎ** বিণ, স্ত্রী; বত্রিশ, ৩২।

**দ্বাদশ** ( ন্ ), বিণ ( দ্বি + দশন্ ) বার সংখ্যা।

**দ্বাদশ,** বিণ ( দ্বাদশন্ + ডট্, পূরণার্থে ) ১২ সংখ্যার পূরণ। স্ত্রী,-শী।

**দ্বাদশাত্মা** (ত্মন) বি, পুং; সূর্য্য।

**দ্বাপর,** বি, পুং ( দ্বি + পর ) তৃতীয় যুগ। দ্বির ( দুই যুগের) পর ( অনন্তর ভব ), ৬ষ্ঠীতৎ।

{ **দ্বার,** বি, ক্লী ( দারি-কর্তৃ-অন্ )
{ **দ্বার্,** বি, স্ত্রী (ঐ-বিচ্) দরজা। কবাট। সম্মুখ। উপায়।

**দ্বারকা,** বি, স্ত্রী ( দ্বার-কৈ-কর্তৃ-ড + স্ত্রীআপ্ ) শ্রীকৃষ্ণের পুরী, হিন্দুদিগের পবিত্র তীর্থ স্থান।

**দ্বারকেশ,** বি,পুং (দ্বারকা + ঈশ) শ্রীকৃষ্ণ। ৬ষ্ঠীতৎ।

**দ্বারপাল,** বি, পুং ( দ্বার-পালি-কর্তৃ-অন ) দ্বাররক্ষক।

{ **দ্বারবতী,** (দ্বার = [মোক্ষেরপন্থা] + বতু + স্ত্রীঈপ্ )
{ **দ্বারাবতী,** ( দ্বার + ডাচ্ + বতু + স্ত্রীঈপ্ ) বি, স্ত্রী; দ্বারকাপুরী।

**দ্বারবান,** বি, পুং ( দ্বার + বতু ) দ্বারপাল। স্ত্রী,-বতী।

**দ্বারস্থ,** বিণ ( দ্বার-স্থ-কর্তৃ-ড) যে দ্বারে দণ্ডায়মান থাকে, শরণাগত। দ্বারপাল।

**দ্বারিক, দ্বারী,** বি, পুং ( দ্বার + ষ্ণিক, ইন্ ) দ্বারপাল।

**দ্বারিকা,** বি. স্ত্রী ( দ্বার + কণ্ + স্ত্রীআপ্ ) দ্বারকাপুরী।

**দ্বাবিংশতি,** বিণ, স্ত্রী; বাইশ, ২২।

দ্বি, বিণ ( দ্বৃ-কর্ত্তৃ ডি ) দুই।
দ্বিগুণ, দ্বিগুণিত, বিণ; যাহাকে দুই দিয়া গুণ করা গিয়াছে।
দ্বিগুণীকৃত, বিণ ( দ্বিগুণ + চ্বি = দ্বিগুণী-কৃ-কর্ম্ম-ক্ত ) যাহাকে দ্বিগুণ করা গিয়াছে।
দ্বিজ, বি, পুং ( দ্বি-জন্ কর্ত্তৃ-ড ) দ্বিজাতি; ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, ( মাতৃ গর্ভ হইতে উৎপত্তি ও উপনয়ন সংস্কার এই দুই জন্ম)। দন্ত। অণ্ডজ প্রাণী, পক্ষী, সর্প প্রভৃতি (ডিম্ব ও শাবকরূপ দুই জন্ম )।
দ্বিজরাজ, বি, পুং; চন্দ্র। ব্রাহ্মণ। গরুড়। অনন্ত। দ্বিজগণের রাজা, ৬ষ্ঠীতৎ।
দ্বিজবর, দ্বিজসত্তম, দ্বিজোত্তম, বি, পুং; শ্রেষ্ঠ ব্রাহ্মণ। দ্বিজগণের মধ্যে বর, সত্তম, উত্তম, ৭মীতৎ।
দ্বিজিহ্ব, বি, পুং; সর্প। খল। দ্বি (দুই) জিহ্বা যার, বহু।
দ্বিজেন্দ্র, বি, পুং; দ্বিজশ্রেষ্ঠ। ৭মীতৎ।
দ্বিতয়, বি, ক্লী (দ্বি + তয়ট্ ) দুই সংখ্যা। বিণ; দুই সংখ্যাযুক্ত।
দ্বিতল, বিণ; দোতালা (গৃহাদি)।
দ্বিতীয়, বিণ ( দ্বি + তীয়) দুইএর পূরণ। স্ত্রী,-য়া।
দ্বিদল, বিণ; যার দুই দল অর্থাৎ পত্র আছে। বি, পুং; কলায় প্রভৃতি।
দ্বিধা, ব্য (দ্বি + ধাচ্) দুইপ্রকার। দুই খণ্ড। সন্দেহ। [ বিভক্ত।
দ্বিধাকৃত, বিণ; দুই অংশে
দ্বিপ, বি, পুং ( দ্বি-পা-কর্ত্তৃ-ড ) যে দুই বার পান করে অর্থাৎ শুণ্ডদ্বারা জল উত্তোলন করিয়া মুখদ্বারা পান করে, হস্তী।
দ্বিপদ, বিণ; দুই পদবিশিষ্ট। বহু। বি,পুং; মনুষ্য। দেবতা। পক্ষী। রাক্ষস।
দ্বিরদ, বি, পুং; হস্তী। দ্বি (দুই) রদ (দন্ত) যাহার, বহু।
দ্বিরদরদ, বি, পুং (দ্বিরদ = হস্তী + রদ = দন্ত) হস্তিদন্ত; ৬ষ্ঠীতৎ
দ্বিরশন, বি, ক্লী ( দ্বিঃ + অশন = ভোজন ) দুইবার ভোজন। কর্ম্মধা।
দ্বিরাগমন, বি, ক্লী ( দ্বিঃ [ ২য় বার ] + আগমন ) নবোঢ়া কন্যার পতিগৃহে দ্বিতীয় বার আগমন।
দ্বিরুক্ত, বিণ ( দ্বিঃ + উক্ত ) দুইবার কথিত।
দ্বিরুক্তি, বি, স্ত্রী ( দ্বিঃ + উক্তি ) দুইবার বলা।
দ্বিরূঢ়া, বি, স্ত্রী ( দ্বি + ঊঢ়া ) দুইবার বিবাহিতা নারী। পুনর্ভূ। কর্ম্মধা।

**দ্বিরেফ**, বি, পুং ; ভ্রমর। দ্বি (দুই) রেফ ( ՛ রেফ চিহ্ন ) যাহার ( মস্তকে ), বহু।

**দ্বিবিধ**, বিণ (দ্বি + বিধা = প্রকার) দুই প্রকার। বহু।

**দ্বিষৎ**, বিণ ( দ্বিষ্-কর্ত্তৃ-শতৃ ) দ্বেষকারী। বি, পুং ; শত্রু, বৈরী। স্ত্রী,-ষতী।

**দ্বিষ্ট**, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) যাহাকে দ্বেষ করা যায়। বি,-দ্বেষ।

**দ্বিহায়নী**, বি, স্ত্রী ( দ্বি + হায়ন = বৎসর ) দুই বৎসর বয়স্কা গবী। বহু।

**দ্বীপ**, বি, পুং ক্লী ( দ্বি + অপ্ ) জল বেষ্টিত স্থল, জম্বু, কুশ, প্লক্ষ, শাল্মলি, ক্রৌঞ্চ, শাক, পুষ্কর—এই সপ্ত পুরাণোক্ত দ্বীপ। দ্বি ( দুই পার্শ্বে ) অপ্ ( জল ) যার, বহু। ক্লী ; দ্বিবর্ণ চর্ম্ম।

**দ্বীপী**, বি, পুং ( দ্বীপ + ইন, অস্ত্যর্থে ) দ্বিবর্ণ চর্ম্ম বিশিষ্ট ব্যাঘ্র। ( দ্বীপবিশিষ্ট ) সমুদ্র।

**দ্বেষ**, বি, পুং ( দ্বিষ্-ভাবে-অল্ ) শত্রুতা। ঈর্ষ্যা। বিরাগ। বিণ, দ্বিষ্ট।

**দ্বেষী**, বিণ (দ্বেষ + ইন্, অস্ত্যর্থে) দ্বেষকারী, শত্রু। স্ত্রী,-ষিণী।

**দ্বেষ্টা(ষ্টৃ)**, বিণ, পুং ( দ্বিষ্-কর্ত্তৃ-তৃন্ ) দ্বেষকারী। স্ত্রী,-ষ্ট্রী।

**দ্বেষ্য**, বিণ ( ঐ-কর্ম্ম-ঘ্যণ্ ) দ্বেষের পাত্র বা বিষয়।

**দ্বৈত**, বি, ক্লী ( দ্বি + ইত(প্রাপ্ত) = দ্বীত + ষ্ণ,ভাবার্থে) দ্বিবিধত্ব, দুই পদার্থের অস্তিত্ব। বিণ ; দ্বিত্বশূন্য।

**দ্বৈতবন**, বি, ক্লী ; সরস্বতী নদীতীরস্থ শোক মোহ রহিত বন বিং, দ্বৈত ( দ্বিত্বশূন্য ) যে বন, কর্ম্মধা।

**দ্বৈতবাদী(দিন্)**, বিণ ( দ্বৈত-বদ্-কর্ত্তৃ-ণিন্ ) যাহারা জীবাত্মা ও পরমাত্মা ভিন্ন বলিয়া স্বীকার করে। স্ত্রী,-দিনী।

**দ্বৈধ**, বি, ক্লী ( দ্বিধা + ষ্ণ ) দ্বিধা, দুইপ্রকার। সন্দেহ। মতভেদ।

**দ্বৈপায়ন**, বি, পুং ( [ দ্বীপ + অয়ন = জন্মস্থান ] = দ্বীপায়ন, + ষ্ণ,স্বার্থে ) ব্যাসদেব যমুনাদ্বীপে জন্ম হওয়ায় ব্যাসের নাম দ্বৈপায়ন হইল।

**দ্বৈমাতুর**, বি, পুং ( দ্বিমাতৃ + ষ্ণ, অপত্যার্থে) দুই মাতার সন্তান। গণেশ। জরাসন্ধ।

**দ্ব্যণুক**, বি,ক্লী (দ্বি + অণু + কণ্) দুই পরমাণুর সমষ্টি।

**দ্ব্যামুষ্যায়ণ**, বি, পুং ( দ্বি + আমুষ্যায়ণ = অমুষ্য পুত্র) দত্তক পুত্র বিং, যে পুত্রজনক ও

গ্রহীতা উভয়ের পুত্ররূপে পরিগৃহীত হইয়া উভয়ের পিণ্ডদান ও ধন গ্রহণ করে।

দ্ব্যাহিক, বিণ (দ্বি+অহন্+ষ্ণিক, ভাবার্থে) যাহা দুই দিন অন্তর ঘটে।

---

# ধ।

ধ, বি, পুং; ধর্ম্ম। কুবের। ক্লী; ধন।

ধট, বি, পুং (ধণ্-কর্ত্তৃ-অন্) তুল, নিক্তি, দাঁড়ি। তুলারাশি।

ধটী, বি, স্ত্রী; ধড়া, বস্ত্রখণ্ড।

ধড়, (প্রা) বি; শরীর, দেহ।

ধড়া, (প্রা) বি; ধটী, বস্ত্রখণ্ড।

ধন, বি, ক্লী (ধন্-কর্ত্তৃ-অন্) বিত্ত। সম্পত্তি। গো ধান্যাদি। অর্থ, টাকা কড়ি। স্নেহসূচক শব্দ। যোগচিহ্ন।

ধনঞ্জয়, বি, পুং (ধন-জি-কর্ত্তৃ-খ) অগ্নি। শরীরস্থ বায়ু। অর্জ্জুন। কথিত আছে, অর্জ্জুন কুন্তীর শিব পূজার নিমিত্ত বায়ব্য শরে কুবেরকে পরাস্ত করিয়া তাঁহার পুরীহইতে বহু সুবর্ণ চম্পক আনয়ন করেন; এইজন্য অর্থাৎ চম্পকরূপ ধন জয় হেতু ইঁহার নাম ধনঞ্জয়।

ধনদ, বি, পুং (ধন-দৈ=পালনক্র-কর্ত্তৃ-ড) কুবের। বিণ (ধন-দা=দানক্র ড) ধনদাতা। স্ত্রী,-দা।

ধনপতি, বি, পুং; কুবের। ধনী।

ধনমদ, বি, পুং; ঐশ্বর্য্যজন্য অহঙ্কার, ধনগর্ব্ব।

ধনলুব্ধ, বিণ; অর্থলোভী। ৬ষ্ঠী তৎ।

ধনবান্, বিণ (ধন+বতু, অস্ত্যর্থে) ধনশালী। স্ত্রী,-বতী।

ধনাগম, বি, পুং; অর্থাগম, আয়।

ধনাগার, বি, ক্লী; অর্থ ভাণ্ডার।

ধনার্জ্জন, বি, ক্লী; অর্থোপার্জ্জন।

ধনাঢ্য, বিণ (ধন+আঢ্য) ধনী, ধনশালী। স্ত্রী,-ঢ্যা।

ধনাধিপ, বি, পুং; (ধন+অধিপ) কুবের। ধনী। ৬ষ্ঠীতৎ।

ধনার্থী, বিণ (ধন+অর্থী) ধনপ্রার্থী। ৬ষ্ঠীতৎ। স্ত্রী,-র্থিনী।

ধনাধ্যক্ষ, বি, পুং (ধন+অধ্যক্ষ) কুবের। ধনী। ৬ষ্ঠীতৎ।

ধনিক, বি, পুং (ধনিন্-কৈ-কর্ত্তৃ-ড) ধনিয়া। বিণ; ধনী। উত্তমর্ণ।

ধনিষ্ঠা, বি, স্ত্রী (ধনবৎ+ইষ্ঠ+স্ত্রী আপ্) নক্ষত্র বিং।

ধনী, বিণ (ধন+ইন্, অস্ত্যর্থে) ধনবান্। স্ত্রী,-নিনী। (পদ্যে) সুন্দরী স্ত্রী।

{ধনু, বি, পুং ( ধন্-কর্ত্তৃ-উ )
{ধনু ( স্ ), বি, পুং, ক্লী ( ঐ-
উস্ ) ধনুক।

ধনুক, (প্রা), বি, ধনু, কোদণ্ড। নবম রাশি। কার্ম্মুক।

ধনুগুর্ণ, বি,পুং ; ধনুকের ছিলা।

{ধনুর্ধর, ( ধনুস্-ধৃ-কর্ত্তৃ-অন্ )
{ধনুভৃৎ, ( ঐ-ভৃ-কর্ত্তৃ-কিপ্ )
{ধনুষ্মান্, ( ঐ+মতু, অস্ত্যর্থে )
বিণ ; ধনুর্ধারী।

ধনুর্ধারী, বিণ ( ধনুস্-ধৃ-কর্ত্তৃ-ণিন্ ) ধনুর্ধর। [ শস্ত্রবিদ্যা।

ধনুর্ব্বেদ, বি, পুং ( ধনুস্+বেদ)

ধনুষ্টঙ্কার, বি, পুং ( ধনুস্+টঙ্কার ) ধনুকের ছিলার শব্দ। রোগ বিং।

ধনেশ, ধনেশ্বর, বি, পুং ( ধন+ঈশ, ঈশ্বর ) ধনপতি, কুবের।

ধন্দ, ( প্রা ) বি ; দৃষ্টিভ্রম,ধাঁধাঁ।

ধন্য, বিণ ( ধন+ষ্য,যোগ্যার্থে ) ভাগ্যবান্। কৃতার্থ। প্রশংসনীয়। স্ত্রী,-ন্যা।

ধন্যবাদ, বি, পুং ; সাধুবাদ, প্রশংসাবাদ।

ধন্ব, বি, ক্লী ( ধন্ব্-করণ-অল্ ) ধনুক। পুং ; ( ঐ-অধি-অল্ ) মরুভূমি।

ধন্বন্তরি, বি, পুং ( ধন্ব-অন্ত-ঋ-কর্ত্তৃ-ই ) দেব চিকিৎসক। নবরত্নের এক রত্ন। 'নবরত্ন' দেখ।

ধন্বী, বিণ ( ধন্ব+ইন্, অস্ত্যর্থে) ধনুর্ধারী।

ধপ্ ধপে, (প্রা) বিণ; শুভ্র, সাদা।

ধমন, বি, পুং ( ধম্-করণ-অনট্) নল, চোঙ্গা।

ধমনি (নী ), বি, স্ত্রী ( ধম্-কর্ত্তৃ-অনি ) নাড়ী, শিরা।

ধমকান, (প্রা) বি ; ভয়প্রদর্শন। তিরস্কার বাক্য দ্বারা তাড়না।

ধম্মিল্ল, বি, পুং ; সংযত কেশ, চুলের খোঁপা।

ধর, বি, পুং ( ধৃ-কর্ত্তৃ-অন্ ) পর্ব্বত। বিণ ; ধারণকর্ত্তা।

ধরণ, বি, ক্লী ( ধৃ-অনট্ ) ধারণ, গ্রহণ। প্রণালী, পদ্ধতি।

ধরণি (ণী), বি, স্ত্রী ( ধৃ=[ জন্তু] ধরা-কর্ত্তৃ-অনি ) পৃথিবী।

ধরণি(ণী)তল, বি, ক্লী ; ভূপৃষ্ঠ।

ধরণি(ণী)ধর, বি, পুং ; পর্ব্বত। অনন্ত। ৬ষ্ঠীতৎ বা উপপ।

ধরণি(ণী)মণ্ডল, বি,ক্লী ; পৃথিবী। মণ্ডল ( মণ্ডলাকার ) যে ধরণী, কর্ম্মধা।

ধরা, বি, স্ত্রী ( ধৃ-কর্ত্তৃ-অন্+স্ত্রী আপ্ ) পৃথিবী।

ধরাতল, বি, ক্লী ; ভূপৃষ্ঠ। ৬ষ্ঠীতৎ। যার দৈর্ঘ্য ও বিস্তার আছে কিন্তু বেধ নাই।

ধরাধর, বি, পুং ; ( ধরা-ধৃ-কর্ত্তৃ-অন ) পর্ব্বত।

**ধরামর**, বি, পুং ( ধরা + অমর ) ভূদেব, ব্রাহ্মণ। ৭মীতৎ।

**ধরিত্রী**, বি, স্ত্রী ( ধৃ = [জন্তু] ধরা-কর্ত্তৃ ইত্র + স্ত্রীঈপ্ ) পৃথিবী।

**ধর্ত্তব্য**, বিণ ( ধৃ-কর্ম্ম-তব্য ) ধারণযোগ্য। বিবেচ্য, গ্রাহ্য।

**ধর্ম্ম**, বি, পুং, ক্লী (ধৃ = [ধারণক্র, পোষণ ক্র]-কর্ত্তৃ-ম) যাহা মনুষ্যকে ধারণ বা পোষণ করে, সুকৃত, পুণ্য। সৎকর্ম্ম। স্বভাব। রীতি। গুণ। কর্ত্তব্য কর্ম্ম। অহিংসা, লোকহিতকর কর্ম্ম। জাতি বা সম্প্রদায় বিশেষের উপাসনা পদ্ধতি। পুং ; যম। যুধিষ্ঠির।

মনুসংহিতা মতে ধর্ম্মের দশটি লক্ষণ এই,

ধৃতিঃক্ষমা দমোঽস্তেয়ং
শৌচমিন্দ্রিয নিগ্রহঃ।
ধীর্বিদ্যা সত্যমক্রোধো
দশকং ধর্ম্ম লক্ষণম্॥

**ধর্ম্মকর্ম্ম**, বি, ক্লী ; পুণ্যজনক কার্য্য। কর্ম্মধা। [কুরুক্ষেত্র।

**ধর্ম্মক্ষেত্র**, বি, ক্লী ; ধর্ম্মস্থান।

**ধর্ম্মঘট**, বি, পুং ; বৈশাখ মাসে প্রত্যহ দাতব্য সুবাসিত জলপূর্ণ কলস। (প্রা) কোনরূপ প্রতিজ্ঞা পালনার্থ ঐকতাবন্ধন।

**ধর্ম্মচারী**, বিণ ( ধর্ম্ম-চর্-কর্ত্তৃ-ণিন্ ) ধার্ম্মিক। স্ত্রী,-রিণী।

**ধর্ম্মজ্ঞ**, বিণ ( ধর্ম্ম-জ্ঞা-কর্ত্তৃ-ড ) যে ধর্ম্ম জানে।

**ধর্ম্মজ্ঞান**, বি, ক্লী ; পাপপুণ্য বিষয়ক বোধ। ৬ষ্ঠীতৎ।

**ধর্ম্মতঃ**, ক্রি, বিণ ( ধর্ম্ম + তস্ ) ধর্ম্মানুসারে।

**ধর্ম্মতত্ত্ব**, বি, ক্লী ; ধর্ম্মের নিগূঢ় মর্ম্ম। ৬ষ্ঠীতৎ।

**ধর্ম্মধ্বজী**, বি, পুং ( ধর্ম্ম ধ্বজ + ইন্, অস্ত্যর্থে ) যে জীবিকার্থ জটাদি ধর্ম্মচিহ্ন ধারণ করে, কপট ধার্ম্মিক।

**ধর্ম্মনিষ্ঠ**, বিণ ; ধর্ম্মে একান্ত অনুরক্ত, ধার্ম্মিক। ধর্ম্মে নিষ্ঠা আছে যার, বহু। বি,-ষ্ঠা।

**ধর্ম্মনিষ্ঠা**, বি, স্ত্রী ; ধর্ম্ম বিষয়ে আন্তরিক অনুরাগ। ৭মীতৎ।

**ধর্ম্মনীতি**, বি, স্ত্রী ; ধর্ম্ম ও নীতি-জ্ঞান বিষয়ক শাস্ত্র। ৬ষ্ঠীতৎ।

**ধর্ম্মপত্নী**, বি, স্ত্রী ; সহধর্ম্মিণী, বিবাহিতা স্ত্রী। ধর্ম্মাচরণার্থ পত্নী, ৪র্থীতৎ।

**ধর্ম্মপরায়ণ**, বিণ ; ধর্ম্মনিষ্ঠ। ধর্ম্ম হইয়াছে পর ( প্রধান ) অয়ন ( আশ্রয় ) যাহার, বহু।

**ধর্ম্মপুত্র**, বি, পুং ( ধর্ম্ম = যম + পুত্র ) যুধিষ্ঠির। ৬ষ্ঠীতৎ।

**ধর্ম্মপ্রবৃত্তি**, বি, স্ত্রী ; ধর্ম্ম বিষয়ে প্রবৃত্তি বা ইচ্ছা। ৭মীতৎ।

**ধর্ম্মভীরু**, বিণ ; ধর্ম্মভয়যুক্ত।

**ধর্ম্মরাজ**, বি, পুং ; যুধিষ্ঠির। যম। ৬ষ্ঠীতৎ।

**ধর্ম্মলক্ষণ**, বি, ক্লী ; 'ধর্ম্ম' দেখ।
**ধর্ম্মবৎসল**,বিণ; ধর্ম্মানুরাগী। ধর্ম্মে বৎসল ( অনুরক্ত ), ৭মীতৎ।
**ধর্ম্মশালা**, বি, স্ত্রী ; ধর্ম্মার্থ গৃহ। অতিথিশালা। বিচারালয়।
**ধর্ম্মশাস্ত্র**, বি, ক্লী ; ধর্ম্মবিষয়ক শাস্ত্র। স্মৃতিশাস্ত্র।
**ধর্ম্মশীল**, বিণ ; ( ধর্ম্ম + শীল = স্বভাব ) ধার্ম্মিক। বহু।
**ধর্ম্মসংহিতা**, বি, স্ত্রী ; ধর্ম্মশাস্ত্র।
**ধর্ম্মসুত**, বি, পুং ( ধর্ম্ম = যম + সুত = পুত্র ) যুধিষ্ঠির। ৬ষ্ঠীতৎ।
**ধর্ম্মাত্মা**, বিণ ; ধার্ম্মিক, সাধু। ধর্ম্ম হইয়াছে আত্মা ( স্বভাব ) যাহার, বহু।
**ধর্ম্মাধর্ম্ম**, বি, পুং ( ধর্ম্ম + অধর্ম্ম ) পাপপুণ্য। দ্বন্দ্ব সং।
**ধর্ম্মাধিকরণ**, বি, ক্লী ( ধর্ম্ম + অধিকরণ = আধার ) ধর্ম্মস্থান, বিচারালয় ( Law Court )। ৬ষ্ঠীতৎ।
**ধর্ম্মাধিকারী**, বি,পুং ( ধর্ম্মাধিকার + ইন , অস্ত্যর্থে ) বিচারপতি
**ধর্ম্মাধ্যক্ষ**, বি, পুং ( ধর্ম্ম = বিচার + অধ্যক্ষ) প্রধান বিচারপতি। ৬ষ্ঠীতৎ।
**ধর্ম্মানুমোদিত**, বিণ ; ধর্ম্ম বিহিত। ধর্ম্ম দ্বারা অনুমোদিত, ৩য়াতৎ।
**ধর্ম্মারণ্য**, বি, ক্লী ( ধর্ম্ম + অরণ্য) তপোবন। পুণ্যস্থান বিং।
**ধর্ম্মাবতার**, বি, পুং ( ধর্ম্ম + অবতার) সাক্ষাৎ ধর্ম্ম, মূর্ত্তিমান্ ধর্ম্ম। ৬ষ্ঠীতৎ।
**ধর্ম্মাসন**, বি, ক্লী ( ধর্ম্ম + আসন) বিচারাসন। ৬ষ্ঠীতৎ।
**ধর্ম্মিষ্ঠ**, বিণ (ধর্ম্ম + ইষ্ঠ, অত্যর্থে) অতিশয় ধার্ম্মিক। স্ত্রী,-ষ্ঠা।
**ধর্ম্ম্য**, বিণ (ধর্ম্ম + ষ্ণ্য) ধর্ম্মযুক্ত।
**ধর্ষণ**, বি, ক্লী ( ধৃষ্-ভাবে-অনট্) পরাভব। অবজ্ঞা। অপবাদ। বলাৎকার। বিণ, ধৃষ্ট।
**ধর্ষিত**, বিণ ( ধর্ষি-কর্ম্ম-ক্ত ) পরাভূত। অবমানিত। বলাৎকৃত
**ধব**, বি, পুং ( ধু-কর্ত্তৃ-অন্ ) পতি। মনুষ্য। (ঐ-অল্ ) কম্প।
**ধবল**, বিণ ( ধাব্-কর্ম্ম-কলচ্ ) শুভ্রবর্ণ।
**ধবলী**, বি, স্ত্রী ; শুক্লবর্ণ ধেনু।
**ধবলিত**, বিণ ( ধবল + ইত যুক্তার্থে ) যাহাকে ধবল করা গিয়াছে। স্ত্রী,-তা।
**ধবিত্র**, ক্লী ( ধূ-করণ-ইত্র ) মৃগ চর্ম্ম নির্ম্মিত ব্যজন, পাথা।
**ধাই**, ( প্রা ) বি ; ধাত্রী মাতা, যে মাতৃবৎ লালন পালন করে।
**ধাওন**, ( প্রা ) বি ; ধাবন, দ্রুতগমন।
**ধাওয়া**, ( প্রা ) বি ; দ্রুতগমন।
**ধাক্কা**, ( প্রা ) বি ; সজোরে ঠেলা, আঘাত।

ধাড়িয়া, ( প্রা) বি ; জলমার্জ্জার, উদ।

ধাতা ( তৃ ), বি, পুং ( ধা= [ ধারণকৃ, পোষণকৃ ]-কর্ত্তৃ-তৃন্) বিধাতা। ব্রহ্মা। বিষ্ণু। বিণ ; ধারণ-কর্ত্তা। রক্ষক। স্ত্রী,-ত্রী।

ধাতু, বি, পুং ( ধা-কর্ত্তৃ-তুন ) দেহস্থ বাত পিত্ত কফ শুক্র শোণিতাদি। স্বর্ণ রৌপ্যাদি। পর্ব্বতস্থ গৈরিক মনঃশিলাদি। ভূ, স্থা, গম্ প্রভৃতি ক্রিয়াবাচক প্রকৃতি। স্বভাব, প্রকৃতি।

ধাতুময়, বিণ ( ধাতু+ময়ট্ ) ধাতু নির্ম্মিত। স্ত্রী,-য়ী।

ধাত্রী, বি, স্ত্রী ( ধা-কর্ত্তৃ-তৃন্+ স্ত্রীঈপ্ ) মাতা। উপমাতা। পৃথিবী। আমলকী।

ধাত্রেয়ী, বি, স্ত্রী ( ধাত্রী+ঞেয়, স্বার্থে+স্ত্রীঈপ্) উপমাতা,ধাই।

ধানী, বি, স্ত্রী (ধা-অধি-অনট্+ স্ত্রীঈপ্ ) আধার, স্থান।

ধানুষ্ক, বিণ ( ধনুস্+কণ্ ) ধনুর্দ্ধারী। স্ত্রী,-ষ্কী।

ধান্য, বি, ক্লী (ধা-কর্ত্তৃ-যৎ) ধান।

ধাপ, ( প্রা ) বি, সিঁড়ির থাক।

ধাম, ( ন্ ), বি, ক্লী ( ধা-মন্ ) গৃহ। স্থান। তেজঃ। দেহ।

ধার, বি, পুং ( ধৃ-কর্ম্ম-ঘঞ্ ) প্রান্তভাগ। ঋণ। ক্লী (ধারা+ ষ্ণ ) দ্রব দ্রব্যের অবিচ্ছেদে পতন।

ধারক, বিণ ( ধৃ-কর্ত্তৃ-ণক ) ধারণকর্ত্তা। ভেদনিবারক ( ঔষধ )। স্ত্রী,-রিকা।

ধারণ, বি, ক্লী ( ধারি-ভাবে-অনট্ ) ধরা। গ্রহণ। বহন। রক্ষণ। অবলম্বন।

ধারণা, বি, স্ত্রী ( ধারি-ভাবে-অন্ +স্ত্রীআপ্) চিত্তের একাগ্রতা। স্মরণ রাখা। সংস্কার। বোধ।

ধারা, বি, স্ত্রী ( ধৃ-ভাবে-অ+স্ত্রী আপ্ ) তরল দ্রব্যের নিরন্তর ক্ষরণ বা বর্ষণ। (ধ্রৈ-করণে-অ) রীতি। শ্রেণী, সমূহ। অস্ত্রের তীক্ষ্ণ প্রান্তভাগ। পরিচ্ছেদ, অধ্যায়। প্রকার।

ধারাধর, বি, পুং ( ধারা-ধৃ-কর্ত্তৃ- অন্ ) মেঘ। অস্ত্র।

ধারাপাত, বি, পুং ; জলধারার পতন। ৬ষ্ঠীতৎ। প্রাথমিক অঙ্ক শিক্ষার পুস্তকবিং।

ধারাযন্ত্র, বি, ক্লী ; ফোয়ারা। গোলাবপাশ। ৬ষ্ঠীতৎ।

ধারাল, বিণ (ধারা+ল,অস্ত্যর্থে) শাণিত, তীক্ষ্ণ।

ধারাবাহিক, বিণ (ধারা-বহ-কর্ত্তৃ- অন্-ধারাবহ+ষ্ণিক) ক্রমাগত, অবিচ্ছিন্ন। স্ত্রী,-হিকী।

ধারাবাহী, বিণ, পুং ( ধারা-বহ্- কর্ত্তৃ-ণিন্) 'ধারাবাহিক' দেখ।

ধারাসম্পাত, বি, পুং, জলধারার পতন, অতিশয়বর্ষণ। ৬ষ্ঠীতৎ।
ধারী, বিণ (ধৃ-কর্ত্তৃ-ণিন্) যে ধারণ করে। স্ত্রী,-রিণী।
ধার্ত্তরাষ্ট্র, বি, পুং (ধৃতরাষ্ট্র+ষ্ণ, অপত্যার্থে) ধৃতরাষ্ট্রের পুত্র, দুর্য্যোধনাদি। কৃষ্ণবর্ণ ওষ্ঠ ও চরণ বিশিষ্ট শ্বেতহংস। সর্পবিং।
ধার্ম্মিক, বিণ (ধর্ম্ম+ষ্ণিক) ধর্ম্মশীল। স্ত্রী,-কা।
ধার্য্য, বিণ (ধৃ-কর্ম্ম-ঘ্যণ্) ধারণযোগ্য। গ্রাহ্য। স্বিরীকার্য্য।
ধার্ষ্ট্য, বি, ক্লী (ধৃষ্ট+ষ্ণ্য, ভাবার্থে) ধৃষ্টতা, প্রগল্‌ভতা। নির্লজ্জতা।
ধাবক, বিণ (ধাব্-কর্ত্তৃ-ণক) পরিষ্কারক। দ্রুতগামী। স্ত্রী,-বিকা।
ধাবন, বি, ক্লী (ধাব্-ভাবে-অনট্) ধৌত করণ। দ্রুতগমন। বিণ, ধৌত, ধাবিত।
ধাবমান, বিণ (ঐ-কর্তৃ-শান) যে বেগে চলিতেছে।
ধাবিত, বিণ (ঐ-ক্ত) যে বেগে চলিয়াছে।
ধিক্, ব্য (ধক্-কর্ম্ম-ডিক্) ভৎর্সনা, নিন্দা বা অবজ্ঞাসূচক অব্যয়পদ।
ধিক্কার, বি, পুং (ধিক-কৃ-ভাবে-ঘঞ্) অবজ্ঞা। ভৎর্সনা। নিন্দা। বিণ, ধিক্কৃত।
ধিক্কৃত, বিণ, ভৎর্সিত। নিন্দিত।
"স্বর্গভ্রষ্ট অপদেবতার ন্যায় অতি ধিক্কৃত জীবন যাপন করিতেছেন।"
(নিভৃত চিন্তা।)
ধিষণ, বি, পুং (ধৃষ্-কর্ত্তৃ-অন) বৃহস্পতি। [ বুদ্ধি।
ধিষণা, বি, স্ত্রী (ধিষণ+স্ত্রী আপ্)
ধিষ্ণ্য, ধিষ্ণ্য, বি, ক্লী; স্থান। গৃহ। ক্ষমতা। [ বুদ্ধি।
ধী, বি, স্ত্রী (ধ্যৈ-করণ-ক্বিপ্)
ধীমান্ (মৎ), বিণ (ধী+বুদ্ধি মতু, অস্ত্যর্থে) বুদ্ধিমান্। স্ত্রী,-মতী
ধীর, বিণ (ধী-রা-কর্ত্তৃ ড) ধৈর্য্যশালী। শান্তস্বভাব। স্থিরবুদ্ধি। পণ্ডিত। স্ত্রী,-রা। বি,-রতা, -রত্ব, ধৈর্য্য।
ধীরতা, বি, স্ত্রী (ধীর+তা, ভাবার্থে) ধৈর্য্য। শিষ্টতা। গম্ভীর্য্য। [ স্থিরচিত্তা।
ধীরা, বি, স্ত্রী; ধৈর্য্যশালিনী।
ধীরে, (প্রা), ক্রিবিণ; আস্তে, মৃদুভাবে।
ধীবর, বি, পুং (ধা-কর্ত্তৃ-ষ্বরচ্) মৎস্য জীবী, জেলে। স্ত্রী,-রী।
ধীশক্তি, বি, স্ত্রী, বুদ্ধিশক্তি, অসাধারণ বুদ্ধি। ৬ষ্ঠীতৎ।
ধীসচিব, বি, পুং; মন্ত্রী।
ধুচনী, (প্রা) বি; তণ্ডুল ধৌত করিবার পাত্র বিং।
ধুত, বিণ (ধু-কর্ম্ম-ক্ত) কম্পিত। পরিত্যক্ত। [ বস্ত্র।
ধুতি, (প্রা) বি, পুরুষের পরিধেয়

ধুতুরা, (প্রা) বি; ধুস্তূর বৃক্ষ। ঐ ফুল।

ধুনন, (প্রা) বি, তুলা স্ফোটন।

ধুন্ধুমার, বি, পুং; কুবলয়াশ্ব রাজা। গৃহস্থিত ধূম, ঝুল। ইন্দ্রগোপকীট।

ধুপী, (প্রা) বি; ধোবা, রজক।

ধুঃ (র্), ধুরা, বি, স্ত্রী (ধুর্ব্-করণ-ক্বিপ্) ভার। অগ্রভাগ। শকটাদির অগ্রভাগ। চিন্তা।

ধুম্, ধুম্‌ধাম্, (প্রা) বি; সমারোহ, ঘটা। গোলযোগ।

ধুরন্ধর, বিণ (ধুর্-ধৃ-কর্ত্ত-খ) ভার বাহক। শ্রেষ্ঠ। প্রধান।

"যে সকল ধুরন্ধর পুরুষেরা"
(নিভৃতচিন্তা)।

ধুস্তুর, ধুস্তূর, ধুস্তুর, ধুস্তূর, } বি, পুং (ধুস্-কর্ত্তৃ-ক্বিপ=ধুস্ [সুন্দর]; তুর্-কর্ত্তৃ-ক= তুর [প্রাণনাশক])। ধুতুরাগাছ। ধুস্ অথচ তুর, কর্ম্মধা; (দেখিতে সুন্দর কিন্তু প্রাণ নাশক, এই অর্থে।)

ধুত, বিণ (ধু-কর্ম্ম-ক্ত) কম্পিত। ভর্ৎসিত। নিরস্ত। [ধুনা।

ধুনক, বি, পুং (ধুনি-কর্ত্তৃ-ণক)

ধুনন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) চালন। কম্পন।

ধুনা, (প্রা) বি; শাল বৃক্ষের রস। কম্পন।

ধূপ, বি, পুং (ধূপ্-কর্ত্তৃ-অন্) গন্ধ দ্রব্য বিং।

ধূপিত, ধূপায়িত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) ধূপগন্ধে আমোদিত।

ধূম, বি, পুং (ধূ-কর্ত্তৃ-মক্) ধূয়া।

ধূমকেতু, বি, পুং; জ্যোতিঃ পদার্থ বিং, কেতুগ্রহ। অগ্নি। ধূম হইয়াছে কেতু (চিহ্ন) যাহার, বহু।

{ ধূমল, (ধূম-লা-কর্ত্তৃ-ড)
ধূম্র, (ঐ-রা-) বি, পুং; কৃষ্ণ-লোহিত বর্ণ। বিণ; ঐ বর্ণযুক্ত।

ধূমাবতী, বি, স্ত্রী (ধূম+ডাচ্= ধূমা+বতু, অস্ত্যর্থে+স্ত্রীঈপ্) দশ মহাবিদ্যার অন্তর্গত দেবীবিং।

ধূম্রলোচন, বি, পুং; অসুর বিং। কপোত।

ধূর্জটি, বি, পুং (ধূর্=[ভার, ত্রৈলোক্যের চিন্তাভার] -জট্-কর্ত্তৃ-ইন্) শিব, যিনি ত্রিভুবনের চিন্তাভার বহন করেন; অথবা, ধূর্ (ভারভূত) জটি (জটা) আছে যাঁহার, বহু।

ধূর্ত্ত, বিণ (ধুর্ব্ব্-তপ্) শঠ, বঞ্চক। স্ত্রী,-র্ত্তা। বি,-র্ত্ততা।

ধূলি (লী), বি, পুং, স্ত্রী (ধূ-কর্ত্তৃ-লিক্) রেণু, ধূলা।

ধূলিধ্বজ, বি, পুং; ঘূর্ণিবায়ু।

ধূলিপটল, বি, পুং; উড্ডীয়মান ধূলিরাশি। ষষ্ঠীতৎ।

ধূসর, বি, পুং ( ধূ-কর্ত্তৃ-সরক্ ) ঈষৎ পাণ্ডুবর্ণ, শ্বেত ও কৃষ্ণ উভয়ের মিশ্রণে উৎপন্ন বর্ণ। বিণ ; ঐ বর্ণ বিশিষ্ট।

ধূসরিত, বিণ ( ধূসর+ইত, যুক্তার্থে ) যাহা ধূসরবর্ণ হইয়াছে।

ধৃত, বিণ ( ধৃ-কর্ম্ম-ক্ত ) গৃহীত। বি,-তি।

ধৃতরাষ্ট্র, বি, পুং ; দুর্য্যোধনের পিতা। ধৃত হইয়াছে রাষ্ট্র ( রাজ্য ) যৎকর্তৃক, বহু। হংস বিং। সর্প বিং।

ধৃতি, বি, স্ত্রী ( ধৃ-ভাবে-ক্তি ) ধৈর্য্য। ধারণ। উদ্ধার। পুং ; ( ধৃ-করণ-তি ) যাগ।

ধৃষ্ট, বিণ (ধৃষ্-কর্ত্তৃ-ক্ত ) নির্লজ্জ। প্রগল্‌ভ। উদ্ধতস্বভাব। বি,-তা।

ধৃষ্টকেতু, বি, পুং ; চেদিরাজ শিশু পালের পুত্র।

ধৃষ্টতা, বি, স্ত্রী ( ধৃষ্ট+তা, ভাবার্থে ) ঔদ্ধত্য।

ধৃষ্টদ্যুম্ন, বি, পুং ; দ্রুপদ রাজার পুত্র। ধৃষ্ট (প্রগল্‌ভ) হইয়াছে দ্যুম্ন ( বল ) যাহার, বহু।

ধৃষ্ণু, বিণ ( ধৃষ্-কর্ত্তৃ-ক্নু ) ধর্ষণ-শীল, সহিষ্ণু। [ কিরণ।

ধৃষ্ণি. বি, পুং ( ঐ-করণ-নি )

ধেনু, বি, স্ত্রী ( ধে-কর্ত্তৃ-নু ) নবপ্রসূতাগাভী।

ধেয়ান, ( প্র,পন্থে ) বি ; ধ্যান।

ধৈর্য্য, বি, ক্লী ( ধীর+ষ্ণ্য, ভাবার্থে ) ধীরতা, সহিষ্ণুতা।

ধৈবত, বি, পুং ( ধাবৎ+ষ্ণ ) স্বর বিং। [ ধোয়া।

ধোওন, ( প্রা ) বি ; প্রক্ষালন,

ধোঁকা, ( প্রা ) বি ; ভ্রম। সন্দেহ। [ স্ত্রী,-নী।

ধোপা, ( প্রা ) বি, পুং ; রজক।

ধোয়া, ( প্রা ) বি ; ধৌত করা। বিণ ; ধৌত, পরিষ্কৃত।

ধৌত, বিণ ( ধাব্-কর্ম্ম-ক্ত ) যাহা ধোয়া হইয়াছে। ক্ষালিত, পরিষ্কৃত।

ধৌরিতক, ক্লী ; অশ্বের গতি বিং।

ধ্মাত,বিণ ( ধ্মা-কর্ম্ম-ক্ত ) শব্দিত, বাদিত। দগ্ধ। সন্ধুক্ষিত।

ধ্যাত, বিণ (ধ্যৈ-কর্ম্ম-ক্ত)চিন্তিত।

ধ্যান, বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্ ) একাগ্রচিত্তে কোনও বিষয় চিন্তন। কোন বিষয়ে চিত্তের গাঢ় অভিনিবেশ। দেবতাদির স্বরূপ চিন্তন বা উহার বর্ণনা।

ধ্যেয়, বিণ ( ঐ-কর্ম্ম-য ) ধ্যানের বিষয়ীভূত। স্মরণীয়। স্ত্রী,-য়া।

ধ্রিয়মাণ, বিণ ( ধৃ-কর্ম্ম-শান ) যাহা ধারণ করা যাইতেছে।

ধ্রুব, বি, পুং ( ধ্রু-কর্ত্তৃ-অন্ ) উত্তানপাদ রাজ পুত্র। নিশ্চল নক্ষত্র বিং। গানের ধুয়া।

বিণ ; নিত্য, অক্ষয়। নিশ্চিত। স্থির ; স্ত্রী,-বা।

ধ্রুবতারা, বি, পুং ; কেন্দ্রের নিকটবর্ত্তী নিশ্চল নক্ষত্র বিং। স্থিরলক্ষ্য।

"তোমারেই করিয়াছি জীবনের ধ্রুবতারা" (রবীন্দ্র)

ধ্রুবরেখা, বি, স্ত্রী ; বিষুব রেখা।

ধ্রুবলোক, বি, পুং ; স্বর্গ বিং, শাস্ত্রে উক্ত আছে যে, ধ্রুবের সাধনায় প্রীত হইয়া বিষ্ণু ধ্রুবের বাসের নিমিত্ত এই নক্ষত্রলোক সৃষ্টি করেন।

ধ্রুববিশ্বাস, বি,পুং ; স্থির বিশ্বাস। ধ্রুব (স্থির) যে বিশ্বাস, কর্ম্মধা।

ধ্রুবসত্য, বিণ ; স্থির সত্য, নিশ্চিত সত্য। কর্ম্মধা।

ধ্বংস, বি,পুং (ধ্বন্‌স্-ভাবে-অল্) বিনাশ। ক্ষয়। বিণ,-সিত।

ধ্বংসিত, বিণ ( ধ্বংসি-কর্ম্ম-ক্ত ) বিনাশিত। খণ্ডিত। বি,-ধ্বংস।

ধ্বংসী, বিণ ( ধ্বংস+ইন্, অস্ত্যর্থে) যাহার বিনাশ আছে, নশ্বর। স্ত্রী,-সিনী।

ধ্বজ, বি, পুং, ক্লী ( ধ্বজ্-কর্ত্তৃ-অন্ ) পতাকা। চিহ্ন।

ধ্বজভঙ্গ,বি,পুং; পুরুষত্ব হীনতা।

ধ্বজবজ্রাঙ্কুশ,বি,পুং ; ধ্বজাকার, বজ্রাকার ও অঙ্কুশাকার চিহ্ন, এই তিন প্রকার চিহ্ন কেবল বিষ্ণুর পাদপদ্মে বিরাজিত আছে।

ধ্বজী,বিণ (ধ্বজ+ইন্,অস্ত্যর্থে) পতাকাধারী। স্ত্রী, ধ্বজিনী।

ধ্বজিনী, বি, স্ত্রী ; সেনা।

ধ্বনি, বি, পুং ( ধ্বন্-ই ) শব্দ। উত্তমকাব্য। ব্যঙ্গ্যার্থ।

ধ্বনিত,বিণ (ঐ-কর্ম্ম-ক্ত)শব্দিত।

ধ্বস্ত, বিণ, ( ধ্বন্‌স্-কর্ত্তৃ-ক্ত ) বিনষ্ট। পতিত।

ধ্বান, বি,পুং ( ধ্বন্-ভাবে-ঘঞ্ ) শব্দ।

ধ্বান্ত, বি, ক্লী ( ধ্বন্-অধি-ক্ত ) অন্ধকার।

ধ্বান্তারি, বি, পুং ( ধ্বান্ত= অন্ধকার+অরি=শত্রু,নাশক) সূর্য্য। চন্দ্র। অগ্নি। ৬ষ্ঠীতৎ।

---

# ন।

ন, ব্য ; না, স্বরাদি শব্দের সহিত "ন"র সমাস হইলে, ন স্থানে অন হয়, যথা—অনাদি, অনন্ত ইত্যাদি। ব্যঞ্জনাদি শব্দের সহিত সমাস হইলে, ন স্থানে অ হয়, যথা—অভিন্ন,

অবাধ্য ইত্যাদি। সাদৃশ্য। অভাব। ভেদ। অল্পতা। অপ্রশস্ততা। বিরোধ। ("অ" দেখ)। বি, পুং ; গণেশ। দান। বন্ধন। যুদ্ধ।
নকল, (যা) বি ; প্রতিরূপ, আদর্শ। অনুকরণ। বিণ ; কৃত্রিম।
নকীব, (যা) বি ; রাজাদিগের গুণ কীর্ত্তনকারী, ভট্ট।
নকুল, বি, পুং ; বেজী। শিব। চতুর্থ পাণ্ডব।
নক্ত, বি, ক্লী (নজ্-ক্ত) রাত্রি।
নক্তঞ্চর, বি, পুং (নক্তম্-চর্-কর্ত্তৃ-টক্) রাক্ষস। চোর। পেচক। বিড়াল। বিণ ; রাত্রিচর। স্ত্রী,-রী।
নক্তব্রত, বি, ক্লী ; দিবসে অনাহার ও রাত্রিতে ভোজনরূপ নিয়ম। [কুম্ভীর।
নক্র, বি, পুং (ন-ক্রম্-কর্ত্তৃ-ড)
নক্ষত্র, বি, ক্লী (ন-ক্ষি-কর্ত্তৃ-অত্রন্) যে ক্ষয় পায় না, তারকা।
নক্ষত্রেশ, বি, পুং (নক্ষত্র+ঈশ) চন্দ্র।
নক্সা, (যা) বি ; চিত্র, প্রতিকৃতি।
নখ, বি, পুং, ক্লী (নহ্-খ) অঙ্গুলির অগ্রস্থ অস্থি বিং।
নখকুন্তনী, বি, স্ত্রী ; নরুণ।
নখর, বি, পুং, ক্লী (নখ-রা-ড) নখ।
নখরায়ুধ, নখায়ুধ, বি, পুং ; যাহারা নখদ্বারা অস্ত্রকার্য্য সম্পন্ন করে, সিংহ ব্যাঘ্রাদি। বহু।
নখাঘাত, বি, পুং ; নখদ্বারা আঘাত, আচড়ান।
নখী, বিণ (নখ+ইন্, অস্ত্যর্থে) যাহার নখ আছে।
নগ, বি, পুং (ন-গম্-কর্ত্তৃ-ড) পর্ব্বত। বৃক্ষ।
নগনন্দিনী, বি, স্ত্রী ; পার্ব্বতী। ৬ষ্ঠীতৎ।
নগণ্য, বিণ ; যাহা গণনীয় নহে, অগ্রাহ্য।
নগপতি, বি, পুং ; হিমালয়। ৬ষ্ঠীতৎ।
নগর, বি, ক্লী } (নগ = বৃক্ষ
নগরী, বি, স্ত্রী ; } বা পর্ব্বত +র, অস্ত্যর্থে, নগর+ঈপ্) যেখানে পর্ব্বত প্রমাণ উচ্চ প্রাসাদাদি আছে, সহর।
নগরপাল, বি, পুং ; নগর রক্ষক।
নগাধিপ, } বি, পুং ; হিমালয়
নগাধিরাজ, } পর্ব্বত। ৬ষ্ঠীতৎ।
নগী, (প্রা) বি; নৌকা চালাইবার দণ্ড বিং।
নগৌকাঃ (কস্), বি, পুং ; পক্ষী। বানর। সিংহ নগ (পর্ব্বত, বৃক্ষ) হইয়াছে ওকস্ (বাসস্থান) যাহার, বহু।
নজরবন্দী, (যা) বিণ ; দৃষ্টি-

পথবৰ্ত্তী।

"একটা মানুষকে চিরদিন নজরবন্দী করিয়া রাখা যায় না।" (রবীন্দ্রনাথ)

নগ্ন, বিণ ( নজ্‌-কর্ত্তৃ-ক্ত ) উলঙ্গ, বিবস্ত্র। স্ত্রী,-গ্না।

নঙ্গর, (যা) বি; জাহাজাদি বন্ধনের লৌহকীলক বিং।

নচেৎ, ব্য; নতুবা।

নজর,(যা) বি; দৃষ্টি,দেখা। ভেট।

নজীর, (যা) বি; দৃষ্টান্ত,উদাহরণ।

নট, বি, পুং ( নট্‌-কর্ত্তৃ-অন্ ) নৰ্ত্তক। নাটকের অভিনেতা। স্ত্রী,-টী।

নটবর, বিণ; শ্রেষ্ঠ নট, নৃত্য কর্ম্মে পটু। ৭মীতৎ। স্ত্রী,-রা।

নটী,বি,স্ত্রী;নৰ্ত্তকী। অভিনেত্রী।

নত, বিণ ( নম্‌-কর্ত্তৃ-ক্ত ) প্রণত, নম্র। ঈষৎ বক্র। নিম্ন। যাহা নুইয়া আছে।

নতি, বি, স্ত্রী ( ঐ-ভাবে-ক্তি ) প্রণাম। নুইয়া থাকা।

নতুবা, ব্য, নচেৎ,ইহা যদি না হয়।

নতোন্নত, বিণ ( নত+উন্নত ) উচ্চনীচ। [ লঙ্কার বিং।

নথ,(প্রা)বি;স্ত্রীলোকের নাসিকা-

নদ, বি, পুং ( নদ্‌-কর্ত্তৃ-অন্ ) পুং-বাচক জল প্রবাহ, যথা,— ব্রহ্মপুত্র, শোণ প্রভৃতি।

নদী, বি, স্ত্রী ( নদ+স্ত্রী ঈপ্‌ ) স্ত্রী-বাচক জল প্রবাহ, যথা,— গঙ্গা, যমুনা প্রভৃতি।

নদীমাতৃক, বিণ; যে দেশে নদীর জলে কৃষি-কার্য্য সম্পন্ন হয়। নদী হইয়াছে মাতৃ-স্বরূপা যাহার, বহু। ('দেব মাতৃক' দেখ)।

নদ্ধ্রী, বি, স্ত্রী ( নহ্‌-করণ-তৃন্-ঈপ্‌ ) চর্ম্ম নির্ম্মিত রজ্জু।

নধর, বিণ; নবীন, নূতন।

ননদ, (প্রা) বি; পতির ভগিনী।

ননন্দা, ননান্দা, বি, স্ত্রী ( ন= না-নন্দ্‌-কর্ত্তৃ-ঋ) স্বামীর ভগিনী, ননদ।

ননী, (প্রা) বি; নবনীত, মাখন।

ননী-চোরা, (প্রা) বি; বাল-গোপাল, শ্রীকৃষ্ণ।

ননু, ব্য; প্রশ্ন, অনুজ্ঞা, স্বীকার, সন্দেহ, প্রভৃতি অর্থসূচক সংস্কৃত অব্যয় পদ।

নন্দ, বি, পুং; শ্রীকৃষ্ণের পালক পিতা। কুবেরের রত্ন বিং। আনন্দ।

নন্দক, বি, পুং (নন্দি-কর্ত্তৃ-ণক) বিষ্ণুর খড়্গ। বিণ; আনন্দ-জনক। স্ত্রী,-ন্দিকা।

নন্দন, বি, পুং ( নন্দি=[ আনন্দিত কৃ ]-কর্ত্তৃ-অন্ ) পুত্র। ক্লী; ইন্দ্রের উদ্যান। বিণ; আনন্দজনক। [ঈশ্বর) নন্দী।

নন্দিকেশ্বর, বি, পুং ( নন্দিকা+

নন্দিনী, বি, স্ত্রী (নন্দি=[আনন্দিতকৃ]-কর্ত্তৃ-ণিন্+স্ত্রীঈপ্), কন্যা। দুর্গা। গঙ্গা। বশিষ্ঠের ধেনু।

নন্দী, বি, পুং (নন্দ্-ণিন্) শিবের প্রধান অনুচর।

নধর, (প্রা, পদ্যে) নূতন, কচি।

নপুংসক, বি, পুং, ক্লী (ন স্ত্রী, ন পুমান, ইতি নিপা) ক্লীব। খোজা।

নপ্তা (প্তৃ) বি, পুং (ন [না]-পত্-তৃন্) নাতি, পুত্র বা কন্যার পুত্র। স্ত্রী,-প্ত্রী।

নফর, (যা) বি; ভৃত্য, চাকর।

নভঃ (স্), বি, ক্লী (নভ্-কর্ত্তৃ অস্) আকাশ। পুং; শ্রাবণ মাস। বর্ষাকাল। মেঘ।

নভশ্চর, বিণ (নভস্-চর-কর্ত্তৃ-ট) আকাশগামী। বি, পুং; পক্ষী। বায়ু। মেঘ। সূর্য্যাদি গ্রহ।

নভস্তল, বি, ক্লী; গগনতল।

নভস্বান্, বি, পুং (নভস্+বতু) বায়ু। [ষষ্ঠীতৎ।

নভোমণ্ডল, বি, ক্লী; গগনমণ্ডল,

নমঃ (স্), ব্য (নম্ অস্) নমস্কার।

নমন, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) নত হওন। (নমি-অনট্) নোয়ান।

নমনীয়, বিণ (ঐ-কর্ম্ম-অনীয়) নমন যোগ্য।

নমস্কার, বি, পুং (নমস্-কৃ-ঘঞ্) প্রণাম। বিণ,-স্কৃত।

নমস্য, বিণ (নমস+ক্য=নমস্য নামধাতু-কর্ম্ম-য) প্রণম্য, পূজনীয়।

নমাজ, (যা) বি; মুসলমানদিগের ঈশ্বরোপাসনা।

নমিত, বিণ (নমি-কর্ম্ম-ক্ত) যাহা নোয়ান গিয়াছে।

নমুচিসূদন, বি, পুং (নমুচি=অসুর বিং+সূদন) ইন্দ্র।

নমুনা (যা) বি; নিদর্শন।

নমেরু, বি, পুং; সুরপুন্নাগবৃক্ষ। রুদ্রাক্ষ। [স্ত্রী,-ন্যা।

নম্য, বিণ (নম্-য) নমনীয়।

নম্র, বিণ (নম-কর্ত্তৃ-র) বিনীত। বি,-তা। স্ত্রী,-ম্রা।

নম্রতা, বি, স্ত্রী (নম্র+তা, ভাবার্থে) বিনয়।

নয়, বি, পুং (নী-অল্) নীতি। নীতিশাস্ত্র। (প্রা) সংখ্যা বিং,৯।

নয়ন, বি, ক্লী (নী-করণ-অনট্) চক্ষুঃ। (ঐ-ভাবে-অনট্) লইয়া যাওয়া। প্রাপণ।

নয়নাভিরাম, বিণ (নয়ন+অভিরাম) চক্ষুর প্রীতিকর।

নয়নোপান্ত, বি, পুং (নয়ন+উপান্ত) চক্ষুঃপ্রান্ত।

নর, বি, পুং (নৃ-কর্ত্তৃ-অন্) মনুষ্য।

**নরক**, বি, পুং ( ঐ-অধি-অক ) দুঃখভোগের স্থান, নিরয়।

**নর-কপাল**, বি, পুং, ক্লী , মড়ার মাথার খুলি।

**নরদেব**, বি, পুং ; ব্রাহ্মণ। রাজা।

**নরনারায়ণ**, বি, পুং ; বদরিকাশ্রমবাসী ঋষিদ্বয়। নর ও নারায়ণ, দ্বন্দ্ব।

ধর্ম্মরাজপত্নী মূর্ত্তির গর্ভে ইহাঁদের জন্ম। এই ভ্রাতৃযুগল অতিশয় তপঃপরায়ণ ছিলেন। কথিত আছে যে, এই নরনারায়ণই দ্বাপরযুগের শেষভাগে কৃষ্ণার্জ্জুনরূপে ভূতলে অবতীর্ণ হন।

**নরপতি**, বি, পুং ; রাজা। নরগণের পতি ( পালনকর্ত্তা ), ৬ষ্ঠীতৎ।

**নরপশু**, বি.পুং ; কদাচারী পশুতুল্য মনুষ্য। নর পশুর ন্যায়, উপমিত কর্ম্মধা।

**নরপুঙ্গব**, বি, পুং ; নরশ্রেষ্ঠ। নর পুঙ্গব ( বৃষ ) প্রায়, উপমিত কর্ম্মধা।

**নরমেধ**, বি, পুং ; যজ্ঞ বিং, যাহাতে নরহত্যা করিয়া আহুতি দেওয়া হয়।

**নরলোক**, বি, পুং ; মর্ত্ত্যলোক, [ পৃথিবী।

**নরসিংহ**, বি, পুং ; বিষ্ণুর অবতার বিং। নর অথচ সিংহ, কর্ম্মধা।

**নরসুন্দর**, বি, পুং ; নাপিত।

**নরহরি**, বি, পুং ; নৃসিংহ অবতার।

**নরাধম**, বি, পুং ; যাহার চরিত্র নিতান্ত নিন্দনীয়। নরগণের মধ্যে অধম, ৭মীতৎ।

**নরাধিপ**, বি, পুং ( নর + অধিপ) রাজা। ৬ষ্ঠীতৎ।

**নরুণ**, (প্রা), বি ; নখচ্ছেদনাস্ত্র।

**নরেন্দ্র**, বি, পুং ( নর + ইন্দ্র = শ্রেষ্ঠ ) রাজা। ৬ষ্ঠীতৎ।

**নরেশ, নরেশ্বর**, বি, পুং ( নর + ঈশ, ঈশ্বর = স্বামী ) নৃপতি, রাজা। ৬ষ্ঠীতৎ।

**নরোত্তম**, বি, পুং (নর + উত্তম) নারায়ণ। ৭মীতৎ।

**নর্ত্তক**, বিণ ( নৃত্-কর্ত্তৃ-ণক ) নৃত্যকারী। বি, পুং ; নট। স্ত্রী,-কী।

**নর্ত্তন**, বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্ ) নৃত্য, নাচা। বিণ,-র্ত্তিত।

**নর্দ্দমা, নর্দ্দামা**, ( প্রা ) বি ; জল নির্গম পথ, পয়ঃপ্রণালী।

**নর্ম্ম (ন্)**, বি, ক্লী ( নৃ-করণ-মন্ ) ক্রীড়া। কৌতুক, পরিহাস

**নর্ম্মদা**, বি, স্ত্রী ; নদী বিং।

**নর্ম্মসচিব**, বি, পুং ( নর্ম্মন্ = ক্রীড়াকৌতুকাদি + সচিব = মন্ত্রী ) ক্রীড়া-সহচর, পারিষদ, মোসাহেব। ৬ষ্ঠীতৎ।

"আলস্যের প্রসাদাৎ আজি সে অঞ্চলবদ্ধ নর্ম্মসচিব।" (প্রভাত চিন্তা)

নর্ম্মসহচরী, বি, স্ত্রী; ক্রীড়া-সঙ্গিনী।

নল, বি, পুং (নল্-অন্) শর, খাকড়া। বানর বিং। নিষধ রাজ, দময়ন্তীর পতি।

ইনি অতি পবিত্র চরিত্র ছিলেন বলিয়া ইতিহাসে পুণ্যশ্লোক নামে অভিহিত হইয়া রহিয়াছেন। "পুণ্যশ্লোক" দেখ।

নলক, বি, ক্লী; শাকাদির ডাঁটা। সচ্ছিদ্র অস্থি। (প্রা) নাসিকা-ভরণ বিং।

নলকুবর, বি, পুং; কুবের পুত্র।

নলিন, বি ক্লী (নল্-কর্ত্তৃ-ইন্) পদ্ম। জল। স্ত্রী,-নী।

নলিনী, বি,স্ত্রী (নলিন+স্ত্রীঈপ্) পদ্মিনী, পদ্মলতা।

নল্ব, বি, পুং (নল্-ব) ৪০০ হস্ত-পরিমাণ। [পুং; স্তব।

নব, বিণ (নু-অল্) নূতন। বি,

নবগ্রহ, বি, পুং; সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি,রাহু, কেতু, এই নয় গ্রহ।

নবতি, বি, স্ত্রী; ৯০ সংখ্যা।

নবদ্বার, বি, ক্লী; চক্ষুর্দ্বয়, কর্ণ-দ্বয়, নাসাদ্বয়, মুখ, পায়ু,উপস্থ, দেহস্থ এই নয় দ্বার।

নবধা, ব্য (নবন্+ধাচ্) নয় প্রকার। নয়বার।

নবনীত, বি, ক্লী (নব [নূতন] +নীত [দুগ্ধ হইতে প্রাপ্ত]) মাখন।

নবম, বিণ (নবন্+মট্) নয় সংখ্যার পূরণ। স্ত্রী,-মী।

নবমল্লিকা, নবমালিকা, বি, স্ত্রী; পুষ্প বিং। লতা বিং।

নবযৌবনা, বিণ, স্ত্রী; নূতন যুবতী। বহু।

নবরত্ন, বি, ক্লী; মুক্তা, মাণিক্য, বৈদূর্য্য, গোমেদ, বজ্র, বিদ্রুম, পদ্মরাগ, মরকত, নীলকান্ত, এই নয় রত্ন। বি, পুং; রাজা বিক্রমাদিত্যের নয় জন সভা-পণ্ডিত—ধন্বন্তরি, ক্ষপণক, অমরসিংহ, শঙ্কু, বেতালভট্ট, ঘটকর্পর, কালিদাস, বরাহ-মিহির, বররুচি।

নবরস, বি, পুং; কাব্যে প্রচ-লিত নয় প্রকার রস, যথা—আদি, বীর, করুণ, অদ্ভুত, হাস্য, ভয়ানক, বীভৎস, রৌদ্র ও শান্ত।

নবরাত্র, বি, ক্লী; আশ্বিনমাসের শুক্ল প্রতিপদ হইতে নবমী পর্য্যন্ত নয় দিন অনাহারে থাকিয়া করণীয় ব্রত বিং।

নববধূ, বি, স্ত্রী; নবোঢ়া স্ত্রী, নূতন বৌ।

নবশাক, (প্রা) বি; 'নবশায়ক' দেখ, শব্দের সংক্ষিপ্ত পদ ঐ।

**নবশায়ক**, বি, পুং ; সদ্গোপ, মালাকার, তেলি, তাঁতি, ময়রা, বারুই, কুম্ভকার, কর্ম্মকার, নাপিত, এই নয় জাতি।

"গোপো মালী তথা তৈলী
তন্ত্রী মোদক বারুজী।
কুলালঃ কর্ম্মকারশ্চ
নাপিতো নবশায়কাঃ॥"

পরশুরাম ক্ষত্রিয়বংশধ্বংসকার্য্যে এই নয় জাতির সাহায্য লইয়াছিলেন, এইজন্য ইহার এক একটি জাতি একটি শায়ক অর্থাৎ বাণরূপে কল্পিত হইয়াছে।

**নবাব**, (যা) বি ; সুবাদার, যবন জাতীয় রাজ্যশাসনকর্ত্তা।

**নবীকৃত**, বিণ ; যাহা নূতন করা হইয়াছে।

**নবীন**, বিণ ( নব+ীন, স্বার্থে ) নূতন। বি,-ণত্ব। স্ত্রী,-না।

**নবীভূত**, বিণ ; যাহা নূতন হইয়াছে।

**নবোঢ়া**, বিণ, স্ত্রী ; নূতন বিবাহিতা। নব যে ঊঢ়া (বিবাহিতা) কর্ম্মধা। বি, স্ত্রী ; নূতন বিবাহিতা স্ত্রী। [নবতি, ৯০।

**নব্বই**, (প্রা) বি ; সংখ্যা বি°,

**নব্য**, বিণ ( নব+য, স্বার্থে ) নূতন। স্ত্রী,-ব্যা।

**নশ্বর**, বিণ ( নশ্-কর্ত্তৃ-ক্বরপ ) নাশশীল, অনিত্য। স্ত্রী,-রী।

**নষ্ট**, বিণ ( নশ্-কর্ত্তৃ-ক্ত ) নাশপ্রাপ্ত। বি, নাশ।

**নষ্টচন্দ্র**, বি, পুং ; দোষযুক্ত চন্দ্র, ভাদ্র চতুর্থীর চন্দ্র।

**নষ্টমতি**, বিণ ; দুষ্টবুদ্ধি। বহু।

**নষ্টা**, বিণ, স্ত্রী ; ভ্রষ্টা।

**নষ্টামি**, (প্রা) বি ; দুষ্টামি, ভ্রষ্টতা।

**নসীব**, (যা) বি ; অদৃষ্ট, কপাল।

**নস্য**, বি, ক্লী ( নস্+য ) নাসিকাতে দেয় চূর্ণাদি।

**নহুষ**, বি, পুং ( নহ্-কর্ত্তৃ-উষন্ ) যযাতির পিতা, ইনি ব্রাহ্মণের অবমাননা হেতু অগস্ত্য মুনির অভিশাপে সর্পদেহ প্রাপ্ত হইয়াছিলেন।

**নাক**, বি, পুং (ন+অক=দুঃখ) স্বর্গ। আকাশ। (প্রা) নাসিকা।

**নাকাল**, ( প্রা ) বিণ ; জব্দ, অপ্রস্তুত।

"গঙ্গার স্রোতে যেমন ইন্দ্রের ঐরাবত নাকাল হইয়াছিল" (রবীন্দ্র)

**নাখেরাজ**, (যা) বি, নিষ্করভূমি।

**নাগ**, বি, পুং ( নগ+ষ্ণ ) সর্প। হস্তী। মেঘ। ( শব্দের পরবর্ত্তী হইলে ) শ্রেষ্ঠ। স্ত্রী,-গী।

**নাগকেশর**, বি,পুং; পুষ্পবৃক্ষবিং।

**নাগদন্ত**, বি, পুং ; হস্তিদন্ত। ঘরের দেওয়ালে যে গোঁজ পোতা থাকে, দাণ্ডা।

**নাগপাশ**, বি,পুং ; সর্পরূপ পাশ। বরুণের অস্ত্র।

**নাগর**, বিণ ( নগর+ষ্ণ ) নগর-

সম্বন্ধীয়। বি,পুং; রসিক,বিদগ্ধ পুরুষ। বি, ক্লী; দেবনাগর অক্ষর। [ঐরাবত।

নাগরাজ, বি, পুং; অনন্ত।

নাগরিক, বিণ (নগর+ষ্ণিক) নগরবাসী। নগর সম্বন্ধীয়।

নাগরী, বি, স্ত্রী; নাগরপত্নী, রসিকা স্ত্রী, বিদগ্ধারমণী।

নাগবল্লী, বি, স্ত্রী; পানের গাছ।

নাগান্তক, নাগাশন, বি, পুং; গরুড়। ৬ষ্ঠীতৎ।

নাঙ্গল, (প্রা) বি; লাঙ্গল, হল।

নাচ, নাচন, নাচা, (প্রা) বি; নৃত্য, নর্ত্তন।

নাচার, (যা) বিণ; নিরুপায়।

নাজাই, (যা) বি; কম্‌তি,অভাব।

নাট, বি, পুং; (নট্‌-ঘঞ্‌) নৃত্য। অঙ্গভঙ্গী।

নাটক, বি, ক্লী (নট্‌-কর্ত্তৃ ণক) দৃশ্য কাব্য।

নাটকী, বি, স্ত্রী; ইন্দ্রসভা।

নাটমন্দির, বি,ক্লী; দেবমন্দিরের সম্মুখস্থ নাট্য স্থান বিং।

নাটিকা, বি, স্ত্রী; ৪টী অঙ্ক-বিশিষ্ট নাটক।

নাট্য, বি,ক্লী (নট+ষ্ণ্য) নৃত্য, গীত, বাদ্য—এই তিন।

নাট্যশালা, বি, স্ত্রী; রঙ্গালয়।

নাট্যাচার্য্য, বি, পুং; নাট্যের শিক্ষক। রঙ্গভূমির অধ্যক্ষ।

নাড়ন, (প্রা) বি; কম্পন। স্থানান্তর করণ।

নাড়া, (প্রা) বি; খড়, বিচালী।

নাড়ি (ড়ী), বি, স্ত্রী; দেহস্থ শিরা। জলবাহিনী সূর্য্যরশ্মি। চুঙ্গী। ডাঁটা। একদণ্ড সময়।

নাড়ীচক্র, বি, ক্লী; নাভিস্থ নাড়ীমূল।

নাড়ীজঙ্ঘ, বি, পুং; কাক। বক। মুনিবিং।

নাড়্‌, (প্রা) বি; লড্ডুক,লাড়্‌।

নাণক, বি, ক্লী (ন=না+অণক =কুৎসিত) মুদ্রা, মোহর প্রভৃতি। পুং; ধর্ম্মপ্রচারকবিং।

নাতি, (প্রা) বি; পৌত্র বা দৌহিত্র। স্ত্রী,-নী।

নাতিশীতোষ্ণ, বিণ (ন। অতি +শীত+উষ্ণ) অধিক শীতলও নয়, অধিক উষ্ণও নয় একরূপ।

নাথ, বি, পুং (নাথ্‌-অপা-অল্‌) স্বামী, প্রভু। বৃষ প্রভৃতির নাসিকা ছিদ্রগত রজ্জু।

নাথী, (প্রা), বি: পদাঘাত, লাথি।

নাদ, বি, পুং (নদ্‌-ঘঞ্‌) শব্দ।

নাদিত, বিণ (নাদি-ক্ত) শব্দিত।

নানা, ব্য; বহু, অনেক। (যা) বি; মাতামহ। স্ত্রী, নানী।

নানাবিধ, নানারূপ, বিণ; বিবিধ, অনেক প্রকার।

**নান্দী**, বি, স্ত্রী ( নান্দি-ঈ ) নাটকাদির প্রারম্ভে কর্ত্তব্য মঙ্গলাচরণ। অভ্যুদয়।

**নান্দীমুখ**, বি, পুং ; বৃদ্ধিশ্রাদ্ধভোক্তা মাতৃপিতৃগণ। ক্লী ; বৃদ্ধিশ্রাদ্ধ।

**নাপিত**, বি, পুং ; ( ন-আপ্ [ মান্য ] পাওয়া-কর্ত্তৃ ক্ত ) ক্ষৌরকার জাতি।

**নাভি**, বি, পুং, স্ত্রী ( নহ্-ইঞ্ ) উদরাবর্ত্ত, নাই। পুং ; ক্ষত্রিয়। সম্রাট্। প্রধান। স্ত্রী ; কস্তুরী।

**নাভিকণ্টক**, নাভিগোলক, বি, পুং ; নাইয়ের গোঁড়।

**নাম** (মন্), বি, ক্লী ; আখ্যা।

**নাম**, ব্য ; সম্ভাবনা, বিতর্ক, বিস্ময়াদিসূচক অব্যয়।

**নামকরণ**, বি, ক্লী ; সংস্কার বিং, বিধিপূর্ব্বক সন্তানের প্রথম নাম রাখা।

**নামধেয়**, বি, ক্লী ( নামন্+ধেয় ) নাম, আখ্যা।

**নামন**, ( প্রা ) বি ; অবতরণ।

**নামনা**, ( প্রা ) বি ; বটবৃক্ষাদির জটা, ঝুরি। [ মৃত।

**নামশেষ**, বি, পুং ; মৃত্যু। বিণ ;

**নামান**, ( প্রা ) বি ; অবতরণ করান।

**নামাবলী**, বি, স্ত্রী; দেবতার নামাঙ্কিত উত্তরীয় বস্ত্র। নামমালা।

**নায়ক**, বি, পুং ( নী-কর্ত্তৃ-ণক ) নেতা, পরিচালক। কাব্যনাটকে বর্ণনীয় প্রধান পুরুষ। স্ত্রীলোকের প্রণয়ী পুরুষ। হারমধ্য-মণি। স্ত্রী,-য়িকা।

**নায়িকা**, বি, স্ত্রী ; নেত্রী, পরিচালিকা। গ্রন্থে বর্ণনীয়া প্রধানা স্ত্রী। প্রণয়িনী স্ত্রী। দেবী বিং।

**নায়েব**, ( যা ) বি ; জমিদারের উচ্চ কর্ম্মচারী। [ বৎস।

**নার**, বি, পুং ( নর+ষ্ণ ) জল।

**নারকী**, বিণ ( নরক+ইন্ ) নরক ভোগী। মহাপাপী। স্ত্রী, -কিনী।

**নারঙ্গ**, বি, পুং ; নারঙ্গা লেবু।

**নারদ**, বি, পুং ( নার [ মনুষ্যসমূহ ]-দা-কর্ত্তৃ-ড) যিনি মনুষ্যগণকে যথার্থ উপদেশ প্রদান করেন, ব্রহ্মার মানসপুত্র, দেবর্ষি বিং।

**নারাচ**, বি, পুং ; লৌহময় বাণ।

**নারাচী**, বি, স্ত্রী ; নিক্তি।

**নারাজ**, ( যা ) বিণ ; অসন্তুষ্ট। অস্বীকৃত।

**নারায়ণ**, বি, পুং ; বিষ্ণু। নার (জল) হইয়াছে অয়ন ( আশ্রয় ) যাঁহার, বহু। স্ত্রী,-য়ণী।

প্রলয়কালে পৃথিবী জলমগ্ন হইলে বিষ্ণু বটপত্রের উপরি জলে ভাসিয়াছিলেন বলিয়া তাঁহার নাম নারায়ণ।

নারায়ণক্ষেত্র, বি, ক্লী ; গঙ্গা-প্রবাহ হইতে চারিহস্ত পরিমিত স্থান।
নারায়ণী, বি, স্ত্রী ( নারায়ণ+স্ত্রীঈপ্ ) লক্ষ্মী। দুর্গা। গঙ্গা।
নারিকেল, বি, পুং ; স্বনামখ্যাত বৃক্ষ। ক্লী ; ঐ ফল।
নারী, বি, স্ত্রী ( নর+স্ত্রীঈপ্ ) স্ত্রীলোক।
নারীদূষণ, বি, ক্লী ; মদ্যপান, দুর্জ্জনসংসর্গ, স্বামীত্যাগ, ইতস্ততোভ্রমণ, অন্যের গৃহে শয়ন ও বাস—স্ত্রীলোকের এই ছয় দোষ।
নাল, বি, ক্লী ; ডাঁটা। নল। (প্রা)বি;অশ্বের ক্ষুরাবদ্ধ লৌহ।
নালা, বি, স্ত্রী ; পয়ঃপ্রণালী, জলনির্গমপথ।
নালিতা, বি, স্ত্রী, পাটশাক।
নালিশ,(যা) বি ; বিচার প্রার্থনা, অভিযোগ। [নাড়ী।
নালী, বি, স্ত্রী ; জল নির্গমপথ।
নালীক, বি, পুং ; শল্যাস্ত্র। বাণ। নারিকেলকমণ্ডলু। ক্লী ; পদ্মসমূহ।
নাবিক, বি, পুং ( নৌ=নৌকা +ষ্ণিক ) যে নৌকা চালায়, কর্ণধার, মাঝি।
নাবী,বি,স্ত্রী;শ্রেণীবদ্ধ নৌকাদি।
নাব্য, বিণ ( নৌ+য্য ) নৌকা দ্বারা গমনযোগ্য।
নাশ, বি, পুং ( নশ্-ঘঞ্ ) ধ্বংস। বিণ, নষ্ট।
নাশক, বিণ ( নাশি-ণক ) নাশকারী। স্ত্রী,-শিকা।
নাশন, বিণ ( ঐ-অন্ ) নাশক।
নাশিত, বিণ (ঐ-ক্ত) বিনাশিত।
নাশী, বিণ ( ঐ-ণিন্ ) বিনাশকারী। স্ত্রী,-শিনী। ( নাশ+ইন্, অস্ত্যর্থে ) বিনাশশীল।
নাসা, বি,স্ত্রী ( নাস্-অন্-আপ্ ) নাক।
নাসারন্ধ্র,বি,ক্লী ; নাকের ছিদ্র।
নাসিকা, বি, স্ত্রী ( নাসা+কণ্ +আপ্ ) ঘ্রাণেন্দ্রিয়, নাক।
নাস্তি, বা ( ন+অস্তি=আছে ) নাই, বিদ্যমান নহে।
নাস্তিক, বিণ ( নাস্তি=নাই+কণ্ ) যে ঈশ্বর বা পরলোকের অস্তিত্ব স্বীকার করে না। বি, -কতা,-ক্য। [ধর্ম্ম।
নাস্তিকতা, বি, স্ত্রী ; নাস্তিকের
নিংড়ান, (প্রা) বি ; আর্দ্র বস্ত্রাদি হইতে জল বাহির করা।
নিঃক্ষত্র,নিঃক্ষত্রিয়, বিণ ; ক্ষত্রিয় রহিত।
নিঃশঙ্ক, বিণ; নির্ভয়। নির্ (নাই) শঙ্কা ( ভয় ) যার, বহু।
নিঃশব্দ, বিণ, ( নির্=নাই+শব্দ ) শব্দশূন্য, নীরব। বহু।

নিঃশেষ, বিণ ( নির্ = নাই + শেষ) শেষরহিত, সম্পূর্ণ। বহু।
নিঃশেষিত, বিণ ( নিঃশেষ + ইত ) যাহা ফুরাইয়া গিয়াছে।
নিঃশ্রয়ণী. বি, স্ত্রী (নির্ [বাহির] -শ্রি-অনট্ + ঈপ্ ) সিঁড়ি।
নিঃশ্রেণি (ণী), বি, স্ত্রী ; সিঁড়ি।
নিঃশ্বাস, বি, পুং ( নির্ [বাহির] -শ্বস্-ঘঞ্ ) নাসিকা হইতে নির্গত বায়ু।
নিঃসংশয়িতরূপে, ক্রিবিণ ; নিঃসন্দেহে।
নিঃসঙ্গ, বিণ ( নির্ = না + সঙ্গ = সংসর্গ ) সঙ্গরহিত। বিষয় বাসনা রহিত। বহু।
নিঃসত্ত্ব, বিণ ; বলহীন। ধৈর্য্য-শূন্য। প্রাণহীন। বহু।
নিঃসম্বল, বিণ ; পাথেয় শূন্য। সঙ্গতিবিহীন। বহু।
নিঃসরণ, বি, ক্লী ( নির্-সৃ-অনট্ ) নির্গত হওয়া। দ্বার। বিণ,-সৃত।
নিঃসহায়, বিণ ( নির্ = নাই + সহায় = সঙ্গী ) সহায়হীন, একেলা। বহু।
নিঃসারণ, বি, ক্লী ( নির্-সারি-অনট্ ) বহিস্করণ। নিংড়ান। বিণ,-রিত।
নিঃসারিত, বিণ (ঐ-ক্ত) বহিস্কৃত।
নিঃসৃত, বিণ ( নির্-সৃ-ক্ত ) নির্গত। বি,-সরণ।
নিঃস্রব, নিঃস্রাব, বি, পুং (নির্-স্রু-অল্, ঘঞ্ ) গলন, ক্ষরণ। দ্রবদ্রব্য।
নিঃস্ব, বিণ ; দরিদ্র, নিধন। নির্ (নাই) স্ব (ধন) যার, বহু।
নি, ব্য ; নিশ্চয়, অভাব, নিষেধ, নিকৃষ্ট, সামীপ্য, সংশয়, নিন্দা, প্রভৃতি অর্থ ব্যঞ্জক উপসর্গ।
নিকট, বিণ ( নি-কট্-অন্ ) সমীপ।
নিকটবর্ত্তী, নিকটস্থ, বিণ ; সমীপস্থ।
নিকন, নিকান, ( প্রা ) বি ; গোময়াদি দ্বারা লেপন।
নিকর, বি, পুং (নি-কৃ-কর্ম্ম-অল্) সমূহ। সার। ন্যায্য দেয়ধন।
নিকর্ষণ, বি, ক্লী ; নগরাদির বহিঃস্থিত অকৃষ্টস্থল, ক্রীড়াভূমি। নি ( নাই ) কর্ষণ যথায়, বহু।
নিকষ, বি, পুং ( নি-কষ্-অধি-অল্ ) কষ্টিপাথর। শাণ।
নিকষা, বি, স্ত্রী ; রাক্ষস-মাতা। ব্য ; মধ্যে। নিকটে।
নিকাম, ক্রিবিণ (নি-কম্-ঘঞ্ ) স্বেচ্ছাপূর্ব্বক। বিণ ; সাতিশয়।
নিকার, বি, পুং ( নি-কৃ-ভাবে-ঘঞ্ ) তিরস্কার। অপকার। পরাভব।
নিকাশ, ( প্রা ) বি ; পরিশোধ। শেষ।
নিকাস, বিণ ( নি-কাস্-কর্ত্তৃ-অন্ ) (শব্দের পরবর্ত্তী হইলে) তুল্য, সদৃশ।

**নিকিরী**, ( প্রা ) বি ; মৎস্ত বিক্রেতা যবন জাতি।

**নিকুঞ্জ**, বি, পুং, ক্লী ( নি [ নিরর্থক শব্দ ] + কুঞ্জ ) লতাগৃহ, কুঞ্জ।

**নিকুঞ্জবিহারী**, বি, পুং ; শ্রীকৃষ্ণ।

**নিকুম্ভিলা**, বি, স্ত্রী ; লঙ্কাস্থ গুহা বিং। [ পরাভূত।

**নিকৃত**, বিণ ( নি-কৃ-ক্ত ) তিরস্কৃত।

**নিকৃতি**, বি, স্ত্রী ; নিন্দা। ভৎর্সনা। শঠতা। নিষ্ঠুরতা।

**নিকৃত্ত**, বিণ ( নি-কৃত্-ক্ত ) ছিন্ন।

**নিকৃষ্ট**, বিণ ( নি-কৃষ্-কর্ম্ম-ক্ত ) অপকৃষ্ট, মন্দ। নীচ।

**নিকেতন**, বি, ক্লী ( নি-কিত্-অধি-অনট্ ) আলয়, গৃহ।

**নিক্তি**, ( প্রা ) বি ; পরিমাপক। ক্ষুদ্র তুলা যন্ত্র বিং।

**নিক্কণ**, নিক্কাণ, বি, পুং ( নি-কণ্-অল্ , ঘঞ্ ) শব্দ। বীণাদির ধ্বনি।

**নিক্ষিপ্ত**, বিণ ( নি-ক্ষিপ্-ক্ত ) যাহা নিক্ষেপ করা হইয়াছে। ন্যস্ত। বি,-ক্ষেপ।

**নিক্ষেপ**, বি, পুং ( নি-ক্ষিপ্-অল্ ) ফেলিয়া দেওয়া। ত্যাগ। অর্পণ। গচ্ছিত রাখা। বিণ, -ক্ষিপ্ত।

**নিক্ষেপক**, বিণ ( ঐ-ণক ) যে নিক্ষেপ করে।

**নিখর্ব্ব**, বি, ক্লী ; দশ সহস্র কোটি সংখ্যা।

**নিখাত**, বিণ ( নি-খন্-ক্ত ) যাহা খনন করা হইয়াছে, খাত। প্রোথিত।

**নিখিল**, বিণ ( নি [ না ] + খ [ শূন্য ]-লা-কর্ত্তৃ-ড ) সমস্ত, সম্পূর্ণ, সকল।

"যজ্ঞান্তে নিখিল রাজমণ্ডল যুধিষ্ঠিরকে সসাগরা পৃথিবীর সম্রাট বলিয়া," ( রজনীগুপ্ত )।

**নিখুঁত** বিণ ; দোষহীন, নির্দ্দোষ।

**নিগড়**, বি, পুং, ক্লী ( নি-গড়্-অন্ ) শৃঙ্খল। বেড়ী।

**নিগড়িত**, বিণ ( নিগড + ইত, যুক্তার্থে ) শৃঙ্খলবদ্ধ। বদ্ধ।

**নিগম**, বি, পুং ( নি-গম্-অল্ ) বেদাদি শাস্ত্র। নগর। পথ। আপণ। বাণিজ্য। নিশ্চয়।

{ **নিগর**, বি, পুং ( নি-গৃ-অল্ )
{ **নিগরণ**, বি, ক্লী ( ঐ-অনট্ ) ভক্ষণ, গেলা।

**নিগীর্ণ**, বিণ ( ঐ-ক্ত ) ভক্ষিত।

**নিগূঢ়**, বিণ ( নি-গুহ্-কর্ম্ম-ক্ত ) গুপ্ত। আচ্ছাদিত। দুর্ব্বোধ।

**নিগৃহীত**, বিণ ( নি-গ্রহ্-কর্ম্ম-ক্ত ) লাঞ্ছিত। নিরুদ্ধ।

**নিগ্রহ**, বি, পুং ( ঐ ভাবে-অল্ ) অকৃপা। দণ্ড। প্রহার। নিরোধ

**নিগ্রাহক**, বিণ ( ঐ-কর্ত্তৃ-ণক ) নিগ্রহকারী।

**নিঘণ্টু**, বি, পুং ( নি-ঘনট-উ ) নির্ঘণ্ট, সূচিপত্র। কোষাদিগ্রন্থ।

**নিচয়**, বি, পুং (নি-চি-কর্ম্ম-অল্) সমূহ, রাশি। বিণ,-চিত।

**নিচায়**, বি, পুং ( ঐ ঘঞ্ ) ধান্যাদির রাশি।

**নিচিত**, বিণ ( ঐ-ক্ত ) সঞ্চিত। ব্যাপ্ত। রচিত।

**নিচু**, ( প্রা ) বি ; ফল বিং।

**নিচুল**, বি, পুং ( নি-চুল্-ক ) স্থলবেতস। কবি বিং।

**নিচোল**, বি, ক্লী ( ঐ-অন্ ) আচ্ছাদন-বস্ত্র। ঘাগ্‌রা। সাঁজোয়া। [ বালাই।

**নিছনি**, ( প্রা, পদ্যে ) বি ;

"যে চাঁদ নিছনি কোটি কোটি চাঁদ," ( কৃষ্ণকমল গোস্বামী )।

**নিজ**, বিণ ( নি জন-ড ) স্বকীয়। স্বাভাবিক।

**নিজস্ব**, বি, ক্লী ; যাহাতে অন্য কাহারও অধিকার নাই। নিজ (স্বীয়) যে স্ব (ধন), কর্ম্মধা।

**নিজে**, ( প্রা ) ; আপনি, স্বয়ং।

**নিঝুম**, বিণ ; নিঃশব্দ। নিস্পন্দ।

**নিটল**, বি, পুং ( নি-টল-অল্ ) ললাট।

**নিটোল**, ( প্রা ) বিণ ; সমতল, যাহা উচ্চনীচ নহে।

"তাহার নিটোল কোমল রক্তোৎপল পদপল্লবে" ( রবীন্দ্রনাথ )।

**নিট্ট**, (প্রা) বিণ ; খাঁটী। সত্য।

**নিঠুর**, ( প্রা, পদ্যে ) বিণ ; নিষ্ঠুর, নির্দ্দয়, দয়াহীন।

**নিড়ান**, ( প্রা ) বি ; ধান্যাদির ক্ষেত্র হইতে তৃণ উৎপাটন।

**নিতম্ব**, বি, পুং ( নি-তন্‌ব-কর্ম্ম-অল ) স্ত্রীলোকের কটির পশ্চাদ্ভাগ। পর্ব্বতের পার্শ্বদেশ।

**নিতম্বিনী**, বি, স্ত্রী ( নিতম্ব+ইন, অস্ত্যর্থে+ঈপ্ ) নারী। বিণ ; প্রশস্ত নিতম্বযুক্তা।

**নিতরাম্**, ব্য ; সর্ব্বদা। অত্যন্ত।

**নিতান্ত**, ক্রিবিণ ( নি-তম্-ক্ত) অত্যন্ত। অবশ্য।

**নিতিনিতি**, ( প্রা,পদ্যে) প্রত্যহ, রোজ রোজ।

**নিত্য**, ক্রিবিণ ( নি [ নিয়ত ] + ত্য, ভবার্থে ) সতত। বিণ ; অক্ষয়, চিরস্থায়ী। প্রাত্যহিক।

**নিত্যকর্ম্ম**, বি, ক্লী ; দৈনন্দিন কর্ত্তব্য কর্ম্ম।

**নিত্যক্রিয়া**, বি,স্ত্রী ; নিত্যকর্ম্ম।

**নিত্য নৈমিত্তিকক্রিয়া**, বি, স্ত্রী ; দৈনন্দিন কর্ত্তব্য কর্ম্ম এবং প্রয়োজনমত সময়বিশেষে কর্ত্তব্য কর্ম্ম। দ্বন্দ্ব ও কর্ম্মধা।

**নিত্যানন্দ**, বিণ ; সদানন্দ, যাহার মন সর্ব্বদা আনন্দপূর্ণ। বহু। বি, পুং ; শ্রীশ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর পার্শ্বচর, নিতাই।

নিথর, (গ্রা) বিণ; নিস্পন্দ। নিঃশব্দ। [নিষ্ঠুর।
নিদয়, (গ্রা, পদ্যে) বিণ, নির্দ্দয়,
নিদর্শন, বি, ক্লী (নি দৃশ্-করণ-অনট্) দৃষ্টান্ত। চিহ্ন। প্রমাণ।
নিদর্শনা, বি, স্ত্রী; কাব্যালঙ্কার বিং।
নিদাঘ, বি, পুং (নি [নিয়ত]-দহ্-ঘঞ) গ্রীষ্মকাল। বিণ; উষ্ণ, উত্তপ্ত।
নিদান, বি, ক্লী (নি-দা-অনট্) মূলকারণ। রোগ নির্ণায়ক গ্রন্থ বিং। অবসান, শেষ।
নিদারুণ, বিণ; কঠিন। দুঃসহ। নির্দ্দয়। নি (অতিশয়) যে দারুণ, কর্ম্মধা।
নিদিধ্যাসন, বি, ক্লী (নি-ধ্যৈ-সন-অনট্) একতান মনে অবিশ্রান্ত ধ্যান।
নিদেশ, বি, পুং (নি-দিশ্-ঘঞ) আজ্ঞা, আদেশ। উক্তি। সমীপ।
নিদেশবর্ত্তী, বিণ (নিদেশ বৃত্-ণিন্) আজ্ঞানুবর্ত্তী। স্ত্রী,-র্ত্তিনী।
নিদ্রা, বি, স্ত্রী (নি-দ্রা-ভাবে-ঙ) ঘুম। নিমীলন। বিণ,-দ্রিত।
নিদ্রাভঙ্গ, বি, পুং; ঘুমভাঙ্গা।
নিদ্রালু, বিণ (নিদ্রা+আলু, শীলার্থে) নিদ্রাশীল।
নিদ্রাবেশ, বি, পুং (নিদ্রা+আবেশ) ঘুমধরা। ৬ষ্ঠীতৎ।
নিদ্রিত, বিণ (নিদ্রা+ইত, যুক্তার্থে) যে ঘুমাইতেছে, সুপ্ত।
নিধন, বি, পুং, ক্লী (নি-ধা-অন) মৃত্যু। বিনাশ।
নিধান, বি, ক্লী (ঐ-অনট্) আধার। স্থাপন। অর্পণ।
নিধি, বি, পুং (ঐ-কি) রত্ন। আধার। সমুদ্র। নিক্ষেপ। কুবেরের সম্পত্তি বিং। অস্বামিক ধন। গচ্ছিত বস্তু।
নিধীশ, বি, পুং (নিধি+ঈশ, ঈশ্বর) কুবের। ৬ষ্ঠীতৎ।
নিধুবন, বি, ক্লী (নি ধু-অন) আমোদ, কেলি।
নিধ্বান; বি, পুং (নি-ধ্বন্-ঘঞ্) ধ্বনি, শব্দ।
নিধ্যান, বি, ক্লী (নি-ধৈ-অনট্) দর্শন।
নিনাদ, বি, পুং (নি-নদ্-ভাবে-ঘঞ) ধ্বনি। বিণ,-দিত।
নিনাদিত, বিণ (নি-নাদি-কর্ম্ম-ক্ত) ধ্বনিত, শব্দিত।
নিন্দক, বিণ (নিন্দ্-ণক) নিন্দাকারী। স্ত্রী,-ন্দিকা।
নিন্দনীয়, নিন্দ্য, বিণ (ঐ-অনীয়, য) নিন্দার যোগ্য।
নিন্দা, বি, স্ত্রী (ঐ-অ) কুৎসা, অপবাদ। বিণ,-ন্দিত,-ন্দনীয়,-ন্দ্য
নিন্দিত, বিণ (ঐ-ক্ত) যাহার নিন্দা করা হইয়াছে। গর্হিত।

নিপট, ( পদ্যে ) বিণ ; নিতান্ত, অত্যন্ত।

নিপাত, বি, পুং (নি-পত্-ঘঞ্) অধঃপতন। মৃত্যু।

নিপাতন, বি, ক্লী ( নি-পাতি-অনট্) অধঃক্ষেপণ। বধসাধন। উচ্ছেদন। (ব্যাকরণে) যদৃচ্ছাক্রমে পদসাধন।

নিপাতিত, (ঐ-ক্ত) অধোনীত। বিনাশিত। পাতিত।

নিপান, বি, ক্লী ( নি-পা-অধি-অনট্ ) কূপসমীপস্থ জলাধার, চৌবাচ্চা।

নিপীড়ক, বিণ ( নি-পিড্-ণক ) পীড়নকারী, ক্লেশদায়ক।

নিপীড়ন, বি, ক্লী ( ঐ-অনট্ ) উৎপীড়ন। অভিবাদন। পাদাদি মর্দ্দন। নিংড়ান। বিণ,-ড়িত।

নিপীড়িত, বিণ(ঐ-ক্ত)উৎপীড়িত। অভিবাদিত। মর্দ্দিত।

নিপীত, বিণ (নি-পা-ক্ত) নিঃশেষে পীত।

নিপুণ, বিণ ( নি-পুণ্-কর্ত্তৃ-ক ) দক্ষ, পটু। স্ত্রী,-ণা। বি, -ণতা, নৈপুণ্য।

নিপুণতা, বি, স্ত্রী ( নিপুণ+তা, ভাবার্থে ) দক্ষতা।

নিভ, বিণ ( নি-ভা-ড ) তুল্য, সদৃশ। [ অকৃত্রিম, খাঁটি।

নির্ভাঁজ, ( প্রা ) বিণ ; অমিশ্র,

নিভৃত, বিণ ( নি-ভৃ-কর্ম্ম-ক্ত ) নির্জ্জন, গুপ্ত। নিশ্চল।

নিমকহারাম, (যা) বিণ ; বিশ্বাসঘাতক। প্রভুভক্তিহীন।

নিমগ্ন, বিণ ( নি-মস্জ-ক্ত ) যাহা ডুবিয়া গিয়াছে। অন্তঃপ্রবিষ্ট। বি,-জ্জন।

নিমজ্জন, বি, ক্লী ( ঐ-অনট্ ) অবগাহন। ডুবিয়া যাওয়া।

নিমন্ত্রণ, বি, ক্লী ( নি-মন্ত্র্-অনট্ ) ভোজনাদির নিমিত্ত আহ্বান। বিণ,-ন্ত্রিত।

নিমন্ত্রিত, বিণ ( ঐ-ক্ত ) যাহাকে আহ্বান করা হইয়াছে।

নিমি, বি, পুং ; চন্দ্রবংশীয় নৃপবিং।

নিমিত, বিণ ( নি-মা-ক্ত ) উৎক্ষিপ্ত। তুল্য।

নিমিত্ত, বি, ক্লী (নি-মি-করণ-ক্ত) কারণ। প্রয়োজন। শুভাশুভ চিহ্ন। বিণ, নৈমিত্তিক। ব্য, জন্য।

নিমিত্তকারণ, বি; সমবায়ি ও অসমবায়ি কারণ ভিন্ন অন্যকারণ। কর্ত্তা যাহা দ্বারা বা যাহাকে উপলক্ষ্য করিয়া কর্ম্ম সম্পন্ন করেন ; যেমন, ঘট-বিষয়ে কুম্ভকারের চক্র, দণ্ড প্রভৃতি।

নিমিত্তজ্ঞ, বিণ ( নিমিত্ত-জ্ঞা-কর্ত্তৃ-ড ) শকুনজ্ঞ, যে শুভাশুভ চিহ্ন বুঝিতে পারে।

নিমিষ, নিমেষ, বি, পুং ( নি-মিষ্-

অল্, ঘঞ্) চক্ষুর পলক। একবার নেত্র নিমীলনে যে সময় লাগে।

**নিমীলন**, বি, ক্লী (নি-মীল্-ভাবে-অনট্) মুদ্রণ, বোজা। সঙ্কোচন। বিণ,-লিত।

**নিমীলিত**, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) মুদ্রিত। সঙ্কুচিত।

**নিমেষ**, 'নিমিষ' দেখ।

**নিম্ন**, বিণ (নি-ম্না-ড) নত, নীচ। অধঃ। গভীর।

**নিম্নগ**, বিণ (নিম্ন-গম্-ড) অধোগামী। স্ত্রী,-গা, নদী।

**নিম্নোন্নত**, বিণ (নিম্ন + উন্নত = উচ্চ) উচ্চনীচ, বন্ধুর।

**নিম্ব**, বি, পুং; নিমগাছ।

**নিয়ত**, বিণ (নি-যম্-ক্ত) নিশ্চিত। সংযত। বদ্ধ। অবশ্যম্ভাবী। ক্রিবিণ; নিত্য, সর্ব্বদা।

**নিয়তাত্মা**, বিণ; সংযতচিত্ত।

**নিয়তি**, বি, স্ত্রী (নি-যম্-ক্তি) ভাগ্য, অদৃষ্ট। ঐশিক নিয়ম।

**নিয়ন্তা** (ন্তৃ), বিণ (নি-যম্-কর্ত্তৃ-তৃন্) নিয়মকর্ত্তা। শাসনকর্ত্তা। বি, পুং; সারথি। স্ত্রী,-ন্ত্রী।

**নিয়ন্ত্রিত**, বিণ (নি-যন্ত্র্-কর্ম্ম-ক্ত) দমিত, নিবারিত। বদ্ধ।

**নিয়ম**, বি, পুং (নি-যম্-ভাবে-অল্) ব্যবস্থা। রীতি। নির্দ্ধারণ। ব্রত উপবাসাদি ধর্ম্মানুষ্ঠান। শৌচ, অক্রোধ, গুরুশুশ্রূষা, আহার লাঘব, সতত অপ্রমাদ, —এই পাঁচ প্রকার নিয়ম।

**নিয়মতন্ত্র**, বিণ; নির্দ্ধারিত নিয়মের অধীন। বি; প্রজালোকের অনুমোদিত নির্দ্দিষ্ট নিয়মাধীন শাসন প্রণালী, স্বেচ্ছাতন্ত্র শাসন প্রণালীর বিরুদ্ধ প্রণালী।

**নিয়মন**, বি, ক্লী; নিয়ম করিয়া দেওয়া। বন্ধন। দমন।

**নিয়মানুযায়ী**, বিণ (নিয়ম + অনুযায়ী) নিয়মমত। ৬ষ্ঠীতৎ।

**নিয়মিত**, বিণ; নিয়মবদ্ধ। সংযত। দমিত। নির্ণীত। নিষিদ্ধ।

**নিয়ামক**, বিণ (নি-যম্-কর্ত্তৃ-ণক) নিয়মকর্ত্তা। পরিচালক। নিরূপক। স্ত্রী,-মিকা।

**নিযুক্ত**, বিণ (নি-যুজ্-ক্ত) ব্যাপৃত। প্রবৃত্ত। নিয়োজিত। অধিকৃত। বি, নিয়োগ।

**নিযুত**, বি, ক্লী; দশ লক্ষসংখ্যা।

**নিযুদ্ধ**, বি, ক্লী; মল্লযুদ্ধ, বাহুযুদ্ধ।

**নিযোক্তা** (ক্তৃ), বিণ (নি-যুজ্-তৃন্) নিয়োগকর্ত্তা। স্ত্রী,-ক্ত্রী।

**নিয়োগ**, বি, পুং, (ঐ-ঘঞ্) নিযুক্ত করা। প্রেরণ। নিশ্চয়। আজ্ঞা।

"আমরা গুরুনিয়োগ অনুষ্ঠান করিয়াছি।" (শকুন্তলা)।

**নিয়োগপত্র**, বি, ক্লী ; যে পত্র-দ্বারা কাহাকে কোন কার্য্যে নিযুক্ত করা যায়।
**নিয়োগ্য**, বিণ (নি-যুজ-কর্ত্তৃ-ঘ্যণ্) নিয়োগ কর্ত্তা। স্ত্রী,-গ্যা।
**নিয়োজক**, বিণ (ঐ-ণক) নিয়োগ কর্ত্তা। স্ত্রী,-জিকা।
**নিয়োজন**, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) নিযুক্ত করণ। আদেশ করণ প্রেরণ।
**নিয়োজিত**, বিণ (নি-যোজি-কর্ম্ম-ক্ত) যাহাকে নিযুক্ত করা হইয়াছে। প্রবর্ত্তিত।
**নিয়োজ্য**, বিণ(নি-যুজ্-কর্ম্ম-ঘ্যণ্) নিয়োগের যোগ্য। যাহাকে নিয়োগ করা যায়, ভৃত্য।
**নিঃ** (র্,স), ব্য ; নিষেধ। নিশ্চয়। নিঃশেষ। নিতান্ত।
**নিরংশ**, বিণ ; অংশহীন।
**নিরক্ষদেশ**, -রেখা,-বৃত্তি, বি ; বিষুব রেখা। [ Equator ]।
**নিরক্ষদেশ**, বি, পুং ; যে দেশ দিয়া বিষুব রেখা গিয়াছে।
**নিরক্ষান্তর**, বি ; বিষুব রেখা হইতে উত্তরে বা দক্ষিণে কোন স্থানের দূরত্ব।
**নিরঙ্কুশ**, বিণ ; যথেচ্ছাচারী। অনিবার্য্য। নির ( নাই ) অঙ্কুশ (শাসনদণ্ড) যাহার, বহু।
**নিরঞ্জন**, বিণ ; নির্ম্মল, বিশুদ্ধ। অবিদ্যাদোষ রহিত। নির্ (নাই) অঞ্জন (মালিন্য) যাহার,বহু। বি, ক্লী; পরব্রহ্ম। প্রতিমাবিসর্জ্জন।
**নিরঞ্জনা**, বি, স্ত্রী ; পূর্ণিমা তিথি।
**নিরত**, বিণ (নি-রম্-ক্ত) প্রবৃত্ত। আসক্ত। ব্যাপৃত। অনবরত।
**নিরতিশয়**, বিণ ; অত্যধিক। অত্যুৎকৃষ্ট। নির্ (নাই) অতিশয় যাহা হইতে, বহু।
**নিরত্যয়**, বিণ ( নির্+অত্যয় ) অবিনাশী। নির্দ্দোষ। বাধাশূন্য।
**নিরন্তর**, ক্রিবিণ ; সর্ব্বদা। বিণ ; নিরবকাশ,নিচ্ছিদ্র। নির্(নাই) অন্তর (অবকাশ) যাহাতে, বহু।
**নিরন্ন**, বিণ, দরিদ্র। নির্ ( নাই ) অন্ন যাহার, বহু।
**নিরন্বয়**, বিণ, ( নির্+অন্বয় ) সম্বন্ধরহিত।
**নিরপত্য**, বিণ ; নিঃসন্তান, পুত্রকন্যাহীন। নির্ ( নাই ) অপত্য ( সন্তান ) যাহার, বহু।
**নিরপত্রপ**, বিণ; নির্লজ্জ,বেহায়া। নির্ ( নাই ) অপত্রপা ( লজ্জা ) যাহার, বহু।
**নিরপরাধ**, বিণ ; নির্দ্দোষ। নির্ ( নাই ) অপরাধ যার, বহু। স্ত্রী,-ধা।
**নিরপরাধী**, বিণ ( নির্ [না ]+অপরাধী ) নির্দ্দোষ।
"আপনার শত্রু...নিরপরাধীকে প্রহার

করিবার নিমিত্ত নহে"—বিদ্যাসাগর। বহুব্রীহি সমাসনিষ্পন্ন 'নিরপরাধ' শব্দেই এই অর্থ প্রতীতি হয়, এই হেতু এই পদটীকে অনেকে ব্যাকরণদুষ্ট ও অনাবশ্যক মনে করেন। বলা বাহুল্য, ব্যাকরণ ভাষার অনুবর্ত্তী।

নিরপেক্ষ, বিণ; ( নির্+অ-পেক্ষা)অপেক্ষারহিত। স্বাধীন। পক্ষপাত শূন্য। বহু। বি,-ক্ষতা।

নিরভ্র, বিণ; মেঘশূন্য, নির্ম্মল। নির্ (নাই) অভ্র (মেঘ) যাহাতে, বহু।

"নিরভ্র নিদাঘের প্রভাত হাস্য"

নিরম্বু, বিণ (নির্+অম্বু=জল) নির্জ্জল। যাহাতে জল গ্রহণও করা হয় না।

নিরয়, বি, পুং; নরক। নির্ ( নাই ) অয়্ ( সৌভাগ্য ) যথায়, বহু।

নিরর্গল, বিণ ( নির্+অর্গল= হুড়্কা ) অর্গলরহিত। প্রতিবন্ধকশূন্য। বহু।

নিরর্থক, বিণ ( নির্+অর্থ+ক) ব্যর্থ, নিষ্ফল। নিষ্প্রয়োজন। অর্থশূন্য।

নিরবকাশ, বিণ; অবকাশ শূন্য। নিবিড়।

নিরবগ্রহ, বিণ ( নির্+অবগ্রহ) প্রতিবন্ধকশূন্য। স্বতন্ত্র। বহু।

নিরবচ্ছিন্ন, বিণ ( নির্+অবচ্ছিন্ন ) অনবচ্ছিন্ন। নিরন্তর। কেবল। নির্ম্মল।

নিরবদ্য, বিণ (নির্=না+অবদ্য =অকথ্য) নির্দ্দোষ। অনিন্দ্য। উৎকৃষ্ট। বি,-দ্যতা।

নিরবধি, বিণ; নিরন্তর, সর্ব্বদা। অসীম। নির্ ( নাই ) অবধি ( সীমা ) যার, বহু।

নিরবয়ব, বিণ ( নির্+অবয়ব ) অবয়ব রহিত, নিরাকার।

নিরবলম্ব,-ম্বন, বিণ; নিরাশ্রয়, অসহায়। নির্ (নাই) অবলম্ব বা অবলম্বন যার, বহু।

নিরবশেষ, বিণ (নির্+অবশেষ) নিঃশেষ, সম্পূর্ণ। বহু।

নিরশন, বি,ক্লী, ( নির্+অশন ) অনাহার।

নিরসন, বি,ক্লী (নির্-অস্-ভাবে-অনট্) দূরীকরণ। নিষ্কাশন। নিক্ষেপ। বিণ, নিরস্ত।

নিরস্ত, বিণ,(ঐ-কর্ম্ম-ক্ত) নিবৃত্ত, ক্ষান্ত। নিরাকৃত। নিক্ষিপ্ত। নিবারিত। হত। বি, নিরসন।

নিরস্ত্র, বিণ; অস্ত্রশূন্য। নির্ ( নাই ) অস্ত্র যার, বহু।

নিরহঙ্কার, বিণ; গর্ব্বরহিত। নির্ (নাই) অহঙ্কার যার, বহু।

নিরাকরণ, বি, ক্লী ( নির্-আ-কৃ-অনট্ ) দূরীকরণ। নিবারণ। বিণ,-কৃত।

নিরাকাঙ্ক্ষ, বিণ; আকাঙ্ক্ষা

শূন্য। নির্ (নাই) আকাঙ্ক্ষা যার, বহু।
নিরাকার, বিণ; আকার রহিত। নির্ (নাই) আকার যাহার, বহু। স্ত্রী,-রা।
নিরাকুল, বিণ (নির্ [অতিশয়] + আকুল) অত্যন্ত আকুল। (নির্ [না] + আকুল) অব্যাকুল।
নিরাকৃত, বিণ (নির্-আ-কৃ-ক্ত) দূরীকৃত। নিবারিত।
নিরাতঙ্ক, বিণ; আতঙ্ক রহিত, নির্ভয়। নির্ (নাই) আতঙ্ক যার, বহু।
নিরানন্দ, বিণ; আনন্দ রহিত।
নিরাপদ, বিণ; বিপন্মুক্ত। নির্ (নাই) আপদ্ যার, বহু। দে, ক্রিবিণ; নির্ব্বিঘ্নে।
নিরাময়, বিণ (নির্ + আময় = রোগ) নীরোগ, সুস্থ। বহু।
নিরামিষ, বিণ (নির্ + আমিষ) মাংসাদি রহিত।
নিরায়ুধ, বিণ (নির্ + আয়ুধ = অস্ত্র) অস্ত্রহীন। বহু।
নিরালম্ব, বিণ (নির্ + আলম্ব = আশ্রয়) নিরাশ্রয়। বহু।
নিরালা, (প্রা) বিণ; নিভৃত, নির্জ্জন।
নিরাবিল, বিণ; আবিলতা শূন্য, নির্ম্মল।
নিরাশ, বিণ; আশাশূন্য, হতাশ। নির্ (নাই) আশা যার, বহু।
নিরাশ্রয়, বিণ; আশ্রয়হীন, অসহায়। নির্ (নাই) আশ্রয় যার, বহু।
নিরাস, বি, পুং (নির্-অস্-ঘঞ্) নিরাকরণ, দূরীকরণ। নিবারণ। খণ্ডন। বিণ, নিরস্ত।
নিরাহার, বিণ; আহার রহিত, উপবাসী। নির্ (নাই) আহার যার, বহু। বি, পুং; ভোজনাভাব।
নিরিন্দ্রিয়, বিণ (নির্ + ইন্দ্রিয়) ইন্দ্রিয়শূন্য, চক্ষুরাদিহীন। বহু।
নিরীক্ষণ, বি, ক্লী (নির্-ঈক্ষ-ভাবে-অনট্) দর্শন। বিণ,-ক্ষিত
নিরীক্ষিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) দৃষ্ট।
নিরীক্ষ্যমাণ, বিণ (ঐ-শান) যাহা দেখা যাইতেছে, দৃশ্যমান।
নিরীথ, (ঘা) বি; দ্রব্যাদির মূল্য।
নিরীতি, বিণ (নির্ + ঈতি) ঈতিশূন্য। 'ঈতি' দেখ।
নিরীশ্বর, বিণ; যে ঈশ্বর মানে না, নাস্তিক। [স্পৃহাশূন্য।
নিরীহ, বিণ; নিশ্চেষ্ট। শান্তপ্রকৃতি। নির্ (নাই) ঈহা (চেষ্টা, ইচ্ছা) যাহার, বহু।
নিরুক্ত, বি, ক্লী; বেদাঙ্গগ্রন্থ বিং। বিণ; নির্ণীত।
নিরুচ্ছাস, বিণ (নির্ + উচ্ছাস) নিশ্বাস রহিত। অধিক লোক

থাকার পক্ষে সঙ্কীর্ণ, অথবা, অধিক লোক পরিপূর্ণ (স্থান)।
নিরুত্তর, বিণ ( নির্+উত্তর ) উত্তর রহিত। বহু।
নিরুৎসাহ, বিণ ; উৎসাহহীন। নির্ (নাই) উৎসাহ যার, বহু।
নিরুৎসুক, বিণ ; (নির্ [না]+ উৎসুক ) ঔৎসুক্য-রহিত।
নিরুদ্ধ, বিণ ( নি-রুধ্-কর্ম্ম-ক্ত ) অবরুদ্ধ। নিবারিত। বি, নিরোধ।
নিরুদ্বিগ্ন, বিণ ; অব্যাকুল, স্থির।
নিরুপম, বিণ ; অনুপম, তুলনা-রহিত। নির্ ( নাই ) উপমা ( তুলনা ) যার, বহু। স্ত্রী,-মা।
নিরুপাখ্য, বিণ ( নির্+উপ+ আখ্যা) অনির্ব্বচনীয়। অস্তিত্ব-হীন ( যেমন, আকাশ কুসুম প্রভৃতি )। বি, ক্লী ; পরব্রহ্ম।
নিরূপক, বিণ ( নি-রূপি-ণক ) নিরূপণকারী।
নিরূপণ, বি, ক্লী ( ঐ-অনট্ ) নির্ণয়, অবধারণ। দর্শন। বিতর্ক। বিবরণ। বিণ,-পিত।
নিরূপিত, বিণ (ঐ-ক্ত) নির্ণীত।
নিরেট, ( প্রা ) বিণ ; ছিদ্রশূন্য, যাহা ফাঁপা নয়। কঠিন, শক্ত।
নিরোধ, বি, পুং (নি-রুধ্-ঘঞ্ ) অবরোধ। নিগ্রহ। নিবারণ। বিণ, নিরুদ্ধ।
নিরোধক, বিণ ( ঐ-ণক ) প্রতিরোধকারী।
নির্গত, বিণ ( নির্-গম্-ক্ত ) বহির্গত, নিঃসৃত। বি,-র্গম, র্গমন
নির্গন্ধ, বিণ ; গন্ধহীন।
নির্গম, বি, পুং (নির্-গম্-অল্ ) নির্গমন, বি, ক্লী ( ঐ-অনট্ ) বহির্গমন। বিণ,-র্গত।
নির্গুণ, বিণ ; বিদ্যাবিনয়াদিগুণ-হীন। গুণাতীত। নির (নাই) গুণ যাহার, বহু। বি, পুং ; ত্রিগুণাতীত পরমাত্মা, পরমেশ্বর।
নির্গূঢ়, বি, পুং ; বৃক্ষকোটর।
নির্ঘণ্ট, বি, পুং ; সূচিপত্র। নির্ণয়।
নির্ঘাত, বি, পুং (নির্-হন্-ঘঞ্ ) প্রবল বায়ু। বায়ুর পরস্পর আঘাত জনিত শব্দ। বজ্র। বিণ ; নিষ্ঠুর। ভয়ানক।
নির্ঘৃণ, বিণ ; ঘৃণারহিত। নির্দ্দয়। নির্ ( নাই ) ঘৃণা যার, বহু।
নির্ঘোষ, বি, পুং ( নির্-ঘুষ্-কর্ম্ম-অল্ ) ধ্বনি, শব্দ।
নির্জ্জন, বিণ ; জনশূন্য, নিভৃত। নির্ ( নাই ) জন যাহাতে, বহু। বি,-নতা।
নির্জ্জনতা, বি, স্ত্রী ; জনশূন্যতা।
নির্জ্জর, বিণ ( নির্+জরা )

জরাশূন্য। বি, পুং ; দেবতা।

নির্জীব, বিণ ; জীবনশূন্য। অচেতন। দুর্বল। নির্ (নাই) জীব (জীবন) যাহার, বহু।

নির্ঝর, বি, পুং ( নির্-ঝৄ-করণ-অল্ ) ঝরণা। জল প্রবাহ।

নির্ঝরিণী, বি, স্ত্রী ( নির্ঝর [প্রবাহ]+ইন্, অস্ত্যর্থে+ঈপ্ ) নদী।

নির্ণয়, বি, পুং ( নির্-নী-ভাবে-অল্ ) অবধারণ, নিরূপণ। বিণ,-র্ণীত।

নির্ণায়ক, বিণ ( ঐ-কর্ত্তৃ-ণক ) নিরূপক।

নির্ণিক্ত, বিণ ( নির্-নিজ্-ক্ত ) ধৌত।

নির্ণীত, বিণ ( নির্-নী-কর্ম্ম-ক্ত ) নিরূপিত। বি,-র্ণয়।

নির্ণেতা (তৃ), বিণ, পুং (ঐ-কর্ত্তৃ-তৃন্) নির্ণয়কারী। স্ত্রী,-ত্রী।

নির্ণেয়, বিণ ( ঐ-কর্ম্ম-য ) নির্ণয় করিবার যোগ্য।

নির্দ্দয়, বিণ ; দয়াহীন, নিষ্ঠুর। নির্ ( নাই ) দয়া যার, বহু।

নির্দ্দহন, বি, ক্লী ( নির্-দহ্-ভাবে-অনট্ ) সম্যক্ দহন।

নির্দ্দিষ্ট, বিণ ( নির্-দিশ্-ক্ত ) নির্দ্ধারিত। আদিষ্ট। উল্লিখিত। প্রদর্শিত। বি,-র্দ্দেশ।

নির্দ্দেশ, বি, পুং ( ঐ-অল্ ) নির্দ্ধারণ। আদেশ। উল্লেখ। প্রদর্শন। বিণ,-র্দ্দিষ্ট।

নির্দ্দোষ, বিণ ; দোষশূন্য। বহু।

নির্দ্ধারণ, বি, ক্লী ( নির্-ধৃ-ভাবে-অনট্ ) অনেকের মধ্যে একের অবধারণ। নিরূপণ। বিণ,-রিত

নির্দ্ধারক, বিণ ( ঐ-কর্ত্তৃ-ণক ) নির্দ্ধারণকর্ত্তা।

নির্দ্ধারিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) নির্ণীত। বি,-রণ।

নির্দ্বন্দ্ব, বিণ ; শীতোষ্ণাদি বা রাগদ্বেষাদি দ্বন্দ্ব রহিত।

নির্ধন, বিণ ; ধনশূন্য, দরিদ্র। বহু। বি,-তা (ভাবার্থে তা)।

নির্ধূত, বিণ ( নির্-ধূ-ক্ত ) বিবর্জ্জিত, পরিত্যক্ত।

"অহল্যাও সানন্দ চিত্তে সেই প্রায়শ্চিত্ত সম্পন্ন করিয়া নির্ধূতপাপা ও পূর্ব্ববৎ তেজস্বিনী হইয়া উঠেন।" (ভারতী)।

নির্ধূম, বিণ ; ধূমরহিত।

নির্নিমেষ, বিণ ( নির্+নিমেষ ) নিমেষশূন্য, পলকহীন। বহু।

নির্ভয়, বিণ ; ভয়শূন্য। বহু।

নির্ভর, বি, ক্লী ( নির্-ভৃ-অল্ ) আধিক্য। আশ্রয় করা। বিণ ; অধিক।

নির্ভিন্ন, বিণ ( নির্-ভিদ্-ক্ত ) বিদীর্ণ। বিকসিত।

নির্ভীক, বিণ (নির্+ভী[ভয়]+ক আগম) ভয়শূন্য। নির্ (নাই)

ভী (ভয়) যার, বহু। বি,-কতা।

নির্ভুল, (প্রা) বিণ; ভ্রমশূন্য।

নির্ম্মঞ্ছন, বি, ক্লী (নির্-মঞ্ছ্-অনট্) নীরাজনা, আরতি।

নির্ম্মৎসর, বিণ; মাৎসর্য্য রহিত।

নির্ম্মদ, বিণ; গর্ব্বশূন্য।

নির্ম্মম, বিণ; মমতা-শূন্য। নির্ (নাই) মম (মমতা) যার, বহু।

নির্ম্মল, বিণ; পরিষ্কৃত। নির্ (নাই) মল যাহাতে, বহু।

নির্ম্মলী, (প্রা) বি; জল পরিষ্কারক ফল বিং।

নির্ম্মাণ, বি, ক্লী, (নির্-মা ভাবে-অনট্) গঠন, প্রস্তুত করণ। বিণ,-র্ম্মিত।

নির্ম্মাতা, (তৃ), বিণ, পুং (ঐ কর্ত্তৃ-তৃন্) নির্ম্মাণকারী। স্ত্রী,-ত্রী।

নির্ম্মাল্য, বি, ক্লী (নির্ম্মল+ষ্য) দেবতার উদ্দেশ্যে নিবেদিত পুষ্পাদি।

নির্ম্মিত, বিণ (নির্-মা-ক্ত) গঠিত, রচিত। বি,-র্ম্মাণ।

নির্ম্মুক্ত, বিণ (নির্-মুচ্-ক্ত) বন্ধন বা আবরণ হইতে মুক্ত।

নির্ম্মূল, বিণ; মূলহীন। বিলুপ্ত। ধ্বংসপ্রাপ্ত।

নির্ম্মোক, বি, পুং (নির্-মুচ্-কর্ম্ম-ঘঞ্) সাপের খোলস। কঞ্চুক।

নির্যাণ, বি, ক্লী (নির্-যা-অনট্) নির্গম। পশুর পৃষ্ঠাসন। পশুর পাদবন্ধন রজ্জু।

নির্যাতক, ত্রিণ (নির্-যাতি-ণক) নির্যাতনকারী।

নির্যাতন, বি, ক্লী (ঐ-অনট্) নিগ্রহ। প্রতিহিংসা।

নির্যাম, বি পুং (নির্-যম্-ঘঞ্) নাবিক।

নির্যাস, বি, পুং (নির্-যস্-ঘঞ্) আঠা। ক্বাথ। নিশ্চয়।

নির্লজ্জ, বিণ (নির্+লজ্জা) লজ্জাহীন, বেহায়া। বহু।

নির্লিপ্ত, বিণ (নির্-[না]-লিপ্-ক্ত) সংস্রব রহিত।

নির্ব্বচন, বি, ক্লী (নির্-বচ্-অনট্) নিশ্চয়রূপে কথন, নিরুক্তি।

নির্ব্বন্ধ, বি, পুং (নির্-বন্ধ্-অল্) অভিনিবেশ। অতিযত্ন। নিয়ম। সংযোগ। জিদ্।

"যুধিষ্ঠিরের নির্ব্বন্ধাতিশয়ে" (রজনীগুপ্ত)।

নির্ব্বর্ত্তন, বি, ক্লী (নির্-বর্ত্তি-অনট্) সম্পাদন। বিণ,-র্ত্তিত।

নির্ব্বাচন, বি, ক্লী (নির্-বাচি-ভাবে-অনট্) নির্দ্ধারণ, বাছিয়া লওয়া। বিণ,-চিত।

নির্ব্বাচিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) নির্দ্ধারিত। বি,-চন।

নির্ব্বাণ, বি, ক্লী (নির্-বা-ভাবে-অনট্) নিবিয়া যাওয়া। মুক্তি। নাশ। অস্তগমন। নির্বৃতি।

শান্তি। হস্তীর স্নান। বিণ (ঐ-কর্তৃ-ক্ত) যাহা নিবিয়া গিয়াছে। শান্ত। অস্তগত। নষ্ট।

নির্ব্বাত, বিণ ; বায়ুশূন্য। নির্ (নাই) বাত (বায়ু) যাহাতে, বহু।

নির্ব্বাপণ, বি, ক্লী ( নির্-বাপি-ভাবে-অনট্) নিবাইয়া দেওয়া। বিণ,-পিত।

নির্ব্বাপিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) যাহা নির্ব্বাণ হইয়াছে। বি,-পণ।

নির্ব্বাসন, বি, ক্লী ( নির্-বাসি-ভাবে-অনট্ ) দেশ হইতে দূরীকরণ। বিণ,-সিত।

নির্ব্বাসিত, বিণ (ঐ-কর্ম্ম-ক্ত) দেশ হইতে বহিষ্কৃত। বি,-সন।

নির্ব্বাহ, বি, পুং (নির্-বহ্-ভাবে-ঘঞ্) সম্পাদন, নিষ্পত্তি। বিণ,-হিত,-হক।

নির্ব্বাহক, বিণ ( ঐ-কর্তৃ-ণক ) নির্ব্বাহকারী। স্ত্রী,-হিকা।

নির্ব্বাহিত, বিণ (নির্-বাহি-কর্ম্ম-ক্ত) সম্পাদিত। বি,-র্ব্বাহ।

নির্ব্বিকল্প, বিণ ; বিকল্প রহিত। ভেদশূন্য। নির্ (নাই) বিকল্প যাহাতে, বহু। বি, ক্লী ; অখণ্ড জ্ঞান।-

নির্ব্বিকার, বিণ (নির্+বিকার [বিকৃতি] ) বিকারশূন্য, যাহার স্বভাবের বৈপরীত্য ঘটে নাই। বহু।

নির্ব্বিঘ্ন, বিণ ; বিঘ্নশূন্য। নির্ (নাই) বিঘ্ন যাহার, বহু। ঘ্নে,-ক্রিবিণ ; বিঘ্নব্যতিরেকে।

নির্ব্বিণ্ণ, বিণ, (নির্-বিদ্-কর্তৃ-ক্ত) ভয়শোকাদিদ্বারা কাতর। দুঃখিত। দরিদ্র।

নির্ব্বিশঙ্ক, বিণ ; নির্ভয়। নির্ ( নাই ) বিশঙ্কা ( ভয় ) যাহার, বহু।

নির্ব্বিশেষ, বিণ ; বিশেষরহিত, অভিন্ন। নির্ ( নাই ) বিশেষ ( ভেদ ) যাহাতে, বহু। ষে, ক্রিবিণ ; বিশেষ ব্যতিরেকে।

নির্ব্বিষ্ট, বিণ ( নির্-বিশ্-ক্ত ) উপভুক্ত। লব্ধ। বিবাহিত। পুষ্ট।

নির্ব্বীর, বিণ ; বীরশূন্য। নির্ (নাই) বীর যাহাতে, বহু। স্ত্রী,-রা।

নির্ব্বীরা, বি, স্ত্রী, অবীরা, পতিপুত্রহীনা ( স্ত্রী )।

নির্বৃত, বিণ (নির্-বৃ-ক্ত) সুখী, সন্তুষ্ট। বি,-তি।

নির্ব্বৃতি, বি, স্ত্রী (ঐ-ক্তি) মুক্তি। সুখ। শান্তি। মৃত্যু। অভয়।

নির্ব্বৃত্ত, ( নির্-বৃত্-ক্ত, নিষ্পন্ন, সমাপ্ত। জাত। বি,-ত্তি।

নির্ব্বৃত্তি, বি, স্ত্রী ( ঐ-ক্তি ) নিষ্পত্তি। বিণ,-ত্ত।

নির্ব্বেদ, বি, পুং ( নির্-বিদ্-

ঘঞ্) আত্মাবমাননা। অনুতাপ বৈরাগ্য। ঔদাসীন্য।

**নির্ব্বেশ**, বি, পুং (নির্-বিশ্-অল্) ভোগ। লাভ। বিবাহ। বেতন।

**নির্ব্যথন**, বি, ক্লী (নির্-ব্যথ্ অনট্) ছিদ্র, বিবর। দুঃখ।

**নির্ব্বোধ**, বিণ, বোধহীন, মূর্খ। নির্ (নাই) বোধ যাহার, বহু।

**নির্ব্ব্যূঢ়**, বিণ (নির্-বি বহ্ কর্ম্ম ক্ত নিশ্চিত, প্রমাণদ্বারা স্থিরীকৃত সমাপ্ত। সম্যক্। পর্য্যাপ্ত।

**নির্হরণ**, বি, ক্লী (নির্-হৃ-অনট্) শবদাহ। শবাদি বহির্নয়ন।

**নির্হ্রাদ**, বি, পুং (নির্-হ্রাদ-ঘঞ্) শব্দ।

"জাগরিত জন্তুর নিঃশ্বাস ও নির্হ্রাদ।"
(মা-না-মহাশক্তি)

**নিলয়**, বি, পুং (নি-লী-অধি অল্) আলয়, গৃহ।

[বেহায়া।

**নিলাজ**, (প্রা) বিণ, লজ্জাশূন্য,

**নিলাম**, (যা, পর্ত্তুগীজ) বি; বিক্রয় প্রণালী বিং।

**নিলীন**, বিণ (ঐ কর্ত্তৃ-ক্ত) লীন, বিলীন। অবস্থিত। সংলগ্ন। বেষ্টিত।

**নিবদ্ধ**, বিণ (নি-বন্ধ্-ক্ত) বদ্ধ। গ্রথিত। রচিত। বি, ন্ধ।

**নিবন্ধ**, বি, পুং (ঐ-অল্) বন্ধন। রচনা। প্রস্তাব। নিয়ম, ব্যবস্থা। সাময়িক বৃত্তি। বিণ,-দ্ধ।

**নিবন্ধন**, বি, ক্লী (ঐ-অনট্) হেতু। বন্ধন। গ্রন্থ, প্রস্তাব। বিণ,-দ্ধ।

**নিবন্ধা**, বিণ (ঐ-তৃন্) গ্রন্থ রচয়িতা। টীকাকার।

**নিবর্ত্তন**, বি, ক্লী (নি-বর্ত্তি-অনট্) নিবৃত্তি। নিবারণ। ফিরাইয়া আনা। বিণ,-র্ত্তিত।

**নিবর্ত্তিত**, বিণ (ঐ-ক্ত) নিবারিত, প্রত্যাবর্ত্তিত। বি,-র্ত্তন।

**নিবসতি**, বি, স্ত্রী (নি বস্-অতি) নিবাস। গৃহ।

**নিবসথ**, বি, পুং (ঐ-অথ) গ্রাম। জনপদ।

**নিবহ**, বি, পুং (নি-বহ্-অল্) সমূহ।

**নিবাত**, বিণ; বায়ুশূন্য। দৃঢ়।

**নিবাতকবচ**, বি, পুং; দৈত্য বিং।

**নিবান**, (প্রা) বি; নির্ব্বাণ করণ।

**নিবাপ**, বি, পুং (নি-বপ্-ঘঞ্) পিতৃলোকের উদ্দেশে দান, শ্রাদ্ধতর্পণাদি।

**নিবারণ**, বি, ক্লী (নি-বারি-অনট্) নিষেধ। বিণ,-রিত।

**নিবারিত**, বিণ (ঐ ক্ত) নিষিদ্ধ।

**নিবাস**, বি, পুং (নি-বস্-ঘঞ্) বাসস্থান। গৃহ। আধার।

**নিবাসী** (সিন্) বিণ (ঐ-ণিন্) যে বাস করে, বাসিন্দা। স্ত্রী, -সিনী।

**নিবিড়**, বিণ (নি-বিড়্-কর্ত্তৃ-ক) ঘন। পুরু। দৃঢ়।

নিবিষ্ট, বিণ ( নি-বিশ্-কর্ত্তৃ-ক্ত ) মনোযোগী। প্রবিষ্ট। বি,-বেশ।
নিবীত, বি, ক্লী (নি-বি-ক্ত) কণ্ঠ-লম্বিত যজ্ঞসূত্র। উত্তরীয় বস্ত্র।
নিবৃত্ত, বিণ ( নি-বৃত্-কর্ত্তৃ ক্ত ) বিরত,ক্ষান্ত। প্রত্যাবৃত্ত। বি,-ত্তি
নিবৃত্তি, বি, স্ত্রী ( ঐ-ভাবে-ক্তি ) বিরাম,থামা। বিশ্রাম। বিণ,-ত্ত।
নিবেদন, বি, ক্লী (নি-বেদি-ভাবে অনট্) জ্ঞাপন, বিনীত ভাবে জানান। সমর্পণ। বিণ,-দিত।
নিবেদিত. বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) বিজ্ঞাপিত। সমর্পিত। বি,-দন।
নিবেশ, বি, পুং ( নি-বিশ্-অল্ ) শিবির। স্থান। সৈন্যবিন্যাস। প্রবেশ। বিণ,-বিষ্ট।
নিবেশন, বি, ক্লী (নি-বেশি-অনট্) স্থাপন। (ঐ-বিশ-অনট্) গৃহ। স্থান।
নিবেশিত, বিণ (নি-বেশি-ক্ত) স্থাপিত। প্রবেশিত। সংক্রামিত।
নিশমন, নিশামন, বি, ক্লী ( নি-শামি-অনট্) পুনঃ পুনঃ দর্শন। শ্রবণ। আলোচনা।
{নিশ্, বি, স্ত্রী (নিশ্অধি-ক্বিপ্)
{নিশা, বি, স্ত্রী (নি-শো-কর্ত্তৃ-ক + স্ত্রী আপ্) রাত্রি।
নিশাকর, বি, পুং (নিশা-কৃ-কর্ত্তৃ-ট ) চন্দ্র।
নিশাচর, বি, পুং ( নিশা-চর্ কর্ত্তৃ-টক্ ) রাক্ষস। শৃগাল। পেচক। সর্প। চৌর। বিণ; রাত্রিচর। নিশাতে চরে যে, উপপ। স্ত্রী,-রী। [ শাণিত।
নিশাত, বিণ ( নি-শো-কর্ম্ম-ক্ত )
নিশান, বি, ক্লী (ঐ-ভাবে-অনট্) তীক্ষ্ণীকরণ। বিণ,-শাত। (প্রা) ধ্বজা, পতাকা।
নিশাপতি,বি,পুং; চন্দ্র। ষষ্ঠীতৎ।
নিশিত, বিণ ( নি-শো-কর্ম্ম-ক্ত ) শাণিত।

"অর্জ্জুনের নিশিতশায়কে ছিন্ন মস্তক হইয়াছে।" ( রজনী গুপ্ত )

নিশীথ, বি, পুং ( নি-শী-অধি-থক্ ) অর্দ্ধরাত্র।
নিশীথিনী, বি, স্ত্রী ( নিশীথ + ইন্ ,অস্ত্যর্থে + স্ত্রী ঈপ্ ) রাত্রি
নিশুম্ভ, বি. পুং; দৈত্য বিং। বধ। মর্দ্দন। বমন।
নিশ্চয়, বি, পুং ( নির্-চি-অল্ ) নির্ণয়, সিদ্ধান্ত। বিণ,-শ্চিত।
নিশ্চল, বিণ ( ঐ-চল্-অন্ ) স্থির। স্ত্রী,-লা।
নিশ্চায়ক, বিণ (ঐ-চি-কর্ত্তৃ-ণক) নিশ্চয়কারী। নির্ণেতা।
নিশ্চিত. বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) নির্ণীত, অবধারিত। ক্রিবিণ; নিশ্চয়রূপে।
নিশ্চিন্ত, বিণ; চিন্তারহিত। নির্ (নাই) চিন্তা যাহার, বহু।
নিশ্চেষ্ট, বিণ; চেষ্টা রহিত।

স্পন্দহীন। নির্ (নাই) চেষ্টা যাহার, বহু।

**নিশ্বসিত**, বি, ক্লী (নি-শ্বস্-ভাবে-ক্ত) নিশ্বাস।

**নিশ্বাস**, বি, পুং (ঐ-ঘঞ্) নাসিকা হইতে নির্গত বায়ু।

**নিষক্ত**, বিণ (নি-সন্জ্-ক্ত) লগ্ন।

**নিষঙ্গ**, বি, পুং (নি-সন্জ্-অধি-ঘঞ্) বাণাধার, তূণীর। সঙ্গ, সংসর্গ।

**নিষঙ্গী**, বিণ (নিষঙ্গ+ইন্, অস্ত্যর্থে) তূণীরধারী।

**নিষণ্ণ**, বিণ (নি-সদ্-কর্ত্তৃ-ক্ত) উপবিষ্ট। শয়িত। স্থিত।

**নিষদ্যা**, বি, স্ত্রী (ঐ-অধি-ক্যপ্) পণ্যবীথিকা, শ্রেণীবদ্ধ দোকান।

**নিষধ**, বি, পুং; দেশ বা নৃপ বিং।

**নিষাদ**, বি, পুং (নি-সদ্-কর্ত্তৃ-ঘঞ্) চণ্ডাল। স্বর বিং। স্ত্রী,-দী

**নিষাদী**, বি, পুং (ঐ-ণিন্) মাহুত। গজারোহী। স্ত্রী; চণ্ডালী।

**নিষিক্ত**, বিণ (নি-সিচ্-কর্ম্ম-ক্ত) ক্ষরিত। সিক্ত। বি,-ষেক।

**নিষিদ্ধ**, বিণ (নি-সিধ্-কর্ম্ম-ক্ত) যাহা নিষেধ করা হইয়াছে, নিবারিত। বি,-ষেধ।

**নিষেক**, বি, পুং (নি-সিচ্-ভাবে-ঘঞ্) সেচন। ক্ষরণ। গর্ভাধান। বিণ,-ষিক্ত।

**নিষেধ**, বি, পুং (নি-সিধ্-ভাবে-অল্) নিবারণ। বিণ,-ষিদ্ধ।

**নিষেধক**, বিণ (ঐ-কর্ত্তৃ-ণক) নিষেধকারী। স্ত্রী,-ধিকা।

**নিষেবণ**, বি, ক্লী (নি-সেব্-ভাবে-অন) সেবা, শুশ্রূষা। বিণ,-বিত।

"অনুকূলবায়ু নিষেবণে অঙ্গবেদনার প্রশমন করিতেছে" (নিভৃত চিন্তা)।

**নিষেবিত**, বিণ, (ঐ-কর্ম্ম-ক্ত) সেবিত। আরাধিত।

**নিষ্ক**, বি, পুং, ক্লী (নি-সদ্-কন্) সুবর্ণ। মোহর। কণ্ঠভূষণ।

**নিষ্কণ্টক**, বিণ; কণ্টক শূন্য। নিরুপদ্রব। নির্ (নাই) কণ্টক যাহাতে বা যাহার, বহু।

**নিষ্কম্প**, বিণ; কম্পহীন, স্থির।

**নিষ্করুণ**, বিণ; নির্দ্দয়। বহু।

**নিষ্কর**, বিণ; রাজস্বরহিত, লাখেরাজ।

**নিষ্কর্ম্মা**, (র্ম্মন্), বিণ; কর্ম্ম শূন্য। অলস। বহু।

**নিষ্কর্ষ**, বি, পুং (নির্-কৃষ্-অল্) নিশ্চয়। সার।

"কে এই নিত্য প্রত্যক্ষ নিষ্কর্ষ সত্যের প্রতিবাদ করিবে?" (নিভৃত চিন্তা)।

**নিষ্কর্ষণ**, বি, ক্লী (ঐ-অনট্) অপনয়ন। নিষ্কাশন।

**নিষ্কল**, বিণ; কলাশূন্য, নিরংশ। নষ্টবীর্য্য। বৃদ্ধ। [নিস্পৃহ।

**নিষ্কাম**, বিণ; কামনা রহিত,

**নিষ্কাশ**, (স) বি, ন, ক্লী (নির্-কাশি-

ভাবে-অনট্ ) দূরীকরণ। নিঃসারণ। বিণ,-শিত,-সিত।

নিষ্কাশিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) বহিষ্কৃত। দূরীকৃত। নিঃসারিত। বি,-শন,-সন।

নিষ্কুট, বি, পুং ( নির্-কুট্-ক ) গৃহসন্নিহিত উপবন। ক্ষেত্র বিং। অন্তঃপুর।

নিষ্কুষিত, বিণ ( ঐ-কুষ্-ক্ত ) নিষ্কাশিত। যাহার ছাল ছাড়ান হইয়াছে।

নিষ্কুহ, বি, পুং ( ঐ-কুহ-ক ) বৃক্ষ-কোটর।

নিষ্কৃতি, বি, স্ত্রী ( ঐ-কৃ-ক্তি ) নিস্তার, মুক্তি।

নিষ্ক্রম, বি, পুং ( ঐ-ক্রম্-অল্ ) নির্গম। বিণ,-ক্রান্ত।

নিষ্ক্রমণ, বি, ক্লী ( ঐ-অনট্ ) বহির্গমন। বিণ,-ক্রান্ত।

নিষ্ক্রয়, বি, পুং ( ঐ-ক্রী-অল্ ) মূল্য। ভাড়া। বিনিময়।

নিষ্ক্রান্ত, বিণ ( ঐ-ক্রম্-ক্ত ) নির্গত। বি,-ক্রম, ক্রমণ।

নিষ্ক্রিয়, বিণ ; ক্রিয়াশূন্য, জড়। নিষ্কর্ম্মা।

নিষ্ঠ, বিণ ( নি-স্থা-ড ) স্থিত।

নিষ্ঠা, বি, স্ত্রী ( ঐ-ঙ ) ভক্তি। দৃঢ়তা। ব্রতাদি ক্লেশ। নাশ। নিষ্পত্তি। উৎকর্ষ।

নিষ্ঠান, বি, ক্লী ; ব্যঞ্জন। তরকারী।

নিষ্ঠাবান্, বিণ, পুং ( নিষ্ঠা + বতু, অস্ত্যর্থে ) ধর্ম্মাদিতে ভক্তিমান্। স্ত্রী,-বতী।

নিষ্ঠীবন, বি, ক্লী ( নি-ষ্ঠিব্-অনট্) থুথু। থুথু ফেলা।

নিষ্ঠুর, বিণ ( নি-স্থা-কর্ত্তৃ-ডুর ) নির্দ্দয়। স্ত্রী,-রা। বি,-রতা।

নিষ্ঠুরতা, বি, স্ত্রী ( নিষ্ঠুর + তা, ভাবার্থে ) নির্দ্দয়তা।

নিষ্ণ, নিষ্ণাত, বিণ ( নি-স্না-ড, ক্ত ) নিপুণ। প্রধান। বিজ্ঞ। "মহর্ষি কৃষ্ণ-দ্বৈপায়ন উপস্থিত বেদ-নিষ্ণাত ব্রাহ্মণদিগকে" (রজনী গুপ্ত)

নিষ্পত্তি, বি, স্ত্রী ( নির্-পদ-ক্তি) মীমাংসা। সমাপ্তি। বিণ,-ষ্পন্ন।

নিষ্পন্ন, বিণ ( ঐ-ক্ত ) সম্পন্ন।

নিষ্পাদন, বি, ক্লী ( নির্-পাদি-ভাবে-অনট্ ) সম্পাদন। বিণ, -দিত।

নিষ্পাদিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) সম্পাদিত।

নিষ্পাব, বি, পুং (ঐ-পূ-ঘঞ্ ) নিস্তুষী করণ, ধান্যাদি তুষহীন করা। কুঁড়া, ভুষি। কুলার বাতাস।

নিষ্পিষ্ট, বিণ (ঐ-পিষ্-ক্ত ) মর্দ্দিত। চূর্ণিত। বি,-ষ্পেষ।

নিষ্পীড়ন, বি, ক্লী ( ঐ-পীড়্-অনট্) 'নিপীড়ন' দেখ।

নিষ্পেষ, বি, পুং (ঐ-পিষ্-অল্)
নিষ্পেষণ, বি, ক্লী ( ঐ-অনট্ )
চূর্ণন। পেষণ।

নিষ্প্রতিভ, বিণ; প্রতিভাশূন্য। দীপ্তিহীন।

নিষ্প্রভ, বিণ; প্রভাশূন্য, নিস্তেজ। নির্ ( নাই ) প্রভা যার, বহু।

নিষ্প্রয়োজন, বিণ; প্রয়োজন রহিত। অকারণ।

নিষ্ফল, বিণ; ফলরহিত, বিফল। বহু। স্ত্রী,-লা। বি,-লতা।

নিসর্গ, বি, পুং ( নি-সৃজ্-ঘঞ্ ) সৃষ্টি। স্বভাব, প্রকৃতি। বিণ, নৈসর্গিক।

নিসর্গবিরুদ্ধ, বিণ; প্রকৃতি বিরুদ্ধ, স্বভাববিরুদ্ধ।

নিসিন্দা, ( প্রা ) বি; ঔষধীয় বৃক্ষ বিং।

নিসূদন, বিণ ( নি-সূদ্-কর্ত্তৃ-অন) বিনাশক। বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্ ) বধ।

নিসৃষ্ট, বিণ ( নি-সৃজ্-ক্ত ) প্রেরিত। দত্ত।

নিসৃষ্টার্থ, বি, পুং; দূত বিং, যে দূত উভয়ের অভিপ্রায় বুঝিয়া স্বয়ং উত্তরাদি-দানে সমর্থ।

নিস্তরঙ্গ, বিণ; তরঙ্গ রহিত।

নিস্তব্ধ, বিণ (নি-স্তন্ভ্-কর্ত্তৃ-ক্ত) নীরব। স্পন্দরহিত। বি,-তা।

নিস্তার, বি, পুং ( নির্-তৃ-ঘঞ্) উদ্ধার। পার হওয়া। উপায়।

নিস্তারক, বিণ, পুং ( ঐ-ণক ) ত্রাণ কর্ত্তা। স্ত্রী,-রিকা।

নিস্তারিণী, বিণ, স্ত্রী; ত্রাণ-কর্ত্রী। বি, স্ত্রী; ভগবতী।

নিস্তেজঃ, বিণ; তেজোহীন। দুর্ব্বল। নির্ ( নাই ) তেজঃ যাহার, বহু।

নিস্ত্রিংশ, বি, পুং; খড়্গ বিং।

নিস্পন্দ, বিণ; স্পন্দরহিত, অচল। নির্ ( নাই ) স্পন্দ যাহার, বহু।

নিস্পৃহ, বিণ; স্পৃহাশূন্য, নিরাকাঙ্ক্ষ। নির্ ( নাই ) স্পৃহা ( কামনা ) যাহার, বহু।

নিস্যন্দ, বি,পুং (নি-স্যন্দ্-অল্)
নিস্যন্দন, বি, ক্লী ( ঐ-অনট্ )
ক্ষরণ, গলন। চুয়ান। বর্ষণ।

নিস্রব, নিস্রাব, বি, পুং (নি-স্রু-অল্, ঘঞ্ ) ক্ষরণ। নির্গমন।

নিস্বন, নিস্বান, বি, পুং ( নি-স্বন্-অল্, ঘঞ্ ) ধ্বনি, শব্দ।

নিহত, বিণ ( নি-হন্-ক্ত ) বিনাশিত। বি,-নন।

নিহন্তা, ( ন্তৃ ), বিণ ( ঐ-তৃন্ ) হননকর্ত্তা, বিনাশক। স্ত্রী,-ন্ত্রী।

নিহারণ, নিহালন, ( প্রা ) বি; দর্শন, অবলোকন।

নিহিত, বিণ ( নি-ধা-কর্ম্ম-ক্ত ) স্থাপিত। অর্পিত। গুপ্ত। বি,-ধান।
নিহ্নব, বি, পুং ( নি-হ্নু-ভাবে-অল্ ) অপহ্নব, অপলাপ।
নিহ্রাদ, বি, পুং ; নিনাদ, শব্দ।
নীচ, বিণ (নী[না]ঈ [সৌভাগ্য] -চি-কর্ত্তৃ-ড ) নিকৃষ্ট, হীন। নিম্ন। ক্ষুদ্র। বি,-তা।
নীচগা, বি, স্ত্রী ; নিম্নগা, নদী।
নীচতা, বি, স্ত্রী ; হীনতা।
নীচাশয়, বিণ ; ক্ষুদ্রান্তঃকরণ। নীচ হইয়াছে আশয় (অভিপ্রায়) যার, বহু। স্ত্রী,-য়া। [ফল বিং।
নীচু, ( প্রা ) বিণ ; নিম্ন, অধঃ।
নীড়, বি, পুং, ক্লী ( নি-ইল্-অধি-ক) কুলায়, পাখীর বাসা।
নীড়জ, বি, পুং ; পক্ষী।
নীত, বিণ ( নী-ক্ত ) যাহাকে লইয়া যাওয়া হইয়াছে। প্রাপিত। বি, নয়ন।
নীতি, বি, স্ত্রী ( নী-কর্ম্ম-ক্তি ) যে শাস্ত্রদ্বারা হিতাহিত বিবেচনা জন্মে। রীতি।
নীতিজ্ঞ, বিণ ( নীতি-জ্ঞা-ড ) নীতিশাস্ত্রবিৎ। বি,-তা।
নীধ্র, বি, ক্লী ( নী-ধৃ-ক ) ঘরের চালের ছাঁইচ। নেমি। বন।
নীপ, বি, পুং ( নী-করণ-পক্ ) কদম্ববৃক্ষ। রাজবংশ বিং। ক্লী ; কদম্বপুষ্প।
নীয়মান, বিণ ( নী-কর্ম্ম-শান ) যাহা লইয়া যাওয়া হইতেছে।
নীর, বি, ক্লী ( নী-কর্ত্তৃ-রক্ ) জল। রস।
নীরজ, বি, ক্লী ( নীর-জন্-ড ) পদ্ম। বিণ ; জলজাত।
নীরদ, বি, পুং (নীর-দা-কর্ত্তৃ-ড) মেঘ। বিণ ( নিঃ+রদ ) দন্তহীন। নির্ ( নাই ) রদ ( দন্ত ) যাহার, বহু।
নীরধি, ( নীর-ধা-অধি-কি )
নীরনিধি, বি, পুং ; সমুদ্র। নীরের নিধি (আশ্রয়), ৬ষ্ঠীতৎ।
নীরন্ধ্র, বিণ ( নিঃ+রন্ধ্র ) ছিদ্ররহিত। নিবিড়।
নীরব, বিণ (নিঃ+রব) নিঃশব্দ, বাক্যরহিত। বহু।
নীরস, বিণ (নিঃ+রস) শুষ্ক। নির্ (নাই) রস যাহাতে, বহু।
নীরাজন, বি, ক্লী (নীর-অজ্-অনট্)
নীরাজনা, বি, স্ত্রী (নীরাজন+আপ্) আরতি। শান্তিকর্ম্ম বিং।
নীরুজ, বিণ (নির্+রুজা [রোগ]) রোগহীন।
নীল, বি পুং (নীল্-ক) বর্ণ, মণি, নিধি, বানর বা পর্ব্বত বিং। বিণ; নীলবর্ণযুক্ত।
নীলকণ্ঠ, বি, পুং ; শিব। ময়ূর। খঞ্জনপক্ষী। নীল হইয়াছে কণ্ঠ

যাহার, বহু।

সমুদ্র মন্থনকালে মহাদেব কালকূট পান করায় তাঁহার কণ্ঠদেশ নীলবর্ণ হয়।

নীলকমল, বি, ক্লী; নীলপদ্ম। পুং; ভগবান্ শ্রীরামচন্দ্র।

নীলকান্ত, বি, পুং; নীলমণি। ইন্দ্রনীল প্রস্তর।

নীললোহিত, বি, পুং; শিব, ইহাঁর কণ্ঠ নীল ও কেশ লোহিত।

নীলাচল, বি, পুং; নীলগিরি-পর্ব্বত। পুরুষোত্তম তীর্থ, শ্রীক্ষেত্র।

নীলাঞ্জন, বি, ক্লী; তুঁতে।

নীলাভ, বিণ, নীলবর্ণ। নীল হইয়াছে আভা যাহার, বহু।

নীলাম্বর, বি, পুং, বলরাম। বহু। বি, ক্লী; নীলবসন। নীল আকাশ। কর্ম্মধা।

নীলাম্বু, বি, ক্লী; সমুদ্র। বহু।

নীলাম্বুজ, বি, ক্লী; নীলপদ্ম।

নীলিমা, বি, পুং (নীল+ইমন্, ভাবার্থে) নীলত্ব।

নীলী, বি, স্ত্রী; নীলের গাছ। বর্ণ বিং।

নীলোৎপল, বি, ক্লী; নীলপদ্ম।

নীবার, বি, পুং (নি-বৃ-ঘঞ্) তৃণধান্য, উড়িধান।

নীবি, নীবী, বি,স্ত্রী (নি-ব্যে-ই) কটিদেশের উপর বস্ত্রগ্রন্থি। মূলধন। [হিম। বরফ।

নীহার, বি, পুং (নি-হৃ-ঘঞ্)

নীহারস্ফোট বি; বৃহদাকার নীহারপিণ্ড। (Avalanche)

নীহারিকা, বি, স্ত্রী; যে সকল নক্ষত্র চক্ষুর অগোচর কিন্তু দূরবীক্ষণ যন্ত্রদ্বারা দর্শন করিলে কুজ্ঝাটিকার ন্যায় প্রতীয়মান হয়। (Nebulae)

নু, ব্য; সম্বোধন। প্রশ্ন। ভেদ। সংশয়। বিতর্ক। অনাদর। ছল। সম্মান। [স্তবক।

নুড়া, (প্রা) বি; তৃণাদিরগুচ্ছ।

নুড়ি, নুড়ী, (প্রা) বি; শিলাখণ্ড।

নুণ, (প্রা), বি; লবণ।

নুয়ান, নোয়ান, (প্রা) বি; নত-করণ, বাকান।

নুলা, (প্রা) বিণ; ছিন্নহস্তবিশিষ্ট।

নূতন, বিণ (নব+তন) নবীন। বি,-নত্ব। [পাদভূষণ।

নূপুর, বি, পুং, ক্লী; প্রসিদ্ধ

নৃ, বি, পুং (নী-ঋ) নর, মনুষ্য।

নৃত্য, বি, ক্লী (নৃত্-ভাবে-ক্যপ্) নাচা।

নৃত্য দুই রকম—তাণ্ডব ও লাস্য; পুং-নৃত্যের নাম তাণ্ডব ও স্ত্রী-নৃত্যের নাম লাস্য।

নৃপ, নৃপতি, বি, পুং (নৃ-পা-ড, ডতি) রাজা।

নৃপত্ব, বি, ক্লী (নৃপ+ত্ব) রাজত্ব।
নৃপবর, নৃপমণি, } বি, পুং; নৃপশ্রেষ্ঠ, রাজাধিরাজ।
নৃমণি, বিণ; নরশ্রেষ্ঠ।
নৃযজ্ঞ, বি, পুং; অতিথি সেবা। 'পঞ্চ যজ্ঞ' দেখ।
নৃশংস, বিণ (নৃ-শন্স্-কর্ত্তৃ-অন্) নির্দ্দয়, নিষ্ঠুর। বি,-তা।
নৃসিংহ, বি, পুং; বিষ্ণুর অবতারবিং 'নরসিংহ' দেখ। বিণ; নরশ্রেষ্ঠ।
নেউটন, (প্রা) বি; ফিরণ, পুনরাগমন।
নেউল, (প্রা) বি; নকুল, বেজী।
নেংড়া, (প্রা) বিণ; খোড়া, খঞ্জ।
নেংটা, (প্রা) বিণ; উলঙ্গ।
নেকড়া, (প্রা) বি; বস্ত্রখণ্ড।
নেকড়িয়া, (প্রা) বি; ব্যাঘ্রবিং।
নেকা, (প্রা) বি জড়ভাষী, হাবা, থোঁতা।
নেঙ্গড়া, নেঙড়া, (প্রা) বিণ; খঞ্জ, খোঁড়া। [ ধোপা।
নেজক, বি, পুং (নিজ্-কর্ত্তৃ-ণক)
নেজা, (প্রা) বি; যে বাম হস্তে কার্য্য করে।
নেড়া, (প্রা), মুণ্ডিতকেশ।
নেতা (তৃ), বিণ (নী-কর্ত্তৃ-তৃন্) নায়ক। অধ্যক্ষ। স্বামী। স্ত্রী, -ত্রী। বি,-তৃত্ব।
নেতৃত্ব, বি, ক্লী; কর্ত্তৃত্ব, অধ্যক্ষতা।
নেত্র, বি, ক্লী (নী-করণ-ত্র) চক্ষুঃ। বৃক্ষমূল। রথ।
নেত্রচ্ছদ, বি, পুং; চক্ষুর পাতা।
নেত্ররঞ্জন, বি, ক্লী; কাজল।
নেপথ্য, বি, ক্লী; সাজঘর। বেশ, সজ্জা।
নেবু, (প্রা) বি; জম্বীর, লেবু।
নেমি, বি, স্ত্রী (নী-করণ-মি) চক্রের প্রান্তভাগ।
নেয়ে, (প্রা) বি; নাবিক, মাঝি।
নেশা, (যা) বি; মত্ততা।
নেহারণ, নেহালন, (প্রা, পদ্যে) বি; নিরীক্ষণ করা, দেখা।
নৈকট্য, বি, ক্লী (নিকট+ষ্ণ্য) সামীপ্য, নিকট।
নৈকষেয়, বি, পুং (নিকষা+ ষ্ণেয়, অপত্যার্থে) রাবণাদি।
নৈতিক, বিণ (নীতি+ষ্ণিক) নীতিসম্বন্ধীয়, নীতিঘটিত।
নৈপুণ্য, বি, ক্লী (নিপুণ+ষ্ণ্য, ভাবার্থে) নিপুণতা, দক্ষতা।
নৈমিত্তিক, বিণ (নিমিত্ত+ষ্ণিক) কারণসম্ভূত।
নৈমিষারণ্য, বি, ক্লী; নৈমিষ নামক অরণ্য। কর্ম্মধা। বিষ্ণু নিমিষ মধ্যে এই অরণ্যে অসুরগণকে বিনাশ করায় ইহার নাম নৈমিষারণ্য হইয়াছে।
নৈয়ায়িক, বিণ (ন্যায়+ষ্ণিক) ন্যায়শাস্ত্রজ্ঞ।

াশ্য, বি, ক্লী ( নিরাশ+ষ্ণ্য, 'বার্থে ) আশাশূন্যতা।
।'ত, বি, পুং (নির্ঋতি+ষ্ণ) ক্ষণ পশ্চিম কোণ। রাক্ষস।
ার্ল্য, বি, ক্লী ( নির্ম্মল+ষ্ণ্য, াবার্থে ) নির্ম্মলতা।
বদ্য, বি, ক্লী, (নিবেদ+ষ্ণ্য) .দবোদ্দেশে দেয় বস্তু।
শ, বিণ ( নিশা+ষ্ণ ) রাত্রি-কালীন। স্ত্রী,-শী।
ষধ, বি, পুং ( নিষধ+ষ্ণ ) লেরাজা। ক্লী; শ্রীহর্ষকৃত মলোপাখ্যান গ্রন্থ বিং।
ষ্কিক, বি,পুং ( নিষ্ক+ষ্ণিক ) কোষাধ্যক্ষ।
ষ্ঠিক, বি, পুং ( নিষ্ঠা+ষ্ণিক) যাবজ্জীবন গুরুগৃহে থাকিয়া ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক যে অধ্যয়ন করে। বিণ; ব্রত বিশেষে আসক্ত। স্থিতিশীল।
নসর্গিক, বিণ ( নিসর্গ+ষ্ণিক ) প্রাকৃতিক। স্ত্রী,-কী।
নাঙ্গর, ( প্রা ) বি; নৌকা বদ্ধ করণের লৌহযন্ত্রবিং।
নায়ান, ( প্রা ) বি; নতকরণ।
নালক, ( প্রা ) বি; নাসিকা-লঙ্কারবিং।
নৌ, ( নুদ্-কর্ম্ম-ডৌ )
নৌকা, ( নৌ+কণ, স্বার্থে স্ত্রী আপ্ ) বি, স্ত্রী; তরি, জল-যান। [ দাঁড়।
নৌকাদণ্ড, বি, পুং; ক্ষেপণী,
নৌবিদ্যা, বি,স্ত্রী; নাবিক বিদ্যা।
ন্যক্কার, বি, পুং; অবজ্ঞা, ঘৃণা।
ন্যগ্রোধ, বি, পুং ( ন্যক্ [নিম্ন]-রুধ্-কর্ত্তৃ-অন্ ) বটবৃক্ষ।
ন্যস্ত, বিণ ( নি-অস্-কর্ম্ম-ক্ত ) অর্পিত। নিক্ষিপ্ত। ত্যক্ত। রচিত। বি, ন্যাস।
ন্যাকা, ( প্রা ) বিণ; অবোধ। থোঁতা।
ন্যায়, বি, পুং ( নি-অয়-ঘঞ্ ) যাথার্থ্য। যুক্তি। তর্কশাস্ত্র।
ন্যায়তঃ, ক্রিবিণ, ( ন্যায়+তস্ ) ন্যায়ানুসারে, যথার্থতঃ।
ন্যায়পথ, বি, পুং; ধর্ম্মপথ।
ন্যায়পরতা, বি, স্ত্রী ( ন্যায়পর+তা, ভাবার্থে ) ন্যায়নিষ্ঠা, যথার্থ পথে থাকা। বিণ,-পর।
ন্যায়পরায়ণ, বিণ; ন্যায়নিষ্ঠ। ন্যায় হইয়াছে পর (শ্রেষ্ঠ) অয়ন ( আশ্রয় ) যাহার, বহু। বি,-ণতা। স্ত্রী,-ণা।
ন্যায়পরায়ণতা, বি, স্ত্রী ( ন্যায়-পরায়ণ+তা, ভাবার্থে ) ন্যায়-নিষ্ঠা। [ ৬ষ্ঠীতৎ।
ন্যায়বিরুদ্ধ,বিণ; অন্যায়,অনুচিত।
ন্যায়সঙ্গত, বিণ; ন্যায্য, যথার্থ। ৩য়াতৎ।
ন্যায়ানুগত, বিণ; ন্যায্য, ন্যায়-

সঙ্গত। স্থায়দ্বারা অনুগত (সঙ্গত), তত্রাতৎ।

ন্যায়ানুমোদিত, বিণ (ন্যায়+অনুমোদিত) ন্যায়সঙ্গত, যথার্থ। ন্যায়দ্বারা অনুমোদিত (সম্মত), তত্রাতৎ।

ন্যায়োপেত, বিণ, ন্যায়ানুমোদিত, ন্যায়সঙ্গত। ন্যায়দ্বারা উপেত (সঙ্গত), তত্রাতৎ।

"যাহারা তোমার ন্যায়োপেত কার্য্যের অন্যায্য পরিপন্থী," (প্রভাতচিন্তা)

ন্যায্য, বিণ (ন্যায়+ষ্ণ্য) যথার্থ। উপযুক্ত। বি,-তা (ভাবার্থে তা)।

ন্যাস, বি, পুং (নি-অস্-ঘঞ্ অর্পণ। নিক্ষেপ। বিন্যাস প্রাণায়াম বিং। বিণ, ন্যস্ত।

ন্যুব্জ, বিণ (নি-উব্জ্-কর্ত্তৃ-অন কুব্জ। বক্র। অধোমুখ, উপুং

ন্যূন, বিণ (নি-উন্-ক) অল্প কম। ক্ষুদ্র। নীচ। বি,-তা

ন্যূনতা, বি, স্ত্রী (ন্যূন+তা, ভাবার্থে) অল্পতা। নীচতা।

ন্যূনাতিরিক্ত, ন্যূনাধিক, বিণ (ন্যূন+অতিরিক্ত, অধিক) অল্পাধিক, কমবেশী।

# প।

প, বি, পুং; বায়ু। পত্র। রাজপুত্র। (শব্দের পরবর্ত্তী হইলে) যে পান করে; যথা, পাদপ। যে পালন করে; যথা, নৃপ।

পইঠা, পৈঠা, বি; সিঁড়ি, ধাপ।

পইতা, (প্রা) বি; যজ্ঞোপবীত।

পংক্তি, বি, স্ত্রী; সারি, শ্রেণী।

পঁইত্রিশ, (প্রা) বি; সংখ্যা বিং, ৩৫

পঁচাশী, (প্রা) বিং সংখ্যা বিং, ৮৫

পঁচিশ, (প্রা) বি; সংখ্যা বিং, ২৫

পঁয়তাল্লিশ, (প্রা) বি; সংখ্যা বিং, ৪৫। [বিং, ৬৫।

পঁয়ষট্টি, (প্রা) বি; সংখ্যা

পঁহুছন, (প্রা) বি; উত্তরণ উপস্থিত হওয়া।

পক্ক (ক্ক) ণ; বি, পুং (পচ্-অধি কণ্) ব্যাধের বাসস্থান চণ্ডালগৃহ।

পক্ক, বিণ (পচ্-কর্ম্ম-ক্ত) পাকা যাহা পাক করা হইয়াছে, সিদ্ধ বি,-কতা, পাক।

পক্কান্ন, বি, ক্লী (পক্ক+অন্ন পাক করা অন্ন। কর্ম্মধা।

পক্কাশয়, বি, পুং; পরিপাক যন্ত্র

পক্ষ, বি, পুং (পক্ষ্-অন্ পাখীর পাখা। মাসার্দ্ধ। পার্শ্ব সহায়। সখা। বর্গ। সৈন্য

ভিত্তি। (কেশাদি শব্দের পরবর্ত্তী হইলে) গুচ্ছ।
পক্ষতি, বি, স্ত্রী ; পাখীর পাখার মূলদেশ। প্রতিপদ্।
পক্ষদ্বার, বি, ক্লী ; খিড়কী দরজা। পক্ষের (পার্শ্বের) দ্বার, ৬ষ্ঠীতৎ।
পক্ষপাত, বি, পুং ; এক পক্ষে পতন,একদিকে টান। সহায়তা। ৭মীতৎ।
পক্ষপাতিতা, বি, স্ত্রী (পক্ষপাতিন্ +তা, ভাবার্থে) একপক্ষে টান থাকা।
পক্ষপাতী (তিন্), বিণ (পক্ষ-পত্-ণিন্) পক্ষপাতকারী, সহায়। স্ত্রী,-তিনী।
পক্ষাঘাত, বি, পুং ; রোগ বিং।
পক্ষান্ত, বি, পুং ; অমাবস্যা। পূর্ণিমা।
পক্ষিরাজ, বি, পুং ; গরুড়। পক্ষিগণের রাজা, ৬ষ্ঠীতৎ।
পক্ষী (ক্ষিন্) বি, পুং (পক্ষ+ইন্, অস্ত্যার্থে) পাখী। স্ত্রী, -ক্ষিণী। [গরুড়।
পক্ষীন্দ্র, বি, পুং (পক্ষিন্+ইন্দ্র)
পক্ষ্ম (ক্ষ্মন্), বি, ক্লী (পক্ষ্-কর্ত্তৃ-মন্) নেত্রলোম। পুষ্পকেশর।
পগার, (প্রা) বি ; বাঁধ, সেতু।
পঙ্ক, বি, পুং, ক্লী (পন্চ-কর্ত্তৃ-ঘঞ্) কর্দ্দম, কাদা। পাপ।
পঙ্কজ, বি, ক্লী (পঙ্ক-জন্-কর্ত্তৃ-ড) পদ্ম। পঙ্কে জন্মে যে,উপপ।
পঙ্কজিনী, বি, স্ত্রী (পঙ্কজ+ইন্ +স্ত্রীঈপ্) পদ্মিনী, পদ্মের ঝাড়। পুষ্করিণী।
পঙ্করুহ, বি, ক্লী (পঙ্ক-রুহ্-কর্ত্তৃ-অন্) পদ্ম।
পঙ্কিল,বিণ (পঙ্ক+ইল) পঙ্কযুক্ত।
পঙ্কোদ্ধার, বি,পুং (পঙ্ক+উদ্ধার) পুষ্করিণী প্রভৃতি হইতে কাদা তুলিয়া ফেলা।
পঙ্ক্তি, বি, স্ত্রী (পন্চ-কর্ম্ম-ক্তি) শ্রেণী, সারি।
পঙ্গ, (প্রা) বি ; পতঙ্গ, ফড়িঙ্।
পঙ্গপাল, (প্রা) বি ; ফড়িঙ্গের ঝাঁক।
পঙ্গু,বিণ (খন্জ্-কর্ত্তৃ-কু) খোঁড়া। বি,-ত্ব।
পচন, (প্রা) বি ; নষ্ট হওয়া।
পচা, (প্রা) বিণ ; নষ্ট, বিকৃত।
পচ্যমান, বিণ ; যাহা পাক করা যাইতেছে।
পজ্ঝটিকা, বি, স্ত্রী ; ছন্দো বিং।
পঞ্চ, বিণ (পন্চ-অন্) পাঁচ, ৫।
পঞ্চক, বিণ (পঞ্চন্+কণ্) পাঁচ। পঞ্চসম্বন্ধীয়।
পঞ্চকষায়, বি, পুং ; জম্বু, শাল্মলি, বাট্যাল, বকুল, বদর।
পঞ্চকোল, বি, ক্লী ; চৈ, চিতা, পিপুল, পিপুলমূল, শুন্ঠী।

**পঞ্চগব্য**, বি, ক্লী ; দধি, দুগ্ধ, ঘৃত, গোমূত্র, গোময়।

**পঞ্চগুণ**, বি, পুং ; শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ, পদার্থের এই পাঁচগুণ। [ পঞ্চভূত।

**পঞ্চতত্ত্ব**, বি, ক্লী ; ক্ষিত্যাদি

**পঞ্চতন্মাত্র**, বি, ক্লী ; পৃথিব্যাদি সূক্ষ্ম পঞ্চভূত।

**পঞ্চতপাঃ**, বি, পুং ; চারিদিকে চারি অগ্নি এবং উপরে সূর্য্য, এই পঞ্চাগ্নি মধ্যে তপস্যাকারী।

**পঞ্চতা**, বি, স্ত্রী ; 'পঞ্চত্ব' দেখ।

**পঞ্চত্ব**, বি, ক্লী ( পঞ্চন্+ত্ব, ভাবার্থে ) পাঁচে পাঁচ মিশান, মৃত্যু

**পঞ্চদশ**, বিণ ; পনর, ১৫। পনর সংখ্যার পূরণ।

**পঞ্চদশী**, বি, স্ত্রী ; পূর্ণিমা। অমাবস্যা। বেদান্ত গ্রন্থ বিং।

**পঞ্চধা**, ব্য ( পঞ্চন্+ধাচ্ ) পাঁচ প্রকার। পাঁচবার।

**পঞ্চনদ**, বি, পুং ; শতদ্রু, বিপাশা, ইরাবতী, চন্দ্রভাগা, বিতস্তা, এই পঞ্চনদীযুক্ত দেশ, পঞ্জাব। পঞ্চনদী আছে যেখানে, বহু।

**পঞ্চপল্লব**, বি, ক্লী ; আম্র, অশ্বত্থ, বট, প্লক্ষ, যজ্ঞডুম্বর। (তন্ত্রমতে) পনস, আম্র, অশ্বত্থ, বট, বকুল।

**পঞ্চপাণ্ডব**, বি, পুং ; যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব।

**পঞ্চপাত্র**, বি, ক্লী ; দেব পক্ষদ্বয় এবং পিতৃপক্ষত্রয় এই প শ্রাদ্ধ।

**পঞ্চপিতা**, বি, পুং ; শিক্ষাগুরু, শ্বশুর, অ ভয়ত্রাতা, এই পাঁচজন

**পঞ্চপ্রাণ**, বি, পুং ; প্রাণ সমান, উদান, ব্যান, এই পঞ্চবায়ু।

**পঞ্চভূত**, বি, ক্লী ; ক্ষিতি, অপ তেজঃ, মরুৎ, ব্যোম।

**পঞ্চম**, বিণ ( পঞ্চন্+ পাঁচের পূরণ। বি, অত্যুচ্চ স্বর, কোকিলের রাগ বিং।

**পঞ্চ-মকার**, বি, ক্লী ; মদ্য, মৎস্য, মুদ্রা, মৈথুন।

**পঞ্চমহাযজ্ঞ**, পঞ্চযজ্ঞ বি, ব্রহ্মযজ্ঞ (বেদ-শাস্ত্রাদি অধ দেবযজ্ঞ ( অগ্নিহোত্রা' পিতৃযজ্ঞ, ( পিতৃতর্পণা ভূতযজ্ঞ ( কাকাদি জীবদি খাদ্যদান ), নৃযজ্ঞ ( অ সেবাদি ), গৃহস্থের এই প্রকার নিত্য কর্ত্তব্য কর্ম্ম

**পঞ্চমাস্য**, বি, পুং ; পঞ্চমস্বরত কোকিল। পঞ্চম ( স্বর আস্যে ( মুখে ) যার, বহু।

**পঞ্চমী**, বি, স্ত্রী ; তিথি বি দ্রৌপদী।

**পঞ্চমুখ**, বি, পুং ; শিব। বহু

বি,ক্লী ; প্রবাল, হীরক, নীলকান্ত, পদ্মরাগ।

"ণ, বি, ক্লী ; সর্গ, প্রতি-ংশ,মন্বন্তর, বংশানুচরিত, াদির বর্ণনীয় এই পাঁচ য়

" তিসর্গশ্চ বংশো মন্বন্তরাণিচ।" শানুবংশচরিতং পুরাণং পঞ্চলক্ষণম্ ॥"

ঞ্চবটী, বি, স্ত্রী ; অশ্বত্থ, বিল্ব, বট, অশোক, আমলকী, এই বৃক্ষ। পঞ্চ বটের সমাহার, হার দ্বিগু। গোদাবরীতীরস্থ বিং।

ক্ত্র, বি, পুং ; শিব। বহু। াণ, পঞ্চশর, বি, পুং ; দর্প। ইহাঁর পাঁচ বাণ,যথা— মোহন, উন্মাদন, শোষণ, পন, স্তম্ভন।

শস্য, বি,ক্লী ; ধান্য, মুগ,মাষ, ,তিল ( কিংবা শ্বেতসর্ষপ )।

না, বি, স্ত্রী ; গৃহস্থের স্থিত পাঁচটি হিংসাস্থান, া—উনন, শিলনোড়া,ঝাঁটা, কিরগড়, কলসী পিঁড়ি।

. পঞ্চস্থানে কীটপতঙ্গাদি জীবগণের নিবার্য্য। গৃহস্থকে অনিচ্ছাসত্ত্বেও প জীবহিংসারূপ পাপকর্ম্ম প্রত্য-রিতে হয়। এই পাপ ক্ষালনের গৃহস্থের পক্ষে অগ্নিহোত্রাদি জ্ঞ নিত্য কর্ত্তব্য বলিয়া শাস্ত্রে ত হইয়াছে। ( 'পঞ্চযজ্ঞ' দেখ। )

পঞ্চাগ্নি, বি, পুং ; দক্ষিণ, গার্হ-পত্য,আহবনীয়,সভ্য,আবসথ্য, এই পাঁচ অগ্নি।

পঞ্চানন, বি, পুং (পঞ্চন্ = পাঁচ + আনন = মুখ ) শিব। বহু।

পঞ্চায়েৎ, ( প্রা ) পঞ্চ ব্যক্তির সম্মিলন, গ্রাম্য-সমিতি।

পঞ্চামৃত, বি, ক্লী ; দধি, দুগ্ধ, ঘৃত, মধু, চিনি।

পঞ্চাল, বি, পুং ; দেশ বিং।

পঞ্চালিকা, পঞ্চালী, বি, স্ত্রী ; হস্তিদন্ত বা বস্ত্রাদি নির্ম্মিত পুত্তলিকা। গীত বিং, পাঁচালি।

পঞ্চাশৎ, বিণ, স্ত্রী ; পঞ্চাশ, ৫০। পঞ্চগুণিত যে দশ, কর্ম্মধা।

পঞ্চেন্দ্রিয়, বি, ক্লী ; চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্, এই পাঁচ জ্ঞানেন্দ্রিয়। বাক্, পাদ, পাণি, পায়ু, উপস্থ, এই পাঁচ কর্ম্মেন্দ্রিয়।

পঞ্চোপচার, বি, পুং ; গন্ধ,পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য, এই পাঁচ পূজোপকরণ।

পঞ্জর, বি, পুং, ক্লী ( পিন্জ-অরন্ ) পিঞ্জর, খাঁচা। পাঁজরা। অস্থিমাত্রাকার শরীর, কঙ্কাল।

পঞ্জিকা, পঞ্জী, বি, স্ত্রী ; পাঁজি।

পট, বি, পুং, ক্লী ( পট্-অল্ ) বস্ত্র। পুং ; ছবি। ক্লী ; ঘরের চাল, ছাদ।

পটচ্চর, বি, ক্লী ; জীর্ণ বস্ত্র। পুং ; চোর।
পটমণ্ডপ, বি, পুং ( পট[বস্ত্র]+মণ্ডপ ) বস্ত্রগৃহ, তাঁবু। মধ্যপদ-লোপী কর্ম্মধা।
পটল, বি, ক্লী ( পট্-কলন্ ) সমূহ। ঘরের চাল, ছাদ। পরিচ্ছেদ। গ্রন্থ বিং।
পটবাস,বি,পুং ; গন্ধচূর্ণ। তাঁবু।
পটহ, বি, পুং, ক্লী ( পট-হা-ড ) ঢক্কা, ঢাক। [ স্ত্রী,-য়সী।
পটীয়ান, বিণ ; সুদক্ষ, নিপুণ।
পটীর, বি, ক্লী, চালনী। খদির।
পটু, বিণ ( পট্-উ) নিপুণ, দক্ষ। চতুর। সমর্থ। বি,-তা।
পটোল, বি, পুং ; পল্‌তা গাছ।
পট্ট, বি, পুং ( পট্-কর্ম্ম-ক্ত ) পাট। রেশম। পেষণপ্রস্তর, শিল। পাটা। পিঁড়ি। রাজাসন।
পট্টমহিষী, বি, স্ত্রী ; প্রধানা মহিষী, পাটরাণী।
পঠদ্দশা, বি, স্ত্রী ( পঠন্তী+দশা) পাঠের অবস্থা, ছাত্রাবস্থা।
পঠন, বি, ক্লী (পঠ্-ভাবে-অনট্) অধ্যয়ন, পড়া। বিণ,-ঠিত।
পঠনীয়, বিণ ( ঐ-কর্ম্ম-অনীয় ) পাঠ্য, অধ্যয়ন যোগ্য।
পঠিত, বিণ, ( ঐ-ক্ত ) অধীত।
পঠিতব্য, বিণ, ( ঐ+তব্য ) পঠনীয়।
পঠ্যমান, বিণ ( ঐ-শান ) পাঠকরা যাইতেছে।
পড়পড়, (প্রা) বিণ ; পতনো
পড়ন, পড়া, (প্রা) বি; অধ
পড়সী,(প্রা) বি ; পাড়াপ্রতি
পড়ান, (প্রা) বি ; পাঠ ক
পড়ুয়া, ( প্রা ) বি ; ছাত্র
পণ,বি,পুং (পণ্-অল্ ) প্রতিজ্ঞ বাজিরাখা। মূল্য। বেত কুড়িগণ্ডা।
পণন, বি, ক্লী ; ক্রয়বিক্রয়।
পণ্ড, বিণ (পণ্-কর্ম্ম-ড) নিষ্ফ ক্লীব। [ পরিশ্রম। কর্ম্ম
পণ্ডশ্রম, বি, পুং ; নির
পণ্ডা, বি, স্ত্রী (পন্‌ড-কর্তৃ-অন আপ্ ) তীক্ষ্ণবুদ্ধি। শাস্ত্রজ্ঞা
পণ্ডিত, বিণ ( পণ্ডা+ই যুক্তার্থে ) বিদ্বান্, শাস্ত্র দক্ষ, নিপুণ।
পণ্ডিতমূর্খ, বিণ ; যে পা হইয়াও মূর্খের ন্যায় ব করে। পণ্ডিত অথচ কর্ম্মধা।
পণ্ডিতম্মন্য, ( পণ্ডিত-মন্-খ
পণ্ডিতমানী, ( ঐ-ণিন্ ) বি
পণ্ডিতাভিমানী, যে পণ্ডিত হইয়াও আপনাকে পা বলিয়া মনে করে।
পণ্য, বিণ (পণ্-কর্ম্ম-য) বিক্রে বি, ক্লী ; বিক্রয়ের দ্রব্য।

থিকা } বি, স্ত্রী ; বিপণি,
শ্রেণীবদ্ধ দোকান।
থী } পণ্যের নিমিত্ত যে
কা বা বীথী। ৪র্থীতৎ।
গা, বি, স্ত্রী ; হাট,বাজার,
ন প্রভৃতি। ৪র্থীতৎ।
পণ্যাঙ্গনা, বি, স্ত্রী ;
ণা। কর্ম্মধা।
ীব, বি, পুং ; বণিক্,
গর. পণ্য হইয়াছে আজীব
বিকা ) যাহার, বহু।
পতঙ্গম,বি,পুং ( পত-গম্‌-
খ,নি ) ফড়িং, প্রজাপতি
তি। পক্ষী। পত ( পক্ষ )
গমন করে যে, উপপ।
।
ল, বি, পুং (পতৎ [পতন-
]+অঞ্জলি, নি ) পাতঞ্জল
প্রণেতা মুনি। কথিত
় যে, ইনি স্বর্গ হইতে
কারে পাণিনিমুনির অঞ্জ-
চ পতিত হইয়াছিলেন।
বিণ ( পত্‌-শতৃ ) যে
ত হয়।
, বি, ক্লী ( পতৎ-ত্রৈ-ড )
, পাখা।
, বি, পুং ( পতত্র+ইন্‌,
র্থে ) পক্ষী। স্ত্রী,-ত্রিণী।
, বি, ক্লী (পত্‌-ভাবে-অনট্‌)
া। অবনতি। বিণ,-তিত।

পতনোন্মুখ, বিণ ; আসন্ন পতন। পতনে উন্মুখ, ৭মীতৎ।

পতাকা, বি, স্ত্রী ( পত্‌-কর্ম্ম-আক+স্ত্রীআপ্‌ ) ধ্বজ, নিশান।

পতাকী, বিণ ( পতাকা+ইন্‌, অস্ত্যর্থে ) পতাকাধারী। বি, পুং ; রথ। স্ত্রী,-কিনী. সেনা।

পতি, বি, পুং (পা[পালনক]-কর্ত্তৃ-ডতি ) ভর্ত্তা, স্বামী। প্রভু। স্ত্রী,-ত্নী।

"ভার্য্যায়া ভরণাদ্ভর্ত্তা
পালনাচ্চ পতিঃস্মৃতঃ।"

পতিত, বিণ ( পত্‌-কর্ত্তৃ-ক্ত ) যে বা যাহা পড়িয়াছে। ধর্ম্মভ্রষ্ট। বি,-তন।

পতিতপাবন, বি, পুং ; পাপীর উদ্ধার কর্ত্তা।

পতিদেবতা, বিণ, স্ত্রী ; পতিব্রতা। পতিই দেবতা যাহার ( যে স্ত্রীর ), বহু।

পতিপরায়ণা, বিণ, স্ত্রী ; পতি-প্রাণা,সাধ্বী। পতিতে পরায়ণা ( অত্যাসক্তা ), ৭মীতৎ।

পতিপ্রাণা, বিণ, স্ত্রী ; পতিগত জীবনা, সাধ্বী। পতি হইয়াছে প্রাণ যাহার ( যে স্ত্রীর ), বহু।

পতিবত্নী, বিণ, স্ত্রী ( পতি+বতু, অস্ত্যর্থে+ঈপ্‌ ) সধবা (স্ত্রী)।

পতিব্রতা, বিণ, স্ত্রী ; পতিপরা-য়ণা, সাধ্বী। পতি ব্রতের ন্যায়

( অর্থাৎ সদা উপাস্য ) যাহার ( যে স্ত্রীর ), বহু।

"আর্ত্তার্ত্তে মুদিতে হৃষ্টা
প্রোষিতে মলিনা কৃশা।
মৃতে ম্রিয়েত যা পত্যৌ
সা স্ত্রী জ্ঞেয়া পতিব্রতা॥"

স্বামী কাতর হইলে যিনি কাতরা হন, স্বামী হৃষ্ট হইলে যিনি হৃষ্টা হন, স্বামী বিদেশ গত হইলে যিনি মলিনা ও কৃশা হন এবং স্বামীর মৃত্যু হইলে যিনি সহমৃতা হন, তিনিই পতিব্রতা।

পতিম্বরা, বি, স্ত্রী ; স্বয়ম্বরা।

পত্তন, বি, ক্লী ( পত্-তনন্ ) নগর।

পত্তি, বি, স্ত্রী ( পদ্-ক্তি ) পদাতি সৈন্য। ১ হস্তী, ১ রথ, ৩ অশ্ব, ৫পদাতি, এতৎ সংখ্যক সেনা।

পত্নী, বি, স্ত্রী ( পতি+স্ত্রীঈপ্, নি ) ভার্য্যা। পুং,-তি।

পত্র, বি, ক্লী ( পত্-ষ্ট্রন্ ) পাতা। পক্ষ, পালখ। বাণের পাখা। গ্রন্থাদির পাতা। চিঠি।

পত্ররথ, বি, পুং ; পক্ষী। বাণ।

পত্ররেখা, পত্রলেখা, বি, স্ত্রী ; পত্রাবলী রচনা, তিলকাদি।

পত্রবাহক, বি, পুং ; যে পত্র লইয়া যায়, লিপি বাহক।

পত্রিকা, পত্রী, বি, স্ত্রী ; লিপি, চিঠি।

পত্রী, ( ত্রিন্ ), বি, পুং ( পত্র+ইন্ ) পক্ষী। বাণ।

পথ, বি, পুং ( পথ্-করণ-অল্ ) রাস্তা। উপায়।

পথকর, বি, পুং ; রাস্তা প্রস্তুতের জন্য যে কর দেওয়া যায়।

পথপ্রদর্শক, বিণ ; যে পথ প্রদর্শন করে। উপদেষ্টা।

পথিক, বিণ ( পথিন্+কণ্ ) ভ্রমণকারী। পান্থ।

পথ্য, বিণ (পথ+ষ্ণ্য) হিতকর। যোগ্য। রোগীর উপযুক্ত ভোজ্য। বি,স্ত্রী,-থ্যা,হরীতকী।

পদ, বি, ক্লী ( পদ্-করণ-অল্ ) চরণ। পদচিহ্ন। চিহ্ন। স্থান। ঐশ্বর্য্য। আধিপত্য। ব্যবসায়। বস্তু। পাদ, চতুর্থাংশ। বাচক-শব্দ। বাক্য। ছল। পুং ; কিরণ।

পদক, বি,পুং ; কণ্ঠলম্বী ভূষণবিং

পদক্ষেপ, পদন্যাস, পদবিক্ষেপ, } বি, পুং ; পদার্পণ, পা ফেলা। ৬ষ্ঠীতৎ।

পদবি(বী), বি, স্ত্রী ( পদ-অবি ) উপাধি। পথ। ব্যবসায়।

পদব্রজে, ক্রিবিণ ; পায়ে হাঁটিয়া। পদের ব্রজ ( গত ) হইয়াছে যাহাতে, বহু।

পদস্খলন, বি, ক্লী ; পা পিছলিয়া যাওয়া।

পদস্থ, বিণ ( পদ-স্থা-ড ) যে পদে আছে। উচ্চপদস্থ।

পদাঘাত, বি, পুং ; পদদ্বারা আঘাত, লাথি।
পদাঙ্ক, বি, পুং ; পদচিহ্ন।
পদাতি, তিক, বি, পুং ( পদ-অত্-কর্ত্তৃ-ইন্) পাদচারী সৈন্য।
পদানত, বিণ ; বশীভূত।
পদান্বয়, বি, পুং ( পদ + অন্বয় ) বাক্যের অন্তর্গত বিভিন্ন পদের সম্বন্ধ নির্দ্দেশ। ৬ষ্ঠীতৎ।
পদাবলী, বি, স্ত্রী ; গীতি কবিতা সমূহ।
পদারবিন্দ, পদাম্ভোজ, বি, ক্লী ; পাদপদ্ম। পদরূপ অরবিন্দ, অম্ভোজ (পদ্ম), রূপক কর্ম্মধা।
পদার্থ, বি, পুং ; বস্তু। অভিধেয়, পদের অর্থ। দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ, সমবায়, অভাব, দর্শন শাস্ত্রোক্ত এই সপ্ত বস্তু।
পদার্থবিদ্যা, বি, স্ত্রী ; জড় পদার্থের তত্ত্ব-নির্ণায়ক-শাস্ত্র।
পদার্পণ, বি, ক্লী ; পদস্থাপন। আগমন।
পদেপদে, ব্য; প্রতি পদ বিক্ষেপে।
পদ্ধতি, বি, স্ত্রী ( পদ্-হন্-ক্তি ) রীতি। প্রণালী। আচার। পথ। রেখা। শ্রেণী।
পদ্ম, বি, ক্লী ( পদ্-কর্ত্তৃ-ম ) কমল। নিধি বিং। সংখ্যা বিং।
পদ্মনাভ, বি, পুং ; বিষ্ণু। পদ্ম আছে নাভিতে যাঁহার, বহু।
পদ্মপলাশলোচন, বি, পুং ; বিষ্ণু। পদ্মের পলাশ ( পত্র ) ইতি পদ্ম পলাশ ; তৎসদৃশ লোচন যাঁহার, বহু।
পদ্মযোনি, বি, পুং ; ব্রহ্মা। পদ্ম-( বিষ্ণুর নাভি-পদ্ম ) হইয়াছে যোনি ( উৎপত্তি-স্থল ) যাঁহার, বহু।
পদ্মরাগ, বি, পুং ; রক্তবর্ণমণিবিং।
পদ্মবন্ধ, বি, পুং ; শব্দালঙ্কারবিং।
পদ্মা, বি, স্ত্রী (পদ্ম + অ, অস্ত্যর্থে + আপ্ ) লক্ষ্মী। মনসাদেবী। নদীবিং।
পদ্মাকর, বি, পুং (পদ্ম + আকর) পদ্মযুক্ত জলাশয়। ৬ষ্ঠীতৎ।
পদ্মাক্ষ, বিণ ; পদ্মতুল্য সুন্দর নয়নবিশিষ্ট। বহু।
পদ্মালয়া, বি, স্ত্রী ; লক্ষ্মী। পদ্ম হইয়াছে আলয় ( গৃহ ) যাঁহার, বহু। [ পদ্মানদী।
পদ্মাবতী, বি, স্ত্রী ; মনসা দেবী।
পদ্মাসন, বি, পুং ; কমলাসন। ব্রহ্মা। পদ্ম হইয়াছে আসন যাঁহার, বহু। ক্লী ; উপবেশনের প্রণালী বিং, যোগাসন।
পদ্মিনী, বি, স্ত্রী ( পদ্ম + ইন্ + স্ত্রীঈপ্) পদ্মের ঝাড়, কমলিনী। ভীমসিংহের পত্নী।
পদ্মিনীকান্ত, বি, পুং ; সূর্য্য। পদ্মিনীরকান্ত (স্বামী), ৬ষ্ঠীতৎ।

পদ্ম সূর্য্যের উদয়ে বিকশিত এবং অস্ত-গমনে নিমীলিত হয় বলিয়া সূর্য্য পদ্মি-নীর কান্তরূপে বর্ণিত হইয়া থাকেন।

পদ্মী, বি,পুং (পদ্ম+ইন্) গজ।

পদ্য, বি, ক্লী (পদ+যৎ) ছন্দো-বদ্ধ বাক্য, শ্লোক।

পনস, বি, পুং (পন্-অসচ্) কাঁটাল গাছ। ক্লী; ঐ ফল।

পন্থা, ('পথিন্' শব্দজ) বি; পথ। উপায়। কৌশল। [পথিক।

পন্থী, (প্রা) বিণ; মতাবলম্বী।

পন্নগ, বি, পুং (পন্ন [পতিত]-গম্-কর্ত্তৃ-ড) যে পতিতভাবে গমন করে, সর্প। স্ত্রী,-গী।

পন্নগকেশর, বি,পুং; নাগকেশর পুষ্প।

পন্নগারি, পন্নগাশন, } বি, পুং; গরুড়। পন্নগের (সর্পের) অরি(শত্রু) বা অশন (ভক্ষক), ৬ষ্ঠীতৎ।

পম্পা, বি, স্ত্রী; নদী বিং। সরো-বর বিং।

পয়ঃ (য়স্), বি, ক্লী (পয়্-কর্ত্তৃ-অস্) জল। দুগ্ধ।

পয়ঃপ্রণালী, বি, স্ত্রী; জলনির্গম পথ, নর্দ্দামা, নালা।

পয়গাম্বর, (যা)বি; দূত। আচার্য্য।

পয়জার, (যা) বি, বিনামা, জুতা।

পয়দা, (যা) বি, সৃষ্টি; উৎপত্তি।

পয়নালা, (প্রা) বি; নর্দ্দামা।

পয়মাল, (যা) বি; বিনাশ, ধ্বংস।

পয়সা, (প্রা) বি; তাম্রমুদ্রা।

পয়স্যা, বি, স্ত্রী; আমিক্ষা, ছানা।

পয়স্বিনী, বি, স্ত্রী (পয়স্ [দুগ্ধ, জল]+বিন, অস্ত্যর্থে+স্ত্রী ঈপ্) দুগ্ধবতী গাভী। নদী।

পয়ান, (প্রা, পদ্যে)গতি, প্রয়াণ।

পয়ার, (প্রা) বি; চতুর্দ্দশাক্ষর ছন্দো বিং।

পয়োদ, বি, পুং (পয়স্ [জল] -দা-কর্ত্তৃ-ড) মেঘ।

পয়োধর, বি, পুং (ঐ-ধৃ-অন্) মেঘ। স্ত্রীলোকের স্তন। নারিকেল।

পয়োধি, বি, পুং (পয়স্ [জল]-ধা-কর্ত্তৃ-কি) সমুদ্র।

পয়োনিধি, বি, পুং; সমুদ্র। পয়সের নিধি (আধার), ৬ষ্ঠীতৎ।

পয়োমুক্ (চ্), বি, পুং (পয়স্-মুচ্-ক্বিপ) মেঘ।

পর, বিণ (পৃ-অল্) অন্য। শ্রেষ্ঠ। শত্রু। সম্যক্। অধিক। আসক্ত। ক্রিবিণ; পশ্চাৎ।

পরওয়ানা, (প্রা) বি; আজ্ঞাপত্র।

পরঃশত, বিণ; শতাধিক। শত হইতে পরঃ (অধিক), ৫মীতৎ।

পরকলা, (প্রা) বি; দর্পণ।

পরকাল, বি, পুং; পরলোক। শেষকাল।

পরকীয়, বিণ (পর+কণ্+ঈয়) পরসম্বন্ধীয়, অন্যের। স্ত্রী,-য়া।

পরখ, ( প্রা ) বি ; পরীক্ষা।
পরগণা, ( প্রা ) বি; কতকগুলি গ্রামের সমষ্টি, চাকলা।
পরচুল,-চুলা, ( প্রা ) বি; কৃত্রিম কেশ।
পরচ্ছন্দ, বিণ ; পরাধীন। বি, পুং ; পরের অভিপ্রায়।
পরচ্ছন্দানুবর্ত্তী, বিণ ; পরাধীন। স্ত্রী,-র্ত্তিনী।
পরছিদ্র, বি, ক্লী ; পরের দোষ।
পরঞ্জয়, বিণ ; শত্রুজয় কারী।
পরণ, (প্রা ) বি; পরিধানকরণ।
পরতন্ত্র, বিণ ; পরাধীন। পরেব তন্ত্র (অধীন), ৬ষ্ঠীতৎ। স্ত্রী,-ন্ত্রা।
পরতর, বিণ ; অধিক।
পরত্র, ব্য (পর+ত্র) পরকালে।
পর্‌দা, ( যা ) বি ; আবরণ।
পরদার, বি, পুং ; পরস্ত্রী।
পরন্তপ, বিণ (পর [ শত্রু ]-তপ্-কর্ত্তৃ-খ ) শত্রুর পীড়াদায়ক। স্ত্রী,-পা।
পরন্তু, ব্য ( পরম্+তু ) কিন্তু। অধিকন্তু, আরও।
পরপদ, বি, ক্লী; শ্রেষ্ঠপদ, মুক্তি।
পরপর, ক্রিবিণ ; ক্রমে ক্রমে। উত্তরোত্তর।
পরপিণ্ড, বি, ক্লী ; পরান্ন।
পরপিণ্ডাদ, বিণ, (পরপিণ্ড-অদ্-কর্ত্তৃ-অন্) পরান্নভোজী।
পরপিণ্ডোপজীবী, ( পরপিণ্ড+উপজীবী ) পরপিণ্ডাদ, পরান্ন-ভোজী।
"পরপিণ্ডোপজীবী লোকের দুর্দ্দশার ইয়ত্তা নাই।" রজনী গুপ্ত।
পরপুষ্ট, বি, পুং, কোকিল। পর ( অন্য অর্থাৎ কাক ) কর্ত্তৃক পুষ্ট (পালিত), ৩য়াতৎ।
প্রসিদ্ধি আছে যে,কোকিলা স্বীয় ডিম্ব স্ফোটন করিতে অসমর্থ হওয়ায় কাকের নীড়ে ডিম্ব প্রসব করে, পরে তাহা হইতে শাবকোৎপন্ন হইলে, কাক নিজ শাবকজ্ঞানে তাহাকে পালন করে।
পরপূর্ব্বা, বি,স্ত্রী ; পতির মরণান্তে যে স্ত্রী অন্য পতি গ্রহণ করে। পর ( অন্য অর্থাৎ অন্যস্বামী ) হইয়াছিল পূর্ব্বে যাহার, বহু।
পরব্রহ্ম, বি, ক্লী ; পরমাত্মা, পরমেশ্বর।
পরভাগ্যোপজীবী ( বিন্ ), বিণ ; যে পরের ভাগ্যের উপর নির্ভর করিয়া জীবিকা নির্ব্বাহ করে, পর পণ্ডাদ। স্ত্রী,-বিনী।
পরভৃত,বি, পুং ( পর-ভৃ-কর্ম্ম-ক্ত) কোকিল। 'পরপুষ্ট' দেখ।
পরভৃৎ, বি, পুং ( ঐ-কর্ত্তৃ-ক্বিপ্ ) যে পরকে পোষণ করে, কাক। ( পরপুষ্ট ) দেখ।
পরম্, ব্য ; কেবল। নিশ্চয়। কিন্তু। অনন্তর।
পরম, বিণ ( পর [ শ্রেষ্ঠ ] মা-কর্ত্তৃ-ড ) শ্রেষ্ঠ। অতিশয়।

প্রথম। শেষ। স্ত্রী,-মা।
পরমগতি, বি, স্ত্রী ; শ্রেষ্ঠাগতি, মুক্তি। [মুক্তি।
পরমপদ, বি, ক্লী ; শ্রেষ্ঠপদ,
পরমর্ষি, বি, পুং (পরম+ঋষি)। শ্রেষ্ঠ ঋষি। কর্ম্মধা।
পরমহংস, বি, পুং ; সন্ন্যাসী বিং, মহাযোগী। পরম (প্রধান) যে হংস (তপস্বী), কর্ম্মধা।
পরমাণু, বি, পুং (পরম+অণু) পদার্থের সূক্ষ্মতম অংশ। কর্ম্মধা।
পরমাত্মা (ত্মন্), বি, পুং ; পরমেশ্বর।
পরমান্ন, বি, ক্লী, (পরম+অন্ন) পায়স। [কাল।
পরমায়ুঃ (য়ুস্), বি, ক্লী; জীবিত
পরমার্থ, বি, পুং (পরম+অর্থ) শ্রেষ্ঠবস্তু, ধর্ম্ম।
পরমেশ, পরমেশ্বর, বি. পুং, (পরম+ঈশ, ঈশ্বর) পর-ব্রহ্ম। স্ত্রী,-রী।
পরমেষ্ঠী,বি, পুং (পরমে-স্থা কর্ত্তৃ-ডিন্) ব্রহ্মা।
পরম্পরা, বি. স্ত্রী (পর+পর+আপ্, নি) পরপর, অনুক্রম। ধারা। সমূহ।
পরম্পরাগত, বিণ ; ক্রমাগত।
পরম্পরীণ, বিণ (পরম্পরা+ঈন) ক্রমাগত, ধারাবাহিক।
পরলোক, বি, পুং ; লোকান্তর, ব্রহ্ম লোকাদি সপ্ত ঊর্দ্ধলোক।
পরলোকগত, বিণ ; লোকান্তর প্রাপ্ত, মৃত। বি,-গমন।
পরবশ, বিণ ; অন্যের বশতাপন্ন, পরাধীন। ৬ষ্ঠীতৎ। স্ত্রী,-শা।
পরশ, বি, ক্লী, স্পর্শমণি। (পদ্যে) স্পর্শ।
পরশু, বি, পুং (পর [শত্রু]-শৃ-কর্ত্তৃ-ডু) কুঠার, টাঙ্গি।
পরশুরাম, বি, পুং ; জমদগ্নির পুত্র ভার্গব, বিষ্ণুর ষষ্ঠ অবতার।

ইনি কার্ত্তবীর্য্যার্জ্জুন বধ ও পৃথিবীকে এক বিংশতি বার নিঃক্ষত্রিয়া করিছিলেন। ইহাঁর নাম রাম, পরশু অস্ত্রধারণ করায় পরশুরাম নামে খ্যাত।

পরশ্বঃ, ব্য (পর+শ্বস্ [ভবিষ্যৎ কল্য]) আগামী দিনের পর দিন।
পরশ্রীকাতর,বিণ ; পরের উন্নতি দেখিয়া দুঃখিত। স্ত্রী,-রা। বি,-রতা।
পরস্পর, ক্রিবিণ (পর+পর,নি) অন্যান্য। উভয়তঃ।
পরস্ব, বি, ক্লী ; পরৈশ্বর্য্য, পরের ধন। পরের স্ব (ধন), ৬ষ্ঠীতৎ।
পরা, ব্য ; অতিশয়। প্রধান।
পরাক্, বিণ (পরা-অন্চ্-ক্বিপ্) বিমুখ। বক্র।
পরাক্রম, বি, পুং, (পরা-ক্রম্-অল্) বিক্রম। বিণ,-ক্রান্ত।

পরাক্রান্ত, বিণ ( ঐ-ক্ত ) বিক্রম-শালী। শক্তিসম্পন্ন। বি,-ক্রম।
পরাগ, বি, পুং ( -গম্-ড ) পুষ্প-রেণু। ধূলি। গন্ধদ্রব্য চূর্ণ।
পরাগকেশর, বি, পুং ; পুষ্পের মধ্যবর্ত্তী গর্ভকেশর ভিন্ন অবশিষ্ট সূত্রাকার কেশর সমূহ।
পরাঙ্মুখ, বিণ ( পরাক্+মুখ ) বিমুখ। নিবৃত্ত। স্ত্রী,-খী।
পরাচীন, বিণ ( পরাচ্+ঈন ) পরাঙ্মুখ। স্ত্রী,-না।
পরাজয়,বি, পুং, (পরা-জি-ভাবে-অল্) পরাভব,হারা। বিণ,-জিত।
পরাজিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) যে হারিয়াছে, পরাভূত। বি,-জয়।
পরাণ, ( প্রা, পদ্যে ) বি ; প্রাণ।
পরাৎপর, বিণ ( পরাৎ+পর ) শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ। বি, পুং ; জগদীশ্বর।
পরাধীন, বিণ, ( পর+অধীন ) অন্যের অধীন, পরবশ। ৬ষ্ঠীতৎ।
পরান্ন, বি, ক্লী ; পরের অন্ন। ৬ষ্ঠীতৎ। [ পর পিণ্ডাদ।
পরান্নভোজী, বিণ ; পরান্ন জীবী,
পরাভব,বি, পুং ( পরা-ভূ-ভাবে-অল্ ) পরাজয়। বিণ,-ভূত।
পরামর্শ, বি, পুং ( পরা-মৃশ্-ভাবে-অল্ ) যুক্তি, মন্ত্রণা। স্পর্শ। বিণ-মৃষ্ট.স্পৃষ্ট। [মণ্ডল।
পরামাণিক, (প্রা) বি ; নাপিত।

পরায়ণ, বিণ ; অত্যাসক্ত। তৎপর। পর ( প্রধান ) হইয়াছে অয়ন যাহার, বহু। বি ক্লী ; শ্রেষ্ঠ আশ্রয়। স্ত্রী,-ণা।
পরায়ত্ত, বিণ ( পর+আয়ত্ত ) পরাধীন। [ ৬ষ্ঠীতৎ।
পরার্থ, বি,ক্লী ; পরের প্রয়োজন।
পরার্থপর, বিণ ; পরোপকারী। বি,-রতা। [ কারিতা।
পরার্থপরতা, বি, স্ত্রী ; পরোপ-
পরার্দ্ধ, বি, ক্লী ; সংখ্যা বিং। শেষার্দ্ধ।
পরাবর্ত্ত, বি, পুং ; } পরিবর্ত্তন।
পরাবর্ত্তন, বি,ক্লী, } পুনরাগমন।
পরাবর্ত্তিত, বিণ ; প্রত্যাবর্ত্তিত।
পরাবৃত্ত, বিণ ( পরা-বৃত্-ক্ত ) প্রত্যাবৃত্ত। পরিবর্ত্তিত। বি,-ত্তি।
পরাবৃত্তি, বি, স্ত্রী ; প্রত্যাগমন, ফিরিয়া আসা। পরিবর্ত্তন।
পরাশর, বি, পুং ; ব্যাসদেবের পিতা।
পরাসন, বি, ক্লী ( পরা-অস্-অনট্ ) হত্যা, বধ।
পরাসু,বিণ ( পরা+অসু ) মৃত।
পরাস্কন্দী, বি, পুং ( পর-আ-স্কন্দ্-কর্ত্তৃ-ণিন্ ) চোর। দস্যু।
পরাস্ত, বিণ ( পরা-অস্-কর্ম্ম-ক্ত) পরাজিত।
পরাহ, বি, পুং ( পর+অহন্ ) পর দিন। কর্ম্মধা।

**পরাহত**, বিণ, ( পরা-আ-হন্-ক্ত) পরাভূত। ব্যাঘাত প্রাপ্ত। আহত। তিরস্কৃত।

**পরাহ্ণ**, বি, পুং ; অপরাহ্ণ। অহ-নের (দিনের) পর (শেষভাগ), ৬ষ্ঠীতৎ।

**পরি**, ব্য ; সর্ব্বতোভাবে। চতু-র্দ্দিকে। অতিশয়।

**পরিকর**, বি, পুং ( পরি-কৃ-অল্ ) পরিবার। উপকরণ। সমূহ। আরম্ভ। কটিবন্ধ।

**পরিকর্ম্ম**, বি, ক্লী ; অলঙ্কারাদি দ্বারা সাজান, প্রসাধন।

**পরিকল্পিত**, বিণ ; অনুষ্ঠিত। নির্দ্দিষ্ট। সজ্জিত। রচিত।

**পরিকীর্ণ**, বিণ ( পরি-কৄ-ক্ত ) ব্যাপ্ত। বিস্তৃত।

**পরিকীর্ত্তিত**, বিণ ( পরি-কৃত্-কর্ম্ম -ক্ত ) কথিত। গীত।

**পরিক্রম**, বি, পুং ( পরি-ক্রম্-ভাবে-অল্) ইতস্ততঃ পাদচার। প্রদক্ষিণ করা।

**পরিক্রিয়া**, বি, স্ত্রী ( পরি-কৃ-ভাবে-শ-আপ্ ) পরিখাদি দ্বারা বেষ্টন। সংস্কার, মেরামত।

**পরিক্লিষ্ট**, বিণ (পরি-ক্লিশ্-কর্ত্তৃ-ক্ত) অতিক্লিষ্ট। পরিক্ষত।

**পরিক্ষত**, বিণ ( পরি-ক্ষণ্-কর্ম্ম-ক্ত ) ভ্রষ্ট। সম্যক্ ক্ষত।

**পরিক্ষিৎ(ত)**, **পরীক্ষিৎ(ত)**, বি, পুং ( পরি-ক্ষি-[ক্ষীণ হ] কর্ত্তৃ-ক্বিপ্, অথবা কর্ম্ম-ক্ত ) অভিমন্যুর পুত্র। ইনি বংশের ক্ষীণাবস্থায় জন্মিয়াছিলেন বলিয়া ইহাঁর নাম পরীক্ষিৎ।

**পরিক্ষিপ্ত**, বিণ ( পরি-ক্ষিপ্-কর্ম্ম-ক্ত ) পরিবেষ্টিত। নিক্ষিপ্ত। বি, -ক্ষেপ।

**পরিক্ষীণ**, বিণ ( ঐ-কর্ত্তৃ-ক্ত ) অতিশয় ক্ষীণ। ক্ষয়প্রাপ্ত।

**পরিক্ষেপ**, বি, পুং ( ঐ-ভাবে-অল্ ) বেষ্টন। নিক্ষেপ। বিণ, -ক্ষিপ্ত।

**পরিখা**, বি, স্ত্রী ( পরি-খন্-কর্ম্ম-ড+আপ্ ) গড়খাই।

**পরিগণিত**, বিণ(পরি-গণ্-কর্ম্ম-ক্ত) সংখ্যাত, গণিত। বিবেচিত।

**পরিগত**, বিণ ; জ্ঞাত। প্রাপ্ত। বেষ্টিত।

**পরিগৃহীত**, বিণ ( পরি-গ্রহ্-কর্ম্ম-ক্ত ) যাহা গ্রহণ করা হইয়াছে। স্বীকৃত। বি,-গ্রহ।

**পরিগ্রহ**, বি, পুং ( পরি-গ্রহ্-অল্ ) গ্রহণ। স্বীকার। পত্নী। পরিজন। সৈন্যের পশ্চাদ্ভাগ। মূল। শাপ।

**পরিঘ**, বি, পুং ( পরি-হন্-করণ-অল্ ) লৌহমুখ মুদ্গর। অর্গল, হুড়্কা। তোরণ। শূল। জলপাত্র।

**পরিচয়**, বি, পুং ( পরি-চি অল্ )

জানাশুনা। প্রণয়। অভ্যাস। বিণ,-চিত।

পরিচর, বি, পুং ( পরি-চর্-কর্ত্তৃ-অন্ ) পরিচারক। অনুচর।

পরিচর্য্যা, বি, স্ত্রী ( পরি-চর্ ভাবে ক্যপ্+আপ্ ) সেবা, শুশ্রূষা।

পরিচারক, বি, পুং ( পরি-চর্-কর্ত্তৃ-ণক ) দাস, ভৃত্য। স্ত্রী,-রিকা।

পরিচারণা, বি, স্ত্রী; সেবা, শুশ্রূষা।

পরিচারিকা, বি, স্ত্রী ( পরিচারক +স্ত্রীআপ্ ) দাসী।

পরিচালক, বিণ; যে চালনা করে। স্ত্রী, লিকা।

পরিচালিত, বিণ; যাহা চালনা করা হইয়াছে, সঞ্চালিত।

পরিচিত, বিণ ( পরি-চি-ক্ত ) জ্ঞাত, চেনা। অভ্যস্ত। বি,-চয়।

পরিচ্যুত, বিণ ( পরি-চ্যু-ক্ত ) ভ্রষ্ট, স্খলিত।

পরিচ্ছদ, বি, পুং ( পরি-ছাদি-ঘ ) বেশ, পোষাক। হস্ত্যশ্বাদি উপকরণ। বিণ,-চ্ছন্ন।

পরিচ্ছন্দ, বি, পুং; পরিচ্ছদ, পোষাক।

পরিচ্ছন্ন, বিণ ( পরি-ছদ্-কর্ম্ম-ক্ত ) পরিস্কৃত। আচ্ছন্ন। সজ্জিত। বি,-চ্ছদ।

পরিচ্ছিন্ন, বিণ ( -ছিদ্ কর্ম্ম-ক্ত ) ইয়ত্তারূপে পরিমিত। নির্ণীত। বিভক্ত। বি,-চ্ছেদ।

পরিচ্ছেদ, বি, পুং ( পরি-ছিদ্-অল্ ) গ্রন্থাদির অংশ। সীমা। নির্ণয়।

পরিচ্ছেদ্য, বিণ(ঐ-ঘ্যণ্) নির্ণেয়। বিভাজ্য।

পরিজন, বি, পুং (পরি [ সম্পূর্ণ-রূপে ]+জন [ স্বীয় ] লোক) স্বজন, পরিবার। পরিচারক।

পরিজ্ঞাত, বিণ, অবগত, বিদিত।

পরিজ্ঞান, বি, ক্লী ( পরি-জ্ঞা-অনট্ ) সর্ব্বতোভাবে জানা।

পরিণত, বিণ ( পরি-নম্-কর্ত্তৃ-ক্ত ) পক্ব। অবস্থান্তর প্রাপ্ত। সর্ব্বতোভাবে নত। বি,-তি।

পরিণতি, বি, স্ত্রী (ঐ-ভাবে-ক্তি) পরিণাম। অবস্থান্তর প্রাপ্ত। বিণ,-ণত।

পরিণদ্ধ, বিণ (পরি-ণহ্-কর্ম্ম-ক্ত) যাহা পরিধান করা গিয়াছে, পরিহিত। বদ্ধ।

পরিণয়, বি, পুং (পরি-নী-ভাবে -অল্ ) বিবাহ। বিণ,-নীত।

পরিণাম, বি, পুং ( পরি-ণম্-ঘঞ্ ) শেষ। অবস্থান্তর প্রাপ্তি। পরিপাক। কাব্যালঙ্কার বিং।

পরিণামদর্শী, বিণ ( পরিণাম-দৃশ্-কর্ত্তৃ-ণিন্ ) যে উত্তরকাল বিবেচনা করিয়া কার্য্য করে, বিজ্ঞ। স্ত্রী,-র্শিনী। বি,-র্শিতা।

পরি (রী) ণাহ, বি, পুং ( পরি-নহ্-ঘঞ্ ) বিশালতা, বিস্তার। বিণ,-হী।

পরিণাহী, বিণ ( পরিণাহ + ইন্ ) বিশাল। বিপুল।

পরিণীত, বিণ ( পরি-নী-কর্ম্ম-ক্ত) বিবাহিত। স্ত্রী,-তা। বি,-ণয়।

পরিণেতা ( তৃ ), বিণ ( ঐ-কর্ত্তৃ-তৃন্ ) বিবাহকারী।

পরিতপ্ত, বিণ ( পরি-তপ্-ক্ত ) পরিতাপযুক্ত। বি,-তাপ।

পরিতাপ, বি, পুং ( ঐ-ঘঞ্ ) দুঃখ, মনস্তাপ। উত্তাপ। বিণ, -তপ্ত।

পরিতুষ্ট,বিণ (পরি-তুষ্-ক্ত)সন্তুষ্ট। তৃপ্ত। বি,-তোষ। স্ত্রী,-ষ্টা।

পরিতোষ, বি, পুং ( ঐ-ঘঞ্ ) সন্তোষ। তৃপ্তি। বিণ,-তুষ্ট।

পরিত্যক্ত, বিণ ( পরি-ত্যজ্-ক্ত ) যাহা পরিত্যাগ করা হইয়াছে। বি,-ত্যাগ।

পরিত্যজ্য, বিণ ( ঐ-ঘ্যণ্ ) পরিত্যাগ যোগ্য, বর্জ্জনীয়।

পরিত্যাগ, বি, পুং ( ঐ-ঘঞ্ ) বর্জ্জন, ত্যাগ। বিণ,-ত্যক্ত।

পরিত্রাণ, বি, ক্লী (পরি-ত্রৈ-ভাবে অনট্ ) রক্ষা, উদ্ধার।

পরিত্রাতা (তৃ), বিণ ( ঐ-কর্ত্তৃ-তৃন্ ) রক্ষাকর্ত্তা। স্ত্রী,-ত্রী।

পরিদান, বি, ক্লী ; প্রতিদান। বিনিময়, বদল।

পরিদেবন, বি, ক্লী, } বিলাপ।
পরিবেদনা, বি, স্ত্রী } অনুতাপ।

পরিদেবী, বিণ ( পরি-দিব্-কর্ত্তৃ-ণিন্ ) যে বিলাপ করে।

পরিধান, বি, ক্লী (পরি-ধা-ভাবে -অনট্ ) পরা। আচ্ছাদন। ( ঐ-কর্ম্ম- ) পরিধেয় বস্ত্র। বিণ,-হিত।

পরিধাপন, বি, ক্লী ( ঐ-ধাপি-অনট্) পরিধান করান, পরান।

পরিধি, বি, পুং ( পরি-ধা-কি ) বৃত্তের সীমা, বেড়। চন্দ্র-সূর্য্য মণ্ডল। [ উপযুক্ত।

পরিধেয়, বিণ ( ঐ-য ) পরিবার

পরিপক্ক, বিণ (পরি-পচ্-ক্ত ) সুপক্ক। বহুদর্শী।

পরিপণ, বি, পুং, ক্লী (পরি-পণ্-অল্ ) মূলধন, পুঁজি।

পরিপন্থী (ন্থিন্), বিণ (পরি-পন্থ্-কর্ত্তৃ-ণিন্ ) প্রতিকূল। শত্রু। স্ত্রী,-ন্থিনী।

পরিপাক, বি, পুং ( পরি-পচ্-ভাবে-ঘঞ্ ) জীর্ণতা। পক্কতা। পরিণাম।

পরিপাটি (টী), বি, স্ত্রী ( পরি-পাটি-ভাবে-ইন্ ) সুশৃঙ্খলা। বিণ ; সুন্দর।

পরিপালক, বিণ, প্রতিপালক। রক্ষক।

পরিপালন, বি, ক্লী, প্রতিপালন। বিণ,-লিত।

পরিপূত, বিণ ; শুদ্ধ, পবিত্র।

পরিপূর্ণ, বিণ ( পরি-পূর্-ক্ত ) সম্পূর্ণ। ব্যাপ্ত। বি,-তা।

পরিপোষক, বিণ; পোষণকারী। বি,-কতা।

পরিপ্রেক্ষিত, বি, ক্লী; চিত্রবিদ্যা বিং। ( Perspective )।

পরিপ্লব, বিণ ( পরি-প্লু-অন্ ) চঞ্চল। কম্পমান। আকুল। বি, পুং ; জলপ্লাবন। উপদ্রব।

পরিপ্লুত, বিণ ( ঐ-ক্ত ) আর্দ্র, সিক্ত। মগ্ন। চঞ্চল। বি,-তি।

পরিভব, বি, পুং ( পরি-ভূ-অল্ ) পরাভব। তিরস্কার। বিণ,-ভূত।

পরিভাষণ, বি, ক্লী ( পরি-ভাষ্-অনট্ ) কথোপকথন। নিন্দাবাক্য। তিরস্কার।

পরিভাষা, বি, স্ত্রী ; গ্রন্থের সংক্ষেপ নিমিত্ত সঙ্কেত বিং। সংজ্ঞা।

পরিভূত, বিণ ; অবজ্ঞাত। তিরস্কৃত। অভিভূত। বি,-ভব।

পরিভোগ, বি, পুং ; সম্ভোগ। ভোগদখল।

{ পরিভ্রম, বি, পুং ( পরি-ভ্রম্ অল্)
{ পরিভ্রমণ, বি, ক্লী ( ঐ-অনট্ )
পর্য্যটন।

পরিভ্রষ্ট, বিণ ( পরি-ভ্রন্শ্-ক্ত ) চ্যুত, পতিত। নষ্ট।

পরিমল, বি, পুং ( পরি-মল্-কর্ম্ম-অল্ ) কুঙ্কুম চন্দনাদির মর্দ্দন জনিত সুগন্ধ। মনোহর গন্ধ। পণ্ডিত সমূহ। সম্ভোগ।

পরিমাণ, বি,ক্লী,( পরি-মা-ভাবে-অনট্ ) মাপ। ওজন। বস্তুর দৈর্ঘ্য বিস্তার প্রভৃতি। বিণ,-মিত।

পরিমাতা, বিণ, ( পরি-মা-তৃন্ ) পরিমাণ কর্ত্তা।

পরিমার্জ্জন, বি, ক্লী ( পরি-মৃজ্-অনট্ ) পরিষ্কার করণ। বিণ ; -র্জ্জিত।

পরিমার্জ্জিত, বিণ ( ঐ-ক্ত ) পরিষ্কৃত।

পরিমিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) যথাযোগ্য পরিমাণযুক্ত। পরিচ্ছিন্ন। অল্প।

পরিমিতি, বি, স্ত্রী, ( ঐ-ভাবে-ক্তি ) পরিমাণ।

পরিমেয়, বিণ ( ঐ-কর্ম্ম-য ) পরিমিত। পরিমাণের যোগ্য।

পরিম্লান, বিণ, ( পরি-ম্লৈ-ক্ত ) অতিশয় ম্লান, শুষ্ক।

পরিরক্ষণ,বি,ক্লী(পরি-রক্ষ্-অনট্) রক্ষা। অপেক্ষা। বিণ,-ক্ষিত।

{ পরি(রী)রম্ভ, বি, পুং ( পরি-রভ্-ভাবে-ঘঞ্ )
{ পরিরম্ভণ, বি, ক্লী ( ঐ-অনট্ )
আলিঙ্গন।

**পরিবর্জ্জন**, বি, ক্লী, ( পরি-বৃজ্-অনট্) পরিত্যাগ। বিণ, র্জ্জিত।

**পরিবর্জ্জিত**, বিণ ( পরি-বৃজ্-ক্ত) পরিত্যক্ত।

**পরি (রী) বর্ত্ত**, বি, পুং ( পরি-বৃত্-ভাবে-অল্ )

**পরিবর্ত্তন**, বি, ক্লী ( ঐ-অনট্ ) বিনিময়, বদল। নিবৃত্তি। বিণ,-র্ত্তিত।

**পরিবর্ত্তিত**, বিণ ( পরি-বর্ত্তি-ক্ত ) যাহা বদল করা হইয়াছে। বি,-র্ত্তন। [বৃদ্ধিকারক।

**পরিবর্দ্ধক**, বিণ ( -বৃধ্-ণক )

**পরিবর্দ্ধন**, বি,ক্লী(ঐ-ভাবে-অনট্) বর্দ্ধন, বৃদ্ধি। বিণ,-র্দ্ধিত।

**পরিবর্দ্ধিত**, বিণ ( পরি-বর্দ্ধি-ক্ত ) যাহা বাড়ান গিয়াছে।

**পরিবহ**, বি, পুং; সপ্তবায়ুর অন্তর্গত বায়ু বিং।

**পরি ( রী ) বাদ**, বি, পুং (পরি-বদ্-ভাবে-ঘঞ্) অপবাদ,নিন্দা।

**পরিবাদিনী**, বি, স্ত্রী ( ঐ-কর্ত্তৃ-ণিন্ ) সপ্ততন্ত্রীযুক্ত বীণা।

**পরি ( রী ) বার**, বি, পুং, (পরি-বৃ-ঘঞ্ ) পরিজন, পোষ্যবর্গ।

**পরি ( রী ) বাহ**, বি, পুং, (পরি-বহ্-ঘঞ্ ) জলপ্রবাহ। জলোচ্ছ্বাস, জলপ্লাবন। রাজোপহার যোগ্য বস্তু। জল নির্গম-প্রণালী।

**পরিবিত্তি, পরিবিন্ন ( ন্ন )**, বি, পুং ( পরি-বিদ্-তিক্, ক্ত ) বিবাহিত কনিষ্ঠের অবিবাহিত জ্যেষ্ঠ ভ্রাতা। স্ত্রী,-ন্না, তাদৃশ ভগ্নী।

**পরিবীক্ষণ**, বি, ক্লী ( পরি-বি-ঈক্ষ্-ভাবে-অনট্ ) মনোযোগ পূর্ব্বক দর্শন।

**পরিবৃত**,বিণ (পরি-বৃ-ক্ত) বেষ্টিত। আচ্ছাদিত।

**পরিবৃতি**, বি, স্ত্রী; বেষ্টন। আচ্ছাদন। পারিপার্শ্বিক অবস্থা, পরিবেষ্টনী (Surroundings)

"বিজ্ঞান বলেন, যাহার যেরূপ পরিবৃতি সে ক্রমশঃ সেই পরিবৃতির যোগ্য হইয়া আইসে" —ভূদেব।

**পরিবৃত্তি**, বি,স্ত্রী ( পরি-বৃত্-ক্তি) পরিবর্ত্তন।

**পরিবেত্তা ( তৃ )**, বি, পুং, ( পরি-বিদ্-তৃন্ ) অবিবাহিত জ্যেষ্ঠের বিবাহিত কনিষ্ঠ ভ্রাতা।

**পরিবেদন**, বি, ক্লী ( ঐ-অনট্ ) জ্যেষ্ঠ ভ্রাতা অবিবাহিত থাকিতে কনিষ্ঠের বিবাহ। ক্লেশ। জ্ঞান।

**পরিবেদনা**, বি, স্ত্রী ( পরি-বেদি-অন ) বৃদ্ধি। বিবেচনা। সম্যক্ ব্যথা।

**পরিবেশ, (ষ)**, বি, পুং; পরিধি। চন্দ্র-সূর্য্যমণ্ডল।

**পরিবেশন**, বি, ক্লী ( পরি-বিশ্-ভাবে-অনট্ ) খাদ্যদ্রব্য ভাগ করিয়া দেওয়া।

**পরিবেশক,** বি, পুং ; পরিবেশনকারী।

**পরিবেষ্টন,** বি, ক্লী ( পরি-বেষ্ট্-অনট্ ) চতুর্দ্দিকে ঘেরা। বিণ, -ষ্টিত।

**পরিবেষ্টনী,** বি, স্ত্রী ; পরিবৃতি, পারিপার্শ্বিক অবস্থা(Surroundings)

**পরিবেষ্টিত,** বিণ ( ঐ-ক্ত ) চতুর্দ্দিকে বেষ্টিত।

**পরিব্রজ্যা,** বি, স্ত্রী ( পরি-ব্রজ্-ভাবে-ক্যপ্ ) সন্ন্যাসধর্ম্ম।

{ **পরিব্রাট্** ( জ ), ( ঐ কর্ত্তৃ-অন )
{ **পরিব্রাজক,** ( ঐ-ণক ) ভিক্ষু, চতুর্থাশ্রমী। পর্য্যটক। স্ত্রী, -জা,-জিকা।

**পরিশিষ্ট,** বিণ ( পরি-শিষ্-ক্ত ) অবশিষ্ট। বি ক্লী ; গ্রন্থসমাপ্তির পর যে অংশ তাহাতে সন্নিবেশিত করা হয়।

**পরিশীলন,** বি, ক্লী ( পরি-শীল্-অনট্ ) অনুশীলন।

**পরিশুদ্ধ,** বিণ ( পরি-শুধ্-ক্ত ) বিশুদ্ধ। পরিষ্কৃত। বি,-তা।

**পরিশুষ্ক,** বিণ, অতিশয় শুষ্ক।

**পরিশেষ,** বি,পুং (পরি-শিষ্ ঘঞ) অবশেষ। বিণ ; অবশিষ্ট।

**পরিশোধ,** বি, পুং ( -শুধ্-ঘঞ্ ) ঋণশোধ। শোধ দেওয়া।

**পরিশ্রম,** বি, পুং ( -শ্রম্-অল ) শ্রান্তি, মেহনত। বিণ,-মী, -শ্রান্ত।

**পরিশ্রমী,** বিণ ( পরিশ্রম+ইন্, অস্ত্যর্থে) পরিশ্রমকারী,শ্রমশীল।

**পরিশ্রয়,** বি, পুং (পরি-শ্রি-অল্) সভা।

**পরিশ্রান্ত,** বিণ ( পরিশ্রম্-ক্ত ) শ্রান্তিযুক্ত, ক্লান্ত।

**পরিষৎ(দ্),** পর্ষৎ(দ্), বি, স্ত্রী ( পরি সদ্-অধি-ক্বিপ্ ) সভা।

**পরিষ্কার,** বি, পুং ( পরি-কৃ ঘঞ্ ) নির্ম্মলতা। শোধন। বিণ,-স্কৃত।

**পরিষ্কৃত,** বিণ ( ঐ-ক্ত ) নির্ম্মল। শোধিত। বি,-স্কার।

**পরিষ্বঙ্গ,** বি, পুং ( পরি-স্বন্জ্-ভাবে ঘঞ্ ) আলিঙ্গন।

**পরিসর,** বি, পুং ( পরি-সৃ অল্ ) বিস্তার। প্রদেশ। পর্য্যন্ত-ভূমি।

{ **পরিসর্প,**বি,পুং(পরি-সৃপ-অল্)
{ **পরিসর্য্যা,** বি, স্ত্রী ( ঐ-সৃ-য ) সর্ব্বত্র ভ্রমণ।

**পরিসীমা,** বি,স্ত্রী ; ইয়ত্তা, সীমা।

**পরিস্রুত,** বিণ ( পরি-স্রু-ক্ত ) ক্ষরিত, গলিত, চোয়ান।

**পরি(রী)হার,** বি, পুং ( পরি-হৃ-ঘঞ্ ) পরিত্যাগ, উপেক্ষা।

**পরিহার্য্য,** বিণ ( ঐ-ঘ্যণ্ ) পরিত্যাগের যোগ্য, ত্যাজ্য।

**পরি(রী)হাস,** বি, পুং ( পরি-হস্-ঘঞ্ ) কৌতুক, তামাসা।

পরিহিত, বিণ ( পরি-ধা-ক্ত ) যাহা পরিধান করা হইয়াছে। আচ্ছাদিত। বি,-ধান।

পরিহীন, বিণ ( পরি-হা-ক্ত ) পরিত্যক্ত। বঞ্চিত। ক্ষয়প্রাপ্ত।

পরিহৃত,বিণ (-হৃ-ক্ত) পরিত্যক্ত।

পরিক্ষিপ্ত, বিণ ( পরি-ক্ষিপ্-ক্ত ) নিক্ষিপ্ত। পরিবেষ্টিত।

পরিক্ষেপ, বি, পুং ( পরি-ক্ষিপ্-অল্ ) নিক্ষেপ পরিবেষ্টন।

পরীক্ষক, বিণ ( পরি-ঈক্ষ্-ণক ) যে পরীক্ষা করে, দোষগুণের বিচারক। স্ত্রী,-ক্ষিকা।

পরীক্ষণীয়, বিণ ( ঐ-অনীয় ) পরীক্ষা করিবার যোগ্য।

পরীক্ষা, বি, স্ত্রী ( পরি-ঈক্ষ্-ভাবে-অ + আপ্ ) দোষগুণের বিচার। বিণ, ক্ষিত।

পরীক্ষিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) যাহা পরীক্ষা করা হইয়াছে।

পরীক্ষিৎ, বি, পুং ; পরিক্ষিৎ দেখ। [ যুক্ত।

পরীত, বিণ (পরি-ই-ক্ত) বেষ্টিত।

পরুষ, বিণ, ( পৃ-কর্ত্তৃ-উষন্ ) কর্কশ। নিষ্ঠুর।

পরুষাক্ষর, বি, ক্লী ; কটূক্তি, কর্কশ বাক্য।

পরুষোক্তি, বি,স্ত্রী ; কটু বাক্য।

পরে, ( প্রা ) ক্রিবিণ ; অন্তর, শেষে।

পরেত, বিণ ( পরা-ই-ক্ত ) মৃত। বি, পুং ; প্রেত।

পরেশ পাথর, ( প্রা ) বি ; স্পর্শ-মণি, রত্ন বিং।

পরোক্ষ, বিণ ; অপ্রত্যক্ষ। অক্ষির ( চক্ষুর ) পরঃ ( দূর ), অব্যয়ী।

পরোপকার, বি,পুং (পর + উপ-কার ) পরের হিতসাধন। ৬ষ্ঠীতৎ। বিণ,-রী।

পরোপকারী, বিণ ; অন্যের হিত-কারী।

পর্কটি (টী), বি,স্ত্রী; পাকুড়গাছ।

পর্জ্জন্য, বি, পুং ( পৃষ্-কর্ত্তৃ-অন্য) মেঘ। ইন্দ্র। [ তাম্বূল।

পর্ণ, বি, ক্লী ( পর্ণ অন্ ) পাতা।

পর্ণলতা, বি, স্ত্রী ; তাম্বূলীলতা।

পর্ণশালা, বি, স্ত্রী ; পত্রনির্ম্মিত গৃহ, কুঁড়ে। কর্ম্মধা।

পর্ণাশন, বিণ ( পর্ণ + অশন [ ভোজ্য ]) পত্রভোজী। বহু।

পর্দ্দা,(প্রা) বি; যবনিকা। বেড়া।

পর্য্যঙ্ক, বি, পুং ( পরি + অঙ্ক ) খট্টা, খাট। পালঙ্ক।

পর্য্যঙ্কবন্ধ, বি, পুং ; বস্ত্রাদি দ্বারা পৃষ্ঠ ও জানুদ্বয় বন্ধন।

পর্য্যটক, বিণ ( পরি-অট্-কর্ত্তৃ-ণক ) ভ্রমণকারী। স্ত্রী,-টিকা।

পর্য্যটন, বি, ক্লী ( ঐ-ভাবে-অনট্ ) পরিভ্রমণ।

**পর্য্যন্ত,** বি, পুং ( পরি+অন্ত ) অবধি। সীমা। প্রান্ত। পার্শ্ব। সমীপ। অবসান।

**পর্য্যন্তভূমি,** বি, স্ত্রী; নদী পর্ব্বতাদির নিকটস্থ ভূমি।

**পর্য্যবসান,** বি, ক্লী ( পরি-অব-সো-অনট্ ) সমাপ্তি। শেষ। বিণ,-সিত।

**পর্য্যবসিত,** বিণ (ঐ-ক্ত) সমাপ্ত। পরিণত। নিঃশেষিত। বি,-সান।

"আমাকে দিয়াই, তোমাদের শত্রুতা পর্য্যবসিত হউক।" ( রজনী গুপ্ত )

{ **পর্য্যবস্থা,** বি, স্ত্রী (পরি-অব-স্থা-ঙ)
{ **পর্য্যবস্থান,** বি, ক্লী ( ঐ-অনট্ )
অবরোধ, আটক।

**পর্য্যবেক্ষণ,** বি, ক্লী ( পরি-অব-ঈক্ষ্-অনট্ ) অভিনিবেশপূর্ব্বক দর্শন। তত্ত্বাবধান। বিণ,-ক্ষিত।

**পর্য্যবেক্ষণিকা,** বি, স্ত্রী; মানমন্দির, গ্রহনক্ষত্রাদি পর্য্যবেক্ষণ করিবার গৃহ। (Observatory)

**পর্য্যবেক্ষিত,** বিণ ( পরি-অব-ঈক্ষ্-ক্ত ) পরিদৃষ্ট। বি,-ক্ষণ।

**পর্য্যস্ত,** বিণ(পরি-অস্-ক্ত)পতিত। ইতস্ততঃ বিক্ষিপ্ত। দূরীকৃত। প্রসারিত। বি,-র্য্যাস।

**পর্য্যাকুল,** বিণ ( পরি+আকুল) ব্যাকুল। কাতর।

**পর্য্যাটক,** বিণ ( পরি-অট্-ণক ) ভ্রমণকারী। স্ত্রী,-টিকা।

**পর্য্যাণ,** বি, ক্লী(পরি-যা-অনট্, নি) পশুর পৃষ্ঠাসন, জিন্ প্রভৃতি।

**পর্য্যাপ্ত,** বিণ ( পরি-আপ্-কর্ম্ম-ক্ত ) প্রচুর। পরিমিত। সমর্থ। বি,-প্তি।

**পর্য্যাপ্তি,** বি, স্ত্রী; প্রাচুর্য্য। পরিমিততা। পরিচ্ছেদ। নিবারণ। বিণ,-প্ত।

**পর্য্যায়,** বি, পুং ( পরি-ই-ভাবে-ঘঞ্ ) ক্রম, পালা। একার্থবোধক শব্দ। প্রকার।

**পর্য্যায়ক্রমে,** ক্রি, বিণ; একটার পর আর একটা এইভাবে। পালা অনুসারে।

{ **পর্য্যালোচন,** বি, ক্লী ( পরি-আ-লোচ্-অনট্ )
{ **পর্য্যালোচনা,** বি, স্ত্রী ( ঐ-অন+স্ত্রীআপ্) বিশেষরূপে আলোচনা। বিণ,-চিত।

**পর্য্যুদস্ত,** বিণ ( পরি-উৎ-অস্-ক্ত ) পরাভূত। নিষিদ্ধ।

**পর্য্যুদাস,** বি, পুং ( ঐ-ঘঞ্ ) পরাভব। নিষেধ।

**পর্য্যুষিত,** বিণ ( পরি-উষ্-কর্ম্ম-ক্ত ) পূর্ব্বদিবসীয়, বাসি।

**পর্ব্ব,** বি, ক্লী ( পৃ-বনিপ্ ) গ্রন্থি। সন্ধি। পাব্। উৎসব। অধ্যায়। অষ্টমী, চতুর্দ্দশী, অমাবস্যা, পূর্ণিমা, সংক্রান্তি।

**পর্ব্বত,** বি, পুং ( পর্ব্বন্+ত,

অস্ত্যর্থে ) গিরি, পাহাড়।
পর্ব্বতবাসী, বিণ, পুং ; যাহারা পর্ব্বতে বাস করে। স্ত্রী,-সিনী।
পর্ব্বতীয়, বিণ ( পর্ব্বত+ঈয় ) পার্ব্বত্য, পর্ব্বতবাসী।
পর্ব্বসন্ধি, বি, পুং ; প্রতিপদ, ও পঞ্চদশীর মধ্যকাল।
পর্ব্বাহ, বি, পুং ( পর্ব্বন্ (উৎসব) +অহন্ ) উৎসব দিন।
পর্শুকা, বি, স্ত্রী ; পার্শ্বাস্থি, পাঁজরা। [ সভা।
পর্ষদ্, বি, স্ত্রী ( পৃষ্-অধি-অদ্ )
পল, বি, ক্লী ( পল্-অল্ ) চারি-তোলা পরিমাণ। মাংস। পুং, সূক্ষ্ম কাল বিং, দণ্ডের ষাটি ভাগের একভাগ। শস্যশূন্য তৃণ।
পলক, ( প্রা ) বি ; নিমেষ। সূক্ষ্মকাল।
পলঙ্কষ, বি, পুং ; রাক্ষস।
পলল, বি, ক্লী (পল্-কল) মাংস ) পঙ্ক। নদী প্রভৃতির পলি। পুং ; রাক্ষস। [ বিং, পলো।
পলব, বি, পুং ; মৎস্যধারণ যন্ত্র
পলা, ( প্রা ) বি ; প্রবাল। তৈলাদি গ্রহণার্থ দর্ব্বী বিং।
পলাণ্ডু, বি, পুং ( পল্-কর্ত্তৃ-অণ্ডু ) পেঁয়াজ। [ নিরুদ্দেশ।
পলাতক, (প্রা) বিণ ; পলায়িত,
পলাদ, পলাদন, বি, পুং ( পল [মাংস]-অদ্-কর্ত্তৃ-অন্ ) রাক্ষস। বিণ ; মাংসাশী।
পলান, ( প্রা ) বি ; পলায়ন।
পলান্ন, বি, ক্লী ; পোলাও। পল ( মাংস ) মিশ্রিত যে অন্ন, কর্ম্মধা।
পলায়ন, বি, ক্লী ( পরা-অয়্-ভাবে-অনট্ ) ভয়াদি হেতু প্রস্থান, পলান। বিণ,-য়মান,-য়িত।
পলায়নপর, বিণ; পলায়নোন্মুখ।
পলায়মান, বিণ ( পরা-অয়্-কর্ত্তৃ শান ) যে পালয়ন করিতেছে।
পলায়িত, বিণ ( ঐ-ক্ত ) যে পলায়ন করিয়াছে, পলাতক। স্ত্রী,-তা। বি,-য়ন।
পলাল, বি, পুং, ক্লী ( পল্-কর্ত্তৃ-কালন্ ) শস্য শূন্য তৃণ বিং, বিচালি।
পলাব, বি, পুং ; বড়িশ।
পলাশ, বি, ক্লী ( পল-অশ্-কর্ত্তৃ-অন্ ) পত্র, পাতা। পুং ; কিংশুক বৃক্ষ। রাক্ষস।
পলাশী, বি, পুং ( পল-অশ্-ণিন্ ) রাক্ষস।
পলি, ( প্রা ) বি ; বর্ষার জল-প্রবাহে জমির উপর দুধের সরের ন্যায় যে এক প্রকার নূতন মৃত্তিকা পতিত হয়।
পলিত, বি, ক্লী (পল্-ক্ত) বার্দ্ধক্য হেতু কেশের শুক্লতা। বিণ ; বৃদ্ধ।

পলিতা, বিণ, স্ত্রী ; বৃদ্ধা, প্রাচীনা। ( প্রা ) সলিতা, বাতী।
পলুকট, (প্রা) বি ; শুটি পোকা।
পল্টন, ( যা ) বি ; সৈন্যদল।
পল্যঙ্ক, বি, পুং ( পরি + অঙ্ক ; র = ল ) পর্য্যঙ্ক, পালঙ্ক, খাট।
পল্যয়ন, বি, ক্লী ( পরি + অয়ন, নি ) অশ্বাদির পৃষ্ঠাসন।
পল্ল, বি, পুং ; ( পল্ল-অধি-অল্ ) শস্যরক্ষাস্থান, পালুই, গোলা।
পল্লব, বি, পুং, ক্লী (পদ্ লূ-অল্ ) কিশলয়, নূতন পত্র। নূতন পত্রযুক্ত ছোট ডাল। বিস্তার। আল্‌তা। বলয়।
পল্লবগ্রাহিতা, বি, স্ত্রী ; নানা-বিষয়ে কিঞ্চিৎ কিঞ্চিৎ জ্ঞান থাকা।
পল্লবগ্রাহী, বিণ, ( পল্লব-গ্রহ্-কর্ত্তৃ-ণিন্ ) ফল না লইয়া পত্র গ্রহণকারী, যাহার নানা-বিষয়েই কিঞ্চিৎ কিঞ্চিৎ জ্ঞান আছে, অথচ কোন বিষয়েই অভিজ্ঞতা নাই, খুঁট আখুরে। স্ত্রী,-হিণী। বি,-হিতা।
পল্লবিত, বিণ ( পল্লব + ইত, যুক্তার্থে ) পল্লবযুক্ত। বিস্তারিত।
পল্লি ( ল্লী ), বি, স্ত্রী ; ক্ষুদ্রগ্রাম, পাড়া। [ ক্ষুদ্রগ্রাম।
পল্লীগ্রাম, বি, পুং ; পাড়াগাঁ,
পল্বল, বি, পুং, ক্লী ( পল্-কর্ত্তৃ-বল ) ক্ষুদ্র জলাশয়।
পবন, বি, পুং ( পূ-কর্ত্তৃ-অন ) বায়ু। ক্লী ( ঐ-অধি-অনট্ ) কুম্ভকারের ঘটাদির দাহস্থান, পোয়ান। [ ভীম।
পবননন্দন, বি, পুং ; হনুমান্।
পবন পথ, বি, পুং ; আকাশ।
পবনাত্মজ, বি, পুং ( পবন + আত্মজ = পুত্র ) হনুমান্। ভীম।
পবনাশন, বি, পুং ( পবন + অশন = ভোজ্য ) সর্প। বিণ ; বায়ু ভক্ষক। বহু।
পবনাশনাশ, বি, পুং ; গরুড়। ময়ূর। বেজী।
পবমান, বিণ ( পূ-কর্ত্তৃ-শান ) পবিত্র কারক। বি, পুং ; গার্হ-পত্য অগ্নি। বায়ু।
পবি, বি, পুং ( পূ-কর্ত্তৃ-ই ) অশনি, বজ্র। [ পবিত্র।
পবিত, বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) পূত,
পবিতা, বিণ ( ঐ-কর্ত্তৃ-তৃন্ ) যে পবিত্র করে।
পবিত্র, বিণ ( ঐ-ইত্র ) বিশুদ্ধ। নির্ম্মল। নিষ্পাপ। বি ক্লী ; ( ঐ-করণ-ইত্র ) যজ্ঞোপবীত। তাম্র। জল। ঘৃত। মধু। অর্ঘ-পাত্র। বর্ষণ। কুশ।

গরুড় স্বর্গ হইতে পরম পবিত্র সুধা আনিয়া কুশাসনে রাখিয়া ছিলেন বলিয়া কুশের নাম পবিত্র হইল। ( মহাভারত )

পবিত্রা, বি, স্ত্রী ; তুলসী। কুশ বিং।

পবিত্রিত,বিণ; সংশোধিত,পরিষ্কৃত

পশন, (প্রা) বি; প্রবেশকরণ।

পশম, (যা) বি ; মেষাদি পশুর লোম। বিণ,-মী।

পশব্য, বিণ (পশু+ষ্য, যোগ্যাত্থর্থে) পশুর যোগ্য। পশু সম্বন্ধীয়।

পশু, বি, পুং (দৃশ্-কর্ত্তৃ-কু,নি) লোমলাঙ্গুলবিশিষ্ট চতুষ্পদজন্তু। শিবানুচর। প্রাণী।

পশুত্ব, বি, ক্লী (পশু+ত্ব, ভাবার্থে) পশুরভাব।

পশুপতি,বি,পুং; শিব। ৬ষ্ঠীতৎ।

পশুপাল, পশুপালক, বি, পুং; রাখাল, পশুরক্ষক। ৬ষ্ঠীতৎ।

পশুরাজ, বি,পুং;সিংহ,কেশরী। পশুদিগের রাজা (শ্রেষ্ঠ), ৬ষ্ঠীতৎ।

পশ্চাৎ, ব্য (পশ্চিম+স্তাৎ, নি) পরে। পিছনে। পশ্চিমে।

পশ্চাত্তাপ, বি, পুং (পশ্চাৎ+তাপ) অনুতাপ।

পশ্চার্দ্ধ, বি, পুং ; অপরার্দ্ধ, পা অবধি নাভি পর্য্যন্ত।

পশ্চাদ্বর্ত্তী, বিণ; অনুবর্ত্তী, পশ্চাদ্‌গামী।

পশ্চিম, বিণ (পশ্চাৎ+ডিম) যে দিকে সূর্য্য অস্ত যায়। চরম, শেষ। অনন্তর। স্ত্রী,-মা= সূর্য্যাদির অস্তগমন দিক্।

পশ্যতোহর, বি, পুং (পশ্যতঃ+হর) যে দর্শনকারীর সম্মুখে অপহরণ করে, স্বর্ণকার।

পশ্বাচার, বি, পুং (পশু+আচার) তন্ত্রোক্ত আচার বিং।

পসরা, (প্রা) বি ; বিক্রেয় দ্রব্যের ভার। দোকান।

"(ওমা) তাই বহি মা সুখে শিরে দুখেবি পসরা।"

পসলা, (প্রা) বি ; ক্ষণিক বৃষ্টিপাত। [পত্তি।

পসার, (প্রা) বি ; খ্যাতি, প্রতি-

পসারণ, (প্রা) বি; প্রসারণ।

"বাহু পসারিয়া বুকে আসিতে যত্ন পাইতেছে।" (নিভৃতচিন্তা)

পসারী, (প্রা) বি ; বিক্রেতা, দোকানী। [পরিমাণ।

পসুরী, (প্রা) বি; পাঁচসের

পস্তান, (যা) বি ; অনুতাপ।

পহিলা, (হি) বি ; মাসের প্রথম দিন। আদি, প্রথম।

পা, বি, স্ত্রী (পা-ক্বিপ্) পান। রক্ষা। (প্রা) পদ, চরণ।

পাইক, (যা) বি; পেয়াদা।

পাইকস্তা, (যা) বিণ ; যে প্রজা এক জমীদারের অধীন বাস করিয়া ভিন্ন জমীদারের জমি চাষ করে।

পাইকার, ( যা ) বি ; যে ব্যক্তি অন্য ব্যবসায়ীর নিকট হইতে দ্রব্যাদি ক্রয় করিয়া ব্যবসায় চালায়। ( Middleman )
পাইখানা, (যা) বি; মলত্যাগস্থান।
পাইট, (প্রা) বি; পরিপাটী করা, সমতল করা।
পাইড়,(প্রা) বি; বস্ত্রের প্রান্তভাগ
পাইন, ( প্রা ) বি; ঝালা, ধাতব পদার্থের সংযোগ কারক বস্তু।
পাংশব, বিণ ( পাংশু+ষ্ণ, ইদমর্থে ) ধূলি সম্বন্ধীয়। বি, ক্লী ; লবণবিং।
পাংশু(সু), বি, পুং ( পশ্-করণ-কু ) ধূলি। পাপ। বহুকাল সঞ্চিত গোময়, সার।

"আমরা পার্থশরে সমরশায়ী ও পাংশু জালে সমাবৃত হইব।"

পাংশুল, বিণ ( পাংশু+ল, অস্ত্যর্থে ) ধূলিযুক্ত। পাপিষ্ঠ।
পাংশুলা, বি, স্ত্রী ; কুলটা। রজঃস্বলা।
পাঁইজ, ( প্রা ) বি ; চরকায় কাটিবার উপযুক্ত তূলার স্থূল বর্ত্তিকা।
পাঁইত, পাঁতি, (প্রা) বি ; শ্রেণী, পংক্তি। [ কাদা।
পাঁক, ( প্রা ) বি ; পঙ্ক, কর্দ্দম,
পাঁখাটী, ( প্রা ) বি ; পাটখড়ি।
পাঁচ, (প্রা) বি ; সংখ্যা বিং, ৫।
পাঁচরা, (প্রা) বি ; চর্ম্মরোগবিং।
পাঁচন, ( প্রা ) বি ; ঔষধবিং, দ্রব্যাদির কাথ।
পাঁচনবাড়ি, পাঁচনী, } ( প্রা ) বি; গো-তাড়ন দণ্ড।
পাঁচালী, ( প্রা ) বি ; গীতবিং।
পাঁচীল, ( প্রা ) বি ; প্রাচীর, দেওয়াল।
পাঁজর, (প্রা) বি; পঞ্জর,পাঁজরা।
পাঁজরা, ( প্রা ) বি ; উদরের পার্শ্বভাগ।
পাঁজা, (প্রা) বি ; স্তূপ, রাশি।
পাঁজী, ( প্রা ) বি ; তিথি নক্ষত্রাদি জ্ঞাপক গ্রন্থ। পঞ্জিকা।
পাঁঠা, (প্রা) বি ; ছাগ। স্ত্রী,-ঠী।
পাক, বি, পুং ( পচ্-ঘঞ্ ) রন্ধন। পরিণতি। কেশের শুক্লতা। পক্বতা। নিষ্পত্তি। ঘূর্ণন। ফল। অসুর বিং।
পাকচক্র, বি, ক্লী ; কৌশলজাল, ফেরপেছ। [ ধারণ।
পাকড়ান, (যা) বি ; আক্রমণ।
পাকন, (প্রা) বি; পরিপক্ব হওয়া।
পাকপাত্র, বি,ক্লী; পাকের হাড়ী।
পাকশালা, বি, স্ত্রী ; রান্নাঘর। পাকের নিমিত্ত শালা ( গৃহ ), ৪র্থী তৎ।
পাকশাসন, বি,পুং (পাক[অসুর বিং ]-শাস্-কর্ত্তৃ-অন ) ইন্দ্র।
পাকশাসনি, বি, পুং ( পাক-

শাসন+ষ্ণি, অপত্যার্থে) ইন্দ্র-পুত্র, জয়ন্ত।

পাকস্থলী, বি, স্ত্রী ; উদরের যে অংশে ভুক্তবস্তু জীর্ণ হয়।

পাকস্থালী, বি,স্ত্রী ; পাকপাত্র।

পাকা, (প্রা) বিণ ; পক্ব। পরিণত। পটু।

পাকান, ( প্রা ) বি ; পক্বকরণ। রন্ধন। মোড়ান।

পাকাপাকি, (প্রা) বিণ ; বান্ধা-বান্ধি, সুদৃঢ়।

পাকুড়, ( প্রা ) বি ; বৃক্ষ বিং, প্লক্ষ বৃক্ষ।

পাক্ষিক, বিণ (পক্ষ+ষ্ণিক)পক্ষ সম্বন্ধীয়, প্রতিপক্ষে যাহা হয়। স্ত্রী,-কী। [ধৌতকরণ।

পাখলান, ( প্রা ) বি ; প্রক্ষালন,

পাখনা, (প্রা) বি; পালক,ডানা।

পাখশাট, ( প্রা ) বি ; পাখার ঝাপটা।

পাখা, ( প্রা ) বি ; ব্যজন। পালক, ডানা।

পাখী, (প্রা) বি ; পক্ষী, বিহগ।

পাগ, পাগড়ী, (প্রা) বি ; শিরো-বেষ্টন বস্ত্র, উষ্ণীষ।

পাগর, ( প্রা ) বিণ ; পাগল।

পাগল, বিণ, পুং; উন্মাদ, ক্ষিপ্ত।

পাগলামি ,( প্রা ) বি; উন্মত্ততা।

পাগলিনী, বিণ, স্ত্রী ; উন্মাদিনী, বিকৃতচিত্তা।

পাঙাশ, (প্রা) বিণ ; পাংশুবর্ণ। পিঙ্গ।

পাচক, বিণ ( পচ্-কর্ত্তৃ-ণক ) যে পাক করে, সুপকার। স্ত্রী, -চিকা। বি,-তা।

পাচন, বি, ক্লী ; ঔষধ বিং, দ্রব্যাদির ক্বাথ।

পাচিকা, বি, স্ত্রী ; যে স্ত্রীলোক পাক করে।

পাছাড়, (প্রা) বি ; মল্লযুদ্ধ।

পাছু, ( প্রা ) ক্রিবিণ ; পশ্চাতে।

পাজামা,(প্রা) বি ; পোষাক বিং।

পাজি, (প্রা) বিণ ; পামর,অধম।

পাঞ্চজন্য, বি, পুং ( পঞ্চজন [অসুর বিং ]+ষ্ণ্য, ভবার্থে) বিষ্ণুর শঙ্খ।

পাঞ্চভৌতিক, বিণ ( পঞ্চভূত+ষ্ণিক ) ক্ষিত্যাদি পঞ্চভূত নির্ম্মিত।

পাঞ্চলিকা, পাঞ্চালিকা, বি, স্ত্রী (পঞ্চাল+ষ্ণিক, আপ্) পুতুল। দ্রৌপদী।

পাঞ্চশব্দিক, বি, ক্লী ; অঙ্গজ, কর্ম্মজ, তন্ত্রজ, কাংস্যজ ও ফুৎকৃত, এই পঞ্চপ্রকার বাদ্য।

পাঞ্চাল, বি, পুং ( পঞ্চাল+ষ্ণ ) দেশ বিং, পঞ্জাব। বিণ ; পঞ্চাল দেশোদ্ভব।

পাঞ্চালী, বি, স্ত্রী ( পঞ্চাল+ষ্ণ +ঈপ্ ) দ্রৌপদী। ( দ্রৌপদী

দেখ)। কাষ্ঠাদি নির্ম্মিত পুত্তলি।

পাট, (প্রা); বি, পট্ট, কোষ্টা। আসন। সিংহাসন।

পাটন, বি, ক্লী (পাটি-অনট্) বিদারণ। ছেদন।

পাটনী, পাটুনী, (প্রা) বি; খেয়া নৌকার নাবিক।

পাটরাণী, (প্রা) বি; প্রধানা মহিষী।

পাটল, বি, পুং; শ্বেত রক্তবর্ণ, গোলাপী রঙ। বিণ; তদ্বর্ণ বিশিষ্ট। বি, ক্লী; পারুল ফুল।

পাটলিপুত্র, বি, ক্লী; পাটনা নগরী।

পাটব, বি, ক্লী (পটু+ষ্ণ) পটুতা, নৈপুণ্য।

পাটারি, (প্রা) বি; গ্রাম্যতহশীলদার, গোমস্তা।

পাটিত, বিণ (পাটি-ক্ত) বিদীর্ণ।

পাটী, বি, স্ত্রী; পরিপাটী। (প্রা) শয্যার আস্তরণ বিং।

পাটীগণিত, বি, ক্লী; অঙ্কশাস্ত্র।

পাটেশ্বরী, বি, স্ত্রী; পাটরাণী।

পাট্টা, (প্রা) বি; ক্রয়পত্র, খরিদের ভূমিসংক্রান্ত নিয়ম পত্র বিং।

পাঠ, বি, পুং (পঠ্-ভাবে-ঘঞ্) অধ্যয়ন, পড়া। আবৃত্তি। বিণ, পঠিত।

পাঠক, বিণ, পুং (ঐ-কর্ত্তৃ-ণক) যে পাঠ করে। স্ত্রী,-ঠিকা।

পাঠমঞ্জরী, বি, স্ত্রী; শারিকা।

পাঠশালা, বি, স্ত্রী; বিদ্যালয়। পাঠের নিমিত্ত শালা (গৃহ), ৪র্থীতৎ।

পাঠী, বিণ, পুং (পঠ্-ণিন্) পাঠক। স্ত্রী,-ঠিনী। [যোগ্য।

পাঠ্য, বিণ (ঐ-ঘ্যণ্) পড়িবার

পাড়, (প্রা) বি; নদী প্রভৃতির তীর। [করণ।

পাড়ান, (প্রা) বি; পদদলিত

পাড়া, (প্রা) বি; পল্লী, গ্রামাদির অংশ।

পাড়াগাঁ, (প্রা) বি; পল্লীগ্রাম।

পাড়াপড়সী, (প্রা) বি; প্রতিবাসী।

পাণি, বি, পুং (পণ্-করণ-ইন্) হস্ত। [বিবাহ।

পাণিগ্রহণ, বি, ক্লী; পরিণয়,

পাণিনি, বি, পুং; ব্যাকরণ সূত্রকর্ত্তা মুনি বিং।

পাণিপীড়ন, বি, ক্লী; বিবাহ।

পাণ্ড(ণ্ডু)র, বিণ; পাণ্ডুবর্ণ।

পাণ্ডব, পাণ্ডবেয়, বি, পুং (পাণ্ডু+ষ্ণ, ষ্ণেয়, অপত্যার্থে) পাণ্ডুরাজ পুত্র, যুধিষ্ঠিরাদি পঞ্চভ্রাতা।

পাণ্ডা, (প্রা) বি; দেবপূজক। জগন্নাথ প্রভৃতির পূজারী।

পাণ্ডিত্য, বি, ক্লী (পণ্ডিত+ষ্ণ্য) বিজ্ঞতা, বিচক্ষণতা।

পাণ্ডু, বি, পুং ( পন্‌ড্‌-কর্ত্তৃ-কু ) চন্দ্রবংশীয় নৃপ বিং। রোগ বিং। বিণ; শ্বেত পীতবর্ণ।

পাণ্ডুলিপি, বি, স্ত্রী } খসড়ালেখা,
পাণ্ডুলেখ্য, বি, ক্লী } মুসাবিদা। ( Draft. )

পাত, বি, পুং (পত্‌-ভাবে-ঘঞ্) পতন, পড়া। গমন। নাশ। বিণ ( ঐ-কর্ম্ম-ক্ত ) রক্ষিত। ( প্রা ) বি ; বৃক্ষাদির পাতা।

পাতক, বি, ক্লী (পাতি-কর্ত্তৃ-ণক) পাপ।

পাতকী, বিণ, পুং ( পাতক + ইন্‌,অস্ত্যর্থে ) পাপী। স্ত্রী,-কিনী

পাতঞ্জল, বিণ ( পতঞ্জলি + ষ্ণ ) পতঞ্জলি মুনি প্রণীত (দর্শনশাস্ত্র)

পাতন, বি, ক্লী ( পাতি-ভাবে-অনট্ ) বিস্তার-করণ। অধোনিক্ষেপ। বিণ,-তিত।

পাতর, ( প্রা ) বি ; প্রস্তর।

পাতল, পাতলা, ( প্রা ) বিণ ; তরল। সূক্ষ্ম। হাল্কা।

পাতসা, ( যা ) বি ; বাদ্‌সা।

পাতা(তৃ), বিণ, পুং ( পা-কর্ত্তৃ-তৃন্ ) পালনকর্ত্তা। রক্ষা কর্ত্তা।

পানকারী। (প্রা) বি ; পত্র, পল্লব। স্ত্রী,-ত্রী।

পাতাল, বি, ক্লী ( পত্‌-অধি-আলঞ্ ) অধোভুবন তল, অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল, এই সপ্ত পাতাল।

পাতিত, বিণ ( পাতি-কর্ম্ম-ক্ত ) অধো নিক্ষিপ্ত, যাহা ফেলা গিয়াছে।

পাতিত্য, বি, ক্লী (পতিত + ষ্ণ্য ) পতিতের ভাব বা ধর্ম্ম।

পাতিলেবু, (প্রা) বি ; নেবু বিং।

পাতিব্রত্য, বি, ক্লী (পতিব্রতা + ষ্ণ্য, ভাবার্থে ) পতিব্রতার ধর্ম্ম, সতীত্ব।

পাতিল,(প্রা) বি; মৃণ্ময় পাত্র বিং।

পাতিহাঁস, (প্রা) বি ; ক্ষুদ্রহাঁস।

পাত্র, বি, ক্লী ( পা-ত্র ) আধার, ভাণ্ড। ভাজন। যোগ্যব্যক্তি। মন্ত্রী। বর। নাটকে অভিনেয় নায়কাদি। স্ত্রী,-ত্রী, কন্যা, পরিনেত্রী।

পাত্রস্থ, বিণ ; পাত্রস্থিত। সৎপাত্রে অর্পিত।

পাথর, (প্রা) বি ; প্রস্তর,শিলা।

পাথরী, (প্রা) বি ; রোগ বিং।

পাথেয়, বি, ক্লী ( পথিন্ + ঢেয়, প্রয়োজনার্থে ) পথের সম্বল, রাস্তাখরচ।

পাদ, বি, পুং ( পদ্‌-করণ-ঘঞ্ ) চরণ, পা। বৃক্ষমূল। শ্লোকের চতুর্থাংশ। চতুর্থভাগ।

পাদগ্রন্থি, বি, পুং ; পায়ের গোড়ালি।

পাদচার, বি,পুং (পাদ-চর্-অল্) পাইচালি,পরিক্রমণ। বিণ,-রী।

পাদচারণা, বি, স্ত্রী ; পাদচার, পরিক্রমণ।

পাদচারী, বিণ, পুং ( পাদ-চর্-ণিন্ ) পাদদ্বারা গমনকারী। স্ত্রী,-রিণী।

পাদত্রাণ, বি, ক্লী ; পাদুকা। মোজা। পাদের ত্রাণ (রক্ষক), ৬ষ্ঠীতৎ।

পাদপ, বি, পুং ( পাদ[মূল]-পা-কর্ত্তৃ-ড ) বৃক্ষ, তরু।

পাদপদ্ম, বি, ক্লী ; চরণকমল। পাদ পদ্ম প্রায়, উপমি।

পাদপীঠ, বি, ক্লী ; পা রাখিবার আসন।

"তাদৃশ স্থান মহত্ত্বের পাদপীঠ।
( প্রভাতচিন্তা )

পাদপ্রহার, বি, পুং ; পদাঘাত, লাথি। ৩য়াতৎ।

পাদপ্রক্ষালন, বি, ক্লী ; পা ধোয়া।

পাদবিক্ষেপ, বি, পুং ; পদক্ষেপ, পা ফেলা। ৬ষ্ঠীতৎ।

পাদমূল, বি, ক্লী ; পার্ষ্ণি। গোড়ালি।

পাদশাখা, বি, স্ত্রী ; পদাঙ্গুলি।

পাদশৈল, বি, পুং ; প্রত্যন্ত পর্ব্বত, ক্ষুদ্র ক্ষুদ্র পাহাড়।

পাদুকা, বি, স্ত্রী ( পাদি-করণ-উ+কণ্+আপ্ ) খড়ম। উপানৎ, জুতা।

পাদুকাকার, বি, পুং ; পাদুকা নির্ম্মাণকারী, চর্ম্মকার।

পাদোদক, বি,ক্লী (পাদ+উদক) চরণামৃত, পাধোয়া জল।

পাদ্য, বি ক্লী ( পাদ+ষ্ণ্য, নিমিত্তার্থে ) পাদপ্রক্ষালনার্থ-জল।

পান, বি, ক্লী ( পা-ভাবে-অনট্ ) তরল বস্তুর গলাধঃকরণ। মদ্যপান। (পদ্যে) আদেশ।

পানগোষ্ঠী, বি, স্ত্রী ; মদ্যপান সভা।

পানপাত্র, বি, ক্লী ; মদ্যপান করিবার পাত্র, চষক।

পানশৌণ্ড,বিণ ; প্রচুর মদ্যপায়ী। পানে ( মদ্য পানে ) শৌণ্ড(মত্ত), ৭মীতৎ।

পানসী, (প্রা) বি ; নৌকা বিং।

পানা, ( প্রা ) বি ; জলোপরি ভাসমান জলজ উদ্ভিদ্ বিং। শর্করাদি মিশ্রিত সরবত বিং। পরিসর, বহর।

পানাসক্ত, বিণ ; মদ্য প্রিয়। পানে ( মদ্যপানে ) আসক্ত, ৭মীতৎ।

পানী, ( যা ) বি ; জল, বারি।

পানীকৌড়ী, ( প্রা ) বি ; জলচর পক্ষী বিং।

পানীফল, (প্রা) বি; একপ্রকার জলজ ফল বিং।
পানীবসন্ত, (প্রা) বি ;- রোগ বিং, জলবসন্ত।
পানীয়, বিণ (পা-কর্ম্ম-অনীয়) পান যোগ্য, পেয়। বি, ক্লী; পেয় বস্তু, জল।
পানীসা, পান্সা, (প্রা) বিণ ; জলের ন্যায় স্বাদ যুক্ত। বিস্বাদ।
পানে, (প্রা) বা ; দিকে, প্রতি।
পান্থ, বি, পুং (পথিন্ [রাস্তা] ষ্ণ, কুশলার্থে) পথিক।
পান্থনিবাস,বি,পুং } পথিকদিগের
পান্থশালা, বি, স্ত্রী } অবস্থিতি, করিবার গৃহ, সরাই। পান্থ (পথিক) দিগের নিমিত্ত নিবাস বা শালা (আলয়), ৪র্থীতৎ।
পান্না, (যা) বি ; বহুমূল্য রত্ন বিং।
পাপ, বি, ক্লী (পা [রক্ষাকৃ]-অপা-প) অধর্ম্ম, দুষ্কৃত। বিণ ; পাপিষ্ঠ। পাপজনক।
পাপকৃৎ,বিণ (পাপ-কৃ-কর্ত্তৃ-ক্বিপ্) পাপকারী, অধার্ম্মিক।
পাপঘ্ন, বিণ (পাপ-হন্-টক্) পাপ নাশক।
পাপর, (প্রা) বি ; মিষ্টান্ন বিং।
পাপাচরণ, বি,ক্লী } অধর্ম্মাচরণ।
পাপাচার,বি, পুং }
পাপাত্মা (ত্মন্),বিণ ; অধার্ম্মিক। পাপ (পাপিষ্ঠ) হইয়াছে আত্মা যাহার, বহু।
পাপাশয়, বিণ ; অধার্ম্মিক, দুরাত্মা। পাপ হইয়াছে আশয় (অভিপ্রায়) যাহার, বহু।
পাপিষ্ঠ, বিণ (পাপ[পাপী]+ইষ্ঠ, অত্যর্থে) অতিশয় পাপী। স্ত্রী,-ষ্ঠা।
পাপী,বিণ (পাপ+ইন্,অস্ত্যর্থে) পাতকী,অধার্ম্মিক। স্ত্রী,-পিনী।
পাপীয়সী, বিণ, স্ত্রী (পাপীয়স্+ স্ত্রীঈপ্) অতিশয় পাপিনী।
পাপীয়ান্ (য়স্) বিণ, পুং (পাপ+ঈয়সু) অতিশয় পাপী। স্ত্রী,-য়সী।
পামর, বিণ ; পাপিষ্ঠ। নীচ।
পায়চারী, (প্রা) বি ; হাটন।
পায়রা, (প্রা) বি ; কপোত।
পায়সা, বি, পুং, ক্লী (পয়স্[দুগ্ধ] =ষ্ণ,বিকারার্থে) পরমান্ন।
পায়া,(প্রা) বি; চৌকিপ্রভৃতিরপা
পায়ু, বি. ক্লী (পা-কর্ত্তৃ-উণ্) গুহ্যদেশ, মলদ্বার।
পার, বি, ক্লী, নদীর তীর, তট। চরম সীমা। উদ্ধার।
পারক, বিণ (পৄ-কর্ত্তৃ-ণক) সমর্থ। [পটু।
পারগ,বিণ (পার-গম্-ড) পারদর্শী।
পারণ, বি,ক্লী (পার-ভাবে-অনট্) ব্রত জন্য উপবাসের পর প্রথম ভোজন।

**পারণা**, বি, স্ত্রী ; পারণ দেখ।

**পারতন্ত্র্য**, বি, ক্লী (পরতন্ত্র + ষ্ণ্য, ভাবার্থে) পরতন্ত্রতা, পরাধীনতা।

**পারত্রিক**, বিণ (পরত্র + ষ্ণিক) পারলৌকিক।

**পারদ**, বি, পুং ; ধাতু বিং, পারা।

**পারদর্শিতা**, বি, স্ত্রী (পারদর্শিন্ + তা, ভাবার্থে) পরিণামদর্শিতা, বহুদর্শিতা, বিজ্ঞতা।

**পারদর্শী**, বিণ, পুং (পার-দৃশ্-কর্ত্তৃ-ণিন্) পরিণামদর্শী, বহুদর্শী, বিজ্ঞ। স্ত্রী,-র্শিনী। বি,-র্শিতা।

**পারদারিক**, বিণ (পরদার + ষ্ণিক) পরস্ত্রীতে আসক্ত।

**পারমার্থিক**, বিণ (পরমার্থ + ষ্ণিক) পরমার্থ সম্বন্ধীয়, ধর্ম্ম সম্বন্ধীয়।

**পারম্পর্য্য**, বি, ক্লী (পরম্পরা + ষ্ণ্য, ভাবার্থে) পরম্পরাগতি, অনুক্রম।

**পারলৌকিক**, বিণ (পরলোক + ষ্ণিক) পরলোক সম্বন্ধীয়।

**পারশব**, বি, পুং ; ব্রাহ্মণের ঔরসে শূদ্রার গর্ভজাত সন্তান। পরস্ত্রী তনয়। নিষাদ জাতি।

**পারসী**, (প্রা) ; বি, পারস্যদেশীয় ভাষা।

**পারসীক**, বি, পুং (পারস্য + ষ্ণীক) পারস্যদেশ। তদ্দেশজাত অশ্ব। বিণ, তদ্দেশবাসী।

**পারা**, (প্রা) বি ; পারদধাতু। নদী বিং। (পদ্যে) তুল্য, সদৃশ। পূর্ণ।

**পারাণী**, (প্র') বি ; যে মূল্য দিয়া পার হওয়া যায়।

**পারাপার**, **পারাবার**, বি, পুং (পার + অপার বা অবার) সমুদ্র। বহু। ক্লী ; নদী প্রভৃতির উভয়তীর। দ্বন্দ্ব।

**পারায়ণ**, বি, ক্লী (পার + অয়ন) সমাপ্তি। নিয়ম পূর্ব্বক সপ্তাহ মধ্যে কোন পৌরাণিক গ্রন্থের সম্পূর্ণ পাঠ।

**পারায়ণী**, বি, স্ত্রী ; সরস্বতী।

**পারাবত**, বি, পুং (পরাবৎ + ষ্ণ) পায়রা, কবুতর।

**পারাশর**, বি, পুং (পরাশর + ষ্ণ, অপত্যার্থে) পরাশর মুনির পুত্র, বেদব্যাস। বিণ ; পরাশর-প্রণীত, (শাস্ত্র)।

**পারাশরি**, **পারাশর্য্য**, বি, পুং (পরাশর + ষ্ণি, ষ্ণ্য) বেদব্যাস। বিণ ; পরাশর-প্রণীত (শাস্ত্র)।

**পারিজাত**, বি, পুং (পারিন্ [সমুদ্র] + জাত) সমুদ্রমন্থনোৎপন্ন দেবতরু বিং। পারী (সমুদ্র) হইতে জাত (উৎপন্ন), এমীতৎ।

**পারিতোষিক**, বি, ক্লী (পরিতোষ + ষ্ণিক) পুরস্কার।

পারিন্দ্র, বি, পুং ; পারীন্দ্র দেখ।
পারিপাট্য, বি, ক্লী (পরিপাটী + ষ্ণ্য, স্বার্থে ) সুশৃঙ্খলা।
পারিপার্শ্বিক, বি, পুং ( পরিপার্শ্ব + ষ্ণিক) পারিষদ। পার্শ্বচর,চন্দ্র প্রভৃতি উপগ্রহ (Satellites)। পার্শ্ববর্ত্তী অবস্থা, পরিবৃতি (Surroundings)। বিণ; পার্শ্ববর্ত্তী।
পারিপ্লব, বিণ ( পরিপ্লব + ষ্ণ ) চঞ্চল। কম্পমান। ব্যাকুল।
পারিভদ্রক,বি,পুং;দেবদারু বৃক্ষ।
পারিভাষিক, বিণ ( পরিভাষা + ষ্ণিক ) পরিভাষা সম্বন্ধীয়।
পারিষদ, বি, পুং (পরিষদ + ষ্ণ) সভাসদ্, সভ্য।
পারী, বি, স্ত্রী ; দোহনপাত্র। হস্তিবন্ধনী। তীর। পুষ্পরেণু।
পারীক্ষিত, বি, পুং (পরীক্ষিৎ + ষ্ণ, অপত্যার্থে) পরীক্ষিৎ পুত্র, জনমেজয়।
পারীন্দ্র, বি, পুং ; সিংহ,কেশরী, পশুরাজ। অজগর সর্প। পরের ( অন্য প্রাণীর ) ইন্দ্র ( প্রভু ), ৬ষ্ঠীতৎ, নিপা।
পারুল, ( প্রা ) বি ; বৃক্ষ বিং।
পারুষ্য, বি, ক্লী (পরুষ + ষ্ণ্য ) কার্কশ্য। কটুবাক্য।
পার্থ, বি, পুং (পৃথা [ কুন্তী ] + ষ্ণ, অপত্যার্থে) পৃথাপুত্র, যুধিষ্ঠিরাদি ; কিন্তু পার্থ শব্দে কেবল অর্জ্জুনকেই বুঝায়।
পার্থক্য, বি, ক্লী ( পৃথক্ + ষ্ণ্য, ভাবার্থে ) প্রভেদ, বিভিন্নতা।
পার্থিব, বিণ ( পৃথিবী + ষ্ণ ) পৃথিবী সম্বন্ধীয়। পৃথিবীজাত। বি, পুং ; পৃথিবীর অধিপতি।
পার্য্যমানে, (প্রা) ক্রিবিণ; পারৎপক্ষে, ক্ষমতাসত্ত্বে।
পার্ব্বণ,বি,ক্লী (পর্ব্বন্ + ষ্ণ) অমাবস্যাদি পর্ব্ব দিবসে কর্ত্তব্য শ্রাদ্ধাদি। বিণ ; পর্ব্ব সম্বন্ধীয়।
পার্ব্বণী, ( প্রা ) বি ; উৎসবকালীন পুরস্কার, পরবী।
পার্ব্বত, পার্ব্বত্য, বিণ ( পর্ব্বত + ষ্ণ,ষ্ণ্য) পর্ব্বতসম্বন্ধীয়। পর্ব্বতবাসী। পর্ব্বতজাত।
পার্ব্বতী, বি, স্ত্রী ( পর্ব্বত + ষ্ণ, অপত্যার্থে + স্ত্রীঈপ্ ) হিমালয় কন্যা, উমা।
পার্ব্বতীয়, বিণ ( পর্ব্বত + ষ্ণীয় ) পর্ব্বতসম্বন্ধীয়। পর্ব্বতবাসী।
পার্শ্ব, বি, ক্লী ( স্পৃশ্-শ্বন্ ) একদেশ, পাশ। কক্ষের অধোপ্রদেশ। সমীপ, নিকট।
পার্শ্বচর, বিণ ; পার্শ্ববর্ত্তী, অনুচর।
পার্শ্বপরিবর্ত্তন, বি, ক্লী ; ভাদ্র মাসের শুক্লা দ্বাদশীতে হরির পার্শ্বপরিবর্ত্তন হেতু উৎসব।
পার্শ্ববর্ত্তী, পার্শ্বস্থ } বিণ ; পার্শ্বস্থিত, নিকটবর্ত্তী।

পার্ষ্ণি, বি, স্ত্রী; পঞ্জর, পাঁজরা। ষষ্ঠীতৎ।
পার্ষদ, বি, পুং ( পর্ষদ[সভা] + ষ্ণ ) সভাসদ্, সভ্য।
পার্ষ্ণি, বি, পুং, স্ত্রী ( পৃষ্-কর্ম্ম -নি ) গোড়মুড়া, গোড়ালি। সৈন্যের পশ্চাদ্ভাগ। পৃষ্ঠদেশ।
পার্ষ্ণিগ্রাহ, বি, পুং; সৈন্যের পশ্চাদ্ ধাবনকারী, পশ্চাদ্বর্ত্তী শত্রু রাজা।
পাল, বি, পুং; দল, সমূহ। বিণ; রক্ষক। প্রতিপালক।
পালই, (প্রা) বি; সতৃণ ধান্যের রাশি। খড়ের গাদা।
পালক, বিণ ( পালি-কর্ত্তৃ-ণক ) রক্ষক। প্রতিপালক। স্ত্রী, -লিকা। [শিবিকা।
পাল্কী, (প্রা) বি; নরযান বিং,
পালখ, (প্রা) বি; পাখীর পাখা, ডানা। ক্ষইর। [পাল°শাক।
পালঙ্ক, বি, পুং; পর্য্যঙ্ক, খাট।
পালন, বি, ক্লী (পালি-ভাবে-অনট্) রক্ষা। পোষণ, প্রতিপালন। বিণ,-লিত। [যোগ্য।
পালনীয়, পাল্য, বিণ; পালন
পালা, (প্রা) বি; বার, পর্য্যায়। বিণ; পোষা, রক্ষিত।
পলান্, (প্রা) বি; দুগ্ধবতী গাভীর স্তন। ভারবাহী পশুর পৃষ্ঠাস্তরণ। পলায়ন।

পালি, বি, স্ত্রী; শ্রেণী, পংক্তি। (প্রা)মাগধীভাষা। প্রান্তভাগ
পালিত, বিণ ( পালি-কর্ম্ম-ক্ত রক্ষিত। পোষিত। বর্দ্ধিত।
পালো, (প্রা) বি; চূর্ণ, গুঁড়া।
পাল্টন, (প্রা) বি, পরিবর্ত্তন। ফিরান।
পাল্টা, (প্রা) বি; পরিবর্ত্তন। বদল।
পাল্টাপাল্টি, (প্রা) বি; পরস্পর বিনিময়।
পাল্লা, (প্রা) বি; যাহাদ্বারা ওজন করে, তরাজু। প্রতিদ্বন্দ্বিতা।
পাবক, বি, পুং ( পূ-কর্ত্তৃ-ণক ) অগ্নি। বিণ; পবিত্রতা কারক।
পাবন, বিণ ( পাবি-কর্ত্তৃ-অন ) পবিত্রতা কারক। বি, ক্লী, (ঐ-ভাবে-অনট্) পবিত্রী করণ।
পাবনী, বি, স্ত্রী; গঙ্গা। তুলসী। গাভী। বিণ; পবিত্র কারিণী।
পাশ, বি, পুং ( পশ্-করণ-ঘঞ্ ) রজ্জু। ফাঁদ। অস্ত্র বিং। ( কেশ বাচক শব্দের পরবর্ত্তী হইলে ) গুচ্ছ, সমূহ। যথা— কেশপাশ। (প্রা) পার্শ্ব।
পাশক, বি, পুং ( পশ্-কর্ত্তৃ-ণক ) পাশা, অক্ষ।
পাশরণ, (প্রা, পদ্যে) বি; বিস্মৃত হওয়া।

পাশব, বিণ ( পশু+ষ্ণ ) পশু সম্বন্ধীয়। [ ভূষণ বিং।
পাশা, ( প্রা ) বি ; অক্ষ। কর্ণ-
পাশাপাশি, ( প্রা ) বি ; পরস্পর পার্শ্বস্থিত, কাছাকাছি।
পাশী, বি, পুং ( পাশ+ইন্, অস্ত্যর্থে ) বরুণ।
পাশুপত, বি, পুং ( পশুপতি+ষ্ণ ) পশুপতির উপাসক, শৈব। ক্লী ; অস্ত্র বিং। ব্রত বিং। বিণ ; পশুপতি সম্বন্ধীয়।
পাশ্চাত্য, বিণ ( পশ্চাৎ+ত্যণ্ ) পশ্চিম দেশীয়।
পাষণ্ড, বিণ ( পাপ-সন্-ড ) পাপী, অধার্ম্মিক। নাস্তিক।
পাষণ্ডী, বিণ ( ঐ-ডিন্ ) পাষণ্ড দেখ। স্ত্রী,-ণ্ডিনী।
পাষাণ, বি, পুং (পিষ্-অধি-আন) প্রস্তর, শিলা।
পাসরণ, ( প্রা, পদ্যে ) বি ; বিস্মৃত হওয়া, ভুলন।
পাহাড়, ( প্রা ) বি ; পর্ব্বত।
পাহাড়িয়া, ( প্রা ) বিণ ; পর্ব্বত জাত। পার্ব্বত্য। [ খাঁচা।
পিঁজরা, ( প্রা ) বি ; পিঞ্জর,
পিপীড়া, পিপড়া, ( প্রা ) বি ; পিপীলিকা।
পিঁপুল, পিপুল, ( প্রা ) বি ; ফল বিং, পিপ্পলী।
পিয়ন, ( প্রা ) বি ; পান করা।
পিক, বি, পুং ( অপি-কৈ-কর্ত্তৃ-ড ) কোকিল। স্ত্রী,-কী। ( প্রা ) পুঁজ। থুথু।
পিকদান ( নী ), ( যা ) বি ; থুথু ফেলিবার পাত্র।
পিঙ্গ, বি, পুং ( পিন্‌জ-ঘঞ্ ) নীল পীত মিশ্রবর্ণ। বিণ, তদ্বর্ণ বিশিষ্ট।
পিঙ্গল, বি, পুং ( ঐ-অলচ্ ) নীলপিত মিশ্রবর্ণ। মুনি বিং। বানর। নেউল। মঙ্গলগ্রহ। নিধি বিং। অগ্নি। বিণ ; তদ্বর্ণ-বিশিষ্ট।
পিঙ্গলা, বি, স্ত্রী ; নাড়ী বিং। দক্ষিণ দিকের হস্তিনী।
পিঙ্গলাক্ষ, পিঙ্গাক্ষ, বিণ ; পিঙ্গল বর্ণ চক্ষু বিশিষ্ট। বহু।
পিচ, ( প্রা ) বি ; বৃক্ষ বিং। ফল বিং। [ ভুঁড়ি।
পিচণ্ড, পিচিণ্ড, বি, পুং ; উদর,
পিচিণ্ডিল, বিণ ; বৃহৎ উদর-বিশিষ্ট, ভুঁড়ে।
পিচুমর্দ্দ, বি, পুং ; নিম্ববৃক্ষ।
পিচুল, বি, পুং ; ঝাউগাছ।
পিচ্‌কারী, (হি) বি ; বেগে জল নিঃসারক একপ্রকার যন্ত্র বিং।
পিচ্ছ, বি, ক্লী ; ময়ূরপুচ্ছ। চূড়া। পুং ; লাঙ্গুল।
পিচ্ছল, পিচ্ছিল, (পিচ্ছ্-কলচ্, ইল ) পিছ্‌লা, হড়্‌হড়ে।